أَطْرَفَ (إِطْرَاف) [طرف] **[আত্‌রফা]** নতুন কিছু করা, নতুন কিছু উপস্থাপন করা

أَطْرَفَ بِ **[-- বি]** উপহার দেওয়া, উপঢৌকন দেওয়া

أَطْرَقَ (إِطْرَاق) [طرق] **[আত্‌রকা]** মাথা নিচু করা, চুপ করে থাকা

أُطْرُوحَة ج أُطْرُوحَات [طرح] **[উত্‌রূহাহ]** থিসিস, অভিসন্দর্ভ, গবেষণামূলক প্রবন্ধ

أُطْرُوش [طرش] **[উত্‌রূশ]** শ্রবণশক্তিহীন, কালা, বধির

أُطْرُوفَة ج أَطَارِيف [طرف] **[উত্‌রূফাহ]** মজার জিনিস, বিরল বস্তু, অদ্ভুত ব্যাপার

أَطْرَى (إِطْرَاء) [طرو] **[আত্‌রা]** অধিক প্রশংসা করা, উচ্চপ্রশংসা করা, তোষামোদ করা

إِطْعَام [طعم] **[ইত্‌'আম]** খাদ্যদান, আহার প্রদান, খাওয়ানো

أَطْعَمَ (إِطْعَام) [طعم] **[আত্‌'আমা]** খাওয়ানো, আহার দেওয়া, খেতে দেওয়া

اِطَّعَنَ (اِطِّعَان) [طعن] **[ইত্ত'আনা]** হানাহানি করা

أَطْغَى [طغي] **[আত্‌গা]** অত্যন্ত অবাধ্য, অধিক অন্যায়কারী, অধিক সীমালঙ্ঘনকারী

أَطْغَى (إِطْغَاء) [طغي] **[আত্‌গা]** অবাধ্যতায় লিপ্ত করা, অন্যায় করানো, সীমালঙ্ঘন করানো

أَطَفَّ (إِطْفَاف) [طفف] **[আতফ্‌ফা]** পূর্ণ করা, ভরে দেওয়া, কানায় কানায় ভরা

أَطَفَّ عَلَى **[-- 'আলা]** কর্তৃত্ব করা, প্রভাব বিস্তার করা, উপর থেকে তাকানো

إِطْفَاء [طفأ] **[ইত্‌ফা']** নির্বাপিতকরণ, নির্বাপণ, প্রশমন, নিবৃত্তকরণ, নিবারণ

إِطْفَائِيّ ج إِطْفَائِيُّون **[ইত্‌ফা'ঈ]** দমকল বাহিনীর কর্মী, ফায়ার ব্রিগেডের সৈনিক

أَطْلَقَ سَرَاحَهُ [আত্‌লাক্বা সারাহাহু] মুক্তি দেওয়া, ছেড়ে দেওয়া, যেতে দেওয়া

أَطْلَقَ النِّيرَانَ [আত্‌লাক্বান নীরানা] গুলি ছোঁড়া, গুলিবর্ষণ করা, গোলাবর্ষণ করা

الأَطْلَنْطِيّ [আল-আত্‌লান্‌তী] আটলান্টিক মহাসাগর

أُطُم ج أُطُوم ، آطَام [উত্‌ম] দুর্গ, কেল্লা, গড়

اِطْمَأَنَّ (اِطْمِئْنَان) [طمن ، طمأن] [ইত্‌মাআন্না] প্রশান্তি লাভ করা, নিশ্চিন্ত হওয়া, নিশ্চিত হওয়া, আস্থাশীল হওয়া

اِطْمِئْنَان [طمن ، طمأن] [ইত্‌মি'নান] নিশ্চিন্ততা, শান্তি, প্রশান্তি, আস্থা

أَطْمَعَ (إِطْمَاع) [طمع] [আত্‌মাহা] আশান্বিত করা, আশা জাগানো, প্রত্যাশী করা, উচ্চাকাংক্ষী করা

أَطْمَحَ بَصَرَهُ إِلَى [আত্‌মাহা বাছারাহু ইলা] দৃষ্টি দেওয়া, তাকিয়ে থাকা

أَطْمَرَ (إِطْمَار) [طمر] [আত্‌মারা] লুকিয়ে রাখা, পুঁতে রাখা, ঢেকে দেওয়া

اِطَّمَرَ (اِطِّمَار) [طمر] [ইত্তামারা] (ঘোড়ার পিঠে) পিছন থেকে লাফিয়ে ওঠা

أَطْمَعَ (إِطْمَاع) [طمع] [আত্‌মা'আ] লোভী করা, লোভ দেখানো, প্রলুব্ধ করা, প্রত্যাশী করা, উৎসাহী করা, আগ্রহী করা

إِطْنَاب [طنب] [ইত্‌নাব] দীর্ঘসূত্রতা, দীর্ঘায়ন, প্রলম্বন, প্রসারণ, বাহুল্য, বিশদ আলোচনা

أَطْنَبَ (إِطْنَاب) فِي [আত্‌নাবা] দীর্ঘায়িত করা, প্রলম্বিত করা, প্রসারিত করা, লম্বা করা, বিশদ-ভাবে আলোচনা করা

أَطْهَر [طهر] [আত্‌হার] অধিক পবিত্র, পবিত্রতর, পবিত্রতম, উৎকৃষ্টতম

اِطَّهَرَ (اِطِّهَار) [طهر] [ইত্তহারা] পবিত্র হওয়া, শোধিত হওয়া, পরিশোধিত হওয়া

أَطْوَل مث طُولَى ج طُول ، أَطَاوِل [আত্‌ওয়াল] অধিকতর লম্বা, দীর্ঘতর, সুদীর্ঘ

أَطْوَلَ (إِطْوَال) [طول] [আত্‌ওয়ালা] লম্বা করা, দীর্ঘ করা, দীর্ঘায়িত করা, প্রলম্বিত করা

أَطُوم ج أُطُم ، آطِمَة [আতুম] স্তন্যপায়ী ও উদ্ভিদ-ভোজী বৃহৎ সামুদ্রিক প্রাণীবিশেষ, সামুদ্রিক কচ্ছপ

إِطْفَائِيَّة [طفا] [ইত্‌ফা'ইয়্যাহ] অগ্নি-নির্বাপণ বিভাগ, দমকল বাহিনী, ফায়ার ব্রিগেড

أَطْفَأَ (إِطْفَاء) [طفأ] [আত্‌ফাআ] নির্বাপিত করা, নিভানো, নিভিয়ে দেওয়া, প্রশমিত করা, নিবৃত্ত করা, মেটানো

أَطْفَحَ (إِطْفَاح) [طفح] [আত্‌ফাহা] ভরে দেওয়া, প্লাবিত করে দেওয়া

أَطَلَّ (إِطْلَال) [طلل] [আতল্লা] আবির্ভূত হওয়া, প্রকাশিত হওয়া, নিকটবর্তী হওয়া

أَطَلَّ عَلَى [-- 'আলা] উপর থেকে দেখা, উঁকি মারা

اِطِّلَاع ج اِطِّلَاعَات [طلع] [ইত্তিলা'] তথ্য, জ্ঞান, বিজ্ঞপ্তি, অবগতি, পরিচিতি, অনুসন্ধান, নিরীক্ষা, পর্যবেক্ষণ

إِطْلَاق [طلق] [ইত্‌লাক] মুক্তিদান, (গুলি ইত্যাদি) ছোঁড়ন, বর্ষণ, নিক্ষেপ, খোলন, সাধারণকরণ, প্রয়োগ

إِطْلَاق السَّرَاح [ইত্‌লাকুস সারাহ্] মুক্তিপ্রদান, মুক্তিদান

إِطْلَاق النِّيرَان [ইত্‌লাকুন নীরান] (আগ্নেয়াস্ত্রের) গুলিবর্ষণ, গোলাবর্ষণ

عَلَى الإِطْلَاق ['আলাল ইত্‌লাক] সাধারণভাবে, কিছুতেই, কোনভাবেই, আদৌ

إِطْلَال [طلل] [ইত্‌লাল] আবির্ভাব, উদ্ভব, প্রকাশ, কর্তৃত্ব, তত্ত্বাবধান

أَطْلَس ج أَطَالِس [আত্‌লাস] মানচিত্র, অ্যাটলাস

أَطْلَسِيّ [আত্‌লাসী] আটলান্টিক, আটলান্টিক মহাসাগরীয়, আটলান্টিক মহাসাগর

أَطْلَعَ (إِطْلَاع) [طلع] [আত্‌লা'আ] উদ্‌গত করা, উদিত করা, (দাঁত, পাতা) গজানো, ফুঁড়ে বের হওয়া, অংকুরিত হওয়া

أَطْلَعَ عَلَى [-- 'আলা] অবহিত করা, অবগত করা, জানানো, ব্যক্ত করা, প্রকাশ করা

اِطَّلَعَ (اِطِّلَاع) [طلع] عَلَى [ইত্তলা'আ] অবহিত হওয়া, অবগত হওয়া, জানতে পারা

أَطْلَقَ (إِطْلَاق) [طلق] [আত্‌লাক্বা] ছেড়ে দেওয়া, মুক্তি দেওয়া, (গুলি) বর্ষণ করা, নিক্ষেপ করা, ছোঁড়া, (বন্ধন) খুলে দেওয়া, ঢিলে করে দেওয়া, সাধারণ রাখা, প্রয়োগ করা

أَطْوَى (إِطْوَاء) [طوي] [আত্ওয়া] ক্ষুধার্ত হওয়া, ক্ষুধা লাগা

أَطْيَب [طيب] [আত্ইয়াব] শ্রেষ্ঠতর, উৎকৃষ্টতর

أَطْيَب ج أَطَايِب [আত্ইয়াব] ভাল জিনিস, উৎকৃষ্ট বস্তু, আনন্দদায়ক বস্তু, শ্রেষ্ঠাংশ

أَطْيَبَ (إِطْيَاب) [طيب] [আত্ইয়াবা] ভাল মনে করা, উত্তম দেখতে পাওয়া

أَطِير [আত্বীর] পাপ, অপরাধ

إِطَّيَّرَ (إِطَّيَّار) [طير] بِ ، مِنْ [ইত্তইয়ারা] অশুভ মনে করা, অপয়া মনে করা, অলক্ষুণে মনে করা

أَطْيَش [طيش] [আত্ইয়াশ] সামুদ্রিক পাখিবিশেষ, gannet

أَطِيط [আত্বীত] উট ডাকার শব্দ, ক্ষুধার সময়ে পেট ডাকার শব্দ

أَظْعَنَ (إِظْعَان) [ظعن] [আয্'আনা] যাত্রা করানো, প্রস্থান করানো, ভ্রমণ করানো

إِظَّعَنَ (إِظِّعَان) [ظعن] [ইয্য'আনা] (হাওদায়) আরোহণ করা

أَظْفَر مث ظَفْرَاء ج ظُفْر [ظفر] [আয্ফার] বড় বড় নখবিশিষ্ট

أَظْفَرَ (إِظْفَار) [ظفر] [আয্ফারা] বিজয়ী করা, জয়ী করা, সফল করা, কামিয়াব করা

إِظَّفَرَ (إِظِّفَار) [ظفر] [ইয্যফারা] সফল হওয়া, লাভ করা, জয়ী হওয়া, বিজয়ী হওয়া

أُظْفُور ج أَظَافِير [ظفر] [উয্ফুর] নখ, নখর, থাবা

أَظَلَّ (إِظْلَال) [ظلل] [আযল্লা] ছায়া দেওয়া, ছায়া ফেলা, ছায়াতলে আশ্রয় দেওয়া

أَظْلَمَ (إِظْلَام) [ظلم] [আয্লামা] অন্ধকার হওয়া, তিমিরাচ্ছন্ন হওয়া, তমসাচ্ছন্ন হওয়া

أَظْمَأَ (إِظْمَاء) [ظمأ] [আয্মাআ] পিপাসার্ত করা, তৃষ্ণার্ত করা, পরিশ্রান্ত করা, তৃষ্ণা জাগানো, আকাংক্ষা জাগানো

أَظَنَّ (إِظْنَان) [ظنن] بِ [আযন্না] সন্দেহ করা, ধারণা করানো, দোষারোপ করা, অভিযুক্ত করা

إِظْهَار [ظهر] [ইয্হার] প্রকাশকরণ, ব্যক্তকরণ, স্পষ্টকরণ, জাহিরকরণ, প্রদর্শন

أَظْهَر [ظهر] [আয্হার] অধিকতর স্পষ্ট, স্পষ্টতর, প্রকাশ্যতর

أَظْهَرَ (إِظْهَار) [ظهر] [আয্হারা] প্রকাশ করা, ব্যক্ত করা, জাহির করা, স্পষ্ট করা, প্রকাশ্য করা, দ্বিপ্রহরে উপনীত হওয়া

أَعَادَ (إِعَادَة) [عود] [আ'আদা] ফিরিয়ে আনা, ফিরিয়ে দেওয়া, ফেরত দেওয়া, প্রত্যাবর্তন করানো, পূর্বাবস্থায় নেওয়া, পুনরায় করা, আবার করা, পুনরাবৃত্তি করা

أَعَادَ النَّظَرَ فِي [আ'আদান নাযরা ফী] পুনরায় দেখা, আবার দেখা, পুনর্বিবেচনা করা, পুনঃপরীক্ষা করা, পুনঃনিরীক্ষণ করা, পর্যালোচনা করা

إِعَادَة [عود] [ই'আদাহ্] ফেরত আনয়ন, ফেরত প্রদান, পূর্বাবস্থায় আনয়ন, পুনরাবৃত্তি, পুনরায় করণ

إِعَادَة البِنَاء [ই'আদাতুল বিনা'] পুনরায় নির্মাণ, পুনর্নির্মাণ, পুনর্গঠন

إِعَادَة النَّظَر [ই'আদাতুন নাযর] পুনঃনিরীক্ষণ, পুনর্বিবেচনা, পুনঃপরীক্ষা, পুনর্দৃষ্টি

أَعَاذَ (إِعَاذَة) [عوذ] [আ'আযা] আশ্রয় দেওয়া, রক্ষা করা, হেফাজতে দেওয়া

أَعَارَ (إِعَارَة) [عور] [আ'আরা] ধারে দেওয়া, ধার দেওয়া

إِعَارَة [عور] [ই'আরাহ্] ধারপ্রদান, ধার

أَعَاشَ (إِعَاشَة) [عيش] [আ'আশা] জীবিত রাখা, বাঁচিয়ে রাখা, রেশন দেওয়া, খাদ্য দেওয়া

إِعَاشَة [عيش] [ই'আশাহ্] রেশন, খাদ্যদান, খাবার প্রদান, খাদ্য, খাবার

أَعَاضَ (إِعَاضَة) [عوض] [আ'আদা] বদল করা, এওয়াজবদল করা, বিনিময় করা, প্রতিদান দেওয়া, বিনিময়ে দেওয়া, ক্ষতিপূরণ দেওয়া

أَعَاقَ (إِعَاقَة) [عوق] [আ'আক্বা] বাধা দেওয়া, বিরত রাখা, আটকে রাখা, বাধাগ্রস্ত করা, বিলম্বিত করা

أَعَالَ (إِعَالَة) [عول] [আ'আলা] ভরণপোষণ করা, জীবিকার ব্যবস্থা করা

أَعَانَ (إِعَانَة) [عون] [আ'আনা] সাহায্য করা, সহায়তা করা, সাহায্য দেওয়া

إِعَانَة ج إِعَانَات [عون] [ই'আনাহ্] সাহায্যদান, সহায়তাদান, সাহায্য, সহায়তা, ত্রাণ, দান, ভাতা

أَعْبَدَ (إِعْبَاد) [عبد] [আ'বাদা] দাস বানানো, দাসত্ব করানো, অধীন করে রাখা

أَعْبَلَ (إِعْبَال) [عبل] [আ'বালা] বিরাট হওয়া, মোটা হওয়া, সাদা হওয়া, (গাছের) পাতা কোঁকড়া হওয়া, পাতা পড়ে যাওয়া

اِعْتَادَ (اِعْتِيَاد) [عود] عَلَى [ই'তাদা] অভ্যাস করা, অভ্যাস গড়ে তোলা, অভ্যস্ত হওয়া

اِعْتَاصَ (اِعْتِيَاص) [عوص] [ই'তাছা] প্রতিকূল হওয়া, কঠিন হওয়া

اِعْتَاضَ (اِعْتِيَاض) [عوض] [ই'তাদা] বিনিময়ে গ্রহণ করা, ক্ষতিপূরণ লাভ করা

اِعْتَافَ (اِعْتِيَاف) [عيف] [ই'তাফা] ঘৃণায় বর্জন করা, সফরের জন্য পাথেয় লওয়া

إِعْتَاق [عوق] [ই'তাক] মুক্তকরণ, মুক্তিপ্রদান, মুক্তিদান

اِعْتَاقَ (اِعْتِيَاق) [عوق] [ই'তাক্বা] বাধা দেওয়া, বিরত রাখা, আটকে রাখা

أَعْتَبَ (إِعْتَاب) [عتب] [আ'তাবা] সন্তুষ্ট করা

أَعْتَبَ عَنْ [-- 'আন] চলে যাওয়া, দূরে যাওয়া

اِعْتِبَار ج اِعْتِبَارَات [عبر] [ই'তিবার] বিবেচনা, ধারণা, গণনা, হিসাব, মূল্য, সম্মান, মর্যাদা, গুরুত্ব, সম্বন্ধ, বিষয়, ব্যাপার, দৃষ্টিকোণ, শিক্ষা-গ্রহণ, উপদেশগ্রহণ

اِعْتِبَارًا [ই'তিবারান] হিসাবে, বিবেচনায়, মনে করে, ধারণায়

اِعْتِبَارًا مِنْ [ই'তিবারাম মিন] থেকে, হতে, শুরু করে, শুরু হয়ে

بِاعْتِبَارِ [বি'তিবারি] হিসাবে, অনুসারে, অনুযায়ী

اِعْتِبَارِيّ [ই'তিবারী] বিষয়ক, সম্পর্কিত, মর্যাদা-বান, গুরুত্বপূর্ণ, সম্মানজনক, নামমাত্র

اِعْتِبَاط [عبط] [ই'তিবাত] যথেচ্ছাচার, অনিয়ম, বিশৃঙ্খলা, খেয়ালখুশি

اِعْتِبَاطًا [عبط] [ই'তিবাতন] এলোপাথাড়িভাবে, এলোমেলোভাবে, লক্ষ্যহীনভাবে, বিশৃঙ্খলভাবে, যথেচ্ছভাবে, খেয়ালখুশিমত

اِعْتِبَاطِيّ [عبط] [ই'তিবাতী] লক্ষ্যহীন, যথেচ্ছ, বিশৃঙ্খল, এলোমেলো, এলোপাথাড়ি

اِعْتِبَاطِيَّة [عبط] [ই'তিবাতিয়্যাহ] যথেচ্ছাচার, বিশৃঙ্খলা, খেয়ালখুশি, অনিয়ম

اِعْتَبَرَ (اِعْتِبَار) [عبر] [ই'তাবারা] বিবেচনা করা, গণ্য করা, ধারণা করা, মনে রাখা, মূল্য দেওয়া, মর্যাদা দেওয়া, সম্মান করা, গুরুত্ব দেওয়া, শিক্ষাগ্রহণ করা

اِعْتَبَرَ بِ [-- বি] শিক্ষাগ্রহণ করা, উপদেশ গ্রহণ করা

اِعْتَبَطَ (اِعْتِبَاط) [عبط] [ই'তাবাতা] তরতাজা অবস্থায় জবাই করা, (মৃত্যু) যৌবনে নিয়ে যাওয়া, অন্যায়ভাবে মেরে ফেলা, অপমান করা, অসম্মান করা, আহত হওয়া, কষ্ট পাওয়া

اِعْتَجَنَ (اِعْتِجَان) [عجن] [ই'তাজানা] (আটা, ময়দা) মাখানো, তাল বানানো

أَعْتَدَ (إِعْتَاد) [عتد] [আ'তাদা] প্রস্তুত করা, তৈরী করা, প্রস্তুত রাখা

اِعْتَدَّ (اِعْتِدَاد) [عدد] [ই'তাদ্দা] গণনা করা, গণ্য করা, হিসেবে ধরা, বিবেচনা করা

اِعْتَدَّ بِنَفْسِهِ [ই'তাদ্দা বি-নাফ্সিহী] নিজেকে বড় মনে করা, আত্মগরিমাপূর্ণ হওয়া, আত্মশ্লাঘাপূর্ণ হওয়া, গর্ব করা

اِعْتِدَاء [عدو] [ই'তিদা'] বাড়াবাড়ি, সীমালংঘন, অত্যাচার, জুলুম, আক্রমণ

اِعْتِدَاد [عدد] [ই'তিদাদ] গণনাকরণ, গণ্যকরণ, গণনা, হিসাব, বিবেচনা

اِعْتِدَاد بِالنَّفْس [ই'তিদাদ বিন-নাফ্স] আত্মশ্লাঘা, আত্মগরিমা, অহমিকা, গর্ব

اِعْتِدَال [عدل] [ই'তিদাল] মাঝামাঝি অবস্থা, পরিমিত অবস্থা, মধ্যপন্থা, সামঞ্জস্য, মিতাচার, ন্যায়

الاِعْتِدَال الخَرِيفِيّ [আল-ই'তিদালুল খারীফী] শারদীয় বিষুব, জলবিষুব

الاِعْتِدَال الرَّبِيعِيّ [আল-ই'তিদালুর রবী'ঈ] বাসন্তী বিষুব, মহাবিষুব

خَطّ الاِعْتِدَال [খাত্তুল ই'তিদাল] বিষুবরেখা, নিরক্ষরেখা

اِعْتِدَالِيّ [ই'তিদালী] বিষুবসংক্রান্ত, বিষুবীয়, নিরক্ষীয়

اِعْتَدَلَ (اِعْتِدَال) [عدل] [ই'তাদালা] মাঝামাঝি হওয়া, মধ্যম হওয়া, পরিমিত হওয়া, ন্যায়সঙ্গত হওয়া, সুষম হওয়া, সোজা হওয়া, ঠিকমত হওয়া

اِعْتَدَى (اِعْتِدَاء) [عدو] عَلَى [ই'তাদা] অত্যাচার করা, জুলুম করা, বাড়াবাড়ি করা, সীমালঙ্ঘন করা, আক্রমণ করা, অতিক্রম করা

اِعْتِذَار [عذر] [ই'তিযার] কৈফিয়তদান, ওজর, অজুহাত, ক্ষমাপ্রার্থনা

اِعْتَذَرَ (اِعْتِذَار) [عذر] [ই'তাযারা] ওজর পেশ করা, অজুহাত দেখানো, কৈফিয়ত দেওয়া, ক্ষমা চাওয়া

اِعْتَذَلَ (اِعْتِذَال) [عذل] [ই'তাযালা] নিজেকে ভর্ৎসনা করা, অনুতাপ করা, (দিনের) তাপ বেড়ে যাওয়া

اِعْتِرَاض ج اِعْتِرَاضَات [عرض] [ই'তিরাদ] প্রতি-বাদ, আপত্তি, বাধা, বিরোধিতা, গতিরোধ, প্রতিরোধ, প্রত্যাখ্যান, ভেটো

اِعْتِرَاف [عرف] [ই'তিরাফ] স্বীকৃতি, স্বীকার, অনুমোদন, সমর্থন

اِعْتَرَشَ (اِعْتِرَاش) [عرش] [ই'তারশা] মাচা বানানো, (গাছ, লতা) বেয়ে ওঠা, লতিয়ে ওঠা

اِعْتَرَضَ (اِعْتِرَاض) [عرض] عَلَى [ই'তারদা] সম্মুখীন হওয়া, সামনে পড়া, প্রতিবাদ করা, আপত্তি করা, বাধা দেওয়া, গতিরোধ করা, প্রতিরোধ করা, প্রত্যাখ্যান করা, নাকচ করা, ভেটো দেওয়া

اِعْتَرَفَ (اِعْتِرَاف) [عرف] بِـ [ই'তারফা] মেনে নেওয়া, স্বীকৃতি দেওয়া, স্বীকারোক্তি করা, স্বীকার করা

اِعْتَرَكَ (اِعْتِرَاك) [عرك] [ই'তারকা] যুদ্ধ করা, পরস্পর বিবাদে লিপ্ত হওয়া, সংঘাতে লিপ্ত হওয়া

اِعْتَرَى (اِعْتِرَاء) [عرو] [ই'তারা] এসে পড়া, আপতিত হওয়া, সঙ্ঘটিত হওয়া, আঘাত দেওয়া, আক্রমণ করা

اِعْتَزَّ (اِعْتِزَاز) [عزز] بِـ [ই'তাযযা] গর্ব করা, গর্বিত হওয়া, সম্মানিত হওয়া, শক্তিশালী হওয়া

اِعْتِزَال [عزل] [ই'তিযাল] নির্জনতা, নির্জনবাস, নিভৃত অবস্থান, একান্ততা, একাকীত্ব, বিচ্ছিন্নতা, মু'তাযিলা ধর্মমত

اِعْتَزَلَ (اِعْتِزَال) [عزل] عَنْ [ই'তাযালা] নির্জনে যাওয়া, নিভৃতে গমন করা, একান্তে অবস্থান করা, একাকী হওয়া, বিচ্ছিন্ন হওয়া, সরে যাওয়া, ছেড়ে দেওয়া, মু'তাযিলা (সম্প্রদায়) হওয়া

اِعْتَزَمَ (اِعْتِزَام) [عزم] عَلَى [ই'তাযামা] সঙ্কল্প করা, সিদ্ধান্ত করা, মনস্থ করা

اِعْتَزَى (اِعْتِزَاء) [عزو] إِلَى [ই'তাযা] বংশ-সূত্র দাবি করা, বংশধর হওয়ার দাবি করা, সম্পৃক্ত হওয়া

اِعْتَسَرَ (اِعْتِسَار) [عسر] [ই'তাসারা] বাধ্য করা, জোর করা, জোর করে নেওয়া, (কথা) চিন্তা করার আগে বলা, (পশু) বশ মানার পূর্বে আরোহণ করা

اِعْتَسَفَ (اِعْتِسَاف) [عسف] [ই'তাসাফা] জুলুম করা, অত্যাচার করা, খেয়ালখুশিমত করা, চাপপ্রয়োগ করা, বিচ্যুত করা, বিপথে যাওয়া

اِعْتَشَّ (اِعْتِشَاش) [عشش] [ই'তাশ্‌শা] (পাখি) বাসা বাঁধা, বাসা বানানো, বাসায় আশ্রয় নেওয়া

اِعْتَشَبَ (اِعْتِشَاب) [عشب] [ই'তাশাবা] ঘাস খাওয়া, মোটাসোটা হওয়া

اِعْتَشَرَ (اِعْتِشَار) [عشر] [ই'তাশারা] মেলামেশা করা, একসঙ্গে থাকা

اِعْتَشَى (اِعْتِشَاء) [عشو] [ই'তাশা] এশার সময়ে ভ্রমণ করা, প্রথম রাতে সফর করা, (আগুন) রাত্রিকালে দেখতে পাওয়া

اِعْتِصَام [عصم] [ই'তিছাম] অনড়তা, দৃঢ়তা, আশ্রয়, অবস্থান, অবস্থান ধর্মঘট

اِعْتَصَبَ (اِعْتِصَاب) [عصب] [ই'তাছবা] দল গঠন করা, জোট গঠন করা, দলবদ্ধ হওয়া, সঙ্ঘবদ্ধ হওয়া, ধর্মঘট করা

اِعْتَصَرَ (اِعْتِصَار) [عصر] [ই'তাছরা] নিংড়ানো, পানি বের করা, রস বের করা, রস করা, জুস বানানো, বের করে আনা, কেড়ে নেওয়া

اِعْتَصَمَ (اِعْتِصَام) [عصم] [ই'তাছমা] অবস্থান করা, বসে থাকা, অবস্থান ধর্মঘট করা

اِعْتَصَمَ بِـ [-- বি] আঁকড়ে ধরা, বজায় রাখা, রক্ষা করা, লেগে থাকা, আশ্রয় চাওয়া, আশ্রয় লওয়া

اِعْتَصَى (اِعْتِصَاء) [عصو، عصي] [ই'তাছা] লাঠি বানানো, লাঠির কাজে লাগানো, ভর করা, শক্ত হওয়া

اِعْتَضَدَ (اِعْتِضَاد) [عضد] بِـ [ই'তাদদা] সাহায্য চাওয়া, সহায়তা চাওয়া, সমর্থন চাওয়া

اِعْتَطَفَ (اِعْتِطَاف) [عطف] [ই'তাতফা] (কোট, জামা) পরিধান করা

اِعْتَلَفَ (اِعْتِلَاف) [علف] [ই'তালাফা] (পশু) দানা খাওয়া, আধার খাওয়া, খাদ্য গ্রহণ করা, আহার করা

اِعْتَلَنَ (اِعْتِلَان) [علن] [ই'তালানা] জানাজানি হওয়া, প্রকাশ পাওয়া, জ্ঞাত হওয়া, প্রকাশ্যে হওয়া

اِعْتَلَى (اِعْتِلَاء) [علو] [ই'তালা] আরোহণ করা, ওপরে ওঠা, উঁচু হওয়া, উন্নতি করা

أَعْتَمَ (إِعْتَام) [عتم] [আ'তামা] অন্ধকারে চলা, রাতের প্রথম তৃতীয়াংশে চলা বা প্রবেশ করা, (রাতের) একাংশ অতিবাহিত হওয়া, দেরী করা, বিলম্বিত করা

اِعْتَمَّ (اِعْتِمَام) [عمم] [ই'তাম্মা] (মাথায়) পাগড়ি পরা, পাগড়ি বাঁধা

اِعْتِمَاد [عمد] [ই'তিমাদ] নির্ভরতা, নির্ভরশীলতা, আস্থা, ভরসা, স্বীকৃতি, অনুমোদন, সমর্থন, প্রমাণ, পরিচয়, পরিচয়পত্রসহ প্রেরণ

اِعْتِمَاد ج اِعْتِمَادَات [ই'তিমাদ] তহবিল, অর্থের যোগান, অর্থ-সাহায্য, ঋণ

اِعْتِمَاد عَلَى النَّفْس [ই'তিমাদ 'আলান নাফ্স] আত্মনির্ভরতা, আত্মনির্ভরশীলতা

أَوْرَاق الاِعْتِمَاد [আওরাকুল ই'তিমাদ] প্রমাণপত্র, স্বীকৃতিপত্র, (কূটনীতিকের) পরিচয়পত্র

كِتَاب الاِعْتِمَاد ، خِطَاب الاِعْتِمَاد [কিতাবুল ই'তিমাদ, খিতাবুল ই'তিমাদ] ঋণপত্র, প্রমাণ-পত্র, প্রশংসাপত্র

اِعْتَمَدَ (اِعْتِمَاد) [عمد] [ই'তামাদা] স্বীকার করা, স্বীকৃতি দেওয়া, অনুমোদন করা, পরিচয়পত্র বা প্রমাণপত্রসহ প্রেরণ করা, ইচ্ছা করা, মনস্থ করা

اِعْتَمَدَ عَلَى [-- 'আলা] নির্ভর করা, ভরসা করা, নির্ভরশীল হওয়া, ভর দেওয়া, ভিত্তি করা

اِعْتَمَرَ (اِعْتِمَار) [عمر] [ই'তামারা] ওমরা করা, পরিদর্শন করা, ভ্রমণ করা, গমন করা, পাগড়ি পরা

اِعْتَمَقَ (اِعْتِمَاق) [عمق] [ই'তামাক্বা] গভীর করা

اِعْتَمَلَ (اِعْتِمَال) [عمل] [ই'তামালা] কাজ করা, নিজের জন্য কাজ করা, কাজে অস্থির হওয়া, কাজ নিয়ে থাকা

اِعْتِنَاء [عني] [ই'তিনা'] যত্ন, লক্ষ্য, মনোযোগ,

اِعْتَفَرَ (اِعْتِفَار) [عفر] [ই'তাফারা] ধুলো লাগা, ধুলো মাখা, ধুলায় আবৃত হওয়া, ধূলিযুক্ত হওয়া, ধূলিময় হওয়া, ধুলায় গড়াগড়ি দেওয়া

أَعْتَق [عتق] [আ'তাক] অধিকতর প্রাচীন, প্রাচীন-তর, সুপ্রাচীন

أَعْتَقَ (إِعْتَاق) [عتق] [আ'তাক্বা] (দাস) মুক্ত করা, স্বাধীন করে দেওয়া, মুক্তি দেওয়া, ছেড়ে দেওয়া, স্বাধীনতা দেওয়া

اِعْتِقَاد ج اِعْتِقَادَات [عقد] [ই'তিক্বাদ] বিশ্বাস পোষণ, মত পোষণ, বিশ্বাস, দৃঢ় বিশ্বাস, মত

اِعْتِقَال [عقل] [ই'তিক্বাল] গ্রেপ্তারকরণ, গ্রেপ্তারি, গ্রেফতার, আটকাবস্থা, হাজতবাস

اِعْتَقَدَ (اِعْتِقَاد) [عقد] [ই'তাক্বাদা] বিশ্বাস করা, দৃঢ়ভাবে বিশ্বাস করা, বিশ্বাস পোষণ করা

اِعْتَقَلَ (اِعْتِقَال) [عقل] [ই'তাক্বালা] বন্দী করা, আটক করা, গ্রেফতার করা, আটকে রাখা, বন্ধ রাখা, আটকে যাওয়া

أُعْتُقِلَ لِسَانُهُ [عقل] [উ'তুক্বিলা লিসানুহূ] জবান বন্ধ হওয়া, কথা আটকে যাওয়া, কথা বলতে না পারা

اِعْتِكَاف [عكف] [ই'তিকাফ] বিচ্ছিন্নতা, নিঃসঙ্গতা, অবস্থান, (মসজিদে) এ'তেকাফ

اِعْتَكَرَ (اِعْتِكَار) [عكر] [ই'তাকারা] (রাত) বেশী অন্ধকার হওয়া, (বৃষ্টি) তীব্র হওয়া, মিশ্রিত হওয়া, মিশে যাওয়া, (বাতাস) ধুলো নিয়ে আসা, আক্রমণে ফিরে যাওয়া, বেশী হওয়া, স্থায়ী হওয়া

اِعْتَكَسَ (اِعْتِكَاس) [عكس] [ই'তাকাসা] উল্টে যাওয়া, প্রতিফলিত হওয়া

اِعْتَكَفَ (اِعْتِكَاف) [عكف] [ই'তাকাফা] বিচ্ছিন্ন থাকা, নিঃসঙ্গ থাকা, নিবেদিত হওয়া, অবস্থান করা, (মসজিদে) এ'তেকাফ করা

اِعْتَلَّ (اِعْتِلَال) [علل] [ই'তাল্লা] অসুস্থ হওয়া, রুগ্ন হওয়া, (আরবী শব্দ) স্বরবর্ণ (ا و ي) যুক্ত হওয়া

اِعْتِلَاء [علو] [ই'তিলা'] আরোহণ, ঊর্ধ্বগমন, উন্নতি

اِعْتِلَال [علل] [ই'তিলাল] অসুস্থতা, রুগ্নতা, রোগ, অসুখ

اِعْتَلَجَ (اِعْتِلَاج) [علج] [ই'তালাজা] যুদ্ধ করা, সংঘাতে লিপ্ত হওয়া, উত্তেজিত থাকা

দেখাশুনা, তত্ত্বাবধান

اِعْتِنَاق [عنق] [ই'তিনাক] আলিঙ্গন, (মত) গ্রহণ, অনুসরণ

اِعْتَنَفَ (اِعْتِنَاف) [عنف] [ই'তানাফা] জোর করে নেওয়া, হঠকারিতার সাথে গ্রহণ করা, অপছন্দ করা, ভাল না লাগা, অনুকূল না হওয়া, (আসর) ছেড়ে যাওয়া

اِعْتَنَقَ (اِعْتِنَاق) [عنق] [ই'তানাক্বা] আলিঙ্গন করা, (মত) গ্রহণ করা, অনুসরণ করা

اِعْتَنَى (اِعْتِنَاء) [عني] بِ [ই'তানা] যত্ন নেওয়া, লক্ষ্য রাখা, মনোযোগ দেওয়া, উদ্বিগ্ন হওয়া

اِعْتَوَرَ (اِعْتِوَار) [عور] [ই'তাওয়ারা] একটির পর একটি আপতিত হওয়া, একে একে আসা

اِعْتَوَلَ (اِعْتِوَال) [عول] [ই'তাওয়ালা] বিলাপ করা, আর্তনাদ করা, ক্রন্দন করা

اِعْتِيَاد [عود] [ই'তিয়াদ] অভ্যাসকরণ, অভ্যাস, সাধারণ নিয়ম

اِعْتِيَادِيّ [ই'তিয়াদী] অভ্যাসগত, স্বাভাবিক, সাধারণ, নিয়মিত

أَعْثَرَ (إِعْثَار) [عثر] [আ'ছারা] হোঁচট খাওয়ানো

أَعْثَرَ عَلَى [-- 'আলা] অবহিত করা, অবগত করা, জানিয়ে দেওয়া, পথ দেখিয়ে নিয়ে যাওয়া

أَعَجَّ (إِعْجَاج) [عجج] [আ'আজ্জা] (বাতাস) উত্তাল হওয়া, প্রচণ্ড হওয়া, ধুলো উড়ানো

إِعْجَاب [عجب] [ই'জাব] বিস্ময়, গর্ব, মুগ্ধতা, বিমুগ্ধতা, আনন্দ, সন্তুষ্টি, আত্মতুষ্টি

إِعْجَاز [عجز] [ই'জায] অক্ষমকরণ, অলৌকিকতা, (কোরআনের) বিস্ময়কর বৈশিষ্ট্য

أَعْجَبَ (إِعْجَاب) [عجب] [আ'জাবা] বিস্মিত করা, অবাক করা, মুগ্ধ করা, আনন্দিত করা

أُعْجِبَ [عجب] بِ [উ'জিবা বি] বিস্মিত হওয়া, মুগ্ধ হওয়া, বিমুগ্ধ হওয়া, আনন্দিত হওয়া, সন্তুষ্ট হওয়া, গর্বিত হওয়া

أَعْجَزَ (إِعْجَاز) [عجز] [আ'জাযা] অক্ষম করা, অপারগ করা, বিস্ময়াভিভূত করা, অলৌকিক হওয়া, বিস্ময়কর হওয়া

أَعْجَف مث عَجْفَاء ج عُجْف [عجف] [আ'জাফ] শীর্ণ, শীর্ণকায়, কৃশ, ছিপছিপে, হালকা-পাতলা, দুর্বল, কাহিল

أَعْجَفَ (إِعْجَاف) [عجف] [আ'জাফা] কাহিল করা, দুর্বল করা, পশু দুর্বল হওয়া

أَعْجَلَ (إِعْجَال) [عجل] [আ'জালা] দ্রুত করা, দ্রুত করতে বলা, তাড়া দেওয়া

أَعْجَم مث عَجْمَاء ج عُجْم [عجم] [আ'জাম] বোবা, নির্বাক, অশুদ্ধভাষী

أَعْجَم ج أَعَاجِم ، أَعْجَمُون [عجم] [আ'জাম] অনারব, আজম

أَعْجَمَ (إِعْجَام) [عجم] [আ'জামা] (হরফে) নোকতা দেওয়া, (হরফ) নোকতাযুক্ত করা

أَعْجَمِيّ [عجم] [আ'জামী] আরবী নয় এমন, বিদেশী (শব্দ, ভাষা)

أَعْجَمِيّ ج أَعَاجِم ، أَعْجَمِيُّون [আ'জামী] অনারব, আজমী, বিদেশী, ইরানী (লোক)

أُعْجُوبَة ج أَعَاجِيب [عجب] [উ'জুবাহ্] আশ্চর্যজনক বস্তু, আজব জিনিস, বিস্ময়কর বস্তু, বিস্ময়

أَعَدَّ (إِعْدَاد) [عدد] [আ'আদ্দা] প্রস্তুত করা, তৈরী করা, রচনা করা, প্রণয়ন করা, পরিকল্পনা করা, সাজানো, উৎপাদন করা, উন্নয়ন করা

إِعْدَاد [عدد] [ই'দাদ] প্রস্তুতকরণ, প্রস্তুতি, রচনা, প্রণয়ন, বিন্যাস, পরিকল্পনা, উৎপাদন, উন্নয়ন

إِعْدَادِيّ [ই'দাদী] প্রাথমিক, প্রারম্ভিক, প্রস্তুতিমূলক

مَدْرَسَة إِعْدَادِيَّة [মাদ্রসাহ ই'দাদিয়্যাহ] প্রাথমিক বিদ্যালয়

إِعْدَام [عدم] [ই'দাম] নির্মূলকরণ, ধ্বংসসাধন, হত্যা, মৃত্যুদণ্ড, ফাঁসি

حُكْم بِالإِعْدَام [হুকম বিল-ই'দাম] মৃত্যুদণ্ডাদেশ, ফাঁসির আদেশ

أَعْدَلَ (إِعْدَال) [عدل] [আ'দালা] সোজা করা, ঠিক করা

أَعْدَمَ (إِعْدَام) [عدم] [আ'দামা] অভাবগ্রস্ত হওয়া, দরিদ্র হওয়া, মেরে ফেলা, ধ্বংস করা, ফাঁসি দেওয়া, বঞ্চিত করা

أَعْدَى (إِعْدَاء) [عدو] [আ'দা] (রোগ) সংক্রমিত হওয়া, দৌড়ানো, ছুটানো, ছাড়িয়ে যাওয়া, অতিক্রম করা, সাহায্য করা, বিজয়ী করা

أَعْدَى مِنْ [-- মিন] (রোগ) সংক্রমিত করা

أَعْذَرَ (إِعْذَارٌ) [عذر] [আ'যারা] অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া, ক্ষমা করা, ক্ষমা পাওয়া

اِعْذَوْذَبَ (اِعْذِيذَابٌ) [عذب] [ই'যাওযাবা] মিষ্ট হওয়া, সুস্বাদু হওয়া

إِعْرَابٌ [عرب] [ই'রাব] প্রকাশকরণ, ব্যক্তকরণ, প্রকাশ, শব্দের শেষ বর্ণের স্বরধ্বনি নিরূপণ

أَعْرَابِيٌّ ج أَعْرَابٌ [عرب] [আ'রাবী] বেদুঈন

أَعْرَابِيَّةٌ [عرب] [আ'রাবিয়্যাহ্] বেদুঈনত্ব

إِعْرَاضٌ [عرض] [ই'রাদ] উপেক্ষা, পরিহার, পরিত্যাগ, বর্জন

أَعْرَاضِيٌّ (عَرَض) [আ'রাদী] (রোগের) লক্ষণ-বিষয়ক, লক্ষণাত্মক

الأَعْرَافُ [عرف] [আল-আ'রাফ] বেহেশত ও দোযখের মধ্যবর্তী প্রাচীর, সূরা আল-আ'রাফঃ পবিত্র কোরআনের ৭ম সূরা

أَعْرَبَ (إِعْرَابٌ) [عرب] [আ'রবা] (ব্যাকরণে) শব্দের শেষ বর্ণের স্বরধ্বনি নিরূপণ করা, ই'রাব দেওয়া

أَعْرَبَ عَنْ [-- 'আন] প্রকাশ করা, ব্যক্ত করা, বর্ণনা করা, ঘোষণা করা, স্পষ্ট করা

أَعْرَجُ مث عَرْجَاءُ ج عُرْجٌ [عرج] [আ'রজ] খঞ্জ, খোঁড়া, লেংড়া, ল্যাংড়া

أَعْرَجَ (إِعْرَاجٌ) [عرج] [আ'রজা] খোঁড়া বানানো, খঞ্জ করা

أَعْرَسَ (إِعْرَاسٌ) [عرس] بِ [আ'রসা] বিবাহ করা, বিয়ে করা, বিবাহবন্ধনে আবদ্ধ হওয়া, বিবাহের ভোজ আয়োজন করা

أَعْرَشَ (إِعْرَاشٌ) [عرش] [আ'রশা] মাচা তৈরী করা, চালাঘর বানানো

أَعْرَضَ (إِعْرَاضٌ) [عرض] عَنْ [আ'রদা] উপেক্ষা করা, ফিরে আসা, পরিহার করা, পরিত্যাগ করা, বিরত থাকা, মুখ ফিরানো

أَعْرَفُ [عرف] [আ'রফ] অধিক জানে এমন, অধিকতর জ্ঞানের অধিকারী

أَعْرَفُ مث عَرْفَاءُ ج عُرْفٌ [عرف] [আ'রফ] ঝুঁটি-ওয়ালা (মোরগ), কেশরওয়ালা (ঘোড়া), উঁচু (ভূমি)

أَعْرَفَ (إِعْرَافٌ) [عرف] [আ'রফা] (ঘোড়ার) কেশর লম্বা হওয়া, অপরাধ অবগত করে ক্ষমা করে দেওয়া, (খাদ্যের) ঘ্রাণ ভাল হওয়া

أَعْرَقَ (إِعْرَاقٌ) [عرق] [আ'রকা] শিকড় গাড়া, দৃঢ়মূল হওয়া, সুপ্রতিষ্ঠিত হওয়া

أَعَزُّ مث عُزَّى [عزز] [আ'আয্] প্রবল শক্তিশালী, অত্যন্ত প্রতাপশালী, অধিক সম্মানিত, প্রিয়তর, মূল্যবান, দামী, বিরল

أَعَزَّ (إِعْزَازٌ) [عزز] [আ'আয্যা] সম্মান দেওয়া, সম্মানিত করা, মর্যাদা দেওয়া, শক্তিশালী করা, পছন্দ করা, ভালবাসা

إِعْزَازٌ [عزز] [ই'যায] সম্মানপ্রদর্শন, মর্যাদাদান, সম্মান, মর্যাদা, শ্রদ্ধা

أَعْزَبُ مث عَزْبَاءُ ج عُزْبٌ [عزب] [আ'যাব] অবিবাহিত, একা

أَعْزَبَ (إِعْزَابٌ) [عزب] [আ'যাবা] দূরে থাকা, দূরে রাখা, অবিবাহিত রাখা, একা করা

أَعْزَلُ مث عَزْلَاءُ ج عُزْلٌ، عُزَّلٌ [عزل] [আ'যাল] নিরস্ত্র, অস্ত্রবিহীন, প্রতিরক্ষাবিহীন, অরক্ষিত

أَعْسَرُ مث عُسْرَى ج عُسَرٌ [عسر] [আ'সার] কঠিনতর, অধিকতর কঠিন, জটিলতর

أَعْسَرُ مث عَسْرَاءُ ج عُسْرٌ [عسر] [আ'সার] বাঁ-হাতী, নেঁটা, ন্যাটা, ডেবরা

أَعْسَرَ (إِعْسَارٌ) [عسر] [আ'সারা] অনটনগ্রস্ত হওয়া, অসচ্ছল হওয়া, গরীব হয়ে যাওয়া, কষ্টে দিন কাটানো

أَعْشَارٌ [عشر] [আ'শার] পাখির ডানার সামনের দিকের বড় পালক

أَعْشَبَ (إِعْشَابٌ) [عشب] [আ'শাবা] (স্থানে) ঘাস জন্মা, ঘাস পাওয়া, তৃণক্ষেত্র পাওয়া, ঘাস খাওয়া

أَعْشَرُ مث عَشْرَاءُ ج عُشْرٌ [عشر] [আ'শার] আহমক, নির্বোধ, বোকা

أَعْشَرَ (إِعْشَارٌ) [عشر] [আ'শারা] (সংখ্যা) দশ করা, দশজন হওয়া, (উষ্ট্রী) দশ মাসের গর্ভবতী হওয়া

اِعْشَوْشَبَ (اِعْشِيشَابٌ) [عشب] [ই'শাওশাবা] (ভূমি) ঘাসবহুল হওয়া, ঘাসে ঢেকে যাওয়া, তৃণাচ্ছাদিত হওয়া

أَعْشَى مث عَشْوَاءُ ج عُشْوٌ [عشو] [আ'শা] চোখে ভাল দেখতে পায় না এমন, ক্ষীণদৃষ্টি, রাতকানা, অন্ধ, উদ্দেশ্যবিহীন, এলোপাতাড়ি

إِعْصَار ج أَعَاصِير [عصر] [ই'ছার] ঘূর্ণিবাত্যা, ঘূর্ণিঝড়, টর্নেডো, সাইক্লোন

أَعْصَبَ (إِعْصَاب) [عصب] [আ'ছবা] (উট) দ্রুত চলা, বাঁধা

أَعْصَرَ (إِعْصَار) [عصر] [আ'ছরা] আছরের সময়ে প্রবেশ করা, (বাতাস) ঘূর্ণিঝড়ে পরিণত হওয়া, (তরুণী) বয়োপ্রাপ্তা হওয়া

أَعْصَفَ (إِعْصَاف) [عصف] [আ'ছফা] (বাতাস) তীব্র হওয়া, মরে যাওয়া, ধ্বংস হওয়া, (ফসল) কাটার সময় হওয়া, ভিন্ন পথে যাওয়া, ছেড়ে যাওয়া

أَعْصَفَ بِ [-- বি] মেরে ফেলা, ধ্বংস করা

أَعْصَل مث عَصْلاَء ج عُصْل [عصل] [আ'ছল] বাঁকা, বক্র, বিকৃত, জটিল

أَعْصَلَ (إِعْصَال) [عصل] [আ'ছলা] শক্ত হওয়া

أَعْصَم مث عَصْمَاء ج عُصْم [عصم] [আ'ছম] সাদা পা-বিশিষ্ট, শুভ্রপদ (পশু)

أَعْصَمَ (إِعْصَام) [عصم] [আ'ছমা] বেঁধে রাখা, আকড়ে ধরা, আত্মরক্ষা করা, দূরে থাকা

اِعْصَوْصَبَ (اِعْصِيصَاب) [عصب] [ই'ছওছবা] একত্রিত হওয়া, দলবদ্ধ হওয়া, শক্ত হওয়া, শেষ সীমায় পৌঁছা

أَعْضَب مث عَضْبَاء ج عُضْب [عضب] [আ'দব] দুর্বল, যার কোন ভাই কিংবা সাহায্যকারী নেই, বিদীর্ণ কানবিশিষ্ট (উট), শিং-ভাঙ্গা (ছাগল)

أَعْضَبَ (إِعْضَاب) [عضب] [আ'দবা] (উটের) কান বিদীর্ণ করা, (ছাগলের) শিং ভেঙ্গে দেওয়া

أَعْضَلَ (إِعْضَال) [عضل] [আ'দলা] সংকটময় হওয়া, সমস্যাসংকুল হওয়া, কঠিন হওয়া, জটিল হওয়া

إِعْطَاء [عطو] [ই'তা'] দান, প্রদান, সম্প্রদান, অর্পণ

أَعْطَبَ (إِعْطَاب) [عطب] [আ'তবা] ধ্বংস করা, নষ্ট করা

أَعْطَشَ (إِعْطَاش) [عطش] [আ'তশা] পিপাসার্ত করা, তৃষ্ণার্ত করা, তৃষ্ণা জাগানো, পশু তৃষ্ণার্ত হওয়া

أَعْطَى (إِعْطَاء) [عطو] [আ'তা] দেওয়া, দান করা, প্রদান করা, অর্পণ করা

أَعْظَم مث عُظْمَى ج أَعَاظِم [عظم] [আ'যম] তুলনামূলক বড়, বৃহত্তর, মহত্তর, সুমহান

الأَعْظَم [عظم] [আল-আ'যম] বৃহত্তম, সবচেয়ে বড়, বিরাটতম, মহত্তম

أَعْظَمَ (إِعْظَام) [عظم] [আ'যমা] মহান করা, বড় করা, সম্মান দেওয়া, মর্যাদা দেওয়া, বড় মনে করা

أَعَفَّ (إِعْفَاف) [عفف] [আ'আফ্‌ফা] নিষ্পাপ করা, চরিত্রবান করা

إِعْفَاء [عفو] [ই'ফা'] অব্যাহতিদান, অব্যাহতি, খালাস, ক্ষমা, বরখাস্তকরণ

أَعْفَنَ (إِعْفَان) [عفن] [আ'ফানা] পচা দেখতে পাওয়া, নষ্ট মনে করা

أَعْفَى (إِعْفَاء) [عفو] [আ'ফা] মাফ করা, ক্ষমা করা, অব্যাহতি দেওয়া, খালাস দেওয়া, বরখাস্ত করা, (দাড়ি) বড় হতে দেওয়া, ছেড়ে দেওয়া

أَعْقَبَ (إِعْقَاب) [عقب] [আ'ক্বাবা] পিছনে রেখে যাওয়া, পরে আসা, অনুসরণ করা, উত্তরাধিকারী করা

أَعْقَد مث عَقْدَاء ج عُقْد [عقد] [আ'ক্বাদ] জিহ্বায় জড়তা আছে এমন, কথা আটকে যায় এমন, লেজ-বাঁকা কুকুর বা নেকড়ে

أَعْقَدَ (إِعْقَاد) [عقد] [আ'ক্বাদা] জমাট বাঁধানো, ঘনীভূত করা

أَعْقَرَ (إِعْقَار) [عقر] [আ'ক্বারা] হতভম্ব করা, অবাক করা, বিস্ময়াভিভূত করা, বন্ধ্যা করা

أَعْقَمَ (إِعْقَام) [عقم] [আ'ক্বামা] বন্ধ্যা করা

أَعْقَف مث عَقْفَاء ج عُقْف [عقف] [আ'ক্বাফ] বক্র, বক্রপৃষ্ঠ, কুঁজো

أَعْكَرَ (إِعْكَار) [عكر] [আ'কারা] (পানি) ঘোলা করা, (রাত) বেশী অন্ধকার হওয়া

أَعَلَّ (إِعْلاَل) [علل] [আ'আল্লা] রোগাক্রান্ত করা, তা'লীল করা (ব্যা)

إِعْلاَء [علو] [ই'লা'] ওপরে ওঠানো, উর্ধ্বে তুলে ধরণ, উত্তোলন, উন্নতকরণ

إِعْلاَل [علل] [ই'লাল] তা'লীলকরণ, তা'লীল (ব্যা)

إِعْلاَم [علم] [ই'লাম] অবহিতকরণ, তথ্যপ্রদান, তথ্য, ঘোষণা, বিজ্ঞপ্তি, প্রচার

وَزَارَةُ الإِعْلَام [ওয়াযারতুল ই'লাম] তথ্য মন্ত্রণালয়

وَزِيرُ الإِعْلَام [ওয়াযীরুল ই'লাম] তথ্যমন্ত্রী

وَسَائِلُ الإِعْلَام [ওয়াসা'ইলুল ই'লাম] প্রচার-মাধ্যম, গণ-মাধ্যম

إِعْلَامِيّ [ই'লামী] তথ্য-বিষয়ক, তথ্যসংক্রান্ত, তথ্যপূর্ণ

إِعْلَان ج إِعْلَانَات [علن] [ই'লান] ইশতেহার, ঘোষণা, বিজ্ঞাপন, বিজ্ঞপ্তি, প্রচার

أَعْلَاهُ (أَعْلَى) [আ'লাহু] উপরে, পূর্বে, ইতিপূর্বে

أَعْلَفَ (إِعْلَاف) [علف] [আ'লাফা] (পশু বা পাখিকে) খাবার দেওয়া, আধার খাওয়ানো, আহার করানো

أَعْلَقَ (إِعْلَاق) [علق] [আ'লাক্বা] ঝুলিয়ে রাখা, লাগিয়ে দেওয়া, সংলগ্ন করা

أَعْلَم [علم] [আ'লাম] অধিকতর জ্ঞানী, অধিকতর জ্ঞানের অধিকারী, অধিক অবগত, সর্বাধিক অবহিত

أَعْلَمَ (إِعْلَام) [علم] بِ [আ'লামা] অবহিত করা, জানানো, জানিয়ে দেওয়া, জ্ঞাত করা, প্রচার করা

أَعْلَنَ (إِعْلَان) [علن] [আ'লানা] ঘোষণা করা, বিজ্ঞপ্তি দেওয়া, বিজ্ঞাপন দেওয়া, প্রচার করা, প্রকাশ করা

أُعْلُومَة ج أَعَالِيم [علم] [উ'লুমাহ] নিদর্শন, চিহ্ন, প্রতীকী চিহ্ন, রাস্তার চিহ্ন, পথচিহ্ন, সাইন-পোস্ট, গাইডপোস্ট

أَعْلَى مث عُلْيَا ج عُلًى ، أَعَالِي [علو] [আ'লা] উচ্চ, উচ্চতর, সর্বোচ্চ, ঊর্ধ্বতন, মহত্তর

أَعْلَى ج أَعْلَوْنَ [علو] [আ'লা] উচ্চ মর্যাদার অধিকারী, বিজয়ী

الأَعْلَى [علو] [আল-আ'লা] উচ্চতম, সর্বোচ্চ, মহত্তম, সূরা আল-আ'লাঃ পবিত্র কোরআনের ৮৭তম সূরা

أَعْلَى (إِعْلَاء) [علو] [আ'লা] উপরে উঠানো, ঊর্ধ্বে তোলা, উত্তোলন করা, উন্নত করা

أَعَمّ [عمم] [আ'আম্] অধিকতর সাধারণ, অধিকতর ব্যাপক, ব্যাপকতর, অনেক লোক

أَعْمَدَ (إِعْمَاد) [عمد] [আ'মাদা] ভর করানো, ঠেক দেওয়া, ঠেকনা দেওয়া, ঠেস দেওয়া, খ্রীস্টধর্মে দীক্ষিত করা

أَعْمَرَ (إِعْمَار) [عمر] [আ'মারা] বসতিপূর্ণ করা, আবাদ করা, উন্নত করা, নির্মাণ করা, ওমরা করা

أَعْمَش مث عَمْشَاء ج عُمْش [عمش] [আ'মাশ] ঝাপসা দেখছে এমন, দুর্বল দৃষ্টিসম্পন্ন, ক্ষীণদৃষ্টি

أَعْمَقَ (إِعْمَاق) [عمق] [আ'মাক্বা] গভীর করা, গহীন করা, অগাধ করা

أَعْمَلَ (إِعْمَال) [عمل] [আ'মালা] কাজ করানো, কাজ করতে দেওয়া, কাজে নিয়োগ করা, কর্মরত রাখা, চালু করা, চালু রাখা, কাজে লাগানো, ব্যবহার করা

أَعْمَى مث عَمْيَاء ج عُمْي [عمي] [আ'মা] দৃষ্টিহীন, অন্ধ, কানা

أَعْمَى (إِعْمَاء) [عمي] [আ'মা] অন্ধ করা, দৃষ্টিহীন করা

أَعَنَّ (إِعْنَان) [عنن] [আ'আন্না] লাগাম লাগানো, লাগাম দিয়ে বাঁধা, (আকাশ) মেঘাচ্ছন্ন হওয়া

أَعْنَان (عنن) [আ'নান] পার্শ্বসমূহ, প্রান্তসমূহ

أَعْنَتَ (إِعْنَات) [عنت] [আ'নাতা] কষ্ট দেওয়া, কষ্টে ফেলা, দুর্ভোগে ফেলা, দুরবস্থায় ফেলা

أَعْنَدَ (إِعْنَاد) [عند] [আ'নাদা] বিরোধিতা করা, প্রতিরোধ করা, বিদ্রোহ করা

أَعْنَسَ (إِعْنَاس) [عنس] [আ'নাসা] অবিবাহিত অবস্থায় বয়স কাটানো, দীর্ঘকাল অবিবাহিত থাকা, আইবুড়ো হয়ে থাকা

أَعْنَش مث عَنْشَاء ج عُنْش [عنش] [আ'নাশ] যার আঙ্গুল ছয়টি, ছয় আঙ্গুলবিশিষ্ট

أَعْنَف [عنف] [আ'নাফ] কঠোরতর, প্রচণ্ডতর, তীব্রতর

أَعْنَفَ (إِعْنَاف) [عنف] [আ'নাফা] কঠোরতা করা, কঠোর আচরণ করা

أَعْنَق مث عَنْقَاء ج عُنْق [عنق] [আ'নাক] লম্বা ঘাড়বিশিষ্ট, দীর্ঘগ্রীবা

أَعْنَقَ (إِعْنَاق) [عنق] [আ'নাক্বা] বড় বড় পায়ে দ্রুত চলা, (শস্যের গাছ) লম্বা হওয়া, শিষ বের করা, (কুকুরের) গলায় বন্ধনী পরানো, দূরবর্তী হওয়া, (তারকা) ডুবে যাওয়া, (বাতাস) ধূলি উড়ানো

أَعْنَى (إِعْنَاء) [عنو ، عني] [আ'না] বশীভূত

করা, লাঞ্ছিত করা, কষ্ট দেওয়া, উদ্‌গত করা, বের করা, মনোযোগ দেওয়া, শিরোনাম দেওয়া

أَغْنِي [عني] [আ'নী] অর্থাৎ, আমি বোঝাতে চাই

أَغْهَدَ (إِغْهَاد) [عهد] [আ'হাদা] প্রতিশ্রুতি দেওয়া, নিরাপত্তার অঙ্গিকার করা, নিশ্চয়তা দেওয়া, অব্যাহতি দেওয়া, দায়িত্ব নেওয়া

إِعْوَاز [عوز] [ই'ওয়ায] দারিদ্র, অভাব, অভাব-গ্রস্ততা

أَعْوَج مث عَوْجَاء ج عُوج [عوج] [আ'ওয়াজ] বাঁকা, বক্র, কুব্জ, ন্যুব্জ, তির্যক

اِعْوَجَّ (اِعْوِجَاج) [عوج] [ই'ওয়াজ্জা] বক্র হওয়া, বাঁকা হওয়া, কুব্জ হওয়া, তির্যক হওয়া

أَعْوَد [عود] [আ'ওয়াদ] অধিকতর উপকারী

أَعْوَذَ (إِعْوَاذ) [عوذ] [আ'ওয়াযা] আশ্রয় দেওয়া, রক্ষা করা

أَعْوَر مث عَوْرَاء ج عُور [عور] [আ'ওয়ার] কানা, একচক্ষুহীন

أَعْوَرَ (إِعْوَار) [عور] [আ'ওয়ারা] কানা করা, একচক্ষুহীন করা

اِعْوَرَّ (اِعْوِرَار) [عور] [ই'ওয়ার্‌রা] কানা হওয়া, একচক্ষুহীন হওয়া

أَعْوَز [عوز] [আ'ওয়ায] গরীব, দরিদ্র, অভাবী, অভাবগ্রস্ত, নিঃস্ব

أَعْوَزَ (إِعْوَاز) [عوز] [আ'ওয়াযা] গরীব হওয়া, অভাবগ্রস্ত হওয়া, অভাবী হওয়া, নিঃস্ব হওয়া

اِعْوَزَّ (اِعْوِزَاز) [عوز] [ই'ওয়ায্‌যা] অভাবগ্রস্ত হওয়া, গরীব হয়ে যাওয়া, কৌশল করা, ফন্দি করা

أَعْوَص مث عَوْصَاء ج عُوص [عوص] [আ'ওয়াছ] কঠিন, জটিল, দুর্বোধ্য, অবোধগম্য (কথা)

أَعْوَلَ (إِعْوَال) [عول] [আ'ওয়ালা] বিলাপ করা, আর্তনাদ করা, ক্রন্দন করা

أَعْوَمَ (إِعْوَام) [عوم] [আ'ওয়ামা] এক বছর অতি-বাহিত হওয়া, বছরের শুরুতে থাকা

أَعْيَا (إِعْيَاء) [عيي] [আ'ইয়া] ব্যর্থ করা, অক্ষম করা, অপারগ করা, ক্লান্ত করা, ক্লান্ত হওয়া, দুর্বল হওয়া

أَعْيَان (عَيْن) [আ'ইয়ান] নেতৃস্থানীয় লোকজন, বিশিষ্ট ব্যক্তিবর্গ

أَعْيَلَ (إِعْيَال) [عول ، عيل] [আ'ইয়ালা] পরিবারের সদস্যসংখ্যা অধিক হওয়া, অধিক পরিবার-পরিজনবিশিষ্ট হওয়া, লোভ করা, অভাবগ্রস্ত হওয়া, দরিদ্র হওয়া

أَعْيَن مث عَيْنَاء ج عِين [عين] [আ'ইয়ান] যার চোখের তারা বড় ও প্রশস্ত, আয়তলোচন, ডাগরচক্ষু, বন্য ষাঁড়

آغَا ج آغَوَات [আগা] আগাঃ সম্মানজনক উপাধি-বিশেষ, মহামতি, প্রভু

أَغَابَ (إِغَابَة) [غيب] [আগাবা] আত্মগোপনে যাওয়া, অস্তাচলে প্রবেশ করা, (স্ত্রীলোকের) স্বামী আত্মগোপন করা

أَغَاثَ (إِغَاثَة) [غوث] [আগাছা] সাহায্য করা, সাহায্য দেওয়া, উদ্ধার করা, ত্রাণ করা, রিলিফ দেওয়া

إِغَاثَة [غوث] [ইগাছাহ্] সাহায্যদান, সাহায্য, ত্রাণ, রিলিফ

أَغَارَ (إِغَارَة) [غور] [আগারা] ঈর্ষান্বিত করা, ঈর্ষা জাগানো

أَغَارَ عَلَى [-- 'আলা] আক্রমণ করা, হামলা করা, হানা দেওয়া

إِغَارَة [غور] [ইগারাহ্] আক্রমণ, হামলা, হানা

أَغَاضَ (إِغَاضَة) [غيض] [আগাদা] হ্রাস করা, কমানো, (অশ্রু) সংবরণ করা

أَغَاظَ (إِغَاظَة) [غيظ] [আগাযা] রাগান্বিত করা, ক্রুদ্ধ করা, রাগিয়ে দেওয়া, ক্ষেপিয়ে তোলা

أَغَالَ (إِغَالَة) [غيل] [আগালা] গর্ভবতী অবস্থায় সন্তানকে বুকের দুধ খাওয়ানো, (গাছ) ঘন ডালপালাবিশিষ্ট হওয়া

أَغَامَ (إِغَامَة) [غيم] [আগামা] মেঘ করা, মেঘ থাকা, মেঘে ঢাকা, মেঘাচ্ছন্ন হওয়া

أَغَبَّ (إِغْبَاب) [غبب] [আগাব্বা] একদিন করে বিরতি দিয়ে সম্পন্ন করা, একদিন পরপর সাক্ষাৎ করা, একদিন পর একদিন (উটকে) পানি পান করানো, একদিন পরপর আক্রমণ করা

أَغْبَث مث غَبْثَاء ج غُبْث [غبث] [আগ্‌বাছ] ধূসর, ধূলিবর্ণ, ছাইবর্ণ

أَغْبَر مث غَبْرَاء ج غُبْر [غبر] [আগ্‌বার] ধুলায় আবৃত, ধূলিময়, ধূলিবর্ণ, ধূসর

أَغْبَرَ (إِغْبَار) [غبر] [আগ্বারা] ধূলি মাখানো, ধূলি উড়ানো, ধূলিবর্ণ হওয়া, ধূলিময় হওয়া

إِغْبَرَّ (إِغْبِرَار) [غبر] [ইগ্বার্রা] ধুলায় ঢেকে যাওয়া, উপরে ধূলি পড়া, ধূসরবর্ণ হওয়া, ধূলিময় হওয়া

أَغْبَس مث غَبْسَاء ج غُبْس [غبس] [আগ্বাস] অন্ধকার, ছাইবর্ণ

أَغْبَسَ (إِغْبَاس) [غبس] [আগ্বাসা] অন্ধকার হওয়া, ছাইবর্ণ হওয়া

أَغْبَش مث غَبْشَاء ج غُبْش [غبش] [আগ্বাশ] অস্পষ্ট, অস্বচ্ছ, আবছা, কুয়াশাচ্ছন্ন, অন্ধকার, কালো

أَغْبَشَ (إِغْبَاش) [غبش] [আগ্বাশা] অন্ধকার কমে আসা, আবছা হওয়া, কুয়াশাচ্ছন্ন হওয়া, অস্পষ্ট হওয়া, অন্ধকার হওয়া

أَغْبَى (إِغْبَاء) [غبي] [আগ্বা] জোরে বৃষ্টি বর্ষণ করা, বৃষ্টি ঢেলে দেওয়া

اِغْتَابَ (اِغْتِيَاب) [غيب] [ইগ্তাবা] গীবত করা, কুৎসা বলা, নিন্দা করা

اِغْتَاظَ (اِغْتِيَاظ) [غيظ] [ইগ্তাযা] ক্রুদ্ধ হওয়া, রাগান্বিত হওয়া, উত্তেজিত হওয়া

اِغْتَالَ (اِغْتِيَال) [غول] [ইগ্তালা] হত্যা করা, গুপ্তহত্যা করা, কেড়ে নেওয়া, ছিনিয়ে নেওয়া

اِغْتَبَطَ (اِغْتِبَاط) [غبط] [ইগ্তাবাতা] খুশী হওয়া, আনন্দিত হওয়া, সন্তুষ্ট হওয়া

اِغْتَبَقَ (اِغْتِبَاق) [غبق] [ইগ্তাবাক্বা] সন্ধ্যায় পান করা, সান্ধ্যমদ পান করা, সন্ধ্যায় দোহন করা

اِغْتَبَنَ (اِغْتِبَان) [غبن] [ইগ্তাবানা] বগলের নিচে লুকিয়ে রাখা

اِغْتَدَى (اِغْتِدَاء) [غدو] عَلَى [ইগ্তাদা] সকালে আসা বা যাওয়া, প্রত্যুষে আগমন বা গমন করা

اِغْتَذَى (اِغْتِذَاء) [غذو] [ইগ্তাযা] খাদ্য লাভ করা, পুষ্টি লাভ করা

اِغْتَرَّ (اِغْتِرَار) [غرر] [ইগ্তার্রা] ধোঁকা খাওয়া, প্রতারিত হওয়া, ঠকা

اِغْتِرَاب [غرب] [ইগ্তিরাব] দেশত্যাগ, বিদেশ-গমন, প্রবাস, প্রবাসজীবন

اِغْتَرَبَ (اِغْتِرَاب) [غرب] [ইগ্তারবা] বিদেশে যাওয়া, দেশত্যাগ করা, প্রবাসী হওয়া

اِغْتَرَزَ (اِغْتِرَاز) [غرز] فِي [ইগ্তারযা] প্রোথিত হওয়া, রোপিত হওয়া, গভীরে প্রবেশ করা

اِغْتَرَضَ (اِغْتِرَاض) [غرض] [ইগ্তারদা] লক্ষ্যে পরিণত করা, উদ্দেশ্য করা

اِغْتَرَفَ (اِغْتِرَاف) [غرف] [ইগ্তারফা] অঞ্জলি ভরে লওয়া, চামচ ভরে তোলা

اِغْتَزَلَ (اِغْتِزَال) [غزل] [ইগ্তাযালা] সুতা কাটা, পাক খাওয়ানো, ঘুরানো

اِغْتِسَال [غسل] [ইগ্তিসাল] গোসল, অবগাহন, স্নান

اِغْتَسَلَ (اِغْتِسَال) [غسل] [ইগ্তাসালা] গোসল করা, স্নান করা, অবগাহন করা

اِغْتَشَّ (اِغْتِشَاش) [غشش] [ইগ্তাশ্শা] ধোঁকা খাওয়া, প্রতারিত হওয়া, প্রতারক মনে করা, অসৎ ভাবা

اِغْتَصَّ (اِغْتِصَاص) [غصص] بِ [ইগ্তাছ্ছা] ভিড় হওয়া, ভিড়পূর্ণ হওয়া, ভরে যাওয়া, পূর্ণ হওয়া, সঙ্কীর্ণ হওয়া

اِغْتِصَاب [غصب] [ইগ্তিছাব] জবরদখল, ধর্ষণ, বলাৎকার

اِغْتَصَبَ (اِغْتِصَاب) [غصب] [ইগ্তাছবা] ধর্ষণ করা, বলাৎকার করা, কেড়ে নেওয়া, জবরদখল করা

اِغْتَطَى (اِغْتِطَاء) [غطو] [ইগ্তাতা] ঢাকা পড়া, ঢেকে যাওয়া, আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া

اِغْتَفَرَ (اِغْتِفَار) [غفر] [ইগ্তাফারা] মাফ করা, ক্ষমা করা, মার্জনা করা

اِغْتَفَلَ (اِغْتِفَال) [غفل] [ইগ্তাফালা] বেখেয়াল হওয়ার অপেক্ষা করা, অমনোযোগিতার সুযোগ নেওয়া, আচমকা এসে পড়া, বেখেয়াল মনে করা

اِغْتَمَّ (اِغْتِمَام) [غمم] [ইগ্তাম্মা] বিষণ্ন হওয়া, দুঃখিত হওয়া, দুঃখ পাওয়া

اِغْتَمَرَ (اِغْتِمَار) [غمر] [ইগ্তামারা] নিমজ্জিত হওয়া, ডুবে যাওয়া, ডুব দেওয়া, ডুবিয়ে দেওয়া, নিমজ্জিত করা, প্লাবিত করা

اِغْتَمَسَ (اِغْتِمَاس) [غمس] [ইগ্তামাসা] ডুবে যাওয়া, নিমজ্জিত হওয়া, ডুব দেওয়া

اِغْتَمَصَ (اِغْتِمَاص) [غمص] [ইগ্তামাছা] ছোট

মনে করা, তুচ্ছ জ্ঞান করা

اِغْتَمَضَ (اِغْتِمَاض) [غمض] [ইগ্‌তামাদা] ঝলক থেমে যাওয়া, (চোখ) মুদিত হওয়া, নিমীলিত হওয়া, ঘুমিয়ে পড়া, না দেখা, উপেক্ষা করা

اِغْتَنَمَ (اِغْتِنَام) [غنم] [ইগ্‌তানামা] (সুযোগ) গ্রহণ করা, কাজে লাগানো, গনীমত লওয়া, গনীমত পাওয়া

اِغْتَنَى (اِغْتِنَاء) [غني] [ইগ্‌তানা] ধনবান হওয়া, ধনী হওয়া, সম্পদশালী হওয়া

اِغْتِيَاب [غيب] [ইগ্‌তিয়াব] গীবত, কুৎসা, নিন্দা, রটনা

اِغْتِيَاظ [غيظ] [ইগ্‌তিয়ায] উত্তেজনা, ক্রোধ, রাগ

اِغْتِيَال ج اِغْتِيَالَات [غول] [ইগ্‌তিয়াল] ছিনতাই, হত্যাকাণ্ড, গুপ্তহত্যা

أَغْثَى (إِغْثَاء) [غثو] [আগ্‌ছা] রোগী করা, রুগ্ন করা, অসুস্থ করা, (উপত্যকা) আবর্জনাবহুল হওয়া, জঞ্জালপূর্ণ হওয়া

أَغْدَرَ (إِغْدَار) [غدر] [আগ্‌দারা] ডোবায় ফেলা, কঠিন জায়গায় ফেলা, রেখে দেওয়া, ফেলে আসা, (রাত) অন্ধকার হওয়া

أَغْدَقَ (إِغْدَاق) [غدق] [আগ্‌দাক্বা] পর্যাপ্ত হওয়া, প্রচুর হওয়া, (বৃষ্টি) প্রচুর পরিমাণে বর্ষিত হওয়া

أَغْدَقَ عَلَى [-- 'আলা] প্রচুর পরিমাণে দান করা, উদার হস্তে দান করা, পর্যাপ্ত পরিমাণে দেওয়া, ভরে দেওয়া

اِغْدَوْدَنَ (اِغْدِيدَان) [غدن] [ইগ্‌দাওদানা] (চুল) ঘন ও লম্বা হওয়া

أَغَذَّ (إِغْذَاذ) [غذذ] [আগায্‌যা] দ্রুত করা, ছুটে চলা, দৌড়ে যাওয়া, (ক্ষতস্থান) পাকা, পুঁজ হওয়া

أَغَرّ مث غَرَّاء ج غُرّ [غرر] [আগার] উজ্জ্বল, শুভ্র দাগযুক্ত, সুন্দর, সুদর্শন, অভিজাত, বিশিষ্ট, সম্মানিত, সম্মানীয়

إِغْرَاء [غرو] [ইগ্‌রা'] উত্তেজিতকরণ, প্ররোচিত-করণ, উত্তেজনা, প্ররোচনা, উস্কানি

إِغْرَاق [غرق] [ইগ্‌রাক] নিমজ্জিতকরণ, নিমজ্জন, প্লাবন, আধিক্য, অতিরিক্ততা, বাড়াবাড়ি

أَغْرَب [غرب] [আগ্‌রব] অভিনবতর, অধিকতর অভিনব

أَغْرَبَ (إِغْرَاب) [غرب] [আগ্‌রবা] অভিনব কিছু করা বা বলা, প্রবাসী হওয়া, পাশ্চাত্যে গমন করা, দূরে পাঠানো, অবস্থা ভাল হওয়া, (পানির হাউজ) পূর্ণ করা, (রোগীর) কষ্ট বেড়ে যাওয়া

أَغْرَبَ فِي [-- ফী] অতিরিক্ত করা, বেশি করা, বাড়াবাড়ি করা, সীমালঙ্ঘন করা

أَغْرَدَ (إِغْرَاد) [غرد] [আগ্‌রদা] গাওয়া, গান করা, সুর করে উচ্চারণ করা, সুরে সুরে বলা

أَغْرَزَ (إِغْرَاز) [غرز] [আগ্‌রাযা] পোঁতা, গাড়া, ঢোকানো, প্রবেশ করানো

أَغْرَسَ (إِغْرَاس) [غرس] [আগ্‌রসা] রোপণ করা, লাগানো, পোঁতা, পুঁতে রাখা

أَغْرَضَ (إِغْرَاض) [غرض] [আগ্‌রদা] (লক্ষ্য) অর্জন করা, (উদ্দেশ্য) হাসিল করা, (পাত্র) পূর্ণ করা, বিরক্ত করা, ক্ষেপিয়ে তোলা

أَغْرَقَ (إِغْرَاق) [غرق] [আগ্‌রক্বা] জলমগ্ন করা, ডুবানো, ডুবিয়ে দেওয়া, নিমজ্জিত করা, নিমগ্ন করা

أَغْرَقَ فِي [-- ফী] বাড়াবাড়ি করা, অতিরিক্ত করা, সীমালংঘন করা, বেশি করা

أَغْرَمَ (إِغْرَام) [غرم] [আগ্‌রমা] জরিমানা করা, অর্থদণ্ড ধার্য করা, পরিশোধ করতে বাধ্য করা

أُغْرِمَ [غرم] بِ [উগ্‌রিমা বি] প্রেমে পড়া, আসক্ত হওয়া, প্রেমাসক্ত হওয়া

أُغْرُود ، أُغْرُودَة ج أَغَارِيد [غرد] [উগরূদ, উগ্‌-রূদাহ্] গান, গীত, সঙ্গীত, সুরেলা আওয়াজ

اِغْرَوْرَقَ (اِغْرِيرَاق) [غرق] [ইগ্‌রাওরক্বা] সিক্ত হওয়া, প্লাবিত হওয়া, ভেসে যাওয়া

أَغْرَى (إِغْرَاء) [غرو] بِ [আগ্‌রা] উত্তেজিত করা, প্ররোচিত করা, উস্কানি দেওয়া, উস্কে দেওয়া, প্রলুব্ধ করা, আসক্ত করা

الإِغْرِيق [আল-ইগ্‌রীক] গ্রীক জাতি

إِغْرِيقِيّ [ইগ্‌রীক্বী] গ্রীক, গ্রীসের

الإِغْرِيقِيَّة [আল-ইগ্‌রীক্বিয়্যাহ্] গ্রীক ভাষা

أَغَزَّ (إِغْزَاز) [غزز] [আগায্‌যা] কাঁটাযুক্ত হওয়া, কন্টকযুক্ত হওয়া, কন্টকময় হওয়া

أَغْزَرَ (إِغْزَار) [غزر] [আগ্‌যারা] পর্যাপ্ত করা, প্রচুর পশুর মালিক হওয়া, প্রাচুর্যের অধিকারী হওয়া, পর্যাপ্ত বর্ষণসিক্ত হওয়া

أَغْزَلَ (إِغْزَال) [غزل] [আগ্‌যালা] পাক দেওয়া,

أَغَلَّ (إِغْلَال) [غلل] [আগাল্লা] শস্য উৎপাদন করা, ফসল জন্মানো, ফল দেওয়া, শস্য নিয়ে আসা, সম্পদ চুরি করা

إِغْلَاق [غلق] [ইগ্‌লাক] বন্ধকরণ, তালাবদ্ধকরণ, অর্গলবদ্ধকরণ

أَغْلَب [غلب] [আগ্‌লাব] অধিকাংশ, অধিকতর সম্ভাব্য, সংখ্যাগরিষ্ঠ

فِي الأَغْلَب [ফিল আগ্‌লাব] অধিকাংশ ক্ষেত্রে, সাধারণত

أَغْلَبِيَّة [غلب] [আগ্‌লাবিয়্যাহ] অধিকতর সম্ভাব্যতা, সংখ্যাগরিষ্ঠতা, অধিকাংশ

أَغْلَبِيَّة بَسِيطَة [আগ্‌লাবিয়্যাহ বাসীতাহ] সাধারণ সংখ্যাগরিষ্ঠতা

أَغْلَبِيَّة سَاحِقَة [আগ্‌লাবিয়্যাহ সাহিক্বাহ] বিপুল সংখ্যাগরিষ্ঠতা

أَغْلَبِيَّة مُطْلَقَة [আগ্‌লাবিয়্যাহ মুত্বলাক্বাহ] নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা

أَغْلَسَ (إِغْلَاس) [غلس] [আগ্‌লাসা] শেষ রাতে চলা, রাতের অন্ধকারে চলা

أَغْلَطَ (إِغْلَاط) [غلط] [আগ্‌লাতা] ভুল করানো

أَغْلَظ [غلظ] [আগ্‌লায] কঠিনতর, কঠোরতর, রূঢ়তর, অধিকতর মোটা, পুরু বা ঘন

أَغْلَظَ (إِغْلَاظ) [غلظ] [আগ্‌লাযা] রূঢ়ভাবে কথা বলা, রূঢ় বাক্য ব্যবহার করা, রূঢ় মনে করা

أَغْلَظَ لَهُ القَوْلَ [আগ্‌লাযা লাহুল ক্বাওলা] রূঢ় ভাষা ব্যবহার করা, কঠোর ভাষায় কথা বলা

أَغْلَف ست غَلْفَاء ج غُلْف [غلف] [আগ্‌লাফ] খাৎনা করানো হয়নি এমন, অশিষ্ট, অভদ্র, মোড়কবদ্ধ, আচ্ছাদিত, কোষবদ্ধ (তরবারি), অনুভূতিহীন (অন্তর)

أَغْلَفَ (إِغْلَاف) [غلف] [আগ্‌লাফা] আচ্ছাদিত করা, আবৃত করা, গেলাফ লাগানো, মোড়কবদ্ধ করা, খামে ভরা

أَغْلَقَ (إِغْلَاق) [غلق] [আগ্‌লাক্বা] বন্ধ করা, বন্ধ করে দেওয়া, তালাবদ্ধ করা, তালা দেওয়া, অর্গলবদ্ধ করা, আটকানো, আটকে দেওয়া, (বন্ধকী জিনিস) আটকে রাখা, বাজেয়াপ্ত করা

أُغْلِقَ [غلق] [উগ্‌লিক্বা] জটিল হওয়া, দুর্বোধ্য হওয়া

পাক খাওয়ানো, (টাকু) ঘুরানো

أُغُسْطُس ، أُغُسْطُس [আগুস্তুস, উগুস্তুস] আগস্ট (মাস)

أَغْسَقَ (إِغْسَاق) [غسق] [আগ্‌সাক্বা] প্রথম রাতের অন্ধকারে প্রবেশ করা, (রাতের) অন্ধকার বৃদ্ধি পাওয়া

أَغْسَمَ (إِغْسَام) [غسم] [আগ্‌সামা] (রাত) অন্ধকার হওয়া, অন্ধকারে প্রবেশ করা

أَغَشَّ (إِغْشَاش) [غشش] [আগাশ্‌শা] প্রতারণা করানো, প্রতারণায় ফেলা, ধোঁকায় ফেলা

أَغَشَّ عَنْ [-- 'আন] দূরে রাখা, বঞ্চিত করা

أَغْشَى (إِغْشَاء) [غشي] [আগ্‌শা] ঢেকে দেওয়া, আবৃত করা, আচ্ছাদিত করা, অন্ধকারাচ্ছন্ন হওয়া

أَغَصَّ (إِغْصَاص) [غصص] [আগাছ্‌ছা] শ্বাসরুদ্ধ করা, গলায় আটকে দেওয়া

إِغْضَاء [غضي] [ইগ্‌দা'] উপেক্ষা, উদাসীনতা, ঔদাসীন্য, অমনোযোগ, ক্ষমা

أَغْضَبَ (إِغْضَاب) [غضب] [আগ্‌দবা] রাগান্বিত করা, ক্রোধান্বিত করা, রাগিয়ে দেওয়া

أَغْضَى (إِغْضَاء) [غضي] [আগ্‌দা] (চোখ) বন্ধ করা, উপেক্ষা করা, উদাসীনতা দেখানো, ভ্রূক্ষেপ না করা, ক্ষমা করা

أَغَطَّ (إِغْطَاط) [غطط] [আগাত্তা] ডুবানো, চুবানো, ডুবিয়ে দেওয়া, নিমজ্জিত করা

أَغْطَشَ (إِغْطَاش) [غطش] [আগ্‌তশা] অন্ধকার করা, অন্ধকার হওয়া

أَغْطَى (إِغْطَاء) [غطو ، غطي] [আগ্‌তা] ঢেকে দেওয়া, লুকিয়ে রাখা, (গাছের) ডালপালা লম্বা হয়ে ঝুলে পড়া, (রাত) অন্ধকার হওয়া

إِغْفَاء ، إِغْفَاءَة [غفو] [ইগ্‌ফা', ইগ্‌ফাআহ] নিদ্রা, ঘুম, হালকা নিদ্রা, তন্দ্রা

أَغْفَرَ (إِغْفَار) [غفر] [আগ্‌ফারা] লুকিয়ে রাখা, ঢেকে রাখা

أَغْفَلَ (إِغْفَال) [غفل] [আগ্‌ফালা] উপেক্ষা করা, মনোযোগ না দেওয়া, অমনোযোগী হওয়া, ছেড়ে দেওয়া, উদাসীন থাকা, গাফিল করা, অমনোযোগী করা, উদাসীন করা

أَغْفَى (إِغْفَاء) [غفو] [আগ্‌ফা] নিদ্রায় ঝিমানো, তন্দ্রাচ্ছন্ন হওয়া, নিদ্রা যাওয়া, ঘুমিয়ে পড়া

أُغْلُوج ج أَغَالِيج [غلج] [উগ্‌লূজ] নরম ডাল, কোমল বৃক্ষশাখা

أُغْلُوطَة ج أُغْلُوطَات، أَغَالِيط [غلط] [উগ্‌লূতাহ্] কুটিল প্রশ্ন, ভ্রান্তিকর কথা বা বিষয়

أَغْلَى [غلو] [আগ্‌লা] বেশি দামী, অধিকতর মূল্যবান, অধিকতর ব্যয়বহুল

أَغْلَى (إِغْلَاء) [غلو ، غلي] [আগ্‌লা] মূল্যবৃদ্ধি করা, মূল্যবান করা, বেশী দাম চাওয়া, ফুটানো, সিদ্ধ করা

أَغَمَّ (إِغْمَام) [غمم] [আগাম্মা] বিষণ্ণ করা, দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া, দুঃখিত করা, (আকাশ) মেঘাচ্ছন্ন হওয়া, (দিনের) তাপ বেশী হওয়া

إِغْمَاء، إِغْمَاءَة [غمي] [ইগ্‌মা', ইগ্‌মাআহ্] মূর্ছা, সংজ্ঞাহীনতা

أَغْمَدَ (إِغْمَاد) [غمد] [আগ্‌মাদা] (তরবারি) খাপে ভরে রাখা, কোষবদ্ধ করা, প্রবিষ্ট করা

أَغْمَص مث غَمْصَاء ج غُمْص [غمص] [আগ্‌মাছ] ঝাপসা দৃষ্টিসম্পন্ন, ক্ষীণদৃষ্টি

أَغْمَضَ (إِغْمَاض) [غمض] [আগ্‌মাদা] চোখ বন্ধ করা, দুচোখ বন্ধ রাখা

أَغْمَضَ عَنْ [-- 'আন] দৃষ্টি ফিরিয়ে রাখা, উপেক্ষা করা, না দেখা

أُغْمِيَ (إِغْمَاء) [غمي] عَلَى [উগ্‌মিয়া] সংজ্ঞাহীন হওয়া, মূর্ছা যাওয়া

أَغَنّ مث غَنَّاء [غنن] [আগান্] নাকি সুরে কথা বলে এমন, সুরেলা, সুমধুর, ঘন গাছপালা-বিশিষ্ট, বসতিপূর্ণ

أَغْنَمَ (إِغْنَام) [غنم] [আগ্‌নামা] পাইয়ে দেওয়া, প্রদান করা, অনুদান দেওয়া, গনীমতের মাল দেওয়া

أَغْنَى (إِغْنَاء) [غني] [আগ্‌না] অভাবমুক্ত করা, অমুখাপেক্ষী করা, ধনী করা, সম্পদশালী করা, কাজে আসা

أَغْنَى عَنْ [-- 'আন] অমুখাপেক্ষী করা, যথেষ্ট হওয়া, কাজে আসা, উপকারে আসা

أُغْنِيَة ج أَغَانِي ، أَغَانٍ [غني] [উগ্‌নিয়াহ্] গান, গীত, গীতি, সঙ্গীত

أُغْنِيَّة ج أَغَانِيّ [غني] [উগ্‌নিয়্যাহ্] গান, গীত, গীতি, সঙ্গীত

إِغْوَانَة [ইগ্‌ওয়ানাহ্] ইগোয়ানাঃ গোসাপজাতীয় সরীসৃপবিশেষ

أَغْوَى (إِغْوَاء) [غوي] [আগ্‌ওয়া] বিভ্রান্ত করা, বিপথগামী করা, পথভ্রষ্ট করা, প্রলুব্ধ করা

أُغْوِيَّة ج أَغَاوِيّ [উগ্‌বিয়্যাহ্] চোরা গর্ত, ফাঁদ, বিপজ্জনক স্থান

أَغْيَد مث غَيْدَاء ج غِيد [غيد] [আগ্‌ইয়াদ] নরম, কোমল, কমনীয়, সুন্দর গড়নবিশিষ্ট, তৃণবহুল

أَغْيَمَ (إِغْيَام) [غيم] [আগ্‌ইয়ামা] পিপাসা লাগা, তৃষ্ণা লাগা, পিপাসার্ত হওয়া (আকাশে) মেঘ করা,

أُفّ [ن] [ض] (أُفّ) [আফ্‌ফা] উহ! আহ! যাহ! ধিক! ছিঃ ইত্যাদি বলা

أُفّ [উফ্] (নাক, কান বা নখের) ময়লা

أُفٍّ! [উফ্‌ফিন] উহ! আহ! যাহ! ধিক! ছিঃ ছিঃ (অসন্তোষ প্রকাশক শব্দ)

أَفَاءَ (إِفَاءَة) [فيأ] [আফাআ] দান করা, প্রদান করা, ফাও দেওয়া, ফিরিয়ে দেওয়া, ফেরৎ দেওয়া, যুদ্ধলব্ধ সম্পদ দেওয়া

أَفَاتَ (إِفَاتَة) [فوت] [আফাতা] নষ্ট করানো, হারাতে দেওয়া, অতিবাহিত করানো, ফুরিয়ে ফেলা, শেষ করা

أَفَاجَ (إِفَاجَة) [فوج] [আফাজা] দৌড়ানো, ত্বরা করা, দলে দলে পাঠানো, দলে দলে চলা

أَفَاجَ (إِفَاجَة) [فيج] [আফাজা] বিলম্ব করা, মন্থর হওয়া, ছড়িয়ে পড়া

أَفَاحَ (إِفَاحَة) [فيح] [আফাহা] (আগুনে) ফুটানো, সিদ্ধ করা, (রক্ত) ঝরানো, প্রবাহিত করা

أَفَادَ (إِفَادَة) [فود ، فيد] [আফাদা] উপকার করা, সুবিধা দেওয়া, উপকারী হওয়া, লাভজনক হওয়া, জানানো, অবহিত করা, অবগত করা, বর্ণনা করা, (অর্থ) বোঝানো

إِفَادَة [فود ، فيد] [ইফাদাহ্] উপকারকরণ, উপকারিতা, সুবিধা, লাভ, মুনাফা, অবহিতকরণ, অর্থজ্ঞাপন, তথ্যপ্রদান, তথ্য, জ্ঞান, ঘোষণা, বর্ণনা

أَفَارَ (إِفَارَة) [فور] [আফারা] (আগুনে) ফুটানো, টগবগ করানো

أَفَازَ (إِفَازَة) [فوز] [আফাযা] সফল করা, জয়ী করা, পাইয়ে দেওয়া

أَفَاضَ (إِفَاضَة) [فيض] [আফাদা] ঢেলে দেওয়া, প্রবাহিত করা, কানায় কানায় পূর্ণ করা, ভরে দেওয়া, পরিপূর্ণ করা, ছড়িয়ে পড়া, ধাবিত হওয়া, ছুটে যাওয়া, উচ্চারণ করা

أَفَاضَ بِ ، فِي [-- বি, ফী] বিস্তারিতভাবে বলা, বিশদভাবে বর্ণনা করা

أَفَّاف [أفف] [আফ্ফাফ] অধিক অভিযোগকারী, অধিক অসন্তোষ প্রকাশকারী

أَفَاقَ (إِفَاقَة) [فوق] [আফাকা] জ্ঞান ফিরে পাওয়া, সংজ্ঞা ফিরে পাওয়া, চেতনা ফিরে পাওয়া, জাগ্রত হওয়া, সজাগ হওয়া, সুস্থ হয়ে ওঠা

أَفَّاق [أفق] [আফ্ফাক] দিক-দিগন্তে ছুটে বেড়ায় এমন, ভবঘুরে, অভিযাত্রী, পর্যটক

أَفَّاك ج أَفَّاكُون [أفك] [আফ্ফাক] মিথ্যাবাদী, মিথ্যুক, প্রতারক, কুৎসা রটনাকারী

آفَة ج آفَات [أوف] [আফাহ্] আপদ, দুর্যোগ, বিপদ, ক্ষতি, মহামারী

إِفْتَاء [فتو] [ইফ্তা'] ফতোয়াদান, ফতোয়া, সিদ্ধান্তপ্রদান, সিদ্ধান্ত, মুফতীর পদ

اِفْتَاتَ (اِفْتِيَات) [فوت] [ইফ্তাতা] রচনা করা, উদ্ভাবন করা, বানানো, বানিয়ে বলা, ছুটে যাওয়া, হাতছাড়া হওয়া, স্বেচ্ছাচারিতা করা

اِفْتَاتَ عَلَى [-- 'আলা] অন্যায় করা, অপরাধ করা, বেঈমানি করা, বিশ্বাসঘাতকতা করা

اِفْتَاقَ (اِفْتِيَاق) [فوق] [ইফ্তাকা] দরিদ্র হওয়া, অভাবগ্রস্ত হওয়া, নিঃস্ব হয়ে যাওয়া

اِفْتِئَات [فأت] [ইফ্তিআত] মিথ্যা, মিথ্যাচার, মিথ্যা আরোপ, অত্যাচার, একগুঁয়েমি, জিদ, স্বেচ্ছাচারিতা

اِفْتَأَتَ (اِفْتِئَات) [فأت] عَلَى [ইফ্তাআতা] মিথ্যা বলা, আরোপ করা, অত্যাচার করা

اِفْتَأَتَ بِرَأْيِهِ [ইফ্তাআতা বি-রা'য়িহী] নিজের মতে কাজ করা, একগুঁয়েমি করা, জেদী হওয়া, স্বেচ্ছাচারী হওয়া, একনায়ক হওয়া

اِفْتَأَلَ (اِفْتِئَال) [فأل] [ইফ্তাআলা] শুভ মনে করা

اِفْتِتَاح [فتح] [ইফ্তিতাহ্] সূচনা, উদ্বোধন, শুরু, আরম্ভ, সূত্রপাত

اِفْتِتَاحِيّ [ইফ্তিতাহী] উদ্বোধনী, সূচনামূলক, প্রারম্ভিক

اِفْتِتَاحِيَّة [فتح] [ইফ্তিতাহিয়্যাহ্] সম্পাদকীয়, মুখবন্ধ, উপক্রমণিকা

اِفْتِتَان [فتن] [ইফ্তিতান] সম্মোহন, আকর্ষণ, মোহগ্রস্ততা, মোহাবিষ্টতা, বিমুগ্ধতা

اِفْتَتَحَ (اِفْتِتَاح) [فتح] [ইফ্তাতাহা] সূচনা করা, উদ্বোধন করা, শুরু করা, আরম্ভ করা

اِفْتَتَنَ (اِفْتِتَان) [فتن] [ইফ্তাতানা] সম্মোহিত করা বা হওয়া, আকৃষ্ট করা বা হওয়া, বিমুগ্ধ করা বা হওয়া

اِفْتَحَصَ (اِفْتِحَاص) [فحص] عَنْ [ইফ্তাহাছা] খোঁজ করা, অনুসন্ধান করা, পরীক্ষা করা

اِفْتَخَّ (اِفْتِخَاخ) [فخخ] [ইফ্তাখ্খা] (নিদ্রাবস্থায়) নাক ডাকা

اِفْتِخَار [فخر] [ইফ্তিখার] গৌরব, অহঙ্কার, গর্ব, বড়াই

اِفْتَخَرَ (اِفْتِخَار) [فخر] بِ [ইফ্তাখারা] গৌরব করা, গর্ব করা, অহঙ্কার করা, বড়াই করা

اِفْتَدَى (اِفْتِدَاء) [فدي] [ইফ্তাদা] মুক্তিপণ দিয়ে মুক্তিলাভ করা, বিনিময় দেওয়া, ফিদ্য়া দেওয়া

أَفْتَرَ (إِفْتَار) [فتر] [আফ্তারা] জড়তাগ্রস্ত করা, অবসন্ন করা, দুর্বল করা, নিস্তেজ করা, লাঘব করা, প্রশমিত করা

اِفْتَرَّ (اِفْتِرَار) [فرر] [ইফ্তার্‌রা] চকচক করা, চমকানো, সুন্দর করে হাসা, ঝিমিয়ে পড়া, নিরুৎসাহ হওয়া, নাকের মধ্যে নেওয়া, ঘ্রাণ নেওয়া

اِفْتَرَّ عَنْ أَسْنَانِهِ [ইফ্তার্‌রা 'আন আস্নানিহী] হাসা, হাসির সময়ে দাঁত দেখানো, দাঁত বের করে হাসা

اِفْتِرَاء [فري] [ইফ্তিরা'] মিথ্যা অপবাদ, মিথ্যা রটনা

اِفْتِرَائِيّ [ইফ্তিরাঈ] অপবাদমূলক, রটনামূলক

اِفْتِرَاض [فرض] [ইফ্তিরাদ] আরোপণ, আরোপ, ফরযকরণ, অনুমান, কল্পনা

اِفْتِرَاضِيّ [ইফ্তিরাদী] অনুমানভিত্তিক, কাল্পনিক, আরোপিত

اِفْتِرَاق [فرق] [ইফ্তিরাক] বিচ্ছিন্নতা, বিচ্ছেদ,

বিভেদ

اِفْتَرَسَ (اِفْتِرَاس) [فرس] [ইফ্‌তারসা] (প্রাণী) শিকার করা, ছিঁড়ে খাওয়া, (নারীর) শ্লীলতাহানি করা, ধর্ষণ করা

اِفْتَرَشَ (اِفْتِرَاش) [فرش] [ইফ্‌তারশা] বিছানো, ছড়ানো, শোয়ানো, শয়ন করা, একত্রে শোয়া, সহবাস করা, বিস্তৃত হওয়া

اِفْتَرَصَ (اِفْتِرَاص) [فرص] [ইফ্‌তারছা] সুযোগ গ্রহণ করা, সুযোগ নেওয়া

اِفْتَرَضَ (اِفْتِرَاض) [فرض] [ইফ্‌তারদা] ফরয করা, আরোপ করা, ধার্য করা, ধরে নেওয়া, মনে করা, মেনে নেওয়া

اِفْتَرَعَ (اِفْتِرَاع) [فرع] [ইফ্‌তার'আ] কুমারীত্ব নষ্ট করা, কৌমার্য ছিন্ন করা

اِفْتَرَقَ (اِفْتِرَاق) [فرق] [ইফ্‌তারক্বা] ভিন্ন হওয়া, আলাদা হওয়া, বিচ্ছিন্ন হওয়া, বিভক্ত হওয়া

اِفْتَرَى (اِفْتِرَاء) [فري] عَلَى [ইফ্‌তারা] অপবাদ দেওয়া, বদনাম রটানো, দুর্নাম রটানো, মিথ্যা বলা

اِفْتَزَّ (اِفْتِزَاز) [فزز] عَلَى [ইফ্‌তাযযা] পরাজিত করা, জয়ী হওয়া

اِفْتَصَّ (اِفْتِصَاص) [فصص] [ইফ্‌তাছ্‌ছা] উপড়ে ফেলা, উৎপাটন করা, ছিঁড়ে ফেলা, আলাদা করা

اِفْتَصَدَ (اِفْتِصَاد) [فصد] [ইফ্‌তাছদা] শিংগা লাগানো, রক্তমোক্ষণ করা, (শিরা) কাটা

اِفْتَضَّ (اِفْتِضَاض) [فضض] [ইফ্‌তাদ্দা] কৌমার্য ছিন্ন করা, কুমারীত্ব নষ্ট করা

اِفْتَضَحَ (اِفْتِضَاح) [فضح] [ইফ্‌তাদহা] প্রকাশ পাওয়া, প্রকাশিত হওয়া, সর্বজনবিদিত হওয়া, অন্যের দৃষ্টি আকর্ষণের জন্য নিজেকে প্রদর্শন করা, উদাম হওয়া, দোষ প্রকাশ হয়ে যাওয়া

اِفْتَعَلَ (اِفْتِعَال) [فعل] [ইফ্‌তা'আলা] সৃষ্টি করা, রচনা করা, তৈরী করা, স্বেচ্ছায় করা, জাল করা

اِفْتَقَدَ (اِفْتِقَاد) [فقد] [ইফ্‌তাক্বাদা] পরীক্ষা করা, অনুসন্ধান করা, হারানো, অনুপস্থিতি উপলব্ধি করা

اِفْتَقَرَ (اِفْتِقَار) [فقر] [ইফ্‌তাক্বারা] অভাবগ্রস্ত হওয়া, দরিদ্র হওয়া, গরীব হয়ে যাওয়া

اِفْتَقَرَ إِلَى [-- ইলা] মুখাপেক্ষী হওয়া, প্রয়োজন অনুভব করা

أَفْتَكَ (إِفْتَاك) [فتك] بِ [আফ্‌তাকা] আকস্মিক আক্রমণ করা, গোপনে হত্যা করা, গুপ্তহত্যা করা

اِفْتَكَّ (اِفْتِكَاك) [فكك] [ইফ্‌তাক্কা] ছাড়িয়ে আনা, পুনরুদ্ধার করা

اِفْتَكَرَ (اِفْتِكَار) [فكر] [ইফ্‌তাকারা] চিন্তা করা, ভাবা, ভেবে দেখা

اِفْتَلَّ (اِفْتِلَال) [فلل] [ইফ্‌তাল্লা] (তরবারি) খাঁজযুক্ত হওয়া, ধার নষ্ট হওয়া, ভোঁতা হওয়া

أَفْتَنَ (إِفْتَان) [فتن] [আফ্‌তানা] আকৃষ্ট করা, মুগ্ধ করা, মোহিত করা, প্রলুব্ধ করা

اِفْتَنَّ (اِفْتِنَان) [فنن] [ইফ্‌তান্না] নানাভাবে বলা বা করা, বিভিন্নতা দেওয়া, ব্যাপকভাবে করা

أَفْتَى (إِفْتَاء) [فتو] [আফ্‌তা] ফতোয়া দেওয়া, রায় দেওয়া, সিদ্ধান্ত দেওয়া, অনুমতি দেওয়া, জানানো, অবহিত করা

أَفَجَّ (إِفْجَاج) [فجج] [আফাজ্জা] লম্বা লম্বা পা ফেলে চলা, তাড়াতাড়ি চলা

أَفْجَرَ (إِفْجَار) [فجر] [আফ্‌জারা] পাপ করা, অন্যায় করা, পাপাচারে লিপ্ত হওয়া, ব্যভিচার করা, অন্যায়কারী মনে করা, প্রভাতে উপনীত হওয়া

أَفْجَعَ (إِفْجَاع) [فجع] [আফ্‌জা'আ] কষ্ট দেওয়া, দুঃখ দেওয়া, ব্যথিত করা, আঘাত দেওয়া

أَفْحَشَ (إِفْحَاش) [فحش] [আফ্‌হাশা] অশ্লীল ভাষা ব্যবহার করা, অশ্লীল কথা বলা, অশ্লীল হওয়া

أَفْحَمَ (إِفْحَام) [فحم] [আফ্‌হামা] হতভম্ব করা, স্তম্ভিত করা, নির্বাক করা, লাজওয়াব করা

أُفْحُوص ج أَفَاحِيص [فحص] [উফ্‌হূছ] পাখির ডিম পাড়ার জন্য খননকৃত গর্ত

أَفْخَم [فخم] [আফ্‌খাম] অধিকতর মর্যাদাবান বা জাঁকজমকপূর্ণ, মহত্তর, সুমহান

أَفْدَحَ (إِفْدَاح) [فدح] [আফ্‌দাহা] কষ্টকর মনে করা, ভারী মনে করা, কঠিন দেখতে পাওয়া

أَفْدَى (إِفْدَاء) [فدي] [আফ্‌দা] মুক্তিপণ নেওয়া

أَفَرَّ (إِفْرَار) [فرر] [আফার্‌রা] ভাগিয়ে দেওয়া, পালাতে দেওয়া, পালাতে বলা

إِفْرَاج [فرج] [ইফ্‌রাজ] মুক্তিদান, নিষ্কৃতিপ্রদান,

মুক্তি, নিষ্কৃতি, অব্যাহতি, খালাস, খালিকরণ

إِفْرَاد [فرد] [ইফ্রাদ] পৃথককরণ, আলাদাকরণ, চিহ্নিতকরণ, একবচনরূপে ব্যবহার (ব্যা)

إِفْرَاز [فرز] [ইফ্রায] পৃথককরণ, আলাদাকরণ, বিচ্ছিন্নকরণ, নির্গতকরণ

إِفْرَاط [فرط] [ইফ্রাত] বাড়াবাড়ি, অতিরিক্ততা, আধিক্য, আতিশয্য, সীমালঙ্ঘন

إِفْرَاغ [فرغ] [ইফ্রাগ] খালাসকরণ, খালিকরণ, শূন্যকরণ

أَفْرَجَ (إِفْرَاج) [فرج] عَنْ [আফ্রজা] মুক্তি দেওয়া, ছেড়ে দেওয়া, যেতে দেওয়া, পরিত্যাগ করা, খালি করা

أَفْرَحَ (إِفْرَاح) [فرح] [আফ্রহা] সন্তুষ্ট করা, আনন্দিত করা, আনন্দ দেওয়া, আরাম দেওয়া

أَفْرَخَ (إِفْرَاخ) [فرخ] [আফ্রখা] (পাখি) বাচ্চা ফোটানো, ডিমে তা দেওয়া, (গাছ) অঙ্কুর উদ্গত করা

أَفْرَدَ (إِفْرَاد) [فرد] [আফ্রদা] একা করা, একক করা, আলাদা করা, বেছে নেওয়া, একক হওয়া, অদ্বিতীয় হওয়া, একবচন করা (ব্যা)

أَفْرَزَ (إِفْرَاز) [فرز] [আফ্রযা] বের করা, নির্গত করা, পৃথক করা, আলাদা করা, বিচ্ছিন্ন করা

أَفْرَشَ (إِفْرَاش) [فرش] [আফ্রশা] বিছানো, বিছিয়ে দেওয়া, শোয়ানো, বিছানার ব্যবস্থা হওয়া, ডালপালা বিস্তৃত হওয়া, বেশী প্রজাপতি হওয়া, (তরবারি) চেপটা করা

أَفْرَصَ (إِفْرَاص) [فرص] [আফ্রছা] সুযোগ পাওয়া, সুযোগ কাজে লাগানো, সুযোগ দেওয়া

أَفْرَضَ (إِفْرَاض) [فرض] [আফ্রদা] ফরয করা, ধার্য করা, নির্ধারণ করা, আরোপ করা, প্রদান করা

أَفْرَطَ (إِفْرَاط) [فرط] [আফ্রতা] বাড়াবাড়ি করা; অতিরিক্ত করা, সীমালঙ্ঘন করা, চরমে যাওয়া, ভুলে যাওয়া, ছেড়ে দেওয়া, তাড়া দেওয়া, ত্বরা করা

أَفْرَع مث فَرْعَاء ج فُرْع [فرع] [আফ্র'] অধিক চুলবিশিষ্ট, ঘন চুলবিশিষ্ট, কেশবহুল, সুকেশ

أَفْرَغَ (إِفْرَاغ) [فرغ] [আফ্রগা] খালি করা, শূন্য করা, ঢালা, খালাস করা

أَفْرَقَ (إِفْرَاق) [فرق] [আফ্রকা] ভীতিপ্রদর্শন করা, ভয় দেখানো, ভীত করা, আরোগ্য লাভ করা, সুস্থ হওয়া, হারানো, খোয়ানো, বাচ্চা মারা যাওয়া

أَفْرَم مث فَرْمَاء ج فُرْم [فرم] [আফ্রম] ফোকলা, দাঁত পড়েছে এমন, দন্তহীন

الإِفْرَنْج [আল-ইফ্রন্জ] ফিরিঙ্গী জাতি, ইউরোপীয় জাতি

إِفْرَنْجِيّ [ইফ্রন্জী] ফিরিঙ্গী, ইউরোপীয়, পশ্চিমা

إِفْرِنْد ج إِفْرِنْدَات [فرند] [ইফ্রিন্দ] কারুকাজ-করা তরবারি, নিপুণ কারিগরের তরবারি

إِفْرَنْسِيّ [ইফ্রন্সী] ফরাসী, ফ্রান্সের

الإِفْرَنْسِيَّة [আল-ইফ্রন্সিয়্যাহ] ফরাসী ভাষা

اِفْرَنْقَعَ (اِفْرِنْقَاع) [فرقع] [ইফ্রন্কা'আ] ছুটে যাওয়া, দৌড়ানো, ধাবিত হওয়া

اِفْرَنْقَعَ عَنْ [-- 'আন] বিচ্ছিন্ন হওয়া, দূরে থাকা, সরে যাওয়া, ত্যাগ করা

أَفْرَى (إِفْرَاء) [فري] [আফ্রা] কাটা, খণ্ড খণ্ড করে কাটা, ফালি করা, বিদীর্ণ করা

أَفْرِيقَا [আফ্রীকা] আফ্রিকা (মহাদেশ)

أَفْرِيقِيّ ، إِفْرِيقِيّ [আফ্রীকী, ইফ্রীকী] আফ্রিকীয়, আফ্রিকান, আফ্রিকার

أَفْرِيقِيَا [আফ্রীকিয়া] আফ্রিকা (মহাদেশ)

أَفْرِيقِيَا الجَنُوبِيَّة [আফ্রীকিয়া আল-জানুবিয়্যাহ] দক্ষিণ আফ্রিকা (দেশ)

إِفْرِيقِيَا ، إِفْرِيقِيَة [ইফ্রীকিয়া, ইফ্রীকিয়াহ] আফ্রিকা (মহাদেশ)

أَفَزَّ (إِفْزَاز) [فزز] [আফায্যা] ভীত করা, শঙ্কিত করা, ভয় দেখানো, ভয় দেখিয়ে তাড়িয়ে দেওয়া

أَفْزَرَ (إِفْزَار) [فزر] [আফ্যারা] খণ্ড বিখণ্ড করা, টুকরা টুকরা করা, বিদীর্ণ করা, ছিন্ন করা

أَفْزَعَ (إِفْزَاع) [فزع] [আফ্যা'আ] ভয় দেখানো, ভীতি প্রদর্শন করা, শঙ্কিত করা, জাগ্রত করা, জাগানো, সাহায্য করা

أَفْسَحَ (إِفْسَاح) [فسح] [আফ্সাহা] প্রশস্ত করা, সম্প্রসারিত করা, জায়গা করে দেওয়া, খুলে দেওয়া, প্রশস্ত হওয়া, পরিষ্কার করা

أَفْسَدَ (إِفْسَاد) [فسد] [আফ্সাদা] বিকৃত করা, নষ্ট করা, অকেজো করা, গোলযোগ সৃষ্টি করা

أَفْسَدَ بَيْنَ [-- বাইনা] বিবাদ লাগানো, অনৈক্য সৃষ্টি করা, শত্রুতা সৃষ্টি করা, পরস্পরের বিরুদ্ধে লাগিয়ে দেওয়া

إِفْشَاء [فشو] [ইফ্শা'] ফাঁসকরণ, প্রকাশকরণ, বিস্তারসাধন

إِفْشَال [فشل] [ইফ্শাল] ব্যর্থকরণ, অকেজো-করণ, নিরাশকরণ, হতোদ্যমকরণ, পরাজিতকরণ

أَفْشَلَ (إِفْشَال) [فشل] [আফ্শালা] ব্যর্থ করা, অসফল করা, অকেজো করা, নিরাশ করা, হতোদ্যম করা, পরাজিত করা

أَفْشَى (إِفْشَاء) [فشو] [আফ্শা] প্রকাশ করা, ফাঁস করা, ছড়িয়ে দেওয়া

أَفْصَح ست فُصْحَى [فصح] [আফ্ছাহ্] অধিকতর শুদ্ধ বা খাঁটি, বিশুদ্ধতর, অধিকতর শুদ্ধভাষী

أَفْصَحَ (إِفْصَاح) [فصح] [আফ্ছহা] সুস্পষ্টভাবে কথা বলা, শুদ্ধ ভাষা ব্যবহার করা, খাঁটি হওয়া, স্পষ্ট হওয়া, পরিষ্কার হওয়া, (প্রভাত) উদ্ভাসিত হওয়া

أَفْصَحَ عَنْ [-- 'আন] পরিষ্কারভাবে বলা, স্পষ্ট করা, ব্যক্ত করা, প্রকাশ করা

أَفْضَّ (إِفْضَاض) [فضض] [আফাদ্দা] (দান) বেশী করে করা, অধিক পরিমাণে করা

أَفْضَل ج أَفَاضِل [فضل] [আফ্দল] শ্রেষ্ঠ, সেরা, উত্তম, শ্রেষ্ঠতর, উৎকৃষ্টতর, শ্রেষ্ঠতম

الأَفْضَل [فضل] [আল-আফ্দল] সবচেয়ে ভাল, শ্রেষ্ঠতম, উৎকৃষ্টতম

أَفْضَلَ (إِفْضَال) [فضل] عَلَى [আফ্দলা] অনুগ্রহ করা, দান করা, শ্রেষ্ঠ হওয়া, অবশিষ্টাংশ রেখে যাওয়া

أَفْضَلِيَّة [فضل] [আফ্দলিয়্যাহ্] শ্রেষ্ঠত্ব, প্রাধান্য, অগ্রাধিকার, উৎকর্ষ

أَفْضَى (إِفْضَاء) [فضو] [আফ্দা] প্রশস্ত হওয়া, প্রশস্ত করা, দরিদ্র হওয়া

أَفْضَى إِلَى، بِ [-- ইলা, বি] নিয়ে যাওয়া, পৌঁছা, পৌঁছানো, অবগত করা, মিলিত হওয়া, সান্নিধ্যে আসা, মরুভূমিতে যাওয়া, মরুভূমিতে নিয়ে যাওয়া

إِفْطَار [فطر] [ইফ্তার] রোযা ভঙ্গকরণ, পানাহার, ইফতার, প্রাতঃরাশ গ্রহণ, সকালের খাবার, প্রাতঃরাশ

أَفْطَح ست فَطْحَاء [فطح] [আফ্তহ্] বড় মাথা-বিশিষ্ট, বড় নাকবিশিষ্ট

أَفْطَرَ (إِفْطَار) [فطر] [আফ্তরা] রোযা ভঙ্গ করা, পানাহার করা, ইফতার করা, সকালের খাবার খাওয়া, প্রাতঃরাশ করা, ইফতার করানো, সকালের খাবার খাওয়ানো

أَفْطَس ست فَطْسَاء ج فُطْس [فطس] [আফ্তস] চেপটা নাকবিশিষ্ট, খাঁদা নাকবিশিষ্ট, চেপটা, খাঁদা (নাক)

أَفْطَمَ (إِفْطَام) [فطم] [আফ্তমা] (শিশুর) দুধ ছাড়ানোর সময় হওয়া

أَفْطَن [فطن] [আফ্তন] অধিকতর বুদ্ধিমান বা বিচক্ষণ, অধিকতর মেধাবী

أَفْظَعَ (إِفْظَاع) [فظع] [আফ্য'আ] কুৎসিত হওয়া, কুৎসিত দেখতে পাওয়া, কঠিন অবস্থায় ফেলা

أَفْعَل [فعل] [আফ্'আল] অধিকতর কার্যকর, অধিকতর কার্যক্ষম, অধিকতর কর্মক্ষম

أَفْعَمَ (إِفْعَام) [فعم] [আফ্'আমা] পূর্ণ করা, ভরে দেওয়া, আনন্দে ভরে দেওয়া, সুগন্ধিতে ভরে দেওয়া, রাগান্বিত করা

أُفْعُوَان [فعي] [উফ্'উওয়ান] সাপ, সর্প, পুরুষ সাপ

أُفْعُوَانِيّ [উফ্'উওয়ানী] সাপ-সম্বন্ধীয়, সর্প-বিষয়ক, সাপের

اِفْعَوْعَمَ (اِفْعِيعَام) [فعم] [ইফ্'আও'আমা] পূর্ণ হওয়া, পরিপূর্ণ হওয়া, কানায় কানায় পূর্ণ হওয়া, সম্পূর্ণ বোঝাই হওয়া

أَفْعَى ج أَفَاعٍ [فعي] [আফ্'আ] সাপ, আশীবিষ, বিষধর সাপ

أَفْعَى طَائِرَة [আফ্'আ তা'ইরাহ্] উড়ন্ত সাপ

مُلَاعِب الأَفَاعِي [মুলা'ইবুল আফা'ঈ] যে সাপ নিয়ে খেলা করে বা সাপের খেলা দেখায়, সাপুড়ে

الأَفْغَان [আল-আফ্গান] আফগান জাতি

أَفْغَانِسْتَان [আফ্গানিস্তান] আফগানিস্তান (দেশ)

أَفْغَانِيّ [আফ্গানী] আফগানিস্তানের, আফগান, আফগানী

الأَفْغَانِيَّة [আল-আফ্গানিয়্যাহ্] আফগানী ভাষা

أَفْعَمَ (إِفْعَام) [فعم] [আফ্‌আমা] পূর্ণ করা, ভরে দেওয়া, আনন্দে ভরে দেওয়া, সুগন্ধিতে ভরে দেওয়া

أُفّ [আফ্‌ফ] অসন্তোষ, বিরক্তি, অসন্তোষজনিত বিড়বিড়ানি

أَفَّفَ (تَأْفِيف) [أفف] [আফ্‌ফাফা] অসন্তোষে বিড়বিড় করা, অসন্তোষ প্রকাশ করা, বিরক্তি প্রকাশ করা

أَفَقَ [ض] (أُفُوق) [আফাক্বা] দিক-দিগন্তে ভ্রমণ করা, ঘুরে বেড়ানো, পর্যটন করা

أُفْق ، أُفُق ج آفَاق [উফ্‌ক, উফুক] দিগন্ত, সুদূর প্রান্ত, দূরবর্তী অঞ্চল

أَفْقَدَ (إِفْقَاد) [فقد] [আফ্‌ক্বাদা] পেতে না দেওয়া, হারাতে দেওয়া, বঞ্চিত করা

أَفْقَرَ (إِفْقَار) [فقر] [আফ্‌ক্বারা] গরীব করা, দরিদ্র করা, অভাবগ্রস্ত করা, মুখাপেক্ষী করা

أَفْقَع مث فَقْعَاء ج فُقْع [فقع] [আফ্‌ক্বা'] অতিশয় সাদা, ধবধবে সাদা

أَفْقَعَ (إِفْقَاع) [فقع] [আফ্‌ক্বা'আ] গরীব হওয়া, অভাবগ্রস্ত হওয়া, অবস্থা খারাপ হওয়া

أَفْقَم مث فَقْمَاء ج فُقْم [فقم] [আফ্‌ক্বাম] আঁকাবাঁকা দাঁতবিশিষ্ট, অসমান চোয়ালবিশিষ্ট, বাঁকা, বক্র

أَفْقَهَ (إِفْقَاه) [فقه] [আফ্‌ক্বাহা] বুঝিয়ে দেওয়া, বুদ্ধিমান করা, শিখিয়ে দেওয়া, শিক্ষা দেওয়া

أُفُقِيّ [উফুক্বী] দিগন্ত-বিষয়ক, দিগন্তের, সমান্তরাল, সমতল

أُفُقِيًّا [উফুক্বিয়্যান] সমান্তরালভাবে

أَفَكَ [ض] (أَفْك ، أُفُوك) [আফাকা] মিথ্যা বলা, মিথ্যুক হওয়া, অসত্য বলা

أَفَكَ عَنْ [-- 'আন] বিরত করা, ফিরিয়ে আনা

أَفِكَ [س] (أَفَك) [আফিকা] মিথ্যা বলা, মিথ্যুক হওয়া, অসত্য বলা

أَفِكَ عَنْ [-- 'আন] বিরত হওয়া, ফিরে আসা

أَفَّكَ (تَأْفِيك) [أفك] [আফ্‌ফাকা] মিথ্যা বলা, মিথ্যুক হওয়া, মিথ্যাবাদী হওয়া, অসত্য বলা

أَفَكَّ (إِفْكَاك) [فكك] [আফাক্কা] (হরিণ) ফাঁদে আটকা পড়ে আবার ছুটে যাওয়া

إِفْك ، إِفْكَة [ইফ্‌ক, ইফ্‌কাহ] মিথ্যা, অসত্য

أَفْكَرَ (إِفْكَار) [فكر] فِي [আফ্‌কারা] চিন্তা করা, ভাবা, বুদ্ধি খাটানো

أُفْكُوهَة ج أَفَاكِيه [فكه] [উফ্‌কূহা] হাসির বস্তু, কৌতুক, রসিকতা

أَفَلَ [ن] [ض] (أُفُول) [আফালা] অদৃশ্য হওয়া, ডুবে যাওয়া, অস্ত যাওয়া, (মায়ের) বুকের দুধ চলে যাওয়া

أَفِلَ [س] (أُفُول) [আফিলা] অদৃশ্য হওয়া, ডুবে যাওয়া, অস্ত যাওয়া, (মায়ের) বুকের দুধ চলে যাওয়া

آفِل مث آفِلَة [أفل] [আফিল] অস্তগামী, অস্তমিত, অদৃশ্য, বিলুপ্ত

إِفْلَات [فلت] [ইফ্‌লাত] পলায়ন, মুক্তি, নিষ্কৃতি, অব্যাহতি

إِفْلَاس [فلس] [ইফ্‌লাস] নিঃস্বতা, রিক্তহস্ততা, দারিদ্র, অভাব, অনটন

إِفْلَاسِيّ [ইফ্‌লাসী] দেউলিয়া, দেউলে, সর্বস্বান্ত, অসচ্ছল, অভাবগ্রস্ত

أَفْلَاطُون [আফ্‌লাতূন] প্লেটো (গ্রীক দার্শনিক)

أَفْلَاطُونِيّ [আফ্‌লাতূনী] প্লেটো-সম্বন্ধীয়, প্লেটোর দর্শন-সংক্রান্ত

أَفْلَاطُونِيَّة [আফ্‌লাতূনিয়্যাহ] প্লেটোর মতবাদ, প্লেটোর দর্শন

أَفْلَتَ (إِفْلَات) [فلت] [আফ্‌লাতা] পালিয়ে যাওয়া, মুক্তি পাওয়া, পালাতে দেওয়া, মুক্তি দেওয়া, ছেড়ে দেওয়া

أَفْلَح مث فَلْحَاء ج فُلْح [فلح] [আফ্‌লাহ] বিদীর্ণ ঠোঁটবিশিষ্ট, যার নিচের ঠোঁট কাটা, বিদীর্ণ (ঠোঁট)

أَفْلَحَ (إِفْلَاح) [فلح] [আফ্‌লাহা] কৃতকার্য হওয়া, সফল হওয়া, কামিয়াব হওয়া, উন্নতি করা

أَفْلَسَ (إِفْلَاس) [فلس] [আফ্‌লাসা] নিঃস্ব হওয়া, রিক্তহস্ত হওয়া, দরিদ্র হওয়া, অভাবগ্রস্ত হওয়া, দেউলিয়া হওয়া

أَفْلَصَ (إِفْلَاص) [فلص] [আফ্‌লাছা] পালিয়ে যাওয়া, নিষ্কৃতি পাওয়া, রক্ষা পাওয়া, ফসকে যাওয়া

أَفْلُوطُن [আফ্‌লূতূন] প্লুটো (গ্রহ)

أَفْن ، أَفَن [আফ্ন, আফান] বোকা বোকা ভাব, বোকামি, নির্বুদ্ধিতা, হাবাপনা, বুদ্ধির জড়তা

أَفِنَ [س] (أَفَن) [আফিনা] বোকা হওয়া, জড়বুদ্ধি হওয়া, হাবা হওয়া, নির্বোধ হওয়া

أُفِنَ [উফিনা] বোকা হওয়া, বোকাটে হওয়া, জড়-বুদ্ধি হওয়া, হাবা হওয়া, নির্বোধ হওয়া

أَفْنَدَ (إِفْنَاد) [فند] [আফ্নাদা] ভুল প্রমাণ করা, মিথ্যা প্রমাণ করা, খণ্ডন করা, মিথ্যুক বলা, মিথ্যাবাদী প্রমাণ করা

أَفَنْدِيّ [আফান্দী] ভদ্রলোক, নেতা, প্রধান, জনাব, মহোদয়, কমলালেবু

أُفْنُون ج أَفَانِين [فنن] [উফ্নূন] রকম, প্রকার, শ্রেণী, ধরন, পদ্ধতি, ডাল, শাখা, প্রথম যৌবন, প্রথম মেঘ

أَفْنَى (إِفْنَاء) [فني] [আফ্না] ধ্বংস করা, ক্ষয় করা, নিঃশেষ করা, ফুরিয়ে ফেলা

أَفْهَمَ (إِفْهَام) [فهم] [আফ্হামা] বুঝানো, বুঝিয়ে দেওয়া, উপলব্ধি করানো

أَفُوك ج أُفُك [أفك] [আফূক] মিথ্যুক, মিথ্যাবাদী

أُفُول [أفل] [উফূল] অস্ত, অস্তগমন, অধোগমন, ডুব

أَفْوَه مث فَوْهَاء ج فُوه [فوه] [আফ্ওয়াহ] চওড়া মুখবিশিষ্ট, বড় মুখবিশিষ্ট

أَفْيَح مث فَيْحَاء ج فِيح [فيح] [আফ্ইয়াহ] সুবা-সিত, সুগন্ধযুক্ত, প্রশস্ত, চওড়া, বিশাল

أَفْيَد [فود ، فيد] [আফ্ইয়াদ] অধিকতর উপ-কারী, অধিকতর লাভজনক

أَفِيك ج أَفَكَاء [أفك] [আফীক] অক্ষম, অপদার্থ, মিথ্যুক, মিথ্যাবাদী

أَفِيكَة ج أَفَائِك [أفك] [আফীকাহ] মিথ্যা, অসত্য

أَفِين [أفن] [আফীন] বোকা, নির্বোধ, হাবলা, হাবা

أَفْيُون [আফ্ইয়ূন] আফিম

آقَ [ن] (أَوْق) [أوق] عَلَى [আ-কা] দুর্ভাগ্য টেনে আনা, দুঃখকষ্ট নিয়ে আসা, অসুবিধা ঘটানো

أَقَاءَ (إِقَاءَة) [قيأ] [আক্বা-আ] বমি করানো, বমির উদ্রেক করা

أَقَاتَ (إِقَاتَة) [قوت] [আক্বা-তা] খাদ্য দেওয়া, খাওয়ানো, ভরণপোষণ করা, রক্ষণাবেক্ষণ করা

أَقَاحَ (إِقَاحَة) [قيح] [আক্বা-হা] (ক্ষত, ফোঁড়া) পাকা, পুঁজ হওয়া, পুঁজ বের হওয়া

أَقَالَ (إِقَالَة) [قول] [আক্বা-লা] বলানো, (মিথ্যা) আরোপ করা

أَقَالَ (إِقَالَة) [قيل] [আক্বা-লা] অব্যাহতি দেওয়া, বরখাস্ত করা, অপসারণ করা, ক্ষমা করা, বাতিল করা

إِقَالَة [قيل] [ইক্বা-লাহ] বরখাস্তকরণ, অপসারণ, অব্যাহতিদান, বাতিলকরণ

أَقَامَ (إِقَامَة) [قوم] [আক্বা-মা] কায়েম করা, প্রতিষ্ঠা করা, সম্পন্ন করা, আদায় করা, উঠানো, দাঁড় করানো, সোজা করা, ঠিক করা, নিয়োগ করা, জাগ্রত করা, উত্তেজিত করা

أَقَامَ بِ [-- বি] অবস্থান করা, নিবাস স্থাপন করা, বাস করা, থাকা

إِقَامَة [قوم] [ইক্বা-মাহ] কায়েমকরণ, প্রতিষ্ঠা, স্থাপন, উত্তোলন, অবস্থান, বসবাস, (নামাযের) ইকামত

إِقْبَال [قبل] [ইক্বা-ল] আগমন, উপস্থিতি, কাছে আগমন, অগ্রগমন, মনোযোগ, সৌভাগ্য, সমৃদ্ধি, উন্নতি

أَقْبَح [قبح] [আক্বাহ] অধিকতর মন্দ, মন্দতর, নিকৃষ্টতর, ঘৃণ্যতর, জঘন্যতর

أَقْبَحَ (إِقْبَاح) [قبح] [আক্বাহা] খারাপ কাজ করা, অপকর্ম করা, দুষ্কর্ম করা

أَقْبَرَ (إِقْبَار) [قبر] [আক্বারা] সমাহিত করা, দাফন করা, কবর দেওয়া, কবরে রাখা, পুঁতে রাখা

أَقْبَسَ (إِقْبَاس) [قبس] [আক্বাসা] আগুন দান করা, শিক্ষা দেওয়া

أَقْبَلَ (إِقْبَال) [قبل] [আক্বালা] আগমন করা, আগামী হওয়া, অগ্রসর হওয়া, এগিয়ে আসা, কাছে আসা, সামনের দিকে আসা, এসে পড়া, আসন্ন হওয়া, উৎপন্ন করা

أَقْبَلَ عَلَى [-- 'আলা] মনোযোগ দেওয়া, মনো-যোগী হওয়া, আত্মনিয়োগ করা, নিয়োজিত হওয়া, ঝাপিয়ে পড়া, নিকটবর্তী হওয়া, কাছে আসা

أُقَّة ج أُقَات [উক্কাহ] ওকা: ওজনের একক, এক বোতলের অর্ধেক

أَقَّتَ (تَأْقِيت) [أقت] [আক্কাতা] সময় নির্দিষ্ট করা, সময় নির্ধারণ করা, সময় রক্ষা করা

اِقْتَاتَ (اِقْتِيَات) [قوت] بِ [ইক্তাতা] খাওয়া, খেয়ে বাঁচা, জীবিকা নির্বাহ করা

اِقْتَادَ (اِقْتِيَاد) [قود] [ইক্তাদা] চালানো, পরিচালিত করা, চালিয়ে নেওয়া, চালিত হওয়া

اِقْتَارَ (اِقْتِيَار) [قور] [ইক্তারা] গর্ত করা, মাঝখানে গর্ত করা, গোলাকার ছিদ্র করা, গোল করে কাটা, খোড়ল করা

اِقْتَاسَ (اِقْتِيَاس) [قيس] [ইক্তাসা] মাপা, পরিমাপ করা

اِقْتَاسَ بِ [-- বি] অনুকরণ করা, অনুসরণ করা, অনুসারী হওয়া

اِقْتَاضَ (اِقْتِيَاض) [قيض] [ইক্তাদা] গোড়াসহ উপড়ে ফেলা, মূলোৎপাটন করা

اِقْتَافَ (اِقْتِيَاف) [قوف] [ইক্তাফা] (চিহ্ন) অনুসরণ করা, পিছনে পিছনে চলা, পিছু লওয়া, অনুকরণ করা

اِقْتِبَاس ج اِقْتِبَاسَات [قبس] [ইক্তিবাস] লাভ, প্রাপ্তি, অর্জন, সংগ্রহ, গ্রহণ, উদ্ধৃতি

عَلاَمَتَا الاِقْتِبَاس ['আলামাতাল ইক্তিবাস] উদ্ধৃতি-চিহ্ন ("----")

اِقْتَبَسَ (اِقْتِبَاس) [قبس] [ইক্তাবাসা] লাভ করা, অর্জন করা, পাওয়া, সংগ্রহ করা, গ্রহণ করা, উদ্ধৃত করা, উদ্ধৃতি দেওয়া

اِقْتَبَصَ (اِقْتِبَاص) [قبص] [ইক্তাবাছা] লওয়া, গ্রহণ করা, আঙ্গুলের অগ্রভাগ দ্বারা ধরা, চিমটি পরিমাণ লওয়া

اِقْتَتَلَ (اِقْتِتَال) [قتل] [ইক্তাতালা] খুনাখুনি করা, হানাহানি করা, মারামারি করা, লড়াই করা, যুদ্ধ করা

اِقْتَحَفَ (اِقْتِحَاف) [قحف] [ইক্তাহাফা] সাফ করে নেওয়া, ভাসিয়ে নেওয়া, সবটুকু পান করা, গ্রাস করা

اِقْتَحَمَ (اِقْتِحَام) [قحم] [ইক্তাহামা] ঝাঁপিয়ে পড়া, প্রবৃত্ত হওয়া, ঢুকে পড়া, ধ্বংস করা, ঘৃণা করা, হেয়জ্ঞান করা, ছোট দেখতে পাওয়া, অদৃশ্য হওয়া, অস্ত যাওয়া

اِقْتَدَّ (اِقْتِدَاد) [قدد] [ইক্তাদ্দা] কাটা, বিদীর্ণ করা, ফাড়া, ফালি করা, বিদীর্ণ হওয়া, ব্যবস্থা করা, বন্দোবস্ত করা

اِقْتِدَاء [قدو] [ইক্তিদা'] অনুসরণ, অনুগমন, (ইমামের) এক্তেদা

اِقْتِدَار [قدر] [ইক্তিদার] শক্তি, ক্ষমতা, সামর্থ্য, যোগ্যতা, প্রভাব

اِقْتَدَحَ (اِقْتِدَاح) [قدح] [ইক্তাদাহা] (চকমকির ঘর্ষণে) আগুন জ্বালানো

اِقْتَدَرَ (اِقْتِدَار) [قدر] عَلَى [ইক্তাদারা] সক্ষম হওয়া, শক্তিশালী হওয়া, ক্ষমতাবান হওয়া

اِقْتَدَى (اِقْتِدَاء) [قدو] بِ [ইক্তাদা] অনুসরণ করা, অনুগামী হওয়া, (ইমামের) এক্তেদা করা

أَقْتَر مث قَتْرَاء [قتر] [আকতার] কৃপণ, ব্যয়কুণ্ঠ, ধূসরবর্ণ, ধূলিবর্ণ

أَقْتَرَ (إِقْتَار) [قتر] [আক্তারা] সম্পদ কমে যাওয়া, গরীব হয়ে যাওয়া, অনটনগ্রস্ত হওয়া, অভাবগ্রস্ত হওয়া, লেগে থাকা

أَقْتَرَ عَلَى [-- 'আলা] কার্পণ্য করা, কৃপণ হওয়া, ব্যয়কুণ্ঠ হওয়া

اِقْتِرَاب [قرب] [ইক্তিরাব] কাছে আগমন, নিকটত্ব, নিকটবর্তিতা, আসন্নতা

اِقْتِرَاح ج اِقْتِرَاحَات [قرح] [ইক্তিরাহ] প্রস্তাব, প্রস্তাবনা, পরামর্শ, সুপারিশ, উত্থাপনা

اِقْتِرَاض [قرض] [ইক্তিরাদ] কর্জগ্রহণ, ঋণগ্রহণ, ধারকরণ, অগ্রিমগ্রহণ, কর্জ, ধার, ঋণ, অগ্রিম

اِقْتِرَاع [قرع] [ইক্তিরা'] ভাগ্যপরীক্ষা, লটারি, ভোটগ্রহণ, ভোটদান, ভোট

اِقْتِرَاف [قرف] [ইক্তিরাফ] (পাপ, অপরাধ, অন্যায় ইত্যাদি) করণ, সম্পাদন, কামাই

اِقْتِرَان [قرن] [ইক্তিরান] মিলন, সংযুক্তি, সংসর্গ, সংযোগ, সম্পৃক্ততা, সম্পর্ক, সংস্পর্শ, বিবাহ

اِقْتَرَبَ (اِقْتِرَاب) [قرب] [ইক্তারবা] কাছে আসা, কাছাকাছি আসা, নিকটবর্তী হওয়া, আসন্ন হওয়া, ঘনিয়ে আসা

اِقْتَرَحَ (اِقْتِرَاح) [قرح] [ইক্তারহা] প্রস্তাব করা, প্রস্তাব দেওয়া, মত দেওয়া, পরামর্শ দেওয়া, সুপারিশ করা

اِقْتَرَضَ (اِقْتِرَاض) [قرض] [ইক্তারদা] ধার করা, কর্জ করা, ঋণ করা, অগ্রিম নেওয়া

اِقْتَرَعَ (اِقْتِرَاع) [قرع] [ইক্তার'আ] লটারি ধরা, ভাগ্য পরীক্ষা করা, ভোট লওয়া, ভোট দেওয়া

اِقْتَرَفَ (اِقْتِرَاف) [قرف] [ইক্তারফা] (অন্যায়, অপরাধ, পাপ) করা, সম্পাদন করা, কামাই করা

اِقْتَرَنَ (اِقْتِرَان) [قرن] بِ [ইক্তারনা] মিলিত হওয়া, যুক্ত হওয়া, সম্পৃক্ত হওয়া, সংস্পর্শে আসা, বিবাহ করা

اِقْتَرَى (اِقْتِرَاء) [قرو] [ইক্তারা] পিছনে লাগা, লেগে থাকা

اِقْتَرَى (اِقْتِرَاء) [قري] [ইক্তারা] আতিথেয়তা চাওয়া, আতিথেয়তা করা, ঘুরে বেড়ানো

اِقْتَسَرَ (اِقْتِسَار) [قسر] عَلَى [ইক্তাসারা] জোর করা, বলপ্রয়োগ করা, বাধ্য করা

اِقْتَسَطَ (اِقْتِسَاط) [قسط] [ইক্তাসাতা] নিজেদের মধ্যে ভাগ করে নেওয়া, ভাগাভাগি করা

اِقْتَسَمَ (اِقْتِسَام) [قسم] [ইক্তাসামা] নিজেদের মধ্যে ভাগ করে নেওয়া, ভাগাভাগি করা, প্রত্যেকে নিজের অংশ নেওয়া, শপথ করা

اِقْتَشَّ (اِقْتِشَاش) [قشش] [ইক্তাশ্শা] খাওয়া, খেয়ে ফেলা, যা পায় খেয়ে ফেলা

اِقْتَصَّ (اِقْتِصَاص) [قصص] [ইক্তাছ্ছা] (গল্প) বলা, বর্ণনা করা, বলে যাওয়া, অনুসরণ করা

اِقْتَصَّ مِنْ [-- মিন] প্রতিশোধ লওয়া, কিসাস গ্রহণ করা, শাস্তি দেওয়া

اِقْتِصَاد [قصد] [ইক্তিছাদ] মধ্যপন্থা, পরিমিত ব্যয়, মিতব্যয়, সঞ্চয়, অর্থনীতি

الاِقْتِصَاد ، عِلْم الاِقْتِصَاد [আল-ইক্তিছাদ, 'ইল্‌-মুল ইক্তিছাদ] অর্থনীতি

اِقْتِصَادِيّ [قصد] [ইক্তিছাদী] অর্থনীতি-বিষয়ক, অর্থনৈতিক, আর্থিক

اِقْتِصَادِيّ ج اِقْتِصَادِيُّون [قصد] [ইক্তিছাদী] অর্থনীতিবিদ, মিতব্যয়ী, সঞ্চয়কারী

اِقْتِصَادِيًّا [ইক্তিছাদিয়্যান] অর্থনৈতিকভাবে, আর্থিকভাবে

اِقْتِصَادِيَّات [قصد] [ইক্তিছাদিয়্যাত] অর্থনীতি, অর্থব্যবস্থা, অর্থনৈতিক বিষয়াদি

اِقْتِصَاص [قصص] [ইক্তিছাছ] কেসাসগ্রহণ, প্রতিশোধগ্রহণ, শাস্তিপ্রদান, বর্ণনা

اِقْتَصَبَ (اِقْتِصَاب) [قصب] [ইক্তাছবা] কাটা, কেটে ফেলা, বিচ্ছিন্ন করা

[ইক্তাছাদা] মধ্যপন্থা ...

অবলম্বন করা, পরিমিত ব্যয় করা, মিতব্যয়ী হওয়া, সঞ্চয় করা

اِقْتَصَرَ (اِقْتِصَار) [قصر] عَلَى [ইক্তাছরা] ক্ষান্ত দেওয়া, সন্তুষ্ট থাকা, সীমাবদ্ধ হওয়া, সীমাবদ্ধ থাকা

اِقْتِضَاء [قضي] [ইক্তিদা'] প্রয়োজন, চাহিদা, দাবি

عِنْدَ الاِقْتِضَاء [ইন্‌দাল ইক্তিদা'] প্রয়োজনে, প্রয়োজনকালে, প্রয়োজন হলে

اِقْتَضَبَ (اِقْتِضَاب) [قضب] [ইক্তাদবা] ছোট করা, সংক্ষেপ করা, সংক্ষিপ্ত করা

اِقْتَضَى (اِقْتِضَاء) [قضي] [ইক্তাদা] দাবি করা, চাওয়া, প্রয়োজনীয়তা অনুভব করা

اِقْتَطَّ (اِقْتِطَاط) [قطط] [ইক্তাত্তা] ধারালো করা, তীক্ষ্ণাগ্র করা, চোখা করা, কেটে সাইজ করা

اِقْتِطَاف [قطف] [ইক্তিতাফ] চয়ন, সংগ্রহকরণ, পাড়ন, পছন্দকরণ, নির্বাচন, উদ্ধৃতকরণ

اِقْتَطَعَ (اِقْتِطَاع) [قطع] [ইক্তাত'আ] কেটে নেওয়া, কেটে রাখা, অংশ লওয়া, গ্রহণ করা, দখল করা

اِقْتَطَفَ (اِقْتِطَاف) [قطف] [ইক্তাতফা] চয়ন করা, সংগ্রহ করা, পাড়া, পছন্দ করা, বেছে নেওয়া, উদ্ধৃত করা

اِقْتَعَدَ (اِقْتِعَاد) [قعد] [ইক্তা'আদা] বসা, উপ-বেশন করা, আরোহণ করা

اِقْتَفَرَ (اِقْتِفَار) [قفر] [ইক্তাফারা] পদাঙ্ক অনু-সরণ করা, পদচিহ্ন ধরে চলা, পিছনে পিছনে চলা, পিছু লওয়া

اِقْتَفَلَ (اِقْتِفَال) [قفل] [ইক্তাফালা] (দরজা) বন্ধ হওয়া, তালাবদ্ধ হওয়া

اِقْتَفَى (اِقْتِفَاء) [قفو] [ইক্তাফা] অনুকরণ করা, (পদাঙ্ক) অনুসরণ করা, (চিহ্ন) দেখে দেখে চলা

اِقْتَلَعَ (اِقْتِلَاع) [قلع] [ইক্তালা'আ] উৎপাটন করা, উপড়ে ফেলা, নির্মূল করা, ছিঁড়ে ফেলা

أَقْتَم [قتم] [আক্তাম] অন্ধকার, অস্পষ্ট, কালো, কালচে

أَقْتَمَ (إِقْتَام) [قتم] [আক্তামা] ধূলিময় হওয়া, অন্ধকার হওয়া

اِقْتَمَّ (اِقْتِمَام) [قمم] [ইক্তাম্মা] অন্ধকার হওয়া, ... খেয়ে ফেলা

اِقْتَمَشَ (اِقْتِمَاش) [قمش] [ইক্তামাশা] এখান-ওখান থেকে সংগ্রহ করা, যা পায় খেয়ে ফেলা

اِقْتَمَعَ (اِقْتِمَاع) [قمع] [ইক্তামা'আ] শ্রেষ্ঠাংশ গ্রহণ করা, বেছে নেওয়া, সবটুকু পান করা

اِقْتِنَاء [قنو] [ইক্তিনা'] সংগ্রহ, সঞ্চয়, অর্জন, লাভ, প্রাপ্তি

اِقْتِنَاص [قنص] [ইক্তিনাছ] শিকারকরণ, শিকার

اِقْتِنَاع [قنع] [ইক্তিনা'] তৃপ্তি, তুষ্টি, পরিতৃপ্তি, পরিতুষ্টি

اِقْتَنَصَ (اِقْتِنَاص) [قنص] [ইক্তানাছা] শিকার করা, শিকার ধরা

اِقْتَنَعَ (اِقْتِنَاع) [قنع] بِ [ইক্তানা'আ] পরিতৃপ্ত হওয়া, তৃপ্ত হওয়া, তুষ্ট হওয়া, পরিতুষ্ট হওয়া

اِقْتَنَى (اِقْتِنَاء) [قنو] [ইক্তানা] অর্জন করা, লাভ করা, সংগ্রহ করা, সঞ্চয় করা, ক্রয় করা

اِقْتَوَرَ (اِقْتِوَار) [قور] [ইক্তাওয়ারা] গর্ত করা, মাঝখানে গর্ত করা, গোলাকার ছিদ্র করা, গোল করে কাটা, খোড়ল করা

اِقْتَوَى (اِقْتِوَاء) [قوي] [ইক্তাওয়া] শক্তিশালী হওয়া, শক্তি সঞ্চয় করা

أَقْحَطَ (إِقْحَاط) [قحط] [আক্হাতা] (বছর) বৃষ্টিহীন হওয়া, অনাবৃষ্টির কবলে পড়া, খরাকবলিত করা

أَقْحَلَ (إِقْحَال) [قحل] [আক্হালা] শুষ্ক করা, শুকানো, শুকিয়ে ফেলা, কাহিল করা, দুর্বল করা

أَقْحَمَ (إِقْحَام) [قحم] فِي [আক্হামা] প্রবিষ্ট করা, প্রবেশ করিয়ে দেওয়া, ঢুকিয়ে দেওয়া, জড়িয়ে দেওয়া

أُقْحُوَان ج أَقَاحِي، أَقَاحِيّ [قحو] [উক্হুওয়ান] ডেইজি (ফুল)

إِقْدَام ج إِقْدَامَات [قدم] [ইক্দাম] পদক্ষেপগ্রহণ, উদ্যোগ, প্রয়াস, সাহসিকতা, নির্ভীকতা, দুঃসাহস

أَقْدَر [قدر] [আক্দার] অধিকতর শক্তিশালী বা সক্ষম, যোগ্যতর

أَقْدَرَ (إِقْدَار) [قدر] عَلَى [আক্দারা] সক্ষম করা, ক্ষমতাবান করা, যোগ্য করা

أَقْدَم [قدم] [আক্দাম] প্রাচীনতর, প্রাচীনতম, অধিকতর অগ্রবর্তী, আগের, জ্যেষ্ঠ, সিনিয়র

أَقْدَمَ (إِقْدَام) [قدم] عَلَى [আক্দামা] সাহস করা, দুঃসাহস করা, উদ্যোগ নেওয়া, পদক্ষেপ নেওয়া, আক্রমণ করা, ঝুঁকি নেওয়া

أَقْدَمِيَّة [قدم] [আক্দামিয়্যাহ্] অগ্রবর্তিতা, পূর্ব-বর্তিতা, জ্যেষ্ঠত্ব, জ্যেষ্ঠতা, সিনিয়রিটি

الأَقْدَمُون [قدم] [আল-আক্দামূন] প্রাচীনকালের লোক, আগের দিনের মানুষ

أَقْذَرَ (إِقْذَار) [قذر] [আক্যারা] নোংরা দেখতে পাওয়া, ময়লাযুক্ত পাওয়া, বিরক্ত করা

أَقْذَع ـث قَذْعَاء [قذع] [আক্যা'] অশ্লীল, নোংরা (কথা)

أَقْذَعَ (إِقْذَاع) [قذع] [আক্যা'আ] গালি দেওয়া, নিন্দা করা, দুর্নাম করা, অশ্লীল কথা বলা

أَقْذَى (إِقْذَاء) [قذي] [আক্যা] (চোখের) ময়লা বের করা, ময়লা দেওয়া

أَقَرَّ (إِقْرَار) [قرر] [আক্বাররা] প্রতিষ্ঠিত করা, স্থির করা, ধরে রাখা, বজায় রাখা, সমর্থন করা, অনুমোদন করা

أَقَرَّ بِ [-- বি] স্বীকার করা, স্বীকৃতি দেওয়া, অনু-মোদন করা, মেনে নেওয়া, স্বীকারোক্তি করা

أَقَرَّ عَيْنَهُ [আক্বাররা 'আইনাহু] চোখ জুড়িয়ে দেওয়া, আনন্দ দেওয়া, খুশী করা, সুখী করা

إِقْرَار [قرر] [ইক্বরার] প্রতিষ্ঠিতকরণ, স্থিরকরণ, স্বীকার, স্বীকৃতি, স্বীকারোক্তি, একরার, সমর্থন, অনুমোদন, সত্যায়ন, ঘোষণা, বিবৃতি, সনদপত্র

إِقْرَاض [قرض] [ইক্বরাদ] ধারপ্রদান, ঋণদান

أَقْرَأ [قرأ] [আক্বরা'] অধিক পাঠকারী, অধিকতর শুদ্ধভাবে পাঠকারী

أَقْرَأَ (إِقْرَاء) [قرأ] [আক্বরাআ] পড়ানো, পাঠ করানো, পড়তে বলা, পড়া শেখানো

أَقْرَب [قرب] [আক্বরাব] নিকটতর, ঘনিষ্ঠতর, নিকটতম, ঘনিষ্ঠতম, অধিকতর সম্ভাব্য

أَقْرَب ـث قُرْبَى ج أَقَارِب ، أَقْرَبُون [আক্বরাব] নিকটাত্মীয়, নিকট সম্পর্কের অধিকারী

فِي أَقْرَبِ وَقْتٍ مُمْكِن [ফী আক্বরাবি ওয়াক্তিম মুম্কিন] সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে, যত তাড়াতাড়ি সম্ভব

>Goto Top

أَقْرِبَاء (قَرِيب) [قرب] [আক্‌রিবা'] আত্মীয়গণ, আত্মীয়-স্বজন

أَقْرَضَ (إِقْرَاض) [قرض] [আক্‌রদা] ঋণ দেওয়া, কর্জ দেওয়া, ধার দেওয়া, আগাম দেওয়া

أَقْرَع ﺚ قَرْعَاء ج قُرْع [قرع] [আক্‌রা'] মাথায় টাক পড়েছে এমন, টাকযুক্ত, টেকো

أَقْرَعَ (إِقْرَاع) [قرع] [আক্‌র'আ] লটারি ধরা, বিরত করা, বিরত হওয়া, রাস টেনে ধরা

أَقْرَفَ (إِقْرَاف) [قرف] [আক্‌রফা] অপবাদ দেওয়া, কুৎসা বলা, বিরক্তির উদ্রেক করা, মেলামেশা করা, মাখামাখি করা

أَقْرَن ﺚ قَرْنَاء ج قُرْن [قرن] [আক্‌রন] শিংযুক্ত, শিংওয়ালা

أَقْرَنَ (إِقْرَان) [قرن] [আক্‌রনা] মিলিত করা, মিলানো, একত্রিত করা, যুক্ত করা

أَقْسَط [قسط] [আক্‌সাত] অধিকতর ন্যায়সঙ্গত, ন্যায্যতর

أَقْسَطَ (إِقْسَاط) [قسط] [আক্‌সাতা] ন্যায় আচরণ করা, ন্যায়বিচার করা, ইনসাফ করা

أَقْسَمَ (إِقْسَام) [قسم] بِ [আক্‌সামা] শপথ করা, কসম করা, দিব্য করা

أُقْسُومَة ج أَقَاسِيم [قسم] [উক্‌সূমাহ] অংশ, ভাগ, বিভাগ

أَقْسَى (إِقْسَاء) [قسو] [আক্‌সা] কঠিন করা, শক্ত করা, কঠোর করা

أَقَشَّ (إِقْشَاش) [قشش] [আক্বাশ্‌শা] সুস্থ হওয়া, আরোগ্য লাভ করা, দ্রুত চলে যাওয়া, বেশী শুষ্ক হওয়া

أَقْشَر ﺚ قَشْرَاء [قشر] [আক্‌শার] ছাল বা খোসা ছাড়ানো হয়েছে এমন, ছালমুক্ত, খোসামুক্ত, খোলসমুক্ত, নগ্ন

أَقْشَعَ (إِقْشَاع) [قشع] [আক্‌শা'আ] বিক্ষিপ্ত করা বা হওয়া, ছিন্নভিন্ন করা বা হওয়া, দূরীভূত করা বা হওয়া, পরিষ্কার করা বা হওয়া

اِقْشَعَرَّ (اِقْشِعْرَار) [قشعر] [ইক্‌শা'আর্‌রা] কাঁপা, থরথর করে কাঁপা, কুঞ্চিত হওয়া, কুচকে যাওয়া, শক্ত হওয়া, শুকিয়ে যাওয়া, (বছর) বৃষ্টিহীন হওয়া, (চুল) খাড়া হওয়া

أَقْصَدَ (إِقْصَاد) [قصد] [আক্‌ছদা] কাছীদা রচনা করা, কবিতা রচনা করা

أَقْصَر ﺚ قُصْرَى ج قُصَر ، أَقَاصِر [আক্‌ছর] অধিকতর খাটো বা ছোট, হ্রস্বতর, ক্ষুদ্রতর

أَقْصَرَ (إِقْصَار) [قصر] [আক্‌ছরা] খাটো করা, ছোট করা, কমানো, হ্রাস করা, সংক্ষিপ্ত করা

أَقْصَرَ عَنْ [-- 'আন] করতে না পারা, ব্যর্থ হওয়া, অক্ষম হওয়া, বিরত থাকা

أَقْصَم ﺚ قَصْمَاء ج قُصْم [قصم] [আক্‌ছম] মাঝখান থেকে দাঁত ভেঙ্গে গিয়েছে এমন

أُقْصُوصَة ج أَقَاصِيص [قصص] [উক্‌ছূছাহ] গল্প, কেসসা, কাহিনী, উপাখ্যান

أَقْصَى ﺚ قُصْوَى ج أَقَاصِي [قصو] [আক্‌ছা] দূরবর্তী, দূরতম, শেষ, সর্বশেষ, সর্বোচ্চ, চরম

الشَّرْقُ الأَقْصَى [আশ-শার্‌কুল আক্‌ছা] দূরপ্রাচ্য

أَقْصَى (إِقْصَاء) [قصو] [আক্‌ছা] দূরে পাঠানো, দূরে সরানো, অপসারণ করা, বরখাস্ত করা

أَقَضَّ (إِقْضَاض) [قضض] [আক্বাদ্দা] (বিছানা) শক্ত হওয়া, শক্ত করা

أَقِط ، أَقَط [আকিত, আক্বাত] পনির (খাদ্য)

إِقْطَاع ، إِقْطَاعَة ج إِقْطَاعَات [قطع] [ইক্‌তা', ইক্‌তা'আহ] জমিদারি, জায়গীর, সামন্তরাজ্য

إِقْطَاعِيّ [قطع] [ইক্‌তা'ঈ] জমিদারি-সম্পর্কিত, জায়গীর-সম্বন্ধীয়, জমিদার, জায়গীরদাতা

إِقْطَاعِيَّة [قطع] [ইক্‌তা'ইয়্যাহ] জায়গীর প্রথা, জমিদারি, সামন্ততন্ত্র

أَقْطَرَ (إِقْطَار) [قطر] [আক্‌তরা] ফোঁটায় ফোঁটায় পড়তে দেওয়া, ফোঁটায় ফোঁটায় পড়া

أَقْطَع ﺚ قَطْعَاء ج قُطْع [قطع] [আক্‌ত'] হাত কেটে দেওয়া হয়েছে এমন, হাত-কাটা, বধির

أَقْطَعَ (إِقْطَاع) [قطع] [আক্‌ত'আ] বরাদ্দ করা, অতিক্রম করানো, কাটানো, জায়গীর দেওয়া, বিচ্ছিন্ন হওয়া

أَقْطَعَ عَنْ [-- 'আন] সম্পর্ক ছিন্ন করা, বয়কট করা

أَقْطَفَ (إِقْطَاف) [قطف] [আক্‌তফা] আঙ্গুর পাকা ও পাড়ার সময় হওয়া

أَقْعَدَ (إِقْعَاد) [قعد] [আক্‌'আদা] বসতে দেওয়া, বসতে বলা, বসানো, বসিয়ে দেওয়া, বসিয়ে রাখা, বিরত রাখা, অক্ষম করা

أَقْعَدَ [قعد] [উক্'ইদা] অক্ষম হওয়া, পঙ্গু হওয়া

أَقْعَرَ (إِقْعَار) [قعر] [আক্'আরা] খোড়ল করা, গর্ত করা, গভীর করে খনন করা

أَقْعَس ـث قَعْسَاء ج قُعْس [قعس] [আক্'আস] কবুতরের মত সরু ও সামনের দিকে ঠেলে-ওঠা বুকবিশিষ্ট, কবুতরবক্ষী, টেকসই, শক্তিশালী, শক্ত, দীর্ঘ

أَقْعَصَ (إِقْعَاص) [قعص] [আক্'আছা] মেরে ফেলা, এক আঘাতে মেরে ফেলা, খতম করে দেওয়া, কোপ মারা

أَقْفَرَ (إِقْفَار) [قفر] [আক্ফারা] জনশূন্য হওয়া, মরুভূমিতে যাওয়া, নিঃস্ব হওয়া, জনশূন্য করা

أَقْفَلَ (إِقْفَال) [قفل] [আক্ফালা] তালা দেওয়া, তালা মারা, কুলুপ লাগানো, বন্ধ করা, তালাবদ্ধ করা

أَقَلّ [قلل] [আক্বাল্] স্বল্পতর, ন্যূনতম, লঘিষ্ঠ, কম

عَلَى الأَقَلّ ['আলাল আক্বাল্] কমপক্ষে, অন্তত, অন্ততপক্ষে, ন্যূনপক্ষে, একান্তপক্ষে, কমসে কম

أَقَلَّ (إِقْلَال) [قلل] [আক্বাল্লা] কমানো, হ্রাস করা, কম মনে করা, উত্তোলন করা, উপরে উঠানো, বহন করা

إِقْلَاع [قلع] [ইক্লা'] (বিমানের) উড্ডয়ন, পাল উত্তোলন, যাত্রা, রওয়ানা

أَقْلَب ـث قَلْبَاء ج قُلْب [قلب] [আক্লাব] উল্টা ঠোঁটবিশিষ্ট

أَقْلَبَ (إِقْلَاب) [قلب] [আক্লাবা] উল্টে দেওয়া, উল্টানোর সময় হওয়া

أَقْلَعَ (إِقْلَاع) [قلع] [আক্লা'আ] (জাহাজ) পাল তুলে দেওয়া, ছেড়ে যাওয়া, রওয়ানা করা, যাত্রা করা, (বিমান) উড্ডয়ন করা, দুর্গ বানানো

أَقْلَعَ عَنْ [-- 'আন] বিরত থাকা, বন্ধ করা, ত্যাগ করা, পরিত্যাগ করা, ছেড়ে দেওয়া

أَقْلَف ـث قَلْفَاء ج قُلْف [قلف] [আক্লাফ] খাৎনা করানো হয়নি এমন

أَقْلَقَ (إِقْلَاق) [قلق] [আক্লাক্বা] উদ্বিগ্ন করা, উৎকণ্ঠিত করা, দুশ্চিন্তাগ্রস্ত করা, অস্থির করা

أَقْلَمَ (أَقْلَمَة) [قلم] [আক্লামা] নতুন পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে নেওয়া, অভ্যস্ত করা, মানিয়ে নেওয়া

أَقَلِّيَّة [قلل] [আক্বাল্লিয়্যাহ] ন্যূনতা, লঘিষ্ঠতা, সংখ্যালঘিষ্ঠতা, সংখ্যাল্পতা

أَقَلِّيَّة ج أَقَلِّيَّات [আক্বাল্লিয়্যাহ] সংখ্যালঘু, সংখ্যা-লঘিষ্ঠ, সংখ্যালঘু সম্প্রদায়

إِقْلِيد ج أَقَالِيد [قلد] [ইক্লীদ] চাবি, কুঞ্চিকা, চাবিকাঠি

إِقْلِيم ج أَقَالِيم [قلم] [ইক্লীম] অঞ্চল, এলাকা, ভূখণ্ড

إِقْلِيمِيّ [ইক্লীমী] অঞ্চলগত, এলাকাভিত্তিক, আঞ্চলিক

إِقْلِيمِيَّة [قلم] [ইক্লীমিয়্যাহ] আঞ্চলিকতা, অঞ্চল-প্রীতি

أَقْمَحَ (إِقْمَاح) [قمح] [আক্মাহা] (শিষে) গম দেখা যাওয়া, গমের শিষ বের হওয়া, (গম) পাকা, নাবীয (মাদকজাতীয় পানীয়) পান করা

أَقْمَحَ بِأَنْفِهِ [আক্মাহা বি-আন্ফিহী] নাক উঁচু করা

أَقْمَر ـث قَمْرَاء [قمر] [আক্মার] চাঁদনি, জ্যোৎস্না-লোকিত, জ্যোৎস্নাযুক্ত (রাত), শুভ্র, উজ্জ্বল

أَقْمَرَ (إِقْمَار) [قمر] [আক্মারা] (রাত) চাঁদনি হওয়া, জ্যোৎস্নালোকিত হওয়া

أَقْمَعَ (إِقْمَاع) [قمع] [আক্মা'আ] দমন করা, নিয়ন্ত্রণে আনা, বশীভূত করা

إِقْنَاع [قنع] [ইক্না'] তৃপ্তকরণ, পরিতৃপ্তকরণ, তুষ্টকরণ, পরিতুষ্টকরণ, সম্মতকরণ

أَقْنَتَ (إِقْنَات) [قنت] [আক্নাতা] বিনয়ের সাথে আল্লাহর এবাদত করা, দীর্ঘক্ষণ নামাযে থাকা, অনুগত হওয়া, আনুগত্য করা

أُقْنَة ج أُقْنَات [وقن] [উক্নাহ] পাখির আশ্রম, পাখি থাকার জায়গা, পাখির বাসা

أَقْنَطَ (إِقْنَاط) [قنط] [আক্নাতা] আশাহত করা, নিরাশ করা, হতাশ করা, হতাশাগ্রস্ত করা

أَقْنَعَ (إِقْنَاع) [قنع] [আক্না'আ] তৃপ্ত করা, তুষ্ট করা, পরিতৃপ্ত করা, পরিতুষ্ট করা, সম্মত করা, রাজি করানো

أَقْنَف ـث قَنْفَاء ج قُنْف [قنف] [আক্নাফ] ছোট ও পুরু কানবিশিষ্ট, ঘাড়ের রং সাদা এমন (ঘোড়া)

أَقْنَفَ (إِقْنَاف) [قنف] — [আক্নাফা] শক্তিধর হওয়া, বিরাট সেনাবাহিনীর অধিকারী হওয়া

أَقْنَم [قنم] — [আক্নাম] ঘ্রাণ নষ্ট হয়ে গিয়েছে এমন

أَقْنَى مث قَنْوَاء [قنو] — [আক্না] বক্র, বাঁকা, নত, নোয়ানো

أَقْنَى (إِقْنَاء) [قنو] — [আক্না] সম্পদ দান করা, সম্পদশালী করা

أَقْهَرَ (إِقْهَار) [قهر] — [আক্হারা] বশীভূত করা, পরাভূত করা, বশীভূত পাওয়া

أَقْهَى (إِقْهَاء) [قهو] — [আক্হা] সারাক্ষণ কফি পান করা

أَقْهَى عَنْ ، مِنْ — [-- 'আন, মিন] (খাওয়ার) আগ্রহ কমে যাওয়া

أَقْوَد مث قَوْدَاء ج قُود [قود] — [আক্ওয়াদ] লম্বা পিঠ ও গলাবিশিষ্ট, অনুগত, বশীভূত (ঘোড়া, উট), কৃপণ, লম্বা পাহাড়

أَقْوَلَ (إِقْوَال) [قول] — [আক্ওয়ালা] বলতে বলা, বলানো, (মিথ্যা) আরোপ করা

أَقْوَر مث قَوْرَاء ج قُور [قور] — [আক্ওয়ার] প্রশস্ত, চওড়া

إِقْوَرَّ (إِقْوِرَار) [قور] — [ইক্ওয়ার্রা] (চামড়া) কুঁচকে যাওয়া, কুঞ্চিত হওয়া, শুকিয়ে যাওয়া

أَقْوَس مث قَوْسَاء ج قُوس [قوس] — [আক্ওয়াস] ধনুকের মত বাঁকা পিঠবিশিষ্ট, বক্রপৃষ্ঠ, কঠোর

أَقْوَلَ (إِقْوَال) [قول] — [আক্ওয়ালা] কথা বলানো, বলেছে বলে দাবি করা, কথা বলা শেখানো

أَقْوَم [قوم] — [আক্ওয়াম] সঠিকতর, অধিকতর ঠিক, ন্যায্যতর, অধিকতর উপযোগী

أَقْوَى [قوي] — [আক্ওয়া] অধিকতর শক্তিশালী, সুদৃঢ়তর

أَقْوَى (إِقْوَاء) [قوي] — [আক্ওয়া] গরীব হওয়া, অভাবগ্রস্ত হওয়া, নিঃস্ব হওয়া, (স্থান) শূন্য হওয়া, নির্জন হওয়া, নির্জন স্থানে বাস করা

إِكَاد ج أَكَائِد — [ইকাদ] বাঁধার রশি, দড়ি

أَكَادِيد [كدد] — [আকাদীদ] পরাজিত, বিচ্ছিন্ন

أَكَادِيمِيّ — [আকাদীমী] শিক্ষা-বিষয়ক, শিক্ষালয়-সংক্রান্ত, একাডেমিক

أَكَادِيمِيّ ج أَكَادِيمِيُّون — [আকাদীমী] শিক্ষাবিদ

أَكَادِيمِيَّة ج أَكَادِيمِيَّات — [আকাদীমিয়্যাহ] একাডেমি, বিদ্যায়তন, শিক্ষালয়

أَكَّار ج أَكَّارُون ، أَكَرَة [أكر] — [আক্কার] কৃষক, চাষী

أَكَّاف [أكف] — [আক্কাফ] (সাইকেলের) সিট বা (ঘোড়ার) জিন প্রস্তুতকারী বা বিক্রেতা

أُكَاف ، إِكَاف ج أُكُف ، آكِفَة [أكف] — [উকাফ, ইকাফ] (ঘোড়ার) জিন, পালান, (সাইকেলের) সিট

أَكَّال [أكل] — [আক্কাল] অধিক ভক্ষণকারী, অতিভোজী, পেটুক, ক্ষয় করে ফেলে কিংবা খেয়ে ফেলে এমন

أَكْآبَ (إِكْآب) [كاب] — [আক্আবা] বিষণ্ণ করা, মনক্ষুণ্ণ করা, নিরাশ করা, নিরুৎসাহ করা, বিষণ্ণ হওয়া, অবসাদগ্রস্ত হওয়া

أَكَبَّ (إِكْبَاب) [كبب] عَلَى — [আকাব্বা] অধোমুখী হওয়া, উপুড় হওয়া, ঝুঁকে পড়া, উল্টে যাওয়া

أَكْبَحَ (إِكْبَاح) [كبح] — [আক্বাহা] নিয়ন্ত্রণ করা, বাধা দেওয়া, বিরত করা, লাগাম পরানো

أَكْبَد مث كَبْدَاء ج كُبْد [كبد] — [আক্বাদ] যার পেট বড়, যার মধ্যস্থল বড়, বড় কলিজাবিশিষ্ট, ধীরে চলে এমন

أَكْبَر مث كُبْرَى ج كُبَر [كبر] — [আক্বার] বৃহত্তর, অধিকতর বড়, অনেক বড়, সবচেয়ে বড়, অতি মহান, মহত্তর

أَكْبَر ج أَكَابِر [كبر] — [আক্বার] বড়, মহৎ, বয়স্ক, বড়লোক, নেতৃস্থানীয় লোক, নেতা

اَللّٰهُ أَكْبَر — [আল্লাহু আক্বার] আল্লাহ অতি মহান, আল্লাহ সবচেয়ে বড়

الأَكْبَر [كبر] — [আল-আক্বার] বৃহত্তম, সবচেয়ে বড়, সর্ববৃহৎ, মহত্তম

أَكْبَرَ (إِكْبَار) [كبر] — [আক্বারা] বড় মনে করা, বড় করে দেখা, সম্মান করা

أَكْبَس مث كَبْسَاء ج كُبْس [كبس] — [আক্বাস] বড় মাথাবিশিষ্ট

أَكْبَى (إِكْبَاء) [كبو] — [আক্বা] ব্যর্থ হওয়া, না পারা, আগুন জ্বালাতে না পারা

إِكْتَادَ (إِكْتِيَاد) [كيد] — [ইক্তাদা] প্রতারিত করা,

ধোঁকা দেওয়া

اِكْتَالَ (اِكْتِيَال) [كيل] [ইক্তালা] মাপা, মেপে নেওয়া

اِكْتَأَبَ (اِكْتِئَاب) [كأب] [ইক্তাআবা] বিষণ্ন হওয়া, নিরাশ হওয়া, নিরুৎসাহিত হওয়া, অবসাদগ্রস্ত হওয়া

أَكْتَبَ (إِكْتَاب) [كتب] [আক্তাবা] লেখানো, লেখা শেখানো, লিখতে দেওয়া, লিখতে বলা, লিখে নিতে বলা

اِكْتَتَبَ (اِكْتِتَاب) [كتب] [ইক্তাতাবা] লেখা, কপি করা, অনুলিপি করা, লিখে রাখা, লিখিত হওয়া, নথিভুক্ত হওয়া, চাঁদা দেওয়া

اِكْتَتَفَ (اِكْتِتَاف) [كتف] [ইক্তাতাফা] কাঁধে নেওয়া, গুলি করার জন্য (বন্দুক) কাঁধে ঠেকানো

اِكْتَتَمَ (اِكْتِتَام) [كتم] [ইক্তাতামা] লুকিয়ে রাখা, গোপন রাখা, গোপন করা

اِكْتَحَلَ (اِكْتِحَال) [كحل] [ইক্তাহালা] চোখে সুরমা লাগানো, সতেজ হওয়া, শীতল হওয়া

اِكْتَدَحَ (اِكْتِدَاح) [كدح] [ইক্তাদাহা] জীবিকা উপার্জনের জন্য চেষ্টা করা

اِكْتَرَبَ (اِكْتِرَاب) [كرب] [ইক্তারবা] দুঃখ পাওয়া, কষ্ট পাওয়া, দুঃখিত হওয়া, বেদনার্ত হওয়া, উদ্বিগ্ন হওয়া

اِكْتَرَثَ (اِكْتِرَاث) [كرث] بِ ، لِ [ইক্তারছা] মনোযোগ দেওয়া, খেয়াল করা, আগ্রহ দেখানো

اِكْتَرَى (اِكْتِرَاء) [كري] [ইক্তারা] কেরায়া করা, ভাড়া করা, ভাড়ায় আনা

اِكْتِسَاب [كسب] [ইক্তিসাব] উপার্জন, কামাই, রোজগার, অর্জন, প্রাপ্তি

اِكْتِسَابِيّ [ইক্তিসাবী] উপার্জন-বিষয়ক, উপার্জিত, অর্জিত

اِكْتَسَبَ (اِكْتِسَاب) [كسب] [ইক্তাসাবা] আয় করা, উপার্জন করা, কামাই করা, অর্জন করা, লাভ করা

اِكْتَسَحَ (اِكْتِسَاح) [كسح] [ইক্তাসাহা] নিয়ে যাওয়া, সাফ করে নেওয়া, ধুয়ে নেওয়া, ভাসিয়ে নেওয়া, প্লাবিত করা, পরিষ্কার করা, নষ্ট করা

اِكْتَسَى (اِكْتِسَاء) [كسو] [ইক্তাসা] পরিধান করা, পরা, পরিহিত হওয়া, পোশাক পরা

اِكْتِشَاف ج اِكْتِشَافَات [كشف] [ইক্তিশাফ] উন্মোচন, উদঘাটন, আবিষ্কার, প্রকাশ, অনুসন্ধান

اِكْتَشَفَ (اِكْتِشَاف) [كشف] [ইক্তাশাফা] খোলা, উন্মোচিত করা, প্রকাশ করা, আবিষ্কার করা, উদঘাটন করা

اِكْتَظَّ (اِكْتِظَاظ) [كظظ] [ইক্তাযযা] ভিড় হওয়া, ভিড় করা, চাপ দেওয়া, পরিপূর্ণ হওয়া, জট বাঁধা, গাদাগাদি করা, ঠাসাঠাসি করা, ঠেসে যাওয়া, অতিরিক্ত বোঝাই হওয়া, পরিতৃপ্ত হওয়া

اِكْتِظَاظ [كظظ] [ইক্তিযায] ভিড়, চাপ, গাদাগাদি, ঠাসাঠাসি, অতিরিক্ত বোঝাই, পরিপূর্ণতা, পরিতৃপ্তি

اِكْتِفَاء [كفي] [ইক্তিফা'] নির্ভরতা, নির্ভরশীলতা, তৃপ্তি, তুষ্টি

اِكْتِفَاء ذَاتِيّ [ইক্তিফা' যাতী] স্বনির্ভরতা, আত্মনির্ভরশীলতা

اِكْتَفَى (اِكْتِفَاء) [كفي] بِ [ইক্তাফা] তুষ্ট হওয়া, তৃপ্ত হওয়া, যথেষ্ট মনে করা, নির্ভরশীল হওয়া

أَكْتَل مث كَتْلَاء ج كُتْل [كتل] [আক্তাল] শক্ত, শক্তিশালী, কঠিন, কঠোর

اِكْتَلَأَ (اِكْتِلَاء) [كلأ] [ইক্তালাআ] (চোখে) ঘুম না আসা, বিনীদ্র থাকা

اِكْتِمَال [كمل] [ইক্তিমাল] পূর্ণতা, পরিপূর্ণতা, পূর্ণাঙ্গতা, সম্পন্নতা

اِكْتَمَلَ (اِكْتِمَال) [كمل] [ইক্তামালা] পূর্ণ হওয়া, পরিপূর্ণ হওয়া, পূর্ণাঙ্গ হওয়া, সম্পূর্ণ হওয়া, সম্পন্ন হওয়া

اِكْتَمَنَ (اِكْتِمَان) [كمن] [ইক্তামানা] সুপ্ত থাকা, লুকিয়ে থাকা, গোপন থাকা

اِكْتَنَّ (اِكْتِنَان) [كنن] [ইক্তান্না] লুক্কায়িত থাকা, সুপ্ত থাকা, লুকিয়ে থাকা, লুকিয়ে রাখা, লজ্জায় মুখ ঢেকে রাখা

اِكْتَنَزَ (اِكْتِنَاز) [كنز] [ইক্তানাযা] দৃঢ় হওয়া, আঁটসাঁট হওয়া, ঘনীভূত হওয়া, (সম্পদ) পুঞ্জীভূত হওয়া, মজুদ করা

اِكْتَنَسَ (اِكْتِنَاس) [كنس] [ইক্তানাসা] (হরিণ, গরু) আবাসস্থলে প্রবেশ করা

اِكْتَنَفَ (اِكْتِنَاف) [كنف] [ইক্তানাফা] বেষ্টন করা, ঘিরে রাখা, বেড়া দেওয়া, বেষ্টনী দেওয়া

اِكْتَنَهَ (اِكْتِنَاه) [كنه] [ইক্‌তানাহা] প্রকৃত অবস্থা বুঝতে পারা, বাস্তবতা উপলব্ধি করা, ভালভাবে বুঝতে পারা

اِكْتَنَى (اِكْتِنَاء) [كني] بِ [ইক্‌তানা] উপনামে অভিহিত হওয়া, কুনিয়াত ধারণ করা

اِكْتَهَفَ (اِكْتِهَاف) [كهف] [ইক্‌তাহাফা] গুহায় বাস করা, গুহায় প্রবেশ করা

اِكْتَهَلَ (اِكْتِهَال) [كهل] [ইক্‌তাহালা] পরিণত বয়সে উপনীত হওয়া, মাঝবয়সী হওয়া, প্রৌঢ় হওয়া

أُكْتُوبَر، أُكْتُوبِر [উক্‌তূবার, উক্‌তূবির] অক্টোবর

اِكْتَوَى (اِكْتِوَاء) [كوي] [ইক্‌তাওয়া] দগ্ধ হওয়া, সেক খাওয়া, সেক নেওয়া, (কাপড়) ইস্ত্রিকৃত হওয়া

أَكْثَر [كثر] [আকছার] অধিক, বেশি, সর্বাধিক, অধিকাংশ, বেশির ভাগ, অধিকতর, গরিষ্ঠ

أَكْثَرَ (إِكْثَار) [كثر] مِنْ [আক্‌ছারা] বেশী করা, অধিক করা, বৃদ্ধি করা, বাড়ানো, ধনী হওয়া

أَكْثَرِيَّة [كثر] [আক্‌ছারিয়্যাহ] গরিষ্ঠতা, সংখ্যা-গরিষ্ঠতা, সর্বাধিকতা

أَكْثَرِيَّة ج أَكْثَرِيَّات [আক্‌ছারিয়্যাহ] সংখ্যাগুরু, সংখ্যাগরিষ্ঠ, সংখ্যাগরিষ্ঠ অংশ, সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়

أَكْثَرِيَّة بَسِيطَة [আক্‌ছারিয়্যাহ বাসীতাহ] সাধারণ সংখ্যাগরিষ্ঠতা

أَكْثَرِيَّة سَاحِقَة [আক্‌ছারিয়্যাহ ছাহিক্বাহ] বিপুল সংখ্যাগরিষ্ঠতা

أَكْثَرِيَّة مُطْلَقَة [আক্‌ছারিয়্যাহ মুত্‌লাক্বাহ] নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা

أَكْثَفَ (إِكْثَاف) [كثف] [আক্‌ছাফা] (শিকার) কাছে আসা, নাগালের মধ্যে আসা

أَكْحَل مث كَحْلَاء ج كُحْل [كحل] [আক্‌হাল] কালো, কালো চক্ষুবিশিষ্ট

أَكَّدَ (تَأْكِيد) [أكد] [আক্কাদা] জোরদার করা, নিশ্চিত করা, নিশ্চয়তা দেওয়া, প্রতিপন্ন করা, প্রমাণ করা, দৃঢ়ভাবে বলা, নিশ্চিতভাবে বলা

أَكَّدَ عَلَى [-- 'আলা] জোর দেওয়া, নিশ্চিত করা, তাগিদ দেওয়া

أَكْدَاد [كدد] [আক্‌দাদ] পরাজিত, ছুটাছুটিরত, বিচ্ছিন্ন

أَكْدَر مث كَدْرَاء ج كُدْر [كدر] [আক্‌দার] পঙ্কিল, কর্দমাক্ত, ময়লাযুক্ত, ময়লা, মলিন, ঘোলা, নোংরা

اِكْدَرَّ (اِكْدِرَار) [كدر] [ইক্‌দার্‌রা] পঙ্কিল হওয়া, কর্দমাক্ত হওয়া, ঘোলা হওয়া, ময়লা হওয়া

أَكْدَى (إِكْدَاء) [كدي] [আক্‌দা] অল্প দেওয়া, কার্পণ্য করা, ফুরিয়ে যাওয়া, সাড়া না দেওয়া, বিরত রাখা

أَكْذَبَ (إِكْذَاب) [كذب] [আক্‌যাবা] মিথ্যা বলানো, মিথ্যুক বানানো, মিথ্যুক দেখতে পাওয়া

أُكْذُوبَة ج أَكَاذِيب [كذب] [উক্‌যূবাহ] মিথ্যা, অসত্য

أَكْر ج أَكْرَات [আক্‌র] একর (জমির মাপ)

أَكَرَ [ض] (أَكْر) [আকারা] চাষ করা, কর্ষণ করা

أَكْرَا [আক্‌রা] আক্রা (নগরী)ঃ ঘানার রাজধানী

إِكْرَاء [كري] [ইক্‌রা'] কেরায়াদান, ইজারাদান, ভাড়ায় প্রদান

إِكْرَام [كرم] [ইক্‌রাম] সম্মানপ্রদর্শন, মর্যাদাদান, সম্মান, মর্যাদা, সম্বর্ধনা

إِكْرَامًا لِ [ইক্‌রামান লি] সম্মানে, সম্মানার্থে

إِكْرَامِيّ [كرم] [ইক্‌রামী] সম্মানসূচক, অবৈতনিক

إِكْرَامِيَّة ج إِكْرَامِيَّات [كرم] [ইক্‌রামিয়্যাহ] ভাতা, সম্মানি, দক্ষিণা, পারিতোষিক, পুরস্কার, বখশিশ

إِكْرَاه [كره] [ইক্‌রাহ] বাধ্যকরণ, বাধ্যবাধকতা, বলপ্রয়োগ, জবরদস্তি

بِالْإِكْرَاه [বিল-ইক্‌রাহ] বলপূর্বক, জবরদস্তিমূলক

اِكْرَأَبَّ (اِكْرِئْبَاب) [كرب] [ইক্‌রআব্বা] অধিক দুঃখ পাওয়া, বেশী কষ্ট পাওয়া, দুঃখিত হওয়া, বেদনার্ত হওয়া

أَكْرَبَ (إِكْرَاب) [كرب] [আক্‌রবা] দ্রুত করা, ত্বরা করা, ছুটে যাওয়া, কাছাকাছি আসা, ঘটতে যাওয়া, উপক্রম হওয়া, (পাত্র) পূর্ণ করা, প্রায় পূর্ণ হওয়া

أُكْرَة ج أُكَر [উক্‌রাহ] গর্ত, বল, গোলক

أَكْرَش مث كَرْشَاء ج كُرْش [كرش] [আক্‌রশ] পেটমোটা, স্থূলোদর, ভুঁড়িওয়ালা, বড় ধনী

أَكْرَعَ (إِكْرَاع) [كرع] [আক্‌র'আ] (শিকার)

কাছে আসা, নাগালের মধ্যে আসা, পানি পেয়ে যাওয়া

[আকরাম] অধিক সম্মানিত, বড় দানশীল — أَكْرَم [كرم]

[আক্রমা] সম্মান করা, সম্মানিত করা, মর্যাদা দেওয়া, উদার বলা — أَكْرَمَ (إِكْرَام) [كرم]

[আক্রাহ্] আগ্রা (নগরী) — أَكْرَه

[আক্রহা] বাধ্য করা, জবরদস্তি করা, বলপ্রয়োগ করা, চাপ দেওয়া — أَكْرَهَ (إِكْرَاه) [كره] عَلَى

[উক্রূমাহ্] মহৎ কাজ, সৎ কর্ম, দয়া, অনুগ্রহ — أُكْرُومَة [كرم]

[আক্রা] কেরায়া দেওয়া, ভাড়া দেওয়া, ভাড়ায় দেওয়া — أَكْرَى (إِكْرَاء) [كري]

[ইক্যীমা] একজিমা, কাউর (চর্মরোগ) — إِكْزِيمَا

[আক্সাবা] উপার্জন করানো, অর্জন করানো, কামাই করতে দেওয়া, লাভ করতে দেওয়া, মুনাফা করতে দেওয়া, এনে দেওয়া, পাইয়ে দেওয়া — أَكْسَبَ (إِكْسَاب) [كسب]

[আক্সাজা] অক্সিজেন-যুক্ত করা, অক্সিজেনসমৃদ্ধ করা, অক্সিজেন সর-বরাহ্ করা — أَكْسَجَ (أَكْسَجَة) [كسج]

[উক্সিজেন] অক্সিজেন, অম্লজান — أُكْسِجِين

[আক্সাহ্] খোঁড়া, লেংড়া, পঙ্গু, অক্ষম, পক্ষাঘাতগ্রস্ত — أَكْسَح مث كَسْحَاء ج كُسْح [كسح]

[আক্সাদা] (বাজার) মন্দা হওয়া, মন্দা করা, (পণ্য) চাহিদাহীন করা — أَكْسَدَ (إِكْسَاد) [كسد]

[আক্সাদা] অক্সিজেনযুক্ত করা, অম্লজান-জারিত করা, মরচে ধরানো — أَكْسَدَ (أَكْسَدَة)

[আক্সাফা] কিরণ-বিহীন করা, গ্রহণ লাগানো, লুকিয়ে রাখা, আড়াল করা — أَكْسَفَ (إِكْسَاف) [كسف]

[আক্সালা] অলস করা, অকর্মণ্য করা — أَكْسَلَ (إِكْسَال) [كسل]

[আক্সা] পরানো, পরি-ধান করানো, পোশাক পরানো — أَكْسَى (إِكْسَاء) [كسو]

[উক্সীজেন] অক্সিজেন, অম্লজান — أُكْسِيجِين

[উক্সীদ] অক্সাইডঃ অম্লজান-জারিত পদার্থ, অক্সিজেনের যৌগ — أُكْسِيد ج أَكَاسِيد

[ইক্সীর] স্পর্শমণি, পরশমণি, সঞ্জীবনী, অমরত্ব-সুধা — إِكْسِير

[আক্'আবা] দ্রুত চলা, তাড়াতাড়ি হাঁটা, ত্বরা করা — أَكْعَبَ (إِكْعَاب) [كعب]

[ইক্ফা'] (শ্লোকের) অন্ত্যমিলবর্ণ পরিবর্তন, বিভিন্ন অন্ত্যমিলবর্ণ ব্যবহার — إِكْفَاء [كفأ]

[আক্ফাআ] উল্টানো, উল্টে দেওয়া, (শ্লোকের) অন্ত্যমিলবর্ণ পরিবর্তন করা, বিভিন্ন অন্ত্যমিলবর্ণ ব্যবহার করা, (উটের) বাচ্চা বেশী হওয়া — أَكْفَأَ (إِكْفَاء) [كفأ]

[আক্ফাহা] লাগাম টেনে থামানো, রাস টানা, ফিরানো, দূরে রাখা — أَكْفَحَ (إِكْفَاح) [كفح]

[-- 'আন] ফিরানো, দূরে রাখা — أَكْفَحَ عَنْ

[আক্ফারা] কাফের করা, কাফের আখ্যায়িত করা, কুফরির অভিযোগ আনা, কাফের হওয়া, কুফরি করা — أَكْفَرَ (إِكْفَار) [كفر]

[আক্ফালা] জামিন করা, জিম্মাদার করা, দায়িত্ব দেওয়া, জামিন হওয়া — أَكْفَلَ (إِكْفَال) [كفل]

[ইক্ফাহাররা] অধিক অন্ধকার হওয়া, মেঘাচ্ছন্ন হওয়া, মলিন হওয়া — اِكْفَهَرَّ (اِكْفِهْرَار) [كفهر]

[ইক্ফিহ্রার] অন্ধকার, তিমির, তমসা, মলিনতা — اِكْفِهْرَار [كفهر]

[আক্ল] খাওন, ভক্ষণ, খাদ্যগ্রহণ, খাবার, খাদ্য — أَكْل

[আকালা] খাওয়া, খাদ্য গ্রহণ করা, ভক্ষণ করা, খেয়ে ফেলা, শেষ করা, ক্ষয় করা, ধ্বংস করা, চুলকানো — أَكَلَ [ن] (أَكْل)

[আকিলা] ক্ষয় হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া, ক্ষয়ে যাওয়া, নষ্ট হয়ে যাওয়া, ভেঙ্গে যাওয়া, পড়ে যাওয়া — أَكِلَ [س] (أَكَل)

[আকাল্লা] ক্লান্ত করা, (দৃষ্টি) দুর্বল করা, ক্ষীণ করা, নিষ্প্রভ করা — أَكَلَّ (إِكْلَال) [كلل]

[আক্কালা] খাওয়ানো, খাদ্য দেওয়া, খেতে দেওয়া — أَكَّلَ (تَأْكِيل) [أكل]

[আঁকালা] খাওয়ানো, খাদ্য দেওয়া, খেতে দেওয়া — آكَلَ (إِيكَال) [أكل]

[আঁকালা] একত্রে খাওয়া, একসঙ্গে খেতে বসা — آكَلَ (مُؤَاكَلَة) [أكل]

آكِل [أكل] [আকিল] যে খায় বা খেয়ে ফেলে, ভক্ষণকারী, খাদ্যগ্রহণকারী, ভোজনকারী, ভুক, ভোজী, নিঃশেষকারী, ক্ষয়কারী, ধ্বংসকারী

آكِل الأَعْشَاب [আকিলুল আ'শাব] তৃণভোজী

آكِل الحُبُوب [আকিলুল হুবুব] দানাশস্যভোজী

آكِل الحَشَرَات [আকিলুল হাশারাত] কীটভুক, পতঙ্গভূক

آكِل اللُّحُوم [আকিলুল লুহুম] মাংসাশী, মাংস-ভোজী, আমিষভুক

أُكْل ، أُكُل [উক্‌ল, উকুল] খাদ্য, খাবার, খাদ্য-দ্রব্য, ফল-ফলাদি

أَكْلَة ج أَكَلَات [أكل] [আক্‌লাহ্] খাবার, খাদ্য, আহার, গ্রাস, ভোজ, কামড়

آكِلَة [أكل] [আকিলাহ্] দুষ্টক্ষত, কর্কটরোগ, ক্যান্সার

إِكْلَة [ইক্‌লাহ্] খাওয়ার পদ্ধতি, খাওয়ার ধরন

أُكَلَة [উকালাহ্] বেশী খায় এমন, ভোজনপ্রবণ, অতিভোজী, পেটুক

أَكْلَف مث كَلْفَاء ج كُلْف [كلف] [আক্‌লাফ] পিঙ্গলবর্ণ, পাটলবর্ণ, তামাটে, তামাটে দাগযুক্ত

أَكْلَفَ (إِكْلَاف) [كلف] بِ [আক্‌লাফা] আকৃষ্ট করা, আসক্ত করা, অনুরক্ত করা

إِكْلِيد ج أَكَالِيد [كلد] [ইক্‌লীদ] চাবি, চাবিকাঠি

إِكْلِيل ج أَكَالِيل [كلل] [ইক্‌লীল] মালা, মাল্য, তোড়া, হার, কণ্ঠহার, মুকুট, বেষ্টনী, বলয়, মণ্ডল

إِكْلِيل الزُّهُور [ইক্‌লীলুয যুহুর] ফুলের তোড়া, পুষ্পস্তবক, ফুলের মালা, পুষ্পমাল্য

إِكْلِيل القَمَر [ইক্‌লীলুল ক্বামার] চন্দ্রের চতুর্দিকস্থ আলোর বেষ্টনী, চন্দ্র-বলয়, চন্দ্রমণ্ডল

أَكَمَّ (إِكْمَام) [كمم] [আকাম্মা] (জামায়) আস্তিন বা হাতা লাগানো

إِكْمَال [كمل] [ইক্‌মাল] পূর্ণকরণ, সম্পন্নকরণ, সমাপ্তকরণ, পূর্ণাঙ্গকরণ, চূড়ান্তকরণ, পরিসমাপ্তি

أَكْمَتَ (إِكْمَات) [كمت] [আক্‌মাতা] (ঘোড়া) গাঢ় লাল রঙের হওয়া

اِكْمَتَّ (اِكْمِتَات) [كمت] [ইক্‌মাত্তা] (ঘোড়া) গাঢ় লাল রঙের হওয়া

أَكَمَة ج أَكَم ، أَكَمَات ، إِكَام ، أُكُم [আকামাহ্] টিলা, ঢিপি, ক্ষুদ্র পাহাড়, স্তূপ, রাশি

أَكْمَد [كمد] [আক্‌মাদ] অনুজ্জ্বল, গাঢ়, কালো, কৃষ্ণবর্ণ, মেঘাচ্ছন্ন, বিষণ্ণ

أَكْمَدَ (إِكْمَاد) [كمد] [আক্‌মাদা] দুঃখ দেওয়া, দুঃখিত করা, বিষণ্ণ করা, মনক্ষুণ্ণ করা, সেক দেওয়া, পট্টি বাঁধা

أَكْمَل [كمل] [আক্‌মাল] পূর্ণতর, পূর্ণাঙ্গতর, শ্রেষ্ঠতর, শ্রেষ্ঠতম

أَكْمَلَ (إِكْمَال) [كمل] [আক্‌মালা] পরিপূর্ণ করা, সম্পূর্ণ করা, সম্পন্ন করা, সমাপ্ত করা, পূর্ণ করা

أَكْمَنَ (إِكْمَان) [كمن] [আক্‌মানা] লুকিয়ে রাখা, গোপন রাখা

أَكْمَه مث كَمْهَاء ج كُمْه [كمه] [আক্‌মাহ্] অন্ধ, জন্মান্ধ, পূর্ণ অন্ধ

أَكْمَى (إِكْمَاء) [كمي] [আক্‌মা] লুকানো, লুকিয়ে রাখা, গোপন করা, বীর সৈন্যকে হত্যা করা, সঙ্কল্প করা

أَكَنَّ (إِكْنَان) [كنن] [আকান্না] লুকিয়ে রাখা, সুপ্ত রাখা, গোপন রাখা

أَكْنَشَ (إِكْنَاش) [كنش] [আক্‌নাশা] তাড়াতাড়ি করা, দ্রুত সম্পন্ন করা

أَكْنَع مث كَنْعَاء ج كُنْع [كنع] [আক্‌না'] হাত-কাটা, পক্ষাঘাতগ্রস্ত, অসাড়, ত্রুটিপূর্ণ, অপূর্ণ

أَكْنَعَ (إِكْنَاع) [كنع] [আক্‌না'আ] নত হওয়া, নতি স্বীকার করা, হার মানা

أَكْنَفَ (إِكْنَاف) [كنف] [আক্‌নাফা] রক্ষা করা, আশ্রয় দেওয়া, সাহায্য করা, সমর্থন করা

أَكْنَى (إِكْنَاء) [كني] [আক্‌না] উপনাম দেওয়া, কুনিয়াত দেওয়া

الإِكْوَادُور [আল-ইক্‌ওয়াদোর] ইকুয়েডর (দেশ)

أَكْوَارِيُوم [আক্‌ওয়ারিয়োম] মাছের চৌবাচ্চা, মৎস্যাধার, aquarium

أَكُورْدِيُون [আকোর্‌দিয়োন] অ্যাকর্ডিওন (বাদ্য-যন্ত্র)

أَكُول [أكل] [আকূল] বেশী খায় এমন, পেটুক, অতিভোজী

أَكْوَم مث كَوْمَاء ج كُوم [كوم] [আক্‌ওয়াম] উঁচু,

বড় কুঁজবিশিষ্ট উট

أَكِيد [أكد] [আকীদ] জোরালো, নিশ্চিত, সুদৃঢ়, স্থির, জরুরী

أَكِيدًا [আকীদান] জোরালোভাবে, নিশ্চিতরূপে

أَكِيل [أكل] [আকীল] ভোজনপ্রবণ, অতিভোজী, পেটুক

أَلْ [আল-] টি, টা, সেই, এই, the (নির্দিষ্টতা-বাচক উপসর্গ)

آل [أول] [আল] পরিবার, গোত্রীয় লোকজন, বংশ, মরীচিকা

آل عِمْرَان [আল 'ইমরান] সূরা আল ইমরানঃ পবিত্র কোরআনের ৩য় সূরা

آلَ [ن] (أَوْل) [أول] إلى [আলা] আসা, ফিরে আসা, পৌঁছানো, পরিণত হওয়া, যাওয়া

إِلّ [ইল] আত্মীয়তা, রক্ত-সম্পর্ক, চুক্তি, প্রতিজ্ঞা, প্রতিশ্রুতি, শত্রুতা

أَلَا [আলা] নয়কি? সাবধান! জেনে রেখো!

أَلَا [ن] (أَلْو ، أُلُوّ ، أُلِيّ) [ألو] [আলা] অক্ষম হওয়া, অবহেলা করা, ত্রুটি করা, কম করা

أَلَّا (أَنْ لَا) [আল্লা] যেন না, যাতে না

إِلَّا [ইল্লা] ব্যতীত, বাদে, ছাড়া, তবে, যদি না

إِلَّا أَنَّ [ইল্লা আন্না] তবে, অন্যদিকে, পক্ষান্তরে

وَ إِلَّا [ওয়া ইল্লা] তা না হলে, অন্যথায়

أَلَاء [আলা'] একপ্রকার চিরহরিৎ ফুল-গাছ, oleander

آلَاء (إِلَي) [ألي] [আলা'] দান, কল্যাণ, অনুগ্রহ, নেয়ামতসমূহ, নেয়ামতরাজি (إِلَي-এর বহুবচন)

أَلَاتَ (إِلَاتَة) [لوت] [আলাতা] কমানো, হ্রাস করা, কম দেওয়া, অবিচার করা

آلَاتِيّ ج آلَاتِيَّة [আলাতী] বাদ্যযন্ত্রী, বাদ্যকর, সঙ্গীতজ্ঞ, সুরকার, গায়ক

أَلَاحَ (إِلَاحَة) [لوح] [আলাহা] উজ্জ্বল হওয়া, চকচক করা, ঝলকানো

أَلَاطَ (إِلَاطَة) [لبط] [আলাতা] লাগানো, লাগিয়ে দেওয়া, এঁটে দেওয়া

أَلَّاق [ألق] [আল্লাক] উজ্জ্বল, চকচকে, দীপ্তিমান, প্রদীপ্ত, ঝলকবিশিষ্ট

أَلَامَ (إِلَامَة) [لوم] [আলামা] তিরস্কার করা, নিন্দা করা, ভর্ৎসনা করা, দোষারোপ করা

إِلَامَ؟ [ইলামা] কতদূর, কতদূর পর্যন্ত, কোন্ পর্যন্ত

أَلَانَ (إِلَانَة) [لين] [আলানা] নরম করা, কোমল করা, নমনীয় করা

أَلَاي [আলাই] সেনাদল, সামরিক ইউনিট, ডিভি-শন, কোর (corps)

أَلْأَمَ (إِلْآم) [لأم] [আল্আমা] হীন কাজ করা, ইতরের মত আচরণ করা, মিলিত করা, মেরামত করা, জোড়াতালি দেওয়া

أَلَبَ [ن] [ض] (أَلْب) [আলাবা] একত্রিত হওয়া, জড়ো হওয়া, একত্রিত করা, জড়ো করা

أَلَّبَ (تَأْلِيب) [ألب] [আল্লাবা] একত্রিত করা, জড়ো করা, উত্তেজিত করা, ক্ষেপিয়ে তোলা

إِلْب [ইল্ব] কারো বিপক্ষে সংঘবদ্ধ জনগোষ্ঠী, বৃদ্ধাঙ্গুলি ও শাহাদত অঙ্গুলির মধ্যবর্তী জায়গা

أَلْبَانِيَا [আল্বানিয়া] আলবেনিয়া (দেশ)

أَلْبَثَ (إِلْبَاث) [لبث] [আল্বাছা] থামিয়ে রাখা, অবস্থান করানো, বিলম্ব করানো

أَلْبَدَ (إِلْبَاد) [لبد] [আল্বাদা] লাগানো, লাগিয়ে দেওয়া, তালি দেওয়া, মেরামত করা, লেগে থাকা, অবস্থান করা, নরম গদি বসানো

أَلْبَسَ (إِلْبَاس) [لبس] [আল্বাসা] পরিধান করানো, পরানো, পোশাক পরানো

أَلْبَنَ (إِلْبَان) [لبن] [আল্বানা] দুধ বেশী হওয়া

أَلْبَنَتْ (إِلْبَان) [لبن] [আল্বানাত] ওলানে দুধ জমা হওয়া, স্তনে দুধ আসা, দুগ্ধবতী হওয়া, স্তন্যদান করা, দুধ খাওয়ানো

أَلْتَّ (إِلْتَات) [لتت] [আলাত্তা] (পাখি) ডানার নিচে মাথা লুকানো

آلَة ج آلَات [أول] [আলাহ] অস্ত্র, যন্ত্র, হাতিয়ার, কল, মেশিন, অঙ্গ

آلَة حَاسِبَة [আলাহ হাসিবাহ] হিসাব করার যন্ত্র, হিসাব-যন্ত্র, ক্যালকুলেটর

آلَة الطِّبَاعَة [আলাতুত তিবা'আহ] মুদ্রণযন্ত্র, প্রেস, ছাপাখানা

[আলাহ্ কাতিবাহ্] লেখার যন্ত্র, লিখন-যন্ত্র, টাইপরাইটার آلَة كَاتِبَة

[আলাহ্ মূসীক্বিয়্যাহ্] বাদ্যযন্ত্র آلَة مُوسِيقِيَّة

[ইল্তা'আ] জ্বলা, দহা, যন্ত্রণা পাওয়া, কষ্ট পাওয়া اِلْتَاعَ (اِلْتِيَاع) [لوع]

[ইল্তামা] জোড়া লাগা, সেরে যাওয়া, মেরামত হওয়া, ঠিক হওয়া, নিন্দিত হওয়া, তিরস্কৃত হওয়া اِلْتَامَ (اِلْتِيَام) [لأم ، لوم]

[আল্লাতানি] যে দুইজন, যে দুইটি (স্ত্রী) اَللَّتَانِ

[ইল্তাআমা] মিলিত হওয়া, সমবেত হওয়া, (ক্ষত) সেরে যাওয়া, মেরামত হওয়া اِلْتَأَمَ (اِلْتِئَام) [لأم]

[ইল্তিবাস] মিশ্রণ, অস্পষ্টতা, জটিলতা, অনিশ্চয়তা, সন্দেহ, সংশয় اِلْتِبَاس [لبس]

[ইল্তাবাদা] লেগে যাওয়া, জট পাকানো, বিজড়িত হওয়া, গাদাগাদি করে পূর্ণ হওয়া, ভরে যাওয়া اِلْتَبَدَ (اِلْتِبَاد) [لبد]

[ইল্তাবাসা] তালগোল পাকিয়ে যাওয়া, মিশে যাওয়া, সন্দেহপূর্ণ হওয়া, অস্পষ্ট হওয়া اِلْتَبَسَ (اِلْتِبَاس) [لبس]

[ইল্তাবাকা] তালগোল পাকিয়ে যাওয়া, বিজড়িত হওয়া, মিশ্রিত হওয়া, বিশৃংখল হওয়া اِلْتَبَكَ (اِلْتِبَاك) [لبك]

[ইল্তাছামা] নিজেকে ঢেকে রাখা, আচ্ছাদিত হওয়া, অবগুণ্ঠিত হওয়া اِلْتَثَمَ (اِلْتِثَام) [لثم]

[ইল্তাজ্জা] (আওয়াজ) কোলাহলময় হওয়া, শোরগোলপূর্ণ হওয়া, হৈচৈ-পূর্ণ হওয়া, (সমুদ্র) গর্জন করা, তরঙ্গায়িত হওয়া, উত্তাল হওয়া اِلْتَجَّ (اِلْتِجَاج) [لجج]

[ইল্তিজা'] আশ্রয়গ্রহণ, আশ্রয়-প্রার্থনা, আশ্রয়, শরণ اِلْتِجَاء [لجأ]

[ইল্তাজাআ] আশ্রয় নেওয়া, শরণ লওয়া, শরণাপন্ন হওয়া اِلْتَجَأَ (اِلْتِجَاء) [لجأ]

[ইল্তাজামা] লাগাম পরা, লাগামপরিহিত হওয়া اِلْتَجَمَ (اِلْتِجَام) [لجم]

[ইল্তিহাক] যোগদান, একত্রিত হওন, সম্পৃক্ততা, ভর্তি, অন্তর্ভুক্তি اِلْتِحَاق [لحق]

[ইল্তিহাম] সংসক্তি, সংলগ্নতা, সংযুক্ততা, সংযুক্তি, সংযোগ, মিলন, ঘনিষ্ঠ সম্পর্ক, মিশ্রণ, একীভবন, সংঘাত, যুদ্ধ اِلْتِحَام [لحم]

[ইল্তাহাবা] (পথ) চলা, রাস্তা মাড়ানো اِلْتَحَبَ (اِلْتِحَاب) [لحب]

[ইল্তাহাজা] পক্ষ নেওয়া, ঝুঁকে পড়া, পক্ষে আনা, ঝুঁকানো اِلْتَحَجَ (اِلْتِحَاج) [لحج] إِلَى

[ইল্তাহাদা] ধর্মত্যাগী হওয়া, নাস্তিক হওয়া, অবিশ্বাসী হওয়া اِلْتَحَدَ (اِلْتِحَاد) [لحد]

[-- ইলা] ইচ্ছুক হওয়া, প্রবণ হওয়া, ঝুঁকে পড়া اِلْتَحَدَ إِلَى

[ইল্তাহাফা] আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া, নিজেকে আবৃত করা اِلْتَحَفَ (اِلْتِحَاف) [لحف]

[ইল্তাহাক্বা] মিলিত হওয়া, যুক্ত হওয়া, যোগ দেওয়া, একত্রিত হওয়া, সম্পৃক্ত হওয়া, ভর্তি হওয়া, অন্তর্ভুক্ত হওয়া اِلْتَحَقَ (اِلْتِحَاق) [لحق] بِ

[ইল্তাহামা] সংযুক্ত হওয়া, সংসক্ত হওয়া, সংলগ্ন হওয়া, মিলিত হওয়া, সম্পৃক্ত হওয়া, মিশ্রিত হওয়া, একীভূত হওয়া, (ক্ষত) সেরে যাওয়া, সংঘাতে জড়িয়ে পড়া, হানাহানি করা, যুদ্ধে লিপ্ত হওয়া اِلْتَحَمَ (اِلْتِحَام) [لحم]

[ইল্তাহা] দাড়ি রাখা, শ্মশ্রুমণ্ডিত হওয়া, (গাছের) ছাল খসানো اِلْتَحَى (اِلْتِحَاء) [لحي]

[ইল্তায্যা] মজা পাওয়া, স্বাদ পাওয়া, আনন্দ পাওয়া, উপভোগ করা اِلْتَذَّ (اِلْتِذَاذ) [لذذ] بِ

[ইল্তাযা'আ] ব্যথায় কষ্ট পাওয়া, তীব্র ব্যথা করা اِلْتَذَعَ (اِلْتِذَاع) [لذع]

[ইল্তাযযা] আঁটাআঁটি করে থাকা, গাদাগাদি করা, ঠাসাঠাসি করা, আঁটসাঁট হওয়া, টাইট হওয়া اِلْتَزَّ (اِلْتِزَاز) [لزز]

[-- বি] সংলগ্ন থাকা, সংযুক্ত থাকা, লেগে থাকা اِلْتَزَّ بِ

[ইল্তিযাম] দায়িত্বরূপে গ্রহণ, কর্তব্য-রূপে গ্রহণ, বাধ্যবাধকতা, মেনে চলন, পালন, রক্ষাকরণ, সমাপন اِلْتِزَام [لزم]

[ইল্তিযাম] প্রয়োজন, কর্তব্য, দায়িত্ব, দায়, ঋণ, প্রতিশ্রুতি, ঠিকা اِلْتِزَام ج اِلْتِزَامَات

[ইল্তাযাক্বা] এঁটে থাকা, লেগে থাকা, সংলগ্ন থাকা, সংযুক্ত থাকা اِلْتَزَقَ (اِلْتِزَاق) [لزق] بِ

[ইল্তাযামা] কর্তব্যরূপে اِلْتَزَمَ (اِلْتِزَام) [لزم]

গ্রহণ করা, দায়িত্বরূপে গ্রহণ করা, বাধ্যতামূলক হওয়া, করতে থাকা, পালন করা, রক্ষা করা, মেনে চলা, লেগে থাকা

اِلْتِصَاق [لصق] [ইল্‌তিছাক] সংলগ্নতা, সংযোগ, সংসক্তি, মিলন, ঘনিষ্ঠতা

اِلْتَصَقَ (اِلْتِصَاق) [لصق] بِ [ইল্‌তাছক্বা] লেগে থাকা, এঁটে থাকা, সংযুক্ত হওয়া, সংলগ্ন হওয়া, লেগে যাওয়া

اِلْتَطَّ (اِلْتِطَاط) [لطط] [ইল্‌তাত্তা] ঢেকে রাখা, অবগুণ্ঠিত থাকা

اِلْتَطَّ بِ [-- বি] (সুগন্ধি) মাখা, লাগানো

اِلْتَطَعَ (اِلْتِطَاع) [لطع] [ইল্‌তাত'আ] সবটুকু পান করা, চাটা, চেটে খাওয়া

اِلْتَطَمَ (اِلْتِطَام) [لطم] [ইল্‌তাতমা] ধাক্কা লাগা, সংঘাত হওয়া, একটির সাথে আরেকটি লাগা

اِلْتَظَى (اِلْتِظَاء) [لظي] [ইল্‌তাযা] (আগুন) জ্বলা, প্রজ্বলিত হওয়া, শিখায়িত হওয়া, (ক্রোধে) জ্বলে ওঠা

اِلْتَعَنَ (اِلْتِعَان) [لعن] [ইল্‌তা'আনা] পরস্পর অভিশাপ দেওয়া, নিজেকে অভিশাপ দেওয়া

اِلْتَفَّ (اِلْتِفَاف) [لفف] [ইল্‌তাফ্‌ফা] পাকানো, পেঁচানো, আবর্তিত হওয়া, সমবেত হওয়া, জড়ো হওয়া, আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া

اِلْتِفَات [لفت] [ইল্‌তিফাত] মনোযোগ, ভ্রূক্ষেপ, দৃষ্টিদান, নজর, লক্ষ্য, যত্ন

اِلْتِفَاتَة ج اِلْتِفَاتَات [لفت] [ইল্‌তিফাতাহ্] দৃষ্টি, ক্ষণিকের দৃষ্টি, নজর, মোড়, মোচড়, পাক, গতি

اِلْتَفَتَ (اِلْتِفَات) [لفت] [ইল্‌তাফাতা] তাকানো, দৃষ্টি দেওয়া, নজর দেওয়া, ভ্রূক্ষেপ করা, মনোযোগ দেওয়া, যত্নবান হওয়া, লক্ষ্য রাখা .

اِلْتَفَعَ (اِلْتِفَاع) [لفع] بِ [ইল্‌তাফা'আ] পরিধান করা, আচ্ছাদিত হওয়া

اِلْتِقَاء [لقي] [ইল্‌তিক্বা'] মিলন, সাক্ষাৎ, মোলা-কাত, সম্মিলন, সমাবেশ

اِلْتِقَاط [لقط] [ইল্‌তিক্বাত] কুড়ানো, টোকানো, আহরণ, চয়ন, সংগ্রহ

اِلْتَقَطَ (اِلْتِقَاط) [لقط] [ইল্‌তাক্বাতা] আহরণ করা, চয়ন করা, সংগ্রহ করা, কুড়ানো, টোকানো, কুড়িয়ে পাওয়া

اِلْتَقَفَ (اِلْتِقَاف) [لقف] [ইল্‌তাক্বাফা] খপ্ করে ধরা, ছিনিয়ে নেওয়া, কেড়ে নেওয়া

اِلْتَقَمَ (اِلْتِقَام) [لقم] [ইল্‌তাক্বামা] গ্রাস নেওয়া, মুখে দেওয়া, গিলে ফেলা

اِلْتَقَى (اِلْتِقَاء) [لقي] [ইল্‌তাক্বা] মিলিত হওয়া, একত্রিত হওয়া, সম্মিলিত হওয়া, সাক্ষাৎ করা

اِلْتَمَّ (اِلْتِمَام) [لمم] [ইল্‌তাম্মা] একত্রিত হওয়া, মিলিত হওয়া, পরিদর্শন করা, দেখতে যাওয়া

اِلْتِمَاس [لمس] [ইল্‌তিমাস] অনুসন্ধান, অন্বেষণ, আবেদন, প্রার্থনা, দরখাস্ত

اِلْتَمَحَ (اِلْتِمَاح) [لمح] [ইল্‌তামাহা] হালকা দৃষ্টিতে দেখা

اِلْتَمَسَ (اِلْتِمَاس) [لمس] [ইল্‌তামাসা] অন্বেষণ করা, অনুসন্ধান করা, চাওয়া, প্রার্থনা করা

اِلْتَمَظَ (اِلْتِمَاظ) [لمظ] [ইল্‌তামাযা] দ্রুত মুখে নিক্ষেপ করা, দ্রুত খেয়ে ফেলা

اِلْتَمَظَ بِ [-- বি] আবৃত হওয়া, আচ্ছাদিত হওয়া

اِلْتَمَظَ بِحَقِّهِ [-- বিহাক্কিহী] অধিকার হরণ করা, প্রবঞ্চনা করা, ঠকানো

اِلْتَمَظَ بِشَفَتَيْهِ [-- বিশাফাতাইহি] উভয় ঠোঁট শব্দ করে মিলিত করা, ঠোঁট দিয়ে চুকচুক শব্দ করা

اِلْتَمَعَ (اِلْتِمَاع) [لمع] [ইল্‌তামা'আ] জ্বলজ্বল করা, চকচক করা, চমকানো, ঝলকে ওঠা, উজ্জ্বল হওয়া, (রং) জ্বলে যাওয়া, নষ্ট হওয়া

اِلْتِهَاب [لهب] [ইল্‌তিহাব] জ্বলন, প্রজ্বলন, দহন, প্রদাহ, জ্বালা, যন্ত্রণা, শূল, ব্যথা

اِلْتَهَبَ (اِلْتِهَاب) [لهب] [ইল্‌তাহাবা] জ্বলা, আগুন লাগা, প্রদাহপূর্ণ হওয়া, জ্বালা করা, ব্যথা করা

اِلْتَهَثَ (اِلْتِهَاث) [لهث] [ইল্‌তাহাছা] জিহ্বা বের করে শ্বাস করা, হাঁপানো

اِلْتَهَفَ (اِلْتِهَاف) [لهف] [ইল্‌তাহাফা] দুঃখের আগুনে জ্বলা, শোকানলে দগ্ধ হওয়া, (আগুন) জ্বলে ওঠা, শিখায়িত হওয়া

اِلْتَهَمَ (اِلْتِهَام) [لهم] [ইল্‌তাহামা] গিলে ফেলা, গলাধঃকরণ করা, খেয়ে ফেলা, ক্ষয় করে ফেলা

اُلْتُهِمَ [لهم] [উল্‌তুহিমা] (রং) জ্বলে যাওয়া, নষ্ট হওয়া, পরিবর্তিত হওয়া

اِلْتَهَى (اِلْتِهَاء) [لهو] بِـ [ইল্তাহা] মজে থাকা, মত্ত থাকা, মৌজ করা, মজা করা

اِلْتِوَاء ، اِلْتِوَاءَة [لوو] [ইল্তিওয়া', ইল্তিওয়া-আহ্] বক্রতা, বাঁক, মোড়, পেঁচ, পাক, মোচড়

اِلْتَوَى (اِلْتِوَاء) [لوو] [ইল্তাওয়া] বাঁকা হওয়া, আঁকাবাঁকা হওয়া, পাক খাওয়া, মোচড় খাওয়া

اَلَّتِي [আল্লাতী] যে, যিনি, যা, যাহা, যার, যাহার, যাকে, যাহাকে (স্ত্রী)

اِلْتِيَاع [لوع] [ইল্তিয়া'] দহন, জ্বলন, যন্ত্রণা, জ্বালা, কষ্ট

اَللَّتَيْنِ [আল্লাতাইনি] যে দুইজনকে, যে দুইটিকে, যে দুইজনের, যে দুইটির (স্ত্রী)

أَلْثَغ مث لَثْغَاء ج لُثْغ [لثغ] [আল্‌ছাগ] ত্রুটিপূর্ণ বা অস্ফুট উচ্চারণকারী, তোতলা

أَلْجَأَ (إِلْجَاء) [لجأ] [আল্জাআ] আশ্রয় দেওয়া, রক্ষা করা

أَلْجَأَ إِلَى [-- ইলা] বাধ্য করা, ন্যস্ত করা

أَلْجَمَ (إِلْجَام) [لجم] [আল্জামা] লাগাম পরানো, রাশ বাঁধা, সাজ পরানো

أَلَحَّ (إِلْحَاح) [لحح] عَلَى ، فِي [আলাহ্হা] জিদ ধরা, পীড়াপীড়ি করা, মিনতি করা, কাকুতি করা, অনুনয় করা

إِلْحَاح [لحح] [ইল্হাহ্] পীড়াপীড়ি, চাপপ্রয়োগ, জিদ, মিনতি, কাকুতি, অনুনয়

إِلْحَاد [لحد] [ইল্হাদ] অবিশ্বাস, নাস্তিকতা, ধর্মত্যাগ, বিচ্যুতি

إِلْحَاف [لحف] [ইল্হাফ] সনির্বন্ধ অনুরোধ, সাগ্রহ মিনতি, অনুনয়, কাকুতি

إِلْحَاق [لحق] [ইল্হাক] যুক্তকরণ, মিলিতকরণ, সম্পৃক্তকরণ, অন্তর্ভুক্তকরণ, ভর্তিকরণ, অন্তর্ভুক্তি, ভর্তি

[বুর সূদান] পোর্ট সুদানঃ সুদানের একটি সমুদ্রবন্দর بُور سُودَان

[বোরাত] বরিক অ্যাসিডের লবণ, borate بُورَات

[বুর্‌জুওয়াযী] বুর্জোয়া, বুর্জোয়াসুলভ, পুঁজিবাদী, মধ্যবিত্ত بُورْجُوَازِيّ

[বুর্‌জুওয়াযিয়্যাহ] বুর্জোয়াশ্রেণী, মধ্য-বিত্তশ্রেণী بُورْجُوَازِيَّة

[বুর্‌ছাহ] স্টক এক্সচেঞ্জ, স্টক মার্কেট بُورْصَة ج بُورْصَات

[বাওরক, বুরক] সোহাগা, borax بَوْرَق ، بُورَق

[বোর্‌মা] বার্মা (দেশ) بُورْمَا

[বুরুন্দী] বুরুন্ডি (দেশ) بُورُونْدِي

[বুরী] একপ্রকার সামুদ্রিক মাছ, mullet, বিউগল, ট্রাম্‌পেট (বাদ্যযন্ত্র) بُورِيّ ج بَوَارِيّ

[বুরিয়্যাহ] (নলখাগড়ার তৈরী) একপ্রকার মাদুর, চাটাই بُورِيَّة

[বোরীক] বরিক بُورِيك

[হাম্‌দুল বোরীক] বরিক অ্যাসিড حَمْض البُورِيك

[বাওওয়াযা] (রাগে) ঠোঁট ফোলানো, গাল ফোলানো, ঠোঁট উল্টিয়ে মুখ ভারী করা, মুখ গোমড়া করা بَوَّزَ (تَبْوِيز) [بوز]

[বূয, বূযাহ] আইসক্রিম بُوز ، بُوزَة

[বাওস] চুম্বন, চুমাদান بَوْس

[বাওসাহ] চুম্বন, চুমা, চুমু, চুমো بَوْسَة

[বুস্‌তাহ] পোস্ট, ডাক بُوسْتَة

[বুস্‌তাহ] পোস্ট, ডাক, বাস, অটোবাস بُوسْطَة

[আল-বোস্‌ফোর] বসফরাস (প্রণালী) البُوسْفُور

[আল-বুস্‌নাহ ওয়াল হার্‌সাক] বসনিয়া হার্জিগোভিনা (দেশ) البُوسْنَة والهَرْسَك

[বুসীর] অর্শ (রোগ) بُوسِير ج بَوَاسِير

[বাওশ, বূশ] বিশৃংখল بَوْش ، بُوش ج أَوْبَاش

جনতা, ইতর লোকজন, হৈচৈ, গবাদি পশু

بُوصَة ج بُوصَات [বূছাহ] ইঞ্চি (মাপ)

بَوْصَلَة ، بُوصْلَة ، بُوصَلَة [বাওছলাহ, বূছলাহ, বূছলাহ] দিগদর্শন-যন্ত্র, কম্পাস

بُوصِير [বূছীর] ধূসর পাতা এবং ছোট ছোট ফুলে-ভরা গুল্মবিশেষ, mullein

بُوط [বূত] নলখাগড়া জাতীয় একপ্রকার জলজ উদ্ভিদ, bulrush, একপ্রকার জুতা, বুট

بُوطَة [বূতাহ] ধাতু গলানোর পাত্র, গলনপাত্র, গলনাধার, মুচি, crucible

بُوظَة [বূযাহ] আইসক্রিম

بَوْع [বাও'] প্রসারিত বাহুদ্বয়ের মাপ, বাঁও

بُوع [বূ'] গোড়ালি ও আঙ্গুলের মধ্যবর্তী পায়ের হাড়, পদকূর্চাস্থি, metatarsal bone

بَوْغ ، بَوْغَة [বাওগ, বাওগাহ] বীজগুটি, রেণু, spore

بُوغَاز ج بَوَاغِيز [বূগায] প্রণালী, পোতাশ্রয়

بُوغُوتَا [বোগোর্তা] বগোটা (নগরী)ঃ কলম্বিয়ার রাজধানী

بُوفِيه [বূফেহ] বুফে (buffet)ঃ খাদ্য ও পানীয় পরিবেশনের লম্বা টেবিল, বার (bar)

بَوَّق (تَبْوِيق) [بوق] [বাওওয়াক্বা] হর্ন বাজানো, বিউগল বাজানো, শিঙায় ফুঁক দেওয়া, ভেঁপু বাজানো

بُوق ج أَبْوَاق ، بُوقَات [বূক] হর্ন, বিউগল, ভেঁপু, কর্নেট, শিঙা, মেগাফোন, মুখপাত্র, সামুদ্রিক বড় শামুকবিশেষ, (দেহের মধ্যে) নলের মত অঙ্গ, টিউব

بُوقَال ج بَوَاقِيل [বূক্বাল] পানি পানের পেয়ালা-বিশেষ, মগ

بُوقِير [বূক্বীর] শিংওয়ালা পাখিবিশেষ, hornbill

بُوقِيصَا [বূক্বীছা] খাঁজ-কাটা পাতাওয়ালা এক-প্রকার বড় গাছ ও তার কাঠ, elm

بَوْل ج أَبْوَال [বাওল] পেশাব, প্রস্রাব, মূত্র

مَجْرَى الْبَوْل [মাজরাল বাওল] মূত্রনালি

بَوَّلَ (تَبْوِيل) [بول] [বাওওয়ালা] পেশাব করা, প্রস্রাব করা, পেশাব করানো, প্রস্রাব করানো

بُولِصَة ج بَوَالِص [বূলিছাহ] (বীমার) পলিসি, বিল, ভাউচার, রসিদ

بُولَنْدَا [বোলান্দা] পোল্যান্ড (দেশ)

بُولِيس [বূলীস] পুলিশ, পুলিস

مَرْكَز الْبُولِيس [মারকাযুল বূলীস] পুলিশ-পোস্ট, পুলিশ-স্টেশন

بُولِيسِيّ [বূলীসী] পুলিশসম্বন্ধীয়, পুলিশ-বিষয়ক, পুলিশী, পুলিশের

بُولِيصَة ج بَوَالِص [বূলীছাহ] (বীমার) পলিসি, বিল, ভাউচার, রসিদ

بُولِيصَة الشَّحْن [বূলীছতুশ শাহ্ন] বিল অফ লেডিং (bill of lading)

بُولِيفَار [বোলীফার] বলিভারঃ ভেনিজুয়েলার মুদ্রা

بُولِيفِيَا [বোলীফিয়া] বলিভিয়া (দেশ)

بُولِيفِيَانُو [বোলীফিয়ানো] বলিভিয়ানোঃ বলিভিয়ার মুদ্রা

بُوم ج أَبْوَام [বূম] পেঁচা, পেচক

بَوْن ، بُون [বাওন, বূন] পার্থক্য, ব্যবধান, দূরত্ব, বিরোধ

بُون [বোন] বন (নগরী)

بُونْبُون [বোনবোন] বনবন, লজেন্স

بُوهِيمِيّ [বূহীমী] বাউণ্ডুলে, ছন্নছাড়া, ভবঘুরে, উচ্ছৃংখল

بُوهِيمِيَّة [বূহীমিয়্যাহ] বাউণ্ডুলেপনা, উচ্ছৃংখলতা, ছন্নছাড়াভাব

بُويَا ، بُويَة [বূইয়া, বূইয়াহ] জুতার পালিশ, বার্নিশ

بُويَاجِيّ ، بُويَجِيّ [বূইয়াজী, বূইয়াজী] জুতা পালিশকারী, বার্নিশকারী

بُوَيْضَة [বুওয়াইদাহ] ডিম্বাণু

بُوَيْغ [বুওয়াইগ] ক্ষুদ্র বীজগুটি, ক্ষুদ্র রেণু, microspore

بَيَات [بيت] [বায়াত] নৈশ আক্রমণ

بَيَّادَة [বাইয়াদাহ] পদাতিক বাহিনী, পদাতিক

সেনাদল

بَيَّادِيّ [বাইয়াদী] পদাতিক সৈন্য, পদাতিক সেনা

بَيَّارَة [বাইয়ারাহ্] কমলালেবুর বাগান, কমলা-বাগান

بَيَاض [بيض] [বায়াদ] সাদা, শ্বেত, উজ্জ্বলতা, শুভ্রতা, আলো, শূন্যতা, খালি জায়গা

بَيَاض الْبَيْض [বায়াদুল বাইদ] ডিমের সাদা অংশ, সস্য

بَيَاض النَّهَار [বায়াদুন নাহার] দিনের আলো

بَيَاض الْوَجْه [বায়াদুল ওয়াজ্হ] উত্তম চরিত্র, সুনাম

عَلَى بَيَاض [‘আলা বায়াদ] অ-লেখা, সাদা, খালি, ফাঁকা

بَيَّاض [بيض] [বাইয়াদ] ডিমবিক্রেতা, ডিম-ওয়ালা

بَيَّاع [بيع] [বাইয়া‘] বিক্রেতা, ব্যবসায়ী

بَيَان ج بَيَانَات [بين] [বায়ান] বিবরণ, বিশ্লেষণ, বর্ণনা, বয়ান, ব্যাখ্যা, প্রকাশ, ভাষা, তথ্য, বিজ্ঞপ্তি, ঘোষণা, ইশতেহার, প্রতিবেদন, রিপোর্ট, তালিকা

الْبَيَان ، عِلْم الْبَيَان [আল-বায়ান, ‘ইলমুল বায়ান] ইলমুল বায়ানঃ অলঙ্কারশাস্ত্রের একটি শাখা, অলঙ্কারশাস্ত্র

بَيَان مُشْتَرَك [বায়ান মুশ্তারক] যৌথ ঘোষণা, যুক্ত ইশতেহার

بِيَانُو [বিয়ানো] পিয়ানো (বাদ্যযন্ত্র)

بِيئَة ج بِيئَات [বীআহ্] পরিবেশ, পারিপার্শ্বিক অবস্থা, পারিপার্শ্বিকতা

عِلْم الْبِيئَة [‘ইলমুল বীআহ্] পরিবেশবিজ্ঞান

بِيئِيّ [বীঈ] পরিবেশ-বিষয়ক, পরিবেশগত, পারি-পার্শ্বিক

بِيئِيَّات [বীইয়্যাত] পরিবেশসংক্রান্ত বিষয়াদি, পারিপার্শ্বিক বিষয়াদি, পরিবেশবিজ্ঞান

بَيْت ج بُيُوت ، بُيُوتَات [বাইত] ঘর, বাসস্থান, কক্ষ, বাড়ি, পরিবার

بَيْت ج أَبْيَات [বাইত] (কবিতার) লাইন, চরণ, শ্লোক

الْبَيْت الْحَرَام [আল-বাইতুল হারাম] পবিত্র ঘরঃ কাবা শরীফ

بَيْت الْخَلَاء [বাইতুল খালা’] শৌচাগার, পায়-খানা, টয়লেট

بَيْت الْعَنْكَبُوت [বাইতুল ‘আন্‌কাবুত] মাকড়সার জাল

بَيْت الْمَال [বাইতুল মাল] কোষাগার, সরকারী ধনাগার, রাজকোষ

بَيْت الْمَقْدِس [বাইতুল মাক্‌দিস] পুণ্যভূমির নিবাসঃ জেরুজালেম নগরী

الْبَيْت الْمُقَدَّس [আল-বাইতুল মুক্বাদ্দাস] পবিত্র নিবাসঃ জেরুজালেম নগরী

بَيَّتَ (تَبْيِيت) [بيت] [বাইয়াতা] রাতে সম্পন্ন করা, রাতে আক্রমণ করা, রাত কাটাতে দেওয়া, পরিকল্পনা করা, লুকিয়ে রাখা, (দাবা খেলায়) ক্যাসলিং করা

بِيت ، بِيتَة [বীত, বীতাহ্] খাদ্য, খাবার

بَيْتِيّ [বাইতী] গৃহসম্বন্ধীয়, গৃহে সম্পন্ন, ঘরের, বাড়ির, গৃহপালিত, পারিবারিক

بِيجِنْغ [বেজিং] বেইজিং (নগরী)ঃ চীনের রাজ-ধানী

بَيْدَ أَنَّ [বাইদা আন্না] তবে, কিন্তু, তাছাড়া, তবুও, পক্ষান্তরে

بَيْدَاء ج بَيْدَاوَات ، بِيد [বাইদা’] নির্জন প্রান্তর, মরুভূমি

بَيْدَر ج بَيَادِر [বাইদার] শস্য মাড়াইয়ের উঠান

بَيْدَرَ (بَيْدَرَة) [বাইদারা] মাড়াইয়ের উঠানে স্তূপ করা

بَيْدَق [বাইদাক] মাংসভোজী একপ্রকার শিকারী পাখি, চিল, (দাবার) ঘুঁটি, বড়ে

بَيْذَق ج بَيَاذِق ، بَيَاذِقَة [বাইযাক] সফরে পথ-প্রদর্শক, গাইড, পদাতিক সৈন্য, (দাবার) ঘুঁটি

بِيرَة [বীরাহ্] বিয়ারঃ অনুগ্র সুরাবিশেষ

بَيْرَق ج بَيَارِق [বাইরক] পতাকা, নিশান, ঝাণ্ডা, ব্যানার

بَيْرَقْدَار [বাইরক্‌দার] পতাকাধারী, পতাকাবাহী

بِيرُو [বেরু] পেরু (দেশ)

بَيْرُوت [বাইরূত] বৈরুত (নগরী)ঃ লেবাননের রাজধানী

بِيرُوقْرَاطِيّ [বীরূক্রাতী] আমলাতান্ত্রিক

بِيرُوقْرَاطِيَّة [বীরূক্রাতিয়্যাহ] আমলাতন্ত্র

بِيزُو [বেযো] পেসোঃ আর্জেন্টিনার মুদ্রা

بِيزِيتَا [বেযেতা] পেসেটাঃ স্পেনের মুদ্রা

بِيش [বীশ] একপ্রকার বিষাক্ত ঘাস, aconite

بَيْض ج بُيُوض [বাইদ] ডিম, ডিম্ব, অণ্ড, আণ্ডা

بَيَّضَ (تَبْيِيض) [بيض] [বাইয়াদা] সাদা করা, সাদা রঙ দেওয়া, চুনকাম করা, পরিচ্ছন্ন করে লেখা, উজ্জ্বল করা

بَيَّضَ اللّٰهُ وَجْهَهُ [বাইয়াদাল্লাহু ওয়াজ্হাহু] আল্লাহ তাকে খুশী করুন!

بِيض [বীদ] সাদা, শ্বেত, শুভ্র, উজ্জ্বল, খাঁটি, নির্ভেজাল, নিষ্কলঙ্ক (أَبْيَض এর বহুবচন)

بَيْضَاء [بيض] [বাইদা'] সাদা, শ্বেত, শুভ্র, উজ্জ্বল, খাঁটি, নির্ভেজাল, নিষ্কলঙ্ক, দাগবিহীন, লেখা হয়নি এমন, খালি (কাগজ) (أَبْيَض এর স্ত্রীলিঙ্গ)

أَرْض بَيْضَاء [আর্দ বাইদা'] খালি জমি, পতিত জমি, চাষ করা হয়নি এমন জমি

أُكْذُوبَة بَيْضَاء [উক্যূবাহ বাইদা'] স্রেফ মিথ্যা, নির্ভেজাল মিথ্যা

ثَوْرَة بَيْضَاء [ছাওরাহ বাইদা'] শান্তিপূর্ণ বিপ্লব, রক্তপাতহীন বিপ্লব

صَحِيفَة بَيْضَاء [ছহীফাহ বাইদা'] মহানুভবতা, নিষ্কলুষ চরিত্র, সুনাম

لَيْلَة بَيْضَاء [লাইলাহ বাইদা'] নিদ্রাহীন রাত, বিনিদ্র রজনী, চন্দ্রালোকিত রাত্রি, চাঁদনী রাত

يَد بَيْضَاء [ইয়াদ বাইদা'] উদার হস্ত, উপকারী হাত, উদারতা, বদান্যতা, মহানুভবতা, দক্ষতা

بَيْضَاوِيّ [বাইদাবী] ডিম-সম্পর্কিত, ডিমের মত, ডিমের আকারবিশিষ্ট, ডিম্বাকার

بَيْضَة ج بَيْضَات [বাইদাহ] ডিম, ডিম্বাণু, অণ্ড, অণ্ডকোষ, ভিতরের অংশ, হেলমেট

بَيْضَة الدِيك [বাইদতুদ দীক] মোরগের ডিমঃ অসম্ভব বস্তু, অত্যন্ত বিরল বস্তু

بَيْضَة النَّهَار [বাইদতুন নাহার] দিনের আলো, দিবালোক, প্রকাশ্য দিবালোক

بَيْضَوِيّ ، بَيْضِيّ [বাইদবী, বাইদী] ডিমের মত, ডিমের আকারবিশিষ্ট, ডিম্বাকার, ডিম সম্পর্কিত

بَيْطَار ج بَيَاطِرَة [বাইতার] যে ব্যক্তি ঘোড়ার খুরে নাল পরায়, অশ্ববৈদ্য, পশু চিকিৎসক

بَيْطَرَ (بَيْطَرَة) [বাইতরা] পশুচিকিৎসা করা, ঘোড়ার খুরে নাল পরানো

بَيْطَرِيّ [বাইতরী] পশুচিকিৎসা-বিষয়ক, পশুরোগ-বিষয়ক

بَيْع ج بُيُوع [বাই'] বিক্রয়, বিক্রি, ক্রয়-বিক্রয়, ব্যবসা

بَيْع بِالتَّجْزِئَة [বাই' বিত-তাজ্যিআহ] খুচরা বিক্রি

بَيْع بِالْجُمْلَة [বাই' বিল-জুম্লাহ] পাইকারি বিক্রি

بَيْع بِالدَّيْن [বাই' বিদ-দাইন] বাকিতে বিক্রি

بَيْع بِالْمَزَاد [বাই' বিল-মাযাদ] নিলামে বিক্রি

بَيْع بِالْمُفَرَّق [বাই' বিল-মুফার্‌রক] খুচরা বিক্রি

بَيْع النَّسِيئَة [বাই'উন নাসীআহ] বাকিতে বিক্রি

بَيْع نَقْدِيّ [বাই' নাক্দী] নগদ বিক্রি

بَيْعَة [বাই'আহ] আনুগত্যের চুক্তি, আনুগত্যের শপথ, আনুষ্ঠানিক আনুগত্য

بِيعَة ج بِيَع [বী'আহ] উপাসনালয়, মন্দির, গীর্জা, সিনাগগ

بِيقَة ، بِيقِيَّة [বীকাহ, বীক্বিয়্যাহ] গবাদি পশুর খাদ্য হিসেবে ব্যবহৃত একরকমের শুঁটিওয়ালা গাছ, vetch

بَيْقُور [বাইকূর] রাখালসহ গরুর পাল

بِيك [বেক] বেক, বে (উপাধি) .

بِيكَار [বীকার] কম্পাস, কাঁটা-কম্পাস

بَيْكَرَ (بَيْكَرَة) [বাইকারা] কম্পাস দ্বারা বৃত্ত আঁকা, কাঁটা-কম্পাস ব্যবহার করা

بِيكِين [বীকীন] পিকিং (নগরী)ঃ চীনের রাজধানী

بَيْلَسَان [বাইলাসান] একপ্রকার অনতিউচ্চ সাদা ফুলের গাছ, elder, balm

بِيمَارِسْتَان [বীমারিস্তান] হাসপাতাল, মানসিক

রোগীদের চিকিৎসালয়, মানসিক হাসপাতাল

بَيْنٌ [বাইন] ব্যবধান, পার্থক্য, দূরত্ব, বিচ্ছেদ, অনৈক্য, শত্রুতা

بَيْنَ [বাইনা] মধ্যে, মাঝে, মাঝখানে, মধ্যবর্তী স্থানে, মধ্যবর্তী সময়ে

بَيْنَ بَيْنَ [বাইনা বাইনা] মাঝামাঝি, মাঝারি, মধ্যম

بَيْنَ يَدَيْ [বাইনা ইয়াদাই] উপস্থিতিতে, সম্মুখে, সামনে

بَيَّنَ (تَبْيِين ، بَيَان) [بين] [বাইয়ানা] প্রকাশ করা, স্পষ্ট করা, বর্ণনা করা, ব্যাখ্যা করা, বিশ্লেষণ করা

بَيِّن [بين] [বাইয়িন] স্পষ্ট, সুস্পষ্ট, পরিষ্কার, প্রমাণিত

بَيْنَا [বাইনা] যখন, সময়ে, কালে, সময়ের মধ্যে, পক্ষান্তরে

بَيِّنَة ج بَيِّنَات [بين] [বাইয়িনাহ্] প্রমাণ, যুক্তি, দলীল, সাক্ষ্য

البَيِّنَة [আল-বাইয়িনাহ্] সূরা আল-বাইয়িনাহঃ পবিত্র কোরআনের ৯৮তম সূরা

عَلَى بَيِّنَةٍ مِنْ ['আলা বাইয়িনাতিম মিন] সম্পূর্ণ অবহিত, সম্যক অবগত, সুপরিচিত

بَيْنَمَا [বাইনামা] যখন, সময়ে, কালে, সময়ের মধ্যে, পক্ষান্তরে

بَيْنُونَة [بين] [বাইনুনাহ্] দূরত্ব, ব্যবধান, পার্থক্য, বিচ্ছেদ, অনৈক্য, শত্রুতা

بيه [বেহ] বে, বেক (উপাধি)

بُيُوت [بيت] [বাইয়ুত] পুরাতন, বাসী

بَيُوض ج بُيُض ، بِيض [بيض] [বায়ুদ] ডিম পাড়ে এমন, ডিম-পাড়া, অণ্ডপ্রসূ, অণ্ডোৎপাদী, বেশী ডিম পাড়ে এমন (পাখি)

بَيُولُوجِيّ [বায়োলোজী] জীববিজ্ঞানসংক্রান্ত, জীব-বিজ্ঞানী

بَيُولُوجِيَا [বায়োলোজিয়া] জীববিজ্ঞান, জীব-বিদ্যা, biology

بِيُونْغيَانْغ [বিয়োন্গ্ ইয়ান্গ্] পিয়ংইয়ং (নগরী)ঃ উত্তর কোরিয়ার রাজধানী

بُيَيْت [بيت] [বুইয়াইত] ছোট ঘর, ক্ষুদ্র গৃহ, কুটির

بُيَيْضَة [بيض] [বুইয়াইদাহ্] ডিম্বাণু

بُيَيْضِيّ [বুইয়াইদী ডিম্বাণুসংক্রান্ত, ডিম্বাণু-বিষয়ক

ت

[তা'] তাঃ আরবী বর্ণমালার ৩য় হরফ ت

[তা] কসম, শপথ تَ

[তাল্লাহি] আল্লাহর কসম, আল্লাহর শপথ تَاللهِ

[তা'] তা'ঃ ت বর্ণের নাম تَاء

[তা'ইব] তওবাকারী, প্রত্যাবর্তন-কারী, অনুতপ্ত, ক্ষমাকারী تَائِب [توب]

[তা'ইক] কামনাকারী, আগ্রহী, প্রলুব্ধ تَائِق [توق]

[তা'ইহ] বিভ্রান্ত, বিপথগামী, হতবুদ্ধি, দিশেহারা, পথহারা, অহঙ্কারী, নিখোঁজ, নিরুদ্দেশ تَائِه [توه ، تيه]

[তা'ঈ] তা (বর্ণ) আছে এমন, তা-ওয়ালা, তা-সম্পর্কিত تَائِيّ

[তাবা] ফিরে আসা, প্রত্যাবর্তন করা, তওবা করা, অনুতপ্ত হওয়া تَابَ [ن] (تَوْب ، تَوْبَة) [توب]

[তাবা ইলাল্লাহি] আল্লাহর দিকে ফিরে আসা, আল্লাহর কাছে তওবা করা تَابَ إِلَى اللهِ

[তাবা 'আলা] ক্ষমা করা, মার্জনা করা, মাফ করে দেওয়া, তওবা কবুল করা تَابَ عَلَى

[তাবা'আ] অনুসরণ করা, অনুগামী হওয়া, অধীন হওয়া, একমত হওয়া, করতে থাকা, অব্যাহত রাখা, চালিয়ে যাওয়া, পর্যবেক্ষণ করা, পরীক্ষা করা, অনুসন্ধান করা, মনোযোগ দেওয়া تَابَعَ (مُتَابَعَة) [تبع]

[তাবি'] অধীন, পরবর্তী, অনুগামী, অনুসারী, সহায়ক, অনুসঙ্গী, আনুসঙ্গিক, সংযুক্ত, অতিরিক্ত, গৌণ, অপ্রধান تَابِع [تبع]

[তাবি'] অনুসরণকারী, আনুগত্যকারী, অনুসারী, অনুগত تَابِع ج تُبَّاع ، أَتْبَاع ، تَبَع ، تَابِعُون

[তাবি'] ব্যাখ্যা-বিশেষ্য, appositive (ব্যা), পরিশিষ্ট تَابِع ج تَوَابِع [تبع]

[তাবি'ইয়্যাহ] অধীনতা, আনুগত্য تَابِعِيَّة [تبع]

[তাবাল, তাবিল] মসলা, ধনিয়া, ধনে تَابَل ، تَابِل ج تَوَابِل

[তাবূত] বাক্স, সিন্দুক, কফিন, শবাধার تَابُوت ج تَوَابِيت

[তাজ] মুকুট, শিরোভূষণ, কিরীট تَاج ج تِيجَان [توج]

[তাজা] মুকুট পরা تَاجَ [ن] (تَوْج) [توج]

[তাজারা] ক্রয়-বিক্রয় করা, ব্যবসা করা, বাণিজ্য করা تَاجَرَ (مُتَاجَرَة) [تجر] بِ

[তাজির] বণিক, ব্যবসায়ী, সওদাগর, কারবারী تَاجِر ج تُجَّار ، تَاجِرُون [تجر]

[তাজীকিস্তান] তাজিকিস্তান (দেশ) تَاجِيكِسْتَان

[তাহা] সহজ হওয়া, সম্ভব হওয়া, সহজসাধ্য হওয়া, প্রস্তুত হওয়া تَاحَ [ض] (تَيْح) [تيح] لِ

[তাখামা] সংলগ্ন হওয়া, লাগোয়া হওয়া, পার্শ্ববর্তী হওয়া تَاخَمَ (مُتَاخَمَة) [تخم]

[তারা] (পানি) প্রবাহিত হওয়া تَارَ [ن] (تَوْر) [تور]

[তারা] (সমুদ্র) উত্তাল হওয়া تَارَ [ض] (تَيَرَان) [تير]

[তারাবা] সাথী হওয়া, সঙ্গী হওয়া, সমবয়সী হওয়া, বন্ধু হওয়া تَارَبَ (مُتَارَبَة) [ترب]

[তারাহ] বার, দফা, খেপ, পর্যায়, পালা تَارَة ج تَارَات [تور]

[তারাতান] একবার, কখনো কখনো تَارَةً

[তারাতান উখরা] দ্বিতীয়বার, আবার, পুনরায়, আরেকবার تَارَةً أُخْرَى

[তারিস] ঢাল-পরিহিত, ঢালধারী تَارِس [ترس]

[তারাকা] ছেড়ে দেওয়া, যেতে দেওয়া, মুক্তি দেওয়া, একা থাকতে দেওয়া, সন্ধি করা تَارَكَ (مُتَارَكَة) [ترك]

[তারিক] ত্যাগকারী, পরিত্যাগকারী, পরিহারকারী, তরককারী, বর্জনকারী تَارِك [ترك]

[তারীখ] তারিখ, ঘটনা-পঞ্জী, ইতিহাস, কাহিনী, সময় تَارِيخ ج تَوَارِيخ [أرخ]

[কাত-তালী] যেমন পরে আসছে, যেমন নিচে উল্লেখ করা হচ্ছে, নিম্নোল্লিখিতভাবে كَالتَّالِي

[তাম্] পূর্ণ, সম্পূর্ণ, পরিপূর্ণ, সমাপ্ত, সম্পন্ন, পূর্ণাঙ্গ, যথাযথ, পুরাঘটিত, সমাপিকা (ক্রিয়া) تَامّ [تمم]

[তামা] দাসে পরিণত করা, বিমুগ্ধ করা, বুদ্ধি বিলোপ করা تَامَ [ض] (تَيْم) [تيم]

[তামির] খেজুরের মালিক تَامِر (تمر)

[তামূল] পান, তাম্বুল تَامُول

[তাম্বুল] পান, তাম্বুল تَانْبُول

[তান্যানিয়া] তানজানিয়া (দেশ) تَانْزَانِيَا

[তাহা] পথ হারিয়ে ফেলা, বিপথগামী হওয়া, বিভ্রান্ত হওয়া, হতবুদ্ধি হওয়া, দিশেহারা হওয়া, হারিয়ে যাওয়া, দম্ভ দেখানো, অহঙ্কারী হওয়া, ধ্বংস হওয়া تَاهَ [ض] (تِيه) [توه ، تيه]

[তাহামা] তিহামা অঞ্চলে আগমন করা, নিম্নভূমিতে গমন করা تَاهَمَ (مُتَاهَمَة) [تهم]

[তাবী] তা (বর্ণ) আছে এমন, তা-ওয়ালা, তা-সম্পর্কিত تَاوِيّ

[তাইলান্দ] থাইল্যান্ড (দেশ) تَايْلَانْد

[তাইওয়ান] তাইওয়ান (দেশ) تَايْوَان

[তাআব্বাদা] স্থায়ী হওয়া, চিরস্থায়ী হওয়া, শাশ্বত হওয়া, চিরন্তন হওয়া, (পশু) বন্য হওয়া, পোষ না মানা, (স্থান) জনশূন্য হওয়া تَأَبَّدَ (تَأَبُّد) [أبد]

[তাআব্বাতা] বগলে রাখা, বগলদাবা করা تَأَبَّطَ (تَأَبُّط) [أبط]

[তাআব্বাহা] দূরে থাকা, সরে আসা, পবিত্র হওয়া, অনেক ঊর্ধ্বে হওয়া تَأَبَّهَ (تَأَبُّه) [أبه] عَنْ

[তাআব্বা] অসম্মত হওয়া, বিরত হওয়া, প্রত্যাখ্যান করা, অগ্রাহ্য করা, অমান্য করা, অহঙ্কার করা, বাবা বানানো, বাবা হিসেবে গ্রহণ করা تَأَبَّى (تَأَبِّي) [أبي ، أبو]

[তা'বীদ] স্থায়ীকরণ, চিরস্থায়ীকরণ, শাশ্বতকরণ, অমরকরণ تَأْبِيد [أبد]

[তা'বীন] মৃতের প্রশংসাকরণ تَأْبِين [أبن]

[তা'তাআ] তোতলানো, তোতলামি تَأْتَأَ (تَأْتَأَة)

[মা ক্বাব্‌লাত তারীখ] ইতিহাস-পূর্বকাল مَا قَبْلَ التَّارِيخ

[তারীখী] ইতিহাস-বিষয়ক, ঐতিহাসিক تَارِيخِيّ

[তারিখিয়্যাহ্] ঐতিহাসিকতা تَارِيخِيَّة [أرخ]

[তাসি'] নবম تَاسِع مث تَاسِعَة [تسع]

[তা'ইস] নিঃস্ব, দুঃখী, অসুখী, অসহায়, দুর্ভাগ্যবান تَاعِس [تعس]

[তাফিহ্] গুরুত্বহীন, তুচ্ছ, নগণ্য, স্বাদহীন, ভোঁতা, স্থূলবুদ্ধি تَافِه [تفه]

[তাফিহাহ্] অকিঞ্চিৎকরতা, তুচ্ছতা, নগণ্যতা, অসারতা, অর্থহীনতা تَافِهَة [تفه]

[তাক্বা] কামনা করা, প্রবলভাবে পেতে চাওয়া, ছুটে যাওয়া تَاقَ [ن] (تَوْق ، تَوَقَان) [توق] إِلَى

[-- 'আলা, মিন] অনুগ্রহশীল হওয়া, দয়াপরবশ হওয়া تَاقَ عَلَى ، مِنْ

[তাকা] টাকাঃ বাংলাদেশের মুদ্রা تَاكَا

[তাক্‌সী] ট্যাক্সি (taxi) تَاكْسِي

[তালিদ] দীর্ঘদিনের অধিকারভুক্ত, পুরাতন, উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত (সম্পদ), মীরাছী (সম্পত্তি) تَالِد [تلد]

[তালিদ] উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পদ, মীরাছী সম্পত্তি تَالِد ج تَوَالِد

[তালিফ] ধ্বংস, ধ্বংসপ্রাপ্ত, নষ্ট, অকেজো, জীর্ণ تَالِف [تلف]

[তাল্লাহি] আল্লাহর কসম, আল্লাহর শপথ تَاللّٰهِ

[তালিহ্] হতবুদ্ধি, হতভম্ব, দিশেহারা, কিংকর্তব্যবিমূঢ়, অন্যমনস্ক تَالِه [تله]

[তালা] অনুসরণ করা, পিছনে পিছনে যাওয়া, একমত হওয়া, একরকম হওয়া, অংশগ্রহণ করা, সঙ্গে থাকা تَالَى (مُتَالَاة ، تِلَاء) [تلو]

[তালী] পরবর্তী, নিম্ন-বর্তী, নিম্নোক্ত تَالِي ، تَالٍ مث تَالِيَة [تلو]

[তালী] তেলাওয়াত-কারী, আবৃত্তিকারী, অনুসরণকারী تَالِي ، تَالٍ ج تَالُون [تلو]

[বিত-তালী] তারপর, পরে, পরবর্তীতে, ফলে, তাই بِالتَّالِي

করা, তো তো করে বলা

تَأْتَأَةٌ [তা'তাআহ্] তোতলামি

تَأَتَّى (تَأَتِّي) [أتي] [তাআত্তা] উদ্ভূত হওয়া, সৃষ্টি হওয়া, আসা, জন্মলাভ করা, সহজ হওয়া

تَأَثَّثَ (تَأَثُّث) [أثث] [তাআছ্ছাছা] আসবাব-পত্রে সজ্জিত হওয়া, সম্পদশালী হওয়া, সমৃদ্ধ হওয়া, সফল হওয়া

تَأَثَّرَ (تَأَثُّر) [أثر] [তাআছ্ছারা] প্রভাবিত হওয়া, প্রভাবান্বিত হওয়া, উদ্বেলিত হওয়া, উত্তেজিত হওয়া, অনুভব করা, অনুসরণ করা

تَأَثُّر [أثر] [তাআছ্ছুর] প্রভাব, ছাপ, উত্তেজনা, আবেগ, অনুভূতি, অনুসরণ

تَأَثَّلَ (تَأَثُّل) [أثل] [তাআছ্ছালা] শিকড় গাড়া, দৃঢ়মূল হওয়া, মজবুত হওয়া, সুদৃঢ় হওয়া

تَأَثَّمَ (تَأَثُّم) [أثم] [তাআছ্ছামা] পাপ পরিহার করা, পাপ থেকে বিরত হওয়া

تَأْثِيث [أثث] [তা'ছীছ] আসবাবপত্রে সজ্জিত-করণ, প্রস্তুতকরণ

تَأْثِير ج تَأْثِيرَات [أثر] [তা'ছীর] প্রভাব, ক্রিয়া, প্রতিক্রিয়া, ছাপ, ফল, ক্ষমতা, কার্যকরতা

تَأْثِير جَانِبِيّ [তা'ছীর জানিবী] পার্শ্ব-প্রতিক্রিয়া

تَأْثِيم [أثم] [তা'ছীম] পাপ আরোপকরণ, পাপ, পাপের কাজ

تَأَجَّجَ (تَأَجُّج) [أجج] [তাআজ্জাজা] জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া, উত্তপ্ত হওয়া

تَآجَّ (تَآجّ) [أجج] [তাআজ্জা] প্রজ্বলিত হওয়া, জ্বলে ওঠা, উত্তপ্ত হওয়া

تَأَجَّرَ (تَأَجُّر) [أجر] [তাআজ্জারা] মজুর হওয়া, মজুরি খাটা

تَأَجَّلَ (تَأَجُّل) [أجل] [তাআজ্জালা] বিলম্বিত হওয়া, মুলতবি হওয়া, স্থগিত হওয়া

تَأَجَّمَ (تَأَجُّم) [أجم] [তাআজ্জামা] (আগুন) জ্বলে ওঠা, উত্তপ্ত হওয়া, রেগে যাওয়া, ক্রুদ্ধ হওয়া (সিংহ) আস্তানায় প্রবেশ করা

تَأْجِيج [أجج] [তা'জীজ] প্রজ্বালন, উত্তপ্তকরণ

تَأْجِير [أجر] [তা'জীর] ভাড়ায় প্রদান, মজুর নিয়োগ, ইজারাদান, ইজারা

تَأْجِيل [أجل] [তা'জীল] বিলম্বিতকরণ, স্থগিত-করণ, মুলতবিকরণ

تَأَخَّرَ (تَأَخُّر) [أخر] [তাআখ্খারা] দেরি করা, পিছনে পড়া, বিলম্বিত হওয়া, ব্যর্থ হওয়া

تَأَخَّرَ عَنِ الدَّفْعِ [তাআখ্খারা 'আনিদ দাফ'ই] সময়মত পরিশোধ না করা

تَأَخَّى (تَأَخِّي) [أخو] [তাআখ্খা] ভাই বানানো, ভাই হিসেবে গ্রহণ করা, পেতে চাওয়া

تَآخَى (تَآخِي) [أخو] [তাআখা] ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হওয়া

تَأْخِير [أخر] [তা'খীর] বিলম্বিতকরণ, মুলতবি-করণ, পশ্চাদ্বর্তীকরণ, বাধাদান, পিছিয়ে দেওয়া

تَأْخِير ج تَأْخِيرَات [তা'খীর] বিলম্ব, দেরি

تَأَدَّبَ (تَأَدُّب) [أدب] [তাআদ্দাবা] ভদ্র হওয়া, শিষ্ট হওয়া, শিক্ষা পাওয়া, শিক্ষা গ্রহণ করা, আদব শেখা

تَأَدَّبَ بِـ [-- বি] অনুসরণ করা

تُؤَدَة [وأد] [তুআদাহ্] মন্থরতা, ধীরতা

عَلَى تُؤَدَة ['আলা তুআদাহ্] আস্তে আস্তে, ধীরে ধীরে, ধীরে সুস্থে, তাড়াহুড়া না করে

تَأَدَّى (تَأَدِّي) [أدو ، أدي] [তাআদ্দা] সম্পন্ন হওয়া, সম্পাদিত হওয়া, হয়ে যাওয়া, আদায় হওয়া, পরিশোধ হওয়া, প্রস্তুত হওয়া

تَأَدَّى إِلَى [তাআদ্দা ইলা] উপনীত হওয়া, পৌঁছা, নীত হওয়া

تَآدَى (تَآدِي) [أدو ، أدي] [তাআদা] হাতিয়ার লওয়া, প্রস্তুত হওয়া

تَأْدِيب [أدب] [তা'দীব] শিক্ষাদান, শিষ্টাচার শিক্ষাদান, শাস্তিপ্রদান

تَأْدِيبِيّ [তা'দীবী] শাস্তিমূলক, শিক্ষাদান-সংক্রান্ত

تَأْدِيَة [أدي] [তা'দিয়াহ্] সম্পন্নকরণ, সম্পাদন, আদায়করণ, আদায়, পরিশোধ, পরিচালনা

تَأَذَّنَ (تَأَذُّن) [أذن] [তাআয্যানা] ঘোষণা করা, জানিয়ে দেওয়া

تَأَذَّى (تَأَذِّي) [أذي] [তাআয্যা] কষ্ট পাওয়া, আঘাত পাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া, ময়লাযুক্ত হওয়া, দুর্ব্যবহার পাওয়া

تَأَرَّبَ (تَأَرُّب) [أرب] [তাআর্‌রবা] কঠোরতা

>Goto Top

করা, কঠোর হওয়া, কঠিন হওয়া, শক্ত হওয়া, চালাকি করা, বুদ্ধিমান সাজা

تَأَرَّثَ (تَأَرُّث) [أرث] [তাআর্‌রছা] জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া

تَأَرَّجَ (تَأَرُّج) [أرج] [তাআর্‌রজা] সুগন্ধময় হওয়া, সুরভিত হওয়া, সুবাস ছড়ানো

تَأَرْجَحَ (تَأَرْجُح) [أرجح] [তাআর্‌জাহা] দোলা, দোল খাওয়া, দোদুল্যমান হওয়া, ওঠা-নামা করা

تَأْرِيخ [أرخ] [তা'রীখ] তারিখ গণনা, তারিখ প্রদান, ঘটনাপঞ্জী উল্লেখ

تَأْرِيض [أرض] [তা'রীদ] মাটিতে স্থাপন, মাটির সাথে সংযুক্তকরণ, আর্থিং

تَأَزَّرَ (تَأَزُّر) [أزر] [তাআয্‌যারা] ইযার (দেহের নিম্নাংশের পরিধেয়) পরিধান করা

تَآزَرَ (تَآزُر) [أزر] [তাআযারা] একে অপরকে সাহায্য-সমর্থন করা, সহযোগিতা করা, সংঘবদ্ধ হওয়া, সংহত হওয়া

تَأَزَّزَ (تَأَزُّز) [أزز] [তাআয্‌যাযা] গুঞ্জন করা, শব্দ করা, (স্থান) হাঙ্গামাপূর্ণ হওয়া, উত্তাল হওয়া

تَأَزَّمَ (تَأَزُّم) [أزم] [তাআয্‌যামা] সঙ্কটপূর্ণ হওয়া, সঙ্কটময় হওয়া, জটিল হওয়া, খারাপ হওয়া

تَأْسَاء [أسو] [তা'সা'] সান্ত্বনা, প্রবোধ, সমবেদনা

تَأَسَّدَ (تَأَسُّد) [أسد] [তাআস্‌সাদা] সাহস করা, সাহসী হওয়া, সিংহের সাহস দেখানো, শক্তি প্রদর্শন করা, শক্তিশালী হওয়া

تَأَسَّسَ (تَأَسُّس) [أسس] [তাআস্‌সাসা] স্থাপিত হওয়া, প্রতিষ্ঠিত হওয়া, সৃষ্ট হওয়া, গড়ে ওঠা

تَأَسَّفَ (تَأَسُّف) [أسف] [তাআস্‌সাফা] দুঃখিত হওয়া, দুঃখ করা, আফসোস করা, আক্ষেপ করা

تَأَسُّف [أسف] [তাআস্‌সুফ] দুঃখপ্রকাশ, দুঃখ, আফসোস, আক্ষেপ

تَأَسَّنَ (تَأَسُّن) [أسن] [তাআস্‌সানা] নষ্ট হওয়া, অনুরূপ হওয়া

تَأَسَّى (تَأَسِّي) [أسو] [তাআস্‌সা] সান্ত্বনা লাভ করা, ধৈর্য ধারণ করা

تَآسَى (تَآسِي ، تَآسٍ) [أسو] [তাআসা] একে অপরকে সান্ত্বনা দেওয়া, পরস্পর সমবেদনা জানানো

تَأْسِيَة [أسو] [তা'সিয়াহ্] সান্ত্বনা, প্রবোধ, সমবেদনা

تَأْسِيس [أسس] [তা'সীস] ভিত্তি স্থাপন, প্রতিষ্ঠাকরণ, প্রতিষ্ঠা, গঠন, সংগঠন, প্রতিষ্ঠান

تَأْسِيسًا عَلَى [তা'সীসান 'আলা] ভিত্তিতে, ভিত্তি করে, ভর করে, নির্ভর করে

تَأْسِيسِيّ [তা'সীসী] ভিত্তিমূলক, প্রতিষ্ঠাসংক্রান্ত, গঠনমূলক, প্রাতিষ্ঠানিক, মূল, মৌলিক

تَأَشَّبَ (تَأَشُّب) [أشب] [তাআশ্‌শাবা] মিশ্রিত হওয়া, জড়ো হওয়া, জট পাকানো, নিবিড় হওয়া

تَأْشِير [أشر] [তা'শীর] চিহ্নপ্রদান, ছাপপ্রদান, সীলপ্রদান, ভিসা লাগানো, ভিসা

تَأْشِيرَة ج تَأْشِيرَات [أشر] [তা'শীরাহ্] ভিসা

تَأَصَّلَ (تَأَصُّل) [أصل] [তাআছ্‌ছলা] শিকড় গাড়া, সুদৃঢ় হওয়া, উদ্ভূত হওয়া

تَأْصِيل [أصل] [তা'ছীল] সুদৃঢ়করণ, শক্তকরণ, দৃঢ়মূলকরণ, প্রতিষ্ঠিতকরণ

تَأَفَّفَ (تَأَفُّف) [أفف] [তাআফ্‌ফাফা] অসন্তোষ প্রকাশ করা, অসন্তোষে বিড়বিড় করা

تَأَقْلَمَ (تَأَقْلُم) [أقلم] [তাআক্‌লামা] নতুন পরিবেশের সাথে খাপ খাওয়া, মানিয়ে নেওয়া, অভ্যস্ত হওয়া

تَأَكَّدَ (تَأَكُّد) [أكد] [তাআক্কাদা] নিশ্চিত হওয়া, জোরদার হওয়া

تَأَكَّرَ (تَأَكُّر) [أكر] [তাআক্কারা] কর্ষণ করা, চাষ করা

تَأَكْسَدَ (تَأَكْسُد) [أكسد] [তাআক্‌সাদা] অক্সিজেনযুক্ত হওয়া, অম্লজান-জারিত হওয়া, মরচে ধরা

تَأَكَّلَ (تَأَكُّل) [أكل] [তাআক্কালা] খেয়ে যাওয়া, ক্ষয় হওয়া, ভক্ষিত হওয়া

تَآكَلَ (تَآكُل) [أكل] [তাআকালা] ক্ষয় হওয়া, খেয়ে যাওয়া, ভক্ষিত হওয়া

تَأْكِيد ج تَأْكِيدَات [أكد] [তা'কীদ] জোরদান, নিশ্চিতকরণ, দৃঢ়ভাবে প্রতিপন্নকরণ, নিশ্চয়তা, জোর

بِالتَّأْكِيد [বিত-তা'কীদ] জোরের সাথে, জোর

দিয়ে, নিশ্চয়ই, নিশ্চিতরূপে, নিঃসন্দেহে

تَأَلَّبَ (تَأَلُّب) [ألب] عَلَى [তাআল্লাবা] দলবদ্ধ হওয়া, সংঘবদ্ধ হওয়া, ষড়যন্ত্র করা, চক্রান্ত করা

تَأَلَّفَ (تَأَلُّف) [ألف] [তাআল্লাফা] গঠিত হওয়া, সংযুক্ত হওয়া, একত্রিত হওয়া, মিলিত হওয়া

تَآلَفَ (تَآلُف) [ألف] [তাআলাফা] সঙ্গতিপূর্ণ হওয়া, মিলপূর্ণ হওয়া, সমন্বয়পূর্ণ হওয়া

تَأَلَّقَ (تَأَلُّق) [ألق] [তাআল্লাক্বা] উজ্জ্বল হওয়া, চকচকে হওয়া, চকচক করা, প্রদীপ্ত হওয়া

تَأَلَّمَ (تَأَلُّم) [ألم] [তাআল্লামা] ব্যথিত হওয়া, ব্যথা পাওয়া, কষ্ট পাওয়া, যন্ত্রণা অনুভব করা

تَأَلُّم [ألم] [তাআল্লুম] কষ্ট, ক্লেশ, যন্ত্রণা, ব্যথা, বেদনা, মর্মবেদনা

تَأَلَّهَ (تَأَلُّه) [أله] [তাআল্লাহা] প্রভু বা দেবতা হয়ে বসা, প্রভুত্ব বা দেবত্ব দাবি করা, নিজেকে প্রভু বা দেবতা বলা, দেবত্বারোপিত হওয়া

تَأَلُّه [أله] [তাআল্লুহ] প্রভু বা দেবতা বলে দাবি

تَأَلَّى (تَأَلِّي) [ألو] [তাআল্লা] শপথ করা, কসম খাওয়া, কিরা দেওয়া

تَأْلِيف [ألف] [তা'লীফ] রচনা, প্রণয়ন, গঠন, সৃষ্টি, সংকলন, একত্রীকরণ, একত্রিতকরণ, যুক্তকরণ, জোড়াদান, মিলসাধন

تَأْلِيف ج تَآلِيف ، تَأْلِيفَات [তা'লীফ] রচিত বস্তু, রচিত বা সংকলিত সাহিত্যকর্ম (গ্রন্থ, প্রবন্ধ, গল্প, কবিতা ইত্যাদি), রচনা, সংকলন

تَأْلِيه [أله] [তা'লীহ] প্রভু বা দেবতা ঘোষণা, দেবত্বারোপ

تُؤْم [তু'ম] একসাথে একই গর্ভজাত দুই শিশুর একজন, যমজ

تِئْم [তি'ম] একসাথে একই গর্ভজাত দুই শিশুর একজন, যমজ

تَأَمَّرَ (تَأَمُّر) [أمر] [তাআম্মারা] ক্ষমতা দেখানো, দম্ভ দেখানো, ক্ষমতাবান হওয়া, শাসক হওয়া, শাসকের ন্যায় আচরণ করা, নিয়ন্ত্রণ করা, নির্দেশ দিতে পছন্দ করা

تَآمَرَ (تَآمُر) [أمر] [তাআমারা] পরামর্শ করা, মন্ত্রণা করা, ষড়যন্ত্র করা, চক্রান্ত করা

تَأَمْرَكَ (تَأَمْرُك) [তাআমরকা] আমেরিকান হয়ে যাওয়া, আমেরিকানদের স্বভাব গ্রহণ করা, আমেরিকানদের মত আচরণ করা

تَأَمَّلَ (تَأَمُّل) [أمل] [তাআম্মালা] গভীরভাবে চিন্তা করা, ধ্যান করা, ভাবা, মনোযোগ সহকারে দেখা, পর্যবেক্ষণ করা, আশা করা

تَأَمُّل [أمل] [তাআম্মুল] চিন্তা, ধ্যান, ভাবনা, গবেষণা

تَأَمَّمَ (تَأَمُّم) [أمم] [তাআম্মামা] ইচ্ছা করা, মনস্থ করা, উদ্দেশ্য করা, গমন করা, জাতীয়করণকৃত করা

تَأَمَّمَ بِـ [-- বি] অনুসরণ করা, অনুকরণ করা

تَأْمُور [তা'মূর] আত্মা, মন, হৃদয়, হৃৎপিণ্ডের আবরক ঝিল্লি, হৃদ্ধরা ঝিল্লী, pericardium

تَأْمِيم [أمم] [তা'মীম] জাতীয়করণ, মনস্থকরণ

تَأْمِين ج تَأْمِينَات [أمن] [তা'মীন] ইনস্যুরেন্স, বীমা, নিরাপত্তা, নিশ্চয়তা, গ্যারান্টি, বন্ধক, সরবরাহ, যোগান, আমানত

تَأَنَّثَ (تَأَنُّث) [أنث] [তাআন্নাছা] মেয়েলী আচরণ করা, মেয়েলী স্বভাবসম্পন্ন হওয়া, (শব্দ) স্ত্রীলিঙ্গ হওয়া

تَأَنَّسَ (تَأَنُّس) [أنس] [তাআন্নাসা] দেহধারণ করা, দেহধারী হওয়া, অবতার হওয়া, দয়া প্রদর্শন করা, মিশুক হওয়া, ঘনিষ্ঠ হওয়া, পোষ মানা

تَأَنَّقَ (تَأَنُّق) [أنق] [তাআন্নাক্বা] সুন্দর হওয়া, সুসজ্জিত হওয়া, পরিপাটী হওয়া, সুন্দর পোশাক পরা, বাবু সাজা, পোশাকী হওয়া, রুচিবাগীশ হওয়া

تَأَنَّى (تَأَنِّي) [أني] [তাআন্না] বিলম্বিত হওয়া, দেরি করা, ধীরে চলা

تَأْنِيب [أنب] [তা'নীব] তীব্র নিন্দা, তিরস্কার, ভর্ৎসনা

تَأْنِيث [أنث] [তা'নীছ] স্ত্রীলিঙ্গকরণ, স্ত্রীলিঙ্গে পরিণতকরণ, স্ত্রীলিঙ্গরূপে ব্যবহার, স্ত্রীলিঙ্গ (ব্যা)

تَأْنِيس [أنس] [তা'নীস] ঘনিষ্ঠকরণ, অন্তরঙ্গকরণ, পোষ মানানো, ঘনিষ্ঠতা, অন্তরঙ্গতা

تَأَهَّبَ (تَأَهُّب) [أهب] [তাআহ্হাবা] প্রস্তুত হওয়া, তৈরী হওয়া, উদ্যত হওয়া

تَأَهَّلَ (تَأَهُّل) [أهل] [তাআহ্হালা] বিয়ে করা,

স্ত্রী বা স্বামী গ্রহণ করা, পুনর্বাসিত হওয়া

تَأَهَّلَ بِ [-- লি] যোগ্য হওয়া, উপযুক্ত হওয়া, যথাযোগ্য হওয়া, প্রস্তুত হওয়া

تَأْهِيل [أهل] [তা'হীল] বসতিস্থাপন, পুনর্বাসন, যোগ্যতা, শিক্ষাদান, প্রশিক্ষণ, অভ্যর্থনা, স্বাগত

تَأَوَّبَ (تَأَوُّب) [أوب] [তাআওওয়াবা] ফিরে আসা, প্রত্যাবর্তন করা, আবার আসা, রাতে আসা

تَأَوَّجَ (تَأَوُّج) [أوج] [তাআওওয়াজা] চূড়ায় ওঠা, শীর্ষে আরোহণ করা, শেষ সীমায় পৌঁছা, চরমে উপনীত হওয়া

تَأَوَّدَ (تَأَوُّد) [أود] [তাআওওয়াদা] বাঁকা হওয়া, নুয়ে যাওয়া, ঝুঁকে পড়া, ভাঁজ হওয়া, অতিরিক্ত ভারী হওয়া

تَأَوَّلَ (تَأَوُّل) [أول] [তাআওওয়ালা] ব্যাখ্যাকৃত হওয়া, তাবীলকৃত হওয়া, ব্যাখ্যা করা, তাবীল করা

تَأَوَّهَ (تَأَوُّه) [أوه] [তাআওওয়াহা] "আহ্ উহ্" করা, "হায় হায়" করা, দীর্ঘশ্বাস ফেলা, বিলাপ করা, আর্তনাদ করা

تَأَوُّه ج تَأَوُّهَات [أوه] [তাআওবুহ] "আহ্ উহ্", "হায় হায়", দীর্ঘশ্বাস, বিলাপ, আর্তনাদ

تَأْوِيل ج تَآوِيل ، تَأْوِيلَات [أول] [তা'বীল] মর্ম, তাৎপর্য, মন্তব্য, ব্যাখ্যা, তাবীল, স্বপ্নের তাৎপর্য, তাবীর

تَأَيَّدَ (تَأَيُّد) [أيد] [তাআইয়াদা] সুদৃঢ় হওয়া, জোরদার হওয়া, সমর্থন পাওয়া, পৃষ্ঠ-পোষকতা লাভ করা, সমর্থিত হওয়া, অনুমোদিত হওয়া, নিশ্চয়তা পাওয়া, নিশ্চিত হওয়া

تَأَيَّمَتْ (تَأَيُّم) [أيم] [তাআইয়ামাত] স্বামীহারা হওয়া, বিধবা হওয়া

تَأَيَّنَ (تَأَيُّن) [أين] [তাআইয়ানা] আয়নে (ion) পরিণত হওয়া, আয়নিত হওয়া

تَأْيِيد [أيد] [তা'য়ীদ] সাহায্যকরণ, অনুমোদন, সমর্থন, সাহায্য, সহায়তা, পৃষ্ঠপোষকতা

تَأْيِين [أين] [তা'য়ীন] আয়নে (ion) পরিণত-করণ, আয়নায়ন

تَبٌّ [তাব্] ধ্বংস, সর্বনাশ, বিনাশ, ক্ষতি, হালাক

تَبَّ [ض] (تَبّ ، تَبَاب) [তাব্বা] ধ্বংস হওয়া, বিনষ্ট হওয়া, সর্বনাশ হওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া

تَبًّا لَهُ [তাব্বান লাহু] সে ধ্বংস হোক! সে ক্ষতি-গ্রস্ত হোক! তার সর্বনাশ হোক! তার কপাল পুড়ুক!

تَبَاءَسَ (تَبَاؤُس) [بأس] [তাবাআসা] দুরবস্থার ভান করা, নিজেকে দুর্দশাগ্রস্ত বলে জাহির করা

تَبَاب [তাবাব] ধ্বংস, বিনাশ, সর্বনাশ, ক্ষতি

تَبَاجَحَ (تَبَاجُح) [بجح] [তাবাজাহা] পরস্পর অহঙ্কার করা, গৌরব প্রতিযোগিতা করা, গর্ব করা, বড়াই করা

تَبَاحَثَ (تَبَاحُث) [بحث] [তাবাহাছা] পরস্পর আলোচনা করা, কথাবার্তা বলা

تَبَاخَسَ (تَبَاخُس) [بخس] [তাবাখাসা] ক্রয়-বিক্রয়ে একে অপরকে ধোঁকা দেওয়া

تَبَاخَلَ (تَبَاخُل) [بخل] [তাবাখালা] কৃপণতা করা, কার্পণ্য করা, কৃপণ হওয়া, ব্যয়কুণ্ঠ হওয়া

تَبَادَرَ (تَبَادُر) [بدر] [তাবাদারা] ত্বরা করা, ছুটে যাওয়া, মনে উদয় হওয়া

تَبَادَلَ (تَبَادُل) [بدل] [তাবাদালা] বিনিময় করা, অদলবদল করা, রদবদল করা, পালাক্রমে আসা, পর্যায়ক্রমে ঘটা

تَبَادُل [بدل] [তাবাদুল] পারস্পরিক বিনিময়, অদলবদল, পালাবদল, রদবদল

تَبَادُلِيّ [তাবাদুলী] পারস্পরিক, পর্যায়ক্রমিক, পালাক্রমিক

تَبَادَى (تَبَادِي) [بدو] [তাবাদা] একে অপরকে দেখানো, বেদুঈন সাজা, বেদুঈনের মত আচরণ করা

تَبَار [تبر] [তাবার] ধ্বংস, বিনাশ, ক্ষতি, সর্বনাশ

تَبَارَأَ (تَبَارُؤ) [برأ] [তাবারআ] বিচ্ছিন্ন হওয়া, আলাদা হওয়া, একে অপরকে ছেড়ে যাওয়া

تَبَارَزَ (تَبَارُز) [برز] [তাবারযা] প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতা করা, দ্বন্দ্বযুদ্ধে নামা

تَبَارَكَ (تَبَارُك) [برك] [তাবারকা] বরকতময় হওয়া, মহিমান্বিত হওয়া

تَبَارَكَ بِ [-- বি] বরকত চাওয়া, আশীর্বাদ চাওয়া

تَبَارَى (تَبَارِي) [بري] [তাবারা] পাল্লা দেওয়া, প্রতিযোগিতা করা

تَبَارِيج [برج] [তাবারীজ] ফুল, মুকুল

تَبَاشَرَ (تَبَاشُر) [بشر] بِ [তাবাশারা] পরস্পর

সুসংবাদ দেওয়া

تَبَاشِير (تَبْشِير) [بشر] [তাবাশীর] শুভ লক্ষণ, সুসংবাদ, পূর্বলক্ষণ, প্রাথমিক নিদর্শন, সূচনা

تَبَاصَرَ (تَبَاصُر) [بصر] [তাবাছরা] আগে দেখার প্রতিযোগিতা করা, একে অপরকে দেখা

تَبَاطَأَ (تَبَاطُؤ) [بطأ] [তাবাতআ] মন্থর হওয়া, ধীর হওয়া, শিথিল হওয়া

تَبَاطُؤ [بطأ] [তাবাতু'] ধীরতা, মন্থরতা, শিথিলতা

تِبَاع [تبع] [তিবা'] পরম্পরা, পর্যায়ক্রম, পালা,

تِبَاعًا [تبع] [তিবা'আন] একের পর এক, একে একে, পর্যায়ক্রমে, পালাক্রমে

تَبَاعَدَ (تَبَاعُد) [بعد] [তাবা'আদা] দূরে যাওয়া, দূরে থাকা, দূরবর্তী হওয়া, বিচ্ছিন্ন হওয়া, ছেড়ে যাওয়া

تَبَاغَضَ (تَبَاغُض) [بغض] [তাবাগাদা] একে অপরকে ঘৃণা করা, পরস্পর শত্রুতা করা

تَبَاغَى (تَبَاغِي) [بغي] [তাবাগা] একে অপরের প্রতি অন্যায় আচরণ করা, পরস্পর জুলুম করা

تَبَاكَى (تَبَاكِي) [بكي] [তাবাকা] কান্নার ভান করা, মেকি কান্না কাঁদা, কুম্ভিরাশ্রু বর্ষণ করা

تَبَّال [تبل] [তাব্বাল] মসলা বিক্রেতা, মসলা ব্যবসায়ী

تَبَالَدَ (تَبَالُد) [بلد] [তাবালাদা] নির্বোধ হওয়ার ভান করা, বোকা সাজা, বলদ সাজা

تَبَالَهَ (تَبَالُه) [بله] [তাবালাহা] বোকা সাজা, হাবা সাজা, নির্বুদ্ধিতার ভান করা

تَبَّان [تبن] [তাব্বান] খড় বিক্রেতা, খড় ব্যবসায়ী, খড় রাখার ঘর

تُبَّان [তুব্বান] সাঁতারের পোশাক, গোসলের পোশাক, ছোট ট্রাউজার

تَبَانَة ، دَرْب التَّبَانَة [তাবানাহ, দারবুত তাবানাহ] ছায়াপথ, গ্যালাক্সি

تَبَاهَجَ (تَبَاهُج) [بهج] بِـ [তাবাহাজা] আনন্দিত হওয়া, খুশী হওয়া, প্রফুল্ল হওয়া

تَبَاهَلَ (تَبَاهُل) [بهل] [তাবাহালা] পরস্পর অভিশাপ দেওয়া

تَبَاهَى (تَبَاهِي ، تَبَاهٍ) [بهو] [তাবাহা] গর্ব করা, গর্বের প্রতিযোগিতা করা, গর্ববোধ করা

تَبَاوَأَ (تَبَاوُؤ) [بوأ] [তাবাওয়াআ] সমান হওয়া, সমমান হওয়া

تَبَايَأَ (تَبَايُؤ) [بيأ] [তাবায়াআ] খাপ খাইয়ে নেওয়া, মানিয়ে নেওয়া

تَبَايَعَ (تَبَايُع) [بيع] [তাবায়া'আ] একে অন্যের কাছে বিক্রয় করা, ক্রয়-বিক্রয় করা, কেনা-বেচা করা

تَبَايَنَ (تَبَايُن) [بين] [তাবায়ানা] বিপরীত হওয়া, ভিন্নতর হওয়া, পরস্পরবিরোধী হওয়া

تَبَايُن [بين] [তাবায়ুন] পরস্পরবিরোধিতা, বৈপরীত্য, ভিন্নতা

تَبَايُنِيّ [তাবায়ুনী] বিপরীতধর্মী, ভিন্ন, পরস্পর-বিরোধী

تَبَّبَ (تَتْبِيب) [تبب] [তাব্বাবা] বিনাশ করা, ধ্বংস করা, হালাক করা

التِّبِت [আত-তিবেত] তিব্বত (দেশ)

تَبَّة [تبب] [তাব্বাহ] ধ্বংস, বিনাশ, সর্বনাশ, ক্ষতি

تَبَتَّلَ (تَبَتُّل) [بتل] [তাবাত্তালা] অবিবাহিত থাকা, ধর্মপরায়ণ হওয়া, বিনয়ী হওয়া, একাগ্র হওয়া, অনুরক্ত হওয়া, আল্লাহর প্রতি একাগ্র হওয়া

تَبْتِيل [بتل] [তাব্তীল] পার্থিব বিষয়ে নির্লিপ্ততা, আল্লাহর প্রতি একাগ্রতা

تَبَثَّرَ (تَبَثُّر) [بثر] [তাবাছ্ছারা] ফোড়া পাঁচড়া ব্রণ ফুসকুড়ি ইত্যাদিতে ছেয়ে যাওয়া

تَبَجَّحَ (تَبَجُّح) [بجح] [তাবাজ্জাহা] গর্ব করা, বড়াই করা, দম্ভ করা, গর্বভরে চলা, সদর্পে চলা, ডাঁট দেখানো

تَبَجَّسَ (تَبَجُّس) [بجس] [তাবাজ্জাসা] জোরে প্রবাহিত হওয়া, বেগে নির্গত হওয়া

تَبَجَّلَ (تَبَجُّل) [بجل] [তাবাজ্জালা] সম্মানিত হওয়া, মর্যাদাবান হওয়া

تَبْجِيل [بجل] [তাব্জীল] সম্মানদান, মর্যাদাদান, সম্মান, মর্যাদা

تَبَخْبَخَ (تَبَخْبُخ) [بخبخ] [তাবাখ্বাখা] আরামে থাকা, সুখে থাকা, স্বাচ্ছন্দ্যে থাকা, স্বচ্ছন্দ জীবন যাপন করা

تَبَحَّرَ (تَبَحُّر) [بحر] فِي [তাবাহ্হারা] গভীরে প্রবেশ করা, অগাধ জ্ঞান লাভ করা, পাণ্ডিত্য অর্জন করা, সুদক্ষ হওয়া

تَبَحُّر [بحر] [তাবাহ্হুর] (জ্ঞানের) ব্যাপকতা, গভীরতা, বিশালতা

تَبَخْتَرَ (تَبَخْتُر) [بختر] [তাবাখ্তারা] অহমিকা দেখানো, সদর্পে চলা, গর্ব করা

تَبَخَّرَ (تَبَخُّر) [بخر] [তাবাখ্খারা] বাষ্পে পরিণত হওয়া, ধোঁয়ায় পরিণত হওয়া, ধূপ দ্বারা সুবাসিত হওয়া

تَبَخَّسَ (تَبَخُّس) [بخس] [তাবাখ্খাসা] কমে যাওয়া, হ্রাস পাওয়া

تَبْخِير [بخر] [তাব্খীর] বাষ্পে পরিণতকরণ, ধোঁয়ায় পরিণতকরণ, ধূপ দ্বারা সুবাসিতকরণ

تَبَدَّدَ (تَبَدُّد) [بدد] [তাবাদ্দাদা] ছড়িয়ে যাওয়া, বিক্ষিপ্ত হওয়া, উধাও হওয়া, হারিয়ে যাওয়া

تَبَدَّعَ (تَبَدُّع) [بدع] [তাবাদ্দা'আ] বিদ্‌আত সৃষ্টি করা, নতুন মত প্রবর্তন করা

تَبَدَّلَ (تَبَدُّل) [بدل] [তাবাদ্দালা] বদল হওয়া, পরিবর্তিত হওয়া, পরিবর্তন করা, পরিণত হওয়া

تَبَدُّل [بدل] [তাবাদ্দুল] বদল, পরিবর্তন, রূপান্তর

تَبَدَّى (تَبَدِّي) [بدو] [তাবাদ্দা] মরুভূমিতে বাস করা, মরুবাসী হওয়া, প্রকাশ পাওয়া, মনে হওয়া

تَبْدِيل ج تَبْدِيلَات [بدل] [তাব্দীল] বদলকরণ, পরিবর্তন, রূপান্তর, বদল

تِبْذَار [بذر] [তিব্যার] বাচাল, বেশী কথা বলে এমন, গোপন কথা ফাঁস করে দেয় এমন, অধিক ব্যয়কারী, অপচয়কারী

تِبْذَارَة [بذر] [তিব্যারাহ্] অপব্যয় করে সম্পদ নষ্টকারী

تَبَذَّخَ (تَبَذُّخ) [بذخ] [তাবায্যাখা] অনেক উঁচু হওয়া, অহঙ্কার করা, গর্ব করা, বড়াই করা

تَبَذَّرَ (تَبَذُّر) [بذر] [তাবায্যারা] অপচয় হওয়া, খরচ হয়ে যাওয়া, নিক্ষিপ্ত হওয়া, ছড়িয়ে যাওয়া, হারিয়ে যাওয়া

تَبَذَّلَ (تَبَذُّل) [بذل] [তাবায্যালা] অতি উদার হওয়া, নিজেকে বিলিয়ে দেওয়া

تَبْذِير [بذر] [তাব্যীর] অপচয়, অপব্যয়, বাজে খরচ, অমিতব্যয়

تَبَرَ [ن] (تَبْر) [তাবারা] ধ্বংস হওয়া, নষ্ট হওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া

تَبَرَ [ض] (تَبْر) [তাবারা] ধ্বংস করা, বিনাশ করা, ক্ষতিগ্রস্ত করা

تَبِرَ [س] (تَبَر) [তাবিরা] ধ্বংস হওয়া, নষ্ট হওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া

تَبَّرَ (تَتْبِير) [تبر] [তাব্বারা] ধ্বংস করা, বিনাশ করা, ক্ষতিগ্রস্ত করা

تِبْر ، تِبْرَة [তিব্‌র, তিব্‌রাহ্] স্বর্ণরেণু, স্বর্ণপিণ্ড

تَبَرَّأَ (تَبَرُّؤ) [برأ] [তাবার্‌রআ] অব্যাহতি পাওয়া, মুক্ত হওয়া, দায়মুক্ত হওয়া, খালাস পাওয়া

تَبْرِئَة [برأ] [তাব্‌রিআহ্] অব্যাহতি, নিষ্কৃতি, মুক্তি, দায়মুক্তি, খালাস

تَبَرْأَلَ (تَبَرْؤُل) [برأل] [তাবার্‌আলা] (মোরগ) ঘাড়ের পালক ফুলানো, অপকর্মে উদ্যত হওয়া

تَبَرْبَرَ (تَبَرْبُر) [بربر] [তাবার্‌বারা] বর্বর হয়ে যাওয়া, বর্বরের ন্যায় আচরণ করা

تَبَرَّجَ (تَبَرُّج) [برج] [তাবার্‌রজা] রূপসজ্জা করা, সৌন্দর্য প্রদর্শন করা, সাজা

تَبَرُّج [برج] [তাবার্‌রুজ] সৌন্দর্য প্রদর্শন, রূপসজ্জা, রূপচর্চা

تَبَرَّدَ (تَبَرُّد) [برد] [তাবার্‌রদা] নিজেকে শীতল করা, শীতল হওয়া, ঠাণ্ডা হওয়া, শীতাতপ-নিয়ন্ত্রিত হওয়া, উপশম হওয়া, প্রশমিত হওয়া

تَبَرَّرَ (تَبَرُّر) [برر] [তাবার্‌ররা] সঠিক বিবেচিত হওয়া, ধার্মিক হওয়া, সৎ হওয়া, আনুগত্য করা

تَبَرَّزَ (تَبَرُّز) [برز] [তাবার্‌রযা] মলত্যাগ করা, পায়খানা করা

تَبَرْطَلَ (تَبَرْطُل) [برطل] [তাবার্‌তলা] নষ্ট হওয়া, ঘুষ নেওয়া, ঘুষ খাওয়া

تَبَرْطَمَ (تَبَرْطُم) [برطم] [তাবার্‌তমা] রাগে জ্বলে যাওয়া, ক্রুদ্ধ হওয়া, উত্তেজিত হওয়া, বিরক্ত হওয়া

تَبَرَّعَ (تَبَرُّع) [برع] [তাবার্‌র'আ] দান করা, অনুদান দেওয়া, স্বেচ্ছায় করা

تَبَرُّع ج تَبَرُّعَات [برع] [তাবার্‌রু'] দান, চাঁদা, অনুদান, স্বেচ্ছাসেবা

تَبَرْعَمَ (تَبَرْعُم) [برعم] [তাবার্‌'আমা] কুঁড়ি বের

করা, মুকুলিত হওয়া, ফুল ফোটা

تَبَرْغَلَ (تَبَرْغُل) [برغل] [তাবারগালা] ক্ষুদ্র ক্ষুদ্র কণায় পরিণত হওয়া, গুঁড়ো হওয়া, দানা-দানা হওয়া

تَبَرْقَعَ (تَبَرْقُع) [برقع] [তাবারকাহা] দাগ লাগা, ছোপ লাগা, ময়লা লাগা

تَبَرْقَشَ (تَبَرْقُش) [برقش] [তাবারকাশা] রঙ্গিন হওয়া, রঙের ছোপ লাগা, চিত্র-বিচিত্র হওয়া

تَبَرْقَعَ (تَبَرْقُع) [برقع] [তাবারকা'আ] বোরকা পরিধান করা, পর্দা করা

تَبَرَّكَ (تَبَرُّك) [برك] [তাবাররকা] বরকত লাভ করা, বরকত কামনা করা, শুভ কামনা করা

تَبَرَّمَ (تَبَرُّم) [برم] [তাবাররমা] অসন্তোষ প্রকাশ করা, অসন্তুষ্ট হওয়া, বিরক্ত হওয়া, ক্লান্ত হওয়া

تَبَرُّم [برم] [তাবাররুম] বিরক্তি, অসন্তোষ, ক্লান্তি, অস্থিরতা

تَبَرْنَسَ (تَبَرْنُس) [برنس] [তাবারনাসা] বুরনুস (মাথাওয়ালা একপ্রকার ঢিলা কোট) পরা

تَبَرْنَطَ (تَبَرْنُط) [برنط] [তাবারনাতা] হেলমেট পরিধান করা, হ্যাট পরা

تَبَرْهَنَ (تَبَرْهُن) [برهن] [তাবারহানা] প্রমাণিত হওয়া, প্রমাণসিদ্ধ হওয়া

تِبْرِيَة [তিবরিয়াহ] মাথার খুশকি, মরামাস

تَبْرِيح [برح] [তাবরীহ] নির্যাতন, শাস্তিদান, কষ্ট, ক্লান্তি

تَبْرِيد [برد] [তাবরীদ] ঠাণ্ডাকরণ, শীতলকরণ, হিমায়ন, শীতাতপনিয়ন্ত্রণ, প্রশমন

تَبْرِير [برر] [তাবরীর] নির্দোষ ঘোষণা, অভিযোগ থেকে অব্যাহতিদান, যৌক্তিকতা প্রতিপাদন, সমর্থন

تَبْرِيك [برك] [তাবরীক] বরকত কামনা, শুভ কামনা, আশীর্বাদ

تَبَسَّطَ (تَبَسُّط) [بسط] [তাবাস্সাতা] বিস্তৃত হওয়া, ছড়িয়ে যাওয়া, সহজ-সরল হওয়া, আন্তরিক হওয়া, আন্তরিকভাবে বলা

تَبَسَّلَ (تَبَسُّل) [بسل] [তাবাস্সালা] ভ্রূকুটি করা, মুখ গোমড়া করা

تَبَسَّمَ (تَبَسُّم) [بسم] [তাবাস্সামা] হাসা, মুচকি হাসা, মৃদু হাসা

تَبَسُّم [بسم] [তাবাস্সুম] হাসি, মুচকি হাসি, মৃদু হাসি

تَبْسِيط [بسط] [তাবসীত] সহজকরণ, সরলকরণ

تَبَشَّعَ (تَبَشُّع) [بشع] [তাবাশ্শা'আ] কুৎসিত হওয়া, কদাকার হওয়া, বিকৃত হওয়া

تَبْشِير ج تَبَاشِير [بشر] [তাবশীর] মিশনারী কাজ, ধর্মপ্রচার, সুসংবাদ, পূর্বলক্ষণ, প্রাথমিক নিদর্শন

تَبْشِيرِيّ [তাবশীরী] ধর্মপ্রচার-সম্বন্ধীয়, মিশনারী

تَبَصْبَصَ (تَبَصْبُص) [بصبص] [তাবাছবাছা] (কুকুর) লেজ নাড়ানো, তোষামোদ করা

تَبَصَّرَ (تَبَصُّر) [بصر] [তাবাছ্ছরা] পর্যবেক্ষণ করা, দেখা, মনোযোগ সহকারে দেখা, নিরীক্ষণ করা, ভেবে দেখা, চিন্তা করা, বিবেচনা করা, ধ্যান করা

تَبَصُّر [بصر] [তাবাছ্ছুর] পর্যবেক্ষণ, দৃষ্টি, চিন্তা, নিরীক্ষণ, বিবেচনা, ধ্যান

تَبْصِرَة [بصر] [তাবছিরাহ] পর্যালোচনা, মতামত, আলোকপাত, শিক্ষা, উপদেশ, দৃষ্টান্ত

تَبَضَّضَ (تَبَضُّض) [بضض] [তাবাদ্দদা] একটু একটু করে নিয়ে নেওয়া, সবটুকু নেওয়া

تَبَضَّعَ (تَبَضُّع) [بضع] [তাবাদ্দ'আ] ক্রয় করা, কেনাকাটা করা, সওদা করা, (ঘাম) চুলের গোড়া থেকে একটু একটু করে পড়া

تَبَطَّأَ (تَبَطُّؤ) [بطأ] [তাবাত্তআ] বিলম্বিত হওয়া, বিলম্ব করা, দেরী করা, ঢিলেমি করা

تَبَطَّحَ (تَبَطُّح) [بطح] [তাবাত্তহা] বিস্তৃত হওয়া, ছড়িয়ে থাকা, পড়ে থাকা, টান টান হয়ে শুয়ে থাকা, উপুড় হয়ে পড়ে থাকা

تَبَطَّلَ (تَبَطُّل) [بطل] [তাবাত্তলা] বেকার হওয়া, কর্মহীন হওয়া, অলস হওয়া

تَبَطَّنَ (تَبَطُّن) [بطن] [তাবাত্তনা] মধ্যে যাওয়া, ভিতরে প্রবেশ করা, ভিতরের খবর জানা

تَبَع [তাবা'] পরম্পরা, ক্রমধারা, অধীনতা, বিনয়, অনুসরণ

تَبَع ج أَتْبَاع [তাবা'] অনুসারী, অনুগামী, সঙ্গী, সেবক, সাহায্যকারী, অধীন

تَبَعًا لِـ [তাবা'আন লি] অনুসারে, অনুযায়ী, ফলে,

কারণে, ফলশ্রুতিতে

تَبِعَ [س] (تَبَع) [তাবি'আ] অনুসরণ করা, পরে আসা, অনুগামী হওয়া, পিছনে চলা, অধীন হওয়া, লেগে থাকা, ধাওয়া করা

تَبَّعَ (تَتْبِيع) [تبع] [তাব্বা'আ] অনুসারী করা, অনুগামী করা, অধীন করা, পরে আনা, পিছনে চালানো, লাগিয়ে রাখা, ধাওয়া করানো

تُبَّع ج تَبَابِعَة [তুব্বা'] তুব্বা': ইয়েমেনের প্রাচীন রাজাদের উপাধি

تَبِعَة ج تَبِعَات [তাবি'আহ] পরিণতি, পরিণাম, দায়ভার, দায়িত্ব

تَبَعْثَرَ (تَبَعْثُر) [بعثر] [তাবা'ছারা] ছড়িয়ে পড়া, বিক্ষিপ্ত হওয়া, এলোমেলো হওয়া, বিশৃঙ্খল হওয়া

تَبَعَّجَ (تَبَعُّج) [بعج] [তাবা''আজা] (মেঘ) বৃষ্টি হয়ে পড়া, ভেঙ্গে পড়া, বেগে প্রবাহিত হওয়া, ফেটে পড়া

تَبَعَّدَ (تَبَعُّد) [بعد] [তাবা''আদা] দূরে যাওয়া, দূর হওয়া, সরে যাওয়া

تَبَعَّضَ (تَبَعُّض) [بعض] [তাবা''আদা] বিভক্ত হওয়া, ভাগ ভাগ হওয়া, ভেঙ্গে যাওয়া

تَبَعِي [তাবা'ঈ] অধীন, পরবর্তী, পরিণতিসরূপ আগত, সহায়ক, অনুসঙ্গী

تَبَعِيَّة [تبع] [তাবা'ইয়্যাহ] অধীনতা, আনুগত্য, বশ্যতা, পরিণতি, পরিণাম

تَبْعِيد [بعد] [তাব্'ঈদ] দূরীকরণ, দূরীভূতকরণ, বিতাড়ন

تَبْعِيض [بعض] [তাব্'ঈদ] ভাগকরণ, ভাঙ্গন, বিভক্তকরণ, খণ্ডিতকরণ

تِبْغ ، تَبْغ ، تَبَغ ج تُبُوغ [তিব্গ, তাব্গ, তাবাগ] তামাক, তাম্রকূট

تَبَغْدَدَ (تَبَغْدُد) [بغدد] [তাবাগ্দাদা] বাগদাদী হওয়া, বাগদাদবাসীদের মত হওয়া

تَبَغَّضَ (تَبَغُّض) [بغض] [তাবাগ্গাদা] ঘৃণা ব্যক্ত করা, ঘৃণিত হওয়া, অপ্রিয় হওয়া, অপছন্দনীয় হওয়া

تَبَغَّمَ (تَبَغُّم) [بغم] [তাবাগ্গামা] (হরিণী) কোমল স্বরে ডাকা

تَبَغَّى (تَبَغِّي) [بغي] [তাবাগ্গা] চাওয়া, পেতে চাওয়া, কামনা করা

تَبْغِين [তাব্গীন] নিকোটিন

تَبَقَّعَ (تَبَقُّع) [بقع] [তাবাক্কা'আ] দাগ লাগা, ছোপ লাগা, কলংকিত হওয়া

تَبَقَّلَ (تَبَقُّل) [بقل] [তাবাক্কালা] সবজির খোঁজে বের হওয়া, তৃণাদি চরে খাওয়া

تَبَقَّى (تَبَقِّي) [بقي] [তাবাক্কা] থাকা, অবশিষ্ট থাকা, পড়ে থাকা, রয়ে যাওয়া, অবস্থান করা

تَبْكِيت [بكت] [তাব্কীত] তীব্র নিন্দা, তিরস্কার, ভর্ৎসনা

تَبْكِيت الضَّمِير [তাব্কীতুদ দমীর] অনুশোচনা, অনুতাপ, মনস্তাপ, বিবেকের দংশন

تَبْكِير [بكر] [তাব্কীর] অগ্রতা, আগ, প্রভাতে সম্পাদন, অকালপক্কতা

تَبْل ج أَتْبَال ، تُبُول [তাব্ল] শত্রুতা, বিদ্বেষ, প্রতিশোধ-স্পৃহা

تَبَلَ [ض] (تَبْل) [তাবালা] ক্ষয় করা, নিঃশেষ করা, দুর্বল করা, রুগ্ন করা, অসুস্থ করা

تَبَّلَ (تَتْبِيل) [تبل] [তাব্বালা] মসলা দেওয়া, মসলা দিয়ে সুস্বাদু করা

تَبَلْبَلَ (تَبَلْبُل) [بلبل] [তাবাল্‌বালা] দুশ্চিন্তাগ্রস্ত হওয়া, উদ্বিগ্ন হওয়া, অস্থির হওয়া, অশান্ত হওয়া, বিশৃংখল হওয়া, তালগোল পাকিয়ে যাওয়া, হতভম্ব হওয়া, দিশেহারা হওয়া, এলোমেলো হওয়া

تَبَلَّجَ (تَبَلُّج) [بلج] [তাবাল্লাজা] উদ্ভাসিত হওয়া, উজ্জ্বল হওয়া

تَبَلَّدَ (تَبَلُّد) [بلد] [তাবাল্লাদা] নির্বোধ হওয়া, বোকা হওয়া, খাপ খাওয়া, নিজেকে মানিয়ে নেওয়া, অভ্যস্ত হওয়া

تَبَلَّرَ (تَبَلُّر) [بلر] [তাবাল্লারা] স্ফটিকে পরিণত হওয়া, স্ফটিকের মত স্বচ্ছ হওয়া

تَبَلْطَحَ (تَبَلْطُح) [بلطح] [তাবাল্‌তহা] সমতল হওয়া, চেপটা হওয়া, বিস্তৃত হওয়া, প্রশস্ত হওয়া

تَبَلَّعَ (تَبَلُّع) [بلع] [তাবাল্লা'আ] গলাধঃকরণ করা, গিলে ফেলা

تَبَلَّغَ (تَبَلُّغ) [بلغ] [তাবাল্লাগা] ঘোষিত হওয়া, বিজ্ঞাপিত হওয়া, প্রচার হওয়া, অবহিত হওয়া

تَبَلَّغَ بِ [-- বি] সন্তুষ্ট হওয়া, তৃপ্ত হওয়া

تَبَلَّلَ (تَبَلُّل) [بلل] [তাবাল্লালা] ভিজা, সিক্ত হওয়া, আর্দ্র হওয়া

تَبَلَّهَ (تَبَلُّه) [بله] [তাবাল্লাহা] নির্বোধ হওয়া, বোকা হওয়া, হাবলা হওয়া, হাবা হওয়া

تَبَلْوَرَ (تَبَلْوُر) [بلور] [তাবাল্‌ওয়ারা] স্ফটিকে পরিণত হওয়া, (স্ফটিকের মত) স্বচ্ছ হওয়া

تَبْلِيط [بلط] [তাব্‌লীত] পাকাকরণ, টালি স্থাপন

تَبْلِيغ [بلغ] [তাব্‌লীগ] প্রচার, ঘোষণা, দ্বীনী দাওয়াত, তবলীগ

تِبْن [তিব্‌ন] খড়, ঘাস, জাব

تَبَنَّى (تَبَنِّي) [بني] [তাবান্না] পুত্র হিসেবে গ্রহণ করা, পুত্র বানানো, সন্তান গ্রহণ করা, দত্তক নেওয়া

تَبَهَّجَ (تَبَهُّج) [بهج] [তাবাহ্‌হাজা] সুন্দর হওয়া, মনোরম হওয়া, আনন্দদায়ক হওয়া

تَبَهَّرَ (تَبَهُّر) [بهر] [তাবাহ্‌হারা] উজ্জ্বল করা, আলোকোজ্জ্বল করা, পূর্ণ হওয়া

تَبَهْرَجَ (تَبَهْرُج) [بهرج] [তাবাহ্‌রজা] সজ্জিত হওয়া, রূপসজ্জা করা, সৌন্দর্য প্রদর্শন করা, অহঙ্কার করা

تَبَهَّلَ (تَبَهُّل) [بهل] [তাবাহ্‌হালা] একে অন্যকে অভিশাপ দেওয়া

تَبَهَّمَ (تَبَهُّم) [بهم] [তাবাহ্‌হামা] অস্পষ্ট হওয়া, অবোধগম্য হওয়া, দুর্বোধ্য হওয়া

تَبَوَّأَ (تَبَوُّؤ) [بوأ] [তাবাওওয়াআ] নিবাস স্থাপন করা, নিবাসী হওয়া, স্থান লাভ করা, দখল করা

تَبَوَّلَ (تَبَوُّل) [بول] [তাবাওওয়ালা] পেশাব করা, প্রস্রাব করা, মূত্র ত্যাগ করা

تَبْوِيب [بوب] [তাব্‌উঈব] বিভিন্ন ভাগে বিভক্ত-করণ, বিভিন্ন অধ্যায়ে বিভক্তকরণ

تِبْيَان [بين] [তিব্‌ইয়ান] বর্ণনা, বিবরণ, ব্যাখ্যা, বিস্তারিত তথ্য

تَبَيَّضَ (تَبَيُّض) [بيض] [তাবাইয়াদা] শ্বেতবর্ণ হওয়া, শুভ্র হওয়া, সাদা হওয়া

تَبِيع ج تِبَاع ، تَبَائِع [تبع] [তাবী'] অনুসারী, অনুগামী, সঙ্গী, সেবক, সাহায্যকারী

تَبِيل [تبل] [তাবীল] প্রণয়পীড়িত, নিঃশেষিত, ক্ষয়প্রাপ্ত, দুর্বল

تَبَيَّنَ (تَبَيُّن) [بين] [তাবাইয়ানা] স্পষ্ট হওয়া, প্রকাশিত হওয়া, প্রকাশ পাওয়া, পরীক্ষা করা, চেক করা, পর্যবেক্ষণ করা, যাচাই করা, জানতে চাওয়া, আবিষ্কার করা

تَبْيِيت [بيت] [তাব্‌য়ীত] (দাবায়) ক্যাস্‌লিং

تَبْيِين [بين] [তাব্‌য়ীন] প্রকাশকরণ, স্পষ্টকরণ, বর্ণন, ব্যাখ্যাকরণ, উপস্থাপন

تَتَابَعَ (تَتَابُع) [تبع] [তাতাবা'আ] একের পর এক আসা, পর্যায়ক্রমে ঘটা, পালাক্রমে আসা, ধারাবাহিক হওয়া

تَتَابُع [تبع] [তাতাবু'] পরম্পরা, ধারাবাহিকতা, পর্যায়ক্রম, পালাক্রম, ক্রমধারা

بِالتَّتَابُع ، عَلَى التَّتَابُع [বিত-তাতাবু', 'আলাত-তাতাবু'] একের পর এক, পরম্পরায়, পর্যায়-ক্রমে, পালাক্রমে

التَّتَار [আত-তাতার] তাতার (জাতি)

تَتَارِيّ [তাতারী] তাতার জাতির লোক, তাতার

تَتَبَّعَ (تَتَبُّع) [تبع] [তাতাব্বা'আ] লেগে থাকা, পর্যবেক্ষণ করা, পরীক্ষা করা, পুঙ্খানুপুঙ্খরূপে অধ্যয়ন করা, অনুসন্ধান করা, পিছনে লাগা, অধীনস্থ হওয়া

تَتَبُّع [تبع] [তাতাব্বু'] পশ্চাদ্ধাবন, পুঙ্খানুপুঙ্খ অধ্যয়ন, পর্যবেক্ষণ, পরীক্ষা, অনুসন্ধান, অনুসরণ

تَتْبِيب [تبب] [তাত্‌বীব] ধ্বংসকরণ, বিনাশ-সাধন, ধ্বংস, বিনাশ

تَتْبِير [تبر] [তাত্‌বীর] ধ্বংসকরণ, বিলুপ্তকরণ, নিশ্চিহ্নকরণ, ধ্বংস, বিলুপ্তি

تَتْر [তাত্‌র] ক্রম, পরম্পরা, ক্রমধারা

التَّتَر [আত-তাতার] তাতার (জাতি)

تَتْرًا [তাত্‌রান] একের পর এক, ক্রমাগতভাবে, ধারাবাহিকভাবে, একে একে

تَتَرَّفَ (تَتَرُّف) [ترف] [তাতাররফা] সুখে থাকা, সুখী জীবন যাপন করা, বিলাসিতা করা

تَتْرَى [تتر ، وتر] [তাত্‌রা] একে একে, একের পর এক, ক্রমাগতভাবে, ধারাবাহিকভাবে

تَتَرِيّ [তাতারী] তাতার জাতির লোক, তাতার

تَتْفُل ، تُتْفُل [তাত্‌ফুল, তুত্‌ফুল] খেঁকশিয়াল,

শৃগাল

تَتَلْمَذَ (تَتَلْمُذٌ) [تلمذ] [তাতাল্‌মাযা] শিষ্য হওয়া, শিষ্যত্ব গ্রহণ করা, পাঠ গ্রহণ করা

تَتِمَّةٌ ج تَتِمَّاتٌ [تمم] [তাতিম্মাহ্] শেষ, সমাপ্তি, পরিসমাপ্তি, পরিশিষ্ট, উপসংহার

تُتُنٌ [তুতুন] তামাক, তাম্রকূট

تَتَوَّجَ (تَتَوُّجٌ) [توج] [তাতাওওয়াজা] মুকুট পরা, কিরীট পরা, মুকুটধারী হওয়া, অভিষিক্ত হওয়া

تَتَوَّقَ (تَتَوُّقٌ) [توق] إِلَى [তাতাওওয়াকা] কামনা করা, আগ্রহী হওয়া, উৎসুক হওয়া

تَتْوِيجٌ [توج] [তাত্‌বীজ] অভিষেক, আনুষ্ঠানিকভাবে দায়িত্বগ্রহণ, কর্মে নিয়োগ

تَثَاءَبَ (تَثَاؤُبٌ) [ثأب] [তাছা'আবা] হাই তোলা, মুখব্যাদান করা

تَثَاؤُبٌ [ثأب] [তাছা'উব] হাই, মুখব্যাদান, জৃম্ভ, জৃম্ভণ

تَثَاقَفَ (تَثَاقُفٌ) [ثقف] [তাছাক্বাফা] প্রতিদ্বন্দ্বিতা করা, দক্ষতার প্রতিযোগিতা করা, সংস্কৃতির প্রতিযোগিতা করা

تَثَاقَلَ (تَثَاقُلٌ) [ثقل] عَلَى [তাছাক্বালা] বোঝা হওয়া, ভারী হওয়া, কষ্ট দেওয়া, বিরক্ত করা

تَثَاقَلَ عَنْ [-- 'আন] ঢিলেমি করা, অলসতা করা, না করে বসে থাকা

تَثَبَّتَ (تَثَبُّتٌ) [ثبت] [তাছাব্বাতা] প্রমাণিত হওয়া, প্রতিষ্ঠিত হওয়া, নিশ্চিত হওয়া, স্থির হওয়া, দৃঢ় হওয়া

تَثَبَّتَ فِي [-- ফী] ধীরে ধীরে করা, সাবধানে করা, সময় নেওয়া

تَثَبَّتَ مِنْ [-- মিন] নিশ্চিত হওয়া, আস্থাবান হওয়া, নিশ্চিতভাবে জানা, নিশ্চিত করা, চেক করা, পরীক্ষা করা

تَثَبَّطَ (تَثَبُّطٌ) [ثبط] [তাছাব্বাতা] বিলম্বিত হওয়া, ধীরে কাজ করা, সময় নেওয়া, হতাশ হওয়া, বাধাপ্রাপ্ত হওয়া, ব্যর্থ হওয়া

تَثْبِيتٌ [ثبت] [তাছ্‌বীত] দৃঢ়ীকরণ, স্থিরকরণ, স্থায়ীকরণ, প্রতিষ্ঠিতকরণ, প্রতিষ্ঠা

تَثْبِيتَةٌ [ثبت] [তাছ্‌বীতাহ্] স্থির বস্তু, অনড় বস্তু, নির্ধারিত সূচি, ফিক্‌চার (fixture)

تَثْبِيطٌ [ثبط] [তাছ্‌বীত] বিলম্বিতকরণ, হতাশকরণ, হতোদ্যমকরণ, বাধাদান

تَثْخِينٌ [ثخن] [তাছ্‌খীন] ঘনীকরণ, ঘনীভূতকরণ, ভর্ৎসনা, নিন্দা

تَثْرِيبٌ [ثرب] [তাছ্‌রীব] তিরস্কার, দোষারোপ, নিন্দা, ধমক

تَثَقَّلَ (تَثَقُّلٌ) [ثفل] [তাছাফ্‌ফালা] তলায় পড়া, তলানি পড়া, নিচে জমা

تَثَقَّبَ (تَثَقُّبٌ) [ثقب] [তাছাক্কাবা] ফুটা হওয়া, ছিদ্রযুক্ত হওয়া, ছিদ্রিত হওয়া, বিদ্ধ হওয়া

تَثَقَّفَ (تَثَقُّفٌ) [ثقف] [তাছাক্কাফা] সুশিক্ষিত হওয়া, সভ্য হওয়া, উন্নত হওয়া

تَثْقِيفٌ [ثقف] [তাছ্‌ক্বীফ] শিক্ষাদান, সভ্যকরণ, উন্নতকরণ, শিক্ষা, সভ্যতা, উন্নতি, সংস্কৃতি

تَثْقِيفِيٌّ [তাছ্‌ক্বীফী] শিক্ষামূলক, সভ্যতা-বিষয়ক, সংস্কৃতি-বিষয়ক

تَثَلَّجَ (تَثَلُّجٌ) [ثلج] [তাছাল্লাজা] হিমায়িত হওয়া, ঠাণ্ডা হওয়া, ঠাণ্ডায় জমে যাওয়া, জমাট বাঁধা, বরফ হয়ে যাওয়া, বরফে পরিণত হওয়া

تَثَلَّلَ (تَثَلُّلٌ) [ثلل] [তাছাল্লালা] (ভবন) ভেঙ্গে পড়া, ধ্বংস হওয়া, (মাটি) বাতাসের সাথে ওড়া

تَثَلَّمَ (تَثَلُّمٌ) [ثلم] [তাছাল্লামা] ধারশূন্য হওয়া, ধারহীন হওয়া, ভোঁতা হওয়া, ধার নষ্ট হওয়া, খাঁজযুক্ত হওয়া

تَثْلِيثٌ [ثلث] [তাছ্‌লীছ] ত্রিগুণকরণ, তিন ভাগে ভাগকরণ, (খ্রীষ্টানদের) ত্রিত্ববাদ

تَثْمِينٌ [ثمن] [তাছ্‌মীন] মূল্যায়ন, মূল্য নির্ধারণ, মূল্য নিরূপণ

تَثَنَّى (تَثَنِّي) [ثني] [তাছান্না] বাঁকা হওয়া, ভাঁজ হওয়া, নোয়া, নুয়ে পড়া, দ্বিগুণ হওয়া, দ্বিবিধ হওয়া, পুনরাবৃত্ত হওয়া, আন্দোলিত হওয়া, দোলা

تَثْنِيَةٌ [ثني] [তাছ্‌নিয়াহ্] দ্বিগুণকরণ, দ্বিত্বকরণ, পুনরাবৃত্তি, (কাপড়) ভাঁজকরণ, (ব্যাকরণে) দ্বিবচন

تَجَابَّ (تَجَابٌّ) [جبب] [তাজাব্বা] (দু'জনের) প্রত্যেকে অন্যজনের বোন বিয়ে করা

تَجَابَهَ (تَجَابُهٌ) [جبه] [তাজাবাহা] মুখোমুখি হওয়া, সামনাসামনি হওয়া, সামনাসামনি সাক্ষাৎ করা

تَجَادَلَ (تَجَادُل) [جدل] [তাজাদালা] পরস্পর ঝগড়া করা, বিতর্ক করা, আলোচনা করা

تَجَاذَبَ (تَجَاذُب) [جذب] [তাজাযাবা] একে অপরকে আকর্ষণ করা, টানাটানি করা, প্রতি-যোগিতা করা

تِجَارَة ج تِجَارَات [تجر] [তিজারাহ] ব্যবসায়, ব্যবসা, বাণিজ্য, কারবার, তেজারত, পণ্যদ্রব্য

تَجَارَزَ (تَجَارُز) [جرز] [তাজারযা] একজন আরেকজনকে মন্দ বলা, পরস্পর গালি দেওয়া

تِجَارِيّ [তিজারী] ব্যবসা-সংক্রান্ত, ব্যবসায়িক, বাণিজ্যিক

تَجَازَرَ (تَجَازُر) [جزر] [তাজাযারা] একজন আরেকজনকে মন্দ বলা, পরস্পর গালি দেওয়া

تَجَاسَرَ (تَجَاسُر) [جسر] عَلَى [তাজাসারা] সাহস করা, দুঃসাহস দেখানো, ধৃষ্টতা দেখানো, ঔদ্ধত্য দেখানো, সাহসী হওয়া

تَجَاعِيد (تَجْعِيد) [جعد] [তাজা'ঈদ] (কপালের) কোঁচকানো দাগসমূহ, ভাঁজসমূহ, ললাটরেখা

تَجَافَى (تَجَافِي) [جفو] [তাজাফা] অত্যাচার করা, কঠোর হওয়া, কঠোর আচরণ করা, নির্দয় ব্যবহার করা

تَجَافَى عَنْ [-- 'আন] দূরে থাকা, পৃথক থাকা, আলাদা হওয়া

تَجَافِي ، تَجَافٍ [جفو] [তাজাফী] দূরত্ব, রূঢ়তা, কঠোরতা, নির্দয়তা, দুর্ব্যবহার, অত্যাচার

تَجَالَدَ (تَجَالُد) [جلد] [তাজালাদা] দ্বন্দ্বযুদ্ধ করা, তরবারির লড়াই করা, অসিযুদ্ধ করা

تَجَالَسَ (تَجَالُس) [جلس] [তাজালাসা] একত্রে বসা, একসাথে বসা, বৈঠক করা, সমাবেশে মিলিত হওয়া, মকদ্দমা করা

تَجَالَى (تَجَالِي) [جلو] [তাজালা] একজনের কাছে আরেকজনের অবস্থা পরিষ্কার হওয়া, পরস্পর পরস্পরকে চিনতে পারা

تَجَامَلَ (تَجَامُل) [جمل] [তাজামালা] পরস্পর সৌজন্য প্রদর্শন করা, সৌজন্য বিনিময় করা

تَجَانَبَ (تَجَانُب) [جنب] [তাজানাবা] এড়িয়ে চলা, পাশ কাটিয়ে চলা, পরিহার করা, দূরে থাকা

تَجَانَسَ (تَجَانُس) [جنس] [তাজানাসা] এক-জাতীয় হওয়া, একধরনের হওয়া, একরকম হওয়া

تَجَانَفَ (تَجَانُف) [جنف] عَنْ [তাজানাফা] সরে যাওয়া, দূরে যাওয়া, ভিন্ন পথে যাওয়া, পথ পরিবর্তন করা

تَجَانَفَ إِلَى [-- ইলা] ঝোঁকা, ঝুঁকে পড়া, ঝুঁকে যাওয়া, আগ্রহী হওয়া

تِجَاهَ ، تُجَاهَ [وجه] [তিজাহা, তুজাহা] দিকে, সম্মুখে, বিপরীতে, সামনাসামনি, মুখোমুখি

تَجَاهَدَ (تَجَاهُد) [جهد] [তাজাহাদা] চেষ্টা করা, প্রয়াস চালানো

تَجَاهَرَ (تَجَاهُر) [جهر] [তাজাহারা] ঘোষণা করা, প্রকাশ করা, প্রদর্শন করা

تَجَاهَلَ (تَجَاهُل) [جهل] [তাজাহালা] অজ্ঞতার ভান করা, না জানার ভান করা, উপেক্ষা করা

تَجَاهُل [جهل] [তাজাহুল] অজ্ঞতার ভান, না জানার ভান, উপেক্ষা

تَجَاوَبَ (تَجَاوُب) [جوب] [তাজাওয়াবা] আলাপ-আলোচনা করা, প্রশ্নোত্তর করা, সওয়াল-জওয়াব করা, সাড়া দেওয়া, সম্মতি দেওয়া

تَجَاوُب [جوب] [তাজাউব] আলাপ-আলোচনা, সওয়াল-জওয়াব, প্রশ্নোত্তর, সাড়া, সম্মতি

تَجَاوَرَ (تَجَاوُر) [جور] [তাজাওয়ারা] পরস্পর প্রতিবেশী হওয়া, পাশাপাশি বাস করা

تَجَاوَزَ (تَجَاوُز) [جوز] [তাজাওয়াযা] অতিক্রম করা, পার হয়ে যাওয়া, ছাড়িয়ে যাওয়া, সীমা-লঙ্ঘন করা, বাড়াবাড়ি করা

تَجَاوَزَ عَلَى [-- 'আলা] বাড়াবাড়ি করা, প্রভুত্ব করা, পদানত করা, পরাভূত করা, পরাস্ত করা

تَجَاوَزَ عَنْ [-- 'আন] উপেক্ষা করা, ক্ষমা করা, মাফ করে দেওয়া, যেতে দেওয়া, ছেড়ে দেওয়া, বিরত থাকা

تَجَاوُز [جوز] [তাজাউয] অতিক্রমণ, উল্লঙ্ঘন, পার, লঙ্ঘন, বাড়াবাড়ি, প্রভুত্ব, উপেক্ষা, ক্ষমা

تَجَاوِيد [جود] [তাজাবীদ] উপকারী বৃষ্টি

تَجَبَّرَ (تَجَبُّر) [جبر] [তাজাব্বারা] অহংকারী হওয়া, ঔদ্ধত্য প্রদর্শন করা, স্বেচ্ছাচারী হওয়া, ক্ষমতা দেখানো, দাপট দেখানো, (ভাঙ্গা হাড়) যথাস্থানে লাগা

تَجَبَّنَ (تَجَبُّن) [جبن] [তাজাব্বানা] (দুধ) দই

হয়ে যাওয়া, পনিরে পরিণত হওয়া, জমাট বাঁধা, জমে যাওয়া, শক্ত হওয়া, রূঢ় হওয়া

تَجَحَّرَ (تَجَحُّر) [جحر] [তাজাহ্‌হারা] গর্তে প্রবেশ করা, গর্ত লওয়া, (চোখ) কোটরগত হওয়া

تَجَدَّبَ (تَجَدُّب) [جدب] [তাজাদ্দাবা] (ভূমি) বৃষ্টি না হওয়ার কারণে শুষ্ক হওয়া, অনুর্বর হওয়া

تَجَدَّدَ (تَجَدُّد) [جدد] [তাজাদ্দাদা] নতুন হওয়া, নতুনভাবে তৈরী হওয়া, নতুনভাবে গড়ে ওঠা, নবায়নকৃত হওয়া

تَجَدَّلَ (تَجَدُّل) [جدل] [তাজাদ্দালা] (চুল) বিনুনিকৃত হওয়া, (দড়ি) পাক খাওয়া

تَجْدِيد [جدد] [তাজ্‌দীদ] নতুনকরণ, নবায়ন, পুনরারম্ভ, সংস্কার

تَجْدِيف [جدف] [তাজ্‌দীফ] দাঁড় টানা, নিন্দা, অপবাদ, ধর্মের অবমাননা, স্রষ্টা অথবা ধর্মীয় বিষয়ের নিন্দা, ব্ল্যাসফেমি (blasphemy)

تَجَذَّلَ (تَجَذُّل) [جذل] [তাজায্‌যালা] শিকড় গাড়া, দৃঢ়মূল হওয়া, সুপ্রতিষ্ঠিত হওয়া

تَجَرَ ن (تِجَارَة) [তাজারা] ব্যবসা করা, বাণিজ্য করা, কারবার করা, তেজারত করা

تَجَرَّأَ (تَجَرُّؤ) [جرأ] [তাজাররআ] সাহস করা, দুঃসাহস করা, স্পর্ধা দেখানো

تَجَرَّبَ (تَجَرُّب) [جرب] [তাজাররবা] পরীক্ষিত হওয়া, অভিজ্ঞতা লাভ করা

تَجْرِبَة ج تَجَارِب [جرب] [তাজ্‌রিবাহ্‌] পরীক্ষা, পরখ, অভিজ্ঞতা, অনুশীলন, প্রচেষ্টা, কষ্ট

تَجَرَّدَ (تَجَرُّد) [جرد] مِنْ [তাজাররদা] খালি হওয়া, মুক্ত হওয়া, শূন্য হওয়া, আলাদা হওয়া, নগ্ন হওয়া

تَجَرَّدَ لِـ [-- লি] নিবেদিত হওয়া, নিয়োজিত হওয়া

تَجَرَّعَ (تَجَرُّع) [جرع] [তাজাররা'আ] গিলে ফেলা, চুমুক দিয়ে পান করা, ঢোক গেলা

تَجَرَّمَ (تَجَرُّم) [جرم] [তাজাররমা] অপরাধের মিথ্যা অপবাদ দেওয়া, অপরাধ আরোপ করা, (সময়) অতিবাহিত হওয়া, চলে যাওয়া

تَجْرِيب [جرب] [তাজ্‌রীব] পরীক্ষাকরণ, পরখকরণ, যাচাইকরণ, পরীক্ষা, যাচাই

تَجْرِيبِيّ [তাজ্‌রীবী] পরীক্ষামূলক, পরীক্ষাভিত্তিক

تَجْرِيد [جرد] [তাজ্‌রীদ] শূন্যকরণ, খালিকরণ, মুক্তকরণ, পৃথকীকরণ, উলঙ্গকরণ, নগ্নকরণ

تَجْرِيدَة ج تَجَارِيد ، تَجْرِيدَات [তাজ্‌রীদাহ্‌] বিশেষ অভিযানে প্রেরিত বিচ্ছিন্ন সেনাদল, detachment

تَمَذَّعَ (تَمَذُّع) [مذع] [তামায্‌যা'আ] একটু একটু করে পান করা

تَمَذْهَبَ (تَمَذْهُب) [ذهب] بِ [তামায্‌হাবা] মাযহাব (মত) গ্রহণ করা, মতাবলম্বী হওয়া

تَمْر ج تُمُور [তাম্‌র] খেজুর, খর্জুর, শুকনো খেজুর

تَمْر هِنْدِيّ [তাম্‌র হিন্‌দী] তেঁতুল (টক ফল)

تَمَرَ [ن] (تَمْر) [তামারা] খেজুর দেওয়া, খেজুর খাওয়ানো, (মাংস) টুকরা টুকরা করে শুকানো

تَمَّرَ (تَتْمِير) [تمر] [তাম্মারা] খেজুর খাওয়ানো, (গাছে) খেজুর হওয়া, খেজুরে পরিণত হওয়া, (মাংস) টুকরা টুকরা করে শুকানো

تِمْرَاد ج تَمَارِيد [مرد] [তিম্‌রাদ] কবুতরের ঘর, পায়রার খোপ, ঘুঘুর বাসা

تَمْرَة ج تَمَرَات [তাম্‌রাহ্] খেজুর, খর্জুর, শুকনো খেজুর

تَمَرَّخَ (تَمَرُّخ) [مرخ] [তামার্‌রাখা] শরীর মাজা, অঙ্গমর্দন করা, গায়ে তেল দেওয়া

تَمَرَّدَ (تَمَرُّد) [مرد] عَلَى [তামার্‌রাদা] বিদ্রোহ করা, বিদ্রোহী হওয়া, অবাধ্য হওয়া, উদ্ধত হওয়া

تَمَرُّد [مرد] [তামার্‌রুদ] বিদ্রোহ, অবাধ্যতা, ঔদ্ধত্য

تَمَرَّسَ (تَمَرُّس) [مرس] [তামার্‌রাসা] অভ্যাস করা, অনুশীলন করা, অভ্যস্ত হওয়া, অভিজ্ঞ হওয়া

تَمَرَّضَ (تَمَرُّض) [مرض] [তামার্‌রাদা] রোগী হওয়া, রোগা হওয়া, অসুস্থ হওয়া, দুর্বল হওয়া

تَمَرَّطَ (تَمَرُّط) [مرط] [তামার্‌রাতা] (চুল) পড়ে যাওয়া, উঠে যাওয়া, ঝরে পড়া, খুলে পড়া

تَمَرَّعَ (تَمَرُّع) [مرع] [তামার্‌রা'আ] ঘাস সন্ধান করা, চরে বেড়ানো, ছুটে যাওয়া

تَمَرَّغَ (تَمَرُّغ) [مرغ] [তামার্‌রাগা] গড়াগড়ি দেওয়া, উল্টি দেওয়া, এপাশ-ওপাশ করা, ইতস্তত করা, দ্বিধান্বিত হওয়া

تَمَرْكَزَ (تَمَرْكُز) [ركز] [তামারকাযা] কেন্দ্রীভূত হওয়া, সুসংহত হওয়া, জোরদার হওয়া

تَمَرَّنَ (تَمَرُّن) [مرن] عَلَى [তামার্‌রানা] প্রশিক্ষণ নেওয়া, ট্রেনিং নেওয়া, চর্চা করা, অনুশীলন করা, অভ্যাস করা, অভ্যস্ত হওয়া, নবিস হওয়া

تَمْرِيخ [مرخ] [তাম্‌রীখ] মালিশকরণ, মালিশ, প্রলেপ, মর্দন

تَمْرِيس [مرس] [তাম্‌রীস] অভ্যস্তকরণ, অভিজ্ঞ-করণ, দক্ষকরণ, প্রশিক্ষণদান

تَمْرِيض [مرض] [তাম্‌রীদ] (রোগীর) শুশ্রূষা, সেবা, নার্সিং

تَمْرِين ج تَمَارِين ، تَمْرِينَات [مرن] [তাম্‌রীন] অনুশীলন, প্রশিক্ষণ, চর্চা, অভ্যাস, অনুশীলনী

تَمَزَّحَ (تَمَزُّح) [مزح] بِ [তামায্‌যাহা] গর্ব করা

تَمَزَّقَ (تَمَزُّق) [مزق] [তামায্‌যাক্বা] টুকরা-টুকরা হওয়া, খণ্ড-বিখণ্ড হওয়া, খানখান হওয়া, ছিন্ন-বিচ্ছিন্ন হওয়া, ভেঙ্গে যাওয়া

تِمْسَاح ج تَمَاسِيح [তিম্‌সাহ্] কুমীর, কুমির, নক্র

دُمُوع التَّمَاسِيح [দুমূ'উত তামাসীহ্] কুম্ভিরাশ্রুঃ দুঃখের ভান

تَمَسَّحَ (تَمَسُّح) [مسح] [তামাস্‌সাহা] মুছে যাওয়া,

মোছা হওয়া, গা মোছা, শরীর মালিশ করা

تِمْسَح ج تَمَاسِح ، تَمَاسِيح [مسح] [তিম্‌সাহ্‌] নরম কথায় ভুলিয়ে ধোঁকা দেয় এমন, প্রতারক, মিথ্যুক, কুমীর

تَمَسَّكَ (تَمَسُّك) [مسك] بِ [তামাস্‌সাকা] লেগে থাকা, ধরে রাখা, আঁকড়ে ধরা

تَمَسْكَنَ (تَمَسْكُن) [سكن] [তামাস্‌কানা] নিঃস্ব হয়ে যাওয়া, মিসকীন হয়ে যাওয়া, মিসকীন সাজা

تَمْسِيد [مسد] [তাম্‌সীদ] মর্দন, মাজন, মালিশ-করণ

تَمَشَّطَ (تَمَشُّط) [مشط] [তামাশ্‌শাতা] চিরুনি দ্বারা আঁচড়ানো, চিরুনি করা

تَمَشَّقَ (تَمَشُّق) [مشق] [তামাশ্‌শাক্বা] ছিঁড়ে যাওয়া, টুকরা টুকরা হওয়া, ছালমুক্ত হওয়া

تَمَشَّى (تَمَشِّي) [مشي] [তামাশ্‌শা] হেঁটে চলা, পদব্রজে গমন করা, পায়চারি করা, একত্রে চলা, খাপ খাওয়া

تَمْشِيط [مشط] [তাম্‌শীত] (চুল) চিরুনিকরণ, আঁচড়ানো, কেশবিন্যাস, অনুসন্ধান

تَمْشِيطَة [مشط] [তাম্‌শীতাহ্‌] চুল বাঁধার ফ্যাশন, কেশবিন্যাস, কবরীবিন্যাস

تَمَصَّرَ (تَمَصُّر) [مصر] [তামাছ্‌ছরা] (স্থান) জন-বসতিপূর্ণ হওয়া, শহর হয়ে যাওয়া, মিশরীয় হওয়া

تَمَصَّصَ (تَمَصُّص) [مصص] [তামাছ্‌ছা] চুমুক দেওয়া, অল্প পান করা

تَمْصِير [مصر] [তাম্‌ছীর] শহর তৈরীকরণ, সভ্য-করণ, আবাদকরণ, মিশরীয়করণ

تَمَضَّرَ (تَمَضُّر) [مضر] [তামাদ্দরা] মুদর গোত্রীয় বলে দাবি করা, মুদর গোত্রের পক্ষাবলম্বন করা, মুদর গোত্রীয়দের মত হওয়া, (পশু) মোটা হওয়া

تَمَضْمَضَ (تَمَضْمُض) [مضمض] [তামাদ্‌মাদা] কুলি করা, কুলকুচা করা

تَمْضِيَة [مضي] [তাম্‌দিয়াহ্‌] (সময়) অতিবাহন, সম্পন্নকরণ, সমাপ্তকরণ, কার্যকরকরণ, বাস্তবায়ন

تَمَطَّرَ (تَمَطُّر) [مطر] [তামাত্তরা] বৃষ্টির উপক্রম হওয়া, বৃষ্টি চাওয়া, বৃষ্টিস্নাত হওয়া, দ্রুত চলা, জোরে দৌড়ানো, গমন করা

تَمَطَّطَ (تَمَطُّط) [مطط] [তামাত্তাতা] বিস্তৃত হওয়া, প্রলম্বিত হওয়া, প্রসারিত হওয়া, টান হওয়া

تَمَطَّطَ فِي الْكَلَامِ [-- ফিল কালাম] টেনে টেনে কথা বলা, সাজিয়ে কথা বলা

تَمَطَّى (تَمَطِّي) [مطو] [তামাত্তা] প্রলম্বিত হওয়া, প্রসারিত হওয়া, হাত-পা ছড়ানো, আড়মোড়া দেওয়া, অহঙ্কার করা, গর্বভরে চলা

تَمَعَّجَ (تَمَعُّج) [معج] [তামা''আজা] বক্র হওয়া, বেঁকে যাওয়া, পেঁচযুক্ত হওয়া, পাক খাওয়া

تَمَعَّرَ (تَمَعُّر) [معر] [তামা''আরা] (মাথার) চুল পড়ে যাওয়া, টেকো হওয়া, (চেহারার) সৌন্দর্য নষ্ট হওয়া, লাবণ্য চলে যাওয়া

تَمَعَّزَ (تَمَعُّز) [معز] [তামা''আযা] কুচকে যাওয়া, সংকুচিত হওয়া, (উট) জোরে দৌড়ানো

تَمَعَّطَ (تَمَعُّط) [معط] [তামা''আতা] চুল পড়ে যাওয়া, রেগে যাওয়া, ক্ষিপ্ত হওয়া

تَمَعَّنَ (تَمَعُّن) [معن] فِي [তামা''আনা] ভালভাবে দেখা, মনোযোগ দিয়ে দেখা, নিরীক্ষণ করা, পর্যবেক্ষণ করা, হেয় হওয়া, ছোট হওয়া

تَمْغَة ج تَمْغَات [তাম্‌গাহ্‌] ছাপ, সীল, সীলমোহর

تَمَغْنَطَ (تَمَغْنُط) [তামাগ্‌নাতা] চুম্বকশক্তিসম্পন্ন হওয়া, চুম্বকান্বিত হওয়া, চুম্বকিত হওয়া

تَمَفْصَلَ (تَمَفْصُل) [فصل] [তামাফ্‌ছলা] জোড়-বিশিষ্ট হওয়া, গ্রন্থিযুক্ত হওয়া, গ্রন্থিল হওয়া, জোড়া লাগা

تَمَقَّتَ (تَمَقُّت) [مقت] إِلَى [তামাক্কাতা] অপ্রিয় হওয়া, অপছন্দনীয় হওয়া, ঘৃণ্য হওয়া

تَمَكَّثَ (تَمَكُّث) [مكث] [তামাক্কাছা] অপেক্ষা করা, থেমে থাকা, অবস্থান করা, বিলম্ব করা

تَمَكَّنَ (تَمَكُّن) [مكن] [তামাক্কানা] সুদৃঢ় হওয়া, শক্ত হওয়া, প্রতিষ্ঠিত হওয়া, শক্তিশালী হওয়া

تَمَكَّنَ مِنْ [-- মিন] (করতে) পারা, সক্ষম হওয়া, সমর্থ হওয়া, যোগ্য হওয়া

تَمَكُّن [مكن] [তামাক্কুন] দৃঢ়তা, শক্তি, জোর, বল, প্রতিষ্ঠা, সক্ষমতা, সামর্থ্য, যোগ্যতা

تَمْكِين [مكن] [তাম্‌কীন] জোরদারকরণ, শক্তি-শালীকরণ, সুদৃঢ়করণ, সম্ভবকরণ, সক্ষমকরণ, ক্ষমতা প্রদান

تَمَلَّحَ (تَمَلُّح) [ملح] [তামাল্লাহা] লবণের ব্যবসা করা, লবণ দেওয়া, (উট) মোটা হওয়া, লাবণ্য-ময় হওয়া

تَمَلَّسَ (تَمَلُّس) [ملس] [তামাল্লাসা] মসৃণ হওয়া, পিচ্ছিল হওয়া, সরে যাওয়া, ফসকে যাওয়া, সটকে পড়া

تَمَلَّصَ (تَمَلُّص) [ملص] مِنْ [তামাল্লাছা] পরিহার করা, এড়িয়ে যাওয়া, পালিয়ে যাওয়া, পিছলে যাওয়া

تَمَلَّطَ (تَمَلُّط) [ملط] [তামাল্লাতা] পিচ্ছিল হওয়া, মসৃণ হওয়া, স্বচ্ছ হওয়া

تَمَلْغَمَ (تَمَلْغُم) [ملغم] [তামাল্‌গামা] সংমিশ্রিত হওয়া, সংযুক্ত হওয়া, সম্মিলিত হওয়া, জোটবদ্ধ হওয়া

تَمَلَّقَ (تَمَلُّق) [ملق] [তামাল্লাক্বা] তোষামোদ করা, খোশামোদ করা, চাটুকারিতা করা, চাটুবৃত্তি করা

تَمَلُّق [ملق] [তামাল্লুক] তোষামোদ, খোশামোদ, চাটুকারিতা, চাটুবৃত্তি

تَمَلَّكَ (تَمَلُّك) [ملك] [তামাল্লাকা] মালিক হওয়া, অধিকারী হওয়া, অধিকার করা, দখল করা, রাজা হওয়া

تَمَلَّلَ (تَمَلُّل) [ملل] [তামাল্লালা] বিরক্ত হওয়া, ক্লান্ত হওয়া, অস্থির হওয়া, ধর্ম গ্রহণ করা

تَمَلْمَلَ (تَمَلْمُل) [ململ] [তামাল্‌মালা] তাড়াহুড়া করা, অস্থির হওয়া

تَمَلَّى (تَمَلِّي) [ملو] [তামাল্লা] ভোগ করা, উপকৃত হওয়া, দীর্ঘ জীবনকাল উপভোগ করা

تَمْلِيك [ملك] [তাম্‌লীক] মালিককরণ, মালিকানা প্রদান, রাজা বানানো

تَمَّمَ (تَتْمِيم) [تمم] [তাম্মামা] পূর্ণ করা, সম্পন্ন করা, সমাপ্ত করা, সংঘটিত করা

تُمَّن [তুম্মান] চাউল, চাল, তণ্ডুল

تَمَنْدَلَ (تَمَنْدُل) [ندل] [তামান্‌দালা] রুমাল দ্বারা মোছা, রুমাল বাঁধা

تَمَنَّعَ (تَمَنُّع) [منع] [তামান্না'আ] সুরক্ষাপ্রাপ্ত হওয়া, সুরক্ষিত হওয়া, সুদৃঢ় হওয়া

تَمَنَّعَ بِ [-- বি] আশ্রয় চাওয়া

تَمَنَّعَ عَنْ [-- 'আন] বিরত হওয়া, নিবৃত্ত হওয়া, ক্ষান্ত হওয়া

تَمَنَّنَ (تَمَنُّن) [منن] [তামান্নানা] দুর্বল করা, ক্লান্ত করা

تَمَنَّنَ عَلَى [-- 'আলা] কৃত উপকারের কথা স্মরণ করিয়ে দেওয়া, খোটা দেওয়া

تَمَنَّى (تَمَنِّي) [مني] [তামান্না] প্রত্যাশা করা, আশা করা, কামনা করা, চাওয়া

تَمَنِّي ، تَمَنٍّ ج تَمَنِّيَات [مني] [তামান্নী] আশা, বাসনা, আকাংক্ষা, কামনা, প্রত্যাশা

تَمَهَّدَ (تَمَهُّد) [مهد] [তামাহ্‌হাদা] প্রস্তুত হওয়া, তৈরী হওয়া, সুগম হওয়া, সমান হওয়া, বিন্যস্ত হওয়া

تَمَهَّرَ (تَمَهُّر) [مهر] [তামাহ্‌হারা] দক্ষ হওয়া, দক্ষতা অর্জন করা, বিচক্ষণ হওয়া

تَمَهَّلَ (تَمَهُّل) [مهل] [তামাহ্‌হালা] ধীরে কাজ করা, ধীরে চলা, ধীরে অগ্রসর হওয়া, সময় নেওয়া, ঢিলেমি করা

تَمَهَّنَ (تَمَهُّن) [مهن] [তামাহ্‌হানা] ট্রেনিং নেওয়া, প্রশিক্ষণ নেওয়া, অনুশীলন করা, নবিস হওয়া

تَمْهِيد [مهد] [তাম্‌হীদ] প্রস্তুতকরণ, বিন্যস্তকরণ, বিন্যাস, প্রস্তুতি, (পথ) সুগমকরণ, সহজকরণ, মুখবন্ধ, সূচনা, ভূমিকা

تَمْهِيدِيّ [তাম্‌হীদী] প্রস্তুতিমূলক, সূচনামূলক, প্রাথমিক, প্রারম্ভিক

تَمَوَّجَ (تَمَوُّج) [موج] [তামাওওয়াজা] উত্তাল হওয়া, ঢেউ খেলা, তরঙ্গায়িত হওয়া

تَمَوَّرَ (تَمَوُّر) [مور] [তামাওওয়ারা] অস্থির হওয়া, দ্রুত নড়া, উথাল-পাথাল করা, বারবার আসা-যাওয়া করা, ডানে-বামে যাওয়া, ঝরে পড়া

تَمُوز ، تَمُّوز [তামুয, তাম্মুয] জুলাই (মাস)

تَمَوَّلَ (تَمَوُّل) [مول] [তামাওওয়ালা] মালদার হওয়া, সম্পদশালী হওয়া, তহবিল পাওয়া, অর্থের যোগান লাভ করা

تَمَوَّنَ (تَمَوُّن) [مون] [তামাওওয়ানা] পাথেয় সংগ্রহ করা, সরবরাহপ্রাপ্ত হওয়া, যোগানপ্রাপ্ত হওয়া

تَمَوَّهَ (تَمَوُّه) [موه] [তামাওওয়াহা] পানিমিশ্রিত হওয়া, (ফলে) রস হওয়া, ভেজালমিশ্রিত হওয়া, বিকৃত হওয়া, প্রতারণাপূর্ণ হওয়া, প্রলেপযুক্ত হওয়া

تَمْوِيل [مول] [তাম্‌বীল] অর্থের যোগান, তহবিল সরবরাহ, অর্থায়ন

تَمْوِين [مون] [তাম্‌বীন] সরবরাহ, যোগান, রেশন

تَمْوِيه ج تَمْوِيهَات [موه] [তাম্‌বীহ্] পানি মিশ্রিত-করণ, ভেজাল মিশ্রিতকরণ, বিকৃতকরণ, ধোঁকা, প্রতারণা, প্রবঞ্চনা, কপটতা, ছলনা, লুক্কায়ন, প্রলেপদান

تَمْوِيهِيّ [তাম্‌বীহী] প্রতারণামূলক, প্রবঞ্চনামূলক, ছলনাপূর্ণ, কপট, মিথ্যা

تَمَيَّحَ (تَمَيُّح) [ميح] [তামাইয়াহা] দোলা, এদিক-ওদিক হেলা, হেলেদুলে চলা, টলমল করা, সদর্পে চলা

تَمَيَّزَ (تَمَيُّز) [ميز] [তামাইয়াযা] স্বতন্ত্র হওয়া, পৃথক হওয়া, শ্রেষ্ঠ হওয়া, বৈশিষ্ট্যপূর্ণ হওয়া, বিশিষ্ট হওয়া, অগ্রাধিকারপ্রাপ্ত হওয়া

تَمَيَّعَ (تَمَيُّع) [ميع] [তামাইয়া'আ] গলে যাওয়া, বিগলিত হওয়া, তরল হওয়া, নরম হওয়া

تَمَيَّلَ (تَمَيُّل) [ميل] [তামাইয়ালা] আন্দোলিত হওয়া, দোলা, নড়াচড়া করা, এদিক-ওদিক হেলা, হেলেদুলে চলা, টলমল করা

تُمَيْم [তুমাইম] রাজহাঁসের বাচ্চা, মরালশাবক

تَمِيمَة ج تَمَائِم [تمم] [তামীমাহ্] কবচ, মাদুলি, রক্ষাকবচ, তাবিজ

تَمَيَّهَ (تَمَيُّه) [ميه] [তামাইয়াহা] পানিমিশ্রিত হওয়া, আর্দ্রবিশ্লেষিত হওয়া, পানি হয়ে যাওয়া, গলে যাওয়া

تَمْيِيز [ميز] [তাম্‌য়ীয] পার্থক্যকরণ, তারতম্য-করণ, অগ্রাধিকার প্রদান, শ্রেষ্ঠত্বপ্রদান, পার্থক্য, অগ্রাধিকার, শ্রেষ্ঠত্ব, যাচাই, বুদ্ধি, বুঝ, বিবেচনা, পক্ষপাত, (ব্যাকরণে) তাম্‌য়ীযঃ বিশেষণের সাধারণ অর্থকে নির্দিষ্টকারী পদবিশেষ

تَمْيِيه [ميه] [তাম্‌য়ীহ্] পানির সাথে রাসায়নিক বিক্রিয়া ঘটিয়ে বিশ্লেষণ, আর্দ্রবিশ্লেষণ, hydrolysis

تِنّ ج أَتْنَان [তিন্] অনুরূপ, সমকক্ষ, বন্ধু, সাথী, রোগা ছেলে

تُنّ [তুন্] একধরনের সামুদ্রিক মাছ, tuna

تَنَاءَى (تَنَائِي) [نأي] [তানা'আ] দূরে যাওয়া, দূরে থাকা, দূরত্বে অবস্থান করা, দূরত্ব বজায় রাখা

تَنَابَذَ (تَنَابُذ) [نبذ] [তানাবাযা] বিতর্ক করা, ঝগড়া করা, বিবাদ করা, আলাদা হয়ে যাওয়া

تَنَابَزَ (تَنَابُز) [نبز] [তানাবাযা] পরস্পর খারাপ উপাধি দেওয়া, পরস্পরকে খারাপ উপাধিতে ডাকা

تَنَاثَرَ (تَنَاثُر) [نثر] [তানাছারা] ছড়িয়ে যাওয়া, ছড়িয়ে পড়া, ঝরে পড়া

تَنَاجَزَ (تَنَاجُز) [نجز] [তানাজাযা] পরস্পর সংঘাতে লিপ্ত হওয়া, হানাহানি করা, যুদ্ধ করা

تَنَاجَى (تَنَاجِي) [نجو] [তানাজা] সংগোপনে বলা, কানে কানে বলা, চুপেচুপে বলাবলি করা

تَنَاحَرَ (تَنَاحُر) [نحر] [তানাহারা] হানাহানি করা, খুনাখুনি করা

تَنَادَّ (تَنَادّ) [ندد] [তানাদ্দা] পরস্পর বিবাদ করা, আলাদা হয়ে যাওয়া, (উট) পালিয়ে যাওয়া, ছুটে যাওয়া

تَنَادَمَ (تَنَادُم) [ندم] [তানাদামা] একত্রে আড্ডায় বসা, একত্রে শরাব পান করা

تَنَادَى (تَنَادِي) [ندو] [তানাদা] একে অপরকে ডাকা, ডাকাডাকি করা, মিলিত হওয়া, সমবেত হওয়া

تَنَاذُر . [তানাযুর] (রোগের) লক্ষণাদি, উপসর্গ-নিচয়, syndrome

تَنَازَحَ (تَنَازُح) [نزح] [তানাযাহা] দূরে চলে যাওয়া, প্রবাসে গমন করা, হিজরত করা, প্রস্থান করা

تَنَازَعَ (تَنَازُع) [نزع] [তানাযা'আ] পরস্পর বিতর্ক করা, ভিন্নমত পোষণ করা, ঝগড়া করা, কাড়াকাড়ি করা, টানাটানি করা, আদালতে বিচার দেওয়া, মামলা করা

تَنَازُع [نزع] [তানাযু'] বিবাদ, বিরোধ, ঝগড়া, বিতর্ক, দ্বন্দ্ব, কাড়াকাড়ি, টানাটানি, মামলা-মকদ্দমা

تَنَازَقَ-(تَنَازُق) [نزق] [তানাযাক্বা] একে অন্যকে গালি দেওয়া, পরস্পর গালাগালি করা

تَنَازَلَ (تَنَازُل) [نزل] عَنْ [তানাযালা] নিচে নামা, নেমে যাওয়া, ছেড়ে দেওয়া, পদত্যাগ করা, নেমে পড়া

تَنَاسَبَ (تَنَاسُب) [نسب] مَعَ [তানাসাবা] একটি অন্যটির অনুকূল হওয়া, একটি আরেকটির উপযোগী হওয়া, সামঞ্জস্যশীল হওয়া, পরস্পর সম্পৃক্ত হওয়া, আনুপাতিক হওয়া

تَنَاسُب [نسب] [তানাসুব] সম্পৃক্ততা, সামঞ্জস্য, মিল, উপযোগিতা, অনুপাত

تَنَاسُبِيّ [نسب] [তানাসুবী] আনুপাতিক

تَنَاسَخَ (تَنَاسُخ) [نسخ] [তানা্সাখা] একটির পর আরেকটি আসা, পরপর আসা, একটির স্থলে আরেকটি আসা

تَنَاسَقَ (تَنَاسُق) [نسق] [তানা্সাক্বা] সুবিন্যস্ত হওয়া, সুসজ্জিত হওয়া, সমন্বিত হওয়া

تَنَاسُق [نسق] [তানা্সুক্ব] সামঞ্জস্য, সমন্বয়, মিল, বিন্যাস

تَنَاسَلَ (تَنَاسُل) [نسل] [তানা্সালা] সন্তান জন্ম দেওয়া, বংশবিস্তার করা

تَنَاسُل [نسل] [তানা্সুল] সন্তান উৎপাদন, বংশ-বিস্তার, প্রজনন

تَنَاسُلِي [তানা্সুলী] প্রজননসংক্রান্ত, যৌন

تَنَاسَى (تَنَاسِي) [نسي] [তানা্সা] ভুলের ভান করা, ভোলার চেষ্টা করা, অবহেলা করা, ভুলে যাওয়া

تَنَاشَبَ (تَنَاشُب) [نشب] [তানা্শাবা] একে অন্যের সাথে লেগে থাকা, পরস্পর মিলে থাকা

تَنَاشَدَ (تَنَاشُد) [نشد] [তানা্শাদা] একে অন্যের উদ্দেশ্যে কবিতা বলা, কাব্য-প্রতিযোগিতা করা

تَنَاصَبَ (تَنَاصُب) [نصب] [তানা্ছবা] ভাগ করে নেওয়া, ভাগাভাগি করা

تَنَاصَرَ (تَنَاصُر) [نصر] [তানা্ছরা] একে অন্যকে সাহায্য করা, পরস্পর সহযোগিতা করা

تَنَاصَفَ (تَنَاصُف) [نصف] [তানা্ছফা] একে অপরের প্রতি ইনসাফ করা

تَنَاضَحَ (تَنَاضُح) [نضح] [তানা্দহা] সঞ্চারিত হওয়া, সিঞ্চিত হওয়া, অর্ধভেদ্য পর্দার ভিতর দিয়ে দ্রাবক স্থানান্তরিত হওয়া, osmose

تَنَاضُح [نضح] [তানা্দুহ] সঞ্চারণ, সিঞ্চন, অর্ধ-ভেদ্য পর্দার ভিতর দিয়ে দ্রাবকের স্থানান্তর, অভিস্রাবণ, osmosis

تَنَاضَلَ (تَنَاضُل) [نضل] [তানা্দলা] পরস্পর প্রতিযোগিতা করা, একে অপরের সাথে পাল্লা দেওয়া

تَنَاطَحَ (تَنَاطُح) [نطح] [তানা্তহা] পরস্পর গুঁতা মারা, গুঁতাগুঁতি করা, একটির সাথে আরেকটির ধাক্কা লাগা

تَنَاطَقَ (تَنَاطُق) [نطق] [তানা্তক্বা] পরস্পর কথা বলা, বলাবলি করা

تَنَاظَرَ (تَنَاظُر) [نظر] [তানা্যরা] সামঞ্জস্যপূর্ণ হওয়া, একরকম হওয়া, মুখোমুখি হওয়া, বিতর্ক করা, ঝগড়া করা, প্রতিযোগিতা করা

تَنَاظَمَ (تَنَاظُم) [نظم] [তানা্যমা] একত্রে গ্রথিত হওয়া, পাশাপাশি বিন্যস্ত হওয়া, একটি আরেকটির কাছাকাছি থাকা

تَنَاعَسَ (تَنَاعُس) [نعس] [তানা্'আসা] ঘুম আসার ভান করা, তন্দ্রার ভান করা

تَنَاغَصَ (تَنَاغُص) [نغص] [তানা্গাছা] ভিড় করা

تَنَاغَمَ (تَنَاغُم) [نغم] [তানা্গামা] সামঞ্জস্যপূর্ণ হওয়া, সঙ্গতিপূর্ণ হওয়া, সামঞ্জস্যশীল হওয়া, সুসমঞ্জস হওয়া, একরকম হওয়া, খাপ খাওয়া, ঐকতানবিশিষ্ট হওয়া, উপযোগী হওয়া

تَنَافَذَ (تَنَافُذ) [نفذ] [তানা্ফাযা] সিঞ্চিত হওয়া, সঞ্চারিত হওয়া, অর্ধভেদ্য পর্দার ভিতর দিয়ে দ্রাবক স্থানান্তরিত হওয়া, osmose

تَنَافُذ [نفذ] [তানা্ফুয] সঞ্চারণ, সিঞ্চন, অর্ধভেদ্য পর্দার ভিতর দিয়ে দ্রাবকের স্থানান্তর, অভি-স্রাবণ, osmosis

تَنَافَرَ (تَنَافُر) [نفر] [তানা্ফারা] পরস্পর বিরোধ-পূর্ণ হওয়া, অসঙ্গতিপূর্ণ হওয়া, ঘৃণা করা, দূরে থাকা

تَنَافُر [نفر] [তানা্ফুর] বিরোধ, সঙ্ঘাত, অমিল, অনৈক্য, অসঙ্গতি, ঘৃণা, বিতৃষ্ণা, অরুচি

تَنَافَسَ (تَنَافُس) [نفس] [তানা্ফাসা] বিবাদ করা, প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতা করা, কামনা করা, প্রত্যাশা করা

تَنَافُس [نفس] [তানা্ফুস] বিবাদ, প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা, কামনা, প্রত্যাশা

تَنَافُسِي [তানা্ফুসী] প্রতিদ্বন্দ্বিতামূলক, প্রতিযো-গিতামূলক

تَنَافَى (تَنَافِي) [نفي] [তানা্ফা] পরস্পরবিরোধী হওয়া, ভিন্নধর্মী হওয়া, অসঙ্গতিপূর্ণ হওয়া, পরস্পর বিরোধিতা করা

تَنَاقَشَ (تَنَاقُش) [نقش] [তানা্ক্বাশা] আলোচনা করা, আলাপ-আলোচনা করা, বিতর্ক করা

تَنَاقَصَ (تَنَاقُص) [نقص] [তানা্ক্বাছা] ধীরে ধীরে হ্রাস পাওয়া, আস্তে আস্তে কমে যাওয়া, ক্রমশ ছোট হওয়া

تَنَاقَضَ (تَنَاقُض) [نقض] [তানাক্বাদা] পরস্পর-বিরোধী হওয়া, বিপরীতধর্মী হওয়া, অসঙ্গতিপূর্ণ হওয়া

تَنَاقُض [نقض] [তানাক্বুদ] পরস্পরবিরোধিতা, বৈপরীত্য, অসঙ্গতি

تَنَاقَلَ (تَنَاقُل) [نقل] [তানাক্বালা] নিয়ে যাওয়া, বহন করা, বিনিময় করা, হস্তান্তর করা, প্রচার করা, ছড়িয়ে দেওয়া

تَنَاقَلَتْهُ الأَلْسُنُ [তানাক্বালাতহুল আলসুন] মুখে মুখে ছড়িয়ে পড়া

تَنَاقَلَتْهُ الأَيْدِي [তানাক্বালাতহুল আইদী] এক হাত থেকে আরেক হাতে যাওয়া, হাতবদল হওয়া

تَنَاكَبَ (تَنَاكُب) [نكب] [তানাকাবা] সংলগ্ন হওয়া, লাগোয়া হওয়া, হেলান দেওয়া

تَنَاكَثَ (تَنَاكُث) [نكث] [তানাকাছা] পরস্পর (প্রতিশ্রুতি) ভঙ্গ করা

تَنَاكَحَ (تَنَاكُح) [نكح] [তানাকাহা] নিজেদের মধ্যে বিয়ে-শাদী করা, পরস্পর বিবাহ করা, একে অপরকে বিয়ে করা

تَنَاكَدَ (تَنَاكُد) [نكد] [তানাকাদা] একে অন্যের প্রতি রূঢ় আচরণ করা, বিরক্ত করা

تَنَاكَرَ (تَنَاكُر) [نكر] [তানাকারা] না জানার ভান করা, অজ্ঞতার ভান করা, উপেক্ষা করা, মনোযোগ না দেওয়া, অস্বীকার করা, একে অন্যের প্রতি শত্রুতাপূর্ণ আচরণ করা

تَنَامَى (تَنَامِي) [نمو] [তানামা] বর্ধিত হওয়া, বৃদ্ধি পাওয়া, বেড়ে ওঠা, উন্নতি করা

تَنَاهَبَ (تَنَاهُب) [نهب] [তানাহাবা] দৌড়ানো, প্রতিযোগিতা করা, দ্রুত গতিতে চলা

تَنَاهَدَ (تَنَاهُد) [نهد] [তানাহাদা] ব্যয়ে শরীক হওয়া, খরচের ভাগ দেওয়া

تَنَاهَزَ (تَنَاهُز) [نهز] [তানাহাযা] পাওয়ার জন্য তৎপর হওয়া

تَنَاهَى (تَنَاهِي، تَنَاهٍ) [نهي] [তানাহা] সমাপ্ত হওয়া, শেষ হওয়া, পরিণতি লাভ করা, শেষ সীমায় পৌঁছা, একে অপরকে নিষেধ করা

تَنَاوَبَ (تَنَاوُب) [نوب] [তানাওয়াবা] পালাক্রমে আসা, একের পর এক আসা, পালাক্রমে করা

تَنَاوُب [نوب] [তানাউব] পালা, পরম্পরা

بِالتَّنَاوُب [বিত-তানাউব] পালাক্রমে, একের পর এক, পারম্পরিকভাবে

تَنَاوُبِيّ [তানাউবী] পালাক্রমিক, পারম্পরিক

تَنَاوَشَ (تَنَاوُش) [نوش] [তানাওয়াশা] ধরতে পারা, নাগাল পাওয়া, আক্রমণ করা

تَنَاوَلَ (تَنَاوُل) [نول] [তানাওয়ালা] গ্রহণ করা, লাভ করা, নাগাল পাওয়া, খাওয়া, পানাহার করা, শামিল করা, অন্তর্ভুক্ত করা, বিবেচনা করা

تَنَاوُل [نول] [তানাউল] গ্রহণ, লাভ, প্রাপ্তি, নাগাল, খাদ্যগ্রহণ, অন্তর্ভুক্তি, বিবেচনা

تَنَاوَمَ (تَنَاوُم) [نوم] [তানাওয়ামা] ঘুমের ভান করা, ঘুমানোর চেষ্টা করা

تُنْبَاك [তুমবাক] (হুক্কার) তামাক

تِنْبَال ج تَنَابِيل [তিম্‌বাল] খাটো, খর্ব, খর্বাকৃতি

تَنَبَّأَ (تَنَبُّؤ) [نبأ] [তানাব্বাআ] নবুওয়াত দাবি করা

تَنَبَّأَ بِ [-- বি] ভবিষ্যদ্বাণী করা, পূর্বাভাস দেওয়া, পূর্বসঙ্কেত দেওয়া

تَنَبُّؤ [نبأ] [তানাব্বু'] ভবিষ্যদ্বাণী, পূর্বসঙ্কেত, পূর্বাভাস, নবুওয়াতের দাবি

تَنَبَّتَ (تَنَبُّت) [نبت] [তানাব্বাতা] শক্ত হওয়া, গজানো, প্রকাশ পাওয়া

تَنَبَّجَ (تَنَبُّج) [نبج] [তানাব্বাজা] (হাড়) স্ফীত হওয়া, ফুলে ওঠা

تَنَبَّعَ (تَنَبُّع) [نبع] [তানাব্বা'আ] (পানি) একটু একটু করে বের হওয়া

تَنْبَك ، تُنْبُك [তাম্‌বাক, তুম্‌বাক] (হুক্কার) তামাক

تَنْبَل ج تَنَابِلَة [তাম্‌বাল] অলস, আলসে, কুড়ে, অকর্মণ্য, ঢিলে, স্থূলবুদ্ধি

تَنَبَّلَ (تَنَبُّل) [نبل] [তানাব্বালা] সম্ভ্রান্ত হওয়া, সম্ভ্রান্তদের মত হওয়া, আভিজাত্যের ভান করা, শ্রেষ্ঠাংশ নেওয়া, (বিপদ) বড় হওয়া, ভয়াবহ হওয়া, মরে যাওয়া

تِنْبَل ج تَنَابِل ، تَنَابِلَة [তিম্‌বাল] খর্বকায়, বেঁটে, বামন, অলস

تَنَبَّهَ (تَنَبُّه) [نبه] لِ [তানাব্বাহা] সতর্ক থাকা, জাগ্রত হওয়া, মনোযোগ দেওয়া, লক্ষ্য রাখা

تَنْبُول ج تَنَابِيل [তুম্বূল] খর্বকায়, বেঁটে, বামন

تَنْبِيه [نبه] [তাম্বীহ] জাগ্রতকরণ, সতর্কীকরণ, মনোযোগ আকর্ষণ, অবহিতকরণ

تَنْبِيه ج تَنْبِيهَات [তাম্বীহ] প্রেরণা, নির্দেশনা, আদেশ, নির্দেশ, পরামর্শ, উপদেশ

تَنَتَّفَ (تَنَتُّف) [نتف] [তানাত্তাফা] (চুল) উপড়ে যাওয়া, উঠে যাওয়া, উপড়ানো, টেনে উঠানো

تَنَثَّرَ (تَنَثُّر) [نثر] [তানাছ্ছারা] ছড়িয়ে যাওয়া, ছড়িয়ে পড়া, বিক্ষিপ্ত হওয়া

تَنَجَّسَ (تَنَجُّس) [نجس] [তানাজ্জাসা] অপবিত্র হওয়া, নাপাক হওয়া, নোংরা হওয়া, ময়লা হওয়া, অপরিচ্ছন্ন হওয়া

تَنَجَّمَ (تَنَجُّم) [نجم] [তানাজ্জামা] জ্যোতির্বিদ্যা চর্চা করা, তারকা পর্যবেক্ষণ করা, তারা দেখা

تَنْجِيَة [نجو] [তান্জিয়াহ্] নিষ্কৃতিদান, রেহাই-দান, নাজাতদান, মুক্তিপ্রদান, উদ্ধারকরণ, রক্ষা-করণ

تَنْجِيم [نجم] [তান্জীম] ভবিষ্যদ্বাণী করার বিদ্যা, জ্যোতিষশাস্ত্র, গণকের ব্যবসা

تَنَحَّلَ (تَنَحُّل) [نحل] [তানাহ্হালা] (অন্যের কাজ বা গুণ) নিজের বলে দাবি করা, নকল করা, ধার করা, ধারণ করা, গ্রহণ করা

تَنَحْنَحَ (تَنَحْنُح) [نحنح] [তানাহ্নাহা] কাশি দিয়ে গলা পরিষ্কার করা, গলা খাঁকারি দেওয়া, গলাখাঁকার দেওয়া, গলা ঝাড়া

تَنَحَّى (تَنَحِّي) [نحي] عَنْ [তানাহ্হা 'আন] সরে যাওয়া, দূর হওয়া, ছেড়ে যাওয়া

تَنْحِيَة [نحي] [তান্হিয়াহ্] অপসারণ, বরখাস্ত-করণ, দূরীভূতকরণ

تَنَخَّعَ (تَنَخُّع) [نخع] [তানাখ্খা'আ] শ্লেষ্মা বের করা, কাশি দিয়ে গলা পরিষ্কার করা, কফ ফেলা

تَنَخَّمَ (تَنَخُّم) [نخم] [তানাখ্খামা] শ্লেষ্মা নির্গত করা, কাশি দিয়ে গলা পরিষ্কার করা, কফ ফেলা

تَنَدَّرَ (تَنَدُّر) [ندر] [তানাদ্দারা] রসিকতা করা, কৌতুক করা, মজা করা, তামাশা করা

تَنَدَّلَ (تَنَدُّل) [ندل] [তানাদ্দালা] রুমাল দিয়ে মোছা, রুমাল বাঁধা

تَنَدَّمَ (تَنَدُّم) [ندم] [তানাদ্দামা] লজ্জিত হওয়া, অনুতপ্ত হওয়া, অনুতাপ করা, পরিতাপ করা

تَنَدُّم [ندم] [তানাদ্দুম] অনুতাপ, পরিতাপ, অনুশোচনা

تَنَدَّى (تَنَدِّي) [ندو] [তানাদ্দা] উদারভাবে দান করা, বদান্যতা দেখানো, সিক্ত হওয়া, আর্দ্র হওয়া, ভেজা, শিশিরসিক্ত হওয়া

تَنْدِيَة [ندو] [তান্দিয়াহ্] সিক্তকরণ, আর্দ্রকরণ, শিশিরসিক্তকরণ

تَنْدِيد [ندد] [তান্দীদ] নিন্দা, তিরস্কার, দোষা-রোপ, সমালোচনা

تَنَزَّلَ (تَنَزُّل) [نزل] [তানায্যালা] নিচে নামা, অবতরণ করা, কমে যাওয়া, হ্রাস পাওয়া, হেয় হওয়া

تَنَزَّهَ (تَنَزُّه) [نزه] [তানায্যাহা] বিনোদন করা, প্রমোদভ্রমণ করা

تَنَزَّهَ عَنْ [-- 'আন] পবিত্র থাকা, মুক্ত থাকা

تَنَزُّه [نزه] [তানায্যুহ্] বিনোদন, প্রমোদভ্রমণ, আনন্দ, পবিত্রতা, দোষমুক্তি

تَنْزِيه [نزه] [তান্যীহ্] পবিত্রকরণ, পবিত্র বলে ঘোষণা, আনন্দদান

تَنْزِيل [نزل] [তান্যীল] নাযিলকরণ, অবতারণ, নিচে নামানো, পদাবনতি, হ্রাসকরণ, বিয়োজন, বিয়োগ

التَّنْزِيل [আত-তান্যীল] অবতীর্ণ গ্রন্থঃ পবিত্র কোরআন

تِنِس [তেনিস] টেনিস (খেলা)

تَنَسَّبَ (تَنَسُّب) [نسب] [তানাস্সাবা] বংশ-সম্পর্ক দাবি করা

تَنَسَّقَ (تَنَسُّق) [نسق] [তানাস্সাক্বা] সুবিন্যস্ত হওয়া, সুশৃঙ্খল হওয়া, সজ্জিত হওয়া

تَنَسَّكَ (تَنَسُّك) [نسك] [তানাস্সাকা] তপশ্চর্যা করা, তাপস-জীবন যাপন করা, তাপস হওয়া, ধার্মিক হওয়া, দরবেশ হওয়া, এবাদত করা

تَنَسُّك [نسك] [তানাস্সুক] ধার্মিকতা, এবাদত, তাপস-জীবন, তপশ্চর্যা

تَنَسَّمَ (تَنَسُّم) [نسم] [তানাস্সামা] শ্বাস নেওয়া, শ্বাসের সঙ্গে টানা, শোঁকা, ঘ্রাণ লওয়া, (সংবাদ) জানতে চাওয়া, সংগ্রহ করা, (বাতাস) ধীরে প্রবাহিত হওয়া, (স্থান) সৌরভময় হওয়া, সুরভিত হওয়া

تَنْسِيق [نسق] [তান্‌সীক] সুবিন্যস্তকরণ, সজ্জিত-করণ, সমন্বয়সাধন, বিন্যাস, শৃঙ্খলা, সমন্বয়, সাজ

تَنَشَّأَ (تَنَشُّؤ) [نشأ] لِ [তানাশ্‌শাআ] উঠে চলা, প্রস্তুতি গ্রহণ করা, প্রস্তুত হওয়া

تَنْشِئَة [نشأ] [তান্‌শিআহ্] লালনপালন, প্রতি-পালন, শিক্ষাদান, উত্তোলন, উত্থান

تَنَشَّبَ (تَنَشُّب) [نشب] فِي [তানাশ্‌শাবা] লেগে থাকা, এঁটে থাকা

تَنَشَّدَ (تَنَشُّد) [نشد] [তানাশ্‌শাদা] অনুসন্ধান করা, জানতে চাওয়া

تَنَشَّرَ (تَنَشُّر) [نشر] [তানাশ্‌শারা] বিস্তৃত হওয়া, ছড়িয়ে যাওয়া, ছড়িয়ে পড়া, প্রসারিত হওয়া, প্রচারিত হওয়া

تَنَشَّطَ (تَنَشُّط) [نشط] [তানাশ্‌শাতা] প্রফুল্ল হওয়া, প্রাণবন্ত হওয়া, তৎপর হওয়া, সক্রিয় হওয়া, উদ্যমী হওয়া

تَنَشَّفَ (تَنَشُّف) [نشف] [তানাশ্‌শাফা] শুকিয়ে যাওয়া, শুষ্ক হওয়া, নিষ্কাশিত হওয়া, শরীর মোছা

تَنَشَّقَ (تَنَشُّق) [نشق] [তানাশ্‌শাক্বা] নাক দিয়ে টানা, শ্বাস নেওয়া, শ্বাস করা

تَنَشَّمَ (تَنَشُّم) [نشم] [তানাশ্‌শামা] সন্ধান করা, জানতে চাওয়া, জানতে পাওয়া

تَنَشَّمَ فِي [-- ফী] শুরু করা, আরম্ভ করা, সূচনা করা

تَنَشَّى (تَنَشِّي) [نشو] [তানাশ্‌শা] নেশা লাগা, নেশা ধরা, ঘ্রাণ শোঁকা

تَنْشِيط [نشط] [তান্‌শীত] উৎসাহপ্রদান, প্রেরণা-দান, আনন্দদান, সক্রিয়করণ, ত্বরান্বিতকরণ

تَنْشِيف [نشف] [তান্‌শীফ] শুষ্ককরণ, শুকানো, পানি নিষ্কাশন

تَنَصَّبَ (تَنَصُّب) [نصب] [তানাছ্‌ছবা] উত্থাপিত হওয়া, উত্থিত হওয়া, উপরে ওঠা, ওড়া

تَنَصَّتَ (تَنَصُّت) [نصت] [তানাছ্‌ছতা] শুনতে চেষ্টা করা, চুরি করে শোনা, আড়ি পাতা

تَنَصَّحَ (تَنَصُّح) [نصح] [তানাছ্‌ছহা] উপদেশ দেওয়া, বেশী উপদেশ দেওয়া, সেলাই করা

تَنَصَّرَ (تَنَصُّر) [نصر] [তানাছ্‌ছরা] খ্রীষ্টান হয়ে যাওয়া, খ্রীষ্টধর্মে দীক্ষিত হওয়া, নাসারা হওয়া

تَنَصَّفَ (تَنَصُّف) [نصف] [তানাছ্‌ছফা] অর্ধেক নেওয়া, ন্যায়বিচার চাওয়া, সম্পত্তির অংশ দাবি করা, অনুগত হওয়া, চাকর হওয়া, চাকর বানানো, প্রতিশোধ নেওয়া, ওড়না পরা, মাথা ঢাকা

تَنَصَّلَ (تَنَصُّل) [نصل] [তানাছ্‌ছলা] বের করা, বেছে নেওয়া, সব নেওয়া, দূর হওয়া, চলে যাওয়া, রং চলে যাওয়া

تَنَصَّلَ مِنْ [-- মিন] সরে আসা, ছেড়ে দেওয়া, পরিত্যাগ করা, এড়িয়ে যাওয়া, অস্বীকার করা

تَنْصِيب [نصب] [তান্‌ছীব] সোজাকরণ, খাড়া-করণ, প্রতিষ্ঠিতকরণ, নিয়োগদান, অধিষ্ঠিতকরণ, স্থাপন, বিনিয়োগ

تَنْصِير [نصر] [তান্‌ছীর] খ্রীষ্টান বানানো, খ্রীষ্ট-ধর্মে দীক্ষিতকরণ

تَنْصِيف [نصف] [তান্‌ছীফ] অর্ধেককরণ, দুই ভাগে ভাগকরণ, দ্বিধাবিভক্তকরণ

تَنَضَّدَ (تَنَضُّد) [نضد] [তানাদ্দদা] (লেখা) কম্পোজ হওয়া, সুবিন্যস্ত হওয়া, সারিবদ্ধ হওয়া

تَنَضَّضَ (تَنَضُّض) [نضض] [তানাদ্দদা] পূরণ করা, একটু একটু করে বের করা, অল্প অল্প করে নেওয়া

تَنَضَّلَ (تَنَضُّل) [نضل] [তানাদ্দলা] বের করা

تَنْضِيد [نضد] [তান্‌দীদ] বিন্যাস, সারিবদ্ধকরণ, অক্ষরবিন্যাস, কম্পোজ (compose)

تَنَظَّرَ (تَنَظُّر) [نظر] [তানায্‌যরা] মনোযোগ দিয়ে দেখা, নিরীক্ষণ করা, পর্যবেক্ষণ করা, চিন্তা করা, খেয়াল করা

تَنَظَّفَ (تَنَظُّف) [نظف] [তানায্‌যফা] পরিষ্কার হওয়া, পরিচ্ছন্ন হওয়া, বিশুদ্ধ হওয়া, পবিত্র হওয়া, মার্জিত হওয়া

تَنَظَّمَ (تَنَظُّم) [نظم] [তানায্‌যমা] সুবিন্যস্ত হওয়া, সুশৃংখল হওয়া, নিয়মিত হওয়া, নিয়মমাফিক হওয়া, গ্রন্থিত হওয়া

تَنْظِير [نظر] [তান্‌যীর] দর্শন, লক্ষ্যকরণ, পর্য-বেক্ষণ, নিরীক্ষণ, পরীক্ষাকরণ, মতবাদপ্রদান, তুলনা

تَنْظِيف [نظف] [তান্‌যীফ] পরিষ্করণ, পরিষ্কার-করণ, পবিত্রকরণ, বিশুদ্ধকরণ, পরিচ্ছন্নতা

تَنْظِيم [نظم] [তান্যীম] ব্যবস্থাপনা, পরিকল্পনা, সমন্বয়, নিয়ন্ত্রণ, বিন্যাস, গঠন, সংগঠন, প্রস্তুতকরণ

تَنَعَّلَ (تَنَعُّل) [نعل] [তানা'‘আলা] স্যাণ্ডেল বা জুতা পরিধান করা, স্যাণ্ডেল বা জুতা পরিহিত হওয়া, (ঘোড়া) নাল-পরিহিত হওয়া

تَنَعَّمَ (تَنَعُّم) [نعم] [তানা'‘আমা] স্বাচ্ছন্দ্যে থাকা, সুখী জীবন যাপন করা, সুখে থাকা

تَنَعَّمَ بِ [-- বি] ভোগ করা, উপভোগ করা

تَنَعُّم [نعم] [তানা'‘উম] বিলাসিতা, প্রাচুর্য, সুখ, স্বাচ্ছন্দ্য, উপভোগ

تَنْعِيم [نعم] [তান্'ঈম] আরামদান, বিলাসিতা, সুখদান, সুখ

تَنَغَّشَ (تَنَغُّش) [نغش] [তানাগ্‌গাশা] নড়ে ওঠা, কেঁপে ওঠা, কম্পিত হওয়া, আন্দোলিত হওয়া, আলোড়িত হওয়া

تَنَغَّصَ (تَنَغُّص) [نغص] [তানাগ্‌গাছা] নষ্ট হওয়া, পণ্ড হওয়া, বিঘ্নিত হওয়া, বাধাগ্রস্ত হওয়া, বিরক্ত হওয়া, দুর্বিষহ হওয়া

تَنَغَّضَ (تَنَغُّض) [نغض] [তানাগ্‌গাদা] কেঁপে ওঠা, নড়ে ওঠা, কম্পিত হওয়া

تَنَغَّمَ (تَنَغُّم) [نغم] [তানাগ্‌গামা] গান গাওয়া, গুনগুন শব্দ করা, গুঞ্জন করা

تَنْغِيم [نغم] [তান্‌গীম] গুনগুনানি, গুঞ্জন, গাওন

تَنَفَّجَ (تَنَفُّج) [نفج] [তানাফ্‌ফাজা] মিথ্যা দম্ভ করা, বড়াই করা

تَنَفَّخَ (تَنَفُّخ) [نفخ] [তানাফ্‌ফাখা] ফুলে ওঠা, স্ফীত হওয়া, বাতাসে ভরা

تَنَفَّذَ (تَنَفُّذ) [نفذ] [তানাফ্‌ফাযা] বাস্তবায়িত হওয়া, কার্যকর হওয়া, সম্পাদিত হওয়া, সম্পন্ন হওয়া, পালিত হওয়া

تَنَفَّرَ (تَنَفُّر) [نفر] مِنْ [তানাফ্‌ফারা মিন] অপছন্দ করা, দূরে থাকা

تَنَفَّرَ عَنْ [-- 'আন] ফিরে থাকা, উপেক্ষা করা

تَنَفَّسَ (تَنَفُّس) [نفس] [তানাফ্‌ফাসা] শ্বাস নেওয়া, শ্বাস করা, হাঁফ ছাড়া, দীর্ঘ হওয়া, (প্রভাত) উদিত হওয়া, আবির্ভূত হওয়া

تَنَفُّس [نفس] [তানাফ্‌ফুস] শ্বাসগ্রহণ, নিঃশ্বাস, শ্বাস-প্রশ্বাস, (প্রভাতের) উদয়, আবির্ভাব

تَنَفَّشَ (تَنَفُّش) [نفش] [তানাফ্‌ফাশা] স্ফীত হওয়া, ফুলে ওঠা, (পাখি) পালক ফোলানো, পেখম মেলা, (বিড়াল) লোম খাড়া করা

تَنَفَّطَ (تَنَفُّط) [نفط] [তানাফ্‌ফাতা] (চামড়ায়) ফোসকা পড়া, ব্রণ হওয়া, ফুসকুড়ি হওয়া, টগবগ করে ফোটা

تَنَفَّلَ (تَنَفُّل) [نفل] [তানাফ্‌ফালা] নফল কাজ করা, কর্তব্যের অতিরিক্ত কাজ করা, নফল এবাদত করা

تَنْفِيذ [نفذ] [তান্‌ফীয] কার্যকরকরণ, বাস্তবায়ন, সম্পাদন, নির্বাহ, প্রেরণ

تَنْفِيذِيّ [তান্‌ফীযী] কার্যকরী, নির্বাহী

تَنْفِير [نفر] [তান্‌ফীর] বিতাড়ন, ভয় দেখিয়ে বিতাড়ন, আতঙ্কিতকরণ, দূরীভূতকরণ

تَنَقَّبَ (تَنَقُّب) [نقب] عَنْ [তানাক্কাবা] পরীক্ষা করা, সমীক্ষা করা, অনুসন্ধান করা, তদন্ত করা

تَنَقَّبَتْ [তানাক্কাবাত] (স্ত্রীলোক) ঘোমটা দেওয়া, মুখ ঢাকা, অবগুণ্ঠন পরা, পর্দা করা

تَنَقَّدَ (تَنَقُّد) [نقد] [তানাক্কাদা] বাছাই করা

تَنَقَّذَ (تَنَقُّذ) [نقذ] [তানাক্কাযা] বাঁচানো, উদ্ধার করা, মুক্ত করা, বের করা

تَنَقَّصَ (تَنَقُّص) [نقص] [তানাক্কাছা] নিন্দা করা, দুর্নাম করা, মন্দ বলা, আস্তে আস্তে কমানো, একটু একটু করে নেওয়া

تَنَقَّضَ (تَنَقُّض) [نقض] [তানাক্কাদা] ভেঙ্গে পড়া, ভেঙ্গে যাওয়া, ছিঁড়ে যাওয়া, খুলে যাওয়া, নষ্ট হওয়া, ধ্বংস হওয়া, লংঘিত হওয়া, বিলুপ্ত হওয়া

تَنَقَّلَ (تَنَقُّل) [نقل] [তানাক্কালা] জায়গা বদল করা, স্থানান্তরিত হওয়া, প্রস্থান করা, চলে যাওয়া, সরে যাওয়া, পরিবর্তিত হওয়া, বদলি হওয়া, চলা, ঘুরে বেড়ানো

تَنَقَّى (تَنَقِّي) [نقو] [তানাক্কা] পরিষ্কার হওয়া, পবিত্র হওয়া, পছন্দ করা, বেছে নেওয়া

تَنْقِيب [نقب] [তান্‌কীব] খনন, গভীরে প্রবেশ, অনুসন্ধান, পরীক্ষা, সমীক্ষা, গবেষণা

تَنْقِيَة [نقو] [তান্‌কিয়াহ] পরিষ্কারকরণ, শোধন, নির্মলকরণ, বাছাইকরণ

تَنْقِيح [نقح] [তান্‌কীহ] সংশোধন, পরিশোধন, পরিমার্জন, সম্পাদনা

تَنَك [তানাক] টিন, টিনের পাত, টিনের পাত্র

تَنَكَّبَ (تَنَكُّب) [نكب] [তানাক্কাবা] কাঁধে নেওয়া, দায়িত্ব নেওয়া

تَنَكَّبَ عَلَى [-- 'আলা] ভর দেওয়া, ভর করা

تَنَكَّبَ عَنْ [-- 'আন] পরিহার করা, বিরত থাকা, ভিন্ন পথে যাওয়া

تَنَكَة ج تَنَكَات [তানাকাহ্] টিনের পাত্র, টিনের কৌটা

تَنَكَّدَ (تَنَكُّد) [نكد] [তানাক্কাদা] অসুখী হওয়া, কষ্টকর হওয়া, বিরক্ত হওয়া, নিঃস্ব হওয়া

تَنَكَّرَ (تَنَكُّر) [نكر] [তানাক্কারা] ছদ্মবেশ ধারণ করা, মুখোশ পরা, বিরক্ত হওয়া, অবজ্ঞা করা, পরিত্যাগ করা

تَنَكُّر [نكر] [তানাক্কুর] ছদ্মবেশধারণ, ছদ্মবেশ, মুখোশ পরিধান, মুখোশ

تَنَكَّسَ (تَنَكُّس) [نكس] [তানাক্কাসা] অধঃপতিত হওয়া, অবক্ষয়িত হওয়া, অবনতি হওয়া, মাথা নিচু করা, উল্টে যাওয়া

تَنَكُّس [نكس] [তানাক্কুস] অধঃপতন, অধোগতি, অবনতি, অবক্ষয়

تَنْكِيس [نكس] [তান্‌কীস] (পতাকা) অর্ধনমিত-করণ

تَنْكِيل [نكل] [তান্‌কীল] লাঞ্ছিতকরণ, লাঞ্ছনা, শাস্তিদান, শাস্তি, দৃষ্টান্তমূলক শাস্তি

تَنْكِيه [نكه] [তান্‌কীহ্] সুগন্ধযুক্তকরণ, সুরভিত-করণ

تَنَمَّرَ (تَنَمُّر) [نمر] [তানাম্মারা] ক্ষিপ্ত হওয়া, ক্রুদ্ধ হওয়া, হিংস্রতা দেখানো, বাঘে পরিণত হওয়া, ব্যাঘ্রসুলভ আচরণ করা

تَنَمَّلَ (تَنَمُّل) [نمل] [তানাম্মালা] অবশ হওয়া, অসাড় হওয়া, হামাগুড়ি দিয়ে চলা, বিশৃংখল হওয়া

تَنْمَوِيّ [نمو] [তান্‌মাবী] উন্নয়নমূলক, উন্নয়ন-বিষয়ক, প্রবৃদ্ধিসংক্রান্ত

تَنْمِيَة [نمو] [তান্‌মিয়াহ্] বৃদ্ধি, প্রবৃদ্ধি, বিকাশ, উন্নতি, উন্নয়ন, অগ্রগতি, উত্তরণ

تَنْمِيق [نمق] [তান্‌মীক] সুসজ্জিতকরণ, বিন্যাস, অলংকৃতকরণ, অলংকরণ, লিখন, রচনা

تَنَهَّدَ (تَنَهُّد) [نهد] [তানাহ্‌হাদা] দীর্ঘ নিঃশ্বাস ফেলা, দীর্ঘশ্বাস ফেলা

تَنَهْنَهَ (تَنَهْنُه) [তানাহ্‌নাহা] বিরত থাকা, ফিরে যাওয়া, মৃতপ্রায় হওয়া, আধমরা হওয়া

تَنُّوب ، تَنُّوبَة [তানুবুব] কাঁটার মত পাতাওয়ালা একধরনের গাছ ও তার কাঠ, fir

تَنَوَّحَ (تَنَوُّح) [نوح] [তানাওওয়াহা] দোলায়িত হওয়া, দোলা, আন্দোলিত হওয়া, এদিক-ওদিক হেলা, হেলেদুলে চলা, ইতস্তত করা

تَنَوَّدَ (تَنَوُّد) [نود] [তানাওওয়াদা] আন্দোলিত হওয়া, নড়া, ঝোলা

تَنَوَّرَ (تَنَوُّر) [نور] [তানাওওয়ারা] আলোকিত হওয়া, উজ্জ্বল হওয়া, বুদ্ধিদীপ্ত হওয়া

تَنُّور ج تَنَانِير [তানুনুর] চুলা, চুল্লি, উনান, তন্দুর

تَنُّورَة [তানুনুরাহ্] (মহিলাদের) স্কার্ট (skirt), পেটিকোট

تَنَوَّسَ (تَنَوُّس) [نوس] [তানাওওয়াসা] ঝোলা, নড়া, আন্দোলিত হওয়া

تَنَوُّط ، تُنَوِّط [نوط] [তানাওবুত, তুনাওবিত] বাবুই পাখি

تَنَوَّعَ (تَنَوُّع) [نوع] [তানাওওয়া'আ] বিভিন্ন শ্রেণীর হওয়া, নানারকম হওয়া

تَنَوَّقَ (تَنَوُّق) [نوق] فِي [তানাওওয়াকা] খুঁতখুঁতে হওয়া, সূক্ষ্ম রুচিবোধসম্পন্ন হওয়া, রুচিবাগীশ হওয়া

تَنَوَّلَ (تَنَوُّل) [نول] [তানাওওয়ালা] নেওয়া, ধরা

تَنَوَّلَ عَلَى [-- 'আলা] দেওয়া, দান করা

تَنَوَّى (تَنَوِّي) [نوي] [তানাওওয়া] নিয়ত করা, মনস্থ করা

تَنْوِير [نور] [তান্‌বীর] উজ্জ্বলকরণ, আলোকিত-করণ, প্রদীপ্তকরণ, আলোকময়করণ, মুকুলিত-করণ

تَنْوِيع [نوع] [তান্‌বী'] বিভিন্নকরণ, শ্রেণীবিভাগ, শ্রেণীবিন্যাস, পরিবর্তন

تَنْوِيم [نوم] [তান্‌বীম] সম্মোহন, নিদ্রাচ্ছন্নকরণ, ঘুম পাড়ানো, অচেতনকরণ

تَنْوِين [نون] [তান্‌বীন] (বর্ণের) তানবীন উচ্চারণ, তানবীন চিহ্ন

تَنْوِيه [نوه] [তান্‌বীহ্] উচ্চ প্রশংসা, বিশেষভাবে উল্লেখ, জোরদান, ইঙ্গিত

تِنِيس [তেনীস] টেনিস (খেলা)

تَنَيَّحَ (تَنَيُّح) [نيح] [তানাইয়াহা] সন্তুষ্ট হওয়া,

আনন্দিত হওয়া, মরে যাওয়া

تَنَيَّقَ (تَنَيُّق) [نوق] فِي [তানাইয়াক্বা] খুঁতখুঁতে হওয়া, সূক্ষ্ম রুচিবোধসম্পন্ন হওয়া, রুচিবাগীশ হওয়া

تِنِّين ج تَنَانِين [তিন্নীন] ড্রাগন (dragon), দৈত্য, দানব, রাক্ষস

تَهَاتَرَ (تَهَاتُر) [هتر] [তাহাতারা] একে অপরের বিরুদ্ধে অভিযোগ করা, অভিযোগ-পাল্টা অভিযোগ করা, বিতর্কে লিপ্ত হওয়া, পরস্পর-বিরোধী হওয়া

تَهَاجَرَ (تَهَاجُر) [هجر] [তাহাজারা] পরস্পর পরস্পরকে ছেড়ে যাওয়া

تَهَاجَمَ (تَهَاجُم) [هجم] [তাহাজামা] পরস্পর আক্রমণ করা

تَهَاجَى (تَهَاجِي) [هجو] [তাহাজা] একজন আরেকজনকে ব্যঙ্গ করা, পরস্পর নিন্দা করা

تَهَادَنَ (تَهَادُن) [هدن] [তাহাদানা] পরস্পর সন্ধি করা, যুদ্ধবিরতি করা, শান্তিচুক্তি করা, শান্তিস্থাপন করা

تَهَادَى (تَهَادِي) [هدي] [তাহাদা] হেলেদুলে চলা, টলমল করা, পড়পড় হওয়া, পরস্পর উপহার দেওয়া, উপহার বিনিময় করা

تَهَارَبَ (تَهَارُب) [هرب] [তাহারাবা] একজন আরেকজনের সঙ্গে পালিয়ে যাওয়া, একত্রে পলায়ন করা

تَهَارَجَ (تَهَارُج) [هرج] [তাহারাজা] মারামারি করা, একে অপরকে আক্রমণ করা

تَهَارَشَ (تَهَارُش) [هرش] [তাহারাশা] পরস্পর পরস্পরকে আক্রমণ করা, মারামারি করা

تَهَارَطَ (تَهَارُط) [هرط] [তাহারাতা] গালাগালি করা, একজন আরেকজনকে গালি দেওয়া

تَهَافَتَ (تَهَافُت) [هفت] [তাহাফাতা] অবনতি ঘটা, ভেঙ্গে পড়া, ঝাঁপিয়ে পড়া, ভিড় করা, চাপ দেওয়া, সংঘাতময় হওয়া, পরস্পরবিরোধী হওয়া, একের পর এক আসা

تَهَافُت [هفت] [তাহাফুত] অবনতি, অবক্ষয়, ভাঙ্গন, পতন, দুর্বলতা, ভিড়, চাপ, সংঘাত, পরস্পরবিরোধিতা, পরম্পরা

تَهَالَكَ (تَهَالُك) [هلك] [তাহালাকা] ভেঙ্গে পড়া, ধ্বংস হওয়া, বিনষ্ট হওয়া, ক্লান্ত হওয়া, কষ্ট করা

تَهَالَكَ عَلَى [-- 'আলা] ঝাঁপিয়ে পড়া, নিবেদিত হওয়া, পেতে চাওয়া, আত্মনিয়োগ করা, পড়ে যাওয়া

تِهَامَة [তিহামাহ] তিহামাহ: হেজাযের একটি উপ-কূলীয় অঞ্চল, নিম্নাঞ্চল, নিম্নভূমি

تَهَامَسَ (تَهَامُس) [همس] [তাহামাসা] গোপনে বলাবলি করা, কানাঘুষা করা, ফিসফিস করে কথা বলা

تَهَاوَشَ (تَهَاوُش) [هوش] [তাহাওয়াশা] মিশ্রিত হওয়া, মেলামেশা করা

تَهَاوِش [هوش] [তাহাবিশ] অবৈধ সম্পদ

تَهَاوَنَ (تَهَاوُن) [هون] بِ [তাহাওয়ানা] অবজ্ঞা করা, অবহেলা করা, তুচ্ছজ্ঞান করা, হেয়জ্ঞান করা, অমনোযোগী হওয়া

تَهَاوَى (تَهَاوِي) [هوي] [তাহাওয়া] ভেঙ্গে পড়া, পড়ে যাওয়া, বিধ্বস্ত হওয়া, ধাবিত হওয়া

تَهَايَأَ (تَهَايُؤ) [هيأ] عَلَى [তাহাইয়াআ] একমত হওয়া, সম্মত হওয়া

تَهَايَجَ (تَهَايُج) [هيج] [তাহাইয়াজা] পরস্পর পরস্পরের উপর ঝাপিয়ে পড়া

تَهَبَّجَ (تَهَبُّج) [هبج] [তাহাব্বাজা] ফুলে ওঠা

تَهَبَّشَ (تَهَبُّش) [هبش] [তাহাব্বাশা] একত্রিত হওয়া, জড়ো হওয়া, একত্রিত করা, জড়ো করা

تَهَبَّطَ (تَهَبُّط) [هبط] [তাহাব্বাতা] আস্তে আস্তে নামা

تَهْتَار [هتر] [তাহ্তার] মূর্খতা, অজ্ঞতা, বোকামি, নির্বুদ্ধিতা

تَهْتَان [هتن] [তাহ্তান] থেমে গিয়ে আবার আসে এমন বৃষ্টি

تَهَتُّر [هتر] [তাহাত্তুর] মূর্খতা, অজ্ঞতা, বোকামি, নির্বুদ্ধিতা

تَهَتَّكَ (تَهَتُّك) [هتك] [তাহাত্তাকা] ছিন্ন হওয়া, ছিঁড়ে যাওয়া, সম্মানহানি ঘটা, লাঞ্ছিত হওয়া, নির্লজ্জ হওয়া, বেহায়া হওয়া

تَهَتَّمَ (تَهَتُّم) [هتم] [তাহাত্তামা] ভেঙ্গে যাওয়া, চূর্ণ-বিচূর্ণ হওয়া

تَهْتَهَ (تَهْتَهَة) [তাহ্তাহা] তো তো করা, তোত-লানো, তোতলামি করা

تَهَجَّأَ (تَهَجُّؤٌ) [هجأ] [তাহাজ্জাআ] বানান করা

تَهْجِئَةٌ [هجأ] [তাহ্জিআহ্] বানান, উচ্চারণ, পাঠ, শিক্ষা

تَهَجَّدَ (تَهَجُّدٌ) [هجد] [তাহাজ্জাদা] রাত্রিকালে এবাদত করা, তাহাজ্জুদ নামায পড়া, রাত্রি-জাগরণ করা

تَهَجُّدٌ [هجد] [তাহাজ্জুদ] রাত্রিকালীন এবাদত, তাহাজ্জুদ (নামায), রাত্রিজাগরণ

تَهَجَّمَ (تَهَجُّمٌ) [هجم] عَلَى [তাহাজ্জামা] ঝাঁপিয়ে পড়া, আক্রমণ করা

تَهَجَّى (تَهَجِّي) [هجو] [তাহাজ্জা] বানান করা, উচ্চারণ করা, পাঠ করা, শিক্ষা করা

تَهَجِّي ، تَهْجِيَةٌ [هجو] [তাহাজ্জী, তাহ্জিয়াহ্] বানান, উচ্চারণ, পাঠ, শিক্ষা

تَهْجِيرٌ [هجر] [তাহ্জীর] বিতাড়ন, ঘরবাড়ি থেকে বিতাড়ন

تَهْدَادٌ [هدد] [তাহ্দাদ] ভীতিপ্রদর্শন, শাস্তির হুমকি

تَهَدَّأَ (تَهَدُّئٌ) [هدأ] [তাহাদ্দাআ] শীতল হওয়া, ঠাণ্ডা হওয়া, শান্ত হওয়া, সান্ত্বনা পাওয়া

تَهْدِئَةٌ [هدأ] [তাহ্দিআহ্] শান্তকরণ, ঠাণ্ডাকরণ, প্রশমিতকরণ, সান্ত্বনাদান

تَهَدَّبَ (تَهَدُّبٌ) [هدب] [তাহাদ্দাবা] ঝুলে থাকা, ঝুলন্ত হওয়া

تَهَدَّجَ (تَهَدُّجٌ) [هدج] [তাহাদ্দাজা] (স্বর) কাঁপা, কম্পিত হওয়া, কম্পমান হওয়া

تَهَدَّدَ (تَهَدُّدٌ) [هدد] [তাহাদ্দাদা] হুমকি দেওয়া, ভীতিপ্রদর্শন করা

تَهَدَّلَ (تَهَدُّلٌ) [هدل] [তাহাদ্দালা] ঝুলে পড়া, ঝুলে থাকা, (পোশাক) ঢিলে হওয়া

تَهَدَّمَ (تَهَدُّمٌ) [هدم] [তাহাদ্দামা] ধ্বংস হওয়া, বিধ্বস্ত হওয়া, ভেঙ্গে পড়া

تَهَدَّى (تَهَدِّي) [هدي] [তাহাদ্দা] পথের সন্ধান চাওয়া, পথের সন্ধান পাওয়া, হেদায়েত লাভ করা

تَهْدِيدٌ ج تَهْدِيدَاتٌ ، تَهَادِيدُ [هدد] [তাহ্দীদ] হুমকি, ভীতিপ্রদর্শন, ধমক

تَهْدِيدِيٌّ [তাহ্দীদী] হুমকিমূলক, ভীতিজনক

تَهْدِيمٌ [هدم] [তাহ্দীম] ধ্বংসকরণ, বিধ্বস্তকরণ, বিনাশসাধন, ধ্বংস, বিনাশ

تَهَذَّبَ (تَهَذُّبٌ) [هذب] [তাহায্যাবা] মার্জিত হওয়া, সংশোধিত হওয়া, ঠিক হওয়া, শিক্ষাপ্রাপ্ত হওয়া, সভ্য হওয়া, শোধিত হওয়া

تَهْذِيبٌ [هذب] [তাহ্যীব] মার্জিতকরণ, ঠিক-করণ, সংশোধন, শোধন, সংস্কার, সংস্কৃতি, সভ্যতা, শিক্ষা

تَهْذِيبِيٌّ [তাহ্যীবী] শিক্ষামূলক, সভ্যতা-সংক্রান্ত, সংস্কৃতি-বিষয়ক

تَهَرَّأَ (تَهَرُّؤٌ) [هرأ] [তাহাররআ] টুকরা টুকরা হওয়া, ছিঁড়ে ছিঁড়ে যাওয়া, জীর্ণ হওয়া, বেশী সিদ্ধ হওয়া, (পশু) ঠাণ্ডায় কাবু হওয়া বা মরে যাওয়া

تَهَرَّبَ (تَهَرُّبٌ) [هرب] [তাহাররবা] পালিয়ে যাওয়া, পলায়ন করা, এড়িয়ে যাওয়া, পাচার হওয়া

تَهَرْطَقَ (تَهَرْطُقٌ) [هرطق] [তাহারতকা] প্রচলিত ধর্মমতের বিরোধিতা করা, ধর্মবিদ্বেষী হওয়া, বিদআত করা

تَهْرِيبٌ [هرب] [তাহ্রীব] পাচার, পাচারকরণ, বিতাড়ন, চোরা-কারবার

تَهْرِيجٌ [هرج] [তাহ্রীজ] হাস্যরস, কৌতুক, রসিকতা, মানসিক ভারসাম্যহীনতা

تَهَزَّأَ (تَهَزُّؤٌ) [هزأ] [তাহায্যাআ] বিদ্রূপ করা, ঠাট্টা করা, উপহাস করা, পরিহাস করা

تَهَزَّجَ (تَهَزُّجٌ) [هزج] [তাহায্যাজা] গাওয়া, গান গাওয়া, গান করা, গুনগুন করা, সুর করে আবৃত্তি করা, শব্দ করা

تَهَزَّزَ (تَهَزُّزٌ) [هزز] [তাহায্যাযা] কাঁপা, নড়া, কম্পিত হওয়া, নড়ে ওঠা, কেঁপে ওঠা

تَهَزَّعَ (تَهَزُّعٌ) [هزع] [তাহায্যা'আ] ত্বরা করা, তাড়াহুড়া করা, দ্রুত গমন করা, ছুটে যাওয়া

تَهَزُّعٌ [هزع] [তাহায্যু'] ত্বরা, তাড়াহুড়া, দ্রুত গমন, অসমক্রিয়া, ataxia

تَهَزَّمَ (تَهَزُّمٌ) [هزم] [তাহায্যামা] ভেঙ্গে যাওয়া, শব্দ করা, শব্দ করে ভেঙ্গে যাওয়া, ধ্বংস হওয়া

تَهَزْهَزَ (تَهَزْهُزٌ) [هزهز] [তাহায্হাযা] নড়ে ওঠা, কেঁপে ওঠা, আলোড়িত হওয়া, পুলকিত হওয়া

تَهَسْهَسَ (تَهَسْهُسٌ) [هسهس] [তাহাস্হাসা]

>Goto Top

শব্দ করা, ঝনঝন আওয়াজ দেওয়া

تَهَشَّمَ (تَهَشُّم) [هشم] [তাহাশ্‌শামা] চূর্ণ হওয়া, ভেঙ্গে যাওয়া, খানখান হওয়া, ধ্বংসপ্রাপ্ত হওয়া

تَهَضَّمَ (تَهَضُّم) [هضم] [তাহাদ্দমা] ভেঙ্গে যাওয়া, ফেটে যাওয়া, ভেঙ্গে দেওয়া, জুলুম করা, লাঞ্ছিত করা, বশ্যতা স্বীকার করা

تَهَطَّلَ (تَهَطُّل) [هطل] [তাহাত্তলা] প্রবল বেগে বর্ষিত হওয়া, জোরে বর্ষিত হওয়া

تَهَفْهَفَ (تَهَفْهُف) [هفهف] [তাহাফ্‌হাফা] ছিপছিপে হওয়া

تَهَكَّمَ (تَهَكُّم) [هكم] بِ ، عَلَى [তাহাক্কামা] ঠাট্টা করা, বিদ্রূপ করা, উপহাস করা, পরিহাস করা, ব্যঙ্গ করা

تَهَكُّم [هكم] [তাহাক্কুম] ঠাট্টা, উপহাস, বিদ্রূপ, ব্যঙ্গ, পরিহাস

تَهْلُكَة [هلك] [তাহ্‌লুকাহ্‌] ধ্বংস, বিনাশ, সর্বনাশ, হালাক, মৃত্যু, বিপজ্জনক অবস্থা, বিপদ

تَهْلُوك [هلك] [তাহ্‌লূক] ধ্বংস, বিনাশ, হালাক

تَهَلَّلَ (تَهَلُّل) [هلل] [তাহাল্লালা] উজ্জ্বল হওয়া, পরিষ্কার হওয়া, উদ্ভাসিত হওয়া, প্রফুল্ল হওয়া

تَهْلِيل ج تَهَالِيل [هلل] [তাহ্‌লীল] "লা ইলাহা ইল্লাল্লাহ" উচ্চারণ, প্রশংসা-ধ্বনি, উল্লাস-ধ্বনি, জয়ধ্বনি

تُهْمَة ، تُهَمَة ج تُهَم ، تُهَمَات [وهم] [তুহ্‌মাহ, তুহামাহ] অপবাদ, অবিশ্বাস, অভিযোগ

تَهَمَّشَ (تَهَمُّش) [همش] [তাহাম্মাশা] ক্ষয়প্রাপ্ত হওয়া, নষ্ট হওয়া, খেয়ে যাওয়া

تَهَمَّعَ (تَهَمُّع) [همع] [তাহাম্মা'আ] কান্নার ভান করা, কাঁদা, (পানি, অশ্রু) প্রবাহিত হওয়া

تَهَمَّكَ (تَهَمُّك) [همك] فِي [তাহাম্মাকা] যত্নবান হওয়া, মনোযোগী হওয়া, যত্ন সহকারে চেষ্টা করা, লেগে থাকা

تَهَمَّمَ (تَهَمُّم) [همم] [তাহাম্মামা] পেতে চাওয়া, (মাথা) উকুনমুক্ত করা

تَهْمِيشَة [همش] [তাহ্‌মীশাহ্‌] পার্শ্বটীকা, হাশিয়া

تَهْمِيمَة [همم] [তাহ্‌মীমাহ্‌] ঘুমপাড়ানি গান

تَهَنَّأَ (تَهَنِّئ) [هنأ] بِ [তাহান্নাআ] খুশী হওয়া, আনন্দ পাওয়া, উপভোগ করা

تَهَنَّفَ (تَهَنُّف) [هنف] [তাহান্নাফা] ক্রন্দন করা, কাঁদা, বিলাপ করা

تَهْنِئَة ج تَهَانِئ [هنأ] [তাহ্‌নিআহ্‌] অভিনন্দন, মোবারকবাদ, শুভেচ্ছা

تَهَنْدَمَ (تَهَنْدُم) [هندم] [তাহান্দামা] সুসজ্জিত হওয়া, পরিপাটী হওয়া, সুন্দর পোশাক পরা, বাবু সাজা

تَهْوَاد [هود] [তাহ্‌ওয়াদ] নম্রতা, কোমলতা, নরম স্বর, দুর্বল আওয়াজ

تَهَوَّجَ (تَهَوُّج) [هوج] [তাহাওওয়াজা] (গরম) তীব্র হওয়া, প্রচণ্ড হওয়া

تَهَوَّدَ (تَهَوُّد) [هود] [তাহাওওয়াদা] ইহুদী ধর্ম গ্রহণ করা, ইহুদী হওয়া

تَهَوَّرَ (تَهَوُّر) [هور] [তাহাওওয়ারা] ভেঙ্গে পড়া, ধ্বংসপ্রাপ্ত হওয়া, ঝাঁপিয়ে পড়া, অমনোযোগী হওয়া, দায়িত্বহীন হওয়া, অবিবেচনাপ্রসূত হওয়া

تَهَوَّسَ (تَهَوُّس) [هوس] [তাহাওওয়াসা] দিশেহারা হওয়া, হতবুদ্ধি হওয়া, মাথাখারাপ হওয়া, বিকৃতমস্তিষ্ক হওয়া

تَهَوَّشَ (تَهَوُّش) [هوش] [তাহাওওয়াশা] মিলিত হওয়া, জমায়েত হওয়া, জড়ো হওয়া

تَهَوَّلَ (تَهَوُّل) [هول] [তাহাওওয়ালা] ভয়ানক হওয়া, ভয়ঙ্কর হওয়া, ভয়াবহ হওয়া

تَهَوَّمَ (تَهَوُّم) [هوم] [তাহাওওয়ামা] তন্দ্রায় মাথা ঝুলানো, তন্দ্রাচ্ছন্ন হওয়া, ঝিমানো, ঘুমানো

تَهَوَّى (تَهَوِّي) [هوي] [তাহাওওয়া] বায়ুপূর্ণ হওয়া, বাতাসে ভরা, বায়ুচলাচলবিশিষ্ট হওয়া, বাতাসমিশ্রিত হওয়া, বায়বীয় হওয়া

تَهْوِيَة [هوي] [তাহ্‌বিয়াহ্‌] বাতাসভরণ, বায়ুপূর্ণকরণ, বায়ুচলাচলের ব্যবস্থাকরণ, বায়বীয়করণ

تَهْوِيد [هود] [তাহ্‌বীদ] ইহুদীকরণ, ইহুদীধর্মে দীক্ষিতকরণ, (মূল্য) হ্রাসকরণ, (শিশুকে) ঘুম পাড়ানো

تَهْوِيدَة [هود] [তাহ্‌বীদাহ্‌] ঘুমপাড়ানি গান

تَهْوِيل ج تَهَاوِيل [هول] [তাহ্‌বীল] ভীতিপ্রদর্শন, হুমকিপ্রদান, ভয়ঙ্করকরণ, ভীতি, হুমকি

تَهَيَّأَ (تَهَيُّؤ) [هيأ] [তাহাইয়াআ] প্রস্তুত হওয়া, তৈরী হওয়া, উদ্যত হওয়া, সম্ভব হওয়া

تَهَيَّبَ (تَهَيُّب) [هيب] [তাহাইয়াবা] ভয় করা, শ্রদ্ধা করা, ভয় দেখানো

تَهَيَّجَ (تَهَيُّج) [هيج] [তাহাইয়াজা] উত্তেজিত হওয়া, প্ররোচিত হওয়া, ক্রুদ্ধ হওয়া, উত্তাল হওয়া

تَهَيَّرَ (تَهَيُّر) [هير] [তাহাইয়ারা] ভেঙ্গে পড়া, ধ্বংসপ্রাপ্ত হওয়া

تَهَيَّضَ (تَهَيُّض) [هيض] [তাহাইয়াদা] (হাড়) জোড়া লাগার পর আবার ভেঙ্গে যাওয়া, (রোগ) আবার হওয়া

تَهَيَّلَ (تَهَيُّل) [هيل] [তাহাইয়ালা] বেগে বর্ষিত হওয়া, জোরে প্রবাহিত হওয়া, ধাবিত হওয়া

تَهَيَّمَ (تَهَيُّم) [هيم] [তাহাইয়ামা] হতবুদ্ধি করা, দিশেহারা করা, মত্ত করা, উন্মত্ত করা, মুগ্ধ করা

تَهِيم [وهم] [তাহীম] অভিযুক্ত, দোষারোপকৃত

تَهْيِيج [هيج] [তাহ্য়ীজ] উত্তেজিতকরণ, প্ররোচিতকরণ, উত্তেজনা, প্ররোচনা

تَوّ ج أَتْوَاء [তাও] এক, একক, একটি, এক গুনে পাকানো রশি, ভবন, বাড়ি

تَوًّا ، لِلتَّوِّ [তাওওয়ান, লিত-তাওবি] তাৎক্ষণিকভাবে, অবিলম্বে, সাথে সাথে

تَوَاءَمَ (تَوَاؤُم) [وأم] [তাওয়াআমা] সঙ্গতিপূর্ণ হওয়া, সুসমঞ্জস হওয়া, উপযোগী হওয়া, খাপ খাওয়া, একমত হওয়া, একরকম হওয়া

تَوَّاب [توب] [তাওওয়াব] তওবা কবুলকারী, পরম ক্ষমাশীল (আল্লাহ); তওবাকারী, অনুতপ্ত (বান্দা)

تَوَابِل (تَابِل) [تبل] [তাওয়াবিল] মসলা, ধনিয়া

تَوَاتَرَ (تَوَاتُر) [وتر] [তাওয়াতারা] ক্রমাগত ঘটা, একের পর এক আসা, অনুক্রমিক হওয়া, পারম্পরিক হওয়া

تَوَاتُر [وتر] [তাওয়াতুর] পরম্পরা, পারম্পরিকতা, অনুক্রম, ধারাবাহিকতা, পৌনঃপুনিকতা

تَوَاثَبَ (تَوَاثُب) [وثب] [তাওয়াছাবা] একজন আরেকজনের দিকে লাফ দেওয়া, একে অন্যের উপর ঝাপিয়ে পড়া

تَوَاثَقَ (تَوَاثُق) [وثق] [তাওয়াছাক্বা] পরস্পর চুক্তি করা, চুক্তিবদ্ধ হওয়া, অঙ্গীকারাবদ্ধ হওয়া

تَوَاجَدَ (تَوَاجُد) [وجد] [তাওয়াজাদা] থাকা, বিদ্যমান থাকা, উপস্থিত থাকা, লব্ধ হওয়া, আবেগপ্রবণ হওয়া

تَوَاجَهَ (تَوَاجُه) [وجه] [তাওয়াজাহা] পরস্পর মুখোমুখি হওয়া, সামনাসামনি হওয়া, সাক্ষাৎ করা

تَوَادّ [ودد] [তাওয়াদ্] পারস্পরিক ভালবাসা, একে অপরের প্রতি বন্ধুভাবাপন্নতা, বন্ধুত্বসুলভ আচরণ

تَوَادَّ (تَوَادّ) [ودد] [তাওয়াদ্দা] একে অপরকে ভালবাসা, পরস্পর বন্ধুভাবাপন্ন হওয়া, বন্ধুত্বসুলভ আচরণ করা

تَوَادَعَ (تَوَادُع) [ودع] [তাওয়াদা'আ] পরস্পর বিদায়ী শুভেচ্ছা জানানো, একে অপরকে বিদায় জানানো, পরস্পর সন্ধি করা

تَوَارَثَ (تَوَارُث) [ورث] [তাওয়ারছা] উত্তরাধিকার সূত্রে লাভ করা

تَوَارَدَ (تَوَارُد) [ورد] [তাওয়ারদা] একের পর এক আসা বা ঘটা, যুগপৎ সংঘটিত হওয়া

تَوَارَى (تَوَارِي) [وري] [তাওয়ারা] লুকিয়ে থাকা, আত্মগোপন করা

تَوَازَنَ (تَوَازُن) [وزن] [তাওয়াযানা] ভারসাম্যপূর্ণ হওয়া, সুষম হওয়া, সমমান হওয়া, সমতুল হওয়া

تَوَازُن [وزن] [তাওয়াযুন] ওজনের সমতা, ভারসাম্য, সমতুল্যতা, সামঞ্জস্য, স্থিতি

تَوَازَى (تَوَازِي) [وزي] [তাওয়াযা] সমান্তরাল হওয়া, সমান হওয়া, অনুরূপ হওয়া

تَوَاشَجَ (تَوَاشُج) [وشج] [তাওয়াশাজা] একটির মধ্যে আরেকটি ঢুকে পড়া, একটির সাথে আরেকটি মিশে যাওয়া, মিশ্রিত হওয়া, বিজড়িত হওয়া, জটিল হওয়া

تَوَاصَلَ (تَوَاصُل) [وصل] [তাওয়াছালা] ক্রমাগত চলতে থাকা, অব্যাহত থাকা, পরস্পর সম্পৃক্ত হওয়া

تَوَاصَمَ (تَوَاصُم) [وصم] [তাওয়াছামা] একজন আরেকজনের দোষ বলা, পরস্পর দোষারোপ করা

تَوَاصَى (تَوَاصِي) [وصي] [তাওয়াছা] পরস্পর সদুপদেশ বা পরামর্শ দেওয়া, অসিয়ত করা

تَوَاضَعَ (تَوَاضُع) [وضع] [তাওয়াদ'আ] বিনয় প্রদর্শন করা, বিনয়ী হওয়া, বিনীত হওয়া

تَوَاضُع [وضع] [তাওয়াদু'] বিনয়, নম্রতা, নীচতা,

হীনতা

تَوَاطَأَ (تَوَاطُؤ) [وطأ] [তাওয়াতুআ] যোগসাজস করা, আঁতাত করা, একমত হওয়া

تَوَاطَسَ (تَوَاطُس) [وطس] [তাওয়াতসা] (তরঙ্গ) একটির উপর আরেকটি আছড়ে পড়া, একটি আকেকটিকে আঘাত করা, ভিড় করা

تَوَاعَدَ (تَوَاعُد) [وعد] [তাওয়া'আদা] পরস্পর ওয়াদা করা, একে অপরকে প্রতিশ্রুতি দেওয়া

تَوَافَدَ (تَوَافُد) [وفد] [তাওয়াফাদা] একের পর এক আসা বা পৌঁছা, একত্রে আসা বা পৌঁছা

تَوَافَرَ (تَوَافُر) [وفر] [তাওয়াফারা] পর্যাপ্ত হওয়া, যথেষ্ট হওয়া, বৃদ্ধি পাওয়া, বিদ্যমান থাকা, পাওয়া যাওয়া

تَوَافُر [وفر] [তাওয়াফুর] পর্যাপ্ততা, যথেষ্টতা, আধিক্য, প্রাচুর্য, বিদ্যমানতা

تَوَافَقَ (تَوَافُق) [وفق] [তাওয়াফাক্বা] একরকম হওয়া, সামঞ্জস্যপূর্ণ হওয়া, সঙ্গতিপূর্ণ হওয়া, উপযোগী হওয়া, খাপ খাওয়া, পরস্পর সম্মত হওয়া, একমত হওয়া

تَوَافُق [وفق] [তাওয়াফুক্ব] সামঞ্জস্য, মিল, সঙ্গতি, সাদৃশ্য, উপযোগিতা ঐক্যমত, মতৈক্য

تَوَّاق [توق] [তাওওয়াক্ব] আগ্রহী, কামনাকারী, আশান্বিত, উদগ্রীব, পিপাসু

تَوَاقَتَ (تَوَاقُت) [وقت] [তাওয়াক্বাতা] একই সময়ে ঘটা, একসঙ্গে হওয়া, যুগপৎ ঘটা, একই সময়ের হওয়া

تَوَاقَحَ (تَوَاقُح) [وقح] [তাওয়াক্বাহা] বেআদবি করা, ধৃষ্টতা প্রদর্শন করা, ঔদ্ধত্য দেখানো, নির্লজ্জ আচরণ করা

تَوَاقَعَ (تَوَاقُع) [وقع] [তাওয়াক্বা'আ] একজন আরেকজনের উপর ঝাঁপিয়ে পড়া, পরস্পর যুদ্ধে লিপ্ত হওয়া

تَوَاقَفَ (تَوَاقُف) [وقف] [তাওয়াক্বাফা] একজন আরেকজনের সামনে থেমে যাওয়া, একজন আরেকজনের সাথে দাঁড়িয়ে যাওয়া

تَوَاكَفَ (تَوَاكُف) [وكف] [তাওয়াকাফা] সরে যাওয়া, ঝুঁকে পড়া

تَوَاكَلَ (تَوَاكُل) [وكل] [তাওয়াকালা] একে অন্যের উপর নির্ভর করা, একে অপরকে বিশ্বাস করা, পরস্পর আস্থাবান হওয়া

تَوَالَدَ (تَوَالُد) [ولد] [তাওয়ালাদা] বংশবৃদ্ধি হওয়া, বংশ-পরম্পরায় বৃদ্ধি পাওয়া

تَوَالَى (تَوَالِي) [ولي] [তাওয়ালা] একের পর এক আসা, ক্রমাগত আসতে থাকা, অব্যাহত থাকা

تَوَالِي ، تَوَالٍ [ولي] [তাওয়ালী] ক্রম, অনুক্রম, পরম্পরা, ধারাবাহিকতা, নিরবচ্ছিন্নতা

عَلَى التَّوَالِي ['আলাত তাওয়ালী] ক্রমাগতভাবে, যথাক্রমে, ধারাবাহিকভাবে, একের পর এক

تَوَانَى (تَوَانِي) [وني] [তাওয়ানা] অবসন্ন হওয়া, ক্লান্ত হওয়া, মন্থর হওয়া, শিথিল হওয়া, অবহেলা করা

تَوَانِي ، تَوَانٍ [وني] [তাওয়ানী] অবসন্নতা, ক্লান্তি, মন্থরতা, বিলম্ব, শৈথিল্য, অবহেলা

تَوَاهَبَ (تَوَاهُب) [وهب] [তাওয়াহাবা] পরস্পর দান করা, একজন আরেকজনকে দেওয়া

تَوَأَّدَ (تَوَؤُّد) [وأد] [তাওয়া'আদা] ঢিলেমি করা, ধীরে চলা, মন্থর হওয়া, বিলম্ব করা, দেরি করা, সময় নেওয়া

تَوْأَم ج تَوَائِم [تأم] [তাওআম] একই গর্ভ থেকে একসাথে জাত দুই শিশুর একজন, যমজ

تَوْأَمَان [তাওআমান] একই গর্ভ থেকে একসাথে জাত দুই শিশু, দুই যমজ

التَّوْأَمَان [আত-তাওআমান] মিথুনরাশিঃ রাশি-চক্রের তৃতীয় রাশি

تَوْب [তাওব] প্রত্যাবর্তন, তওবা, অনুশোচনা, অনুতাপ, ক্ষমা

تَوْبَة [তাওবাহ] তওবা, প্রত্যাবর্তন, অনুশোচনা, অনুতাপ, ক্ষমা

التَّوْبَة [আত-তাওবাহ] সূরা আত-তাওবাঃ পবিত্র কোরআনের ৯ম সূরা

تَوْبَلَ (تَوْبَلَة) [تبل] [তাওবালা] মসলা দেওয়া, মসলা মাখানো, মসলা দিয়ে সুস্বাদু করা

تَوْبِيخ [وبخ] [তাওবীখ] তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা

تُوت ، تُوتَة [তুত, তুতাহ] তুঁত, তুঁতগাছ

تُوت الأَرْض [তুতুল আর্দ] স্ট্রবেরি (strawberry)

تُوت شَوْكِيّ ، تُوت العُلَّيْق [তুত শাওকী, তুতুল

'উল্লাইক] রাস্‌পবেরি (raspberry)

تَوَتَّرَ (تَوَتُّر) [وتر] [তাওয়াত্তারা] টেনশনে পড়া, টেনশন করা, টান পড়া, আঁটসাঁট হওয়া

تَوَتُّر [وتر] [তাওয়াত্তুর] টেনশন, মানসিক চাপ, টান, উত্তেজনা, টানাপড়েন

تُوتِيَا ، تُوتِيَاء [তূতিয়া, তূতিয়া'] দস্তা, zinc

تُوتِيَة [তূতিয়াহ] দস্তা, zinc

تَوْتِير [وتر] [তাওতীর] আঁটসাঁটকরণ, টানটান-করণ, টাইটকরণ, তারযুক্তকরণ

تَوَثَّبَ (تَوَثُّب) [وثب] [তাওয়াছ্‌ছাবা] লাফানো, লাফ দেওয়া, লম্ফ দেওয়া, ঝাপ দেওয়া

تَوَثَّقَ (تَوَثُّق) [وثق] [তাওয়াছ্‌ছাক্বা] সুদৃঢ় হওয়া, শক্ত হওয়া, সুপ্রতিষ্ঠিত হওয়া, আস্থাবান হওয়া, আস্থাশীল হওয়া

تَوْثِيق [وثق] [তাওছীক] প্রত্যায়ন, অনুমোদন, সমর্থন, সুদৃঢ়করণ, প্রামাণ্যকরণ, নথিভুক্তকরণ, রেজিস্ট্রেশন

تَوْثِيقِيّ [তাওছীক্বী] প্রামাণ্য, নির্ভরযোগ্য

تَوَّجَ (تَتْوِيج) [توج] [তাওওয়াজা] মুকুট পরানো, অভিষিক্ত করা

تَوَجَّدَ (تَوَجُّد) [وجد] بِ [তাওয়াজ্জাদা] আসক্ত হওয়া, অনুরক্ত হওয়া, কষ্ট ব্যক্ত করা

تَوَجَّدَ لِ [-- লি] দুঃখ করা, দুঃখিত হওয়া

تَوَجَّسَ (تَوَجُّس) [وجس] [তাওয়াজ্জাসা] টের পাওয়া, অনুভব করা, উৎকণ্ঠার সাথে শোনা, একটু একটু খেয়ে দেখা

تَوَجَّعَ (تَوَجُّع) [وجع] [তাওয়াজ্জা'আ] ব্যথা অনুভব করা, কষ্ট পাওয়া, কষ্ট ব্যক্ত করা

تَوَجُّع [وجع] [তাওয়াজ্জু'] ব্যথা, বেদনা, যন্ত্রণা

تَوَجَّهَ (تَوَجُّه) [وجه] إِلَى [তাওয়াজ্জাহা] ফেরা, মুখ ফিরানো, মনোযোগ দেওয়া, রওয়ানা করা

تَوَجُّه [وجه] [তাওয়াজ্জুহ] অভিমুখ, মনোযোগ, লক্ষ্য, রওয়ানা, যাত্রা

تَوْجِيه [وجه] [তাওজীহ] নির্দেশনা, পরিচালনা, দিক-নির্দেশনা, নিয়ন্ত্রণ, ফিরানো, তাককরণ, প্রেরণ

تَوْجِيه ج تَوْجِيهَات [তাওজীহ] নির্দেশ, আদেশ, উপদেশ, পরামর্শ

تَوْجِيهِيّ [তাওজীহী] দিক-নির্দেশনামূলক, শিক্ষা-মূলক

تَوَحَّدَ (تَوَحُّد) [وحد] [তাওয়াহ্‌হাদা] ঐক্যবদ্ধ হওয়া, একা হওয়া, একাকী হওয়া, একক হওয়া

تَوَحُّد [وحد] [তাওয়াহ্‌হুদ] একাকীত্ব, একতা, ঐক্য, বিচ্ছিন্নতা

تَوَحَّشَ (تَوَحُّش) [وحش] [তাওয়াহ্‌হাশা] বন্য হওয়া, জংলী হওয়া, নির্জন হওয়া, জনশূন্য হওয়া

تَوَحَّلَ (تَوَحُّل) [وحل] [তাওয়াহ্‌হালা] পংকিল হওয়া, কর্দমাক্ত হওয়া

تَوْحِيد [وحد] [তাওহীদ] ঐক্যবদ্ধকরণ, একী-করণ, একত্রিতকরণ, তাওহীদঃ আল্লাহর একত্ব, একত্ববাদ

تَوْحِيدِيّ [তাওহীদী] একত্ববাদ-বিষয়ক, একত্ব-বাদী

تَوَخَّمَ (تَوَخُّم) [وخم] [তাওয়াখ্‌খামা] (খাদ্য) দুষ্পাচ্য দেখতে পাওয়া, গুরুপাক মনে করা, সুখকর না পাওয়া

تَوَخَّى (تَوَخِّي) [وخي] [তাওয়াখ্‌খা] ইচ্ছা করা, উদ্দেশ্য করা, মনস্থ করা, করতে চাওয়া, নিয়ত করা, কামনা করা, চাওয়া

تَوَدَّدَ (تَوَدُّد) [ودد] إِلَى [তাওয়াদ্দাদা] প্রেম বা বন্ধুত্ব পেতে চাওয়া, প্রেমের ভান করা, স্নেহ বা ভালবাসা দেখানো, আকৃষ্ট করতে চাওয়া

تَوَدَّسَ (تَوَدُّس) [ودس] [তাওয়াদ্দাসা] তৃণবহুল হওয়া, গাছপালায় ঢেকে যাওয়া

تَوَدَّعَ (تَوَدُّع) [ودع] [তাওয়াদ্দা'আ] বিদায় দেওয়া, একে অপরকে বিদায় জানানো

تَوْدِيع [ودع] [তাওদী'] বিদায় জানানো, বিদায়ী শুভেচ্ছা জ্ঞাপন, বিদায়-অভ্যর্থনা

تَوْدِيعِيّ [তাওদী'ঈ] বিদায়সূচক, বিদায়ী

التَّوْرَاة [আত-তাওরাত] তাওরাতঃ মূসা (আ)-এর নিকট অবতীর্ণ আসমানী কিতাব

تُورْبِيد [তোর্‌বেদ] টর্পেডো (torpedo)

تَوَرَّخَ (تَوَرُّخ) [ورخ] [তাওয়াররাখা] (ময়দার তাল) নরম হওয়া, (মাটি) সিক্ত হওয়া, আর্দ্র হওয়া

تَوَرَّدَ (تَوَرُّد) [ورد] [তাওয়াররাদা] গোলাপী রঙ

ধারণ করা, লাল হয়ে যাওয়া, পানির কাছে যাওয়া

تَوَرَّطَ (تَوَرُّط) [ورط] [তাওয়ার্‌রুতা] জটিলতায় পড়া, জড়িত হওয়া, জড়িয়ে পড়া

تَوَرَّعَ (تَوَرُّع) [ورع] عَنْ ، مِنْ [তাওয়ার্‌রা'আ] দ্বিধা করা, ইতস্তত করা, বিরত হওয়া, সতর্ক হওয়া, এড়িয়ে থাকা

تَوَرَّقَ (تَوَرُّق) [ورق] [তাওয়ার্‌রকা] (গাছের) পাতা খাওয়া

تَوَرَّكَ (تَوَرُّك) [ورك] [তাওয়ার্‌রকা] নিতম্বে ভর দেওয়া, পাছায় ভর দিয়ে বসা

تَوَرَّكَ بِـ [-- বি] অবস্থান করা, বাস করা, থাকা

تَوَرَّكَ عَلَى [-- 'আলা] সক্ষম হওয়া, করতে পারা

تَوَرَّكَ عَنْ [-- 'আন] ঢিলেমি করা, দেরী করা

تَوَرَّمَ (تَوَرُّم) [ورم] [তাওয়ার্‌রমা] স্ফীত হওয়া, ফুলে ওঠা, বৃদ্ধি পাওয়া

تَوَرُّم [ورم] [তাওয়ার্‌রুম] স্ফীতি, ফুলন, বৃদ্ধি

تَوَرَّى (تَوَرِّي) [وري] [তাওয়ার্‌রা] লুকিয়ে থাকা, আত্মগোপন করা

تَوْرِيَة [وري] [তাওরিয়াহ্‌] লুক্কায়ন, গোপনকরণ, পরোক্ষ উল্লেখ, দ্ব্যর্থবোধক উক্তি (অল)

تَوْرِيد [ورد] [তাওরীদ] আনয়ন, উপস্থাপন, আমদানি, যোগান, সরবরাহ

تَوَزَّرَ (تَوَزُّر) [وزر] [তাওয়ায্‌যারা] উজির হওয়া, মন্ত্রী হওয়া

تَوَزَّعَ (تَوَزُّع) [وزع] [তাওয়ায্‌যা'আ] বণ্টিত হওয়া, বিতরণকৃত হওয়া, বিলি হওয়া, ভাগ হওয়া

تَوْزِيع [وزع] [তাওযী'] বণ্টন, বিতরণ, বিলি, পরিবেশন, ভাগকরণ

تَوَسَّخَ (تَوَسُّخ) [وسخ] [তাওয়াস্‌সাখা] ময়লা হওয়া, নোংরা হওয়া, অপরিচ্ছন্ন হওয়া

تَوَسَّدَ (تَوَسُّد) [وسد] [তাওয়াস্‌সাদা] বালিশরূপে ব্যবহার করা, বালিশে মাথা রাখা

تَوَسَّطَ (تَوَسُّط) [وسط] [তাওয়াস্‌সাতা] মাঝখানে থাকা, মধ্যস্থলে অবস্থান করা, মধ্যপন্থী হওয়া, মধ্যম হওয়া

تَوَسَّطَ بَيْنَ [-- বাইনা] মধ্যস্থতা করা, সালিসি করা, সালিস হওয়া

تَوَسُّط [وسط] [তাওয়াস্‌সুত] মধ্যস্থতা, সালিসি, মধ্যবর্তিতা, মধ্যে অবস্থান

تَوَسَّعَ (تَوَسُّع) [وسع] [তাওয়াস্‌সা'আ] প্রশস্ত হওয়া, চওড়া হওয়া, বিস্তৃত হওয়া, ব্যাপক হওয়া, সম্প্রসারিত হওয়া, স্থান সঙ্কুলান হওয়া

تَوَسَّعَ فِي [-- ফী] বাড়িয়ে দেওয়া, বৃদ্ধি করা, ব্যাপকভাবে করা, উদারভাবে করা

تَوَسُّع ج تَوَسُّعَات [وسع] [তাওয়াস্‌সু'] বিস্তৃতি, প্রসার, প্রশস্ততা, সম্প্রসারণ, ব্যাপকতা

تَوْسِعَة [وسع] [তাওসি'আহ্‌] প্রশস্ততা, ব্যাপ্তি, ব্যাপকতা

تَوَسُّعِيّ [তাওয়াস্‌সু'ঈ] সম্প্রসারণমূলক, সম্প্রসারণবাদী

تَوَسُّعِيَّة [وسع] [তাওয়াস্‌সু'ইয়্যাহ্‌] সম্প্রসারণবাদ

تَوَسَّلَ (تَوَسُّل) [وسل] إِلَى [তাওয়াস্‌সালা] মিনতি করা, অনুনয় করা, প্রার্থনা করা

تَوَسَّلَ بِـ [-- বি] মাধ্যমরূপে ব্যবহার করা, মাধ্যম ধরা, অছিলা ধরা

تَوَسَّمَ (تَوَسُّم) [وسم] [তাওয়াস্‌সামা] ছাপযুক্ত হওয়া, ভূষিত হওয়া

تَوَسَّمَ فِي [-- ফী] পর্যবেক্ষণ করা, নিরীক্ষণ করা, দেখতে পাওয়া, পাওয়ার আশা করা

تَوْسِيع [وسع] [তাওসী'] প্রশস্তকরণ, প্রসারণ, সম্প্রসারণ, বর্ধন, প্রশস্ততা, ব্যাপকতা

تَوَشَّحَ (تَوَشُّح) [وشح] بِـ [তাওয়াশ্‌শাহা] সজ্জিত হওয়া, অলঙ্কৃত হওয়া, পরিধান করা

تَوَشْوَشَ (تَوَشْوُش) [وشوش] [তাওয়াশ্‌ওয়াশা] একত্রে কানাঘুষা করা, ফিসফিস করে কথা বলা

تَوْشِيَة [وشي] [তাওশিয়াহ্‌] কারুকাজ, নকশা, সজ্জিতকরণ, অলঙ্করণ

تَوْشِيح [وشح] [তাওশীহ্‌] অলঙ্করণ, সজ্জিতকরণ, সুরসংযোজন

حَدِبَ [س] (حَدَب) [হাদিবা] বক্রপৃষ্ঠ হওয়া, কুঁজো হওয়া, বাঁকা হওয়া, খিলানাকার হওয়া

حَدِبَ عَلَى [-- 'আলা] সদয় হওয়া, অনুগ্রহশীল হওয়া, সহানুভূতিশীল হওয়া

حَدَّبَ (تَحْدِيب) [حدب] [হাদ্দাবা] বাঁকা করা, খিলানাকার করা, কুঁজো করা, বক্রপৃষ্ঠ করা

حُدْب [হুদ্‌ব] কুব্জ, কুঁজো, বক্রপৃষ্ঠ, স্ফীত (أَحْدَب-এর বহুবচন)

حَدْبَاء [حدب] [হাদ্‌বা'] কুব্জ, কুঁজো, বক্রপৃষ্ঠ, স্ফীত (أَحْدَب-এর স্ত্রীলিঙ্গ)

حَدَبَة [হাদাবাহ] কুঁজ, পিঠের বক্রতা, স্ফীতি, ভাঁজ

حِدَة [وحد] [হিদাহ] একাকীত্ব, ভিন্নতা

عَلَى حِدَةٍ ['আলা হিদাতিন] আলাদাভাবে, পৃথক-ভাবে, একাকী

حِدَّة [حدد] [হিদ্দাহ] তীব্রতা, প্রচণ্ডতা, তীক্ষ্ণতা, ধার, তেজ, ঝাঁঝ, উত্তাপ, ক্রোধ, সূক্ষ্মতা

حَدَث ج أَحْدَاث [হাদাছ] নতুন জিনিস, ঘটনা, খারাপ কাজ, বিপদ, দুর্যোগ, মল, অপবিত্রতা, নাপাকি, তরুণ

حَدَثَ [ن] (حُدُوث) [হাদাছা] সংঘটিত হওয়া, ঘটা, হওয়া

حَدَثَ لِ [-- লি] এসে পড়া, আপতিত হওয়া, আঘাত করা, কষ্ট দেওয়া

حَدُثَ [ن] (حَدَاثَة) [হাদুছা] নতুন হওয়া, নব্য হওয়া, নবীন হওয়া, আধুনিক হওয়া

حَدَّثَ (تَحْدِيث) [حدث] [হাদ্দাছা] বর্ণনা করা, বলা, খবর দেওয়া, উদ্ধৃত করা, হাদীস চর্চা করা, আধুনিক করা

حَدَجَ [ض] (حَدْج) [হাদাজা] তাকিয়ে থাকা, স্থির-দৃষ্টিতে তাকানো, তীক্ষ্ণদৃষ্টিতে তাকানো

حَدَّجَ (تَحْدِيج) [حدج] [হাদ্দাজা] তাকিয়ে থাকা, স্থিরদৃষ্টিতে তাকানো, তীক্ষ্ণদৃষ্টিতে তাকানো

حِدْج ج حُدُوج ، أَحْدَاج [হিদ্‌জ] বোঝা, ভার

حَدَّدَ (تَحْدِيد) [حدد] [হাদ্দাদা] সীমাবদ্ধ করা, সীমিত করা, নির্দিষ্ট করা, নির্ধারণ করা, সংজ্ঞা দেওয়া, ধারালো করা, ধার দেওয়া

حَدْر [হাদ্‌র] দ্রুতপঠন

حَدَر [হাদার] ঢাল, গড়ান, ঢালু জমি, ক্রমনিম্ন ভূমি

حَدَرَ [ن] [ض] (حَدْر ، حَدَارَة) [হাদারা] ঢালু করা, নামানো, নোয়ানো, ঝরানো, নামা, নেমে যাওয়া, মোটা হওয়া, পুরু হওয়া, দ্রুত (পাঠ) করা

حَدَرَ (حُدُور) [হাদারা] (চোখ) অশ্রু ঝরানো

حَدُرَ [ك] (حَدَارَة) [হাদুরা] মোটা হওয়া, পুরু হওয়া, স্ফীত হওয়া, ফুলে ওঠা

حَدَّرَ (تَحْدِير) [حدر] [হাদ্দারা] নোয়ানো, নত করা

حَدَسَ [ن] [ض] (حَدْس) [হাদাসা] আন্দাজ করা, অনুমান করা, সন্দেহ করা, দ্রুত করা, নিক্ষেপ করা, পথ না চিনে যাওয়া

حَدَق ج أَحْدَاق [হাদাক] চোখের তারা, নজর, দৃষ্টি, বেগুন

حَدَقَ [ض] (حَدْق) [হাদাক্বা] তাকানো, দৃষ্টি দেওয়া

حَدَقَ بِ [-- বি] বেষ্টন করা, ঘিরে রাখা

حَدَّقَ (تَحْدِيق) [حدق] [হাদ্দাক্বা] তাকিয়ে থাকা, স্থিরদৃষ্টিতে তাকানো

حَدَقَة ج حَدَقَات ، حِدَاق [হাদাক্বাহ] নয়নতারা, চোখের তারা

حَدَقِيَّة [হাদাক্বিয়্যাহ] একজাতীয় ফুলগাছ, hyacinth

حَدَلَ [ض] (حَدْل) [হাদালা] (ডলনা দিয়ে) সমান করা, সমতল করা

حَدْم ، حَدَم [হাদ্‌ম, হাদাম] উত্তাপ, উত্তপ্ততা প্রজ্বলন, দাউ দাউ করে জ্বলন

حَدَمَ [ض] (حَدْم) [হাদামা] অধিক গরম করা, উত্তপ্ত করা, অধিক লাল করা

حَدَمَة [হাদামাহ] আগুন জ্বলার শব্দ

حَدْوَة ، حِدْوَة [হাদ্‌ওয়াহ, হিদ্‌ওয়াহ] ঘোড়ার পায়ের নাল

حُدُوث [حدث] [হুদূছ] ঘটন, হওন, সংঘটন

حُدُود (حَدّ) [হুদূদ] সীমা, সীমানা, সীমান্ত

فِي حُدُودِ [ফী হুদূদি] সীমার মধ্যে, অতিক্রম না করে, না ছাড়িয়ে, মধ্যে, প্রায়

حُدُودِيّ [হুদূদী] সীমান্ত-বিষয়ক, সীমান্তবর্তী

حَدُور [হাদূর] ঢালু জায়গা, ঢাল

حَدُورَة ، حُدُورَة [হাদূরাহ, হুদূরাহ] অশ্রুপাত, অশ্রুসজলতা

حَدِّيّ [হাদ্দী] সীমান্তবর্তী, প্রান্তবর্তী, প্রান্তিক, নিয়ন্ত্রণমূলক, সীমাবদ্ধতামূলক

غَلَّة حَدِّيَّة [গাল্লাহ হাদ্দিয়্যাহ] প্রান্তিক ফসল

حَدِيَ [س] (حَدًى) بِ [হাদিয়া] অবস্থান করা, থেকে যাওয়া, আঁকড়ে থাকা

حَدِيث [حدث] [হাদীছ] নতুন, নবীন, আধুনিক, নব্য, সাম্প্রতিক

حَدِيث ج أَحَادِيث [হাদীছ] কথা, বাণী, কথা-বার্তা, আলোচনা, কথিকা, সংবাদ, খবর, কাহিনী, (রসূলের) হাদীস

حَدِيث إِذَاعِيّ [হাদীছ ইযা'ঈ] বেতার-কথিকা

حَدِيث السِّنّ [হাদীছুস সিন্] অল্পবয়সী, তরুণ, নবীন, নব্য

حَدِيث الْعَهْد [হাদীছুল 'আহ্‌দ] বেশীদিন হয়নি এমন, সাম্প্রতিক, নতুন, তাজা, অনভিজ্ঞ, নবিস, আনাড়ি

الْحَدِيث [আল-হাদীছ] হাদীস, রসূলের হাদীস

الْحَدِيث الشَّرِيف [আল-হাদীছুশ শারীফ] হাদীস শরীফ, রসূলের হাদীস

حَدِيثًا [হাদীছান] নতুনভাবে, বেশীদিন আগে নয়, সাম্প্রতিককালে, সম্প্রতি

حِدِّيث [হিদ্দীছ] বেশী কথা বলে এমন, সুন্দর কথা বলে এমন, বাকপটু, বাগীশ, বাগ্মী

حَدِيد [حدد] [হাদীদ] লৌহ, লোহা, লৌহদ্রব্য

حَدِيد ج حِدَاد [حدد] [হাদীদ] ধারালো, তীক্ষ্ণ

الْحَدِيد [আল-হাদীদ] সূরা আল-হাদীদঃ পবিত্র কোরআনের ৫৭তম সূরা

سِكَّة الْحَدِيد [সিক্কাতুল হাদীদ] রেললাইন

عَصْر الْحَدِيد ['আছরুল হাদীদ] লৌহযুগ

حَدِيدَة ج حَدَائِد ، حَدِيدَات [حدد] [হাদীদাহ] লোহার টুকরা, লৌহখণ্ড, (লাঙ্গলের) ফলা, ফাল

حَدِيدِيّ [হাদীদী] লোহা-সম্বন্ধীয়, লোহার তৈরী,

লোহার, লৌহ-

[আস-সিক্কাতুল হাদীদিয়্যাহ] السِكَّةُ الحَدِيدِيَّة রেললাইন

[হাদীস] ভূপাতিত, ধরাশায়ী حَدِيس [حدس]

[হাদীক্বাহ] বাগান, বাগ, حَدِيقَة ج حَدَائِق [حدق] বাগিচা, উদ্যান, কানন

[হাদীক্বাতুল হায়াওয়ানাত] حَدِيقَة الحَيَوَانَات চিড়িয়াখানা, পশুপক্ষিশালা

[হায্যা] কর্তন করা, কাটা, কেটে حَذَّ [ن] (حَذّ) ফেলা, সংক্ষিপ্ত করা

[হাযা] অনুরূপ حَذَا [ن] (حَذْو ، حِذَاء) [حذو] করা, মাপ অনুসারে বানানো, অনুকরণ করা, অনুসরণ করা

[হাযা হায্ওয়াহ] দৃষ্টান্ত অনুসরণ করা, حَذَا حَذْوَهُ পদাংক অনুসরণ করা

[হায্যা'] জুতাওয়ালা, জুতা প্রস্তুত- حَذَّاء [حذو] কারী, মুচি

[হিযা'] জুতা, পাদুকা حِذَاء ج أَحْذِيَة [حذو]

[হিযাআ] সামনে, সম্মুখে, পাশে, حِذَاءَ [حذو] কাছে, সামনাসামনি, মুখোমুখি

[হিযার] সতর্কতা, সাবধানতা حِذَار [حذر]

[হাযারি] সতর্ক হও! সাবধান! حَذَارِ [حذر]

[হায্যাফাহ] ঘূর্ণায়মান অক্ষ- حَذَّافَة [حذف] দণ্ডের ওপর লাগানো যন্ত্রপাতির নিয়ন্ত্রক ভারী চাকা, flywheel

[হুযাফাহ] বর্জিত حُذَافَة ج حُذَافَات [حذف] অংশ, অবশিষ্টাংশ

[হাযাফীর] পার্শ্ব, পাশ, দিক حَذَافِير (حِذْفَار)

[বি-হাযাফীরিহী] সামগ্রিকভাবে, সম্পূর্ণ- بِحَذَافِيرِهِ রূপে, একেবারে, বিস্তারিতভাবে

[হাযাক্বাহ] বুদ্ধিমত্তা, বিচক্ষণতা, حَذَاقَة [حذق] দক্ষতা, নৈপুণ্য

[হুয্যাহ] টুকরা, ফালি, খণ্ড, حُذَّة ج حُذَذ [حذذ] অংশ

[হাযায] ক্ষিপ্রতা, স্বল্পতা, চাতুর্য, মেধা حَذَذ

[হাযার] সতর্কতা, সাবধানতা, সজাগ অবস্থা, حَذَر ভয়, ডর, শঙ্কা, ভীতি

[বি-হাযার, 'আলা হাযার] بِحَذَر ، عَلَى حَذَر সতর্কতার সাথে, সাবধানে, ভয়ে ভয়ে

[হাযির] সতর্ক, সাবধান, সজাগ, ভয়শীল, حَذِر ভীরু, ভীতিপ্রবণ

[হাযিরা] সতর্ক থাকা, حَذِرَ [س] (حَذَر ، حِذَار) সতর্ক হওয়া, সাবধান হওয়া, সতর্কতা অবলম্বন করা, ভয় করা, দূরে থাকা

[হায্যারা] সতর্ক করা, حَذَّرَ (تَحْذِير) [حذر] সাবধান করা, সজাগ করা, ভয় দেখানো

[হিয্র] সতর্কতা, ভয়, রক্ষা, রেহাই, আত্ম- حِذْر রক্ষার হাতিয়ার, অস্ত্র

[হায্ফ] বাদ, বিয়োগ, বিলোপ, অপসারণ, حَذْف হযফ

[হাযাফ, হাযাফাহ] বালিহাঁস حَذَف ، حَذَفَة

[হাযাফা] ফেলে দেওয়া, حَذَفَ [ض] (حَذْف) বাদ দেওয়া, বিলোপ করা, বিয়োগ করা, উহ্য রাখা, হযফ করা

[-- বি] নিক্ষেপ করা, ছুঁড়ে মারা حَذَفَ بِ

[হায্যাফা] কাট-ছাঁট حَذَّفَ (تَحْذِيف) [حذف] করা, কেটে-ছেঁটে দেওয়া, ঠিকঠাক করা, পরি-পাটি করা

[হিয্ফার, হুয্ফূর] حِذْفَار ، حُذْفُور ج حَذَافِير পার্শ্ব, পাশ, দিক

[হাযাক্বা] টক হওয়া, অম্লস্বাদ حَذَقَ [ن] (حُذُوق) হওয়া

[হাযাক্বা] حَذَقَ [ض] (حِذْق ، حَذَاق ، حَذَاقَة) দক্ষ হওয়া, দক্ষতা অর্জন করা, ভালভাবে জানা, নিপুণ হওয়া, বিচক্ষণ হওয়া

[হাযিক্বা] حَذِقَ [س] (حِذْق ، حَذَاق ، حَذَاقَة) দক্ষ হওয়া, দক্ষতা অর্জন করা, ভালভাবে জানা, নিপুণ হওয়া, বিচক্ষণ হওয়া

[হায্যাক্বা] দক্ষ করা, حَذَّقَ (تَحْذِيق) [حذق] দক্ষ বানানো, দক্ষ করে গড়ে তোলা

[হিয্ক] দক্ষতা, নৈপুণ্য বুদ্ধিমত্তা, বিচক্ষণতা حِذْق

[হায্লাক্বা] পাণ্ডিত্য জাহির করা, حَذْلَقَ (حَذْلَقَة) জ্ঞানী হওয়ার ভান করা, দক্ষতা দেখানো

[হাযামা] কর্তন করা, কেটে حَذَمَ [ض] (حَذْم) ফেলা, তাড়াহুড়া করা

حَذِم [হাযিম] কর্তনকারী, ধারালো (তরবারি)

حَذْو [হায্ও] বিপরীত দিক, সম্মুখ, নমুনা, দৃষ্টান্ত, আদর্শ, পদাংক

حَذْوَ [হায্ওয়া] সামনে, সম্মুখে, সামনাসামনি, বিপরীতে, পাশে, মুখোমুখি

حِذْوَة ، حُذْوَة [হিয্ওয়াহ, হুয্ওয়াহ] বিপরীত দিক, সম্মুখ, দান, অংশ, খণ্ড

حَرّ ج حُرُور ، أَحَارِر [হার] তাপ, উত্তাপ, তেজ, উষ্ণতা, লংকা, মরিচ

حَرَّ[ن] [ض] (حَرّ ، حَرَارَة) [হার্‌রা] উষ্ণ হওয়া, গরম হওয়া, উত্তপ্ত হওয়া, গরম করা, উত্তপ্ত করা, (ভূমি) সমান করা, সমতল করা

حَرَّ[س] (حَرَّة ، حَرَارَة) [হার্‌রা] তৃষ্ণার্ত হওয়া, পিপাসার্ত হওয়া, তৃষ্ণা লাগা, পিপাসা লাগা

حَرَّ[س] (حَرَار ، حُرِّيَّة) [হার্‌রা] সম্ভ্রান্ত হওয়া, সদ্বংশীয় হওয়া, স্বাধীন হওয়া, মুক্ত হওয়া

حُرّ ج أَحْرَار [হুর] মুক্ত, স্বাধীন, মহৎ, উদার, মুক্তবুদ্ধি, সম্ভ্রান্ত, সদ্বংশীয়, খাঁটি, উন্মুক্ত, খোলা, ঢিলা, আলগা

مِنْطَقَة حُرَّة [মিন্তক্বাহ হুর্‌রাহ] মুক্তাঞ্চল, মুক্ত এলাকা

حِرَاء [হিরা'] হেরা (পর্বত)

حَرَّاب [حرب] [হার্‌রাব] বর্শা প্রস্তুতকারী, বল্লম প্রস্তুতকারী, বল্লমধারী, বেয়নেটধারী

حَرَّاث [حرث] [হার্‌রাছ] চাষী, কৃষিকর্মী, কৃষক

حِرَاثَة [حرث] [হিরাছাহ] চাষ, চাষাবাদ, কৃষি-কাজ

حَرَاج [হারাজ] নিলাম, ডাক, নিলামে বিক্রয়

حَرَّاج [حرج] [হার্‌রাজ] বনপাল, বনরক্ষক, বনবাসী

حَرَاجَة [حرج] [হারাজাহ] জটিলতা, সংকট, সংকটাপন্নতা, গুরুতর অবস্থা

حِرَاجَة [حرج] [হিরাজাহ] বনপালনবিদ্যা, বন-রক্ষণবিদ্যা, বনায়ন

حِرَاجِيّ [حرج] [হিরাজী] বনরক্ষণসংক্রান্ত, বন-রক্ষক, বনপাল

حَرَّار [حرر] [হার্‌রার] রেশমশিল্পী, রেশমওয়ালা

حَرَارَة [حرر] [হারারাহ] তাপ, উত্তাপ, উষ্ণতা, তাপমাত্রা, তেজ, তীব্রতা, প্রচণ্ডতা, জ্বর

حِرَاسَة [حرس] [হিরাসাহ] প্রহরা, পাহারা, টহল, নিরাপত্তা রক্ষা, সংরক্ষণ, নজরদারি, তত্ত্বাবধান

حَرَّاش [حرش] [হার্‌রাশ] কালো বর্ণের সাপ যা প্রতি বছর খোলস বদলায়, কালসাপ

حَرَافَة [حرف] [হারাফাহ] তেজ, ধার, উষ্ণতা, তীব্রতা, প্রচণ্ডতা

حَرَّاق [حرق] [হার্‌রাক] জ্বলন্ত, উষ্ণ, উত্তপ্ত, দগ্ধ, তীব্র

حِرَاق [হিরাক] দ্রুত ধাবনক্ষম অশ্ব, দ্রুতগামী ঘোড়া, সবকিছু নষ্ট করে দেয় এমন, সবকিছু পুড়িয়ে দেয় এমন (আগুন)

حُرَاق [হুরাক] দ্রুত ধাবনক্ষম অশ্ব, দ্রুতগামী ঘোড়া, বেশী লবণাক্ত পানি, সবকিছু নষ্ট করে দেয় এমন, সবকিছু পুড়িয়ে দেয় এমন (আগুন), আগুন জ্বালানোর জন্য শুকনো দাহ্য পদার্থ

حُرَّاق [হুর্‌রাক] আগুন জ্বালানোর জন্য শুকনো দাহ্য পদার্থ, বেশী লবণাক্ত পানি

حَرَّاقَة ج حَرَّاقَات [حرق] [হার্‌রাক্বাহ] বোমা, টর্পেডো, যুদ্ধজাহাজ

حَرَاك [হারাক] গতি, চলন, আন্দোলন, নড়াচড়া

حَرَام ج حُرُم [হারাম] হারাম, নিষিদ্ধ, অবৈধ, পবিত্র, (হজ্জ কিংবা ওমরার জন্য) এহরামরত

اَلْبَلَد الْحَرَام [আল-বালাদুল হারাম] পবিত্র নগরীঃ মক্কা মোকাররমা

اَلْبَيْت الْحَرَام [আল-বাইতুল হারাম] পবিত্র গৃহঃ কাবাঘর

بِالْحَرَام [বিল-হারাম] হারাম উপায়ে, অবৈধভাবে

حِرَام ج حِرَامَات ، أَحْرِمَة [হিরাম] একপ্রকার পশমী কম্বল

حَرَامِيّ ج حَرَامِيَّة [হারামী] চোর, ডাকাত, দুষ্ট লোক, অসৎ লোক, বদমাশ, হারামী

حَرَّان مث حَرَّى [حرر] [হার্‌রান] বেশী তৃষ্ণার্ত, অধিক পিপাসার্ত, তৃষ্ণাকাতর, পিপাসু, অত্যন্ত উৎসুক, উত্তপ্ত, জ্বলন্ত

حَرْب (مث) ج حُرُوب [হার্ব] যুদ্ধ, লড়াই, রণ, সমর, সংঘাত

[হারব আহলিয়্যাহ] গৃহযুদ্ধ, civil war حَرْب أَهْلِيَّة

[হারব বারিদাহ] শীতল যুদ্ধ, ঠাণ্ডা লড়াই حَرْب بَارِدَة

[হারব ছলীবিয়্যাহ] ক্রুসেড حَرْب صَلِيبِيَّة

[হারব 'আলামিয়্যাহ] বিশ্বযুদ্ধ حَرْب عَالَمِيَّة

[হারবুল 'ইছাবাত] গেরিলাযুদ্ধ حَرْب العِصَابَات

[হারব নাওয়াবিয়্যাহ] পারমাণবিক যুদ্ধ حَرْب نَوَوِيَّة

[দারুল হারব] শত্রুরাষ্ট্র دَار الحَرْب

[হারিব] অত্যন্ত রাগী, ক্রোধান্বিত حَرِب ج حَرْبَى

[হারিবা] অধিক রেগে যাওয়া, অতিশয় ক্রুদ্ধ হওয়া, অগ্নিশর্মা হওয়া, ক্ষেপে যাওয়া حَرِبَ [س] (حَرَب)

[হিরবা'] গিরগিটি (প্রাণী) حِرْبَاء ج حَرَابِيّ

[হারবাহ] বর্শার ফলা, বর্শা, বল্লম, বেয়োনেট حَرْبَة ج حِرَاب

[হারবী] যুদ্ধ-বিষয়ক, যুদ্ধসংক্রান্ত, রণ-, সামরিক حَرْبِيّ

[হাররাহ] প্রস্তরময় ভূমি, লাভা-ক্ষেত্র, কষ্টদায়ক শাস্তি, তীব্র অন্ধকার, ছোট ফোড়া, ব্রণ حَرَّة ج حَرَّات ، حِرَار

[হিররাহ] তৃষ্ণা, পিপাসা, তীব্র পিপাসা حِرَّة

[হুররাহ] মুক্ত নারী, সম্ভ্রান্ত মহিলা, অভিজাত রমণী حُرَّة ج حَرَائِر

[হারছ] চাষ, কর্ষণ, চাষের জমি, ক্ষেত, শস্যক্ষেত্র, কৃষি حَرْث

[হারছা] কৃষিকাজ করা, ক্ষেতি করা, চাষ করা, কর্ষণ করা حَرَثَ [ن] [ض] (حَرْث)

[হারজ] জটিলতা, সঙ্কট, সঙ্কীর্ণতা, বিপদ, অসুবিধা, বাধা, নিষেধ, পাপ, অন্যায়, দোষ, বন, জঙ্গল حَرَج

[লা হারজা] কোন অসুবিধা নেই, কোন বাধা নেই, কোন পাপ নেই, কোন দোষ নেই لَا حَرَجَ

[হারিজ] সঙ্কীর্ণ, জটিল, কঠিন, সঙ্কটময়, সংকটপূর্ণ حَرِج

[হারিজা] জটিল হওয়া, কঠিন হওয়া, সঙ্কীর্ণ হওয়া, নিষিদ্ধ হওয়া, পাপ করা, অন্যায় করা حَرِجَ [س] (حَرَج)

[হাররজা] জটিল করা, কঠিন করা, সঙ্কীর্ণ করা, নিষিদ্ধ করা, পীড়াপীড়ি করা, গাছ লাগানো, বনায়ন করা حَرَّجَ (تَحْرِيج) [حرج]

[হিরজ] পাপ, অন্যায়, অপরাধ, বাধা حِرْج ج حِرَاج

[হারজাহ] জঙ্গল, বন, ঝোপ حَرَجَة ج حِرَاج ، أَحْرَاج

[হারজাহ] পশুদের পাল, পশুপাল حَرْجَة ج حَرَج ، حَرَجَات

[হারদ] অসন্তোষ, ক্রোধ, রাগ, বিরক্তি حَرَد

[হারদা] উদ্দেশ্য করা, করতে চাওয়া, বাধা দেওয়া, আটকে রাখা حَرَدَ [ض] حَرْد

[হারিদ] ক্রুদ্ধ, রাগান্বিত, বিরক্ত, অসন্তুষ্ট حَرِد

[হারিদা] ক্রুদ্ধ হওয়া, রেগে যাওয়া, বিরক্ত হওয়া, অসন্তুষ্ট হওয়া حَرِدَ [س] (حَرَد)

[হারদান] ক্রোধান্বিত, রাগান্বিত, বিরক্ত, অসন্তুষ্ট حَرْدَان

[হাররারা] মুক্ত করা, মুক্তি দেওয়া, ছেড়ে দেওয়া, উৎসর্গ করা, রচনা করা, সম্পাদনা করা, ঠিক করা, সমন্বিত করা حَرَّرَ (تَحْرِير) [حرر]

[হারযা] রক্ষা করা, সংরক্ষণ করা, যত্ন নেওয়া حَرَزَ [ن] (حَرْز)

[হারুযা] সুরক্ষিত হওয়া, শক্ত হওয়া, দুর্ভেদ্য হওয়া, নিরাপদ হওয়া حَرُزَ [ك] (حَرَازَة)

[হাররযা] সংরক্ষণ করা, রক্ষা করা, আশ্রয় দেওয়া حَرَّزَ (تَحْرِيز) [حرز]

[হিরয] সুরক্ষিত স্থান, দুর্গ, আশ্রয়, আশ্রয়স্থল, রক্ষাকবচ, ভাগ, অংশ حِرْز ج أَحْرَاز

[হারস] প্রহরা, পাহারা, প্রহরী, গার্ড, রক্ষী, রক্ষীবাহিনী, দেহরক্ষী حَرَس

[হারসুশ শারফ] গার্ড অফ অনার (guard of honour) حَرَس الشَّرَف

[আল-হারসুল মালাকী] রাজকীয় রক্ষীবাহিনী, royal guard الحَرَس المَلَكِيّ

[আল-হারসুল ওয়াতনী] জাতীয় রক্ষীবাহিনী, national guard الحَرَس الوَطَنِيّ

[হারসা] পাহারা حَرَسَ [ن] (حَرْس ، حِرَاسَة)

দেওয়া, প্রহরায় থাকা, রক্ষা করা, তত্ত্বাবধান করা

حَرَسِيّ [হারসী] প্রহরাসংক্রান্ত, প্রহরী, রক্ষী

حَرَش [হারশ] অমসৃণতা, খসখসে ভাব, রুক্ষতা, রূঢ়তা, কর্কশতা

حَرَشَ [ض] (حَرْش) [হারশা] আঁচড়ানো, আঁচড় দেওয়া, আঁচড় কাটা, (গিরগিটি) শিকার করা

حَرِش [হারিশ] অমসৃণ, খসখসে, রুক্ষ, কর্কশ, রূঢ়, ঘুমায় না এমন, নিদ্রাহীন

حَرِشَ [س] (حَرَش) [হারিশা] অমসৃণ হওয়া, খসখসে হওয়া, রুক্ষ হওয়া, রূঢ় হওয়া, কর্কশ হওয়া, ধোঁকা দেওয়া, প্রতারণা করা

حَرَّشَ (تَحْرِيش) [حرش] [হাররশা] উত্তেজিত করা, প্ররোচিত করা, ক্ষেপিয়ে তোলা, লেলিয়ে দেওয়া, বিবাদ লাগিয়ে দেওয়া

حِرْش ج حُرُوش ، أَحْرَاش [হিরশ] জঙ্গল, বন, বনভূমি

حُرْشَة [হুরশাহ] অমসৃণতা, খসখসে ভাব, রূঢ়তা, রুক্ষতা, কর্কশতা

حَرْشَف ج حَرَاشِف [হারশাফ] (মাছের) আঁশ, খোলস, ছাল

حَرَصَ [ن]، حَرِصَ [س] (حِرْص) عَلَى [হারছা, হারিছা] লোভ করা, লোভী হওয়া, পেতে চাওয়া, কামনা করা, কার্পণ্য করা, কৃপণ হওয়া, ব্যয়কুণ্ঠ হওয়া, লেগে থাকা, আঁকড়ে থাকা, মেনে চলা, রক্ষা করা

حَرَّصَ (تَحْرِيص) [حرص] [হাররছা] লোভী করা, প্ররোচিত করা, উদ্বুদ্ধ করা

حِرْص [হির্‌ছ] লোভ, লালসা, লিপ্সা, কামনা, প্রলোভন, কার্পণ্য

حَرَض [হারদ] জরাজীর্ণ, মরণাপন্ন, রোগাক্রান্ত, অসুস্থ, অকেজো, শীর্ণকায়

حَرَضَ [ن] (حُرُوض) [হারদা] জরাজীর্ণ হওয়া, শীর্ণকায় হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া

حَرِض [হারিদ] জরাজীর্ণ, মরণাপন্ন, রোগাক্রান্ত, অসুস্থ, অকেজো, শীর্ণকায়

حَرِضَ [س] (حَرَض) [হারিদা] জরাজীর্ণ হওয়া, শীর্ণকায় হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া

حَرُضَ [ك] (حَرَاضَة) [হারুদা] জরাজীর্ণ হওয়া, শীর্ণকায় হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া

حَرَّضَ (تَحْرِيض) [حرض] [হাররদা] প্ররোচিত করা, প্রণোদিত করা, উদ্বুদ্ধ করা, উৎসাহিত করা

حُرُض ، حُرُض [হুরুদ, হুরুদ] পটাশ, ক্ষার

حَرْف ج حُرُوف ، أَحْرُف [হারফ] হরফ, বর্ণ, অক্ষর, অব্যয়, উপসর্গ (ব্যা)

حَرْف ج حِرَف [হার্‌ফ] পার্শ্ব, প্রান্ত, কিনারা, ধার, সীমা, চূড়া

حَرْف الاِسْتِفْهَام [হারফুল ইস্‌তিফ্‌হাম] প্রশ্ন-বোধক অব্যয় (ব্যা)

حَرْف الجَرّ [হারফুল জার] পদান্বয়ী অব্যয়, preposition (ব্যা)

حَرْف حَلْقِيّ [হারফ হালক্বী] কণ্ঠ্যবর্ণ

حَرْف شَمْسِيّ [হার্‌ফ শাম্‌ছী] সূর্যবর্ণঃ যে বর্ণের পূর্বে নির্দিষ্টবাচক উপসর্গ ال যুক্ত হলে ل-এর ধ্বনি (ল) ঐ বর্ণের ধ্বনিতে পরিবর্তিত হয়ে তাশদীদরূপে উচ্চারিত হয়, যেমন اَلشَّمْس (আশ-শাম্‌স)

حَرْف صَحِيح [হার্‌ফ ছহীহ] ব্যঞ্জনবর্ণ (ا و ي ব্যতীত অন্য সকল বর্ণ), নিরেট বর্ণ, অটুট বর্ণ

حَرْف العَطْف [হারফুল আত্‌ফ] সংযোজক অব্যয়, conjunction (ব্যা)

حَرْف العِلَّة [হারফুল 'ইল্লাহ] রুগ্ন বর্ণ, দুর্বল বর্ণঃ আরবী স্বরবর্ণ (ا و ي)

حَرْف قَمَرِيّ [হারফ ক্বামারী] চন্দ্রবর্ণঃ যে বর্ণের পূর্বে নির্দিষ্টবাচক উপসর্গ ال যুক্ত হলে ل-এর ধ্বনি (ল) যথারীতি উচ্চারিত হয়, যেমন اَلْقَمَر (আল-ক্বামার)

حَرْف مَائِل [হার্‌ফ মা'ইল] বাঁকা হরফ, italic

حَرْف النِّدَاء [হারফুন নিদা'] সম্বোধন-অব্যয় (ব্যা)

حَرْف نَطْعِيّ [হার্‌ফ নাত্‌'ঈ] দন্ত্যবর্ণ

حَرْف النَّفْي [হারফুন নাফ্‌ই] না-সূচক অব্যয়

حُرُوف الهِجَاء ، الحُرُوف الهِجَائِيَّة [হুরূফুল হিজা', আল-হুরূফুল হিজা'ইয়্যাহ] বর্ণমালা

حَرَفَ [ض] (حَرْف) عَنْ [হারফা] ফেরা, ফিরে আসা, বিরত থাকা, ফিরানো, বিরত করা, দূরে রাখা

[হারুফা] তিক্ত হওয়া, উগ্র হওয়া, ঝাঁজালো হওয়া, তীক্ষ্ণ হওয়া, প্রতিপক্ষ হওয়া, শত্রুভাবাপন্ন হওয়া حَرُفَ [ك] (حَرَافَة)

[হার্‌রফা] বাঁকা করা, নোয়ানো, ঝুঁকানো, বিকৃত করা, অপব্যাখ্যা করা, জাল করা, ধার দেওয়া, ধারালো করা, ছুঁচালো করা, ফিরিয়ে আনা, সরিয়ে আনা حَرَّفَ (تَحْرِيف) [حرف]

[হুর্‌ফ] বঞ্চনা, ঝাঁজালো বস্তু, সরিষা, শাক-জাতীয় উদ্ভিদবিশেষ, cress حُرْف

[হির্‌ফানিয়্যাহ্] বৃত্তিনিষ্ঠতা, পেশাদারি, professionalism حِرْفَانِيَّة [حرف]

[হির্‌ফাহ্] পেশা, বৃত্তি, ব্যবসা, কাজ, শিল্প حِرْفَة ج حِرَف

[হুর্‌ফাহ্] বঞ্চনা, দুর্ভাগ্য, সরিষার দানা حُرْفَة

[হার্‌ফী] অক্ষরসম্পর্কিত, বর্ণ-বিষয়ক, আক্ষরিক, বর্ণভিত্তিক حَرْفِيّ

[হির্‌ফী] পেশা-সম্বন্ধীয়, পেশামূলক, বৃত্তি-মূলক, পেশাদার, কারিগর حِرْفِيّ

[হার্‌ফিয়্যাহ্] আক্ষরিকতা حَرْفِيَّة [حرف]

[হিরফিয়্যাহ্] পেশাদারিত্ব, কারি-গরি, কারুশিল্প حِرَفِيَّة [حرف]

[হার্‌ক] জ্বলন, দহন, প্রজ্বলন, প্রজ্বালন, পোড়ার দাগ حَرْق

[হারক] পোড়ার দাগ, পোড়া দাগ حَرَق

[হারক্বা] পোড়ানো, দগ্ধ করা, পোড়া, দগ্ধ হওয়া حَرَقَ [ض] (حَرْق)

[হার্‌রক্বা] পোড়ানো, জ্বালানো, দগ্ধ করা, প্রজ্বলিত করা, (দাঁত) কড়মড় করা حَرَّقَ (تَحْرِيق) [حرق]

[হারিক] বিজলী চমকানো মেঘ, খাট চুল, খাট চুলওয়ালা حَرِق

[হার্‌ক্বাহ, হুর্‌ক্বাহ্] জ্বলন, দহন, ব্যথা, যন্ত্রণা, কষ্ট, তীব্রতা, প্রবল বাসনা حَرْقَة ، حُرْقَة

[হার্‌ক্বাদাহ্] কণ্ঠমণি, Adam's apple حَرْقَدَة

[হার্‌ক্বাফাহ্] নিতম্বের উপরি-ভাগের হাড় حَرْقَفَة ج حَرَاقِف

[হার্‌রকা] নড়ানো, চালানো, নাড়া দেওয়া, গতিসঞ্চার করা, আন্দো-লিত করা, উদ্বুদ্ধ করা, জাগ্রত করা, প্রণোদিত করা, আরম্ভ করা, (বর্ণে) হরকত দেওয়া حَرَّكَ (تَحْرِيك) [حرك]

[হারিক] গতিময়, চলমান, তৎপর, ত্বরিত, চটপটে, প্রাণবন্ত حَرِك

[হারকাহ্] নড়ন, চলন, নাড়া, গতি, গতিময়তা, আন্দোলন, চলাচল, (বর্ণের) স্বরচিহ্ন, ধ্বনিচিহ্ন, হরকত, ইশারা, ক্রীড়া حَرَكَة ج حَرَكَات

[হারকাত 'আদামিল ইন্-হিয়াঁয] জোটনিরপেক্ষ আন্দোলন حَرَكَة عَدَم الاِنْحِيَاز

['ইল্‌মুল হারকাহ্] গতিবিদ্যা, গতি-বিজ্ঞান عِلْم الحَرَكَة

[হারকী] আন্দোলন-সম্পর্কিত, গতিময়, গতিসম্পর্কিত, তৎপরতামূলক حَرَكِيّ

[হারম] নিষিদ্ধ, পবিত্র, পবিত্র স্থান, হেরেম, প্রাঙ্গন, অঙ্গন, ক্যাম্পাস (campus), স্ত্রী حَرَم ج أَحْرَام

[হারম জামি'ঈ] বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, বিশ্ববিদ্যালয় অঙ্গন حَرَم جَامِعِيّ ، حَرَم الجَامِعَة

[আল-হারমান, আল-হার-মাইন] দুই পবিত্র স্থানঃ মক্কা ও মদীনার পবিত্র মসজিদদ্বয় ও তৎসন্নিহিত নির্দিষ্ট এলাকা الحَرَمَان ، الحَرَمَيْن

[হারমা] নিষিদ্ধ করা, বঞ্চিত করা حَرَمَ [ض] (حِرْم ، حِرْمَان)

[হারিমা] নিষিদ্ধ হওয়া, নিষিদ্ধ করা, (বাজিতে) হারা حَرِمَ [س] (حَرَم ، حَرَام)

[হারুমা] নিষিদ্ধ হওয়া, হারাম হওয়া, অবৈধ হওয়া حَرُمَ [ك] (حُرْم ، حَرَام)

[হার্‌রমা] নিষিদ্ধ করা, হারাম করা, অবৈধ ঘোষণা করা, পবিত্র বলে ঘোষণা করা, পবিত্র মাসে প্রবেশ করা حَرَّمَ (تَحْرِيم) [حرم]

[হির্‌ম] নিষিদ্ধতা, এহরামের সময়, এহরামরত حِرْم ج حُرُم

[হুর্‌ম] (হজ্জের) এহরাম, এহরাম অবস্থা حُرْم

[হুরিমা] বঞ্চিত হওয়া, নিষিদ্ধ হওয়া حُرِمَ

[হুরুম] হারেমের রমণীকুল, স্ত্রীগণ حُرُم

[আল-আশ্‌হুরুল হুরুম] যুদ্ধনিষিদ্ধ মাসসমূহ, পবিত্র মাসসমূহ (যুল-কা'দাহ, যুল-হিজ্জাহ, মুহাররম, রজব) الأَشْهُر الحُرُم

[হির্মান] বঞ্চনা, ভোগান্তি, দারিদ্র, অভাব, নিষেধ حِرْمَان

[হার্মাহ্] রক্ষা, হেফাজত, রক্ষণাবেক্ষণ حَرْمَة

[হুর্মাহ্] নিষিদ্ধতা, পবিত্রতা, মর্যাদা, সম্মান, আশ্রয়, নিরাপত্তা, স্ত্রী, নারী حُرْمَة ، حُرُمَة ج حُرُمَات

[হারনা] একগুঁয়ে হওয়া, অবাধ্য হওয়া, গোঁ ধরা, আগাতে না চাওয়া, লেগে থাকা, এঁটে থাকা حَرَنَ [ن] (حِرَان ، حُرَان ، حُرُون)

[হারুনা] একগুঁয়ে হওয়া, অবাধ্য হওয়া, গোঁ ধরা, আগাতে না চাওয়া, লেগে থাকা, এঁটে থাকা حَرُنَ [ك] (حُرَان ، حُرُون ، حُرُونَة)

[হার্ওয়াহ্] জ্বলন, জ্বালা, ক্রোধ, বুকজ্বালা, অন্তর্জ্বালা, তীব্রতা, তীক্ষ্ণতা حَرْوَة

[হারূর] সূর্যের তাপ, রৌদ্র, গরম বাতাস حَرُور [حرر]

[হুরূফুল হিজা', আল-হুরূফুল হিজা'ইয়্যাহ্] বর্ণমালা حُرُوف الهِجَاء ، الحُرُوف الهِجَائِيَّة

[হারূন] একগুঁয়ে, জেদী, অবাধ্য, অনমনীয় حَرُون ج حُرُن [حرن]

[হার্রা] অধিক তৃষ্ণার্ত, বেশী পিপাসার্ত, পিপাসু, তৃষ্ণাকাতর, অত্যন্ত উৎসুক, উত্তপ্ত, জ্বলন্ত (حَرَّان-এর স্ত্রীলিঙ্গ) حَرَّى [حرر]

[হারী] যোগ্য, উপযুক্ত, অনুকূল, উপযোগী حَرِيّ [حري]

[হারী বিয-যিক্র] উল্লেখযোগ্য حَرِيّ بِالذِّكْر

[হারীব] যার সর্বস্ব লুট করে নেয়া হয়েছে حَرِيب ج حُرَبَاء ، حَرْبَى

[হারীবাহ্] যুদ্ধলব্ধ সম্পদ, গনীমত حَرِيبَة ج حَرَائِب

[হুর্রিয়্যাহ্] স্বাধীনতা, আজাদি, মুক্তি, অনুমতি حُرِّيَّة [حرر]

[হুর্রিয়্যাতুল ইরাদাহ্] ইচ্ছার স্বাধীনতা, স্বাধীন ইচ্ছা حُرِّيَّة الإِرَادَة

[হুর্রিয়্যাতুল ফিক্র] চিন্তার স্বাধীনতা, মুক্ত চিন্তা حُرِّيَّة الفِكْر

[হারীছাহ্] শ্রমক্লিষ্ট পশু حَرِيثَة ج حَرَائِث

[হারীজ] সংকীর্ণ, জটিল, সংকটময়, সংকটপূর্ণ حَرِيج [حرج]

[হারীর] রেশম, রেশমী কাপড় حَرِير [حرر]

[হারীর ছিনা'ঈ] কৃত্রিম রেশমঃ রেয়ন حَرِير صِنَاعِيّ

[হুরাইরাহ্] ক্যালরিঃ খাদ্যবস্তু থেকে প্রাপ্ত শারীরিক শক্তির একক, তাপের একক حُرَيْرَة [حرر]

[হারীরী] রেশমের তৈরী, রেশমী, রেশমের কারিগর, রেশম ব্যবসায়ী حَرِيرِيّ

[হারীয] সুরক্ষিত, নিরাপদ, শক্ত, দুর্ভেদ্য, অগম্য, অর্জিত, প্রাপ্ত, সংরক্ষিত حَرِيز [حرز]

[হারীসাহ্] ছাগলের নিরাপত্তার জন্য তৈরী পাথরের দেয়াল, রাতে চুরি হওয়া বকরী, রাতের ছাগলচুরি, প্রহরাধীন حَرِيسَة ج حَرَائِس

[হারীশ] একপ্রকার বহুপদ কীট, কেন্নো, কানকোটারি, গণ্ডার (প্রাণী) حَرِيش ج حُرُش

[হারীছ] লোলুপ, লিপ্সু, লোভী, আগ্রহী, কৃপণ, ব্যয়কুণ্ঠ, একাগ্র حَرِيص ج حِرَاص [حرص]

[হারীফ] বিপক্ষ, শত্রু, শত্রুভাবাপন্ন, প্রতিপক্ষ, কারিগর, খরিদ্দার, মক্কেল حَرِيف ج حُرَفَاء [حرف]

[হিররীফ] তিক্ত, ঝাঁজালো, উগ্র, তীব্র, তীক্ষ্ণ, গরম حِرِّيف [حرف]

[হারীক] আগুন, অগ্নি, অগ্নিকাণ্ড, প্রজ্বলিত حَرِيق [حرق]

[হারীম] পবিত্র স্থান, অন্দর মহল, অন্তঃপুর, অন্তঃপুরবাসিনী, নারী, মহিলা, স্ত্রী, সহধর্মিণী حَرِيم ج حُرُم [حرم]

[হায্] ছেদন, কর্তন, খোদাই حَزّ

[হায্] খাঁজ, কাটার দাগ, সন্ধিক্ষণ, ঠিক সময় حَزّ ج حُزُوز

[হায্যা] খাঁজ কাটা, ছেদন করা, কর্তন করা, খোদাই করা, (মনে) কষ্ট দেওয়া, আঘাত দেওয়া حَزَّ [ن] (حَزّ)

[হাযায] একপ্রকার চর্মরোগ, lichen, খুশকি, শেওলা حَزَاز

[হাযাযাহ্] গোঁড়ামি, ঘৃণা, বিদ্বেষ, আবেগ حَزَازَة ج حَزَازَات [حزز]

[হিযাম] ফিতা, বেল্ট, حِزَام ج حُزُم ، أَحْزِمَة

কটিবন্ধ, বন্ধনী

حَزَامَة [حزم] [হাযামাহ্] দৃঢ় সঙ্কল্প, প্রত্যয়, দৃঢ়চিত্ততা

حِزَامَة ج حَزَائِم [হিযামাহ্] ফিতা, বেল্ট, বন্ধনী, কটিবন্ধ

حَزَبَ [ن] (حَزْب) [হাযাবা] আপতিত হওয়া, আঘাত দেওয়া, সংঘটিত হওয়া, ঘটা, তীব্র হওয়া, গুরুতর হওয়া

حَزَّبَ (تَحْزِيب) [حزب] [হায্যাবা] জমা করা, একত্র করা, একত্রিত করা, সমবেত করা, দল-গঠন করা

حِزْب ج أَحْزَاب [হিয্ব] দল, সংঘ, জোট, পক্ষ, সংগঠন

حِزْب المُعَارَضَة [হিয্বুল মু'আরদাহ্] বিরোধী দল

حِزْبِيّ [হিয্বী] সাংগঠনিক, দলসম্পর্কিত, দলীয়, পক্ষীয়, দলের সদস্য

حِزْبِيَّة [حزب] [হিয্বিয়্যাহ্] দলীয় মনোভাব, পক্ষপাত, দলাদলি

حَزَّة ج حَزَّات [حزز] [হায্যাহ্] খাঁজ, কাটার দাগ, সময়, ঠিক সময়, সংকটকাল, কষ্ট

حِزَّة ، حُزَّة [حزز] [হিয্যাহ, হুয্যাহ্] লম্বাভাবে কাটা টুকরা, ফালি

حَزَرَ [ن] [ض] (حَزْر) [হাযারা] আন্দাজ করা, অনুমান করা, আনুমানিক হিসাব করা

حَزَّزَ (تَحْزِيز) [حزز] [হায্যাযা] খাঁজ কাটা, পার্শ্বে ধার দেওয়া

حَزْقَة [হায্ক্বাহ্] হিক্কা, হেঁচকি, (বল্টুর) নাট

حِزْقَة ج حِزَق [হিয্ক্বাহ্] দল, অংশ, খণ্ড, টুকরা

حَزْم [হায্ম] বুদ্ধিমত্তা, বিচক্ষণতা, সঙ্কল্প, প্রত্যয়, বন্ধন, প্যাকিং

حَزَمَ [ض] (حَزْم) [হাযামা] বাঁধা, আঁটি বাঁধা, গাঁটরি বাঁধা

حَزُمَ [ك] (حَزْم ، حَزَامَة) [হাযুমা] দৃঢ়সঙ্কল্প হওয়া, প্রত্যয়ী হওয়া

حَزَّمَ (تَحْزِيم) [حزم] [হায্যামা] শক্ত করে বাঁধা

حُزْمَة ج حُزَم [হুয্মাহ্] প্যাকেট, আঁটি, গাঁটরি, বাণ্ডিল, গুচ্ছ, পার্সেল

حَزْن ج حُزُون [হায্ন] অসমান শক্ত ভূমি

حَزَنَ [ن] (حَزْن) [হাযানা] দুঃখ দেওয়া, দুঃখিত করা, বিষণ্ন করা

حَزِن [হাযিন] দুঃখিত, বিষণ্ন, ব্যথিত, শোকাকুল

حَزِنَ [س] (حُزْن ، حَزَن) [হাযিনা] দুঃখ পাওয়া, দুঃখিত হওয়া, বিষণ্ন হওয়া, শোক করা

حَزُنَ [ك] (حُزُونَة) [হাযুনা] (ভূমি) অসমান ও শক্ত হওয়া, কঠিন হওয়া

حُزْن ج أَحْزَان [হুয্ন] দুঃখ, কষ্ট, শোক, বিষাদ, বিষণ্নতা, মর্মবেদনা, ক্ষোভ

حَزْنَان [حزن] [হায্নান] দুঃখিত, বিষণ্ন, শোক-গ্রস্ত, শোকাহত, শোকসন্তপ্ত

حُزُوقَة [حزق] [হুযূক্বাহ্] হিক্কা, হেঁচকি

حُزُونَة [حزن] [হুযূনাহ্] (ভূমির) শক্ত অবস্থা, কাঠিন্য

حَزِيب ج حُزُب ، حُزُب [হাযীব] কঠিন কাজ, জটিল বিষয়

حَزِيرَان [হাযীরান] জুন (মাস)

حَزِيم ج حُزَمَاء [হাযীম] শক্তিশালী, দৃঢ়সংকল্প, প্রত্যয়ী, বিচক্ষণ

حَزِيم ج حُزُم ، أَحْزِمَة [হাযীম] বেল্ট বাঁধার জায়গা, বুকের মধ্যস্থল

حَزِين ج حُزَنَاء ، حِزَان [حزن] [হাযীন] বিষণ্ন, দুঃখিত, শোকগ্রস্ত, শোকসন্তপ্ত, শোকাহত

حَسّ [হাস্] অনুভূতি, উপলব্ধি, অনুভব, চেতনা, বোধ, দয়া, কর্তন, কৌশল, হত্যা, অপরাধ, অন্যায়, কোলাহল

حَسَّ [ن] (حَسّ) [হাস্সা] নষ্ট করা, কর্তন করা, হত্যা করা

حَسَّ [ض] (حَسّ ، حِسّ) بِ [হাস্সা] অনুভব করা, উপলব্ধি করা, বোধ করা, টের পাওয়া

حَسَّ لِ [-- লি] সহানুভূতিশীল হওয়া

حِسّ [হিস্] অনুভূতি, অনুভব, উপলব্ধি, বোধ, টের, চেতনা, প্রথম অবস্থা, বেদনা, ক্ষীণ শব্দ

حَسَا [حسو] [হাসা] সুপ, ঝোল, শুরুয়া

[হাসা] চুমুক দেওয়া, [حسو] (حَسْو) [ن] حَسَا
অল্প অল্প করে পান করা

[হাসা'] সুপ, ঝোল, শুরুয়া [حسو] حَسَاء

[হিসাব] হিসাব, নিকাশ, حِسَاب ج حِسَابَات
গণনা, বিবেচনা, পরিমাপ, চালান, বিল, অঙ্ক

[আল-হিসাব] অঙ্ক, অঙ্কশাস্ত্র, গণিত الحِسَاب

[হিসাবুত তাওফীর] সেভিংস حِسَاب التَّوْفِير
একাউন্ট, সঞ্চয়ী হিসাব

[আল-হিসাবুল জারী] চলতি الحِسَاب الجَارِي
হিসাব, কারেন্ট একাউন্ট

['আলা হিসাবি] হিসাবে, খরচে, عَلَى حِسَابِ
ব্যয়ের খাতে

[হিসাবী] হিসাব-সম্বন্ধীয়, অংকশাস্ত্রীয়, حِسَابِيّ
গণিত-বিষয়ক, গাণিতিক, পাটিগণিত-বিশারদ

[হাস্সাদ] অধিক হিংসাকারী, [حسد] حَسَّاد
হিংসুক, হিংসুটে

[হাস্সাস] অনুভূতিসম্পন্ন, [حسس] حَسَّاس
বোধশক্তিসম্পন্ন, অনুভূতিপ্রবণ, সংবেদনশীল,
স্পর্শকাতর

[হিসাস] (জ্বরের) সূচনা, প্রথম অবস্থা حِسَاس

[হুসাস] অশুভ লক্ষণ, অসুবিধা, অস্বস্তি, حُسَاس
বিরক্তি, দুর্ভাগ্য, মন্দ, খারাপ চরিত্র, ছোট ছোট
প্রস্তরখণ্ড, ছোট মাছের শুটকি

[হাস্সাসী] অনুভূতিপ্রবণ, [حسس] حَسَّاسِيّ
স্পর্শকাতর, সংবেদনশীল

[হাস্সাসিয়্যাহ] সংবেদন- [حسس] حَسَّاسِيَّة
শীলতা, অনুভূতিপ্রবণতা, স্পর্শকাতরতা, অ্যালার্জি,
ইন্দ্রিয়প্রবণতা

[হুসাফ] সামান্য অবশিষ্টাংশ, অবশিষ্ট حُسَاف
সামান্য খাদ্যদ্রব্য

[হুসাকাহ] শত্রুতা, বিদ্বেষ حُسَاكَة

[হুসালাহ] শস্যের চূর্ণ খোসা, তুষ, ভুসি, حُسَالَة
বর্জিতাংশ, আবর্জনা, নিকৃষ্ট অংশ, রদ্দিমাল

[হুসাম] ধারালো তরবারি, তরবারির ধার, حُسَام
দীর্ঘ (রাত)

[হুসান, হুস্সান] খুব সুন্দর حُسَان ، حُسَّان

[হাস্ব] হিসাব, ধারণা, অনুমান, মত, حَسْب
চিন্তা, গণনা, পরিমাণ, যথেষ্টতা, যথেষ্ট

[হাস্বুনাল্লাহ] আল্লাহই আমাদের حَسْبُنَا اللهُ
জন্য যথেষ্ট

[ফা-হাস্ব] কেবল, মাত্র, কেবলমাত্র, শুধু, فَحَسْب
শুধুমাত্র

[হাসাব] পরিমাণ, পরিমাপ, حَسَب ج أَحْسَاب
উচ্চ বংশ, বংশগৌরব, মর্যাদা, মান, মূল্য

[হাসাবা] অনুসারে, অনুযায়ী, ভিত্তিতে حَسَبَ

[বি-হাসাবি, 'আলা হাসাবি] بِحَسَبِ ، عَلَى حَسَبِ
অনুসারে, অনুযায়ী, ভিত্তিতে

[হাসাবামা] যে অনুসারে, যে অনুযায়ী, حَسَبَمَا
যার ভিত্তিতে

[হাসাবা] হিসাব (حَسْب ، حِسَاب) [ن] حَسَبَ
করা, গণনা করা, গণ্য করা

[হাসিবা] মনে করা, (حِسْبَان) [س] [ح] حَسِبَ
ধারণা করা, আন্দাজ করা, অনুমান করা, বিবে-
চনা করা

[হাসুবা] সদ্বংশীয় হওয়া, (حَسَب) [ك] حَسُبَ
অভিজাত হওয়া, সম্মানিত হওয়া

[হাস্সাবা] তৃপ্তি [حسب] (تَحْسِيب) حَسَّبَ
সহকারে পানাহার করানো, (মৃতকে) কাফন
পরিয়ে দাফন করা, পাথরের মধ্যে দাফন করা,
বংশ-মর্যাদা আলোচনা করা

[হিস্বান] অনুমান, ধারণা, [حسب] حِسْبَان
হিসাব, গণনা

[হুস্বান] অনুমান, ধারণা, [حسب] حُسْبَان
হিসাব, গণনা, শাস্তি, ছোট তীর, ছোট পিঁপড়া,
বজ্র, শিলা

[হুস্বানাহ] ছোট তীর, ছোট [حسب] حُسْبَانَة
পিঁপড়া, মেঘ, বজ্র, শিলা, ছোট বালিশ

[হিস্বাহ] হিসাব, গণনা, অংক, মৃতদেহ حِسْبَة
পাথরের মধ্যে দাফন

[হিস্বাহ] প্রতিদান, পুরস্কার, حِسْبَة ج حِسَب
সওয়াব

[হাস্সাহ, হিস্সাহ] অবস্থা حَسَّة ، حِسَّة

[হাসাদ] হিংসা, ঈর্ষা, পরশ্রীকাতরতা حَسَد

[হাসাদা] হিংসা করা, (حَسَد) [ض] [ن] حَسَدَ
ঈর্ষা করা, ঈর্ষান্বিত হওয়া

حَسَرَ [হাসার] দুঃখ, কষ্ট, ক্লান্তি, অবসন্নতা, দুর্বলতা

حَسَرَ [ن] [ض] (حَسْر) [হাসারা] খুলে ফেলা, সরিয়ে ফেলা, অনাবৃত করা, নগ্ন করা, শ্রান্ত হওয়া

حَسَرَ (حُسُور) [হাসারা] খুলে যাওয়া, অনাবৃত হওয়া, শূন্য হওয়া (দৃষ্টি) ক্ষীণ হওয়া

حَسِر [হাসির] দুঃখিত, বিষণ্ন, ক্লান্ত, অবসন্ন, দুর্বল

حَسِرَ [س] (حَسْرَة) [হাসিরা] দুঃখ করা, দুঃখিত হওয়া, আফসোস করা, দুঃখ প্রকাশ করা

حَسَّرَ (تَحْسِير) [حسر] [হাস্‌সারা] দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া, ক্লান্ত করা, শ্রান্ত করা, অপসারণ করা

حَسْرَان مث حَسْرَى [حسر] [হাস্‌রান] দুঃখিত, বিষণ্ন, দুঃখকারী, আফসোসকারী

حَسْرَة ج حَسَرَات [হাস্‌রাহ্‌] দুঃখ, কষ্ট, ব্যথা, আফসোস, পরিতাপ, অনুতাপ, ক্ষোভ

حَسْرَتَا! [হাস্‌রতা] হায় আফসোস! হায় হায়!

وَاحَسْرَتَاه! [ওয়া হাস্‌রতাহ্‌] হায় আফসোস! হায় হায়!

يَاحَسْرَتِي! [ইয়া হাস্‌রতী] হায় আফসোস! হায় হায়!

حَسَّسَ (تَحْسِيس) [حسس] [হাস্‌সাসা] অনুভব করানো, উপলব্ধি করানো

حَسَك [হাসাক] কণ্টক, কাঁটা, মঞ্জরী, শিষ, ক্রোধ, শত্রুতা, বিদ্বেষ, কাঁটাগাছবিশেষ, caltrop

حَسِك [হাসিক] রাগান্বিত, বিদ্বেষপূর্ণ, কাঁটাবহুল

حَسِكَ [س] (حَسَك) [হাসিকা] কামড়ে খাওয়া, কাঁটাবহুল হওয়া, কণ্টকময় হওয়া

حَسِكَ عَلَى [-- 'আলা] বিদ্বেষ পোষণ করা, ঘৃণা করা, রেগে যাওয়া

حَسَكَة [হাসাকাহ্‌] কণ্টক, কাঁটা, ক্রোধ, শত্রুতা, বিদ্বেষ, মঞ্জরী, শিষ

حَسَكِيّ [হাসাকী] কাঁটাওয়ালা, কণ্টকময়

حَسْم [হাস্‌ম] কর্তন, সমাপ্তি, সিদ্ধান্ত, সংকল্প, মীমাংসা, বিয়োগ

حَسَمَ [ض] (حَسْم) [হাসামা] কর্তন করা, সমাপ্ত করা, সিদ্ধান্ত করা, সংকল্প করা, মীমাংসা করা, বিয়োগ করা, বাদ দেওয়া

حَسَن ج حِسَان [হাসান] ভাল, উত্তম, সুন্দর, শুভ, সুদর্শন, মনোরম, চমৎকার

حَسُنَ [ك] (حُسْن) [হাসুনা] ভাল হওয়া, সুন্দর হওয়া, সুদর্শন হওয়া, চমৎকার হওয়া

حَسَّنَ (تَحْسِين) [حسن] [হাস্‌সানা] ভাল করা, সুন্দর করা, সুসজ্জিত করা, উন্নত করা

حُسْن [হুস্‌ন] সৌন্দর্য, রূপ, শোভা, উৎকৃষ্টতা, উৎকর্ষ, শ্রেষ্ঠত্ব

حُسْنُ التَّعْبِير [হুস্‌নুত তা'বীর] সুন্দর প্রকাশ-রীতি, সুভাষণ

حُسْنُ الحَظّ [হুস্‌নুল হায] সৌভাগ্য, শুভ অদৃষ্ট

حُسْنُ السُّلُوك [হুস্‌নুস সুলূক] সদাচার, ভাল আচরণ

حُسْنُ السُّمْعَة [হুস্‌নুস সুম্‌'আহ্‌] সুনাম, সুখ্যাতি, যশ

حُسْنُ الصِّيت [হুস্‌নুছ ছীত] সুনাম, সুখ্যাতি, যশ

حُسْنُ الطَّالِع [হুস্‌নুত তালি'] সৌভাগ্য, শুভ অদৃষ্ট

حُسْنُ الظَّنّ [হুস্‌নুয যন] ভাল ধারণা

حُسْنُ النِّيَّة [হুস্‌নুন নিয়্যাহ্‌] সদিচ্ছা, নেক নিয়ত

حَسَنًا [হাসানান] সুন্দরভাবে, চমৎকারভাবে, উত্তমরূপে, সুন্দর! চমৎকার! বেশ!

حَسْنَاء ج حِسَان [حسن] [হাস্‌না'] সুন্দরী নারী, রূপসী ললনা, সুন্দরী, রূপসী

حَسَنَة ج حَسَنَات [হাসানাহ্‌] ভাল কাজ, মঙ্গল, কল্যাণ, পুণ্য, নেকি, গুণ, উত্তম বৈশিষ্ট্য, সৌন্দর্য-তিলক

حُسْنَى ج حُسْنَيَات [حسن] [হুস্‌না] ভাল কাজ, শুভ কাজ, কল্যাণ, মঙ্গল, পুণ্য, নেকি, সুফল, মহানুভবতা, সদাশয়তা

الأَسْمَاء الحُسْنَى [আল-আসমা'উল হুস্‌না] সুন্দর নামসমূহঃ আল্লাহর নিরানব্বইটি গুণবাচক নাম

بِالحُسْنَى [বিল-হুস্‌না] সদয়ভাবে, মহানুভবতার সঙ্গে, বন্ধুত্বপূর্ণ উপায়ে

حَسْو ، حَسُوّ [হাস্ও, হাসু] ঝোল, শুরুয়া, সুপ

حَسْوَة ج حَسَوَات [হাস্ওয়াহ্] চুমুক, ঢোক

حُسْوَة ج أَحْسِيَة ، أَحْسُوَة [হুস্ওয়াহ্] চুমুক, ঢোক, ঝোল, শুরুয়া, সুপ (soup)

حَسُود ج حُسُد [حسد] [হাসূদ] হিংসুটে, অধিক হিংসাকারী, হিংসুক

حُسُوم [حسم] [হুসূম] অশুভ, ক্লেশপূর্ণ, কঠিন (সময়)

حُسُومًا [হুসূমান] কঠিনভাবে, একাধারে

حَسُّون [হাস্সূন] সোনালী রঙের একপ্রকার ছোট্ট সুকণ্ঠ পাখি, goldfinch

حِسِّيّ [হিস্সী] অনুভূতিসংক্রান্ত, অনুভবযোগ্য, অনুভব-বিষয়ক, বোধশক্তিসম্বন্ধীয়, বোধগম্য, ইন্দ্রিয়প্রবণ, ইন্দ্রিয়গ্রাহ্য

حَسِيب ج حُسَبَاء [حسب] [হাসীব] সদ্বংশীয়, অভিজাত, সম্মানিত, মর্যাদাবান, মহৎ, যথেষ্ট, পর্যাপ্ত, হিসাবকারী

الحَسِيب [حسب] [আল-হাসীব] পরম পর্যাপ্ত, মহামানী, মহামহিম: আল্লাহ

حِسِّيَّة [حسس] [হিস্সিয়্যাহ্] ইন্দ্রিয়প্রবণতা, সংবেদনশীলতা

حَسِير ج حَسْرَى [حسر] [হাসীর] ক্লান্ত, শ্রান্ত, অবসন্ন, দুর্বল, দুঃখিত, বিষণ্ণ

حَسِير البَصَر [হাসীরুল বাছর] দুর্বলদৃষ্টি, বেশী দূরে দেখতে পায় না এমন

حَسِيس [حسس] [হাসীস] মৃদু শব্দ, আলতো শব্দ, হালকা আওয়াজ

حَسِيك [حسك] [হাসীক] খাট, খর্ব, খর্বকায়

حَسِيكَة ج حَسَائِك [حسك] [হাসীকাহ্] বিদ্বেষ, শত্রুতা, পশুর খাওয়া অংশ, শজারু

حَسِين ج حِسَان [حسن] [হাসীন] সুন্দর, শোভন, সুদর্শন, মনোরম, মনোহর

حُسَيْن [حسن] [হুসাইন] ভাল, উত্তম, সুন্দর, সুদর্শন (حَسَن -এর ক্ষুদ্রত্ববাচক প্রতিশব্দ)

حَشّ ، حِشّ ، حُشّ ج حُشُوش [হাশ্, হিশ্, হুশ্] বাগান, খেজুর বাগান, পায়খানা, মল

حَشَّ [ن] (حَشّ) [হাশ্শা] ঘাস কাটা, ঘাস খেতে দেওয়া, শুকিয়ে যাওয়া

حَشًا ج أَحْشَاء [حشو] [হাশা] নাড়ীভুঁড়ি, অন্ত্র, আঁতড়ি, পেট

حَشَا [ن] (حَشْو) [حشو] [হাশা] বোঝাই করা, ভরা, ঢুকানো

حَشَّاش ج حَشَّاشَة ، حَشَّاشُون [হাশ্শাশ] ঘাস বিক্রেতা, হাশীশ সেবনকারী, হাশীশাসক্ত

حِشَاش ج أَحِشَّة [হিশাশ] হাশীশের ব্যাগ, পার্শ্ব

حُشَاش [হুশাশ] অবশিষ্ট প্রাণ

حَشْد ، حَشَد ج حُشُود [হাশ্দ, হাশাদ] ভিড়, সমাবেশ, সমাগম, দল

حَشَدَ [ن] [ض] (حَشْد) [হাশাদা] একত্রিত করা, জমা করা, সমবেত করা, জড়ো করা, (সৈন্য) সমাবেশ করা, তলব করা, একত্রিত হওয়া, জমা হওয়া, জড়ো হওয়া, পুরোপুরি উদ্গত হওয়া

حَشَدَ لِ [-- লি] পক্ষ নেওয়া, পক্ষাবলম্বন করা, সমর্থন করা

حَشَّدَ (تَحْشِيد) [حشد] [হাশ্শাদা] একত্রিত করা, জমা করা, জড়ো করা

حَشْر [হাশ্র] সমাবেশ, ভিড়, চাপ, কেয়ামত, হাশর

الحَشْر [আল-হাশ্র] সূরা আল-হাশ্র: পবিত্র কোরআনের ৫৯তম সূরা

يَوْم الحَشْر [ইয়াওমুল হাশ্র] পুনরুত্থান-দিবস, হাশরের দিন, কেয়ামতের দিন

حَشَرَ [ن][ض] (حَشْر) [হাশারা] একত্রিত করা, জমা করা, জড়ো করা, সমবেত করা, পুনরুত্থিত করা

حَشَرَات (حَشَرَة) [حشر] [হাশারাত] পোকা-মাকড়, কীট-পতঙ্গ

عِلْم الحَشَرَات [ইল্মুল হাশারাত] কীটবিদ্যা, পতঙ্গবিজ্ঞান

مُبِيد الحَشَرَات [মুবীদুল হাশারাত] কীটনাশক

حَشَرَاتِيّ [হাশারাতী] কীট-সম্বন্ধীয়, পতঙ্গ-সংক্রান্ত, পতঙ্গবিজ্ঞান-সংক্রান্ত, কীটতত্ত্ববিদ, পতঙ্গবিজ্ঞানী

حَشَرَة ج حَشَرَات [হাশারাহ্] পোকা, কীট, পতঙ্গ

حَشْرَجَ (حَشْرَجَة) [হাশ্রজা] (মৃত্যুকালে) গলার

মধ্যে ঘড়ঘড় শব্দ করা

حَشَرِيّ [হাশারী] পতঙ্গভূক, কীটভুক, পতঙ্গ-সংক্রান্ত, কীটসম্বন্ধীয়, পতঙ্গবিজ্ঞানসংক্রান্ত

حَشَرِيَّات [حشر] [হাশারিয়্যাত] পতঙ্গবিজ্ঞান, কীটবিদ্যা

حَشَّشَ (تَحْشِيش) [حشش] [হাশ্শাশা] হাশীশ সেবন করা

حَشَف [হাশাফ] নষ্ট খেজুর, শুকনো খেজুর, শুষ্ক ওলান, শুকনো রুটি

حَشَفَ [ض] (حَشْف) [হাশাফা] শুকিয়ে যাওয়া, শুষ্ক হওয়া, সংকুচিত হওয়া, কুঁচকে যাওয়া

حَشَّفَ (تَحْشِيف) [حشف] [হাশ্শাফা] চোখের পাতা কাছাকাছি এনে পশমের ফাঁক দিয়ে তাকানো, চোখ পিটপিট করা

حَشَفَة ج حَشَف ، حِشَاف [হাশাফাহ] কাটার পর রয়ে যাওয়া শস্য-গাছের গোড়া, পুরুষাঙ্গের অগ্রভাগ, শিশ্নাগ্র, নিমজ্জিত ছোট দ্বীপ, সমুদ্রের প্রস্তরখণ্ড

حَشَكَ [ض] (حَشْك ، حُشُوك) [হাশাকা] জমা হওয়া, (ওলানে) অনেক দুধ জমা, (গাছে) বেশী ফল হওয়া, (মেঘ, আকাশ) বৃষ্টিবহুল হওয়া, (বাতাস) জোরে প্রবাহিত হওয়া

حَشَكَة [হাশাকাহ] দল, পাল, ঝাঁক

حَشَم [হাশাম] পরিজন, অনুচরবর্গ, পরিচারকবর্গ

حَشَمَ [ض] (حَشْم) [হাশামা] লজ্জিত করা, লজ্জা দেওয়া, রাগান্বিত করা, কষ্ট দেওয়া

حَشَمَ (حُشُوم) [হাশামা] সংকুচিত হওয়া, লজ্জা পাওয়া, সুস্থ থাকা, খুব ক্লান্ত হওয়া

حَشِمَ [س] (حَشَم) [হাশিমা] রাগ করা, রাগান্বিত হওয়া, লজ্জা পাওয়া, লজ্জিত হওয়া

حَشِمَ (حَشْم) [হাশিমা] রাগান্বিত করা, রাগানো

حَشَّمَ (تَحْشِيم) [حشم] [হাশ্শামা] লজ্জিত করা, লজ্জা দেওয়া, রাগান্বিত করা, কষ্ট দেওয়া

حَشْمَة ، حَشَمَة [হাশ্মাহ, হাশামাহ] পরিজন, অনুচরবর্গ, পরিচারকবৃন্দ

حِشْمَة [হিশ্মাহ] লজ্জা, লাজুকতা, লজ্জাশীলতা, শালীনতা, বিনয়, ক্রোধ, রাগ

حُشْمَة [হুশ্মাহ] নারী, প্রতিজ্ঞা, ওয়াদা, নিরাপত্তা, নিকট সম্পর্ক

حَشْو [হাশ্ও] ভরণ, বোঝাইকরণ, পূরণ, ভরাট

حَشْو ج مَحَاشِي [হাশ্ও] ভরাট, ফিলিং, প্রবিষ্ট বস্তু, নিকৃষ্ট মানুষ, বাজে জিনিস, রদ্দীমাল, গুরুত্বহীন কথা

حَشْوَة [হাশ্ওয়াহ] প্রবিষ্ট বস্তু, ভরাট, ফিলিং

حِشْوَة ، حُشْوَة [হিশ্ওয়াহ, হুশ্ওয়াহ] নিকৃষ্ট মানুষ, বাজে জিনিস, রদ্দিমাল

حَشَى ج أَحْشَاء [حشو] [হাশা] নাড়ীভুঁড়ি, অন্ত্র, আঁতড়ি, পেট

حَشَّى (تَحْشِيَة) [حشو] [হাশ্শা] ভরা, বোঝাই করা, (জামাকাপড়ে) পাড় লাগানো, মুড়ি লাগানো, আঁচল লাগানো, (পৃষ্ঠায়) মার্জিন রাখা, হাশিয়া (পার্শ্বটীকা) সংযোজন করা

حَشِيَّة ج حَشَايَا [حشو] [হাশিয়্যাহ] তোশক, গদি, জিন, বালিশ

حَشِيش ، حَشِيشَة ج حَشَائِش [حشش] [হাশীশ, হাশীশাহ] শুকনা ঘাস, খড়কুটা, তৃণলতা, হাশীশ

حَشِيف [হাশীফ] জীর্ণ পোশাক

حَشِيكَة ج حَشَائِك [হাশীকাহ] পশুর খাওয়া বস্তু

حَشِيم ج حُشَمَاء [حشم] [হাশীম] বিনম্র, শিষ্ট, লাজুক, লজ্জাশীল, শালীন

حَصَّ [ن] (حَصّ) [হাছ্ছা] দূর করা, কমানো, কেটে দেওয়া, (চুল) মুণ্ডন করা, ধ্বংস করা, অংশ হওয়া, ভাগে পড়া

حَصَّ [س] (حَصَص) [হাছ্ছা] চুল পড়ে যাওয়া, চুল কমে যাওয়া

حُصّ ج حُصُوص ، أَحْصَاص [হুছ্] মুক্তাদানা, জাফরান, কুমকুম

حَصَاة ج حَصَوَات ، حَصَيَات [حصي] [হাছাত] পাথর, প্রস্তরখণ্ড, কঙ্কর, নুড়ি

حَصَاد ، حِصَاد [হাছাদ, হিছাদ] ফসল কর্তন, শস্য সংগ্রহ, ফসল কাটার মৌসুম, ফসল, শস্য

حَصَّاد [حصد] [হাছ্ছাদ] ফসল কর্তনকারী, শস্য সংগ্রহকারী

حَصَّادَة [حصد] [হাছ্ছাদাহ] ফসল কাটার যন্ত্র

حِصَار [حصر] [হিছার] অবরোধ, ঘেরাও, বেষ্টন

حُصَاص [حصص] [হুছাছ] দ্রুত ধাবন, পাঁচড়া, খোস-পাঁচড়া

حُصَاصَة [حصص] [হুছাছাহ] আঙ্গুর পাড়ার পর রয়ে যাওয়া থোকা

حَصَافَة [حصف] [হাছাফাহ] প্রজ্ঞা, বিচক্ষণতা, দূরদর্শিতা

حَصَّالَة ج حَصَّالَات [حصل] [হাছ্ছালাহ] টাকা আদায়ের বাক্স, টাকার বাক্স, ক্যাশবাক্স

حُصَالَة [حصل] [হুছালাহ] আবর্জনা ও খারাপ অংশ বেছে ফেলার পর অবশিষ্ট শস্যদানা, চালার পর অবশিষ্ট শস্যদানা

حَصَان ج حُصُن ، حَصَانَات [হাছান] সতী নারী, মুক্তাদানা

حِصَان ج أَحْصِنَة ، حُصُن [হিছান] ঘোড়া, অশ্ব, ঘোটক, ভাল জাতের ঘোড়া, অশ্বশক্তি

حِصَان الْبَحْر [হিছানুল বাহ্‌র] সিন্ধুঘোটক, জল-হস্তী

حَصَانَة [حصن] [হাছানাহ] সুদৃঢ়তা, নিরাপত্তা, সুরক্ষা, সতীত্ব

حِصَانِيّ [হিছানী] অশ্বশক্তি, horsepower

حَصَب [হাছব] প্রস্তরখণ্ড, ভাঙ্গা পাথর, কঙ্কর, নুড়ি, খোয়া, জ্বালানি

حَصَبَ [ن] [ض] (حَصْب) [হাছবা] পাথর মারা, প্রস্তর নিক্ষেপ করা, পাথর বিছানো, খোয়া বিছানো, পাথর দ্বারা ঢেকে দেওয়া

حَصَبَ عَنْ [-- 'আন] দ্রুত সরে যাওয়া, দূরে সরিয়ে দেওয়া

حَصَبَ فِي [-- ফী] গমন করা, যাওয়া

حَصِب [হাছিব] প্রস্তরময়, কঙ্করময়, নুড়িবহুল

حَصِبَ [س] (حَصَب)، حُصِبَ [হাছিবা, হুছিবা] হাম ওঠা, হামে আক্রান্ত হওয়া

حَصَّبَ (تَحْصِيب) [حصب] [হাছ্ছবা] পাথর বিছানো, খোয়া বিছানো, পাথর দ্বারা ঢেকে দেওয়া

حَصْبَاء [حصب] [হাছবা'] পাথরকুচি, কঙ্কর, নুড়ি

حَصْبَة ، حَصَبَة [হাছবাহ, হাছবাহ] হাম (রোগ)

حَصِبَة [হাছিবাহ] নুড়ি উড়ানো প্রবল বাতাস, ঝড়, ঘূর্ণিঝড়, নুড়িবহুল (ভূমি), হাম (রোগ)

حِصَّة ج حِصَص ، حِصَّات [حصص] [হিছ্ছাহ] অংশ, ভাগ, খণ্ড, কোটা, ক্লাসের সময়, পিরিয়ড

نِظَام الحِصَص [নিযামুল হিছছ] কোটা পদ্ধতি

حَصْحَاص [হাছ্‌হাছ] মাটি, দ্রুত

حَصْحَصَ (حَصْحَصَة) [হাছ্‌হাছা] স্পষ্ট হওয়া, পরিষ্কার হওয়া, প্রতিভাত হওয়া, নাড়ানো

حِصْحِص [হিছ্‌হিছ] মাটি, পাথর

حَصْد [হাছদ] ফসল কর্তন, শস্য সংগ্রহ

حَصَد [হাছদ] ফসল, শস্য, সংগৃহীত ফসল

حَصَدَ [ن] [ض] (حَصْد ، حَصَاد) [হাছদা] (শস্য) সংগ্রহ করা, (ফসল) কাটা, হত্যা করা, মেরে ফেলা

حَصِدَ [س] (حَصَد) [হাছিদা] শক্ত হওয়া, মজবুত হওয়া

حَصْر [হাছর] সীমিতকরণ, সীমাবদ্ধকরণ, বন্ধন, বেষ্টন, ঘেরাও, সীমাবদ্ধতা, একত্রকরণ, মজুদ-করণ, ভিড়, গণনা

حَصَرَ [ن] [ض] (حَصْر) [হাছরা] সীমাবদ্ধ করা, ঘিরে রাখা, ঘেরাও করা, বন্ধ করা, আবদ্ধ রাখা, আটকে রাখা, অবরোধ করা, বন্দী করা, বন্ধনীর মধ্যে রাখা, একত্র করা, মজুদ করা, ঠাসা, গণনা করা

حَصِرَ [س] (حَصَر) [হাছিরা] আটকে যাওয়া, কথা আটকে যাওয়া, বাকরুদ্ধ হওয়া, ক্লান্ত হওয়া, ব্যয়কুণ্ঠ হওয়া

حُصْر [হুছর] মূত্রবদ্ধতা, কোষ্ঠবদ্ধতা, কোষ্ঠকাঠিন্য

حُصِرَ [হুছিরা] মূত্রবদ্ধতা কিংবা কোষ্ঠবদ্ধতাগ্রস্ত হওয়া

حِصْرِم [হিছ্‌রিম] কাঁচা আঙ্গুর, টক আঙ্গুর, কাঁচা ফল

حَصَّصَ (تَحْصِيص) [حصص] [হাছ্ছাছা] বরাদ্দ করা, পরিমাণ নির্দিষ্ট করা, ভাগ করা, বণ্টন করা

حَصَف [হাছফ] ঘামাচি (চর্মরোগ)

حَصِف [হাছিফ] বিজ্ঞ, বিচক্ষণ, দূরদর্শী, চতুর

حَصِفَ [س] (حَصَف) [হাছিফা] ঘামাচি হওয়া, ঘামাচিতে আক্রান্ত হওয়া

حَصُفَ [ك] (حَصَافَة) [হাছুফা] বিচক্ষণ হওয়া,

বিজ্ঞ হওয়া, দূরদর্শী হওয়া, চতুর হওয়া

حَصَل [হাছল] অপরিণত খেজুর, কাঁচা খেজুর, আবর্জনা ও খারাপ অংশ বেছে ফেলার পর অবশিষ্ট শস্যদানা, চালার পর অবশিষ্ট শস্যদানা

حَصَلَ [ن] (حُصُول) [হাছলা] হওয়া, ঘটা, থাকা, অর্জিত হওয়া, উদ্ভূত হওয়া, সৃষ্টি হওয়া, আপতিত হওয়া, আঘাত করা

حَصَلَ عَلَى [-- 'আলা] অর্জন করা, হাসিল করা, লাভ করা, পাওয়া

حَصَّلَ (تَحْصِيل) [حصل] [হাছ্ছলা] লাভ করা, হাসিল করা, অর্জন করা, আদায় করা, উদ্ধার করা

حَصَنَ [ن] [ض] (حَصْن) [হাছনা] সুরক্ষা করা, সুরক্ষিত জায়গায় রাখা

حَصُنَ [ك] (حَصَانَة) [হাছুনা] সুরক্ষিত হওয়া, সুদৃঢ় হওয়া, প্রতিরোধক্ষমতাসম্পন্ন হওয়া, (নারী) সতী হওয়া, চরিত্রবতী হওয়া

حَصَّنَ (تَحْصِين) [حصن] [হাছ্ছনা] সুদৃঢ় করা, সুরক্ষিত করা, রক্ষা করা, প্রতিরোধক্ষমতাসম্পন্ন করা

حَصَّنَ ضِدَّ [-- দিদ্দা] (রোগব্যাধির বিরুদ্ধে) প্রতিষেধক দেওয়া, প্রতিরোধক ব্যবহার করা

حِصْن ج حُصُون [হিছ্ন] দুর্গ, কেল্লা, গড়, অস্ত্রশস্ত্র, নিরাপত্তা, সুরক্ষা, সতীত্ব

حُصْن [হুছ্ন] নিরাপত্তা, সুরক্ষা, সতীত্ব

حَصْنَاء [حصن] [হাছ্না'] সতী নারী, সুরক্ষিতা রমণী, চরিত্রবতী

حَصُور [حصر] [হাছূর] বিরত, নিস্পৃহ, নারীদের সংসর্গ থেকে বিরত

حُصُول [حصل] [হুছূল] সংঘটন, অর্জন, লাভ, প্রাপ্তি

حَصَوِيّ [حصي] [হাছাবী] পাথর আছে এমন, পাথরযুক্ত, প্রস্তরময়, কংকরময়

حَصًى [হাছা] পাথর, প্রস্তরখণ্ড, নুড়ি, কঙ্কর

حَصَى [ض] (حَصًا) [হাছা] পাথর দ্বারা আঘাত করা, পাথর নিক্ষেপ করা, পাথর ছুঁড়ে মারা, প্রস্তরখণ্ড নিক্ষেপ করা

حَصِيَ [س] (حَصًى) [হাছিয়া] (ভূমি) প্রস্তরবহুল হওয়া, কঙ্করময় হওয়া

حَصِيَة [হাছিয়্যাহ] প্রস্তরবহুল, কঙ্করময় (ভূমি)

حُصَيَّة [হুছইয়াহ] ছোট পাথর, পাথুরি

حَصِيد ، حَصِيدَة ج حَصَائِد [حصد] [হাছীদ, হাছীদাহ] ফসল, শস্য, সংগৃহীত ফসল

حَصِير ج حُصُر ، أَحْصِرَة [حصر] [হাছীর] বন্দীশালা, জেলখানা, কারাগার, ভূপৃষ্ঠ

حَصِير ج حُصُر [হাছীর] মাদুর, চাটাই, চাঁচ, টাটি, দরমা

حَصِيرَة ج حَصَائِر [হাছীরাহ] মাদুর, চাটাই, চাঁচ, টাটি, দরমা

حَصِيص [حصص] [হাছীছ] সংখ্যা, পরিমাণ

حَصِيصَة ج حَصَائِص [হাছীছাহ] কামানো কিংবা উপড়ানো চুল বা পশম, কানের চুল

حَصِيف ج حُصَفَاء [حصف] [হাছীফ] বিচক্ষণ, দূরদর্শী, বিজ্ঞ, চতুর, বাস্তববাদী

حَصِيل [حصل] [হাছীল] অর্জিত, সংগৃহীত, অর্জিত বস্তু, সংগৃহীত সম্পদ

حَصِيلَة ج حَصَائِل [حصل] [হাছীলাহ] ফসল, ফল, পরিণাম, পরিণতি, অর্জিত বস্তু, মোট অঙ্ক, মোট পরিমাণ, অবশিষ্টাংশ

حَصِين [حصن] [হাছীন] সুরক্ষিত, নিরাপদ, মজবুত, সুদৃঢ়, প্রতিরোধক্ষমতাসম্পন্ন

حَضّ [হাদ্] উৎসাহপ্রদান, প্ররোচনা, উত্তেজনা, উস্কানি

حَضَّ [ن] (حَضّ) عَلَى [হাদ্দা] উৎসাহিত করা, প্ররোচিত করা, উত্তেজিত করা, উসকানো

حَضَارَة ، حِضَارَة [حضر] [হাদারাহ] সংস্কৃতি, সভ্যতা, নগর-জীবন, শহরে বসবাস

حَضَارِيّ [হাদারী] সভ্যতা-বিষয়ক, সাংস্কৃতিক, সভ্য, পৌর, শহুরে

حَضَانَة ، حِضَانَة [حضن] [হাদানাহ, হিদানাহ] (শিশুর) লালনপালন, রক্ষণাবেক্ষণ, (ডিমে) তা প্রদান, নার্সারি

حَضَر [হাদর] উপস্থিতি, সভ্যতা, সভ্য এলাকা, শহর এলাকা, শহরের অধিবাসী, শহরবাসী

حَضَرَ [ن] (حُضُور) [হাদরা] উপস্থিত হওয়া,

হাজির হওয়া, আগমন করা, এসে পৌঁছানো, এসে পড়া, যোগদান করা, দেখা, প্রত্যক্ষ করা, মনে পড়া

حَضِرَ [س] (حُضُور) [হাদিরা] উপস্থিত হওয়া, উপস্থিত থাকা

حُضِرَ [হুদিরা] মৃত্যু ঘনিয়ে আসা, মৃত্যুর মুখে পড়া, মৃত্যুর নিকটবর্তী হওয়া

حَضَّرَ (تَحْضِير) [حضر] [হাদ্দরা] হাজির করা, উপস্থিত করা, আনা, এনে দেওয়া, প্রস্তুত করা, তৈরী করা, সভ্য করা, সভ্যতাসম্পন্ন করা

حَضْرَة [হাদ্‌রাহ্] উপস্থিতি, হাজিরি, বর্তমানতা, বিদ্যমানতা

حَضْرَة ج حَضَرَات [হাদ্‌রাহ্] মাননীয়, মহামান্য, সম্মানিত, হযরত

حِضْرَة [হিদ্‌রাহ্] উপস্থিতি, নৈকট্য, সান্নিধ্য

حُضْرَة [হুদ্‌রাহ্] উপস্থিতি, নৈকট্য, সান্নিধ্য, আঙ্গিনা

حَضَرِيّ [হাদরী] সভ্য, পৌর, শহুরে, শহরবাসী, স্থায়ী বাসিন্দা

حَضَّضَ (تَحْضِيض) [حضض] عَلَى [হাদ্দদা] উৎসাহিত করা, প্ররোচিত করা, উত্তেজিত করা,

حَضَنَ [ن] (حَضْن ، حِضَانَة) [হাদনা] কোলে নেওয়া, বুকে জড়িয়ে ধরা, আলিঙ্গন করা, আশ্রয় দেওয়া, লালনপালন করা, প্রতিপালন করা, (ডিমে) তা দেওয়া

حَضُنَ [ك] (حِضَان) [হাদুনা] (স্ত্রীলোক, উষ্ট্রী বা বকরীর) দুটি স্তনের বা বাঁটের একটি অন্যটি থেকে বড় হওয়া

حِضْن ج حُضُون ، أَحْضَان [হিদ্‌ন] বক্ষ, কোল, পার্শ্ব, বাহু, পাহাড়ের পাদদেশ

فِي أَحْضَانِ [ফী আহ্‌দানি] মধ্যে, মাঝে, মাঝখানে, মধ্যস্থলে, ঘেরাওয়ের মধ্যে, বাহুতলে

حُضُور [حضر] [হুদুর] উপস্থিতি, হাজিরি, বিদ্যমানতা, হাজিরা, আগমন, যোগদান, অংশগ্রহণ, উপস্থিত লোকজন, দর্শকবৃন্দ

حَضُون [حضن] [হাদূন] দুটি স্তনের বা বাঁটের একটি অন্যটি থেকে বড় এমন (স্ত্রীলোক, উষ্ট্রী বা বকরী)

حَضِيرَة ج حَضَائِر [حضر] [হাদীরাহ্] ক্ষুদ্র দল, স্কোয়াড, অগ্রগামী সেনাদল

حَضِيض ج أَحِضَّة ، حُضُض [حضض] [হাদীদ] পাহাড়ের পাদদেশ, তলদেশ, গভীরতা, নিম্নভূমি

حَطّ [হাত্ত্] হ্রাস, কমতি, ঘাটতি, অবতরণ

حَطَّ [ن] (حَطّ) [হাত্তা] নামানো, কমানো, হ্রাস করা, হ্রাস পাওয়া, নামা, নেমে আসা, অবতরণ করা, নামিয়ে দেওয়া, অবনতি ঘটানো, হেয়তর করা, মর্যাদাহানি করা

حَطَّ مِنْ [-- মিন] নামিয়ে দেওয়া, হেয়তর করা, মর্যাদাহানি করা, অবনতি ঘটানো

حَطَّاب ج حَطَّابَة [حطب] [হাত্তাব] জ্বালানিকাঠ সংগ্রাহক, জ্বালানিকাঠ বিক্রেতা, লাকড়িওয়ালা, কাঠুরিয়া

حَطَاط ، حَطَاطَة [হাতাত, হাতাতাহ্] ফোসকা, ফোড়া, পাঁচড়া, ব্রণ, দুধের ফেনা

حُطَام ، حُطَامَة [হুতাম, হুতামাহ্] ভাঙ্গা টুকরা, ভগ্নাবশেষ, ধ্বংসাবশেষ, তুচ্ছ বস্তু, খড়কুটা

حَطَب ج أَحْطَاب [হাতব] জ্বালানিকাঠ, লাকড়ি, কুৎসা

حَطَبَ [ض] (حَطْب) [হাতবা] কুৎসা রটানো, জ্বালানিকাঠ সংগ্রহ করা

حِطَّة [হিত্তাহ্] অব্যাহতি, লাঘব, মর্যাদাহানি, অপমান, অবনতি

حَطَمَ [ض] (حَطْم) [হাতমা] ভাঙ্গা, ভেঙ্গে ফেলা, চূর্ণ করা

حَطِمَ [س] (حَطَم) [হাতিমা] বৃদ্ধ হওয়া, বয়স বাড়া, দুর্বল হয়ে পড়া

حَطَّمَ (تَحْطِيم) [حطم] [হাত্তমা] চূর্ণ-বিচূর্ণ করা, টুকরা টুকরা করা

حَطْمَة [হাত্‌মাহ্] কষ্টের বছর, অভাবের বছর, দুর্ভিক্ষের বছর

حِطْمَة ج حِطَم [হিত্‌মাহ্] ভাঙ্গা টুকরা, খণ্ডিত টুকরা, খণ্ডাংশ

حُطْمَة [হুত্‌মাহ্] কষ্টের বছর, অভাবের বছর, দুর্ভিক্ষের বছর

حُطَمَة [হুতমাহ্] লোভী, লোলুপ, লোভাতুর, পিষ্ট-কারী, প্রচণ্ড আগুন

حَطُوط [হাতূত] ভাল জাতের দ্রুতগামী উষ্ট্রী, টিলা

حَطُوم [হাতুম] জোরালো বাতাস, ঝড়, সিংহ

حُطَئَة [হুতইআহ] কুৎসিত ও খর্বকায় মানুষ

حَطِيب [حطب] [হাতীব] প্রচুর জ্বালানিকাঠ আছে এমন, লাকড়িবহুল (স্থান)

حَطِيطَة ج حَطَائِط [حطط] [হাতীতাহ] হ্রাস, বাদ, মূল্যহ্রাস, discount

حَظّ ج حُظُوظ [হায] ভাগ, অংশ, ভাগ্য, অদৃষ্ট, সৌভাগ্য, সুখ, প্রাচুর্য, আনুকূল্য

حَسَن الحَظّ [হাসানুল হায] সৌভাগ্যবান, সুখী

حُسْن الحَظّ [হুসনুল হায] সৌভাগ্য, সুখ

سُوء الحَظّ [সূ'উল হায] দুর্ভাগ্য, দুঃখ

سَيِّيء الحَظّ [সাইয়ি'উল হায] দুর্ভাগ্যবান, হতভাগ্য, অভাগা

حَظَّ [س] (حَظّ) [হাযযা] সুখী হওয়া, ভাগ্যবান হওয়া, সৌভাগ্যবান হওয়া

حُظَّ [হুযযা] ভাগ্যবান হওয়া, সৌভাগ্যবান হওয়া, সুখী হওয়া

حَظَار ، حِظَار [হাযার, হিযার] বেড়া, প্রাচীর, পর্দা

حِظَة ج حِظًا ، حِظَاء [حظو] [হিযাহ] মর্যাদা, স্থান, অবস্থান, ভাগ, অংশ, ভাগ্য

حَظْر [হায্র] নিষেধ, বারণ, মানা, নিষেধাজ্ঞা

حَظْر التَّجَوُّل [হায্রুত তাজাওবুল] সান্ধ্য আইন, কারফিউ

حَظَرَ [ن] (حَظْر) [হাযরা] নিষেধ করা, নিষিদ্ধ করা, বন্ধ রাখা

حَظَّرَ (تَحْظِير) [حظر] [হায্যরা] নিষেধ করা, নিষিদ্ধ করা, বন্ধ রাখা

حَظْرِيّ [হাযরী] নিষেধমূলক, নিষেধসূচক

حِظْوَة ، حُظْوَة [হিয্ওয়াহ, হুয্ওয়াহ] অনুগ্রহ, আনুকূল্য, সুবিধা, অগ্রাধিকার, সম্মান, মর্যাদা, প্রভাব, প্রতিপত্তি, কর্তৃত্ব

حَظِيَ [س] (حُظْوَة ، حِظْوَة) [হাযিয়া] সম্মান পাওয়া, মর্যাদাবান হওয়া, কাছের মানুষ হওয়া

حَظِيَ بِ [-- বি] লাভ করা, অর্জন করা, জয় করা

حَظِيَ عِنْدَ [-- 'ইন্দা] অনুগ্রহভাজন হওয়া, অনুগ্রহ লাভ করা, সুবিধা পাওয়া

حَظِيّ [حظو] [হাযী] সম্মানিত, প্রিয়পাত্র, ভাগ্যবান

حَظِّيّ [حظظ] [হায্যী] ভাগ্যবান, সৌভাগ্যবান, সুখী

حَظِيَّة ج حَظَايَا [حظي] [হাযিয়্যাহ] উপপত্নী, রক্ষিতা, অবৈধ প্রেমিকা

حَظِيرَة ج حَظَائِر [حظر] [হাযীরাহ] বেড়া, খাঁচা, খোঁয়াড়, সংরক্ষিত প্রাঙ্গন, গোলাবাড়ি

حَظِيظ [حظظ] [হাযীয] ভাগ্যবান, সৌভাগ্যবান, সুখী

حَفّ ج حُفُوف [حفف] [হাফ] চিহ্ন, ছাপ

حَفَّ [ن] (حَفّ) [হাফ্ফা] বেষ্টন করা, ঘিরে রাখা, মুণ্ডন করা, ছাঁটা, কাটা, ঘষে উঠানো

حَفَّ [ض] (حَفِيف) [হাফ্ফা] খস্‌খস্‌ শব্দ করা, মর্মরধ্বনি করা

حَفَا [ن] (حَفْو) [হাফা] দান করা, উপহার দেওয়া

حَفَا بِ [-- বি] সম্মান করা, সম্মান দেওয়া

حَفَا عَنْ [-- 'আন] বঞ্চিত করা, বঞ্চিত রাখা

حَفَاء [حفو] [হাফা'] নগ্নপদতা, খালি পা

حَفَّار [حفر] [হাফ্ফার] খননকারী, খোদাইকারী, খননকর্মী

حَفَّارَة ج حَفَّارَات [حفر] [হাফ্ফারাহ] খননযন্ত্র, খোদাই-যন্ত্র

حُفَاصَة [حفص] [হুফাছাহ] সংগৃহীহ বস্তু, সংগ্রহ

حِفَاض [হিফাদ] কাপড়ের টুকরা, নেকড়া, তেনা

حِفَاظ [حفظ] [হিফায] হেফাজত, রক্ষণ, সংরক্ষণ, রক্ষা, নেকড়া, তেনা

حِفَاف ج أَحِفَّة [حفف] [হিফাফ] পার্শ্ব, পাশ, পার্শ্বদেশ, ফুটপাত

حُفَافَة [حفف] [হুফাফাহ] ঝরা বস্তু, অবশিষ্টাংশ

حُفَال [হুফাল] বিরাট সমাবেশ, সংগৃহীত দুধ

حُفَالَة [হুফালাহ] নিকৃষ্ট বস্তু, আবর্জনা, ময়লা, (দুধের) ফেনা

حَفَّان [حفف] [হাফ্ফান] চাকর-বাকর, ছোট উটপাখি, উটপাখির পালক, পরিপূর্ণ (পাত্র)

[হাফাওয়াহ্] অভ্যর্থনা, সাদরে গ্রহণ, অভিনন্দন, অভিবাদন, সংবর্ধনা حَفَاوَة [حفو]

[হাফ্ফাহ্] উদারতা, বদান্যতা, উটের খাওয়া ঘাস, তাঁতযন্ত্রের যে কাষ্ঠখণ্ডে কাপড় পেঁচানো হয় حَفَّة [حفف]

[হাফ্হাফা] শব্দ সৃষ্টি করা, কষ্ট করে জীবিকা নির্বাহ করা حَفْحَفَ (حَفْحَفَة)

[হাফাদা] দ্রুত সম্পন্ন করা, তাড়াতাড়ি করা, কর্মতৎপর হওয়া, সাহায্য করা, সেবা করা حَفَدَ [ض] (حَفْد ، حُفُود ، حَفَدَان)

[হাফ্র] খনন, খননকাজ, খোদাই, নকশা حَفْر

[হাফার] প্রশস্ত কূপ, বড় কূপ, খননকৃত মাটি حَفَر ج أَحْفَار ، أَحَافِير

[হাফারা] খনন করা, খোঁড়া, গর্ত করা, ছিদ্র করা, খোদাই করা حَفَرَ [ض] (حَفْر)

[হুফ্রাহ্] গর্ত, গহ্বর, হৃদ, ছিদ্র, কবর حُفْرَة ج حُفَر

[হাফ্রিয়্যাত] প্রত্নতাত্ত্বিক আবিষ্কার حَفْرِيَّات

[হাফ্রিয়্যাহ্] খনন, খননকাজ, খোদাইকর্ম حَفْرِيَّة ج حَفْرِيَّات [حفر]

[হাফাযা] উস্কানি দেওয়া, খোঁচা মারা, উত্তেজিত করা, উদ্বুদ্ধ করা حَفَزَ [ض] (حَفْز) عَلَى

[হাফ্শ] একপ্রকার সামুদ্রিক মাছ, sturgeon حَفْش

[হাফাশা] ছাল তোলা, বের করা, এক জায়গায় জমা করা, একদিকে প্রবাহিত হওয়া, তৃণ উৎপন্ন করা, তাড়িয়ে দেওয়া حَفَشَ [ض] (حَفْش)

[-- 'আলা] জড়ো হওয়া, ভিড় করা, সমবেত হওয়া حَفَشَ عَلَى

[-- ফী] চেষ্টা করা, প্রয়াস চালানো حَفَشَ فِي

[হাফিশা] বৃষ্টি জোরে পড়ার পর হঠাৎ থেমে যাওয়া حَفِشَ [س] (حَفَش)

[হিফ্শ] কুঁড়েঘর, কুটির, তাঁবু, জীর্ণ বস্তু, (উটের) কুঁজ حِفْش ج أَحْفَاش ، حِفَاش

[হাফ্শাহ্] প্রবল বৃষ্টির পশলা حَفْشَة

[হাফ্ছ] কুঁড়েঘর, কুটির, চামড়ার তৈরী পাত্র, সিংহশাবক حَفْص ج أَحْفَاص ، حُفُوص

[হাফাছা] জমা করা, একত্র করা, নিক্ষেপ করা, ফেলে দেওয়া حَفَصَ [ض] (حَفْص)

[হাফিযা] রক্ষা করা, সংরক্ষণ করা, হেফাজত করা, তত্ত্বাবধান করা, মুখস্থ করা حَفِظَ [س] (حِفْظ)

[হাফ্ফাযা] মুখস্থ করতে বলা, মুখস্থ করানো, (কোরআন) হেফজ করানো حَفَّظَ (تَحْفِيظ) [حفظ]

[হিফ্য] রক্ষা, যত্ন, তত্ত্বাবধান, সংরক্ষণ, হেফাজত, মুখস্থকরণ, (কোরআন) হেফজকরণ حِفْظ

[হিফ্যুয যাত] আত্মরক্ষা حِفْظ الذَّات

[হিফ্যুস সালাম] শান্তিরক্ষা حِفْظ السَّلَام

[হিফ্যুন নাফ্স] আত্মরক্ষা حِفْظ النَّفْس

[হিফ্যাহ্] ক্রোধ, রোষ, ঘৃণা, ঈর্ষা, বিদ্বেষ حِفْظَة

[হাফাফ] চিহ্ন, ছাপ, স্বল্প সম্পদ, কষ্টকর জীবিকা, অভাব, অঞ্চল حَفَف

[হাফ্ফাফা] বেষ্টন করা, ঘিরে রাখা, ঘেরাও করা حَفَّفَ (تَحْفِيف) [حفف] بِـ

[হাফ্ল] সমাবেশ, জমায়েত, অনুষ্ঠান, উৎসব, মাহফিল, উপস্থিতি, মনোযোগ, খেয়াল, যত্ন حَفْل

[হাফালা] সমবেত হওয়া, একত্র হওয়া, জড়ো হওয়া, প্রচুর হওয়া, পর্যাপ্ত হওয়া حَفَلَ [ض] (حَفْل)

[-- বি] মনোযোগ দেওয়া, খেয়াল করা, যত্নবান হওয়া, সংশ্লিষ্ট হওয়া, পরিপূর্ণ হওয়া, ভরে যাওয়া حَفَلَ بِـ

[হাফ্ফালা] অলংকৃত করা, সজ্জিত করা, জমানো, জমা করে রাখা, সংগ্রহ করা حَفَّلَ (تَحْفِيل) [حفل]

[হাফ্লাহ্] অনুষ্ঠান, উৎসব, পর্ব, সভা, আসর, মাহফিল, সমাবেশ, দল, পার্টি, চক্র, উপস্থাপনা, পরিবেশনা, প্রদর্শনী حَفْلَة ج حَفَلَات

[হাফ্লাত ইস্তিক্বাল] সংবর্ধনা-সভা, সংবর্ধনা, অভ্যর্থনা حَفْلَة اِسْتِقْبَال

[হাফ্লাত ইফ্তিতাহ্] উদ্বোধনী অনুষ্ঠান حَفْلَة اِفْتِتَاح

[হাফ্লাহ রাক্বিছাহ্] নাচের পার্টি, নৃত্যদল, dance party حَفْلَة رَاقِصَة

[হাফ্লাত যাওয়াজ] বিবাহ-অনুষ্ঠান حَفْلَة زَوَاج

حَفْلَة سَاهِرَة [হাফ্লাহ সাহিরাহ] সান্ধ্য অনুষ্ঠান, নৈশ অনুষ্ঠান, বিনোদন-সন্ধ্যা

حَفْلَة شَاي [হাফ্লাত শাই] চা-চক্র, tea party

حَفْلَة غِنَائِيَّة [হাফ্লাহ গিনা'ইয়্যাহ] গানের আসর, সঙ্গীতানুষ্ঠান

حَفْلَة وَدَاع [হাফ্লাত ওয়াদা'] বিদায়ী অনুষ্ঠান, farewell

حَفَلَى [হাফালা] সাধারণ নিমন্ত্রণ, আম দাওয়াত

حَفَنَ [ن] (حَفْن) [হাফানা] দুই হাতে লওয়া, অঞ্জলি ভরে লওয়া

حَفَنَ لِ [-- লি] সামান্য পরিমাণ দেওয়া, এক মুঠো দান করা

حَفْنَة ج حَفَنَات [হাফ্নাহ] মুষ্টি, মুঠো, সামান্য পরিমাণ

حُفْنَة ج حُفَن [হুফ্নাহ] সামান্য পরিমাণ, মুষ্টি, মুঠো

حَفًى [حفو] [হাফা] নগ্নপদতা, খালি পা

حَفِي ، حَفٍ ج حُفَاة [حفو] [হাফী, হাফিন] নগ্নপদ, খালি-পা

حَفِيّ ج حُفَوَاء [حفو] [হাফী] অনুসন্ধানকারী, পুরোপুরি অবহিত, সাদরে অভ্যর্থনাকারী, অত্যন্ত দানশীল, দয়ালু

حَفِيَ [س] (حَفَاء) [حفو] [হাফিয়া] খালি পায়ে হাঁটা, নগ্নপদ হওয়া

حَفِيد ج أَحْفَاد ، حَفَدَة [حفد] [হাফীদ] পৌত্র, নাতি

حَفِيدَة ج حَفَائِد [حفد] [হাফীদাহ] পৌত্রী, নাতনী

حَفِير [حفر] [হাফীর] খননকৃত, খোদাইকৃত, গর্ত, গহ্বর, কবর

حَفِيرَة ج حَفَائِر [حفر] [হাফীরাহ] খননকাজ, খননলব্ধ বস্তু, গর্ত, গহ্বর

حَفِيظ [حفظ] [হাফীয] হেফাজতকারী, রক্ষক, সংরক্ষক, যে স্মরণ রাখে, মনোযোগী

الحَفِيظ [حفظ] [আল-হাফীয] মহারক্ষক, রক্ষাকর্তাঃ আল্লাহ

حَفِيظَة ج حَفَائِظ [حفظ] [হাফীযাহ] ক্রোধ, ঘৃণা, রোষ, ঈর্ষা, বিদ্বেষ

حَفِيف [حفف] [হাফীফ] খস্খস্ শব্দ, হিস্হিস্ শব্দ, মর্মর-ধ্বনি

حَفِيل [حفل] [হাফীল] বিরাট, ব্যাপক, অনেক, বহুসংখ্যক

حَقّ [হাক] সত্য, ন্যায়, হক, সঠিক, যথাযথ, প্রকৃত, নিশ্চিত, প্রকৃত অবস্থা, যথাযথতা

حَقّ ج حُقُوق [হাক] অধিকার, হক, দাবি, পাওনা, সম্পদ, সম্পত্তি

الحَقّ [আল-হাক] মহাসত্য, চিরন্তন সত্যঃ আল্লাহ

حَقّ الدُّخُول [হাক্কুদ দুখূল] প্রবেশাধিকার

حَقّ الشُّفْعَة [হাক্কুশ শুফ'আহ] অগ্রক্রয়ের অধিকার, অগ্রক্রয়াধিকার, pre-emption

حَقّ اليَقِين [হাক্কুল ইয়াক্বীন] প্রমাণিত সত্য, নিশ্চিত সত্য

الحَقّ عَلَيْكَ [আল-হাক্কু 'আলাইকা] তুমি ভুলের ওপর রয়েছো। তুমি অন্যায় করছ। তোমারটা ঠিক নয়।

الحَقّ مَعَكَ [আল-হাক্কু মা'আকা] তুমি সত্যের ওপর রয়েছো। তুমিই ঠিক। তোমারটাই সঠিক।

بِحَقّ ، بِالحَقّ [বি-হাক্কিন, বিল-হাক্কি] আসলে, প্রকৃতপক্ষে, বাস্তবে, সত্য বলতে, সত্যসত্যই, যথার্থভাবে, ন্যায়ত

حَقَّ [ن][ض] (حَقّ) [হাক্কা] সত্য হওয়া, সঠিক হওয়া, নিশ্চিত হওয়া, প্রমাণিত হওয়া, যথাযথ হওয়া

خَافَتَ (مُخَافَتَة) [خفت] [খাফাতা] নিঃশব্দে করা, চুপে চুপে করা, আস্তে আস্তে বলা

خَافِت [خفت] [খাফিত] নীরব, দুর্বল, ক্ষীণ, নিচু (স্বর), পানিবিহীন মেঘ

خَافِض [خفض] [খাফিদ] নিচু, নিচুকারী, সহজ, আরামদায়ক

الخَافِض [خفض] [আল-খাফিদ] (অবাধ্যদের) লাঞ্ছিতকারী, হৃতমানকারীঃ আল্লাহ

خَافِق [خفق] [খাফিক] স্পন্দমান, ধুকধুক করে এমন, (হৃদয়), পতপতকারী (পতাকা)

خَافِق ج خَافِقَات [খাফিক] পতাকা, ব্যানার

الخَافِقَانِ [আল-খাফিক্বানি] পূর্ব ও পশ্চিম দিক

خَافِي ، خَافٍ مث خَافِيَة [خفي] [খাফী] গুপ্ত, লুক্কায়িত, সুপ্ত, গোপন

خَافِيَة ج خَوَافِي ، خَوَافٍ [خفي] [খাফিয়াহ] গোপন তথ্য, রহস্য, ডানার নিচে লুকানো (পাখির) পালক, ছোট পালক

خَاقَان ج خَوَاقِين [খাক্বান] রাজা, সম্রাট, শাসন-কর্তা

خَال ج أَخْوَال [خول] [খাল] মামা, মাতুল

خَال ج خِيلَان ، أَخْيِلَة [خول] [খাল] তিলক, তিল, আঁচিল, ধারণা, অনুমান, দুর্বল লোক, অহংকার, অহংকারী, টিলা, পাহাড়, নরম কাপড়, ঘোড়ার লাগাম

خَالَ [س] (خَيْل ، خَيْلُولَة) [خيل] [খালা] মনে করা, খেয়াল করা, কল্পনা করা, ধারণা করা, চিন্তা করা

خَالَّ (مُخَالَّة ، خِلَال) [خلل] [খাল্লা] বন্ধুর মত ব্যবহার করা, বন্ধুত্ব করা, বন্ধু হওয়া

خَالَبَ (مُخَالَبَة) [خلب] [খালাবা] নরম কথায় ভুলানো, প্রতারিত করা, প্রলোভিত করা, প্রলুব্ধ করা, লোভ দেখানো

خَالِب [خلب] [খালিব] আকৃষ্টকারী, আকর্ষক, মুগ্ধকর, প্রতারক, প্রতারণাপূর্ণ

خَالَة ج خَالَات [خول] [খালাহ্] খালা, মাসী, অহংকারী মহিলা

خَالَجَ (مُخَالَجَة) [خلج] [খালাজা] মনে লাগা,

কষ্ট দেওয়া, ভারাক্রান্ত করা, অভিভূত করা, অন্যমনস্ক করা, বিরক্ত করা, অশান্তি দেওয়া

خَالِج [خلج] [খালিজ] মনে লাগে বা কষ্ট দেয় এমন, অন্যমনস্ক করে এমন, মৃত্যু

خَالِجَة ج خَوَالِج [خلج] [খালিজাহ] ভাবাবেগ, উচ্ছ্বাস, আবেগ, অনুভূতি, চিন্তা, দুশ্চিন্তা, সংশয়, সন্দেহ

خَالِد [خلد] [খালিদ] চিরঞ্জীব, অমর, চিরস্থায়ী, শাশ্বত, অনন্ত

خَالَسَ (مُخَالَسَة) [خلس] [খালাসা] আকস্মিক-ভাবে নিয়ে যাওয়া

خَالَسَ النَّظَرَ [খালাসান নাযরা] চুরি করে দেখা, চুপিচুপি তাকানো, উঁকি মারা

خَالَصَ (مُخَالَصَة) [خلص] [খালাছা] আন্তরিক হওয়া, আন্তরিকতাপূর্ণ আচরণ করা, সমান ব্যবহার করা, সংহতি প্রকাশ করা

خَالَصَ مَعَ [-- মা'আ] হিসাব নিষ্পত্তি করা, লেন-দেন ক্রিয়ার করা, পাওনা-দাওনা মিটিয়ে ফেলা

خَالِص [خلص] [খালিছ] খাঁটি, বিশুদ্ধ, অবিমিশ্র, নির্ভেজাল, মুক্ত, নিষ্কৃতিপ্রাপ্ত, অব্যাহতিপ্রাপ্ত

خَالَطَ (مُخَالَطَة) [خلط] [খালাতা] মিশ্রিত হওয়া, মেলামেশা করা, মিশে যাওয়া

خَالِع [خلع] [খালি'] পরিত্যক্তা, তালাকপ্রাপ্তা

خَالَفَ (مُخَالَفَة ، خِلَاف) [خلف] [খালাফা] বিরোধিতা করা, খেলাফ করা, উল্টা করা, লঙ্ঘন করা, অমান্য করা, ভিন্ন হওয়া, বিপরীত হওয়া, অন্যরকম হওয়া, ভিন্নমত পোষণ করা, বিরোধী হওয়া

خَالِف [خلف] [খালিফ] পশ্চাদ্বর্তী, পিছনে থেকে যায় এমন, পরবর্তী, নির্বোধ, বোকা

خَالِفَة ج خَوَالِف [خلف] [খালিফাহ] পশ্চাদ্বর্তী, পিছনে থেকে যায় এমন, পরবর্তী, নির্বোধ, বোকা (স্ত্রী)

خَالَقَ (مُخَالَقَة) [خلق] [খালাক্বা] ভাল ব্যবহার করা, কোমল আচরণ করা

خَالِق [خلق] [খালিক] সৃষ্টিকারী, আবিষ্কারক, উদ্ভাবক

الخَالِق [خلق] [আল-খালিক] সৃষ্টিকর্তা, মহান স্রষ্টাঃ আল্লাহ

خَالِي ، خَالٍ مث خَالِيَة [خلو] [খালী, খালিন] খালি, শূন্য, মুক্ত, রিক্ত, বিহীন, বিগত, অতীত, একাকী, অবিবাহিত

خَام [خيم] [খাম] অশোধিত (পণ্য), কাঁচা (মাল), অপরিপক্ক, অদক্ষ, অনভিজ্ঞ, সূতী বস্ত্র

زَيْت خَام [যাইত খাম] অশোধিত তেল

مَادَّة خَام [মাদ্দাহ খাম] কাঁচামাল

خَامّ [خمم] [খাম্ম] পচা, নষ্ট, বিকৃত, দুর্গন্ধময়

خَامَ [ن] (خُوْمَان) [خوم] [খামা] (স্থান) স্বাস্থ্যের জন্য প্রতিকূল হওয়া, অস্বাস্থ্যকর হওয়া

خَامَات (خَام) [খামাত] কাঁচামাল, অশোধিত পণ্য

خَامَة ج خَام ، خَامَات [خيم] [খামাহ] ঝোপ, অস্বাস্থ্যকর স্থান, কাঁচামাল, আকরিক

خَامِج [خمج] [খামিজ] নষ্ট, পচনশীল, সংক্রামক

خَامِد [خمد] [খামিদ] নির্বাপিত, প্রশমিত, শান্ত, ঠাণ্ডা, নিস্তব্ধ

خَامَرَ (مُخَامَرَة) [خمر] [খামারা] প্রবেশ করা, ঢুকে পড়া, মিশে যাওয়া, পেয়ে বসা, অনুভব করা

خَامَرَهُ الشَّكُّ [খামারহুশ শাককু] সন্দেহে পড়া, সন্দিহান হওয়া, সন্দিগ্ধ হওয়া

خَامِس مث خَامِسَة [خمس] [খামিস] পঞ্চম

خَامِسًا [খামিসান] পঞ্চমত

خَامِس عَشَر مث خَامِسَة عَشْرَةَ [খামিস 'আশার] পঞ্চদশ, পনরতম

خَامِل [خمل] [খামিল] অলস, অকর্মণ্য, দুর্বল, মন্থর, ঢিলে, অবসাদগ্রস্ত, বেখেয়াল, গুরুত্বহীন, অখ্যাত, অজ্ঞাত

خَان ج خَانَات [خون] [খান] সরাইখানা, পান্থ-শালা, হোটেল, খানা, ঘর

خَانَ [ن] (خَوْن ، خِيَانَة) [خون] [খানা] বিশ্বাস-ঘাতকতা করা, (বিশ্বাস) ভঙ্গ করা, খেয়ানত করা

خَانَة ج خَانَات [خون] [খানাহ] ঘর, জায়গা, স্থান, স্তম্ভ, সংখ্যা, দফা, ভুক্তি

خَانِق [خنق] [খানিক] শ্বাসরোধকারী, শ্বাসরোধ করে হত্যাকারী, ফাঁসি প্রদানকারী

خَانُوق [خنق] [খানূক] ডিপথিরিয়া (রোগ)

خَاوِي، خَاوٍ مث خَاوِيَة [خوي] [খাবী, খাবিন] খালি, শূন্য, নির্জন, জনশূন্য, উজাড়, পতিত

خَاوِيَة ج خَاوِيَات [خوي] [খাবিয়াহ] অতল গহ্বর, বিশৃঙ্খলা

خَايَرَ (مُخَايَرَة) [خير] [খায়ারা] শ্রেষ্ঠত্বের প্রতি-যোগিতা করা, শ্রেষ্ঠ হওয়া, ছাড়িয়ে যাওয়া, বেছে নেওয়ার সুযোগ দেওয়া

خُؤُولَة [خول] [খুউলাহ] মামা সম্পর্ক, মাতুলতা

خُؤُون [خون] [খুউন] বিশ্বাসঘাতক, খেয়ানত-কারী, বিশ্বাসভঙ্গকারী

خَبَّ [ن] (خَبّ) [খাব্বা] (অশ্ব) ভঙ্গি করে চলা, কদমে চলা, দুলকি চালে চলা, (সমুদ্র) উত্তাল হওয়া, স্ফীত হওয়া, গর্জন করা

خَبَا [ن] (خَبْو ، خُبُوّ) [خبو] [খাবা] নির্বাপিত হওয়া, নিভে যাওয়া, প্রশমিত হওয়া

خِبَاء ج أَخْبِيَة ، أَخْبِئَة [خبا ، خبي] [খিবা'] তাঁবু, শিবির, শস্যের খোসা

خَبَائِث (خَبِيثَة) [খাবা'ইছ] অখাদ্যদ্রব্য, খারাপ জিনিস, অপবিত্র জিনিস, খারাপ কাজ

خَبَّاب [خبب] [খাব্বাব] প্রতারক, ধোঁকাবাজ

خَبَاثَة [خبث] [খাবাছাহ] শয়তানি, দুষ্টামি, দুষ্কর্ম, বিদ্বেষ, অনিষ্ট, মন্দত্ব, প্রতারণা, (রোগ) সারা দেহে ছড়িয়ে পড়ার সম্ভাবনা

خَبَّاز [خبز] [খাব্বায] রুটিওয়ালা, রুটিবিক্রেতা

خُبَّاز ، خُبَّازَة ، خُبَّازَى [খুব্বায] বেগুনী রঙের ফুলবিশিষ্ট বন্য উদ্ভিদবিশেষ, mallow

خِبَازَة [خبز] [খিবাযাহ] রুটিওয়ালার পেশা, রুটির ব্যবসা

خَبَّاش [خبش] [খাব্বাশ] অর্জনকারী, উপার্জন-কারী

خُبَاشَة ج خُبَاشَات [خبش] [খুবাশাহ] টুকটাক খাবার, টুকিটাকি জিনিস, বিভিন্ন গোত্রের লোক

خُبَاط [خبط] [খুবাত] মানসিক বিকৃতি, উন্মত্ততা

خَبَال ج خَبَالَات [خبل] [খাবাল] ধ্বংস, নাশ, সর্বনাশ, অসুস্থতা, ত্রুটি, উন্মত্ততা, মানসিক বিকৃতি

خَبْء ، خِبْء [খাব', খিব'] গোপন বস্তু, গোপন সঞ্চয়

خَبَأَ [ف] (خَبْأ) [খাবাআ] লুকিয়ে রাখা, গোপন করা

خَبَّأَ (تَخْبِئَة) [خبأ] [খাব্বাআ] লুকিয়ে রাখা, গোপন করা

خَبَب [খাবাব] (অশ্বের) কদমে চলন, ভঙ্গি করে চলন, দুলকি চাল, দ্রুততা

خَبْت ج خُبُوت ، أَخْبَات [খাব্ত] নিচু ভূমি, নিম্নভূমি, বিস্তৃত নিম্নাঞ্চল

خَبَتَ [ن] [ض] (خَبْت) [খাবাতা] গোপন থাকা

خَبَّة ، خِبَّة ج خِبَب [খাব্বাহ, খিব্বাহ] নরম ভূখণ্ড, মেঘের টুকরা, লম্বা বস্ত্রখণ্ড, ব্যান্ডেজ

خُبَّة ج خُبَب [খুব্বাহ] উপত্যকার তলদেশ, জলা-ভূমি, মাংসের ফালি, মেঘের টুকরা, লম্বা বস্ত্র-খণ্ড, ব্যান্ডেজ

خَبْتَة ، خِبْتَة [খাব্তাহ খিব্তাহ] নিম্নত্ব, নীচতা, নম্রতা, বিনয়

خَبَث [খাবাছ] আবর্জনা, ফেনা, গাদ, তলানি

خَبُثَ [ك] (خُبْث ، خَبَاثَة) [খাবুছা] দুষ্কর্মা হওয়া, খবীছ হওয়া, দুষ্ট হওয়া, মন্দ হওয়া, অনিষ্টকর হওয়া, (রোগ) সারা দেহে ছড়িয়ে পড়ার সম্ভাবনাযুক্ত হওয়া

خَبَّثَ (تَخْبِيث) [خبث] [খাব্বাছা] দুষ্ট বানানো, খবীছ বানানো, দুষ্কর্মা বানানো, খারাপ করা, নষ্ট করা

خُبْث [খুব্ছ] শয়তানি, দুষ্টামি, বিদ্বেষ, দুষ্কর্ম, অনিষ্ট, মন্দত্ব, প্রতারণা, (রোগ) সারা দেহে ছড়িয়ে পড়ার সম্ভাবনা

خَبَر ج أَخْبَار [খাবার] খবর, সংবাদ, তথ্য, বার্তা, (ব্যাকরণে) বিধেয়

خَبَرَ [ن] (خَبْر ، خِبْرَة) [খাবারা] পরীক্ষা করা, পরখ করা, উত্তমরূপে জানা, অভিজ্ঞতা থেকে জানা

خَبُرَ [ك] (خِبْرَة ، مَخْبَرَة) [খাবুরা] উত্তমরূপে জানা, সম্যক অবহিত হওয়া, অভিজ্ঞ হওয়া

خَبَّرَ (تَخْبِير) [خبر] [খাব্বারা] অবহিত করা, অবগত করা, খবর দেওয়া, তথ্য প্রদান করা

خَبِر [খাবির] খবর জানে এমন, তথ্যাভিজ্ঞ

[খুব্র] অবগতি, অভিজ্ঞতা, দক্ষতা, জ্ঞান, বুদ্ধি خُبْر

[খিব্রাহ] অভিজ্ঞতা, দক্ষতা, জ্ঞান خِبْرَة ج خِبْرَات

[খুব্রাহ] অভিজ্ঞতা, দক্ষতা, জ্ঞান, মাংস ইত্যাদির ভাগ, ভাগে ক্রয়কৃত মাংস, পরিবারের জন্য ক্রয়কৃত খাদ্যসামগ্রী, টুকরা টুকরা রুটি ঝোলে ভিজিয়ে তৈরী একপ্রকার খাদ্য خُبْرَة

[খাবাযা] (রুটি) সেঁকা, ভাজা, রুটি তৈরী করা خَبَزَ [ض] (خَبْز)

[খুব্য] রুটি, পাউরুটি خُبْز ج أَخْبَاز

[খুব্যাহ] রুটির টুকরা, রুটি خُبْزَة

[খাবাছা] মিশ্রিত করা, মিশানো, মিলিয়ে ফেলা خَبَصَ [ض] (خَبْص)

[খাব্বাছা] খাবীছ (খেজুর ও ঘি দিয়ে তৈরী একপ্রকার মিষ্টান্ন) তৈরী করা خَبَّصَ (تَخْبِيص) [خبص]

[খাবাত্বা] আঘাত করা, কড়া নাড়া, পদাঘাত করা خَبَطَ [ض] (خَبْط)

[খাব্ত্বা 'আশ্ওয়া'] অন্ধের ন্যায়, এলোমেলোভাবে, আন্দাজে خَبْطَ عَشْوَاء

[খাব্ত্বাহ, খিব্ত্বাহ] আঘাত, ধাক্কা, গণ্ডগোল, হৈচৈ, সামান্য জিনিস, তুচ্ছ বস্তু, পাত্রে অবশিষ্ট পানি, কফ, সর্দি خَبْطَة ، خِبْطَة ج خِبَط

[খাবাল] মানসিক বিকৃতি, অঙ্গ-বৈকল্য, হতবুদ্ধিতা, উন্মত্ততা, পাগলামি, পেঁচাজাতীয় পাখিবিশেষ خَبَل

[খাবালা] জটিল করা, মানসিক ভারসাম্যহীন করা, পাগল করা, বুদ্ধি হরণ করা, সংজ্ঞাহীন করা خَبَلَ [ن] (خَبْل)

[খাবিল] বিকৃতমস্তিষ্ক, অপ্রকৃতিস্থ, উন্মত্ত, হতবুদ্ধি, সংজ্ঞাহীন خَبِل

[খাবিলা] জটিলতায় পড়া, মানসিক ভারসাম্যহীন হওয়া, অপ্রকৃতিস্থ হওয়া, পাগল হওয়া, বুদ্ধি লোপ পাওয়া, সংজ্ঞাহীন হওয়া خَبِلَ [س] (خَبَل)

[খাব্বালা] জটিল করা, মানসিক ভারসাম্যহীন করা, পাগল করা, বুদ্ধি হরণ করা, সংজ্ঞাহীন করা خَبَّلَ (تَخْبِيل) [خبل]

[খাব্ন] (কবিতায়) কোন পদের সাকিন দ্বিতীয়বর্ণের বিলুপ্তি خَبْن

[খাবানা] (কাপড়) ভাঁজ দিয়ে সেলাই করা, পাড় সেলাই করা, কাপড়ের ভাঁজের মধ্যে লুকিয়ে রাখা, (খাদ্যদ্রব্য) অভাবের সময়ের জন্য জমা করে রাখা, (কবিতায়) কোন পদের সাকিন দ্বিতীয় বর্ণকে বিলোপ করা (ছন্দ) خَبَنَ [ض] (خَبْن)

[খুব্নাহ] ভাঁজ করে সেলাইকৃত কাপড়, কাপড়ের ভাঁজ, পাড়, মুড়ি, কাপড়ের ভাঁজের মধ্যে বহনকৃত খাদ্যদ্রব্য, কোলের মধ্যে অথবা বগলে করে বহনকৃত বস্তু خُبْنَة ج خُبَن

[খাব্ও, খুবূ] নির্বাপণ, প্রশমন, হ্রাস, নিস্প্রভতা خَبْو ، خُبُوّ

[খাবূত্ব] মাটিতে পদাঘাতকারী (ঘোড়া) خَبُوط

[খাবী'] লুকিয়ে রাখা হয়েছে এমন, গুপ্ত, গোপন, লুক্কায়িত خَبِيء

[খাবীআহ] গোপন বস্তু, লুকানো বস্তু, গুপ্তধন خَبِيئَة ج خَبَايَا [خبأ]

[খাবীছ] দুষ্ট, দুষ্কর্মা, খবীছ, মন্দ, খারাপ, অনিষ্টকর, দূষিত, সারা দেহে ছড়িয়ে পড়ার সম্ভাবনা আছে এমন (রোগ) خَبِيث ج خُبُث ، خُبَثَاء ، خَبَثَة [خبث]

[খাবীছাহ] (স্ত্রীলিঙ্গে) দুষ্ট, দুষ্কর্মা, খবীছ, মন্দ, খারাপ, অনিষ্টকর, দূষিত, সারা দেহে ছড়িয়ে পড়ার সম্ভাবনা আছে এমন (রোগ); খারাপ কাজ, কুকর্ম, দুষ্কর্ম, অপবিত্র জিনিস خَبِيثَة ج خَبِيثَات ، خَبَائِث [خبث]

[খাবীর] অবহিত, অভিজ্ঞ, দক্ষ, বিশেষজ্ঞ خَبِير ج خُبَرَاء [خبر]

[আল-খাবীর] মহাবিজ্ঞ, সর্বজ্ঞ (আল্লাহ) الخَبِير

[খাবীয] রুটি; সেঁকা হয়েছে এমন, টুকরা টুকরা করে ঝোলে ভিজানো হয়েছে এমন (রুটি) خَبِيز [خبز]

[খুব্বাইযাহ] বেগুনী রঙের ফুলবিশিষ্ট বন্য উদ্ভিদবিশেষ, mallow خُبَّيْزَة

[খাবীছ] খেজুর ও ঘি মিশ্রিত করে তৈরী একপ্রকার মিষ্টান্ন خَبِيص ج أَخْبِصَة [خبص]

[খাত্তার] বিশ্বাসঘাতক, প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ, মিথ্যুক خَتَّار [ختر]

[খাত্তাল] প্রতারক, প্রবঞ্চক, কপট, خَتَّال [ختل]

ধোঁকাবাজ

خِتَام ج خُتُم [ختم] [খিতাম] সমাপ্তি, শেষ, পরিসমাপ্তি, উপসংহার, সীলমোহর, সীলমোহর করার বস্তু

خِتَامًا [খিতামান] শেষে, পরিশেষে, অবশেষে

خِتَامِيّ [খিতামী] সমাপ্তিমূলক, সমাপনী, চূড়ান্ত, সর্বশেষ

خِتَان [ختن] [খিতান] খাৎনা, খাৎনায় কর্তনস্থল

خِتَانَة [ختن] [খিতানাহ] খাৎনা, খাৎনা করার পেশা

خَتْر [খাত্র] বিশ্বাসঘাতকতা, প্রতারণা, ধোঁকা, প্রবঞ্চনা

خَتَرَ [ض] (خَتْر) [খাতারা] বিশ্বাসঘাতকতা করা, প্রতারিত করা, প্রবঞ্চনা করা, ধোঁকা দেওয়া

خَتْل [খাত্ল] কপটাচরণ, প্রতারণা, প্রবঞ্চনা, ধোঁকা

خَتَلَ [ن] [ض] (خَتْل) [খাতালা] প্রতারণা করা, প্রবঞ্চনা করা, ধোঁকা দেওয়া, কপটাচরণ করা

خَتْم ج خُتُوم ، أَخْتَام [খাত্ম] সমাপ্তি, সমাপন, শেষ, খতম, সীল, ছাপ

خَتَم [খাতাম] সীল, ছাপ, আংটি, সীলমোহরকৃত, সমাপ্ত

خَتَمَ [ض] (خَتْم ، خِتَام) [খাতামা] শেষ করা, সমাপ্ত করা, খতম করা, ছাপ মারা, সীলমোহর করা, সীল দেওয়া

خَتَّمَ (تَخْتِيم) [ختم] [খাত্তামা] সীলমোহর করা, ছাপ মেরে দেওয়া, আংটি পরিয়ে দেওয়া

خَتْن [খাত্ন] খাৎনাকরণ, খাৎনা, মুসলমানি

خَتَن ج أَخْتَان [খাতান] স্ত্রীর দিকের আত্মীয়, শ্বশুর, শ্যালক, জামাতা, জামাই, ভগ্নিপতি

خَتَنَ [ض] (خَتْن) [খাতানা] খাৎনা করা, মুসলমানি করানো, কেটে দেওয়া

خَتَنَة [খাতানাহ] শাশুড়ী, শ্যালিকা

خُتَّو [খুত্তু] গাংশালিক, hornbill (পাখি)

خَتُور [ختر] [খাতূর] বিশ্বাসঘাতক, ধোঁকাবাজ, প্রতারক, প্রবঞ্চক, মিথ্যুক

خَتُول [ختل] [খাতূল] প্রতারক, প্রবঞ্চক, কপট, ধোঁকাবাজ

خَتِين [ختن] [খাতীন] খাৎনা করানো হয়েছে এমন

خُثَار [খুছার] তলানি, গাদ, কাইট, হাবিজাবি, ইতর শ্রেণী

خُثَارَة ج خُثَارَات [خثر] [খুছারাহ] গাদ, কাইট, তলানি

خَثَر [খাছার] রক্তের জমাটবদ্ধতা, thrombosis (রোগ)

خَثَرَ [ن] (خَثْر ، خُثُور ، خَثَرَان) [খাছারা] ঘন হওয়া, ঘনীভূত হওয়া, জমাট বাঁধা

خَثِرَ [س] (خَثَر) [খাছিরা] ঘন হওয়া, ঘনীভূত হওয়া, জমাট বাঁধা

خَثُرَ [ك] (خَثَارَة ، خُثُورَة) [খাছুরা] ঘন হওয়া, ঘনীভূত হওয়া, জমাটবদ্ধ হওয়া

خَثَّرَ (تَخْثِير) [خثر] [খাছ্ছারা] জমাট বাঁধানো, ঘনীভূত করা, ঘন করা

خَثْرَة [খাছ্রাহ] পিণ্ড, ডেলা, রক্তের জমাটবদ্ধতা, thrombosis (রোগ)

خَثِم [খাছিম] চওড়া নাকবিশিষ্ট, পুরু নাকবিশিষ্ট

خَثَمَة [খাছ্মাহ] নাকের প্রশস্ততা বা পুরুত্ব

خَجَل [খাজাল] লজ্জা, লজ্জাশীলতা, লাজুকতা, শরম

خَجِل [খাজিল] লজ্জাশীল, লজ্জানম্র, লজ্জিত, লাজুক

خَجِلَ [س] (خَجَل) [খাজিলা] লজ্জিত হওয়া, লজ্জা পাওয়া, শরম পাওয়া

خَجَّلَ (تَخْجِيل) [خجل] [খাজ্জালা] লজ্জিত করা, লজ্জা দেওয়া, শরম দেওয়া

خَجْلَان [خجل] [খাজ্লান] লজ্জিত, লজ্জাশীল, লাজুক, লজ্জানম্র

خَجُول [خجل] [খাজূল] লজ্জাশীল, লজ্জানম্র, লাজুক, লজ্জিত

خَدّ ج خُدُود [খাদ্] গাল, গণ্ড, কপোল, গণ্ডদেশ, পার্শ্বদেশ, খাদ, গর্ত, পরিখা

خَدَّ [ن] (خَدّ) [খাদ্দা] খাত কাটা, কর্ষণ করা, দাগ কাটা, (চামড়া) কুঞ্চিত করা

خِدَاج [خدج] [খিদাজ] ঘাটতি, ত্রুটি, সঠিক সময়ের পূর্বেই (শিশুর) জন্মগ্রহণ, গর্ভপাত

خِدَار [خدر] [খিদার] সিংহের আস্তানা

خُدَار [খুদার] অবশতা, অসাড়তা, অচেতনতা, অনুভূতিহীনতা, অবসন্নতা

خُدَارِيّ [খুদারী] কালো, কালো মেঘ, অন্ধকার রাত

خُدَارِيَّة [খুদারিয়্যাহ] শ্যেন, ঈগল (পাখি)

خَدَّاع [خدع] [খাদ্দা'] প্রতারক, প্রবঞ্চক, ঠগ, ধোঁকাবাজ, কপট, প্রতারণাপূর্ণ, প্রতারণামূলক

خِدَاع [خدع] [খিদা'] ধোঁকা, প্রতারণা, প্রবঞ্চনা, ঠগবাজি, ছল, কৌশল, কপটতা

خِدَاعِيّ [খিদা'ঈ] প্রতারণামূলক, প্রতারণাপূর্ণ

خَدَّام [خدم] [খাদ্দাম] খেদমতগার, পরিচারক, সেবক

خَدَّامَة [خدم] [খাদ্দামাহ] সেবিকা, পরিচারিকা

خُدَّة ج خُدَد [خدد] [খুদ্দাহ] খাদ, গর্ত, পরিখা, দাগ, খাত, রেখা

خَدَجَ [ن] [ض] (خِدَاج) [খাদাজা] ত্রুটি থাকা, ঘাটতি থাকা, পূর্ণতাপ্রাপ্তির আগে অথবা যথা-সময়ের পূর্বে বাচ্চা প্রসব করা

خَدَّجَ (تَخْدِيج) [خدج] [খাদ্দাজা] ত্রুটি থাকা, ঘাটতি থাকা, পূর্ণতাপ্রাপ্তির আগে অথবা যথা-সময়ের পূর্বে বাচ্চা প্রসব করা

خَدَّدَ (تَخْدِيد) [خدد] [খাদ্দাদা] খাত কাটা, দাগ কাটা, (চামড়া) কুঞ্চিত করা, কোঁকড়ানো, কুঁচকানো

خَدَر [খাদার] অবশতা, অসাড়তা, অচেতনতা, অনুভূতিহীনতা, অবসন্নতা

خَدَرَ [ن] (خَدْر) [খাদারা] লুকিয়ে থাকা, আত্ম-গোপন করা, অন্তরালে থাকা, অন্দরমহলে থাকা, অন্তঃপুরে থাকা, অবস্থান করা

خَدِر [খাদির] অবশ, অসাড়, অচেতন, অলস

خَدِرَ [س] (خَدَر) [খাদিরা] অবশ হওয়া, অসাড় হওয়া, অবসন্ন হওয়া

خَدَّرَ (تَخْدِير) [خدر] [খাদ্দারা] অচেতন করা, অবশ করা, মাদকাবিষ্ট করা, পর্দায় রাখা

خِدْر ج خُدُور ، أَخْدَار [খিদ্র] পর্দা, অন্তঃপুর, অন্দরমহল, খাস কামরা

خُدْرَة [খুদ্রাহ] অন্ধকার, গাঢ় অন্ধকার

خَدْش ج خُدُوش ، أَخْدَاش [খাদ্শ] আঁচড় বা খামচির দাগ, আঁচড়, খামচি

خَدَشَ [ض] (خَدْش) [খাদাশা] (নখ দ্বারা) আঁচড় কাটা, আঁচড়ানো, খামচি দেওয়া, চাঁচা, ছিঁড়ে ফেলা

خَدَّشَ (تَخْدِيش) [خدش] [খাদ্দাশা] (নখ দ্বারা) আঁচড়ানো, আঁচড় কাটা, খামচি দেওয়া, চাঁচা, ছিঁড়ে ফেলা

خَدَعَ [ف] (خَدْع ، خِدْع) [খাদা'আ] প্রতারিত করা, প্রবঞ্চিত করা, ধোঁকা দেওয়া, ঠকানো

خُدْعَة ج خُدَع ، خُدْعَات [খুদ্'আহ] প্রতারণা, ধোঁকা, প্রবঞ্চনা, ছল, কৌশল, কপটতা

خُدَعَة [খুদা'আহ] বড় ধোঁকাবাজ, বড় প্রতারক

خَدَم [খাদাম] চাকর-বাকর, সেবক-পরিচারক

خَدَمَ [ن] [ض] (خِدْمَة) [খাদামা] খেদমত করা, সেবা করা, চাকরি করা

خَدَمَة ج خَدَم ، خِدَام ، خَدَمَات [খাদামাহ] পায়ের মল, জঙ্ঘা, নলা, দল, আসর, উটের গুল্‌ফ বাঁধার জন্য মোটা চামড়ার পটি

خِدْمَة ج خِدَم ، خِدْمَات [খিদ্মাহ] খেদমত, সেবা, সার্ভিস, চাকরি, কাজ, পেশা, কার্যকাল

خِدْمَة فِعْلِيَّة [-- ফি'লিয়্যাহ] সক্রিয় কার্যকাল

خِدْمَة مَدَنِيَّة [-- মাদানিয়্যাহ] সিভিল সার্ভিস

فِي الْخِدْمَة [ফিল-খিদ্মাহ] চাকুরিরত, কর্মরত, কার্যরত

خِدَمَة ج خَدَم ، خِدَام ، خَدَمَات [খিদামাহ] উটের গুল্‌ফ বাঁধার জন্য মোটা চামড়ার পটি

خِدْن ج أَخْدَان [খিদ্ন] বন্ধু, অন্তরঙ্গ বন্ধু, সুহৃদ, সঙ্গী, সাথী, সহচর, (নারীর) ছেলেবন্ধু, উপপতি

خَدُوج ج خَدَائِج [খাদূজ] অকালজাত বাচ্চা

خَدُوش [খাদূশ] অধিক আঁচড় কাটে এমন, মাছি, ছারপোকা, বুরগূছ (পাখাবিহীন একপ্রকার ক্ষুদ্র কীট), বেজি

خَدُوع [খাদূ'] প্রতারক, প্রবঞ্চক, ধোঁকাবাজ, ঠগ,

কপট

خَدِيج [خدج] [খাদীজ] অকালজাত শিশু

خَدِيجَة [خدج] [খাদীজাহ] অকালজাত কন্যাশিশু

خَدِيعَة ج خَدَائِع [خدع] [খাদী'আহ] প্রতারণা, ধোঁকা, প্রবঞ্চনা, ছল, কৌশল, কপটতা

خَدِيم [خدم] [খাদীম] সেবক, চাকর, দাস

خَدِين [خدن] [খাদীন] বন্ধু, অন্তরঙ্গ বন্ধু, সুহৃদ, সঙ্গী, সাথী, সহচর

خِدِيو [খিদীব] খিদীভঃ তুর্কী শাসনাধীন মিশরের শাসনকর্তার উপাধি, গভর্নর

خُدَيْوِي ، خُدَيْوِيّ [খুদইয়াবী, খুদাইবী] খিদীভঃ তুর্কী শাসনাধীন মিশরের শাসনকর্তার উপাধি, গভর্নর

خَذْرَفَ (خَذْرَفَة) [খায্‌রফা] ত্বরা করা, দ্রুত চলা, দ্রুত চলতে গিয়ে পায়ের আঘাতে কঙ্কর ছুটানো, (তরবারি) ধার দেওয়া, (তরবারি দ্বারা) হাত-পা কেটে দেওয়া, (পাত্র) ভরে দেওয়া

خُذْرُوف ج خَذَارِيف [খুয্‌রূফ] লাটিম (খেলনা), দ্রুতগামী, বিচ্ছিন্ন উষ্ট্রপাল

خَذَفَ [ف] (خَذْف) [খাযাফা] ছুঁড়ে মারা, ছুঁড়ে ফেলা, নিক্ষেপ করা, ক্ষেপণ করা

خَذَلَ [ن] (خَذْل ، خِذْلَان) [খাযালা] পরিত্যাগ করা, ফেলে রাখা, নিরাশ করা, ব্যর্থ করা, দল থেকে পিছনে পড়ে একা হয়ে যাওয়া

خَذَّلَ (تَخْذِيل) [খায্‌যালা] ফেলে রাখতে বলা, রেখে যেতে বলা, যুদ্ধ না করতে বলা

خَذُول [خذل] [খাযূল] ফেলে রেখে যায় এমন, রেখে চলে যায় এমন, বিপদকালে ধোঁকা দেয় এমন, দল থেকে পিছনে পড়ে একা হয়ে যায় এমন

خَرَّ [ن] [ض] (خَرِير) [খার্‌রা] (পানি) কুলকুল শব্দ করা, নাক ডাকা

خَرَّ (خَرّ ، خُرُور) [খার্‌রা] ভেঙ্গে পড়া, পতিত হওয়া, মাথানত করা

خَرَّ سَاجِدًا [খার্‌রা সাজিদান] সেজদায় পড়া, মাথানত করা

خَرَاب [খারাব] ধ্বংস, বিনাশ, ক্ষতি, ভাঙ্গন, ডুবি, খারাবি

خَرَاب ج أَخْرِبَة ، خِرَب [খারাব] ধ্বংসাবশেষ, ধ্বংসস্থল

خَرَاج ، خِرَاج [খারাজ, খিরাজ] ভূমিকর, ট্যাক্স, খারাজ, (কাজের) ফল, প্রতিদান

خُرَاج ، خُرَّاج [খুরাজ, খুর্‌রাজ] ব্রণ, টিউমার, ফোড়া

خُرَاجَة ، خُرَّاجَة [খুরাজাহ, খুর্‌রাজাহ] ফোড়া, ব্রণ, টিউমার

خَرَّار [خرر] [খার্‌রার] কুলকুল ধ্বনিময় (পানি), ঘুমের মধ্যে নাক ডাকে এমন

خَرَّارَة [خرر] [খার্‌রারাহ] লাটিম, লাট্টু (খেলনা)

خَرَّاز [خرز] [খার্‌রায] জুতা মেরামতকারী, মুচি

خِرَازَة [خرز] [খিরাযাহ] জুতা মেরামতের কাজ, মুচির পেশা, মুচিগিরি

خِرَاس [খিরাস] প্রসূতির খাদ্য

خُرَاشَة [خرش] [খুরাশাহ] টুকরা, খণ্ড, চোকলা, ছাঁট, তুচ্ছ বিষয়, খড়কুটা

خَرَّاص [خرص] [খার্‌রাস] মিথ্যাবাদী, মিথ্যুক, অনুমানকারী, আন্দাজকারী

خَرَّاط [خرط] [খার্‌রাত] মিথ্যুক, মিথ্যাবাদী, লেদমেশিন চালক

خِرَاطَة [خرط] [খিরাতাহ] লেদমেশিনের কাজ, লেদমেশিন চালনা

خُرَاطَة [خرط] [খুরাতাহ] লেদমেশিন থেকে পড়া লৌহদণ্ড, কুঁদযন্ত্রের ছাঁট, টুকরা, চোকলা

خُرَافَة ج خُرَافَات [خرف] [খুরাফাহ] কুসংস্কার, উপকথা, কল্পকাহিনী

خُرَافِيّ [খুরাফী] কুসংস্কারমূলক, কল্পকাহিনী-মূলক

خَرَاقَة [خرق] [খারাক্বাহ] বোকামি, নির্বুদ্ধিতা

خَرَّامَة ج خَرَّامَات [خرم] [খার্‌রামাহ] তুরপুন, ছিদ্র করার যন্ত্র, ছেদনযন্ত্র, বেধনী, পাঞ্চ

خَرِئَ [س] (خَرْأ) [খারিআ] মলত্যাগ করা, পায়খানা করা

خُرْء [খুর্'] মল, পায়খানা

خَرَاء ، خِرَاء [খারা', খিরা'] মল, পায়খানা

خَرْب [খার্‌ব] ধ্বংস, বিনাশ, খারাবি, ভাঙ্গন, ক্ষতি, সুঁইয়ের ছিদ্র

خَرَبَ [ض] (خَرْب) [খারবা] বিধ্বস্ত করা, নষ্ট করা, ধ্বংস করা, ভেঙ্গে দেওয়া, খারাপ করা

خَرِب [খারিব] ধ্বংসপ্রাপ্ত, বিধ্বস্ত, ভগ্ন, বিনষ্ট, খারাপ

خَرِبَ [س] (خَرَاب) [খারিবা] ধ্বংসপ্রাপ্ত হওয়া, ধ্বংস হওয়া, বিধ্বস্ত হওয়া, খারাপ হওয়া

خَرَّبَ (تَخْرِيب) [خرب] [খার্‌রবা] ধ্বংস করা, বিধ্বস্ত করা, ভেঙ্গে দেওয়া, বিনাশ করা, নষ্ট করা, খারাপ করা

خُرْب ، أَخْرَاب ، خُرُوب [খুর্‌ব] ছিদ্র, সুঁইয়ের ছিদ্র, কানের ছিদ্র, পাছার ছিদ্র, রাখালের থলে, ধর্মে বিকৃতি

خَرِبَة ج خَرِبَات ، خَرَائِب [খারিবাহ্] ধ্বংসস্তূপ

خِرْبَة ج خِرَب [খির্‌বাহ্] ধ্বংসস্তূপ

خُرْبَة ج خُرَب [খুর্‌বাহ্] ছিদ্র, ফুটা, কানের ছিদ্র, সুঁইয়ের ছিদ্র, পাছার ছিদ্র, রাখালের থলে, ধর্মে বিকৃতি

خِرْبِز [খির্‌বিয] তরমুজ, খরবুজা (ফল)

خَرْبَشَ (خَرْبَشَة) [খার্‌বাশা] নষ্ট করা, আচড় কাটা, আচড়ানো, হিজিবিজি লেখা

خَرْت ج أَخْرَات ، خُرُوت [খার্‌ত] ছিদ্র, ফুটা, ফাঁক, চোখ, পাঁজরের ছোট হাড়

خَرَتَ [ن] (خَرْت) [খারতা] ছিদ্র করা, ফুটা করা

خَرِتَ [س] (خَرَت) [খারিতা] দক্ষ পথপ্রদর্শক হওয়া, বিচক্ষণ গাইড হওয়া

خُرْت ج خُرُوت ، أَخْرَات [খুর্‌ত] ছিদ্র, ফুটা, পাঁজরের ছোট হাড়, দ্রুতগামী (নেকড়ে, কুকুর)

خَرْتِيت [খার্‌তীত] গণ্ডার (প্রাণী)

خَرْج ج أَخْرَاج [খার্‌জ] খরচ, ব্যয়, ট্যাক্স, কর, ভূমিকর, খারাজ, (কাজের) ফল, প্রতিদান

خَرَجَ [ن] (خُرُوج) [খারজা] বের হওয়া, নির্গত হওয়া, নিষ্কাশিত হওয়া, নিঃসৃত হওয়া, বাইরে যাওয়া, বেরিয়ে যাওয়া, বেরিয়ে পড়া, চলে যাওয়া

خَرَّجَ (تَخْرِيج) [خرج] [খার্‌রজা] বের করা, বহিষ্কার করা, নিষ্কাশন করা, সনদ প্রদান করা, প্রশিক্ষণ দেওয়া, শিক্ষা দেওয়া

خُرْج ج خِرَجَة [খুর্‌জ] জিনের পাশে বাঁধা থলি, ভ্রমণকারীর ব্যাগ

خَرْجَة [খার্‌জাহ্] নিষ্কাশ, নিষ্কাশন, নিঃসরণ, বহির্গমন, বাইরে আগমন, প্রস্থান

خَرْخَرَ (خَرْخَرَة) [খার্‌খারা] (পানি) কুলকুল শব্দ করা, (ঘুমের মধ্যে) নাক ডাকা

خَرْخَرَة [خرخر] [খার্‌খারাহ্] কুলকুল ধ্বনি, নাক ডাকার শব্দ

خَرِدَتْ [س] (خَرَد) [খারিদাত] (মেয়ে) কুমারী থাকা, পুরুষের স্পর্শমুক্ত থাকা, পবিত্র থাকা

خُرْدَة ج خُرْدَوَات [খুর্‌দাহ্] ধাতবখণ্ড, লৌহখণ্ড, ছোট টুকরা, খুচরা জিনিস

خُرْدَجِيّ [খুর্‌দাজী] টুকটাক মালামাল বিক্রেতা, ছোট ছোট জিনিসের ব্যবসায়ী, লোহালক্কর বিক্রেতা

خُرْدُق [খুর্‌দুক] গুলি, ছোট গুলি, বড়ি

خَرْدَل [খার্‌দাল] সরিষা, সরষে, রাই

خَرْدَلَ (خَرْدَلَة) [খার্‌দালা] ভাল ভাল খাবার খাওয়া, শ্রেষ্ঠাংশ খাওয়া, টুকরা টুকরা করা, মাটিতে ফেলে দেওয়া

خَرْدَلَة [খার্‌দালাহ্] সরিষার দানা, সরষেদানা

خُرْدَوَات (خُرْدَة) [খুর্‌দাওয়াত] টুকরা-টাকরি, ছোট ছোট জিনিসপত্র, টুকটাক সামগ্রী

خَرَز ، خَرَزَة [খারয, খারযাহ্] ছোট দানা, পুঁতি

خَرَزَ [ن] [ض] (خَرْز) [খারযা] ছিদ্র করা, ফুটা করা

خُرْزَة ج خُرَز [খুর্‌যাহ্] সেলাইয়ের ছিদ্র

خَرْس ، خِرْس ج خُرُوس [খার্‌স, খির্‌স] বড় কলসী, মদের পাত্র, কৃষির অনুপযোগী জমি

خَرَس [খারস] বাকশক্তিহীনতা

خَرِسَ [س] (خَرَس) [খারিসা] বোবা হওয়া, নির্বাক হওয়া, মূক হওয়া, চুপ থাকা

خُرْس [খুর্‌স] বোবা, মূক, নির্বাক, বাকশক্তিহীন (أَخْرَس-এর বহুবচন)

خُرْس ج أَخْرَاس [খুর্‌স] প্রসূতির খাবার

خَرْسَاء [خرس] [খার্সা'] বোবা, মূক, নির্বাক, বাকশক্তিহীন (أَخْرَس-এর স্ত্রীলিঙ্গ)

خَرَسَان ، خَرَسَانَة [খারসান, খারসানাহ্] ঢালাই, জমাট, কংক্রীট, সিমেন্ট

خُرْسَة [খুর্সাহ্] প্রসূতির খাবার

خَرْش ج خُرُوش [খারশ] মাছি, ঘরের মূল্যহীন সামগ্রী, গৃহে পড়ে থাকা জিনিসপত্র

خَرَشَ [ض] (خَرْش) [খারশা] আঁচড় কাটা, নখ দ্বারা আঁচড়ানো, চাঁচা, দংশন করা

خَرَّشَ (تَخْرِيش) [خرش] [খাররশা] নখ দ্বারা আঁচড়ানো, আঁচড় কাটা, চাঁচা, দংশন করা

خِرْشَاء ج خَرَاشِيّ [খির্শা'] ধুলা, (দুধের) ফেনা, সাপের খোলস, ডিমের খোসা

خَرْشَنَة [খার্শানাহ্] সামুদ্রিক পাখিবিশেষ, sea swallow

خَرَصَ [ن] [ض] (خَرْص) [খারছা] আন্দাজে বলা, বানিয়ে বলা, মিথ্যা বলা, অনুমান করা

خُرْص ، خِرْص [খুর্‌ছ, খির্‌ছ] কানের দুল

خَرَطَ [ن] [ض] (خَرْط) [খারতা] লেদমেশিনে গড়া বা আকার দেওয়া, (গাছ থেকে) পাড়া

خَرْطَال [খার্তাল] জই, যব (শস্য)

خَرْطَمَ (خَرْطَمَة) [খার্তমা] শুঁড় উঁচু করা, শুঁড়ে আঘাত করা

خُرْطُم ج خَرَاطِم [খুর্তুম] (হাতির) শুঁড়, নাক

خَرْطُوش ، خَرْطُوشَة ج خَرَاطِيش [খার্তূশ, খার্তূশাহ্] কার্তুজ, গুলি

خُرْطُوم ج خَرَاطِيم [খুর্তূম] (হাতির) শুঁড়, নাক, পানি দেবার নল, পাইপ

الْخُرْطُوم [আল-খুর্তূম] খার্তুম (নগরী)ঃ সুদানের রাজধানী

خُرْطُون ج خَرَاطِين [খুর্তূন] কেঁচো, মহীলতা

خَرِع [খারি'] নরম, নমনীয়, তুলতুলে, থলথলে, দুর্বল, শিথিল

خَرِعَ [س] (خَرَع) [খারি'আ] তুলতুলে হওয়া, থলথলে হওয়া, নরম হওয়া, নমনীয় হওয়া, দুর্বল হওয়া, শিথিল হওয়া

خَرُعَ [ك] (خَرَاعَة) [খারু'আ] নমনীয় হওয়া, শিথিল হওয়া, নরম হওয়া, থলথলে হওয়া, দুর্বল হওয়া

خَرَف [খারাফ] বার্ধক্যজনিত বুদ্ধিভ্রষ্টতা, ভীমরতি, মানসিক বিকৃতি, দুর্বলমনস্কতা

خَرِف [খারিফ] অপরিণতবুদ্ধি, বার্ধক্যের কারণে বুদ্ধিভ্রষ্ট, ভীমরতিগ্রস্ত, বিকারগ্রস্ত, দুর্বলমনস্ক, বালসুলভ, শিশুসুলভ

خَرِفَ [س] (خَرَف) [খারিফা] বার্ধক্যের কারণে বুদ্ধিভ্রষ্ট হওয়া, ভীমরতি হওয়া, দুর্বলমনস্ক হওয়া, বিকারগ্রস্ত হওয়া

خَرُفَ [ك] (خَرَافَة) [খারুফা] বার্ধক্যের কারণে বুদ্ধিভ্রষ্ট হওয়া, ভীমরতি হওয়া, দুর্বলমনস্ক হওয়া, বিকারগ্রস্ত হওয়া

خَرْفَشَ (خَرْفَشَة) [খার্ফাশা] মিশানো, মিশিয়ে ফেলা, জড়িয়ে ফেলা

خَرْفِيّ ، خَرَفِيّ [খার্ফী, খারফী] শরৎকালীন, শারদীয়

خَرْق ج خُرُوق [খার্ক] ছিদ্র, গর্ত, ফাঁক, ফাটল

خَرَق [খারক] বোকামি, নির্বুদ্ধিতা

خَرَقَ [ن] [ض] (خَرْق) [খারক্বা] অতিক্রম করা, ছিঁড়ে ফেলা, ছিদ্র করা, লংঘন করা, নষ্ট করা

خَرِق [খারিক] বোকা, নির্বোধ, কুৎসিত, কদর্য, কদাকার

خَرِقَ [س] (خَرَق) [খারিক্বা] নির্বোধ হওয়া, বোকা হওয়া, হতবুদ্ধি হওয়া, কুৎসিত হওয়া, কদাকার হওয়া, উদ্ভট হওয়া

خَرُقَ [ك] (خَرَاقَة) [খারুক্বা] নির্বোধ হওয়া, বোকা হওয়া, হতবুদ্ধি হওয়া, কুৎসিত হওয়া, কদাকার হওয়া, উদ্ভট হওয়া

خَرَّقَ (تَخْرِيق) [خرق] [খাররক্বা] ছিঁড়ে টুকরা টুকরা করা, ছিন্নভিন্ন করা

خُرْق [খুর্ক] বোকামি, নির্বুদ্ধিতা, আনাড়িপনা, উদ্ভটপনা, অগোছালো ভাব

خَرْقَاء [خرق] [খার্ক্বা'] বোকা, নির্বোধ, কদর্য, কদাকার, কুৎসিত, (أَخْرَق-এর স্ত্রীলিঙ্গ)

خِرْقَة ج خِرَق ، خِرْقَات [খির্ক্বাহ্] বস্ত্রখণ্ড, তেনা, নেকড়া, মোছার কাপড়, কাগজের টুকরা

خُرْقَة [খুর্ক্বাহ] বোকামি, নির্বুদ্ধিতা, উদ্ভটপনা, আনাড়িপনা, অগোছালো ভাব

خَرْم ، خُرْم ج خُرُوم [খার্‌ম, খুর্‌ম] ছিদ্র, ফুটা, ফাঁক, পর্বতশৃঙ্গ

خَرَمَ [ض] (خَرْم) [খারামা,] ছিদ্র করা, ফুটা করা, বিদীর্ণ করা, গর্ত করা, ভঙ্গ করা

خَرِمَ [س] (خَرَم) [খারিমা] নাকের কোমল হাড় ফেটে যাওয়া, কান ফাটলযুক্ত হওয়া, বিদীর্ণ হওয়া, ছিদ্রযুক্ত হওয়া

خَرُمَ [ك] (خَرَامَة) [খারুমা] লম্পট হওয়া, অশ্লীল হওয়া, নির্লজ্জ হওয়া

خَرَّمَ (تَخْرِيم) [خرم] [খার্‌রামা] ছিদ্র করা, ফুটা করা, বিদীর্ণ করা, গর্ত করা, ভঙ্গ করা

خَرْمَاء [خرم] [খার্‌মা'] ছিদ্রযুক্ত কান, বিদীর্ণ কান, বিদীর্ণ কানবিশিষ্ট (ছাগল)

خَرْمَان [খার্‌মান] একপ্রকার মাছ, garfish

خَرَمَة [খারামাহ] নাক ছিদ্র করার জায়গা

خِرْنِق ج خَرَانِق [খির্‌নিক] খরগোশের বাচ্চা, বাচ্চা খরগোশ

خُرْنُوب ، خَرُّوب [খুর্‌নুব, খার্‌রূব] সবসময় পাতা থাকে এবং ফল থেকে গুড় তৈরী হয় এমন একপ্রকার গাছ ও তার ফল, carob

خُرُوج [خرج] [খুরূজ] বহির্গমন, বাইরে গমন, বাইরে আগমন, প্রস্থান, আবির্ভাব, উদ্ভব, উদয়, আত্মপ্রকাশ, পুনরুত্থান

خَرُود ج خُرُد ، خَرَائِد [খারূদ] কুমারী মেয়ে, লজ্জাবতী মেয়ে, লজ্জাশীলা

خَرُور [খারূর] বিড়ালের শব্দ, ঘুমের মধ্যে শব্দ করে এমন বিড়াল, লম্বা লম্বা গর্ত ও পানি আছে এমন স্থান

خِرْوَع [খির্‌ওয়া'] ভেরেণ্ডা গাছ, এরণ্ড গাছ, রেড়ি

خَرُوف ج خِرَاف ، أَخْرِفَة ، خِرْفَان [খারূফ] মেষ, ভেড়া, দুম্বা, মেষশাবক

خَرُوف الْبَحْر [খারূফুল বাহ্‌র] একপ্রকার স্তন্যপায়ী সামুদ্রিক প্রাণী, সমুদ্র-গাভী, sea-cow

خِرِّيت ج خَرَارِيت [خرت] [খির্‌রীত] বিচক্ষণ পথ-প্রদর্শক, দক্ষ গাইড

خِرِّيج [خرج] [খির্‌রীজ] গ্রাজুয়েট, সনদপ্রাপ্ত, প্রশিক্ষণপ্রাপ্ত

خَرِيد ج خُرُد [خرد] [খারীদ] কুমারী মেয়ে

خَرِيدَة ج خَرَائِد [خرد] [খারীদাহ] কুমারী মেয়ে, ছিদ্রবিহীন মুক্তা

خَرِير ج أَخِرَّة [খারীর] (পানির) কুলকুল শব্দ, ঘুমন্ত ব্যক্তির নাকডাকা শব্দ, বাতাসের শব্দ, মর্মর-ধ্বনি, দুই উচ্চভূমির মধ্যবর্তী সমতলভূমি

خَرِيطَة ج خَرَائِط ، خُرُط [خرط] [খারীতাহ] মানচিত্র, ম্যাপ, রেখাচিত্র, চার্ট

خَرِيع [খারী'] তুলতুলে, থলথলে, দুর্বল, নরম, নমনীয়, শিথিল

خَرِيف [খারীফ] শরৎকাল, শারদীয় বর্ষণ

خَرِيفِيّ [খারীফী] শরৎকালীন, শারদীয়

خَرِيم [খারীম] লম্পট, লুচ্চা, নির্লজ্জ, অশ্লীল

خَزّ ج خُزُوز [খায্‌] রেশম, রেশমী বস্ত্র, নকুল-সদৃশ প্রাণীবিশেষ, marten

خَزَّ [ن] (خَزّ) [খায্‌যা] বিদ্ধ করা, বর্শাবিদ্ধ করা, (ধারালো অস্ত্র দ্বারা) আঘাত করা, ছুরিকাঘাত করা

خَزَا [ن] (خَزْو) [خزو] [খাযা] পরাভূত করা, শাসন করা, কর্তৃত্ব করা, অধীন করা, বশ মানানো, বিরত করা, শত্রুতা করা, খোঁচা দেওয়া, আঘাত করা

خَزَّاز [خزز] [খায্‌যায] রেশমী বস্ত্র প্রস্তুতকারক, রেশম বিক্রেতা, রেশম ব্যবসায়ী

خَزَّاف ج [خزف] [খায্‌যাফ] মৃৎশিল্পী, কুমার, কুম্ভকার,

خِزَافَة [خزف] [খিযাফাহ] কুম্ভকারের কাজ, মৃৎশিল্প

خَزَام [خزم] [খাযাম] সুগন্ধ তৃণবিশেষ

خِزَام [خزم] [খিযাম] লাগাম বাঁধার জন্য উটের নাকে পরানো আংটা

خِزَامَة ج خَزَائِم [خزم] [খিযামাহ] লাগাম বাঁধার জন্য উটের নাকে পরানো আংটা, জুতার সরু ফিতা

خُزَامَى [খুযামা] একজাতীয় ফুলগাছ, tulip

خَزَّان [خزن] [খায্‌যান] গুদামরক্ষক, ভাণ্ডারী

خَزَّان ج خَزَّانَات ، خَزَازِين [খায্যান] পাত্র, আধার, ভাণ্ড, সংরক্ষণাগার, ভাণ্ডার, (পানির) ট্যাংক, চৌবাচ্চা, জলাধার

خِزَانَة ج خَزَائِن [خزن] [খিযানাহ] কোষাগার, ট্রেজারি, ভাণ্ডার, তোশাখানা, গুদাম

أَمِين الخِزَانَة [আমীনুল খিযানাহ] কোষাধ্যক্ষ, ট্রেজারার, গুদামরক্ষক

خَزَرَ [ن] (خَزْر) [খাযারা] বাঁকাদৃষ্টিতে তাকানো, আড়নয়নে তাকানো

خَزْرَة ، خُزَرَة [খায্রাহ, খুযারাহ] শিরদাঁড়ার ব্যথা (রোগ)

خُزَز ج خِزَاز ، أَخِزَّة ، خِزَّان [খুযায] পুরুষ খরগোশ, খরগোশের বাচ্চা

خَزْعَبَل [খাযা'বাল] রসগল্প, রসিকতা, কৌতুক, মজা

خُزَعْبِل [খুযা'বিল] মিথ্যা, রূপকথা, উপাখ্যান, কল্পকাহিনী

خُزَعْبَلَة [খুযা'বালাহ] রসগল্প, রসিকতা, মজা, কৌতুক

خُزَعْبَلِيّ [খুযা'বালী] উপাখ্যানমূলক, কল্পিত, কাল্পনিক, মিথ্যা, অসত্য (কথা)

خُزَعْبِيل [খুযা'বীল] মিথ্যা, রূপকথা, উপাখ্যান, কল্পকাহিনী

خَزْعَة [খায্'আহ] খঞ্জত্ব, খঞ্জতা

خَزْعَلَ (خَزْعَلَة) [খায্'আলা] খোঁড়ানো, খুঁড়িয়ে হাঁটা

خَزَف [খাযাফ] মৃৎপাত্র, চীনামাটির পাত্র, মৃৎপাত্র তৈরীর মাটি

خَزَفِيّ [খাযাফী] মৃন্ময়, মাটির তৈরী, চীনামাটির তৈরী; মৃৎশিল্পী, কুম্ভকার, কুমার

خَزَقَ [ض] (خَزْق) [খাযাক্বা] বর্শাঘাত করা, বিদ্ধ করা, ছিন্ন করা

خَزَلَ [ض] (خَزْل) [খাযালা] কর্তন করা, কাটা, কেটে ফেলা

خَزَنَ [ن] (خَزْن ، خِزَانَة) [খাযানা] জমা রাখা, সঞ্চিত রাখা, সংরক্ষণ করা, গুদামজাত করা

خَزَّنَ (تَخْزِين) [خزن] [খায্যানা] সঞ্চিত রাখা, জমা রাখা, সংরক্ষণ করা, গুদামজাত করা

خَزْنَة [খায্নাহ] সংরক্ষিত ধন, সঞ্চিত সম্পদ

خَزَى [খাযা] লজ্জা, অপমান, লাঞ্ছনা, অবমাননা, দুর্নাম

خَزَى [ض] (خَزْي) [খাযা] লাঞ্ছিত করা, অপমান করা, অসম্মান করা, নিরাশ করা

خَزِيَ [س] (خِزْي) [খাযিয়া] অপমানিত হওয়া, লাঞ্ছিত হওয়া, লজ্জিত হওয়া, হীন হওয়া

خِزْي [খিয্ই] লজ্জা, অপমান, অবমাননা, লাঞ্ছনা, দুর্নাম

خَزْيَان مث خَزْيَا ج خَزَايَا [خزي] [খায্ইয়ান] লজ্জিত, অপমানিত, লাঞ্ছিত, দুর্নামগ্রস্ত, হীন

خَزْيَة ، خِزْيَة [খায্ইয়াহ, খিয্ইয়াহ] অপমান, লজ্জা, বিপদ

خَزِينَة ج خَزَائِن [خزن] [খাযীনাহ] কোষাগার, ভাণ্ডার, গোলাঘর, তোশাখানা, সঞ্চিত ধন

أَمِين الخَزِينَة [আমীনুল খাযীনাহ] কোষাধ্যক্ষ, ট্রেজারার, গুদামরক্ষক

خَسّ [খাস্] লেটুসঃ শাকজাতীয় উদ্ভিদ

خَسَّ [ض] (خِسَّة ، خَسَاسَة) [খাস্সা] ইতর হওয়া, নীচ হওয়া, হীন হওয়া, ঘৃণ্য হওয়া, নিকৃষ্ট হওয়া, তুচ্ছ হওয়া, নিচে নামা, হ্রাস পাওয়া

خَسَّ (خَسّ) [খাস্সা] কমানো, নামানো, হ্রাস করা

خَسَائِر (خَسَارَة) [خسر] [খাসা'ইর] ক্ষয়ক্ষতি

خَسَار [خسر] [খাসার] ক্ষতি, খেসারত, লোকসান, সর্বনাশ

خَسَارَة ج خَسَائِر [خسر] [খাসারাহ] লোকসান, ক্ষতি, খেসারত, সর্বনাশ

يَا خَسَارَة ! [ইয়া খাসারাহ] কী সর্বনাশ!

خَسَاسَة [خسس] [খাসাসাহ] নীচতা, নিকৃষ্টতা, হীনতা, ইতরতা, ইতরামি, ঘৃণ্যতা

خِسَالَة ، خُسَالَة [খিসালাহ, খুসালাহ] খারাপ জিনিস, রদ্দী মাল

خَسَأَ [ف] (خَسْأ) [খাসাআ] দূর করে দেওয়া, তাড়িয়ে দেওয়া, বিতাড়িত করা

خَسْئًا لَكَ ! [খাস্আন লাকা] ধিক তোমাকে!

خَسِئَ [س] (خَسَأً) [খাসিআ] বিতাড়িত হওয়া, দূর হওয়া

خَسِئْتَ ! [খাসি'তা] ধিক তোমাকে!

خِسَّة [خسس] [খিস্সাহ] নীচতা, হীনতা, ইতরতা, ইতরামি, ঘৃণ্যতা, নিকৃষ্টতা

خَسَرَ [ض] (خَسْر ، خُسْرَان) [খাসারা] হারানো, খোয়ানো, নষ্ট করা

خَسِرَ [س] (خَسَارَة ، خُسْرَان) [খাসিরা] ক্ষতিগ্রস্ত হওয়া, লোকসান দেওয়া, ধ্বংস হওয়া, পরাস্ত হওয়া, হারানো

خَسَّرَ (تَخْسِير) [خسر] [খাস্সারা] ধ্বংস করা, নষ্ট করা, ক্ষতিগ্রস্ত করা, বিপথগামী করা, বিভ্রান্ত করা

خُسْر [খুস্র] ক্ষতি, নাশ, ধ্বংস, লোকসান

خُسْرَان [خسر] [খুস্রান] ক্ষতি, নাশ, ধ্বংস, লোকসান

خَسَّسَ (تَخْسِيس) [خسس] [খাস্সাসা] হ্রাস করা, কমিয়ে দেওয়া, নিচে নামানো, নীচ করা, হেয় করা

خَسْف ، خُسْف [খাস্ফ, খুস্ফ] নীচতা, হীনতা, লাঞ্ছনা, অসম্মান, ঘাটতি

خَسَفَ [ض] (خُسُوف) [খাসাফা] ডুবে যাওয়া, ধসে যাওয়া, দেবে যাওয়া, নিচে পড়া, (চন্দ্রে) গ্রহণ লাগা

خَسَفَ (خَسْف) [খাসাফা] দাবানো, দাবিয়ে দেওয়া, নিচে ফেলা, হেয় করা

خَسَفَ الْقَمَرُ [খাসাফাল ক্বামারু] চন্দ্রে গ্রহণ লাগা, চন্দ্রগ্রহণ হওয়া

خُسُوف ، خُسُوفُ الْقَمَرِ [খুসূফ, খুসূফুল ক্বামার] চন্দ্রগ্রহণ

خَسِيء [খাসী'] নিম্নমান, খারাপ, নিকৃষ্ট, রদ্দী

خَسِير [খাসীর] ক্ষতিগ্রস্ত, পরাস্ত, পরাজিত, ব্যর্থ

خَسِيس ج أَخِسَّاء [খাসীস] হীন, নীচ, তুচ্ছ, ঘৃণ্য, ইতর, নিকৃষ্ট

خَسِيسَة ج خَسَائِس [খাসীসাহ] নিকৃষ্ট কাজ, হীন কাজ, নীচতা, হীনতা

خَسِيف ج خُسُف ، أَخْسِفَة [খাসীফ] কোটরগত চোখ, অফুরন্ত পানির কূপ, পানিবহুল মেঘ

خَسِيفَة [খাসীফাহ] দোষ, ত্রুটি, ঘাটতি, কমতি

خَشَّ [ن] [ض] (خَشّ) فِي [খাশ্শা] প্রবেশ করা, ভিতরে যাওয়া, খোঁচা মারা, আঘাত করা

خُشَّاء [خشش] [খুশ্শা'] কানের পিছনের শঙ্কু-আকৃতির হাড়, mastoid

خَشَّاب [خشب] [খাশ্শাব] কাঠওয়ালা, কাঠ ব্যবসায়ী, কাঠুরিয়া

خُشَار ، خُشَارَة [خشر] [খুশার, খুশারাহ] (খাদ্যের) উচ্ছিষ্ট, (শস্যের) চিটা, আবর্জনা, বর্জিতাংশ, পরিত্যক্ত অংশ, মূল্যহীন বস্তু

خَشَانَة [خشن] [খাশানাহ] কাঠিন্য, কঠোরতা, রূঢ়তা, অমসৃণতা

خَشَب ج خُشُب ، أَخْشَاب [খাশাব] কাঠ, কাষ্ঠ

خَشَبَ [ض] (خَشْب) [খাশাবা] বেছে নেওয়া, পছন্দ করা, নির্বাচিত করা, (তরবারি) ধারালো করা, (কবিতা) অনায়াসে বলা, মিশ্রিত করা

خَشَّبَ (تَخْشِيب) [خشب] [খাশ্শাবা] কাঠে পরিণত করা, কাঠের মত শক্ত করা

خَشِب [খাশিব] কঠিন, কঠোর (জীবন)

خَشَبَة ج خَشَبَات [খাশাবাহ] কাষ্ঠখণ্ড, তক্তা, খুঁটি, (মৃতদেহ বহনকারী) খাট

خَشَبِيّ [খাশাবী] কাঠের, কাষ্ঠনির্মিত, কাঠের তৈরী, কাঠের ন্যায়

خَشْخَاش ج خَشَاخِيش [খাশ্খাশ] আফিম, পপি

خَشْخَشَ (خَشْخَشَة) [খাশ্খাশা] খসখস খটখট খড়খড় চড়চড় ঠকঠক ঠুনঠুন ইত্যাদি শব্দ করা

خَشْرَم ج خَشَارِم ، خَشَارِمَة [খাশ্রম] মৌমাছির ঝাঁক, মৌমাছির আশ্রয়স্থল, মৌচাক, রানী মৌমাছি

خَشَعَ [ف] (خُشُوع) [খাশা'আ] বিনয়ী হওয়া, বিনম্র হওয়া, একাগ্র হওয়া, নিচু হওয়া

خُشْعَة ج خُشَع [খুশ্'আহ] ছোট টিলা, নিচু টিলা, কঠিন ভূখণ্ড

خَشْف ج خُشُوف ، أَخْشَاف ، خِشَفَة [খাশ্ফ] শব্দ, আওয়াজ, ক্ষীণ শব্দ, নড়াচড়া, লাঞ্ছনা, হরিণের বাচ্চা, বাচ্চা হরিণ, জমাটবদ্ধ (পানি)

خَشَفَ [খাশাফ] শক্ত তুষার, নরম বরফ, শুষ্কতা

خِشْفٌ ، خُشْفٌ ج خُشُوف ، خِشَفَة [খিশ্ফ, খুশ্ফ] হরিণের বাচ্চা, হরিণ-শাবক, বাচ্চা হরিণ

خَشْفَة ، خَشَفَة [খাশ্ফাহ, খাশাফাহ] আওয়াজ, শব্দ, ক্ষীণ শব্দ, নড়াচড়া

خَشَم [খাশাম] ঘ্রাণশক্তির বিলোপ বা বিকৃতি

خَشَمَ [ض] (خَشْم) [খাশামা] নাক ভেঙ্গে দেওয়া

خَشِمَ [س] (خَشَم) [খাশিমা] নাক চওড়া হওয়া, ঘ্রাণ নষ্ট হওয়া, (নাকের) ঘ্রাণশক্তি নষ্ট হওয়া

خَشِنٌ ج خُشُنٌ ، خِشَانٌ [খাশিন] কঠিন, শক্ত, কঠোর, রূঢ়, অমসৃণ, কর্কশ

خَشُنَ [ك] (خُشُونَة) [খাশুনা] কঠিন হওয়া, শক্ত হওয়া, কঠোর হওয়া, অমসৃণ হওয়া, কর্কশ হওয়া

خَشَّنَ (تَخْشِين) [خشن] [খাশ্শানা] শক্ত করা, কঠিন করা, অমসৃণ করা

خَشْنَاء [خشن] [খাশ্না'] কঠোর, রূঢ়, কঠিন, শক্ত, অমসৃণ (أَخْشَن-এর স্ত্রীলিঙ্গ)

خُشُوع [خشع] [খুশূ'] বিনয়, নম্রতা, বিনম্রতা, একাগ্রতা

خُشُونَة [خشن] [খুশূনাহ] কাঠিন্য, কঠোরতা, রূঢ়তা, অমসৃণতা, কর্কশতা

خَشِي ، خَشِيٌّ [খাশী] ভীত, শঙ্কিত, আতঙ্কিত, আশঙ্কিত, ভয়শীল, শুকনো, শুষ্ক (তৃণ)

خَشِيَ [س] (خَشْي ، خَشْيَة) [খাশিয়া] ভয় করা, আশঙ্কা করা, ভয় পাওয়া, ভীত হওয়া

خَشَّى (تَخْشِيَة) [خشي] [খাশ্শা] ভীত করা, ভয় দেখানো, শঙ্কিত করা, আতংকিত করা, ভয় পাইয়ে দেওয়া

خَشْيَان [خشي] [খাশ্ইয়ান] ভীত, আতঙ্কিত, শঙ্কিত, আশঙ্কিত

خَشِيب ج خُشُب ، خَشَائِب [খাশীব] শক্ত, শুষ্ক, নিকৃষ্ট, ধার দেওয়া হয়েছে এমন (তরবারি), সুদৃঢ়, বলিষ্ঠ

خَشْيَة ، خِشْيَة [খাশ্ইয়াহ, খিশ্ইয়াহ] ভয়, ডর, ভীতি, শঙ্কা, আশঙ্কা, আতঙ্ক

خَشْيَةً [খাশ্ইয়াতা] ভয়ে, আশংকায়

خَشِيف ج خُشُف [খাশীফ] শক্ত তুষার, নরম বরফ

خَشِين [خشن] [খাশীন] কঠিন, শক্ত, কঠোর, রূঢ়, অমসৃণ, কর্কশ

خَصَّ [ن] (خُصُوص) [খাছ্ছা] বিশিষ্ট হওয়া, নিজস্ব হওয়া, নির্দিষ্ট হওয়া, সংশ্লিষ্ট হওয়া, সম্পৃক্ত হওয়া, বিশিষ্ট করা, নির্দিষ্ট করা

خِصٌّ [খিছ্ছ] অপূর্ণ, অসম্পূর্ণ, ঘাটতিপূর্ণ (মাস)

خُصٌّ ج خِصَاص ، أَخْصَاص ، خُصُوص [খুছ্ছ] কুটির, কুড়েঘর, ছোট ঘর

خِصَاء [خصي] [খিছা'] খাসীকরণ, খোজাকরণ

خِصَار ج خُصُر [خصر] [খিছার] দেহের নিম্নাংশের পরিধেয়, লুঙ্গি, ইযার

خَصَاص [খাছাছ] ফাঁক, ফাটল, ছিদ্র, দারিদ্র

خَصَاصَة [خصص] [খাছাছাহ] অভাব, অনটন, কষ্ট, ক্ষুধা, দারিদ্র

خَصَّاف [خصف] [খাছ্ছাফ] মুচি, মুচী, চর্মকার

خِصَام [خصم] [খিছাম] ঝগড়া, বিবাদ, বিতর্ক, কলহ

خِصَّان ، خُصَّان [خصص] [খিছ্ছান, খুছ্ছান] বিশিষ্ট ব্যক্তিবর্গ

خَصَبَ [ض]، خَصِبَ [س] (خِصْب) [খাছাবা, খাছিবা] উর্বর হওয়া, উৎপাদনশক্তিসম্পন্ন হওয়া

خَصَّبَ (تَخْصِيب) [خصب] [খাছ্ছাবা] উর্বর করা, উৎপাদনশক্তিসম্পন্ন করা

خَصِب [খাছিব] উর্বর, উৎপাদনশক্তিসম্পন্ন

خِصْب [খিছ্ব] উর্বরতা, উৎপাদনশক্তি, উর্বর

خَصْر ج خُصُور [খাছ্র] কোমর, কটি, মাজা

خَصَر [খাছর] শীতলতা, ঠাণ্ডা

خَصِر [খাছির] শীতল, ঠাণ্ডা

خَصِرَ [س] (خَصَر) [খাছিরা] শীতল হওয়া, ঠাণ্ডা হওয়া, ঠাণ্ডা লাগা

خَصَّصَ (تَخْصِيص) [خصص] [খাছ্ছাছা] খাস করা, বিশিষ্ট করা, নির্দিষ্ট করা, নিজস্ব করা, বরাদ্দ করা, সংশ্লিষ্ট করা, উৎসর্গ করা

خَصْف [খাছ্ফ] সেলাই, মেরামত, জুতার তালি,

জুতা

[খাছফ] সাদা ও কালোর মিশ্রিত রং, ছাইরং, জুতার তালি খَصَف

[খাছফা] সেলাই করা, মেরামত করা, জড়ানো خَصَفَ [ض] (خَصْف)

[খাছফাহ্] জুতার তালি, মোটা কাপড়, খেজুরপাতার ঝুড়ি خَصَفَة ج خَصَف ، خِصَاف

[খুছফাহ্] ছিদ্র, ফুটা, সেলাইয়ের ছিদ্র خُصْفَة

[খাছ্ল] কর্তন, লক্ষ্যে আঘাত, বাজি خَصْل ج خُصُول

[খাছলা] কাটা, কর্তন করা خَصَلَ [ن] (خَصْل)

[খাছ্ছলা] খণ্ড খণ্ড করা, টুকরা টুকরা করা, ডাল কেটে দেওয়া, ছেঁটে দেওয়া خَصَّلَ (تَخْصِيل) [خصل]

[খাছ্লাহ্] অভ্যাস, স্বভাব, প্রকৃতি, বৈশিষ্ট্য, দোষ, গুণ, লক্ষ্যে আঘাত خَصْلَة ج خِصَال

[খুছলাহ্] (চুলের) গুচ্ছ, গোছা, (ফলের) থোকা خُصْلَة ج خُصَل

[খাছ্ম] বিয়োগ, বাদ, ছাড়, বাটা خَصْم

[খাছ্ম] শত্রু, বিপক্ষ, প্রতিপক্ষ, বিরোধী, ঝগড়াটে خَصْم ج خُصُوم

[খাছমা] বিতর্ক করা, ঝগড়া করা, বিবাদ করা, পরাভূত করা, বাদ দেওয়া, বিয়োগ করা, ছাড় দেওয়া خَصَمَ [ض] (خَصْم)

[খাছিম] কলহপ্রিয়, ঝগড়াটে خَصِم

[খুছ্ম] কোণ, কোনা, দিক, প্রান্ত خُصْم ج خُصُوم ، أَخْصَام

[খুছূবাহ্] উর্বরতা, উৎপাদন-শক্তি خُصُوبَة [خصب]

[খুছূছ] বিশিষ্টতা, নির্দিষ্টতা, নিজস্বতা, সম্বন্ধ, বিষয়, ব্যাপার خُصُوص

[বি-খুছূছি, ফী খুছূছি] সম্বন্ধে, সম্পর্কে, বিষয়ে, ব্যাপারে بِخُصُوصِ ، فِي خُصُوصِ

[বি-হাযাল খুছূছ] এ সম্বন্ধে, এ সম্পর্কে, এ বিষয়ে, এ ব্যাপারে بِهٰذَا الخُصُوص

[খুছূছান, 'আলা ওয়াজ্হিল খুছূছ] বিশেষ করে, বিশেষভাবে خُصُوصًا، عَلَى وَجْهِ الخُصُوص

[খুছূছী] বিশেষ, বিশিষ্ট, নির্দিষ্ট, নিজস্ব, একান্ত خُصُوصِيّ

[খুছূছিয়্যাহ্] গোপনীয়তা, নিজস্বতা, বিশিষ্টতা, বৈশিষ্ট্য خُصُوصِيَّة [خصص]

[খুছূমাহ্] ঝগড়া, বিবাদ, কলহ, বিতর্ক, শত্রুতা, মকদ্দমা, আইনী লড়াই خُصُومَة ج خُصُومَات [خصم]

[খাছা] খাসী করা, খোজা করা, নপুংসক করা خَصَى [ض] (خَصْي ، خِصَاء) [خصي]

[খাছী] খাসী, খোজা, নপুংসক خَصِيّ ج خِصْيَان [خصي]

[খাছীব] উর্বর, উৎপাদনশক্তি-সম্পন্ন خَصِيب [خصب]

[খুছইয়াহ্] অণ্ডকোষের বীচি, অণ্ড خُصْيَة ج خُصًى

[খিছ্ছীছান] বিশেষ করে, বিশেষভাবে, বিশেষত خِصِّيصًا [خصص]

[খাছীছাহ্] বিশেষ গুণ, বিশিষ্টতা, বৈশিষ্ট্য خَصِيصَة ج خَصَائِص [خصص]

[খাছীফ] সেলাই করা জুতা, তালিযুক্ত জুতা, ছাই, ছাইবর্ণ, কালো ও সাদা রংযুক্ত خَصِيف [خصف]

[খাছীল] লেজ, পুচ্ছ خَصِيل [خصل]

[খাছীলাহ্] দেহের মাংস, পেশীসহ মাংসখণ্ড, কেশগুচ্ছ خَصِيلَة ج خَصِيل ، خَصَائِل [خصل]

[খাছীম] শত্রু, বিপক্ষ, প্রতিপক্ষ, বিরোধী, ঝগড়াটে خَصِيم ج خُصَمَاء [خصم]

[খাদ্দা] ঝাঁকুনি দেওয়া, নাড়া দেওয়া, ধাক্কা দেওয়া, কাঁপানো خَضَّ [ن] (خَضّ)

[খিদাব] খেযাব, রঙ خِضَاب

[খাদ্দার] সবজিবিক্রেতা, সবজি-ওয়ালা خَضَّار [خضر]

[খুদার, খুদারাহ্] শাক-সবজি, গাছপালা, তৃণলতা خُضَار ، خُضَارَة

[খাদ্ব] উদ্ভিদের সবুজ রঙ, সবুজ গাছপালা, ক্লোরোফিল, পত্রহরিৎ خَضْب ج خُضُوب

[খাদবা] খেযাব দেওয়া, রঙ করা خَضَبَ [ض] (خَضْب)

خَضَّبَ (تَخْضِيب) [خضب] [খাদ্দবা] খেযাব দেওয়া, রং করা, রঞ্জিত করা, সবুজ হওয়া, শ্যামল হওয়া

خَضَّة [خضض] [খাদ্দাহ্] ঝাঁকুনি, ধাক্কা, নাড়া

خَضْخَاض [খাদ্খাদ] জ্বালানি তেল

خَضْخَضَ (خَضْخَضَة) [খাদ্খাদা] নাড়া দেওয়া, ঝাঁকুনি দেওয়া, ধাক্কা দেওয়া

خَضَدَ [ض] (خَضْد) [খাদদা] নোয়ানো, নত করা, বশ করা, ভাঙ্গা, ভেঙ্গে ফেলা, কেটে ফেলা

خَضِر [খাদির] সবুজ, শ্যামল, সজীব, তাজা, সবুজ তৃণভূমি, শ্যামলভূমি

خَضِرَ [س] (خَضَر) [খাদিরা] সবুজ হওয়া, শ্যামল হওয়া, সজীব হওয়া

خَضَّرَ (تَخْضِير) [خضر] [খাদ্দরা] সবুজ করা, সবুজ রঙ দেওয়া, শ্যামল করা

خُضْر [খুদ্‌র] সবুজ, সজীব, তাজা (أَخْضَر-এর বহুবচন)

خُضَر (خُضْرَة) [খুদার] সবুজ গাছপালা, শাক-সবজি, তৃণলতা

خَضْرَاء [خضر] [খাদ্‌রা'] সবুজ, হরিৎ, সজীব, তাজা (أَخْضَر-এর স্ত্রীলিঙ্গ)

خَضْرَاوَات [خضر] [খাদ্‌রাওয়াত] শাক-সবজি, গাছপালা, তৃণলতা

خُضْرَة ج خُضَر [খুদ্‌রাহ্] সবুজ রঙ, শাক-সবজি, সবুজ গাছপালা

خَضْرَمَ (خَضْرَمَة) [خضرم] [খাদ্‌রমা] (কানের) কিছু অংশ কেটে ঝুলন্ত রাখা

خِضْرِم ج خَضَارِم ، خَضَارِمَة [খিদ্‌রিম] অধিক পানির কূপ, বিরাট সমুদ্র, দানবীর, মহান নেতা, প্রচুর, বিশাল

خُضَرِيّ [খুদরী] সবজি-বিক্রেতা, সবজিওয়ালা

خَضَع [খাদা'] জন্মগতভাবে ঘাড়ের নিচুতা

خَضَعَ [ف] (خُضُوع) لِ [খাদ'আ] নত হওয়া, বিনম্র হওয়া, বিনয়ী হওয়া, অনুগত হওয়া, অধীন হওয়া

خَضَّعَ (تَخْضِيع) [خضع] [খাদ্দ'আ] অনুগত করা, বশীভূত করা, বিনয়ী করা, অধীন করা

خَضْعَة ، خَضَعَة [খাদ্'আহ্, খাদ'আহ্] চাবুক, তরবারি, চাবুকের শব্দ, তরবারির শব্দ

خُضَعَة ج خُضَع [খুদ'আহ্] সকলের বশীভূত, অন্যদেরকে বশীভূত করে রাখে এমন, স্বৈরাচারী

خَضْل [খাদ্‌ল] উজ্জ্বল মুক্তা, স্বচ্ছ মুক্তাদানা, পুঁতি

خَضَل [খাদল] সিক্ততা, আর্দ্রতা, উজ্জ্বল মুক্তা, স্বচ্ছ মুক্তাদানা, পুঁতি

خَضِل [খাদিল] ভেজা, সিক্ত, আর্দ্র, স্যাঁতসেঁতে, রসযুক্ত, রসালো

خَضِلَ [س] (خَضَل) [খাদিলা] সিক্ত হওয়া, আর্দ্র হওয়া, ভেজা, ভিজে যাওয়া

خَضَّلَ (تَخْضِيل) [خضل] [খাদ্দলা] ভিজানো, ভিজিয়ে দেওয়া, সিক্ত করা, আর্দ্র করা

خَضْلَة [খাদ্‌লাহ্] উজ্জ্বল মুক্তাদানা, পুঁতি

خُضُلَّة [খুদুল্লাহ্] সুখ, সমৃদ্ধি, স্বাচ্ছন্দ্য, স্বচ্ছলতা, সিঞ্জন, সুখী রমণী

خَضَمَ [ض] (خَضْم) [খাদমা] কর্তন করা, কাটা, চিবিয়ে খাওয়া, দান করা

خَضِمَ [س] (خَضْم) [খাদিমা] কর্তন করা, কাটা, চিবিয়ে খাওয়া

خِضَمّ [খিদম্] উদার, দানশীল, দাতা, বিশাল সমুদ্র, বিরাট সমাবেশ, ধারালো (তরবারি)

خَضُوب [خضب] [খাদূব] সজীব, সতেজ (তৃণ)

خَضُور [خضر] [খাদূর] সবুজ, শ্যামল, সজীব, তাজা

خَضُوع ج خُضُع [خضع] [খাদূ'] অনুগত, নত, অধীন, বশীভূত, বিনয়ী

خُضُوع [خضع] [খুদূ'] আনুগত্য, নতি, বিনয়, বশ্যতা, অধীনতা

خَضِيب ج خُضُب [خضب] [খাদীব] খেযাব দ্বারা রঙিন করা হয়েছে এমন, রঞ্জিত

خَضِير [خضر] [খাদীর] সবুজ, শ্যামল, সজীব, তাজা

خُضَيْرِيّ ج خَضَارِيّ [خضر] [খুদইরী] সবজি-বিক্রেতা, সবজিওয়ালা

خَضِيلَة ج خَضَائِل [خضل] [খাদীলাহ্] সিক্ত বাগান, আর্দ্র বাগিচা

خَطٌّ ج خُطُوط [খাত্] লিপি, হস্তলিপি, লাইন, রেখা, সারি, খাত, ডোরা

خَطُّ الاِسْتِوَاء ، خَطُّ الاِعْتِدَال [খাত্তুল ইস্তিওয়া', খাত্তুল ই'তিদাল] নিরক্ষরেখা, বিষুবরেখা

خَطٌّ أُفُقِيٌّ [খাত্ উফুক্বী] সমান্তরাল রেখা, অনুভূমিক রেখা, horizontal

خَطٌّ حَدِيدِيٌّ [খাত্ হাদীদী] রেললাইন

خَطُّ الزَّاوِيَة [খাত্তুয যাবিয়াহ] জ্যামিতিক ক্ষেত্রের দুই কোণের সংযোজক সরলরেখা, কর্ণ, diagonal

خَطُّ الزَّوَال [খাত্তুয যাওয়াল] মধ্যরেখা, মধ্যাহ্নরেখা, মধ্যাহ্ন, meridian

خَطُّ الطُّول [খাত্তুত তূল] দ্রাঘিমা রেখা, longitude

خَطُّ العَرْض [খাত্তুল 'আরদ] সমাক্ষরেখা, latitude

خَطٌّ عَمُودِيٌّ [খাত্ 'আমূদী] উলম্ব রেখা, vertical

خَطٌّ فَاصِل [খাত্ ফাছিল] সীমান্তরেখা, সীমারেখা

خَطٌّ قُطْرِيٌّ [খাত্ কুত্‌রী] জ্যামিতিক ক্ষেত্রের দুই কোণের সংযোজক সরলরেখা, কর্ণ, diagonal

خَطٌّ مُسْتَقِيم [খাত্ মুস্তাক্বীম] সরলরেখা

خَطَّ [ن] (خَطّ) [খাত্তা] লেখা, আঁকা, রেখা টানা, অঙ্কিত করা, খোদাই করা, পরিকল্পনা করা

خِطٌّ ج أَخْطَاط [খিত্] নিজের জন্য খননকৃত ভূমি, নতুন জায়গা

خُطٌّ ج أَخْطَاط ، خُطُوط [খুত্] লম্বা রাস্তা, সড়ক, পাড়া, মহল্লা, এলাকা, অঞ্চল

خَطَا [ن] (خَطْو) [خطو] [খাতা] হাঁটা, পদক্ষেপ রাখা, পদক্ষেপ নেওয়া, অগ্রসর হওয়া, এগিয়ে যাওয়া

خَطَّاء ج أَخْطَاء [خطأ] [খাতা'] ভুল, ত্রুটি, পাপ, অন্যায়, অপরাধ

خَطَّاء [خطأ] [খাত্তা'] বেশী ভুল বা অন্যায় করে এমন, অধিক অন্যায়কারী

خِطَاب ج خِطَابَات ، أَخْطِبَة [خطب] [খিতাব] বক্তৃতা, ভাষণ, চিঠি, পত্র, বার্তা

خِطَاب الاِعْتِمَاد [খিতাবুল ই'তিমাদ] ঋণপত্র, debenture, letter of credit, পরিচয়পত্র, credentials

خِطَابَة ، خَطَابَة [خطب] [খিতাবাহ, খাতাবাহ] বক্তৃতা, ভাষণ, খুতবা, বাগ্মিতা

خِطَابِيٌّ ، خَطَابِيٌّ [খিতাবী, খাতাবী] বক্তৃতাবিষয়ক, ভাষণ-সম্বন্ধীয়

خَطَّار [خطر] [খাত্তার] (ঘড়ির) দোলক, pendulum

خَطَّاط [خطط] [খাত্তাত] লিপিকার, লেখক, রেখা অঙ্কনকারী

خَطَّاف [خطف] [খাত্তাফ] লুণ্ঠনকারী, ছিনতাইকারী, অপহরণকারী, দস্যু

خُطَّاف ج خَطَاطِيف [خطف] [খুত্তাফ] আঁকড়া, হুক, বড়শি, ডাকাত, দস্যু, চোর, দোয়েলজাতীয় একপ্রকার পাখি, martin

خِطَام ج خُطُم [খিতাম] (উটের) নাসিকা-বন্ধনী, লাগাম, রাশ

خَطَا ج أَخْطَاء [খাতা'] ভুল, ত্রুটি, পাপ, অন্যায়, অপরাধ, অশুদ্ধ

خَطَأً [খাতআন] ভুলে, ভুলক্রমে, ভুলবশত

خَطِئَ [س] (خَطَأ ، خِطَاء) [খাতিআ] ভুল করা, পাপ করা, অপরাধ করা, ভুল হওয়া, ভ্রান্ত হওয়া

خَطَّأَ (تَخْطِيء) [خطأ] [খাত্তআ] দোষ দেওয়া, দোষী সাব্যস্ত করা, অপরাধী করা, দোষারোপ করা, নিন্দা করা, অভিযুক্ত করা

خِطْء ج أَخْطَاء [খিত্'] ভুল, ত্রুটি, পাপ, অন্যায়, অপরাধ, অশুদ্ধ

خَطْب ج خُطُوب [খাত্‌ব] দুর্বিপাক, দুর্ঘটনা, কষ্ট, দুর্ভাগ্য, বিষয়, কাজ, অবস্থা, ঘটনা

مَا خَطْبُكَ ؟ [মা খাত্‌বুকা] তোমার অসুবিধা কি? তোমার কি হয়েছে? তুমি কি চাও? কি ব্যাপার?

خَطَبَ [ن] (خُطْبَة ، خِطَابَة) [খাতবা] বক্তৃতা করা, ভাষণ দেওয়া, খুতবা দেওয়া

خَطَبَ (خَطْب ، خِطْبَة) [খাতবা] বিয়ের প্রস্তাব দেওয়া, বিবাহ দেওয়া

خَطُبَ [ك] (خَطَابَة) [খাতুবা] খতীব হওয়া, বক্তা

হওয়া

خِطْب ج أَخْطَاب [খিত্ব] (বিয়ের) প্রস্তাবদাতা, বর, বাগদত্ত, কনে, বাগদত্তা

خِطْبَة [খিত্বাহ্] (বিয়ের) বাগদান, প্রস্তাব

خُطْبَة ج خُطَب [খুত্বাহ্] খুতবা, বক্তৃতা, ভাষণ, ওয়াজ

خِطَّة ج خِطَط [خطط] [খিত্তাহ্] ভূখণ্ড, ভূমিখণ্ড, নকশা, সঙ্কল্প, পরিকল্পনা, প্রকল্প, প্রণালী, পদ্ধতি

خُطَّة ج خُطَط [خطط] [খুত্তাহ্] প্রকল্প, প্রণালী, পরিকল্পনা

خُطَّة خَمْسِيَّة [খুত্তাহ খাম্‌ছিয়্যাহ্] পাঁচ বছর মেয়াদী পরিকল্পনা, পঞ্চবার্ষিকী পরিকল্পনা

خَطَر ج أَخْطَار [খাতর] বিপদ, আশঙ্কা, ঝুঁকি, বাজি, ভয়াবহতা

خَطَرَ [ض] (خَطَرَان) [খাতরা] কাঁপা, দোলা, আন্দোলিত হওয়া, নড়া, হেলেদুলে চলা

خَطَّرَ ب [-- বি] কাঁপানো, নাড়ানো, দোলানো, আন্দোলিত করা

خَطَرَ [ن] [ض] (خُطُور) [খাতরা] মনে উদয় হওয়া, মনে পড়া, স্মরণ হওয়া

خَطِر [খাতির] বিপজ্জনক, বিপদসঙ্কুল, ঝুঁকিপূর্ণ

خَطُرَ [ك] (خُطُورَة) [খাতুরা] মারাত্মক হওয়া, গুরুতর হওয়া, গুরুত্বপূর্ণ হওয়া

خَطَرَان [خطر] [খাতরান] কম্পন, আন্দোলন, আলোড়ন, দোলন

خَطْرَة ج خَطَرَات [খাত্‌রাহ্] বিপদ, ভয়াবহতা, আশঙ্কা, ঝুঁকি, কুমন্ত্রণা, চিন্তা, বার, সময়

خَطَّطَ (تَخْطِيط) [خطط] [খাত্তাতা] পরিকল্পনা করা, খাত কাটা, ডোরা কাটা, দাগ দেওয়া, রেখা টানা, চিহ্নিত করা, নির্দেশনা দেওয়া

خَطْف [খাত্‌ফ] ছিনতাই, অপহরণ, জবরদখল

خَطَفَ [ض]، خَطِفَ [س] (خَطْف) [খাতফা, খাতিফা] ছিনিয়ে নেওয়া, কেড়ে নেওয়া, ছিনতাই করা, অপহরণ করা, (চোখ) ঝলসিয়ে দেওয়া, ধাঁধানো

خُطُّف [খুত্‌তুফ] দোয়েলজাতীয় একপ্রকার পাখি, martin

خَطْفَة [খাত্‌ফাহ্] ছিনতাই, কাড়ন, অপহরণ, টান, দ্রুত অল্প পরিমাণ দুগ্ধপান

خَطَل [খাতল] নিরর্থক কথা, বাচালতা, বক-বকানি, ক্ষিপ্রতা, বোকামি

خَطِل ج أَخْطَال [খাত্বিল] বাচাল, বকবককারী, নির্বোধ, বোকা, হাবা

خَطِلَ [س] (خَطَل) [খাত্বিলা] নিরর্থক কথা বলা, অর্থহীন কথা বলা, অনর্থক বকবক করা, বোকার মত কথা বলা

خَطْم [খাত্‌ম] নাক, নাসা, (পাখির) ঠোঁট, শুঁড়, শুণ্ড, সম্মুখভাগ, গুরুত্বপূর্ণ বিষয়

خَطَمَ [ض] (خَطْم) [খাতমা] রাশ পরানো, ঠুসি পরানো, লাগাম দেওয়া, চুপ করানো

خَطْو [খাত্‌ও] চলন, হাঁটা, পদক্ষেপ, অগ্রগমন

خُطُوبَة [خطب] [খুতূবাহ্] বাগদান, বিয়ের প্রস্তাব

خُطْوَة ج خُطُوَات ، خُطًى [خطو] [খুত্‌ওয়াহ্] পদক্ষেপ, পা, পর্যায়, ধাপ, উদ্যোগ

خُطُورَة [خطر] [খুতূরাহ্] ভয়াবহতা, বিপদ, ঝুঁকি, গুরুত্ব

خُطُوط جَوِّيَّة [খুতূত জাওবিয়্যাহ্] বিমানপথ, airlines

خَطِّيّ [খাত্তী] লিখিত, হস্তলিখিত

خَطِّيّ ج خَطِّيَّة [খাত্তী] বল্লম, বর্শা, উত্তম বর্শা

خَطِيئَة ج خَطِيئَات ، خَطَايَا [خطأ] [খাতীআহ্] পাপ, অপরাধ, ভুল, ত্রুটি, অন্যায়

خَطِيب ج خُطَبَاء [خطب] [খাতীব] বক্তা, খতীব, (বিয়ের) বাগদত্ত

خَطِيبَة [خطب] [খাতীবাহ্] বাগদত্তা, কনে

خَطِيَّة ج خَطَايَا [خطو] [খাতিয়্যাহ্] ভুল, ত্রুটি, পাপ, অন্যায়, অপরাধ

خَطِير ج خُطُر [خطر] [খাতীর] গুরুতর, ভয়াবহ, মারাত্মক, বিপজ্জনক, ঝুঁকিপূর্ণ, সংকটপূর্ণ, গুরুত্বপূর্ণ, উচ্চ মর্যাদাবান, হুমকি, রশি, লাগাম, রাতের অন্ধকার

خَطِيف [خطف] [খাতীফ] দ্রুতগামী

خَطِيفَة [خطف] [খাতীফাহ্] অপহৃতা (মেয়ে)

خَفَّ [ض] (خِفٌّ) [খাফ্ফা] হালকা হওয়া, লঘু হওয়া, সহজ হওয়া, হ্রাস পাওয়া, প্রশমিত হওয়া, লাঘব হওয়া, চঞ্চল হওয়া, ক্ষিপ্র হওয়া, ছুটে যাওয়া

خِفٌّ [খিফ্] হালকা, লঘু, মৃদু, ক্ষুদ্র দল

خُفٌّ ج أَخْفَافٌ ، خِفَافٌ [খুফ্] উটের পায়ের খুর, মোজা, পায়ের তলা, পা

خَفَا [ن] (خَفْوٌ ، خُفُوٌّ) [خفو] [খাফা] (বিদ্যুৎ) চমকানো, স্পষ্ট হওয়া, প্রকাশ পাওয়া

خَفَاءٌ [خفي] [খাফা'] গোপনীয়তা, গোপনতা, লুক্কায়ন

خَفَارَةٌ ، خِفَارَةٌ [خفر] [খাফারাহ্, খিফারাহ্] প্রহরা, পাহারা, টহল, নজরদারি, তত্ত্বাবধান

خُفَارَةٌ [خفر] [খুফারাহ্] পাহারাদারের মজুরি, প্রহরীর পারিশ্রমিক

خُفَّاشٌ ج خَفَافِيشُ [খুফ্ফাশ] বাদুড়ঃ স্তন্যপায়ী ও পাখাযুক্ত প্রাণীবিশেষ

خَفَّاقٌ [خفق] [খাফ্ফাক] ধুক্‌ধুক্ করে এমন, ধুকধুককারী, স্পন্দমান (হৃদয়), পতপতকারী (পতাকা)

خَفَّاقَةٌ [خفق] [খাফ্ফাক্বাহ্] ডিম ফ্যাটানোর যন্ত্র

خَفَتَ [ن] (خَفْتٌ ، خُفُوتٌ) [খাফাতা] নীরব হওয়া, দুর্বল হওয়া, ক্ষীণ হওয়া, নিচু হওয়া

خَفَتَ بِ [-- বি] নিচু করা, নিচু রাখা, লুকানো, গোপন করা
হওয়া, দুর্বল হওয়া, ক্ষীণ হওয়া, নিচু হওয়া

خِفَّةٌ [خفف] [খিফ্ফাহ্] লঘুত্ব, গুরুত্বহীনতা, তুচ্ছতা, চঞ্চলতা, চপলতা, ক্ষিপ্রতা, প্রশমন, লাঘব

خَفَجٌ [খাফাজ] (উটের) হাঁটু-কাঁপা রোগ, এক-প্রকার উদ্ভিদ, nipplewort

خَفْرٌ [খাফ্র] প্রহরা, পাহারা, টহল

خَفَرٌ [খাফার] লজ্জা, লাজুকতা, প্রহরা, টহল

خَفَرَ [ن] (خَفْرٌ ، خِفَارَةٌ) [খাফারা] রক্ষা করা, পাহারা দেওয়া, টহল দেওয়া

خَفِرٌ [খাফির] লাজুক, লজ্জানম্র

خَفِرَ [س] (خَفَرٌ) [খাফিরা] লজ্জিত হওয়া, লজ্জা পাওয়া, লাজুক হওয়া

خَفَّرَ (تَخْفِيرٌ) [خفر] [খাফ্ফারা] পাহারা দেওয়া, টহল দেওয়া, রক্ষাকরা

خُفْرَةٌ [খুফ্রাহ্] প্রহরা, পাহারা, টহল

خَفِرَةٌ [খাফিরাহ্] লাজুক মেয়ে, লজ্জানম্র নারী

خَفَشٌ [খাফাশ] দিবসে দৃষ্টিহীনতা, দিবান্ধতা

خُفْشٌ [খুফ্শ] দিনে চোখে দেখে না এমন, দিবান্ধ, দুর্বলদৃষ্টি (أَخْفَشُ-এর বহুবচন)

خَفْشَاءُ [خفش] [খাফ্শা'] দিনে চোখে দেখে না এমন, দিবান্ধ, দুর্বলদৃষ্টি (أَخْفَشُ-এর স্ত্রীলিঙ্গ)

خَفْضٌ [খাফ্দ] নিচুকরণ, হ্রাসকরণ, নিচু স্থান, নিম্নভূমি

خَفَضَ [ض] (خَفْضٌ) [খাফাদা] নিচু করা, হ্রাস করা, নামানো, কমানো, প্রশমিত করা

خَفَضَ الْجَنَاحَ [খাফাদল জানাহ্] ডানা নিচু করা, বিনয়ী হওয়া

خَفُضَ [ك] (خَفَاضَةٌ) [খাফুদা] (জীবন) সুখের হওয়া, আনন্দময় হওয়া, আরামপূর্ণ হওয়া, স্বাচ্ছন্দ্যময় হওয়া

خَفَّضَ (تَخْفِيضٌ) [خفض] [খাফ্ফাদা] নিচু করা, নামানো, কমানো, হ্রাস করা, প্রশমিত করা

خَفَّفَ (تَخْفِيفٌ) [خفف] [খাফ্ফাফা] হালকা করা, লঘু করা, সহজ করা, লাঘব করা, শান্ত করা, প্রশমিত করা, পাতলা করা

خَفَقَ [ن][ض] (خَفْقٌ ، خَفَقَانٌ ، خُفُوقٌ) [খাফাক্বা] কাঁপা, স্পন্দিত হওয়া, আন্দোলিত হওয়া, (পতাকা) পতপত করা, (পাখি) ডানা ঝাপ-টানো, (বিদ্যুৎ) চমকানো, ঝলকে ওঠা, (ডিম) ফ্যাটানো, (তারকা) অস্ত যাওয়া

خَفَقَانٌ [خفق] [খাফাক্বান] আন্দোলন, স্পন্দন, কম্পন, হৃৎকম্প

خَفَقَانُ الْقَلْبِ [খাফাক্বানুল ক্বাল্ব] হৃদপিণ্ডের স্পন্দন, হৃৎকম্প

خَفْقَةٌ ج خَفَقَاتٌ [খাফাক্বাহ্] স্পন্দন, হৃদস্পন্দন, কম্পন, আন্দোলন, খটখট শব্দ

خَفَقَاتُ الْقَلْبِ [খাফাক্বাতুল ক্বাল্ব] হৃৎপিণ্ডের স্পন্দন, হৃদ্‌স্পন্দন

خَفَى [ض] (خَفْيٌ ، خُفِيٌّ) [খাফা] গোপন করা,

লুকানো, লুকিয়ে রাখা, প্রকাশ করা

خَفِيَ [س] (خَفَاء ، خُفْيَة) [খাফিয়া] গুপ্ত থাকা, সুপ্ত থাকা, লুক্কায়িত থাকা, লুকিয়ে থাকা, গোপন থাকা

خَفَّى (تَخْفِيَة) [خفف] [খাফ্‌ফা] গোপন করা, লুকানো, লুকিয়ে রাখা

خَفِيّ [خفي] [খাফী] লুক্কায়িত, গুপ্ত, সুপ্ত, নিগূঢ়, অন্তর্নিহিত, অস্পষ্ট

خَفِيت [خفت] [খাফীত] নীরব, দুর্বল, ক্ষীণ, নিচু

خَفِيَّة ج خَفَايَا [خفي] [খাফিয়্যাহ] গোপন বস্তু, গোপন কথা, রহস্য

خُفْيَة [খুফইয়াহ] গোপনীয়তা, গোপনতা

خُفْيَةً ، خِفْيَةً [খুফইয়াতান] গোপনে, চুপিসারে, অজ্ঞাতসারে

خَفِير ج خُفَرَاء [خفر] [খাফীর] প্রহরী, পাহারা-দার, টহলদার, চৌকিদার

خَفِيض [خفض] [খাফীদ] নিচু, নীচু, নিম্ন, স্বচ্ছন্দ, স্বাচ্ছন্দ্যময়

خَفِيف [خفف] [খাফীফ] হালকা, সহজ, অল্প, মৃদু, লঘু, আলতো, গুরুত্বহীন

خَفِيف ج خِفَاف ، أَخِفَّاء [খাফীফ] চঞ্চল, ক্ষিপ্র, ছুটন্ত

الخَفِيف [আল-খাফীফ] আরবী কবিতার একটি ছন্দের নাম

خَلّ [খাল্] সিরকাঃ একপ্রকার অম্লস্বাদ পানীয়

خَلَّ [ن] (خَلّ) [খাল্লা] ছিদ্র করা, ফুটা করা, বিদ্ধ করা, (দাঁত) খিলাল করা

خِلّ ، خُلّ ج أَخْلَال [খিল্, খুল্] বন্ধু, অন্তরঙ্গ বন্ধু, সুহৃদ

خَلَا [খালা] ব্যতীত, ছাড়া, বিনা, বিনে, বাদে

خَلَا [ن] (خُلُوّ) [خلو] [খালা] খালি হওয়া, শূন্য হওয়া, মুক্ত হওয়া, (মন) প্রশান্ত হওয়া, নিশ্চিন্ত হওয়া, চলে যাওয়া, অতিক্রান্ত হওয়া

خَلَا لِ [-- লি] মনোযোগ দেওয়া, মনোযোগী হওয়া, একাগ্র হওয়া, নিবেদিত হওয়া

خَلَا (خَلْوَة) [খালা] একাকী হওয়া, একাকী মিলিত হওয়া, একান্তে মিলিত হওয়া

خَلَاء [خلو] [খালা'] শূন্যতা, নির্জনতা, ফাঁকা জায়গা, খোলা জায়গা, টয়লেট

بَيْت الخَلَاء [বাইতুল খালা'] টয়লেট, পায়খানা, শৌচাগার

خَلَائِق [خلق] [খালা'ইক] সৃষ্টিকুল, সৃষ্টিজগৎ

خَلَّاب [خلب] [খাল্লাব] প্রতারণাপূর্ণ, ছলনাময়, মুগ্ধকর, আকর্ষক

خِلَابَة [خلب] [খিলাবাহ] আকর্ষণ, প্রলোভন, প্রতারণা, ছলনা

خَلَاص [خلص] [খালাছ] নিষ্কৃতি, রক্ষা, উদ্ধার, মুক্তি, অব্যাহতি, রেহাই, পরিত্রাণ, সমাপ্তি, শেষ

خُلَاصَة ج خُلَاصَات [خلص] [খুলাছাহ] সারাংশ, সারমর্ম, সারকথা, বস্তুসংক্ষেপ, সারসংক্ষেপ

خَلَّاط ، خَلَّاطَة [خلط] [খাল্লাত, খাল্লাতাহ] মিশানোর যন্ত্র, মিশ্রণযন্ত্র, blender

خَلَاعَة [خلع] [খালা'আহ] ইন্দ্রিয়পরায়ণতা, চরিত্রহীনতা, লাম্পট্য, অশ্লীলতা, অনৈতিকতা

خَلَاعِيّ [খালা'ঈ] ন্যাক্কারজনক, অনৈতিক, অশ্লীল

خِلَاف [خلف] [খিলাফ] বিপরীত, উল্টো, ভিন্ন, অন্য, খেলাফ

خِلَاف ج خِلَافَات [خلف] [খিলাফ] মতভেদ, বিরোধ, বিবাদ, বিতর্ক, অমিল, পার্থক্য

خِلَافَ ، بِخِلَافِ [খিলাফা, বি-খিলাফি] ছাড়াও, ব্যতীত, বিপরীতে, ভিন্নভাবে

خِلَافَة [خلف] [খিলাফাহ] প্রতিনিধিত্ব, খেলাফত, উত্তরাধিকার

خِلَافِيّ [খিলাফী] মতভেদ আছে এমন, বিতর্কিত, বিতর্কযোগ্য

خَلَاق [خلق] [খালাক] অংশ, ভাগ, অংশীদারিত্ব

خَلَّاق [خلق] [খাল্লাক] সৃষ্টিকর্তা, স্রষ্টা, আবিষ্কর্তা

الخَلَّاق [আল-খাল্লাক] মহাস্রষ্টাঃ আল্লাহ

رَمِيمٌ ج رِمَامٌ ، أَرِمَّةٌ [رمم] [রমীম] জীর্ণ অস্থি, ক্ষয়প্রাপ্ত হাড়

رَنَّ [ض] (رَنِينٌ) [রন্না] বাজা, অনুরণিত হওয়া, শব্দ করা, ক্রন্দন করা, কাঁদা, বিলাপ করা

رَنَا [রনা] দৃষ্টিনন্দন বস্তু, সুন্দর জিনিস, সৌন্দর্য

رَنَا [ن] (رَنًا ، رُنُوٌّ) [رنو] إِلَى ، لِـ [রনা] দৃষ্টি দেওয়া, তাকানো, অপলক দৃষ্টিতে তাকানো, তাকিয়ে থাকা, চেয়ে থাকা, মনোযোগ দেওয়া

رَنَا عَنْ [-- 'আন] মনোযোগ না দেওয়া, খেয়াল না করা, ভ্রূক্ষেপ না করা, উপেক্ষা করা

رَنَاءٌ [رنو] [রনা'] সৌন্দর্য, রূপ

رَنَّاءٌ [رنو] [রন্না'] অধিক তাকিয়ে থাকে এমন, সুন্দর দৃশ্যের প্রতি তাকিয়ে থাকে এমন, নারীদের প্রতি তাকিয়ে থাকে এমন

رُنَاءٌ ج أَرْنِيَةٌ [رنو] [রুনা'] সুন্দর স্বর, সুর, গান

رَنَّانٌ [رنن] [রন্নান] বাজে বা শব্দ করে এমন, ধ্বনিযুক্ত, সশব্দ, প্রতিধ্বনিপূর্ণ, অনুরণিত

رَنَّانَةٌ ج رَنَّانَاتٌ [رنن] [রন্নানাহ] ঘণ্টা বাজানোর কাঁটা বা দণ্ড, tuning fork

رَنَةٌ [রনাহ] বলগা হরিণ

رَنَّةٌ [رنن] [রন্নাহ] ধ্বনি, শব্দ, প্রতিধ্বনি, টঙ্কার-ধ্বনি, অনুরণন, ক্রন্দন, বিলাপ

رَنْحٌ [রন্হ] ঘুরানি, ঘূর্ণিরোগ, মাথাঘোরা

رَنَّحَ (تَرْنِيحٌ) [رنح] [রন্নাহা] নোয়ানো, টলানো, ঝুলানো, দোলানো, দুর্বল করা

رُنِّحَ [رنح] [রুন্নিহা] দুর্বল হওয়া, নরম হওয়া, নুয়ে পড়া

رُنِّحَ عَلَى [-- 'আলা] সংজ্ঞা হারানো, অচেতন হয়ে পড়া

رَنْدٌ [রন্দ] একজাতীয় চিরহরিৎ গুল্ম, laurel

رِنْغِيت [রিন্‌গীত] রিংগিতঃ মালয়েশিয়ার মুদ্রা

رَنْقٌ [রন্ক] কর্দমাক্ততা, পঙ্কিলতা, কর্দমাক্ত, পঙ্কিল, ঘোলা (পানি), মিথ্যা

رَنَقٌ [রনাক] কর্দমাক্ততা, পঙ্কিলতা, কর্দমাক্ত, পঙ্কিল, ঘোলা (পানি)

رَنَقَ [ن] (رَنْقٌ ، رُنُوقٌ) [রনাকা] (পানি) ঘোলা হওয়া, কর্দমাক্ত হওয়া, পঙ্কিল হওয়া

رَنِقٌ [রনিক] ঘোলা, কর্দমাক্ত, পঙ্কিল (পানি)

رَنِقَ [س] (رَنَقٌ) [রনিকা] (পানি) ঘোলা হওয়া, কর্দমাক্ত হওয়া, পঙ্কিল হওয়া

رَنَّقَ (تَرْنِيقٌ) [رنق] [রন্নাকা] (পানি) কর্দমাক্ত করা, ঘোলা করা, (পাখি) ডানা ঝাপটানো, ডানা ভেঙ্গে নিচে পড়া, (চোখে ঘুম) ছেয়ে আসা, (ঘুম, ক্ষুধা, ক্লান্তি ইত্যাদিতে চোখ) ভেঙ্গে আসা, (সূর্য) অস্তগামী হওয়া, (দৃষ্টি) দীর্ঘায়িত করা, মৃত্যু ঘনিয়ে আসা, দুর্বল হওয়া, নিস্তেজ হওয়া, চলতে না পারা, হতবুদ্ধি হওয়া, অবস্থান করা

رَنْقَاء ج رَنْقَاوَات [রন্‌কা'] ডিমে তা দিচ্ছে এমন (মুরগী), গাছপালা জন্মায় না এমন (ভূমি)

رَنْقَة ج رَنَائِق [রন্‌কাহ] ঘোলা পানি, কর্দমাক্ত পানি

رَنْكَة [রন্‌কাহ] একজাতীয় সুস্বাদু সামুদ্রিক মাছ, হেরিং মাছ (herring)

رَنَم [রনাম] সুর, সুরেলা আওয়াজ, ঘন্টাধ্বনি

رَنِمَ [س] (رَنَم) [রনিমা] গান করা, সুর দেওয়া, সুর করে গাওয়া, সুরেলা হওয়া

رَنَّمَ (تَرْنِيم) [رنم] [রন্নামা] গান করা, সুর করে গাওয়া, সুর দেওয়া

رُنُم [রুনুম] সুগায়িকাবৃন্দ, সুন্দরী তরুণীগণ

رَنَّنَ (تَرْنِين) [رنن] [রন্নানা] বাজানো, (ধনুকে) টঙ্কারধ্বনি করানো, শব্দ করানো, ক্রন্দন করা

رَنَّى (تَرْنِيَة) [رنو] [রন্না] আনন্দ দেওয়া, আকৃষ্ট করা, মুগ্ধ করা, বিমোহিত করা, দৃষ্টি ফেরাতে না দেওয়া, গান গাওয়া

رَنِين [رنن] [রনীন] অনুরণন, শব্দ, টঙ্কারধ্বনি, প্রতিধ্বনি, ক্রন্দন, বিলাপ

رَهَا [ن] (رَهْو) [رهو] [রহা] আস্তে আস্তে চলা, ধীরে চলা, শান্তভাবে চলা, (ঘোড়া) কদমে চলা, কোমল হওয়া, (সমুদ্র) শান্ত থাকা, (পাখি) ডানা ছড়িয়ে দেওয়া, (দুই পা) ফাঁক করা

رَهَاء [رهو] [রহা'] প্রশস্ত জায়গা, সমান জিনিস

رُهَاب [رهب] [রুহাব] ভয়, ভীতি, আতঙ্ক, ভয়-বিকার, অসুস্থ আতঙ্ক

رُهَابِيّ [রুহাবী] ভয়জনিত, ভীতিমূলক, আতঙ্ক-সূচক

رَهَافَة [رهف] [রহাফাহ] পাতলা গড়ন, কৃশতা, সূক্ষ্মতা, তীক্ষ্ণতা

رِهَاق ، رُهَاق [রিহাক, রুহাক] পরিমাণ, সংখ্যা

رِهَان [رهن] [রিহান] বাজি, পণ

رَهِبَ [س] (رَهْب ، رَهَب) [রহিবা] ভয় করা, ভয় পাওয়া, ভীত হওয়া, আতঙ্কিত হওয়া

رَهَّبَ (تَرْهِيب) [رهب] [রহ্‌হাবা] ভয় দেখানো, ভীতি প্রদর্শন করা

رَهْبَاء [رهب] [রহবা'] ভয়, ভীতি, শঙ্কা, আতঙ্ক, ডর, সন্ত্রাস

رَهْبَان ج رَهَابِين ، رَهَابِنَة [رهب] [রহবান] অধিক ভয় পায় এমন, ভীত

رُهْبَان ج رَهَابِين [رهب] [রুহবান] সন্ন্যাসী, পাদ্রী

رَهْبَانِيّ ، رُهْبَانِيّ [رهب] [রহবানী, রুহবানী] সন্ন্যাসী, সন্ন্যাসবাদী

رَهْبَانِيَّة ، رُهْبَانِيَّة [رهب] [রহবানিয়্যাহ, রুহবানিয়্যাহ] সন্ন্যাসবাদ, সন্ন্যাসধর্ম, বৈরাগ্য

رَهْبَة [রহবাহ] ভয়, ভীতি, শঙ্কা, ডর, আতঙ্ক, সন্ত্রাস

رَهْبَنَة [رهب] [রহবানাহ] সন্ন্যাসবাদ, সন্ন্যাস-ধর্ম, বৈরাগ্য

رَهَبُوت [رهب] [রহাবূত] ভয়, ভীতি, শঙ্কা, ডর, আতঙ্ক, সন্ত্রাস

رَهْبَى ، رُهْبَى [رهب] [রহবা, রুহবা] ভয়, ডর, ভীতি, শঙ্কা, আতঙ্ক, সন্ত্রাস

رَهْج ، رَهَج [রহ্‌জ, রহাজ] ধূলি, ধুলো, দাঙ্গা, বিশৃংখলা, গোলযোগ, বৃষ্টিহীন মেঘ

رَهَسَ [ف] (رَهْس) [রহাসা] মাড়িয়ে যাওয়া, পদ-দলিত করা

رَهْط ، رَهَط ج أَرْهَاط ، أَرْهُط [রহ্‌ত, রহাত] দল, গ্রুপ, গোষ্ঠী, গোত্র, ব্যক্তি, ভ্রাতৃত্ব

رَهَطَ [ف] (رَهْط) [রহাতা] লোলুপভাবে খাওয়া, গোগ্রাসে গেলা, বড় বড় গ্রাসে খাওয়া

رَهَفَ [ف] (رَهْف) [রহাফা] পাতলা করা, সূক্ষ্ম করা, তীক্ষ্ণ করা, ধারালো করা, ধার দেওয়া

رَهُفَ [ك] (رَهَافَة) [রহুফা] পাতলা হওয়া, কৃশ হওয়া, সূক্ষ্ম হওয়া, তীক্ষ্ণ হওয়া, ধারালো হওয়া

رَهَق [রহাক] অন্যায়, পাপ, অপকর্ম, বাড়াবাড়ি, জুলুম, নির্যাতন, নির্বুদ্ধিতা, অজ্ঞতা, অবাধ্যতা

رَهِقَ [س] (رَهَق) [রহিকা] নির্বোধ হওয়া, বোকা হওয়া, অজ্ঞ হওয়া, বাড়াবাড়ি করা, অন্যায় করা, পাপ করা, মিথ্যা বলা, দ্রুত হওয়া, কাছে আসা, নিকটবর্তী হওয়া, আপতিত হওয়া, এসে পড়া, আচ্ছন্ন করা

رَهَّقَ (تَرْهِيق) [رهق] [রহ্‌হাকা] অন্যায়কারী বলা, অপকর্মের অপবাদ দেওয়া

رَهِل [রহিল] নরম, কোমল, থলথলে

رَهِلَ [س] (رَهَل) [রহিলা] নরম হওয়া, কোমল হওয়া, থলথলে হওয়া

رَهْن ج رِهَان، رُهُون [রহ্‌ন] বন্ধক, পণ, জামিন, জামানত

رَهْن بِـ [রহ্‌ন বি] নির্ভরশীল, অধীন

رَهْنَ [রহ্‌না] অধীনে, অনুযায়ী, তে, এ

رَهْنَ إِشَارَتِه [রহ্‌না ইশারতিহী] তার ইঙ্গিতে, তার নির্দেশে

رَهْنَ التَّحْقِيق [রহ্‌নাত তাহ্‌কীক] তদন্তাধীন

رَهَنَ [ف] (رَهْن) [রহানা] বন্ধক রাখা, অবস্থান করা, স্থায়ী হওয়া, স্থায়ী করা

رَهْنِيَّة [رهن] [রহ্‌নিয়্যাহ্] বন্ধক, পণ, জামানত

رَهْو [রহ্‌ও] নিশ্চলতা, স্থিরতা, শান্তভাব, নিশ্চল, স্থির, শান্ত, (ঘোড়ার) দুলকি চাল, মানুষের দল, পাতলা (কাপড়), প্রশস্ত (কূপ)

رَهْو ج رِهَاء [রহ্‌ও] সারস (পাখি), উঁচু জায়গা, নিচু জায়গা

رَهْوَان [رهو] [রহ্‌ওয়ান] দুলকি চালে চলে এমন ঘোড়া, নরম ভূমি, সমতলভূমি

رَهْوَة ج رِهَاء [رهو] [রহ্‌ওয়াহ্] উঁচু জায়গা, নিচু জায়গা, মানুষের দল

رَهِيب [رهب] [রহীব] ভীত, ভয়ানক, ভয়ঙ্কর, ভীতিজনক

رَهِيف [رهف] [রহীফ] পাতলা, ছিপছিপে, কৃশ, সূক্ষ্ম, তীক্ষ্ণ

رَهِيق [رهق] [রহীক] মদ, মদ্য, সুরা, শরাব

رَهِين [رهن] [রহীন] বন্ধকরূপে প্রদত্ত, পণবন্দী, জামিন, বন্দী, নির্ভরশীল, অধীন

رَهِينَة ج رَهَائِن [رهن] [রহীনাহ্] বন্ধক, গচ্ছিত বস্তু, পণ, পণবন্দী, জামিন

رَوّ [روي] [রও] উর্বরতা, পর্যাপ্ততা, প্রাচুর্য

رَوَاء [روي] [রওয়া'] তৃষ্ণা-নিবারক, মিষ্ট, মিঠা, টাটকা (পানি, পানীয়)

رِوَاء ج أَرْوِيَة [روي] [রিওয়া'] উটের পিঠে মাল-পত্র বাঁধার রশি

رُوَاء [روي] [রুওয়া'] সৌন্দর্য, কমনীয়তা, লাবণ্য

رِوَائِيّ [روي] [রিওয়া'ঈ] বর্ণনামূলক, গল্পরূপী, কাহিনীমূলক, উপন্যাস-সম্বন্ধীয়, ঔপন্যাসিক, কথাসাহিত্যিক

رَوَاج [روج] [রওয়াজ] রেওয়াজ, চল, প্রচলন, চাহিদা, গতি

رَوَاح [روح] [রওয়াহ্] গমন, প্রস্থান, সন্ধ্যায় গমন, সান্ধ্য ভ্রমণ, শান্তি, আরাম, বিশ্রাম

رَوَاسِب (رَاسِب) [رسب] [রওয়াসিব] পানি-বাহিত আবর্জনাদির তলানি, পলি

رَوَاسِي ، رَوَاسٍ [رسو] [রওয়াসী] অনড় পর্বত

رَوَاغ [روغ] [রওয়াগ] কৌশল, চাতুর্য, প্রতারণা, ছল, ধূর্ততা

رَوَّاغ [روغ] [রওওয়াগ] কৌশলবাজ, চতুর, ধূর্ত, প্রতারক, ধোঁকাবাজ

رِوَاق ، رُوَاق ج أَرْوِقَة [রিওয়াক, রুওয়াক] তাঁবু, পর্দা, উন্মুক্ত গ্যালারী, বারান্দা, করিডোর, দর-দালান, হলঘর

رِوَاقِيّ [রিওয়াকী] (গ্রীক দার্শনিক) জেনোর মতা-বলম্বী, জেনোবাদী, stoic

رِوَاقِيَّة [রিওয়াকিয়্যাহ্] (গ্রীক দার্শনিক) জেনোর মতবাদ, জেনোবাদ, stoicism

رُوَال [রুওয়াল] (মুখের) লালা, লাল

رَوَامِس [رمس] [রওয়ামিস] রাতে বের হয় এমন পাখি বা পশু, নিশাচর, ধুলা-আবর্জনা উড়িয়ে এনে নিদর্শনাদি ঢেকে দেয় এমন বাতাস

رُوَانْدَا [রুওয়ান্‌দা] রুয়ান্ডা (দেশ)

رِوَايَة ج رِوَايَات [روي] [রিওয়ায়াহ্] উপন্যাস, গল্প, কাহিনী, ঘটনা, বর্ণনা, রিপোর্ট, কথা-সাহিত্য

رِوَايَة بُولِيسِيَّة [রিওয়ায়াহ বূলীসিয়্যাহ্] পুলিশ রিপোর্ট, গোয়েন্দা কাহিনী

رِوَايَة تَارِيخِيَّة [রিওয়ায়াহ তারীখিয়্যাহ্] ঐতি-হাসিক উপন্যাস

رِوَايَة غَرَامِيَّة [রিওয়ায়াহ গারামিয়্যাহ্] রোমান্টিক উপন্যাস, প্রেম-কাহিনী

رِوَايَة قَصِيرَة [রিওয়ায়াহ কাসীরাহ্] ক্ষুদ্রাকার উপন্যাস, ছোট উপন্যাস, ছোটগল্প

رِوَايَة مُحْزِنَة [রিওয়ায়াহ মুহ্‌যিনাহ্] বিয়োগান্ত উপন্যাস, ট্রাজেডি

رِوَايَة مُضْحِكَة [রিওয়ায়াহ মুদ্‌হিকাহ্] কমেডিঃ

হাস্যরসাত্মক গল্প

رِوَايَة هَزْلِيَّة [রিওয়ায়াহ হায্লিয়্যাহ্] কমেডিঃ হাস্যরসাত্মক গল্প

رَوَّأَ (تَرْوِيئ ، تَرْوِئَة) [روأ] فِي [রাওওয়াআ] ভেবে চিন্তে দেখা

رَوْب [রাওব] (দুধ) ঘনীভূতকরণ, জমাটবদ্ধকরণ, ঘনীভূত দুধ, জমাটবদ্ধ দুধ, দই, ছানা

رَوَّبَ (تَرْوِيب) [روب] [রাওওয়াবা] (দুধ) ঘনীভূত করা, জমাটবদ্ধ করা, দই বা ছানায় পরিণত করা

رُوبَايَة [রূবায়াহ্] রুপিয়াঃ ইন্দোনেশিয়ার মুদ্রা

رَوْبَة [রাওবাহ্] (দইয়ের) দম্বল, সাজা, দধিবীজ, অবশিষ্ট দুধ

رُوبَة [রূবাহ্] (দইয়ের) দম্বল, সাজা, দধিবীজ, অভাব, দারিদ্র, মাংসের টুকরা, রাতের অংশ

رَوْبَصَة [রাওবাছাহ্] নিদ্রাবস্থায় বিচরণ, ঘুমের ঘোরে ভ্রমণ, স্বপ্নে ভ্রমণ, স্বপ্নচারিতা

رُوبِل [রূবিল] রূব্লঃ রাশিয়ার মুদ্রা

رُوبِيَان [রূবিয়ান] চিংড়িমাছ, বাগদা চিংড়ি, গলদা চিংড়ি

رُوبِيَّة [রূবিয়্যাহ্] রুপীঃ পাকিস্তান ও ভারতের মুদ্রা

رَوْتَشَ (رَوْتَشَة) [রাওতাশা] (উৎকর্ষসাধনের জন্য) একটুআধটু রদবদল করা, অল্পসল্প পরিবর্তন করা

رُوتِين [রূতীন] রুটিন (routine)

رَوْث ج أَرْوَاث [রাওছ] পশুর পায়খানা, পশুমল

رَوَّجَ (تَرْوِيج) [روج] [রাওওয়াজা] চালু করা, প্রচলিত করা, গতিময় করা, দ্রুত করা, (কথা) সাজিয়ে বলা, মর্ম অস্পষ্ট রাখা

رَوْجَة [রাওজাহ্] দ্রুততা, গতিময়তা

رَوْح [রাওহ] আরাম, শান্তি, বিশ্রাম, আনন্দ, দয়া, অনুগ্রহ, ন্যায়বিচার, সাহায্য, পবিত্র

رَوَح [রাওয়াহ্] প্রশস্ততা, প্রসার, বিস্তৃতি, ফাঁক

رَوِحَ [س] (رَوَح) [রবিহা] প্রশস্ত হওয়া, চওড়া হওয়া, বিস্তৃত হওয়া

رَوَّحَ (تَرْوِيح) [روح] [রাওওয়াহা] প্রফুল্ল করা, বিনোদনের ব্যবস্থা করা, আরাম দেওয়া, বিশ্রাম দেওয়া, বাতাস দেওয়া, বাতাস করা, সন্ধ্যায় গমন করা, (পশুকে) সন্ধ্যায় বাসস্থানে ফিরিয়ে নেওয়া, তারাবীহ নামায পড়ানো, (তৈল) সুবাসিত করা, নষ্ট করা, বের করে দেওয়া, অকালে প্রসব করা

رُوح ج أَرْوَاح [রূহ] রূহ, রূহু, প্রাণ, জান, আত্মা, জীবন, প্রাণশক্তি, প্রেরণা, ওহী, নির্যাস, সারাংশ

الرُّوح [আর-রূহ] মহান আত্মা, পবিত্র আত্মাঃ জিবরাঈল (আ)-এর উপাধি

الرُّوح الأَعْظَم [আর-রূহুল আ'যম] সর্বোচ্চ আত্মাঃ আল্লাহ

الرُّوح الأَمِين [আর-রূহুল আমীন] বিশ্বস্ত আত্মাঃ জিবরাঈল (আ)-এর উপাধি

رُوح شِرِّيرَة [রূহ শিররীরাহ্] দুষ্ট আত্মা, খারাপ আত্মা

رُوح القُدُس [রূহুল কুদুস] পবিত্র আত্মাঃ জিবরাঈল (আ)-এর উপাধি

رُوح مَعْنَوِيَّة [রূহ মা'নাবিয়্যাহ্] মনোবল, প্রাণশক্তি

رُوحَانِيّ [روح] [রূহানী] আত্মিক, আধ্যাত্মিক, রূহানী

رُوحَانِيَّة ج رُوحَانِيَّات [روح] [রূহানিয়্যাহ্] আত্মিকতা, আধ্যাত্মিকতা, রূহানিয়াত

رُوحِيّ [রূহী] আত্মাসংক্রান্ত, আত্মিক, আধ্যাত্মিক, প্রাণশক্তিমূলক

رُوحِيَّة [روح] [রূহিয়্যাহ্] আত্মিকতা, আত্মিকবাদ, আধ্যাত্মিকতা, অধ্যাত্মবাদ

رَوْد [রাওদ] তালাশ, অনুসন্ধান, পথ প্রবর্তন, কোমল (বাতাস)

رَوَّدَ (تَرْوِيد) [رود] [রাওওয়াদা] তালাশ করানো, অন্বেষণ করতে পাঠানো, সামনে পাঠানো

رَوْز [রাওয] পরীক্ষা, যাচাই, পরখ, বিশ্লেষণ, ওজন

رُوزْنَامَة [রোয্নামাহ্] রোজনামা, রোজনামচা, দিনলিপি, দিনপঞ্জিকা, ক্যালেণ্ডার

رُوسِيَا [রূসিয়া] রাশিয়া (দেশ)

رُوسْتُو [রোস্তো] রোস্ট, ঝলসানো গোশত

رَوْسَم ج رَوَاسِم [رسم] [রাওসাম] খোদাই-করা

পাত, লেখার ছাপযুক্ত পাত, মুদ্রণপ্লেট (printing plate)

الرُّوس [আর-রূস] রুশ জাতি, রাশিয়ার মানুষ

رَوْسَب [রাওসাব] দুর্যোগ, বিপদ

رَوْسَم ج رَوَاسِم [رسم] [রাওসাম] দুর্যোগ, বিপদ, ছাপ, চিহ্ন

رُوسِيّ [রূসী] রুশ, রাশিয়ান, রাশিয়ার

الرُّوسِيَّة [আর-রূসিয়্যাহ] রুশ ভাষা

رَوْشَن ج رَوَاشِن [رشن] [রাওশান] আলো আসার জন্য ছাদে বা দেয়ালে তৈরী ছোট জানালা, আলো প্রবেশের ফাঁক বা ছিদ্র

رَوْض ج رِيَاض ، رِيضَان [রাওদ] বাগান, বাগ, উদ্যান, কানন, বাগিচা, তৃণভূমি, তৃণক্ষেত্র

رَوَّضَ (تَرْوِيض) [روض] [রাওওয়াদা] পোষা, পোষ মানানো, প্রশিক্ষণ দেওয়া, অভ্যস্ত করা, (নদী) শাসন করা

رَوْضَة ج رَوْضَات ، رِيَاض [রাওদাহ] বাগান, বাগ, বাগিচা, তৃণভূমি, তৃণক্ষেত্র, রওযা, সমাধি, কবর

رَوْضَة الأَطْفَال [রাওদতুল আত্‌ফাল] নার্সারি স্কুল, শিশু শিক্ষালয়, কিন্ডারগার্টেন

رَوْع [রাও'] ভয়, ভীতি, শঙ্কা, ডর, আতঙ্ক, যুদ্ধ

رَوَع [রাওয়া'] সৌন্দর্য, শোভা

رَوِعَ [س] (رَوَع) [রবি'আ] মেধাবী হওয়া, ধীমান হওয়া, বুদ্ধিমান হওয়া, বিচক্ষণ হওয়া

رَوَّعَ (تَرْوِيع) [روع] [রাওওয়া'আ] ভয় দেখানো, ভীতিপ্রদর্শন করা, ভীত করা, মুগ্ধ করা

رُوع [রূ'] অন্তর, হৃদয়, মন, আত্মা, বুদ্ধি

رَوْعَة [রাও'আহ] ভয়, ভীতি, শঙ্কা, চমৎকারিত্ব, সৌন্দর্য, কমনীয়তা, আকর্ষণ, বিস্ময়

رَوَّغَ (تَرْوِيغ) [روغ] [রাওওয়াগা] (খাদ্যে) তেল দেওয়া

رَوَغَان [রাওয়াগান] কৌশলে পথ পরিবর্তন, ছল, চাতুরি, প্রতারণা, ধোঁকা

رَوْق ج أَرْوَاق [রাওক] তাঁবু, পর্দা, শিং, দল, ভাগ, অংশ, (যৌবনের) প্রারম্ভ, (রাতের) সূচনা, বারান্দা, করিডোর, দরদালান, গ্যালারি, হলঘর, নির্ভীক মানুষ, বীরপুরুষ, নেতা, মানুষের দেহ, সুন্দর ঘোড়া, বৃষ্টি, জীবন, খাঁটি প্রেম, বিশুদ্ধ পানি

رَوَّقَ (تَرْوِيق) [روق] [রাওওয়াকা] পরিষ্কার করা, পরিস্রুত করা, শোধন করা, পরিশোধন করা, স্বচ্ছ করা, সুস্থ হয়ে ওঠা, (ঘরে) বারান্দা দেওয়া, (রাত) অন্ধকার হওয়া

رَوْقَة [রাওকাহ] অপরূপ সৌন্দর্য

رُوقَة [রূকাহ] অপরূপ সুন্দর, সেরা মানুষ

رَوْم [রাওম] ইচ্ছা, কামনা, বাসনা, প্রত্যাশা, আগ্রহ, উদ্দেশ্য, কানের লতি

رَوَّمَ (تَرْوِيم) [روم] بِ [রাওওয়ামা] ইচ্ছুক করা, আগ্রহী করা, প্রত্যাশী করা, অবস্থান করা, থামা

الرُّوم [আর-রূম] রোমান, গ্রীক (জাতি), রোম (সাম্রাজ্য), সূরা আর-রূমঃ পবিত্র কোরআনের ৩০তম সূরা

الرُّوم الكَاثُولِيك [আর-রূম আল-কাছোলীক] রোমান ক্যাথলিক

رُومَا [রূমা] রোম (নগরী)ঃ ইটালির রাজধানী

الرُّومَان [আর-রূমান] রোমান, গ্রীক (জাতি)

رُومَانْتِيكِيّ ، رُومَانْطِيقِيّ [রোমান্‌তীকী] রোমান্টিক (romantic)

رُومَانْتِيكِيَّة ، رُومَانْطِيقِيَّة [রোমান্‌তীকিয়্যাহ] রোমান্টিকতা, রোমান্টিসিজম (romanticism)

رُومَانِيّ [রূমানী] রোমান, রুমানীয়, রুমানিয়ার

رُومَانِيَا [রূমানিয়া] রুমানিয়া (দেশ)

رُومَة [রূমাহ] রোম (নগরী)ঃ ইটালির রাজধানী

رُومِيّ [রূমী] মোরগজাতীয় একপ্রকার গৃহপালিত পাখি, টার্কি

رُومِيّ ج أَرْوَام [রূমী] রোমান, গ্রীক

رُونَة [রূনাহ] প্রচণ্ডতা, বড় অংশ, প্রধান অংশ

رَوْنَق [رنق] [রাওনাক] উজ্জ্বলতা, শোভা, সৌন্দর্য, বাহার

رَوَى [ض] (رِوَايَة) [روي] [রাওয়া] বর্ণনা করা, উদ্ধৃত করা, রিপোর্ট করা, গল্প বলা

رَوَى (رَيّ) [روي] [রাওয়া] পানি দেওয়া, পান করতে দেওয়া, তৃষ্ণা নিবারণ করা, সিক্ত করা, সেচ দেওয়া

رَوِيّ [روي] [রবী] তৃষ্ণা-নিবারক, (কবিতায়)

অন্ত্যমিল-বর্ণ

رَوِيَ [س] (رَيٌّ ، رِيٌّ) [রবিয়া] পরিতৃপ্ত হওয়া, সিক্ত হওয়া, পানিসিঞ্চিত হওয়া

رَوَّى (تَرْوِيَةٌ) [روي] [রওওয়া] সিক্ত করা, পানি দেওয়া, তৃষ্ণা নিবারণ করা

رُوِيَ [রুবিয়া] বর্ণিত আছে, কথিত আছে

رَوِيَّةٌ [روي] [রবিয়্যাহ] সতর্কতা, ধীরতা, চিন্তা, ধ্যান, বিবেচনা

بِرَوِيَّةٍ ، عَنْ رَوِيَّةٍ [বি-রবিয়্যাহ, 'আন রবিয়্যাহ] সতর্কতার সাথে, ধীরস্থিরভাবে, চিন্তাভাবনা করে

رُوَيْدًا [রুওয়াইদান] আস্তে আস্তে, ধীরে ধীরে, শান্তভাবে, কিছুকালের জন্য

رُوَيْدَكَ [রুওয়াইদাকা] আস্তে! ধীরে! আস্তে আস্তে যাও! আস্তে আস্তে কর! ধীরে চল! ধীরে কর!

رُوَيْغَةٌ [روغ] [রুওয়াইগাহ] কৌশল, প্রতারণা, ছল, চাতুরি

رَيٌّ [روي] [রই] সেচ, সিঞ্চন, তৃষ্ণা নিবারণ

رِيٌّ [روي ، ريي] [রী] সেচ, সিঞ্চন, স্বচ্ছলতা, ভাল অবস্থা, সুন্দর দৃশ্য, সুন্দর আকৃতি

رَيَّا [روي] [রইয়া] সুগন্ধ, সুঘ্রাণ, সুরভি, সৌরভ

رِيَاءٌ [رأي] [রিয়া'] প্রদর্শন, আত্মপ্রদর্শন, ভান, কপটতা, মোনাফেকি, ভণ্ডামি

رِيَادَةٌ [رود] [রিয়াদাহ] অনুসন্ধান, তালাশ, পথ প্রবর্তন

رِيَاسَةٌ [رأس] [রিয়াসাহ] সভাপতিত্ব, নেতৃত্ব, কর্তৃত্ব, প্রেসিডেন্টের পদ

رَيَّاشٌ [ريش] [রইয়াশ] তীরে পালক লাগানোর কাজ করে এমন, তীরে পালক সংযোগকারী

رِيَاشٌ [রিয়াশ] আসবাবপত্র, শৌখিন পোশাক, জীবিকা, সম্পদ, সমৃদ্ধি, ভাল অবস্থা

الرِّيَاض [আর-রিয়াদ] রিয়াদ (নগরী)ঃ সৌদী আরবের রাজধানী

رِيَاضَةٌ ج رِيَاضَات [روض] [রিয়াদাহ] ব্যায়াম, খেলাধুলা, অনুশীলন, চর্চা, সাধনা, প্রশিক্ষণ, গণিতশাস্ত্র

رِيَاضِيٌّ [রিয়াদী] ক্রীড়াসংক্রান্ত, ক্রীড়া-বিষয়ক, গণিত-সম্বন্ধীয়, গাণিতিক; ক্রীড়াবিদ, গণিত-শাস্ত্রবিদ

الرِّيَاضِيَّات [روض] [আর-রিয়াদিয়্যাত] গণিত-শাস্ত্র, অঙ্কশাস্ত্র

رِيَال ج رِيَالَات [রিয়াল] রিয়ালঃ সৌদী আরবের মুদ্রা

رِيَال ، رِيَالَة [ريل] [রিয়াল, রিয়ালাহ] (মুখের) লালা, লাল

رَيَّانُ مث رَيَّا ج رِوَاء [روي] [রইয়ান] পরিতৃপ্ত, সুসিক্ত, উত্তমরূপে সিঞ্চিত, পরিপূর্ণ, ভরা, নরম, কোমল

رَيْب [রইব] সন্দেহ, সংশয়, অবিশ্বাস, অনুমান, ধারণা, অনিশ্চয়তা, প্রয়োজন, অভাব

رَيْب الْمَنُون [রইবুল মানূন] কালচক্র, জীবনের দুঃখকষ্ট, বিপদাপদ

رِيبَةٌ ج رِيَب [রীবাহ] সন্দেহ, সংশয়, অবিশ্বাস, মানসিক অস্থিরতা, উদ্বেগ

رَيْث [রইছ] সময়কাল, অবকাশ, পরিমাণ, দেরি, বিলম্ব, ধীরতা

رَيِّث [রইয়িছ] ধীর, বিলম্বিত

رَيْثَمَا [রইছামা] যতক্ষণ পর্যন্ত, যে সময়ে, যে পরিমাণ, যতটুকু

رَيِّح [ريح] [রইয়িহ] ভাল বাতাস আছে এমন, প্রবল বাতাসযুক্ত, ঝড়ো

رِيح ج رِيَاح [রীহ] বায়ু, বাতাস, হাওয়া, শ্বাস, পেটের গ্যাস, ক্ষমতা, ঘ্রাণ

رِيح مَوْسِمِيَّة [রীহ মাওসিমিয়্যাহ] মৌসুমী বায়ু

أَخْرَجَ رِيحًا [আখরজা রীহান] পেটের গ্যাস ছাড়া, পাদ দেওয়া

رَيْحَان ج رَيَاحِين [روح] [রইহান] সুগন্ধ গুল্ম, সুগন্ধ ফুল, পুদিনাজাতীয় একপ্রকার গুল্ম, দয়া, জীবিকা

رَيْحَانَة ج رَيْحَانَات [روح] [রইহানাহ] শস্য-ফুল, ভাল স্ত্রীলোক, উত্তম নারী

رِيحَةٌ [রীহাহ] ঘ্রাণ, গন্ধ, বাতাস, বায়ু

رَيَّسَ (تَرْيِيس) [رأس] [রইয়াছা] নেতা বানানো, নেতৃত্বে আসীন করা

رَيَّشَ (تَرْيِيش) [ريش] [রইয়াশা] পালকযুক্ত করা, পালক লাগানো, পালক গজানো

رَيِّف [ريف] [রাইয়িফ] উর্বর (জায়গা)

رِيف ج أَرْيَاف ، رُيُوف [রীফ] পল্লী এলাকা, গ্রাম, কৃষি-জমি, উর্বর ভূমি, উপকূল

رِيفِيّ [রীফী] গ্রামীণ, গ্রাম্য, গ্রামবাসী, গ্রামের লোক

رِيق ج أَرْيَاق ، رِيَاق [রীক] থুথু, থুতু, নিষ্ঠীবন, লালা, শেষ নিঃশ্বাস

عَلَى الرِيق [‘আলার রীক] কিছু না খেয়ে, খালি পেটে

رَيْم [রাইম] বৃদ্ধি, বাড়তি, টিলা, সমাধি, সন্ধ্যা, দীর্ঘকাল, শ্বেত হরিণ, ধাপ

رِيم ج آرَام [রীম] সাদা হরিণ, শ্বেত হরিণ, ফেনা, গাঁজলা

رَيْهُقَان [রাইহুক্বান] কুমকুম, জাফরান

رِيُودِي جَانِيرُو [রিউ দী জানীরো] রিও ডি জেনিরো (নগরী)

رِيش ج أَرْيَاش [রীশ] (পাখির) পালক, সম্পদ, প্রাচুর্য, সমৃদ্ধি, জীবিকা, আসবাবপত্র, পোশাক-পরিচ্ছদ, সাজসজ্জা

رِيشَة ج رِيشَات [রীশাহ] (পাখির) পালক, নিব, লেখনী, কলম, পেন্সিল, তুলি, পাখা

رِيشِيّ [রীশী] পালকের মত, পালকসদৃশ, তুল-তুলে

رَيْع [রাই‘] উৎকর্ষ, সূচনা, প্রারম্ভ, শ্রেষ্ঠাংশ

رَيْع ج رُيُوع [রাই‘] আয়, লাভ, মুনাফা, ফল, ফসল, উঁচু স্থান, টিলা, পথ, রাস্তা

رَيَّعَ (تَرْيِيع) [ريع] [রাইয়া‘আ] বাড়ানো, বৃদ্ধি করা, বৃদ্ধি পাওয়া

رِيع ج رُيُوع ، أَرْيَاع [রী‘] উঁচু স্থান, টিলা, মঠ, কবুতরের খোপ, পথ, রাস্তা

رَيْعَان [রাই‘আন] উৎকর্ষ, সূচনা, প্রারম্ভ, সেরা অংশ, শ্রেষ্ঠাংশ

ز

ز [যা'] যাঃ আরবী বর্ণমালার ১১শ হরফ

زَاء [যা'] যা'ঃ ز বর্ণের নাম

زَائِد [زيد] [যা'ইদ] অতিরিক্ত, উদ্বৃত্ত, অধিক, বেশী, বর্ধনশীল

زَائِدَة ج زَوَائِد [زيد] [যা'ইদাহ] অতিরিক্ত বস্তু, বাড়তি জিনিস, বর্ধিত অংশ

زَائِدَة أَنْفِيَّة [যা'ইদাহ আন্ফিয়্যাহ] নাকের পিছন দিকে গলার কাছে একপ্রকার নরম মাংসখণ্ড, গলরসগ্রন্থি, adenoids

زَائِدَة دُودِيَّة [যা'ইদাহ দুদিয়্যাহ] উদগত উপাঙ্গ-বিশেষ, উপান্ত্র, appendix

اِلْتِهَاب الزَّائِدَة الدُّودِيَّة [ইল্‌তিহাবুয যা'ইদাহ আদ-দুদিয়্যাহ] উপান্ত্রের প্রদাহ, অ্যাপেনডি-সাইটিস (appendicitis)

زَائِر [زأر] [যা'ইর] গর্জনকারী (সিংহ)

زَائِر ج زُوَّار ، زُوَّر ، زَائِرُون [زور] [যা'ইর] সাক্ষাতের উদ্দেশ্যে আগমনকারী, সাক্ষাৎকারী, আগন্তুক, পরিদর্শনকারী, যিয়ারতকারী, ভ্রমণ-কারী, অতিথি

زَائِغ [زيغ] [যা'ইগ] বিচ্যুত, ভ্রষ্ট, বক্র, বাঁকা

زَائِف [زيف] [যা'ইফ] জাল, নকল (মুদ্রা)

زَائِل [زول] [যা'ইল] ধ্বংসশীল, নশ্বর, অস্থায়ী, অনিত্য

زَائِير [যা'ঈর] জায়ের (দেশ)

زَابَنَ (مُزَابَنَة) [زبن] [যাবানা] ধাক্কা দেওয়া, ঠেলা দেওয়া

زَاتَ [ض] (زَيْت) [زيت] [যাতা] তেল দেওয়া, তেল লাগানো, তেল ভরা, তৈলাক্ত করা

زَاج [যাজ] সালফেট, vitriol (রাসায়নিক পদার্থ)

زَاج أَخْضَر [যাজ আখ্‌দর] আয়রন সালফেট, green vitriol

زَاج أَزْرَق [যাজ আয্‌রক] কপার সালফেট, তুঁতে, blue vitriol

زَيْت الزَّاج [যাইতুয যাজ] সালফেট-তেল, ঘনী-ভূত সালফিউরিক এসিড

زَاجَ [ن] (زَوْج) [زوج] بَيْنَ [যাজা] বিরোধ সৃষ্টি করা, বিরোধ লাগানো, ঝগড়া বাঁধানো

زَاجِر [زجر] [যাজির] ধমক দানকারী, তিরস্কার-কারী, বিরতকারী, বাধাদানকারী, বিতাড়ক, বাধা, বিবেক

زَاجِرَة ج زَوَاجِر [زجر] [যাজিরাহ] প্রতিবন্ধকতা, বাধা, সীমাবদ্ধতা, নিয়ন্ত্রণ-ব্যবস্থা

زَاحَ [ن] (زَوْح) [زوح] عَنْ [যাহা] দূরে যাওয়া, দূর হওয়া, চলে যাওয়া, সরে যাওয়া

زَاحَ [ض] (زَيْح ، زُيُوح) [زيح] عَنْ [যাহা] দূর হওয়া, দূরে যাওয়া, চলে যাওয়া, সরে যাওয়া

زَاحِف [زحف] [যাহিফ] হামাগুড়ি দিয়ে চলে এমন, হামাগুড়িরত, লতানো (উদ্ভিদ)

زَاحِف ، زَاحِفَة ج زَوَاحِف [زحف] [যাহিফ, যাহিফাহ] বুকে ভর দিয়ে চলে এমন প্রাণী, সরীসৃপ

زَاحَمَ (مُزَاحَمَة ، زِحَام) [زحم] [যাহামা] চাপা-চাপি করা, ঠাসাঠাসি করা, ঠেলাঠেলি করা, ধাক্কা দেওয়া, প্রতিযোগিতা করা, কাছাকাছি আসা, ভিড় করা

زَاخِر [زخر] [যাখির] স্ফীত, উদার, বদান্য, পূর্ণ, পরিপূর্ণ, কানায় কানায় পূর্ণ

زَاد ج أَزْوَاد ، أَزْوِدَة [زود] [যাদ] পাথেয়, সম্ভার, খাদ্যসম্ভার, সঞ্চয়, সরবরাহ

زَادَ [ن] (زَوْد) [زود] [যাদা] পাথেয় যোগাড় করা, পাথেয় লওয়া

زَادَ [ض] (زِيَادَة) [زيد] عَلَى ، عَنْ [যাদা] বৃদ্ধি করা, বাড়ানো, বৃদ্ধি পাওয়া, অধিক হওয়া

زَارَ [ن] (زِيَارَة) [زور] [যারা] পরিদর্শন করা, সাক্ষাৎ করা, যিয়ারত করা, ভ্রমণ করা

زَارَعَ (مُزَارَعَة) [زرع] [যার'আ] (জমিতে) বীজ বপন করা, চারা রোপণ করা, কৃষি করা, চাষা-বাদ করা, ফসলের ভাগে জমি চাষ করতে দেওয়া, বরগা দেওয়া

زَارِع ج زُرَّاع [زرع] [যারি'] রোপণকারী, বপনকারী, স্থাপনকারী, চাষাবাদকারী, চাষী, কৃষক

زَارِعَة الأَنْغَام [যারি'আতুল আন্‌গাম] মাইন পাতার জাহাজ বা বিমান

زَاعِم [زعم] [যা'ইম] ধারণাকারী, দাবিদার, ভানকারী

زَاغ ج زِيغَان [যাগ] কাক, ছোট কাক, দাঁড়কাক

زَاغَ [ن] (زَوْغ ، زَوَغَان) [زوغ] [যাগা] লক্ষ্যচ্যুত হওয়া, বিচ্যুত হওয়া, সরে যাওয়া, (দৃষ্টি) স্থির না থাকা, নুয়ে পড়া, (উটকে) লাগাম ধরে টানা

زَاغَ [ض] (زَيْغ ، زَيَغَان) [زيغ] عَنْ [যাগা] ভ্রষ্ট হওয়া, বিচ্যুত হওয়া, বক্র হওয়া, সরে যাওয়া, (সূর্য) অস্তগামী হওয়া, (দৃষ্টি) নিস্তেজ হয়ে আসা

زَافَ [ض] (زَيْف ، زُيُوف) [زيف] [যাফা] (মুদ্রা) জাল হওয়া, নকল হওয়া, জাল বলে গণ্য করা

زَافِرَة ج زَوَافِر [زفر] [যাফিরাহ] স্কন্ধমূল ও তার নিম্নাংশ, পাঁজরের হাড়, দুর্যোগ, বিপদ, ধনুক, দল, বাহিনী, গোত্রীয় লোকজন, সমর্থকবৃন্দ, ভর, ঠেক, বড় উট, বড় নেতা

زَالَ [ن] (زَوْل ، زَوَال ، زُؤُول) [زول] [যালা] দূর হওয়া, বিলুপ্ত হওয়া, বিলীন হওয়া, মিটমিট করে জ্বলা, (সূর্য) হেলে পড়া, চলে পড়া

زَالَ [س] (زَيْل) [زيل] [যালা] আলাদা হওয়া, পৃথক হওয়া, ক্ষান্ত হওয়া, নিরস্ত হওয়া, উধাও হওয়া, শেষ হওয়া

مَا زَالَ ، لَا زَالَ [মা যালা, লা যালা] অব্যাহত থাকা, চলতে থাকা, ক্ষান্ত না হওয়া, শেষ না হওয়া

زَامْبِيَا [যাম্‌বিয়া] জাম্বিয়াঃ আফ্রিকার একটি দেশ

زَامَلَ (مُزَامَلَة) [زمل] [যামালা] সহকর্মী হওয়া, সঙ্গী হওয়া, সহযাত্রী হওয়া

زَامَنَ (مُزَامَنَة ، زِمَان) [زمن] [যামানা] এক সময়ের হওয়া, সমকালীন হওয়া, সমসাময়িক হওয়া

زَامِن [زمن] [যামিন] কঠিন (সময়)

زَان [যান] লম্বা ও সোজা একপ্রকার গাছ ও তার কাঠ, beech

زَانَ [ض] (زَيْن) [زين] [যানা] সাজানো, সজ্জিত করা, সুন্দর করা

زَانَى (مُزَانَاة ، زِنَاء) [زني] [যানা] যেনা করা, ব্যভিচার করা, অবৈধ যৌনাচার করা

زَانِي ج زُنَاة [زني] [যানী] যেনাকারী, ব্যভিচারী, অবৈধ যৌনাচারী

زَانِيَة ج زَوَانِي [زني] [যানিয়াহ] যেনাকারিণী, ব্যভিচারিণী, অবৈধ যৌনাচারকারিণী

زَاهِد ج زُهَّد ، زُهَّاد [زهد] [যাহিদ] সংসারত্যাগী, সন্ন্যাসী, তাপস, দরবেশ, অনাগ্রহী, উদাসীন

زَاهِر [زهر] [যাহির] উজ্জ্বল, আলোকময়, পুষ্পিত, মুকুলিত

زَاهِق [زهق] [যাহিক] ধ্বংসশীল, মরণশীল, নশ্বর

زَاهِي ، زَاهٍ مث زَاهِيَة [زهو] [যাহী, যাহিন] উজ্জ্বল, সুন্দর, চমৎকার, সেরা

زَاوَجَ (مُزَاوَجَة ، زِوَاج) [زوج] [যাওয়াজা] মেলামেশা করা, মিলিত হওয়া, জোড়া গঠন করা, জোড়াবদ্ধ করা, মিলিত করা, দ্বিগুণ করা

زَاوَرَة ، زَاوِرَة [زور] [যাওয়ারাহ, যাবিরাহ] (পাখির) পাকস্থলি, পাকাশয়

زَاوَلَ (مُزَاوَلَة) [زول] [যাওয়ালা] লেগে থাকা, নিয়োজিত থাকা, রত হওয়া, অনুশীলন করা, চর্চা করা

زَاوُورَة [زور] [যাবূরাহ] (পাখির) পাকস্থলি

زَاوُوق [যাবূক] পারদ, পারা

زَاوِيّ [زوي] [যাবী] কোণ-বিষয়ক, কোণযুক্ত, কৌণিক, কোণী, কোণাচে

زَاوِيَة ج زَوَايَا [زوي] [যাবিয়াহ] কোণ, কোনা, প্রান্ত

زَاوِيَة خَارِجَة ، زَاوِيَة خَارِجِيَّة [যাবিয়াহ খারিজাহ, যাবিয়াহ খারিজিয়্যাহ] বাইরের কোণ

زَاوِيَة دَاخِلَة ، زَاوِيَة دَاخِلِيَّة [যাবিয়াহ দাখিলাহ, যাবিয়াহ দাখিলিয়্যাহ] ভিতরের কোণ

حَجَر الزَّاوِيَة [হাজারুয যাবিয়াহ] ভিত্তিপ্রস্তর

زَايَدَ (مُزَايَدَة) [زيد] [যায়াদা] অধিক মূল্য হাঁকা, নিলাম ডাকা, বাড়াবার প্রতিযোগিতা করা

زَايَلَ (مُزَايَلَة) [زيل] [যায়ালা] পৃথক হওয়া, ত্যাগ করা, ছেড়ে যাওয়া

زُؤَام [যুআম] হঠাৎ, আকস্মিক, সহিংস (মৃত্যু)

زُؤَان [যুআন] মুখমণ্ডলের কালোমাথা ব্রণবিশেষ, একপ্রকার উদ্ভিদ, darnel

زَأْبَرَ (زَأْبَرَة) [যা'বারা] (কাপড়ের) রোঁয়া বের করা, আঁশ বের করা, (কাপড়) রোঁয়াযুক্ত হওয়া, আঁশযুক্ত হওয়া

زِئْبَر [যি'বার] কাপড়ের রোঁয়া বা আঁশ

زَأْبَقَ (زَأْبَقَة) [যা'বাক্বা] পারদের প্রলেপ দেওয়া, পারদ লাগানো

زِئْبَق ، زِئْبِق [যি'বাক, যি'বিক] পারদ, পারা

زَأَرَ [ف] (زَئِير) [যাআরা] (সিংহ) গর্জন করা, হুঙ্কার ছাড়া

زَئِر [যা'ইর] গর্জনকারী, নিনাদী (সিংহ)

زَئِير [زأر] [যা'ঈর] (সিংহের) গর্জন, হুঙ্কার, নিনাদ

زَبَّاب [زبب] [যাব্বাব] কিশমিশ বিক্রেতা, কিশমিশওয়ালা

زَبَابَة [যাবাবাহ] ছুঁচোজাতীয় প্রাণী, shrew

زَبَاد [যাবাদ] খাটাশ, গন্ধগোকুল, খাটাশের দেহের গ্রন্থি থেকে তৈরী গন্ধদ্রব্য

زَبَّال [زبل] [যাব্বাল] মেথর, ঝাড়ুদার, সুইপার

زُبَال ، زِبَال [যুবাল, যিবাল] ক্ষুদ্র বস্তু, সামান্য পরিমাণ

زُبَالَة ، زِبَالَة [زبل] [যুবালাহ, যিবালাহ] ময়লা, আবর্জনা, জঞ্জাল

زُبَانَى ج زُبَانَيَات [زبن] [যুবানা] হুল, কাঁটা, শুঁড়, শুঙ্গ

زَبَانِيَة [زبن] [যাবানিয়াহ] পুলিশ, জাহান্নামীদের জাহান্নামে নিয়ে যাওয়ার দায়িত্বে নিয়োজিত ফেরেশতাবৃন্দ

زَبَد ج أَزْبَاد [যাবাদ] ফেনা, গাঁজলা, কাইট, গাদ, সর

زَبَدَ [ن] (زَبْد) [যাবাদা] (দুধের) মাখন তোলা

زَبَّدَ (تَزْبِيد) [زبد] [যাব্বাদা] (দুধের উপর) মাখন ওঠা, সর পড়া, ফেনা ওঠা

زُبْد ، زُبْدَة [যুব্দ, যুব্দাহ] মাখন, মাখম, ননী

زُبْدَة ج زُبَد [যুব্দাহ] শ্রেষ্ঠাংশ, সারাংশ, সার-কথা, মূলকথা

زَبَدِيّ [যাবাদী] ফেনাযুক্ত, ফেনায়িত, ফেনিল

زُبْدِيّ [যুব্দী] মাখন-সম্বন্ধীয়, মাখনের মত

زَبْدِيَّة ، زِبْدِيَّة ، زُبْدِيَّة ج زَبَادِيّ [যাব্দিয়্যাহ, যিব্দিয়্যাহ, যুব্দিয়্যাহ] গামলা, বাটি, সরা, সরা-জাতীয় পাত্র

زِبْر ج زُبُور [যিব্র] লিখিত বস্তু, বই, গ্রন্থ, বুদ্ধি

زُبْرَة ج زُبَر ، زُبُر [যুব্রাহ] খণ্ড, টুকরা, লোহার পাত, লৌহখণ্ড, কামারের নেহাই

زَبْرَجَ (زَبْرَجَة) [যাব্রজা] সুন্দর করা, সজ্জিত করা, অলংকৃত করা

زِبْرِج ج زَبَارِج [যিব্রিজ] সাজ, সজ্জা, ভূষণ, অলংকার, স্বর্ণ, সুন্দর বস্তু, সোনালী মেঘ

زَبَرْجَد [যাবারজাদ] গোমেদঃ পীতবর্ণ মণিবিশেষ

زَبْزَب ج زَبَازِب [যাব্যাব] গর্তবাসী একপ্রকার ছোট আকারের নিশাচর প্রাণী, ব্যাজার (badger)

زَبَلَ [ض] (زَبْل) [যাবালা] (জমিতে) সার দেওয়া

زَبَّلَ (تَزْبِيل) [زبل] [যাব্বালা] (জমিতে) সার দেওয়া

زِبْل ، زِبْلَة [যিব্ল, যিব্লাহ] পশুমল, সার

زَبَنَ [ض] (زَبْن) [যাবানা] ধাক্কা দেওয়া, ঠেলা দেওয়া, দূরে সরিয়ে দেওয়া, (উট) লাথি মারা, গাছে থাকা অবস্থায় (ফল) বিক্রি করা

زَبُور ج زُبُر [যাবূর] গ্রন্থ, পুস্তক, কিতাব, বই

الزَّبُور [আয-যাবূর] যাবূরঃ দাউদ (আ)-এর নিকট অবতীর্ণ আসমানী কিতাব

زَبُون [যাবূন] লাথি মারে এমন (উট), তীব্র, প্রচণ্ড (যুদ্ধ), বোকা

زَبُون ج زُبُن ، زَبَائِن [যাবূন] খরিদ্দার, খদ্দের, ক্রেতা, মক্কেল

زَبِيب [যাবীব] কিশমিশ, মনক্কা, সাপের বিষ

زَبِيبَة [যাবীবাহ] কিশমিশ, মনক্কা, হাতের ঘা, মুখের ফেনা

زُبْيَة ج زُبًى [যুব্ইয়াহ] হিংস্র প্রাণী শিকারের জন্য নির্মিত গর্ত, পানি উঠতে পারে না এমন উঁচু স্থান

زَبِيل ج زُبُل ، زُبْلَان [যাবীল] পশুমল, গোবর,

সার, ঝুড়ি, গাছের পাতার তৈরী ঝুড়ি, খেজুর পাতার ঝুড়ি, খড়ের তৈরী থলে

زِبِّيل ج زَبَابِيل [যিব্বীল] ঝুড়ি, গাছের পাতার তৈরী ঝুড়ি, খেজুর পাতার ঝুড়ি, খড়ের তৈরী থলে

زَجَّ [ن] (زَجّ) [যাজ্জা] নিক্ষেপ করা, তাড়িয়ে দেওয়া, ঠেলে দেওয়া, চাপ দেওয়া, জড়িত করা

زُجّ ج زِجَاج ، أَزْجَاج ، أَزِجَّة ، زِجَجَة [যুজ্] তীর বা বর্শার ফলা, ধাতব আংটা

زَجَا [ن] (زَجْو) [زجو] [যাজা] ঠেলে দেওয়া, তাড়িয়ে নেওয়া, চাপ দেওয়া

زَجَّاج [زجج] [যাজ্জাজ] কাঁচ প্রস্তুতকারী, কাঁচ-বিক্রেতা, কাঁচ ব্যবসায়ী, জানালা ইত্যাদিতে কাঁচ লাগানোর মিস্ত্রি

زَجَاج ، زِجَاج [زجج] [যাজাজ, যিজাজ] কাঁচ, কাচ, শিশা

زُجَاج [زجج] [যুজাজ] কাঁচ, কাচ, শিশা

زِجَاجَة [زجج] [যিজাজাহ্] কাঁচ ব্যবসা, কাঁচের কাজ, কাঁচের টুকরা, শিশি, বোতল

زُجَاجَة [زجج] [যুজাজাহ্] কাঁচের টুকরা, কাঁচ, শিশি, বোতল, কাঁচের পাত্র

زُجَاجِيّ [যুজাজী] কাঁচ-সম্বন্ধীয়, কাঁচের তৈরী, কাঁচের ন্যায়, কাঁচবিক্রেতা, কাঁচওয়ালা, কাঁচ ব্যবসায়ী

زَجَّجَ (تَزْجِيج) [زجج] [যাজ্জাজা] কাচসদৃশ করা, কাচে পরিণত করা, কাচীভূত করা, কাচ লাগানো, (ভ্রূতে) সুরমা লাগানো, মেরামত করা

زَجْر [যাজ্‌র] ধমক, তিরস্কার, বিতাড়ন, বারণ, নিষেধকরণ

زَجَرَ [ن] (زَجْر) [যাজারা] ধমক দেওয়া, নিষেধ করা, বারণ করা, তিরস্কার করা, তাড়িয়ে দেওয়া, উড়িয়ে দেওয়া

زَجْرَة [যাজ্‌রাহ্] ধমক, তিরস্কার, বিকট শব্দ

زَجَل ج أَزْجَال [যাজাল] হৈচৈ, শোরগোল, শব্দ, নিনাদ, গর্জনকারী মেঘ, খেলা, লোক-কবিতা

زَجَلَ [ن] (زَجْل) [যাজালা] নিক্ষেপ করা, ছুঁড়ে মারা, আঘাত করা, (কবুতর) দূরে পাঠানো

زَجِل [যাজিল] জোরে গান গায় এমন, হৈচৈকারী

زَجِلَ [س] (زَجَل) [যাজিলা] গান গাওয়া, হৈচৈ করা, খেলা

زَجْلَة ج زَجَلَات [যাজ্‌লাহ্] হৈচৈ, শোরগোল

زُجْلَة ج زُجَل [যুজ্‌লাহ্] মানুষের দল, সামান্য পরিমাণ, টুকরা, অবস্থা

زَجَّى (تَزْجِيَة) [زجو] [যাজ্জা] তাড়িয়ে নেওয়া, ঠেলে দেওয়া, চাপ দেওয়া

زُحَار [যুহার] আমাশয় (রোগ), আর্তনাদ, ক্রন্দন, গোঙানি, কোঁকানি

زَحَّاف ، زَحَّافَة ج زَحَّافَات [زحف] [যাহ্হাফ, যাহ্হাফাহ্] বুকে ভর দিয়ে চলে এমন প্রাণী, সরীসৃপ

زِحَاف [যিহাফ] যিহাফঃ ছন্দের মাপে পরিবর্তন-বিশেষ (ছন্দ)

زِحَام [زحم] [যিহাম] ভিড়, চাপ, ঠাস, গাদা-গাদি, জট

زَحَرَ [ف] (زُحَار، زَحِير) [যাহারা] কাতরানো, কোঁকানো, গোঙানো, আর্তনাদ করা, আঘাত করা

زَحَّرَ (تَزْحِير) [زحر] [যাহ্হারা] আর্তনাদ করা, কাতরানো, কোঁকানো, গোঙানো, আঘাত করা

زُحِرَ [যুহিরা] আমাশয়ে আক্রান্ত হওয়া

زَحْزَاح [যাহ্‌যাহ্] দূর, দূরবর্তী

زَحْزَح [যাহ্‌যাহ্] দূরত্ব

زَحْزَحَ (زَحْزَحَة) [زحزح] [যাহ্‌যাহা] সরিয়ে দেওয়া, হটিয়ে দেওয়া, দূরীভূত করা, অপসারিত করা

زَحْف [যাহ্‌ফ] হামাগুড়ি, কুচকাওয়াজ

زَحْف ج زُحُوف [যাহ্‌ফ] যুদ্ধের ময়দান, সৈন্য-দল

زَحَفَ [ف] (زَحْف) [যাহাফা] বুকে ভর করে হাঁটা, হামাগুড়ি দেওয়া, এগিয়ে যাওয়া, কুচ-কাওয়াজ করা

زَحَلَ [ف] (زَحْل ، زُحُول) [যাহালা] সরে আসা, চলে আসা, দূর হওয়া

زَحَّلَ (تَزْحِيل) [زحل] [যাহ্হালা] দূরে সরিয়ে দেওয়া, দূর করে দেওয়া, তাড়িয়ে দেওয়া

زَحِل [যাহিল] দূরে অবস্থিত, দূরবর্তী

زُحَل [যুহাল] শনি (গ্রহ); ভাল-মন্দ সব কাজ

থেকে দূরে থাকে এমন (লোক)

زُحَلَة [যুহালাহ] কাছে সফরকারী, ভাল-মন্দ সব কাজ থেকে দূরে থাকে এমন (লোক), দেহের পশ্চাদ্ভাগ আগে ঢুকিয়ে আস্তানায় প্রবেশ করে এমন পশু

زَحْلَفَ (زَحْلَفَة) [যাহ্লাফা] দূর করা, সরিয়ে দেওয়া, ঠেলে দেওয়া, তাড়াতাড়ি করা, ভরে দেওয়া

زَحْلَقَ (زَحْلَقَة) [زحلق] [যাহ্লাক্বা] দূর করা, সরিয়ে দেওয়া, ঠেলে দেওয়া, গড়িয়ে দেওয়া, পিছলিয়ে দেওয়া

زُحْلُوفَة [زحلف] [যুহ্লূফাহ] ঢালু পিচ্ছিল জায়গা, গড়িয়ে নামানোর যন্ত্র বা ব্যবস্থা

زُحْلُوقَة [زحلق] [যুহ্লূক্বাহ] ঢালু পিচ্ছিল জায়গা, গড়িয়ে নামানোর যন্ত্র বা ব্যবস্থা, বেগে চলার জন্য পায়ের নিচে লাগানো পাতলা পাত, স্কি (ski)

زَحْم ، زَحْمَة [যাহ্ম, যাহ্মাহ] ভিড়, চাপ, জট, ঠাস, গাদাগাদি

زَحَمَ [ف] (زَحْم ، زِحَام) [যাহামা] ভিড় করা, চাপ দেওয়া, ঠাসা, চাপাচাপি করে বসা, গাদাগাদি করা

زَحِير [যাহীর] আর্তনাদ, কোঁকানি, গোঙানি, আমাশয় (রোগ)

زَخَّار [زخر] [যাখ্খার] স্ফীত, পূর্ণ, কানায় কানায় পূর্ণ, পরিপূর্ণ

زَخَرَ [ف] (زَخْر ، زُخُور) [যাখারা] ভরে যাওয়া, কানায় কানায় পূর্ণ হওয়া, উপচে পড়া, স্ফীত হওয়া, উত্তেজিত হওয়া, টগবগ করা, (উদ্ভিদ) লম্বা হওয়া, পূর্ণ করা, স্ফীত করা, সুসজ্জিত করা, আনন্দ দেওয়া

زَخَرَ بِـ [-- বি] গর্ব করা, গর্ববোধ করা, গর্বিত হওয়া

زَخْرَفَ (زَخْرَفَة) [زخرف] [যাখ্রফা] সজ্জিত করা, সাজানো, অলঙ্কৃত করা, সাজিয়ে বলা

زُخْرُف ج زَخَارِف [যুখ্রুফ] সাজ, ভূষণ, শোভা, চাকচিক্য, কারুকাজ, স্বর্ণ, সোনা

الزُّخْرُف [আয-যুখ্রুফ] সূরা আয-যুখ্রুফঃ পবিত্র কোরআনের ৪৩তম সূরা

زَخْرَفَة [زخرف] [যাখ্রফাহ] অলঙ্করণ, ভূষণ, সজ্জা, সাজ, কারুকার্য

زُخْرُفِيّ [যুখ্রুফী] অলঙ্করণ-সম্বন্ধীয়, কারুময়, শোভামূলক, শোভাবর্ধক

زَخَمَ [ف] (زَخْم) [যাখামা] ঠেলে দেওয়া, হটিয়ে দেওয়া

زَخِم [যাখিম] পচা, দুর্গন্ধময়, পূতিগন্ধময় (মাংস)

زَخِمَ [س] (زَخَم) [যাখিমা] (মাংস) পচে যাওয়া, দুর্গন্ধ ছড়ানো

زَخَمَة [যাখামাহ] দুর্গন্ধ, পূতিগন্ধ, পচা গন্ধ

زَخْوَر [যাখ্ওয়ার] ডালপালায় আচ্ছাদিত (গাছ)

زَخْوَرِيّ [যাখ্ওয়ারী] ডালপালায় আচ্ছাদিত (গাছ), অহমিকাপূর্ণ (কথা)

زَرَّ [ن] (زَرّ) [যাররা] (জামায়) বোতাম লাগানো, জড়ো করা, স্তূপীকৃত করা, (চোখ) ছোট করা, চাপ দেওয়া, তাড়িয়ে দেওয়া, কামড় দেওয়া, আঘাত করা, (আসবাবপত্র) ঝাড়া, (চুল) টান দিয়ে উঠানো

زِرّ ج أَزْرَار ، زُرُور [যির্] বোতাম, নব, (ফুলের) কুঁড়ি, হৃৎপিণ্ডের নিম্নস্থ ছোট হাড়, উরুর গর্ত, পেরেক, কীলক, (তরবারির) ধার

زَرَّاد [زرد] [যার্রাদ] বর্মনির্মাতা

زَرَّاع ج زَرَّاعُون ، زَرَّاعَة [زرع] [যাররা'] অধিক চাষকারী, চাষী, কৃষক, চোগলখোর

زِرَاعَة [زرع] [যিরা'আহ] কৃষি, কৃষিকাজ, চাষ, শস্য

عِلْم الزِّرَاعَة ['ইল্মুয যিরা'আহ] কৃষিবিজ্ঞান, চাষাবাদ

زِرَاعِيّ [যিরা'ঈ] কৃষি-বিষয়ক, কৃষি-সম্বন্ধীয়

زَرَافَة ج زَرَافَات ، زَرَافَى [যারাফাহ] জিরাফ (প্রাণী), দল

زَرَّاقَة [زرق] [যার্রাক্বাহ] (ইনজেকশনের) সিরিঞ্জ

زُرَام [যুরাম] পেশাব বন্ধ হওয়া, মূত্রবদ্ধতা

زِرَايَة [زري] [যিরায়াহ] ঘৃণা, অবজ্ঞা,তিরস্কার, নিন্দা, ভর্ৎসনা, দোষারোপ

زَرْب ، زِرْب ج زُرُوب [যার্ব, যির্ব] পশুর খোঁয়াড়, বেড়া, পশুশালা

زَرَبَ [ن] (زَرْب) [যারবা] (পশুকে) খোঁয়াড়ে আবদ্ধ রাখা, বেড়া দিয়ে রাখা, আটকে রাখা

زَرِبَ [س] (زَرَب) [যারিবা] (পানি) প্রবাহিত হওয়া, গড়িয়ে যাওয়া, ছিদ্র দিয়ে বেয়ে পড়া

زَرَّبَ (تَزْرِيب) [زرب] [যার্‌রবা] (পশু) খোঁয়াড়ে আবদ্ধ রাখা, বেড়া দিয়ে রাখা, আটকে রাখা

زُرْبِيّ ج زَرَابِيّ [যুর্‌বী] মখমল, কার্পেট, গালিচা, বালিশ

زَرْبِيَّة ج زَرَابِيّ [যার্‌বিয়্যাহ্] মখমল, কার্পেট, গালিচা, বালিশ

زَرَّة [زرر] [যার্‌রাহ্] কামড়, কামড়ে সৃষ্ট ক্ষত, তরবারির কোপের জখম

زِرَّة [زرر] [যির্‌রাহ্] কামড়ের দাগ, বুদ্ধি

زَرَجُون [যারজূন] আঙ্গুর গাছ, দ্রাক্ষালতা, মদ, লাল রং, প্রস্তরখণ্ডে জমে থাকা স্বচ্ছ বৃষ্টির পানি

زَرَجُونَة [যারজূনাহ্] আঙ্গুর গাছ, দ্রাক্ষালতা

زَرَد ج زُرُود [যারদ] বর্ম, শিকল

حِمَارُ الزَّرَد [হিমারুয যারদ] জেব্রা (প্রাণী)

زَرَدَ [ن] (زَرْد) [যারদা] গলা টিপে ধরা, শ্বাসরোধ করা, গিলে ফেলা

زَرْدَة [যার্‌দাহ্] খাদ্য, খাবার

زَرَدَة ج زَرَدَات [যারদাহ্] শিকলের আংটা

زَرَدِيَّة ج زَرَدِيَّات [যারদিয়্যাহ্] সাঁড়াশি, প্লাস, বর্ম

زَرَّرَ (تَزْرِير) [زرر] [যার্‌ররা] বোতাম লাগানো

زُرْزُر ج زَرَازِر [যুর্‌যুর] একপ্রকার পাখি, স্টার্লিং পাখি (starling)

زُرْزُور ج زَرَازِير [যুর্‌যূর] একপ্রকার পাখি, স্টার্লিং পাখি (starling)

زَرْع [যার্‘] বপন, রোপণ, চাষ

زَرْع ج زُرُوع [যার্‘] বীজ, শস্য, ক্ষেত, কৃষি, ফসল, চারা

زَرَعَ [ف] (زَرْع) [যার‘আ] বপন করা, রোপণ করা, চাষ করা, ক্ষেত করা, (মাইন) পাতা

زَرَعَة ، زِرْعَة [যার‘আহ্, যির্‘আহ্] বীজ বপনের জায়গা, বীজতলা, ক্ষেত

زُرْعَة [যুর্‘আহ্] বীজ বপনের জায়গা, ক্ষেত, বীজ

زَرَق [যারক] নীল রঙ, দৃষ্টিহীনতা, অন্ধত্ব

زَرَقَ [ن] [ض] (زَرْق) [যারক্বা] (পাখি) পায়খানা করা, মলত্যাগ করা, পিছনের দিকে বের করে দেওয়া, খোঁচা মারা, ইনজেকশন দেওয়া

زَرِقَ [س] (زَرَق ، زُرْقَة) [যারিক্বা] নীল হওয়া, (চোখ) অন্ধ হওয়া, দৃষ্টিহীন হওয়া

زُرْق [যুর্‌ক] নীল, আসমানী (أَزْرَق-এর বহুবচন)

زَرْقَاء [زرق] [যার্‌ক্বা’] নীল, আসমানী (أَزْرَق-এর স্ত্রীলিঙ্গ)

الزَّرْقَاء ، القُبَّة الزَّرْقَاء [زرق] [আয-যার্‌ক্বা’, আল-কুব্বাতুয যার্‌ক্বা’] নীলাকাশ

زُرْقَة [যুর্‌ক্বাহ্] নীল রঙ, দৃষ্টিহীনতা, অন্ধত্ব, ইনজেকশন

زَرْكَش [যার্‌কাশ] বুটিদার বস্ত্র, বুটি, সূচিকর্ম

زَرْكَشَ (زَرْكَشَة) [যার্‌কাশা] (বস্ত্রে) বুটি তোলা, সূচিকর্ম করা, সজ্জিত করা

زَرْنَب [যার্‌নাব] একপ্রকার সুগন্ধ উদ্ভিদ, বুনো গরু, বন্য গাভী

زِرْنِيخ ، زِرْنِيق [যির্‌নীখ, যির্‌নীক] আর্সেনিক (arsenic)

زَرَى [ض] (زِرَايَة) [যারা] ঘৃণা করা, অবজ্ঞা করা, নিন্দা করা, দোষ ধরা

زَرِيّ [زري] [যারী] ঘৃণ্য, তুচ্ছ, নিকৃষ্ট, নীচ

زِرْيَاب [যির্‌ইয়াব] একপ্রকার পাখি, jay

زَرِيبَة ج زَرَائِب ، زِرَاب [زرب] [যারীবাহ্] গবাদি পশু রাখার জন্য ঘেরা জায়গা, খোঁয়াড়, সিংহের আস্তানা, শিকারীর লুকিয়ে থাকার গর্ত

زَرِيعَة [زرع] [যারী‘আহ্] বীজ, চারা, শস্য, কৃষি, ক্ষেত

زُرَيْق ، أَبُو زُرَيْق [যুরইক, আবূ যুরইক] একপ্রকার পাখি, jay

زُرَيْقَاء [যুরইক্বা’] খাটাশজাতীয় একপ্রকার প্রাণী, genet

زُرَيِّقَة [যুরাইক্বাহ্] একপ্রকার ক্ষুদ্র গায়ক পাখি, wren

زُعَاف [যু'আফ] জীবননাশক, মারাত্মক (বিষ)

زُعَاق [যু'আক] তিক্ত, লবণাক্ত (পানি, খাদ্য)

زَعَامَة ، زِعَامَة [زعم] [যা'আমাহ্, যি'আমাহ্] নেতৃত্ব, কর্তৃত্ব, সর্দারি, জিম্মাদারি, দায়িত্ব

زَعَانِف (زِعْنِفَة) [যা'আনিফ] (মাছ ইত্যাদির) সাঁতারে সহায়তাকারী ডানা

زَعْتَر [যা'তার] সুগন্ধী পাতাওয়ালা একপ্রকার গুল্ম

زَعَج [যা'আজ] বিরক্তি, অস্থিরতা, কষ্ট, অসুবিধা

زَعَجَ [ف] (زَعْج) [যা'আজা] বিরক্ত করা, অস্থির করা, কষ্ট দেওয়া, অসুবিধা ঘটানো, অপসারণ করা, তাড়িয়ে দেওয়া, শব্দ করা

زَعِجَ [س] (زَعَج) [যা'ইজা] বিরক্ত হওয়া, অস্থির হওয়া, কষ্ট পাওয়া, অসুবিধায় পড়া

زَعِر [যা'ইর] পাতলা চুলওয়ালা, স্বল্পকেশ, কম গাছপালাবিশিষ্ট (স্থান)

زَعِرَ [س] (زَعَر) [যা'ইরা] (চুল, পালক) পাতলা হওয়া, কম হওয়া, (স্থান) কম গাছপালাবিশিষ্ট হওয়া

زُعْرُور [যু'রূর] আপেলজাতীয় একপ্রকার ফল ও তার গাছ

زُعْرُور ج زَعَارِير [যু'রূর] রাগী, বদমেজাজী, খিট-খিটে

زَعْزَع [যা'যা'] প্রবল বাতাস, ঝড়

زَعْزَعَ (زَعْزَعَة) [زعزع] [যা'যা'আ] প্রবলভাবে নাড়া দেওয়া, প্রচণ্ড ঝাঁকুনি দেওয়া, ওলটপালট করা

زَعْزَعَة ج زَعَازِع [زعزع] [যা'যা'আহ্] ঝাঁকুনি, কম্পন; আলোড়ন, নাড়া, ধাক্কা

زَعْفَرَ (زَعْفَرَة) [যা'ফারা] জাফরান দ্বারা রঞ্জিত করা, (খাদ্যে) জাফরান দেওয়া

زَعْفَرَان [যা'ফারান] জাফরান, কুমকুম

زَعَقَ [ف] (زَعْق) [যা'আকা] চেঁচানো, চিৎকার করা, চিৎকার করে (পশু) তাড়িয়ে নেওয়া, উড়িয়ে নেওয়া, ভয় দেখানো, দংশন করা

زَعِق [যা'ইক] ভয়-পাওয়া, রাতে ভয় পায় এমন

زَعِقَ [س] (زَعَق) ، زُعِقَ [যা'ইকা, যু'ইকা] ভয় পাওয়া, রাতে ভয় পাওয়া

زَعْقَة ج زَعَقَات [যা'কাহ্] চিৎকার, আওয়াজ

زَعْم [যা'ম] ধারণা, অনুমান, চিন্তা, দাবি

زَعَمَ [ن] [ف] (زَعْم) [যা'আমা] অনুমান করা, ধারণা করা, চিন্তা করা, বলা, দাবি করা

زَعِمَ [س] (زَعَم) [যা'ইমা] পেতে চাওয়া, লোভ করা

زَعْنَفَة ، زِعْنِفَة ج زَعَانِف [যা'নাফাহ্, যি'নিফাহ্] খর্ব, খাট, নিকৃষ্ট অংশ, বর্জিতাংশ, ইতর শ্রেণী, দেহের পার্শ্বস্থ অঙ্গ (হাত, পা ইত্যাদি), সাঁতারে সহায়তাকারী (মাছের) ডানা

زَعِيم ج زُعَمَاء [زعم] [যা'ঈম] নেতা, প্রধান, কর্তা, সর্দার, জিম্মাদার, মুখপাত্র, কর্নেল (পদ)

زَغَب [যাগাব] কোমল কেশ বা পালক, কাপড়ের রোঁয়া বা আঁশ

زَغِب [যাগিব] কোমল কেশ বা পালকবিশিষ্ট

زُغْبَة [যুগ্‌বাহ্] একজাতীয় বড় ইঁদুর, dor-mouse

زَغْبَر [যাগ্‌বার] কোমল কেশ বা পালক, কাপড়ের রোঁয়া বা আঁশ

زَغْرِب [যাগ্‌রিব] জাগরেব (নগরী)ঃ ক্রোয়েশিয়ার রাজধানী

زَغْرَدَ (زَغْرَدَة) [زغرد] [যাগ্‌রদা] কম্পিতস্বরে উচ্চারণ করা, তারস্বরে উল্লাস করা

زَغْرَدَة ج زَغَارِيد [زغرد] [যাগ্‌রদাহ্] কম্পিত কণ্ঠস্বর, তারস্বরে উল্লাস, উচ্চ আনন্দরোল

زَغْزَغَ (زَغْزَغَة) [زغزغ] [যাগ্‌যাগা] লুকিয়ে রাখা, গোপন করা, চুপি চুপি বলা

زَغَل [যাগাল] ভেজাল, জালিয়াতি, প্রতারণা

زَغَلَ [ف] (زَغْل) [যাগালা] ঢেলে দেওয়া, গড়িয়ে দেওয়া, ভেজাল দেওয়া, জাল করা

زُغْلُول ج زَغَالِيل [যুগ্‌লূল] শিশু, বাচ্চা কবুতর, কর্মতৎপর

زُغْلِيّ [যুগ্‌লী] জালিয়াত, জুয়াচোর, নকলবাজ, প্রতারক

زُغَيْم [যুগাইম] একপ্রকার পাখি, cutthroat

زَفَّ [ن] (زَفّ ، زِفَاف) [যাফ্‌ফা] কনেকে বরের

কাছে পাঠানো, কন্যা সম্প্রদান করা, বউ নিয়ে আসা

زَفَّ [ض] (زَفٌّ ، زَفِيف) [যাফ্ফা] দ্রুত চলা, (পাখি) ডানা মেলে অবতরণ করা

زَفُّ الْبُشْرَى [যাফ্ফাল বুশ্‌রা] সুসংবাদ দেওয়া

زَفَاف ، زِفَاف [যাফাফ, যিফাফ] বিয়ে, বিবাহ, বিবাহোৎসব

زَفَّتَ (تَزْفِيت) [زفت] [যাফ্ফাতা] পিচ ঢালা, আলকাতরা লাগানো

زِفْت [যিফ্‌ত] পিচ, আলকাতরা

زَفَّة [زفف] [যাফ্ফাহ] বরযাত্রা, বার, দফা

زَفَّةً [যাফ্ফাতান] একবার

زَفَرَ [ض] (زَفْر ، زَفِير) [যাফারা] নিঃশ্বাস ত্যাগ করা, দীর্ঘশ্বাস ছাড়া

زِفْر ج أَزْفَار [যিফ্‌র] বোঝা, মশক, সেনাদল, সফরের আসবাবপত্র

زُفَر [যুফার] সিংহ, সাহসী, নেতা, উদার, অনেক দান, নদী, সমুদ্র, সেনাদল

زَفْرَة ج زَفَرَات [যাফ্‌রাহ] দীর্ঘশ্বাস, নিঃশ্বাস, (গাধার) ডাক, দুর্ভাগ্য

زَفُوف [যাফুফ] উটপাখি, দ্রুতগামী (উট)

زَفَى [ض] (زَفْي ، زَفَيَان) [যাফা] (ধনুক) শব্দ করা, টুংটাং করা, (উটপাখি) ডানা ছড়ানো, (বাতাস) জোরে প্রবাহিত হওয়া, তাড়িয়ে নেওয়া, উড়িয়ে নেওয়া, দান করা, উৎসর্গ করা

زَفِير [زفر] [যাফীর] দীর্ঘশ্বাস, নিঃশ্বাস, বিলাপ, গাধার ডাক, দুর্যোগ, বিপদ

زَقَّ [ن] (زَقّ) [যাক্কা] (পাখি) ঠোঁট দ্বারা বাচ্চাকে খাওয়ানো, মাথা থেকে পা পর্যন্ত চামড়া ছোলা

زِقّ ج زِقَاق ، أَزْقَاق [যিক্] (পানির) মশক, ভিস্তি, থলি

زَقَا [ن] (زَقْو) [زقو] [যাক্বা] (পাখি) ডাকা, চিঁ চিঁ শব্দ করা, কিচিরমিচির শব্দ করা

زَقَّاق [যাক্কাক] মশক প্রস্তুতকারী, মশকবিক্রেতা, ভিস্তিওয়ালা

زُقَاق ج أَزِقَّة ، زُقَّان [যুক্বাক] সংকীর্ণ রাস্তা, সরু পথ, গলি, প্রণালী

زُقَّة [যুক্কাহ] একপ্রকার জলচর পাখি, darter

زَقْزَاق [যাক্‌যাক] আস্তে আস্তে হাঁটে এমন, তিতির পাখি, একপ্রকার পিঁপড়া

زَقْزَقَ (زَقْزَقَة) [যাক্‌যাক্বা] (পাখি) ঠোঁট দ্বারা বাচ্চাকে খাওয়ানো, কিচিরমিচির ডাকা, চিঁচিঁ শব্দ করা, (বাচ্চাকে) সোহাগ করা, আদর করা, দোলানো

زَقَّقَ (تَزْقِيق) [زقق] [যাক্কাক্বা] মাথা থেকে পা পর্যন্ত চামড়া ছোলা, চুল কেটে ফেলা

زُقَّاق [যুক্কাক] একপ্রকার জলচর পাখি, darter

زَقَمَ [ن] (زَقْم) [যাক্বামা] গলাধঃকরণ করা, গিলে ফেলা

زَقَّمَ (تَزْقِيم) [زقم] [যাক্কামা] নলের সাহায্যে পাকস্থলিতে খাদ্য প্রবেশ করানো, পাইপ দিয়ে খাওয়ানো

زَقُّوم [যাক্কূম] যাক্কূমঃ তিক্ত ফলবিশিষ্ট এক-প্রকার কণ্টকবৃক্ষ, ভারী খাবার

زُقَيْقِيَّة [যুক্বাইক্বিয়্যাহ] একপ্রকার গায়কপাখি, linnet

زَكَا [ن] (زَكَاء) [زكو] [যাকা] পবিত্র হওয়া, বৃদ্ধি পাওয়া, বর্ধিত হওয়া, উর্বর হওয়া, স্বচ্ছল হওয়া, সঠিক হওয়া

زَكَا بِ [-- বি] যোগ্য হওয়া, উপযোগী হওয়া, যথোপযুক্ত হওয়া, খাপ খাওয়া

زَكَاء [زكو] [যাকা'] পবিত্রতা, সততা, বৃদ্ধি

زَكَاة ، زَكْوَة ج زَكَوَات [زكو] [যাকাত] যাকাত, পবিত্রতা, পরিচ্ছন্নতা

زُكَام [যুকাম] সর্দি, ঠাণ্ডা, শ্লেষ্মা

زَكَانَة ، زَكَانِيَة [زكن] [যাকানাহ, যাকানিয়াহ] আত্মচেতনা, সঠিক উপলব্ধি, বিচক্ষণতা, প্রজ্ঞা

زُكْرَة ج زُكَر [যুক্‌রাহ] মশক, ছোট পাত্র, নাভি

زَكَرِيَّا [যাকারিয়্যা] হযরত যাকারিয়া (আ)

زُكِمَ [যুকিমা] ঠাণ্ডা লাগা, সর্দিতে আক্রান্ত হওয়া

زَكْمَة [যাক্‌মাহ] সর্দি, ঠাণ্ডা, শ্লেষ্মা

زُكْمَة [যুক্‌মাহ] মা-বাবার শেষ সন্তান, কঠোর মানুষ

زَكِيَ [س] (زَكًى) [زكو] [যাকিয়া] বৃদ্ধি পাওয়া, বর্ধিত হওয়া, পবিত্র হওয়া, সঠিক হওয়া

زَكَّى (تَزْكِيَة) [زكو] [যাক্কা] পবিত্র করা, পবিত্র

বলা, বৃদ্ধি করা, সঠিক বলা, ভাল বলা, প্রশংসা করা, সুপারিশ করা, যাকাত আদায় করা

زَكِيٌّ [زكو] [যাকী] সুগন্ধময়, সুরভিত

زَكِيٌّ ج أَزْكِيَاء [زكو] [যাকী] পবিত্র, নির্দোষ, সৎ, ন্যায়পরায়ণ

زَلَّ [ض] [س] (زَلّ، زَلَل) [যাল্লা] পিছলে যাওয়া, স্খলিত হওয়া, হোঁচট খাওয়া, ভুল করা

زِلّ ، زِلَّة [যিল্, যিল্লাহ] মসৃণ পাথর, পিচ্ছিল পাথর

زُلّ [যুল্] পিচ্ছিল জায়গা, পিছলানোর জায়গা, হালকা নিতম্ববিশিষ্ট, দ্রুত গতিসম্পন্ন (أَزَلّ-এর বহুবচন)

زَلَّاء [زلل] [যাল্লা'] হালকা নিতম্ববিশিষ্ট, দ্রুত গতিসম্পন্ন (أَزَلّ-এর স্ত্রীলিঙ্গ)

قَوْس زَلَّاء [ক্বাওস যাল্লা'] দ্রুত তীর বেরিয়ে যায় এমন ধনুক

زَلَابِيَة ج زَلَابِيَات [যালাবিয়াহ] একপ্রকার কেক, প্যানকেক, খোলাপিঠা

زِلَاج [যিলাজ] (দরজার) খিল, অর্গল

زَلَّاجَة [زلج] [যাল্লাজাহ] স্কেট (skate)

زَلَاقَة [زلق] [যালাক্বাহ] পিচ্ছিলতা, মসৃণতা

زَلَّاقَة ج زَلَّاقَات [زلق] [যাল্লাক্বাহ] পিছলে চলার গাড়ি, স্লেজ গাড়ি, পিচ্ছিল জায়গা

زُلَال [যুলাল] (ডিমের) সাদা অংশ, সস্য, প্রোটিন, অ্যালবুমিন (albumin), গ্লুটেন (gluten), ঠাণ্ডা, সুপেয় (পানি)

زَلَّة [زلل] [যাল্লাহ] স্খলন, হোঁচট, ত্রুটি, ভ্রান্তি

زِلَّة [زلل] [যিল্লাহ] মসৃণ পাথর, পিচ্ছিল পাথর

زُلَّة [زلل] [যুল্লাহ] শ্বাসকষ্ট

زَلْج [যাল্জ] পিচ্ছিল, মসৃণ, দ্রুততা, অর্গলবদ্ধতা

زَلَج [যালাজ] পিচ্ছিল, মসৃণ

زَلَجَ [ن] (زَلْج) [যালাজা] (দরজা) অর্গলবদ্ধ করা, হুড়কা লাগানো, খিল লাগানো

زَلَجَ [ض] (زَلْج ، زَلِيج ، زَلَجَان) [যালাজা] দ্রুত চলা, আগে যাওয়া

زَلِج [যালিজ] পিচ্ছিল, মসৃণ

زَلِجَ [س] (زَلَج ، زُلُوج) [যালিজা] পিছলে যাওয়া, (পানীয়) গলা থেকে পেটে যাওয়া, (কথা) মুখ ফসকে বেরিয়ে যাওয়া

زَلَّجَ (تَزْلِيج) [زلج] [যাল্লাজা] (কথা) ছড়িয়ে দেওয়া, কোনমতে (জীবিকা) নির্বাহ করা

زَلْزَال ، زِلْزَال ج زَلَازِل [যাল্যাল, যিল্যাল] কম্পন, ভূকম্পন, ভূকম্প, ভূমিকম্প, বিপদ

عِلْم الزَّلَازِل ['ইল্মুয যালাযিল] ভূমিকম্প-বিদ্যা, ভূকম্পতত্ত্ব

الزِّلْزَال [আয-যিল্যাল] সূরা আয-যিল্যালঃ পবিত্র কোরআনের ৯৯তম সূরা

زَلْزَلَ (زَلْزَلَة) [زلزل] [যাল্যালা] কম্পিত করা, কাঁপানো

زَلْزَلَة ج زَلَازِل [যাল্যালাহ] কম্পন, কম্প, ভূমি-কম্প, ভূকম্পন

زَلْف ، زَلَف [যাল্ফ, যালাফ] নৈকট্য, নিকটত্ব, মর্যাদা

زَلَفَ [ن] (زَلْف) إِلَى [যালাফা ইলা] নিকটবর্তী হওয়া, কাছে যাওয়া, অগ্রসর হওয়া, নিকটবর্তী করা, কাছে নেওয়া, এগিয়ে দেওয়া

زَلَّفَ (تَزْلِيف) [زلف] فِي [যাল্লাফা ফী] বাড়া-বাড়ি করা, বাড়িয়ে বলা, অতিরঞ্জন করা

زُلْف [যুল্ফ] রাতের প্রহর

زُلْفَة [যুল্ফাহ] নৈকট্য, নিকটত্ব, মর্যাদা

زُلْفَة ج زُلَف [যুল্ফাহ] রাতের অংশ, রাতের প্রথমাংশ

زُلْفَى [زلف] [যুল্ফা] নৈকট্য, নিকটত্ব, মর্যাদা

زَلْق [যাল্ক] পিচ্ছিলতা, মসৃণতা, পিচ্ছিল জায়গা

زَلَق [যালাক] পিচ্ছিলতা, মসৃণতা, পিচ্ছিল, মসৃণ, পিচ্ছিল জায়গা, মসৃণ জায়গা

زَلَقَ [ن] (زَلْق) [যালাক্বা] পিছলে যাওয়া, স্খলিত হওয়া

زَلَقَ [ض] (زَلْق) [যালাক্বা] সরিয়ে দেওয়া, দূর করা, পিছলে দেওয়া, স্খলিত করা, মসৃণ করা, (মাথা) মুণ্ডন করা

زَلِق [যালিক] পিচ্ছিল, মসৃণ, পিচ্ছিল জায়গা, মসৃণ জায়গা, দ্রুত বেগে যায় এমন

زَلِقَ [س] (زَلَق) [যালিক্বা] সরে যাওয়া, পিছলে যাওয়া, স্খলিত হওয়া

زَلَّقَ (تَزْلِيق) [زلق] [যাল্লাক্বা] পিছলে দেওয়া, স্খলিত করা, সরিয়ে দেওয়া, পিচ্ছিল করা, তৈলাক্ত করা, মসৃণ করা, অকালে প্রসব করা

زَلَقَة [যালাক্বাহ্] মসৃণ পাথর, আয়না

زَلَل [যালাল] স্খলন, হোঁচট, ত্রুটি, ভ্রান্তি, পিচ্ছিল জায়গা

زَلَم ج أَزْلَام [যালাম] তীর, শুভ-অশুভ নির্ণয়ের তীর, পশুর পায়ের খুর, বীজ ও ফুল হয় না এমন একপ্রকার তৃণ

زَلُوتِي [যালোতী] জলোটিঃ পোল্যান্ডের মুদ্রা

زَلُوج [যালূজ] দ্রুতগামী দূরবর্তী, সুদূর

زَلُوف [যালূফ] দূরবর্তী, সুদূর

زَلُوق [যালূক] দ্রুতগামী, দূরবর্তী, সুদূর

زَلِيج [زلج] [যালীজ] পিচ্ছিল, মসৃণ

زُلَيْج [যুলাইজ] চিত্রবিচিত্র মাটির পাত্র, চীনা-মাটির পাত্র

زَمَّ [ن] (زَمّ) [যাম্মা] আটকানো, বাঁধা, টাইট করা, একত্র করা, জুতায় ফিতা বাঁধা

زَمَّار [زمر] [যাম্মার] বাঁশীতে সুর তোলে এমন, বংশীবাদক

زَمَّار الرَّمْل [যাম্মারুর রম্‌ল] কাঁদাখোঁচা পাখি

زَمَّارَة ، زُمَّارَة ج زَمَامِير [زمر] [যাম্মারাহ্, যুম্মা-রাহ্] বাঁশী, বংশী, মুরলী, সাইরেন

زُمَازِم [زمزم] [যুমাযিম] প্রচুর, পর্যাপ্ত, অনেক (পানি)

زَمَالَة ، زِمَالَة [زمل] [যামালাহ, যিমালাহ] সঙ্গ, সাহচর্য, বন্ধুত্ব

زِمَام ج أَزِمَّة [যিমাম] লাগাম, রাস, রশি, দড়ি, তত্ত্বাবধান, কর্তৃত্ব, কর্তা, নেতা

زَمَان ج أَزْمِنَة [যামান] সময়, কাল, যুগ, জামানা

زَمَانَة [زمن] [যামানাহ্] দীর্ঘদিনের অসুস্থতা, দুরারোগ্য ব্যাধি, অক্ষমতা, দুর্বলতা, ভালবাসা

زَمَانِيّ [যামানী] সময়-নির্ধারিত, সাময়িক, অস্থায়ী, পার্থিব, জাগতিক

زُمَّج ج زَمَامِج [যুম্মাজ] একপ্রকার শিকারী পাখি

زَمْجَرَ (زَمْجَرَة) [زمجر] [যাম্‌জারা] গর্জন করা, বিকট শব্দ করা

زَمْر ج زُمُور [যাম্‌র] বাঁশী, সুর, গান

زَمَرَ [ن][ض](زَمْر ، زَمِير) [যামারা] বাঁশীতে সুর তোলা, বাঁশী বাজানো, (পাত্র) পূর্ণ করা, উত্তে-জিত করা, ক্ষেপিয়ে তোলা

زَمَرَ بِ [-- বি] ছড়িয়ে দেওয়া, প্রচার করা

زَمَّرَ (تَزْمِير) [زمر] [যাম্মারা] বাঁশী বাজানো, বাঁশীতে সুর তোলা, (পাত্র) পূর্ণ করা

الزُّمَر [আয-যুমার] সূরা আয-যুমারঃ পবিত্র কোরআনের ৩৯তম সূরা

زُمْرَة ج زُمَر [যুম্‌রাহ্] দল, গ্রুপ, চক্র

زُمْرَة الدَّم [যুম্‌রতুদ দাম] রক্তের গ্রুপ, রক্তের ধরন

زُمُرُّد [যুমুর্‌রুদ] পান্না, মরকত (মণি)

زَمْزَام [زمزم] [যাম্‌যাম] প্রচুর, পর্যাপ্ত, অনেক (পানি)

زَمْزَم [যাম্‌যাম] পর্যাপ্ত, প্রচুর (পানি), যমযম (কূপ), যমযমের পানি

زَمْزَمَ (زَمْزَمَة) [زمزم] [যাম্‌যামা] (সিংহ) গর্জন করা, (বজ্র) গুড়ুম গুড়ুম শব্দ করা, আটকানো, একত্র করা

زَمْزَمَة ج زَمَازِم [যাম্‌যামাহ্] সিংহের গর্জন, আগুন জ্বলার শব্দ, বজ্রের গুড়ুম গুড়ুম শব্দ

زَمَّعَ (تَزْمِيع) [زمع] بِ ، عَلَى [যাম্মা'আ] মনস্থ করা, সংকল্প করা, সিদ্ধান্ত করা

زُمْعَة ج زُمَع [যুম্'আহ্] টুকরা, খণ্ড, অংশ

زِمِكّ ، زِمِكَّى [যিমিক্, যিমিক্কা] (পাখির) লেজ, লেজের গোড়া, পাছা, পুচ্ছমূল

زَمَلَ [ن] (زَمْل) [যামালা] বহন করা, পিছনে আরোহণ করানো, অনুসরণ করা

زَمَّلَ (تَزْمِيل) [زمل] [যাম্মালা] বস্ত্রাবৃত করা, ঢেকে রাখা, লুকিয়ে রাখা

زِمْل ج أَزْمَال [যিম্‌ল] পিছনের আরোহী, বোঝা, দুর্বল, ভীরু, অলস

زُمْلَة [যুম্‌লাহ্] দল, সঙ্গীদল

[যামান] সময়, কাল, যুগ, জামানা زَمَن ج أَزْمَان ، أَزْمُن

[যামিন] দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত, দীর্ঘদিন যাবৎ অসুস্থ, পক্ষাঘাতগ্রস্ত زَمِن ج زَمْنَى

[যামিনা] দীর্ঘদিন যাবৎ অসুস্থ থাকা, দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত হওয়া زَمِنَ [س] (زَمَانَة)

[যামানী] সময়-নির্ধারিত, অস্থায়ী, ক্ষণস্থায়ী, সাময়িক, পার্থিব, জাগতিক زَمَنِيّ

[যামহারা] (চোখ) রাগে লাল হওয়া, (ক্ষত, ফোড়া) ফুলে ওঠা, পেকে ওঠা زَمْهَرَ (زَمْهَرَة)

[যামহারীর] তীব্র ঠাণ্ডা, প্রচণ্ড শীত, হিম, শৈত্য زَمْهَرِير [زمهر]

[যাম্‌ওয়াহা] শুষ্ক করা, আর্দ্রতা-মুক্ত করা زَمْوَهَ (زَمْوَهَة)

[যামীর] খাটো, বেঁটে, সুন্দর, সুদর্শন زَمِير ج زُمَّار [زمر]

[যামী'] কর্মতৎপর, সাহসী, প্রজ্ঞাবান, বিচক্ষণ زَمِيع ج زُمَعَاء [زمع]

[যামীল] সঙ্গী, সফরসঙ্গী, সহযাত্রী, সহকর্মী, সহপাঠী, বন্ধু زَمِيل ج زُمَلَاء [زمل]

[যামীন] দীর্ঘস্থায়ী রোগে আক্রান্ত, দীর্ঘদিন যাবৎ অসুস্থ, পক্ষাঘাতগ্রস্ত زَمِين ج زَمْنَى [زمن]

[যান্না'] অধিক যেনাকারী, ব্যভিচারী زَنَّاء [زني]

[যিনা'] (নারী-পুরুষের) অবৈধ যৌনকর্ম, যেনা, ব্যভিচার زِنَاء [زني]

[যান্নাআহ] অধিক যেনাকারিণী, ব্যভিচারিণী زَنَّاءَة [زني]

[যিনাদ] চকমকি (পাথর), বন্দুকের ঘোড়া, ট্রিগার زِنَاد ج أَزْنِدَة

[যুন্নার] ফিতা, বেল্ট, ব্যান্ড زُنَّار ج زَنَانِير

[যিনাক] (পশুর) গলার দড়ি, গলা-বন্ধনী, কলার, বেড়ি, নিগড় زِنَاق ج زُنُق

[যিনবার] ভীমরুল, বোলতা, মিষ্ট ডুমুর زِنْبَار ج زَنَابِير

[যুমবুর] চঞ্চল, তৎপর, ত্বরিৎ জবাব দেয় এমন, বেঁটে, খর্বকায় زُنْبُر ج زَنَابِر

[যুমবুরুক, যুমবারক] زُنْبُرُك ، زُنْبَرَك ج زَنَابِك স্প্রিং, বন্দুকের ঘোড়া, ট্রিগার

[যামবাক] লিলিফুল, পদ্মফুল زَنْبَق ج زَنَابِق

[যামবাকুল মা'] জলপদ্ম (ফুল) زَنْبَق الْمَاء

[যামবাক্বাহ] লিলিফুল, পদ্মফুল زَنْبَقَة

[যুমবুর] ভীমরুল, বোলতা زُنْبُور ج زَنَابِير [زنبر]

[যিনবীর] ভীমরুল, বোলতা, মিষ্ট ডুমুর زِنْبِير ج زَنَابِير

[যামবীল, যিম্‌বীল] زَنْبِيل ، زِنْبِيل ج زَنَابِيل [زنبل] গাছের পাতার তৈরী ঝুড়ি, খেজুর পাতার ঝুড়ি

[যিনাহ] ওজন, মাপ, পরিমাপ زِنَة [وزن]

[যানজ, যিনজ] কৃষ্ণকায় মানুষ, কালো মানুষ, নিগ্রো زَنْج ، زِنْج ج زُنُوج

[যিনজার] তামা, পিতল ইত্যাদির সবুজ মরচে, তাম্রমল زِنْجَار

[যানজিবার] জাঞ্জিবার (দেশ) زَنْجِبَار

[যানজাবীল] আদা, আদ্রক زَنْجَبِيل

[যানজারা] শাহাদত অঙ্গুলির নখ দ্বারা বৃদ্ধাঙ্গুলির নখে টোকা দেওয়া, শিকল দিয়ে বাঁধা, শৃঙ্খলিত করা زَنْجَرَ (زَنْجَرَة)

[যুনজুফর, যিনজাফর] সিঁদুর زُنْجُفْر ، زِنْجَفْر

[যানজী, যিনজী] কালো মানুষ, কৃষ্ণকায় ব্যক্তি, নিগ্রো زَنْجِيّ ، زِنْجِيّ

[যিনজীর] জিঞ্জির, শিকল, শৃঙ্খল, নিগড়, বেড়ি زِنْجِير

[যানাখ] দুর্গন্ধ, পূতিগন্ধ, পচন زَنَخ

[যানিখ] দুর্গন্ধযুক্ত, পূতিগন্ধময়, পচা زَنِخ

[যানিখা] পূতিগন্ধময় হওয়া, দুর্গন্ধযুক্ত হওয়া, পচে যাওয়া زَنِخَ [س] (زَنَخ)

[যান্নাখা] দুর্গন্ধযুক্ত হওয়া, পূতিগন্ধময় হওয়া, পচে যাওয়া زَنَّخَ (تَزْنِيخ) [زنخ]

[যান্দ] অগ্নিকাঠি, আগুন ধরানোর কাঠি, বন্দুকের ঘোড়া, ট্রিগার زَنْد ج زِنَاد ، أَزْنَاد

[যান্দ] কনুই থেকে কবজি পর্যন্ত হাত, কবজি زَنْد ج زُنُود

[যানাদা] (আগুন) ধরানো, زَنَدَ [ن] [ض] (زَنْد)

(পাত্র) পূর্ণ করা, ভরা

[যানিদা] তৃষ্ণা লাগা, পিপাসা লাগা, তৃষ্ণার্ত হওয়া, পিপাসার্ত হওয়া — زَنِدَ [س] (زَنَد)

[যান্নাদা] মিথ্যা বলা, আগুন জ্বালানো, (পাত্র) পূর্ণ করা, কঠোরতা করা — زَنَّدَ (تَزْنِيد) [زند]

[যান্দাক্বাহ্] নাস্তিকতা, নাস্তিক্য — زَنْدَقَة [زندق]

[যিন্দীক] অবিশ্বাসী, নাস্তিক, যিনদীক — زِنْدِيق ج زَنَادِقَة [زندق]

[যানারা] ফিতা দিয়ে বাঁধা, বেল্ট পরানো — زَنَرَ [ن] (زَنْر)

[যান্নারা] ফিতা দিয়ে বাঁধা, বেল্ট পরানো, স্থিরদৃষ্টিতে তাকিয়ে থাকা — زَنَّرَ (تَزْنِير) [زنر]

[যান্‌যানাহ্] (জেলখানার) সেল, বন্দিশালা, ফাঁসিকক্ষ — زَنْزَانَة [زنزن]

[যান্‌যালাখ্‌ত] একপ্রকার সুদর্শন গাছ, chinaberry — زَنْزَلَخْت

[যানাক্বা] আঁটসাঁট করে বাঁধা, শক্ত করে বাঁধা — زَنَقَ [ض] (زَنْق)

[-- 'আলা] দিতে না চাওয়া, কার্পণ্য করা — زَنَقَ عَلَى

[যান্নাক্বা] শক্ত করে বাঁধা, আঁটসাঁট করে বাঁধা — زَنَّقَ (تَزْنِيق) [زنق]

[-- 'আলা] দিতে না চাওয়া, কার্পণ্য করা — زَنَّقَ عَلَى

[যানাক্বাহ্] সঙ্কীর্ণ রাস্তা, সরু গলি, সড়ক — زَنَقَة ج زَنَقَات ، زِنَق

[যিন্‌ক] দস্তা, zinc — زِنْك

[যানিম] কানের একাংশ কেটে ঝুলিয়ে রাখা হয়েছে এমন (উট) — زَنِم

[যানামাহ্] কেটে ঝুলিয়ে রাখা কানের অংশ, গলায় ঝুলন্ত মাংসখণ্ড, চিহ্ন — زَنَمَة

[যানা] অবৈধ যৌনকর্ম করা, যেনা করা, ব্যভিচার করা — زَنَى [ض] (زِنًى)

[যিনা] (নারী-পুরুষের) অবৈধ যৌনকর্ম, যেনা, ব্যভিচার — زِنًى

[ওয়ালাদুয যিনা] অবৈধ সন্তান, জারজ সন্তান, হারামজাদা — وَلَد الزِّنَى

[যানীম] হীন, নীচ, জারজ (সন্তান), কুখ্যাত, দুর্নামী, বহিরাগত — زَنِيم [زنم]

[যাহা] আলোকময় হওয়া, উজ্জ্বল হওয়া, বর্ধিত হওয়া, উন্নতি করা, অহঙ্কার করা, বড়াই করা — زَهَا [ن] (زَهْو) [زهو]

[যাহা'] সৌন্দর্য, উজ্জ্বলতা, উৎকর্ষ, চমৎকারিত্ব — زَهَاء [زهو]

[যুহা'] সংখ্যা, পরিমাণ — زُهَاء [زهو]

[যুহাআ] প্রায়, কাছাকাছি — زُهَاءَ

[যাহ্‌হাদ] সন্ন্যাসী, সংসারত্যাগী, তাপস, সংযমী, দরবেশ — زَهَّاد [زهد]

[যাহাদাহ্] ক্ষুদ্রত্ব, তুচ্ছতা, স্বল্পতা, সামান্য পরিমাণ, বিরলতা, তপস্যা, তপশ্চর্যা — زَهَادَة [زهد]

[যাহ্‌হার] ফুলওয়ালা, ফুলবিক্রেতা, ফুলচাষী, অত্যন্ত উজ্জ্বল, চকচকে — زَهَّار [زهر]

[যাহাদা] বিরত থাকা, ত্যাগ করা, উদাসীন থাকা, তাপস হওয়া, সন্ন্যাসী হওয়া, সংসারত্যাগী হওয়া, দরবেশ হওয়া — زَهَدَ [ف] (زُهْد ، زَهَادَة) عَنْ ، فِي

[যাহিদা] বিরত থাকা, ত্যাগ করা, উদাসীন থাকা, তাপস হওয়া, সন্ন্যাসী হওয়া, সংসারত্যাগী হওয়া, দরবেশ হওয়া — زَهِدَ [س] (زُهْد ، زَهَادَة) عَنْ ، فِي

[যাহুদা] বিরত থাকা, ত্যাগ করা, উদাসীন থাকা, তাপস হওয়া, সন্ন্যাসী হওয়া, সংসারত্যাগী হওয়া, দরবেশ হওয়া — زَهُدَ [ك] (زُهْد ، زَهَادَة) عَنْ ، فِي

[যাহ্‌হাদা] বিরত রাখা, ত্যাগ করতে বলা, অনাগ্রহী করা — زَهَّدَ (تَزْهِيد) [زهد] عَنْ ، فِي

[যুহ্‌দ] উপেক্ষা, তপশ্চর্যা, তপস্যা, সন্ন্যাস, সংসারত্যাগ — زُهْد

مَرْسِين [মার্‌সীন] উজ্জ্বল পাতা ও সুগন্ধ ফুল-বিশিষ্ট একপ্রকার চিরহরিৎ গুল্ম, মেদিগাছ, myrtle

مَرَشَ [ن] (مَرْش) [মারশা] নখ দ্বারা আঁচড়ানো, আঙ্গুলের মাথা দিয়ে চুলকানো, কথা দ্বারা কষ্ট দেওয়া, (পানি) প্রবাহিত হওয়া

مَرْشَال [মার্‌শাল] মার্শাল, ফিল্ডমার্শাল (পদ)

مِرَشَّة ج مَرَاشّ [رشش] [মিরশ্‌শাহ্‌] ছিটানোর যন্ত্র, স্প্রে, পানি দেওয়ার পাত্র, ঝরনা

مِرْشَح ج مَرَاشِح [رشح] [মির্‌শাহ্‌] ঘাম শুকানোর বস্ত্র, পরিশ্রুত করার যন্ত্র, ফিল্টার

مُرَشَّح [رشح] [মুরশ্‌শাহ্‌] পরিশ্রুত, ফোঁটায় ফোঁটায় পাতিত, সম্ভাব্য

مُرَشَّح ج مُرَشَّحُون [رشح] [মুরশ্‌শাহ্‌] পদপ্রার্থী, প্রার্থী, পরীক্ষার্থী

مُرَشِّح [رشح] [মুরশ্‌শিহ্‌] মনোনয়নদাতা

مُرَشِّح ج مُرَشِّحَات [رشح] [মুরশ্‌শিহ্‌] পরিশ্রুত করার যন্ত্র, ফিল্টার

مِرْشَحَة ج مَرَاشِح [رشح] [মির্‌শাহাহ্‌] পরিশ্রুত করার যন্ত্র, ফিল্টার, ঘাম শুকানোর বস্ত্র

مُرْشِد [رشد] [মুর্‌শিদ] পথপ্রদর্শক, উপদেশ-দাতা, গুরু, শিক্ষক, চালক, স্কাউট, গাইড

مُرْشِدَة [رشد] [মুর্‌শিদাহ্‌] পথপ্রদর্শনকারিণী, শিক্ষিকা, মহিলা স্কাউট, গার্ল গাইড

مِرْشَف ج مَرَاشِف [رشف] [মির্‌শাফ] পানি চুষে নেওয়ার যন্ত্র, ঠোঁট, ওষ্ঠ

مِرْصَاد ج مَرَاصِيد [رصد] [মির্‌ছাদ] মানমন্দির, পর্যবেক্ষণকেন্দ্র, ঘাঁটি, অপেক্ষা, প্রতীক্ষা

مَرْصَد ج مَرَاصِد [رصد] [মার্‌ছাদ] পর্যবেক্ষণকেন্দ্র, মানমন্দির, (সামরিক) ঘাঁটি

مُرَصَّع [رصع] [মুরাছ্‌ছা'] খচিত, মধ্যে স্থাপিত, অলঙ্কৃত, পরিশোভিত

مَرْصُود [رصد] [মার্‌ছূদ] পর্যবেক্ষণ করা হয়েছে বা পর্যবেক্ষণে রাখা হয়েছে এমন, চিহ্নিত, নির্দেশিত, আলাদাকৃত

مَرْصُوص [رصص] [মার্‌ছূছ] মজবুত, শক্ত, সুদৃঢ়, পাকা

مَرْصُوف [رصف] [মার্‌ছূফ] পাথর টালি ইট ইত্যাদি দ্বারা বাঁধানো, পাকা, পাটাতনকৃত

مَرَض ج أَمْرَاض [মারাদ] রোগ, ব্যাধি, অসুস্থতা, পীড়া, অসুখ, ব্যামো

مَرَض تَنَاسُلِيّ [মারাদ তানাসুলী] যৌনরোগ

مَرَض جِلْدِيّ [মারাদ জিল্‌দী] চর্মরোগ

مَرَض السُّكَّر [মারাদুস সুক্কার] ডায়াবেটিস, মেহ, বহুমূত্র

مَرَض عَقْلِيّ [মারাদ 'আক্‌লী] মানসিক রোগ

مَرَض الْقَلْب [মারাদুল ক্বাল্‌ব] হৃদরোগ, অন্তর-পীড়া

مَرَض مُزْمِن [মারাদ মুয্‌মিন] দীর্ঘস্থায়ী রোগ

مَرِض ج مِرَاض [মারিদ] রুগ্ন, রোগা, রোগাক্রান্ত, রোগী

مَرِضَ [س] (مَرَض) [মারিদা] রোগাক্রান্ত হওয়া, পীড়িত হওয়া, অসুস্থ হওয়া

مَرَّضَ (تَمْرِيض) [مرض] [মার্‌রাদা] রোগাক্রান্ত করা, (রোগীর) শুশ্রূষা করা, সেবা করা

مَرْضَاة ج مَرْضَات [رضي] [মার্‌দাত] সন্তোষ, সন্তুষ্টি, সম্মতি

مَرْضَع ج مَرَاضِع [رضع] [মার্‌দা'] দুগ্ধপানের জায়গা, স্তন

مُرْضِع ، مُرْضِعَة [رضع] [মুর্‌দি', মুর্‌দি'আহ্‌] স্তন্যদানকারিনী, দুধ-মা, ধাইমা, ধাত্রী

مَرْضُوض [رضض] [মার্‌দূদ] থেঁতলে-যাওয়া, ছ্যাঁচা-লাগা

مَرْضِيّ [رضو] [মার্‌দী] পছন্দকৃত, পছন্দনীয়, সন্তুষ্টকৃত, সন্তুষ্ট

مَرَضِيّ [মারাদী] রোগসম্বন্ধীয়, রোগ-বিষয়ক, রোগের, অসুস্থতার

مُرْضٍ ، مُرْضِي [رضو] [মুর্‌দী] সন্তোষজনক,

আনন্দদায়ক, তৃপ্তিকর

مَرَطَ [ن] (مَرْط) [মারত্বা] (চুল, পশম) উপড়ানো, উৎপাটিত করা, নিক্ষেপ করা, ফেলে দেওয়া, একত্র করা, (সন্তান) প্রসব করা

مَرَطَ (مَرْط ، مُرُوط) [মারত্বা] ছুটে যাওয়া, দ্রুত চলা

مَرَّطَ (تَمْرِيط) [مرط] [মার্‌রত্বা] (চুল, পালক) উপড়ানো, উৎপাটিত করা, আস্তিন গুটানো

مِرْط ج مُرُوط [মিরত্ব] সেলাইবিহীন কাপড়, চাদর

مُرْط [মুরত্ব] কেশবিহীন (أَمْرَط-এর বহুবচন)

مَرْطَاء [مرط] [মারত্বা'] কেশবিহীন, পালকবিহীন (أَمْرَط-এর স্ত্রীলিঙ্গ), পাতাবিহীন (গাছ)

مِرْطَاب [رطب] [মিরত্বাব] আর্দ্রতা-নির্ণায়ক যন্ত্র

مُرَطِّب [رطب] [মুরত্তিব] সতেজকারক, শক্তি-বর্ধক, (ত্বক) আর্দ্রকর

مُرَطِّبَات [رطب] [মুরত্তিবাত] কোমল পানীয়, সতেজকারক খাদ্য, শক্তিবর্ধক ঔষধ

مَرْع ج أَمْرَاع [মার্'] চারণভূমি, চারণক্ষেত্র, তৃণ-ক্ষেত্র, তৃণ, ঘাস

مَرَعَ [ف] (مَرْع) [মার'আ] মালিশ করা, তেল দেওয়া, (চুল) পরিপাটি করা

مَرِع [মারি'] উর্বর, উৎপাদনশীল, তৃণবহুল

مَرِعَ [س] (مَرَع) [মারি'আ] উৎপাদনশীল হওয়া, উর্বর হওয়া, তৃণবহুল হওয়া, স্বাচ্ছন্দ্যে থাকা

مَرُعَ [ك] (مَرَاعَة) [মারু'আ] উর্বর হওয়া, তৃণ-বহুল হওয়া, উৎপাদনশীল হওয়া, স্বাচ্ছন্দ্যে থাকা

مَرْعَاة [رعي] [মার্'আত] চারণক্ষেত্র, চারণভূমি, তৃণভূমি

مُرْعِب [رعب] [মুর্'ইব] ভয়ঙ্কর, ভীতিজনক

مُرْعَة ج مُرَع ، مِرْعَان [মুর্'আহ] চর্বি, তেল, বর্ষাকালে দেখা যায় এমন একপ্রকার ক্ষুদ্র পাখি

مُرَعَة ج مُرَع ، مِرْعَان [মুর'আহ] বর্ষাকালে দেখা যায় এমন একপ্রকার ক্ষুদ্র পাখি

مَرْعُوب [رعب] [মার্'উব] ভীত, আতঙ্কিত, সন্ত্রস্ত

مَرْعُون [رعن] [মার্'উন] সর্দিগর্মিতে আক্রান্ত

مَرْعَى ج مَرَاعِي ، مَرَاعٍ [رعي] [মার্'আ] চারণ-ক্ষেত্র, চারণভূমি, তৃণভূমি, ঘাস, তৃণ

مَرْعِيّ [رعي] [মার্'ঈ] পালনকৃত, রক্ষিত, কার্য-কর, প্রথাগত

مَرْغ [মার্‌গ] লালা, শিকনি, তৃণবহুল বাগান

مَرَغَ [ف] (مَرْغ) [মারগা] (ঘাস) খাওয়া, খেতে থাকা, চরে বেড়ানো, (উট) ফেনা বের করা

مَرِغَ [س] (مَرَغ) [মারিগা] (সম্মান) নষ্ট হওয়া, কলুষিত হওয়া

مَرَّغَ (تَمْرِيغ ، تَمْرَاغ) [مرغ] [মার্‌রগা] (ধুলায়) গড়ানো, গড়াগড়ি দেওয়ানো, (সম্মান) নষ্ট করা, কলুষিত করা, (তেল) মালিশ করা

مِرْغَاة ج مَرَاغِي ، مَرَاغٍ [رغو] [মির্‌গাত] ফেনা তোলার যন্ত্র

مَرْغَة [মার্‌গাহ] বাগান, উদ্যান, তৃণবহুল বাগান

مَرْغَم ، مَرْغِم ج مَرَاغِم [رغم] [মার্‌গাম, মার্‌গিম] নাক, নাসিকা, নাসা

مُرْغَم [رغم] [মুর্‌গাম] বাধ্য করা হয়েছে এমন, জোর করা হয়েছে এমন, বাধ্য

مَرْغَمَة ج مَرَاغِم [رغم] [মার্‌গামাহ] অপছন্দ, অনিচ্ছা, অনীহা, বিরাগ, বিমুখতা

مَرْغُوب فِيه [رغب] [মার্‌গূব ফীহ্] কাংক্ষিত, কাম্য, ইপ্সিত

مُرْغٍ ، مُرْغِي [رغو] [মুর্‌গী] ফেনা সৃষ্টি করে এমন, ফেনায়মান, ফেনাযুক্ত, ফেনিল

مِرْفَاع ج مَرَافِيع [رفع] [মির্‌ফা'] উত্তোলন-যন্ত্র, ক্রেন, আগ্নেয়াস্ত্রের লক্ষ্য স্থিরকরণে সহায়ক যন্ত্র

مَرْفَأ ج مَرَافِئ [رفأ] [মার্‌ফা'] পোতাশ্রয়, বন্দর

مَرْفَد ج مَرَافِد [رفد] [মার্‌ফাদ] উপকার, সহায়তা, সাহায্য

مِرْفَد ج مَرَافِد [رفد] [মির্‌ফাদ] দুগ্ধ দোহনের পাত্র, বড় পেয়ালা

مُرَفْرِف [رفرف] [মুরফরিফ] পত্পত্ শব্দকারী, পত্পত্ করে উড়ছে এমন, উড়ন্ত (পতাকা)

مَرْفَع ج مَرَافِع [رفع] [মার্‌ফা'] রোমান ক্যাথ-লিকদের একটি পার্বণ, Shrovetide, carnival

مِرْفَع ج مَرَافِع [رفع] [মির্‌ফা'] যদ্দারা উঠানো

হয়, উত্তোলনযন্ত্র, ক্রেন

مِرْفَعَة ج مَرَافِع [رفع] [মির্‌ফা'আহ্] উত্তোলন-যন্ত্র, ক্রেন

مَرْفَق ج مَرَافِق [رفق] [মার্‌ফাক] সুবিধা, আরাম, কল্যাণ, সেবা, জনহিতকর কার্য

مَرْفِق ج مَرَافِق [رفق] [মার্‌ফিক] সুবিধা, আরাম, কল্যাণ, সেবা, জনহিতকর কার্য, কনুই

مِرْفَق ج مَرَافِق [رفق] [মির্‌ফাক] কনুই, সুবিধা, আরাম, কল্যাণ, সেবা, জনহিতকর কার্য, যন্ত্রকে ঘোরানোর বাঁকানো হাতল, crank

مُرْفَق [رفق] [মুর্‌ফাক] সঙ্গে প্রদত্ত, সঙ্গে গ্রথিত, সংযুক্ত

مُرْفَقَات [رفق] [মুর্‌ফাক্বাত] সংযুক্ত কাগজপত্র, enclosures

مَرْفُود [رفد] [মার্‌ফুদ] দানকৃত, প্রদত্ত, পুরস্কৃত, প্রাপ্ত

مَرْفُوض [رفض] [মার্‌ফূদ] প্রত্যাখ্যাত, বর্জিত

مَرْفُوع [رفع] [মার্‌ফূ'] উত্তোলিত, উচ্চ, উঁচু, (ব্যাকরণে) কর্তৃবাচ্যবিশিষ্ট (শব্দ)

الحَدِيث المَرْفُوع [আল-হাদীছুল মার্‌ফূ'] মার্‌ফূ হাদীসঃ যে হাদীসের সনদ রসূলুল্লাহ (স) পর্যন্ত পৌঁছেছে, রসূলুল্লাহর (স) হাদীস

مُرْفِين [মোর্‌ফীন] মরফিন (morphine)

مَرْق ، مِرْق ج مُرُوق ، أَمْرَاق [মার্‌ক, মির্‌ক] শস্য-মঞ্জরী, (শস্যের) শিষ

مَرَق [মারক] ঝোল, শুরুয়া, সূপ (soup)

مَرَقَ [ن] (مُرُوق) مِنْ [মারকা] ভেদ করা, বিদ্ধ করা, বেরিয়ে যাওয়া, অবাধ্য হওয়া, অস্বীকার করা, ত্যাগ করা

مِرْقَاة ج مَرَاقِي ، مَرَاقٍ [رقي] [মির্‌ক্বাত] সিঁড়ি, সোপান, মই, লিফ্‌ট, ধাপ

مِرْقَاق [رقق] [মির্‌ক্বাক] (রুটি ইত্যাদি বেলবার) বেলন

مِرْقَال [رقل] [মির্‌ক্বাল] দ্রুতগামী উষ্ট্রী

مِرْقَاة [رقأ] [মির্‌ক্বাআহ্] সিঁড়ি, রক্তপড়া বন্ধের ব্যবস্থা, পাক-তাগা, tourniquet

مَرْقَب ج مَرَاقِب [رقب] [মার্‌ক্বাব] প্রহরা-গম্বুজ, পর্যবেক্ষণ-চৌকি, মানমন্দির

مِرْقَب ج مَرَاقِب [رقب] [মির্‌ক্বাব] দুরবীক্ষণযন্ত্র, দূরবীন, টেলিস্কোপ

مَرْقَبَة ج مَرَاقِب [رقب] [মার্‌ক্বাবাহ্] পর্যবেক্ষণ-চৌকি, প্রহরা-গম্বুজ, মানমন্দির

مَرَقَة [মারক্বাহ্] ঝোল, শুরুয়া, সূপ (soup)

مَرْقَد ج مَرَاقِد [رقد] [মার্‌ক্বাদ] বিছানা, শয্যা, বিশ্রামস্থল, সমাধি

مُرْقِد ، مُرَقِّد [رقد] [মুর্‌ক্বিদ, মুরক্কিদ] ঘুম এনে দেয় এমন, ঘুম পাড়িয়ে রাখে এমন, নিদ্রাকর. নিদ্রাজনক, নিদ্রাকর্ষক, ঘুমপাড়ানে, সম্মোহক, সংবেশক

مُرَقَّش [رقش] [মুরক্কাশ] বহুবর্ণরঞ্জিত, বিচিত্রিত, কর্বুরিত, চকরা-বকরা

مَرْقَص ج مَرَاقِص [رقص] [মার্‌ক্বাছ] নাচের ঘর, নাচঘর, নাচকক্ষ, নৃত্যশালা

مُرَقَّط [رقط] [মুরক্কাত] ছোট ছোট দাগযুক্ত, ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্রযুক্ত, ফোঁটাযুক্ত

مُرَقَّع [رقع] [মুরক্কা'] তালি-লাগানো, তালিযুক্ত, তালি-দেওয়া, জোড়াতালি-দেওয়া

مُرَقَّق [رقق] [মুরক্কাক] পাতলা-করা, তরলীকৃত, লঘুকৃত

مُرَقِّق [رقق] [মুরক্কিক] পাতলা করে এমন, তরল করে এমন, লঘুকর

مِرْقَم ج مَرَاقِم [رقم] [মির্‌ক্বাম] অঙ্কন-পেন্সিল, তুলি, চকখড়ি, কলম

مُرَقَّم [رقم] [মুরক্কাম] ফোঁটাযুক্ত, ডোরাযুক্ত, নম্বরযুক্ত, সংখ্যাযুক্ত

مَرْقُوم [رقم] [মার্‌কূম] লিখিত, সীলমোহরকৃত, লিপিবদ্ধ, সুলিখিত

مَرْقًى ج مَرَاقِي ، مَرَاقٍ [رقي] [মার্‌ক্বা] সিঁড়ি, সোপান, মই, লিফ্‌ট, ধাপ

مِرْكَاض ج مَرَاكِيض [ركض] [মির্‌কাদ] অধিক দৌড়ায় এমন, দৌড়বিদ, দ্রুতগামী

مَرْكَب ج مَرَاكِب [ركب] [মার্‌কাব] যানবাহন, নৌযান, নৌকা, জাহাজ

مُرَكَّب [ركب] [মুরক্কাব] গঠিত, রচিত, সংযোজিত, মিশ্র, যৌগিক

مُرَكَّب ج مُرَكَّبَات [ركب] [মুরক্কাব] যৌগিক পদার্থ, মিশ্র বস্তু, কমপ্লেক্স (complex)

عَدَد مُرَكَّب ['আদাদ মুরক্কাব] যৌগিক সংখ্যা, মিশ্র সংখ্যা

مَرْكَبَة ج مَرْكَبَات [ركب] [মার্‌কাবাহ্] শকট, গাড়ি, যানবাহন

مَرْكَة [মার্‌কাহ্] মার্কাঃ ফিনল্যান্ডের মুদ্রা

مَرْكَز ج مَرَاكِز [ركز] [মার্‌কায] কেন্দ্র, মধ্যস্থল, প্রধান কার্যালয়, স্টেশন, কর্মস্থল, স্থান

مُرَكَّز [ركز] [মুরক্কায] কেন্দ্রীভূত, সুপ্রতিষ্ঠিত, স্থাপিত, ঘনীকৃত, ঘনীভূত

مَرْكَزِيّ [ركز] [মার্‌কাযী] কেন্দ্রীয়, কেন্দ্রীভূত, প্রধান

لَامَرْكَزِيّ [লামার্‌কাযী] বিকেন্দ্রীয়, বিকেন্দ্রীকৃত

مَرْكَزِيَّة [ركز] [মার্‌কাযিয়্যাহ্] কেন্দ্রিকতা, কেন্দ্রীকরণ

لَامَرْكَزِيَّة [লামার্‌কাযিয়্যাহ্] বিকেন্দ্রীকরণ

مِرْكَض ج مَرَاكِض [ركض] [মির্‌কাদ] আগুন নাড়ার লৌহ-শলাকা, পার্শ্ব, ধনুকের পার্শ্ব

مِرْكَضَة ج مَرَاكِض [ركض] [মির্‌কাদাহ্] পা দ্বারা মাটিতে আঘাত করে এমন ঘোড়া, ধনুকের পার্শ্ব

مِرْكَم ج مَرَاكِم [ركم] [মির্‌কাম] বিদ্যুৎশক্তি সঞ্চিত রাখার যন্ত্রবিশেষ, accumulator

مِرْكَن ج مَرَاكِن [ركن] [মির্‌কান] বস্ত্রাদি ধৌত করার আধারবিশেষ, washtub

مَرْكُوب [ركب] [মার্‌কূব] আরোহণ করা হয়েছে এমন, আরূঢ় (উচ্চস্থান)

مَرْكُوب ج مَرَاكِيب [মার্‌কূব] আরোহণের পশু, বাহন, আরোহণের স্থান, পর্বত, পাহাড়, টিলা

مَرْكُوم [ركم] [মার্‌কূম] স্তূপীকৃত, স্তরে স্তরে রক্ষিত

مَرْكِيز [মার্‌কীয] মার্কুইস (marquis)ঃ অভিজাত ব্যক্তির উপাধিবিশেষ

مَرْكِيزَة [মার্‌কীযাহ্] মার্কিস (marquise)ঃ মার্কুইসের পত্নী

مِرْمَاة [رمي] [মির্‌মাত] তীরনিক্ষেপ অনুশীলনের ছোট তীর, পশুর (পায়ের) খুর

مِرْمَاش ج مَرَامِيش [رمش] [মির্‌মাশ] তাকানোর সময় বেশী চোখ নাড়ায় এমন

مَرَمَّة ج مَرَمَّات [رمم] [মারাম্মাহ্] খুরওয়ালা পশুর ঠোঁট, ঘরের আসবাবপত্র, মেরামত, সংস্কার, পুনর্নির্মাণ, মেরামতস্থল

مِرَمَّة ج مِرَمَّات [رمم] [মিরাম্মাহ্] খুরওয়ালা পশুর ঠোঁট

مَرْمَدَة ج مَرَامِد [رمد] [মার্‌মাদাহ্] ছাই ফেলার পাত্র, ছাইদানি

مَرْمَر [মার্‌মার] মর্মর, মার্বেল (মূল্যবান পাথর)

مَرْمَرَ (مَرْمَرَة) [মার্‌মারা] রাগান্বিত হওয়া, রেগে যাওয়া

مَرْمَرِيّ [মার্‌মারী] মর্মর-সম্বন্ধীয়, মার্বেল পাথরের

مَرْمَرِيج [মার্‌মারীজ] বানমাছ, পাঁকালমাছ

مَرْمَرِيس [মার্‌মারীস] মসৃণ, শক্ত, বিপদ, দুর্যোগ, লম্বা (ঘাড়), কঠিন (বিপদ)

مَرْمَس ج مَرَامِس [رمس] [মার্‌মাস] পুঁতে রাখার জায়গা, কবর দেওয়ার জায়গা

مِرْمَلَة [رمل] [মির্‌মালাহ্] বালির বাক্স, sand-box

مُرَمَّم [رمم] [মুরাম্মাম] মেরামতকৃত, সংস্কারকৃত, পুনর্নির্মিত

مَرْمُوط [رمط] [মার্‌মূত] প্রাণীবিশেষ, marmot

مَرْمُوق [رمق] [মার্‌মূক] লক্ষণীয়, উন্নত, বিশেষ, বিশিষ্ট, গুরুত্বপূর্ণ, কাংক্ষিত, প্রত্যাশিত

مَرْمًى ج مَرَامٍ ، مَرَامِي [رمي] [মার্‌মা] নিশানা, লক্ষ্য, চাঁদমারি, গোলপোস্ট

مَرْمِيّ [رمي] [মার্‌মী] নিক্ষিপ্ত, নিক্ষেপিত

مِرْمِيس [মির্‌মীস] গণ্ডার (প্রাণী)

مَرْن ج أَمْرَان [মার্‌ন] নরম চামড়া, পশম, দান, একপ্রকার কাপড়, পোশাক, পার্শ্ব

مَرَنَ [ن] (مُرُون ، مُرُونَة ، مَرَانَة) [মারনা] নরম হওয়া, কোমল হওয়া, অভ্যস্ত হওয়া

مَرَنَ عَلَى [-- 'আলা] অনুশীলন করা, চর্চা করা, অভ্যাস করা, প্রশিক্ষণ নেওয়া

مَرَّنَ (تَمْرِين) [مرن] [মার্‌রানা] নরম করা

مَرَّنَ عَلَى [-- 'আলা] অনুশীলন করানো, প্রশিক্ষণ দেওয়া, চর্চা করানো, অভ্যস্ত করা

مَرِنٌ [মারিন] নরম, কোমল, নমনীয়, প্রশিক্ষণপ্রাপ্ত, অভ্যস্ত, অভ্যাস, স্বভাব, চরিত্র, অবস্থা

هُمْ عَلَى مَرِنٍ وَاحِدٍ [হুম 'আলা মারিনিন ওয়াহিদ] তারা একই স্বভাবের

مِرْنَانٌ [رنن] [মির্নান] বাজে বা শব্দ করে এমন, প্রতিধ্বনিপূর্ণ, অনুরণিত, অনুনদিত, অনুনাদ

مَرْنَبَةٌ ج مَرَانِبُ [رنب] [মার্নাবাহ] খরগোশ প্রতিপালনের ক্ষেত্র

مُرَنِّمٌ [رنم] [মুরান্নিম] গায়ক, সুরারোপকারী

مُرْهَفٌ [رهف] [মুর্হাফ] পাতলা, ছিপছিপে, সূক্ষ্ম, তীক্ষ্ণ, ধারালো

مُرْهَفُ الحِسِّ [মুর্হাফুল হিস্] সূক্ষ্ম অনুভূতি-সম্পন্ন, সংবেদনশীল

مُرْهَقٌ [رهق] [মুর্হাক] ক্লান্ত, পরিশ্রান্ত, নিঃশে-ষিত, অতিরিক্ত বোঝা চাপানো হয়েছে এমন, নির্যাতিত, উৎপীড়িত

مُرْهِقٌ [رهق] [মুর্হিক] ভোগান্তিকর, কষ্টদায়ক, ক্লান্তিকর, উৎপীড়ক

مَرْهَمٌ ج مَرَاهِمُ [মার্হাম] মলম, মালিশ, প্লাস্টার, প্রলেপ

مَرْهَمٌ (مَرْهَمَةٌ) [মার্হামা] মলম লাগানো, মালিশ লাগানো, প্লাস্টার করা, প্রলেপ লাগানো

مَرْهُوبٌ [رهب] [মার্হুবা] ভীত, শঙ্কিত, আতঙ্ক-গ্রস্ত

مَرْهُونٌ [رهن] [মার্হুন] বন্ধক হিসেবে রক্ষিত, পণবন্দী, নির্ভরশীল, শর্তযুক্ত, সম্পৃক্ত, আবদ্ধ

مَرْوٌ [মার্ও] স্ফটিক, চকমকি

مُرُوءَةٌ [مرأ] [মুরূআহ] পৌরুষ, পুরুষত্ব, মানবতা, মানবিকতা, বদান্যতা

المَرْوَةُ [আল-মার্ওয়াহ্] মার্ওয়াঃ পবিত্র কাবা-ঘরের সন্নিকটস্থ একটি ক্ষুদ্র পাহাড়

مُرُوَّةٌ [مرأ] [মুরুওওয়াহ্] পৌরুষ, পুরুষত্ব, মান-বতা, মানবিকতা, বদান্যতা

مُرَوَّجٌ [روج] [মুরাওওয়াজ] চালু, প্রচলিত, গতি-শীল

مُرَوِّجٌ [روج] [মুরাওবিজ] প্রচলনকারী, প্রবর্তক, প্রচারকারী

مِرْوَحٌ ج مَرَاوِحُ [روح] [মির্ওয়াহ্] পাখা, ভেন্টি-লেটর, প্রপেলার

مِرْوَحَةٌ ج مَرَاوِحُ [روح] [মির্ওয়াহাহ্] পাখা, ভেন্টিলেটর, প্রপেলার

مِرْوَحِيَّةٌ [روح] [মির্ওয়াহিয়্যাহ] হেলিকপ্টার

مَرُوخٌ [روخ] [মারূখ] মলম, মালিশ, প্রলেপ, কল্প

مِرْوَدٌ ج مَرَاوِدُ [رود] [মির্ওয়াদ] কপিকলের অক্ষ, লাগামের খলিন, ঘূর্ণায়মান আংটা, সুর্মার কাঠি

مُرُورٌ [مرر] [মুরূর] অতিক্রমণ, গমন, প্রবাহ, চলাচল, যাতায়াত, ট্রাফিক

مُرَوَّضٌ [روض] [মুরাওওয়াদ] গৃহপালিত, পোষা, বশীভূত, প্রশিক্ষণপ্রাপ্ত, অভ্যস্ত

مُرَوِّضٌ [روض] [মুরাওবিদ] পালনকারী, প্রশিক্ষক

مُرَوَّعٌ [روع] [মুরাওওয়া'] ভীত, সন্ত্রস্ত, আতঙ্কিত

مُرَوِّعٌ [روع] [মুরাওবি'] ভয়ঙ্কর, ভয়ানক, ভীতি-প্রদ, আতঙ্কজনক

مُرُوقٌ [মুরূক] বিচ্যুতি, নীতিবিসর্জন, বিভ্রান্তি, ভ্রষ্টতা

مَرُومٌ [روم] [মারূম] কাংক্ষিত, কাম্য, অভীষ্ট, প্রিয়

مُرُونَةٌ [مرن] [মুরূনাহ] নম্রতা, কোমলতা, নম-নীয়তা, স্থিতিস্থাপকতা

مَرْوِيٌّ [روي] [মার্বী] বর্ণিত, কথিত, উদ্ধৃত, সিঞ্চিত

مَرْوِيَّاتٌ [روي] [মার্বিয়্যাত] বর্ণনাসমূহ, বর্ণিত ঘটনাবলী, কাহিনী

مِرْيَاحٌ [ريح] [মির্ইয়াহ] বাতাসের গতিমাপক যন্ত্র

مَرِيءٌ [مرأ] [মারী'] স্বাস্থ্যকর, সুখকর, আরাম-দায়ক, তৃপ্তিদায়ক, সুস্বাদু

هَنِيئًا وَ مَرِيئًا [হানীআন ওয়া মারীআন] সুখে থাক ও তৃপ্তি লাভ কর! (পানাহারকারীর জন্য দোয়া)

مُرِيبٌ [ريب] [মুরীব] সন্দেহজনক, সন্দেহ-মূলক, সংশয়মূলক, দ্বিধাপূর্ণ, ইতস্ততকারী

مَرِيَّةٌ [মারিয়্যাহ] প্রচুর দুধ দেয় এমন উষ্ট্রী

[মির্ইয়াহ, মুর্ইয়াহ] দ্বিধা, [مري] مِرْيَة ، مُرْيَة সংশয়, সন্দেহ, ঝগড়া, বিতর্ক

[মারীজ] বিশৃঙ্খল, এলোমেলো, [مرج] مَرِيج গোলমেলে, পেঁচযুক্ত, জটবদ্ধ, জটিল

[মির্রীহ] উৎফুল্ল, প্রফুল্ল, উল্লসিত, [مرح] مِرِّيح প্রাণবন্ত

[মুরীহ] আনন্দদায়ক, আরামদায়ক, [روح] مُرِيح সুখকর, সন্তোষজনক

[মির্রীখ] নরম গাছবিশেষ, বোকা, নির্বোধ مِرِّيخ

[আল-মির্রীখ] মঙ্গলগ্রহ المِرِّيخ

[মারীদ] বিদ্রোহী, অবাধ্য [مرد] مَرِيد ج مُرَدَاء

[মুরীদ] ইচ্ছুক, প্রার্থী, অনুসারী, শিষ্য, [رود] مُرِيد ভক্ত

[মারীর] শক্ত, মজবুত, সুদৃঢ়, [مرر] مَرِير ج مَرَائِر গভীর, তিক্ত, দড়ি, রশি, দৃঢ়তা, শক্তি, সংকল্প

[মারীরাহ] দৃঢ়তা, স্থিরতা, [مرر] مَرِيرَة ج مَرَائِر সঙ্কল্প, স্থিরচিত্ততা, ছোট দড়ি

[মারীশ, মুরাইয়াশ] [ريش] مَرِيش ، مُرَيَّش পালকে আবৃত, পালকবহুল, সুসজ্জিত

[মারীদ] রুগ্ন [مرض] مَرِيض ج مَرْضَى ، مَرَاضَى ব্যক্তি, রোগী, রোগাক্রান্ত, রোগগ্রস্ত, রোগা, অসুস্থ

[মারীত] কেশবিহীন, পালকবিহীন [مرط] مَرِيط

[মারী'] উর্বর, উৎপাদন- [مرع ، روع] مَرِيع শীল, ফলপ্রসূ, ভীতিজনক, ভয়ঙ্কর

[মুরী'] ভয়ঙ্কর, ভয়ানক, ভীতিপ্রদ, [روع] مُرِيع আতঙ্কজনক

[মার্ইয়ালাহ] শিশুর বা স্ত্রীলোকের [ريل] مَرْيَلَة বহির্বাসবিশেষ, এপ্রন

[মার্ইয়াম] মরিয়ম (আ)ঃ হযরত ঈসা (আ) مَرْيَم -এর মা, সূরা মার্ইয়ামঃ পবিত্র কোরআনের ১৯তম সূরা

[মার্য়ুল] শিশুর বা স্ত্রীলোকের [ريل] مَرْيُول বহির্বাসবিশেষ, এপ্রন

[মায্যা] চোষা, চুষে খাওয়া, চুমুক (مَزّ) [ن] مَزَّ দেওয়া

[মুযাবানাহ] ওজন মাপ বা সংখ্যা [زبن] مُزَابَنَة না জেনে বিক্রয়, গাছে থাকা অবস্থায় বিক্রয়

[মিযাজ] মিশ্রিত দ্রব্য, মিশ্র পদার্থ, مِزَاج ج أَمْزِجَة মিশ্রণ, সংমিশ্রণ, মেজাজ, রুচি

[মিযাজী] মেজাজ-সম্বন্ধীয়, খামখেয়ালী, مِزَاجِيّ মেজাজী

[মায্যাহ] কৌতুককারী, রসিকতাকারী, ভাঁড় مَزَّاح

[মুযাহ] মজা, কৌতুক, রসিকতা, তামাশা, مُزَاح ঠাট্টা

[মুযাহিম] প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী [زحم] مُزَاحِم

[মুযাহামাহ] বিরক্তি, [زحم] مُزَاحَمَة ج مُزَاحَمَات প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা

[মাযাদ] [زود ، زيد] مَزَاد ج مَزَاوِد ، مَزَادَات পাথেয় রাখার পাত্র, নিলাম, নিলামে বিক্রয়

[মাযাদ 'আলানী] প্রকাশ্য নিলাম مَزَاد عَلَنِيّ

[মাযাদাহ] [زود ، زيد] مَزَادَة ج مَزَاد ، مَزَايِد পাথেয় রাখার পাত্র, পানি রাখার জন্য চামড়ার তৈরী পাত্র, মশক

[মাযার] যিয়ারতের স্থান, [زور] مَزَار ج مَزَارَات পরিদর্শনস্থল, পবিত্র স্থান, পরিদর্শন, যিয়ারত

[মুযারি'] চাষী, কৃষক, কৃষিকর্মী, [زرع] مُزَارِع বরগাচাষী

[মুযার'আহ] কৃষিকাজ, ভাগে [زرع] مُزَارَعَة কৃষিকাজ, বরগা চাষ

[মাযা'ইম] অভিযোগসমূহ, [زعم] (مَزْعَم) مَزَاعِم দাবিসমূহ, অনুমানসমূহ

[মুযামিল] সহকর্মী, সঙ্গী, সহগামী, [زمل] مُزَامِل সহযাত্রী

[মুযামিন] যুগপৎ সংঘটিত, সমলয়, [زمن] مُزَامِن সমছন্দ, সমাপতিত

[মুযামানাহ] যুগপৎ সংঘটন, সম- [زمن] مُزَامَنَة লয়ন, ছন্দসমতা

[মুযাওয়াজাহ] জোড়াগঠন, যুগল- [زوج] مُزَاوَجَة বন্ধন, মিলন, যোজন, সংযোগ, দ্বিগুণকরণ, দ্বিত্ব, যুগ্মভাব

[মুযাবিল] আত্মনিয়োগকারী, অনু- [زول] مُزَاوِل শীলনকারী, চর্চাকারী

[মুযাওয়ালাহ] আত্মনিয়োগ, চর্চা, [زول] مُزَاوَلَة অনুশীলন

مُزَايِد [زيد] [মুযায়িদ] (নিলামে) যে অধিক মূল্য হাঁকে, যে নিলাম ডাকে

مُزَايَدَة [زيد] [মুযায়াদাহ] (নিলামে) অধিক মূল্য হাঁকন, (নিলামের) ডাক, নিলাম

مِزْبَد ، مِزْبَدَة ج مَزَابِد [زبد] [মিয্বাদ] মাখন তোলার পাত্র

مُزْبِد [زبد] [মুয্বিদ] ফেনাযুক্ত, ফেনিল, ফেনা সৃষ্টি করে এমন

مَزْبَدَة ج مَزَابِد [زبد] [মায্বাদাহ] মাখন তৈরীর প্রতিষ্ঠান, মাখনের দোকান

مِزْبَدَة ج مَزَابِد [زبد] [মিয্বাদাহ] মাখন তোলার পাত্র

مَزْبَلَة ج مَزَابِل [زبل] [মায্বালাহ] গোবরের স্তূপ, আবর্জনা রাখার পাত্র, ময়লার ভাণ্ড

مَزْبُلَة ج مَزَابِل [زبل] [মায্বুলাহ] গোবরের স্তূপ, আবর্জনা রাখার পাত্র, ময়লার ভাণ্ড

مَزْج [মায্জ] মিশ্রণ, মিলন, সংযোগ, ভেজাল

مَزَجَ [ن] (مَزْج ، مِزَاج) [মাযাজা] মিশানো, মিশ্রিত করা

مَزَّجَ (تَمْزِيج) [مزج] [মায্যাজা] (শস্য-মঞ্জরী) সবুজের পর হলুদ রং ধারণ করা, দানা করা

مُزَجَّج [زجج] [মুযাজ্জাজ] কাচে পরিণত, কাচ-সজ্জিত, কাচের প্রলেপযুক্ত

مُزْجَى ـ مُزْجَاة [زجي] [মুয্জা] তাড়িত, ঠেলে দেওয়া হয়েছে এমন, এগিয়ে দেওয়া হয়েছে এমন, সামান্য, অপর্যাপ্ত, নগণ্য, তুচ্ছ

مَزْح [মায্হ] মজা, রসিকতা, কৌতুক, (শস্যের) শিষ, মঞ্জরী

مَزَحَ [ن] (مَزْح ، مُزَاح) [মাযাহা] কৌতুক করা, রসিকতা করা, মজা করা, ঠাট্টা করা

مَزَّحَ (تَمْزِيح) [مزح] [মায্যাহা] (মঞ্জরী, আঙ্গুর) রং ধারণ করা, রং ধরা, (গাছে) ফল ধরা

مَزْحَة [মায্হাহ] মজা, কৌতুক, রসিকতা, ঠাট্টা, তামাশা

مُزَحْزِح [زحزح] [মুযাহ্যিহ] দূরকারী, বিদূরণ-কারী, অপসারণকারী

مُزَخْرَف [زخرف] [মুযাখ্রাফ] সাজানো, সজ্জিত, অলঙ্কৃত

مُزَخْرِف [زخرف] [মুযাখ্রিফ] যে সজ্জিত করে বা সাজায়, সাজসজ্জাকারী, সৌন্দর্যবিধায়ক

مُزْدَجَر [زجر] [মুয্দাজার] ধমক, সতর্কীকরণ, সাবধানবাণী

مُزْدَحِم [زحم] [মুয্দাহিম] ভিড়বিশিষ্ট, জনাকীর্ণ, ঠাসা, গাদানো

مُزْدَرَى ـ مُزْدَرَاة [زري] [মুয্দারা] অবজ্ঞাত, ঘৃণিত, হেয় প্রতিপন্ন

مُزْدَرِي ، مُزْدَرٍ [زري] [মুয্দারী] অবজ্ঞাকারী, ঘৃণাকারী, হেয়জ্ঞানকারী

المُزْدَلِفَة [আল-মুয্দালিফাহ] মুয্দালিফাঃ মক্কা মুকাররমার কাছে মিনা ও আরাফাতের মধ্যবর্তী একটি স্থান

مُزْدَهِر [زهر] [মুয্দাহির] উন্নয়নশীল, বিকাশ-শীল, উন্নত, উজ্জ্বল

مُزْدَوِج [زوج] [মুয্দাবিজ] যুগ্ম, যুগল, দ্বৈত

مَزَرَ [ن] (مَزْر) [মাযারা] (দুধ) অল্প পান করা, একটু একটু পান করা, আস্তে চিমটি কাটা, রাগানো, (পাত্র) ভরা, পূর্ণ করা

مِزْر [মিয্র] একপ্রকার বিয়ার (মদ)

مِزْرَاب ج مَزَارِيب [زرب] [মিয্রাব] ড্রেন, নালা, নর্দমা

مِزْرَاق ج مَزَارِيق [زرق] [মিয্রাক] খাটো বর্শা, ছোট বল্লম

مَزْرَة [مزر] [মায্রাহ] চোষণ, চুমুক

مَزْرَد ج مَزَارِد [زرد] [মায্রদ] গলা, খাদ্যনালী

مَزْرَعَة ج مَزَارِع [زرع] [মায্র'আহ] কৃষিক্ষেত, শস্যক্ষেত, খামার, ক্ষেত, ক্ষেত্র

مُزْرَق [زرق] [মুয্রাক] নীল, নীলাভ, নীলচে

مُزَرْكَش [زركش] [মুযার্কাশ] বুটিদার, সজ্জিত, অলঙ্কৃত

مَزْرُوع [زرع] [মায্রূ'] চাষকৃত, কর্ষিত, রোপণ-কৃত, বপনকৃত

مَزَعَ [ف] (مَزْع) [মাযা'আ] (তুলার) জট ছাড়ানো, দ্রুত চলা, জোরে হাঁটা, ছুটে যাওয়া, দৌড়ানো

مَزَّعَ (تَمْزِيع) [مزع] [মায্যা'আ] (তুলার) জট

ছাড়ানো, টুকরা টুকরা করে ছেঁড়া, ফালি ফালি করে চেরা

مِزْعَة ج مِزَع [মিয্‘আহ্] টুকরা, খণ্ড, ফালি, অল্প পরিমাণ, (পানির) ঢোক, চুমুক

مُزْعَة ج مُزَع [মুয্‘আহ্] টুকরা, খণ্ড, ফালি, অল্প পরিমাণ, (পানির) ঢোক, চুমুক, অবশিষ্ট চর্বি

مُزْعَج [زعج] [মুয্‘আজ] বিরক্ত, অস্থির, অশান্ত, উত্তেজিত

مُزْعِج [زعج] [মুয্‘ইজ] বিরক্তকারী, বিরক্তিকর, অস্বস্তিকর, কষ্টদায়ক

مُزَعْزَع [زعزع] [মুযা‘যা‘] ঝাঁকুনি খেয়েছে এমন, আলোড়িত, ওলটপালট, বিশৃঙ্খল, নড়বড়ে

مَزْعُوم [زعم] [মায্‘উম] ধারণাকৃত, তথাকথিত

مَزْعِيّ [مزع] [মায্‘ঈ] চোগলখোর

مَزْغُول [زغل] [মায্গূল] ভেজালকৃত, জালকৃত, বিকৃত

مُزَفَّت [زفت] [মুযাফ্ফাত] আলকাতরার প্রলেপ-যুক্ত, পিচ-ঢালা (রাস্তা)

مِزَفَّة [زفف] [মিযাফ্ফাহ্] পালকি, শিবিকা

مِزْفَتَة ج مَزَافِت [زفت] [মিয্ফাতাহ্] (রাস্তায়) পিচ ঢালার যন্ত্র, রোলার

مَزَقَ [ن] [ض] (مَزْق ، مَزْقَة) [মাযাক্বা] (কাপড়) ছিঁড়ে ফেলা, বিদীর্ণ করা, ভেঙ্গে ফেলা, টুকরা করা, (সম্মান) নষ্ট করা

مَزَّقَ (تَمْزِيق) [مزق] [মায্যাক্বা] টুকরা টুকরা করা, খণ্ড বিখণ্ড করা, ছিন্ন বিচ্ছিন্ন করা, ভেঙ্গে দেওয়া, নষ্ট করা, ধ্বংস করা

مِزْقَة ج مِزَق [মিয্ক্বাহ্] খণ্ড, টুকরা, বস্ত্রখণ্ড, তেনা, নেকড়া

مَزْكُوم [زكم] [মায্কূম] সর্দিগ্রস্ত, সর্দিতে আক্রান্ত

مِزْلَاج ج مَزَالِيج [زلج] [মিয্লাজ] (দরজার) খিল, হুড়কা, অর্গল

مِزْلَج ج مَزَالِج [زلج] [মিয্লাজ] বরফের উপর দিয়ে পিছলে চলার উপযোগী কাষ্ঠখণ্ডের পাদুকা-বিশেষ, স্কাই (ski), স্কেট, স্লেজ

مِزْلَجَة ج مَزَالِج [زلج] [মিয্লাজাহ্] বরফের উপর দিয়ে পিছলে চলার উপযোগী কাষ্ঠখণ্ডের পাদুকাবিশেষ, স্কাই (ski), স্কেট, স্লেজ

مَزْلَق ج مَزَالِق [زلق] [মায্লাক্] পিচ্ছিল জায়গা, ঢালু স্থান, বিপদ

مِزْلَق ج مَزَالِق [زلق] [মিয্লাক্] বরফের উপর দিয়ে পিছলে চলার উপযোগী কাষ্ঠখণ্ডের পাদুকাবিশেষ, স্কাই (ski), স্কেট, স্লেজ

مُزَلَّق [زلق] [মুযাল্লাক্] পিচ্ছিল করা হয়েছে এমন, পিচ্ছিল, মসৃণ, স্খলিত

مُزَلِّق [زلق] [মুযাল্লিক্] পিচ্ছিলকারী, পিচ্ছিলকর, মসৃণকারী

مَزْلَقَة ج مَزَالِق [زلق] [মায্লাক্বাহ্] পিচ্ছিল জায়গা, ঢালু স্থান, বিপদ

مِزْلَقَة ج مَزَالِق [زلق] [মিয্লাক্বাহ্] পিছলে চলার গাড়ি, স্লেজ গাড়ি, স্কেট

مِزْمَار ج مَزَامِير [زمر] [মিয্মার] বাঁশী, বংশী, মুরলী, ক্লারিনেট

مُزْمَع [زمع] [মুয্মা‘] সিদ্ধান্তকৃত, সংকল্পকৃত, স্থিরীকৃত

مُزْمِع [زمع] [মুয্মি‘] সিদ্ধান্তকারী, সঙ্কল্পকারী

مُزَّمِّل [زمل] [মুয্যাম্মিল] আবৃত, বস্ত্রাবৃত

اَلْمُزَّمِّل [زمل] [আল-মুয্যাম্মিল] সূরা আল-মুযযাম্মিলঃ পবিত্র কোরআনের ৭৩তম সূরা

مُزْمِن [زمن] [মুয্মিন] বহুকাল অবস্থানকারী, দীর্ঘস্থায়ী, পুরাতন (রোগ)

مَزْمُور ج مَزَامِير [زمر] [মায্মূর] দাঊদ (আ) -এর স্তোত্র, psalm

مَزَن [মাযান] অভ্যাস, পদ্ধতি, অবস্থা

مُزْن ، مُزْنَة ج مُزَن [মুয্ন, মুয্নাহ্] মেঘ, সাদা মেঘ, বৃষ্টিভরা মেঘ, শিলা, শিলাবৃষ্টি

مَزْهَر ج مَزَاهِر [زهر] [মায্হার] ফুলের কেয়ারি, পুষ্পভূমি, পুষ্পক্ষেত্র

مِزْهَر ج مَزَاهِر [زهر] [মিয্হার] বীণাঃ প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ

مُزْهِر [زهر] [মুয্হির] উজ্জ্বল, আলোকময়, মুকু-লিত, পুষ্পিত, অতিথির জন্য অগ্নি প্রজ্বালনকারী, অতিথিপরায়ণ

مُزَهَّر [زهر] [মুযাহ্হার] পুষ্পমণ্ডিত, ফুলে ফুলে সাজানো, ফুল-তোলা (বস্ত্র)

مَزْهَرِيَّة ج مَزْهَرِيَّات [زهر] [মাযহারিয়্যাহ] ফুলের টব

مَزْهُوّ [زهو] [মাযহু] গর্বিত, দাম্ভিক, অহঙ্কারপূর্ণ

مِزْوَاة ج مَزَاوِي ، مَزَاوٍ [زوي] [মিয্ওয়াত] কোণ মাপার যন্ত্র

مِزْوَاج [زوج] [মিয্ওয়াজ] ঘন ঘন বিয়ে করে এমন, বিয়েপ্রবণ

مُزَوَّج [زوج] [মুযাওওয়াজ] বিয়ে দেওয়া হয়েছে এমন, বিবাহিত

مَزُوح [زوح] [মাযূহ] অধিক রসিকতাকারী, রসিক, ভাঁড়

مِزْوَد ج مَزَاوِد [زود] [মিয্ওয়াদ] পাথেয় রাখার পাত্র, সরবরাহ-ভাণ্ডার

مُزَوَّد [زود] [মুযাওওয়াদ] সরবরাহকৃত, যোগান-প্রাপ্ত, সজ্জিত

مُزَوِّد [زود] [মুযাওবিদ] সরবরাহকারী, সংস্থান-কারী, যোগানদাতা, যোগানদার

مُزَوَّر [زور] [মুযাওওয়ার] জালকৃত, নকলকৃত, জাল, নকল, মিথ্যা

مُزَوِّر [زور] [মুযাওবির] জালকারী, নকলকারী, প্রতারক

مُزَوَّق [زوق] [মুযাওওয়াক] সজ্জিত, অলংকৃত, চিত্রিত

مِزْوَلَة ج مَزَاوِل [زول] [মিয্ওয়ালাহ] ছায়াঘড়ি, সূর্যঘড়ি

مُزَيَّت [زيت] [মুযাইয়াত] তেলযুক্ত, তৈলাক্ত, পিচ্ছিল

مَزِيَّة ج مَزَايَا [مزو] [মাযিয়্যাহ] বৈশিষ্ট্য, গুণ, সৌন্দর্য, শ্রেষ্ঠত্ব

مَزِيج [مزج] [মাযীজ] মিশ্রিত, মিশ্র, মিশ্রিত দ্রব্য, মিশ্র পদার্থ, তিতা বাদাম

مَزِيد [زيد] [মাযীদ] বর্ধিত, অতিরিক্ত, সর্বোচ্চ, সর্বাধিক, আরো

مُزَيَّف [زيف] [মুযাইয়াফ] জালকৃত, নকলকৃত, জাল, নকল (মুদ্রা)

مُزَيِّف [زيف] [মুযাইয়িফ] প্রতারক, জালকারী, নকলকারী

مُزِيل [زول] [মুযীল] বিলোপকারী, অবসানকারী, অপসারণকারী, বিদূরক, পরিষ্কারক

مُزَيَّن [زين] [মুযাইয়ান] সজ্জিত, শোভিত, ভূষিত, অলঙ্কৃত

مُزَيِّن [زين] [মুযাইয়িন] যে সুন্দর করে সাজায়, কেশবিন্যাশক, নরসুন্দর, ক্ষৌরকার, নাপিত

مُزَيْنَة [زين] [মুযাইনাহ] মুযাইনা গোত্রঃ একটি প্রাচীন আরব গোত্র

مَسّ [মাস্] স্পর্শ, পরশ, ছোঁয়া, সংস্পর্শ, পাগ-লামি, উন্মত্ততা

مَسَّ [ن] [س] (مَسّ ، مَسِيس) [মাস্সা] ছোঁয়া, স্পর্শ করা, পরশ পাওয়া, লেগে যাওয়া, অনুভব করা

مَسَّتِ الحَاجَةُ إِلَى [মাস্সাতিল হা্জাহ] প্রয়োজন অনুভূত হওয়া, প্রয়োজনীয় হওয়া, অত্যন্ত জরুরী হওয়া

مُسَّ [মুস্সা] উন্মত্ত হওয়া, পাগল হওয়া, বিকৃত-মস্তিষ্ক হওয়া

مَسَاء ج أَمْسِيَة [مسو] [মাসা'] সন্ধ্যা, বিকাল, বিকেল

مَسَاءً [মাসাআন] সন্ধ্যায়, বিকেলে

مَسَاءَ أَمْسِ [মাসাআ আম্স] গতকাল সন্ধ্যায়

مَسَاءَ الخَيْر [মাসাআল খাইর] শুভ সন্ধ্যা!

مَسَاءَة ج مَسَاوِئ [سوء] [মাসাআহ] খারাপ কাজ, খারাপ কথা, দোষ, অন্যায়

مَسَائِيّ [مسو] [মাসাঈ] সন্ধ্যাকালীন, সান্ধ্য

مُسَابِق [سبق] [মুসাবিক] প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী

مُسَابَقَة [سبق] [মুসাবাকাহ] প্রতিযোগিতা, পাল্লা, প্রতিদ্বন্দ্বিতা

مُسَاجَلَة [سجل] [মুসাজালাহ] প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা, বিতর্ক

مَسَّاح [مسح] [মাস্সাহ] যে অধিক মোছার কাজ করে, ভূমি জরিপকারী, জরিপ-আমিন

مَسَّاح الأَحْذِيَة [মাস্সাহুল আহযিয়াহ] জুতা পালিশওয়ালা

مَسَّاحَة ج مَسَّاحَات [مسح] [মাস্সাহাহ] মোছার যন্ত্র, রবার, ডাস্টার, eraser

ড্রেন, নালা

مُسَال [سيل] [মুসাল] গলে গেছে এমন, মিশে গেছে এমন, দ্রবীভূত

مُسَالِم [سلم] [মুসালিম] শান্তিস্থাপনকারী, শান্তিপ্রিয়, সন্ধিকারী, শান্তিপূর্ণ

مُسَالَمَة [سلم] [মুসালামাহ] শান্তিস্থাপন, শান্তি, সন্ধি

مَسَام ج مَسَامَات [سمم] [মাসাম] ছিদ্র, লোমকূপ, রোমকূপ

مُسَامِح [سمح] [মুসামিহ] ক্ষমাকারী, ক্ষমাশীল, উদার, সহিষ্ণু

مُسَامَحَة [سمح] [মুসামাহাহ] ক্ষমা, উদারতা, সহিষ্ণুতা

مُسَامِر [سمر] [মুসামির] নৈশ আলাপের সঙ্গী, গল্পগুজবের সঙ্গী, বিনোদনসঙ্গী

مُسَامَرَة [سمر] [মুসামারাহ] নৈশ আলাপ, গল্পগুজব

مَسَامِّي [سمم] [মাসাম্মী] লোমকূপবিশিষ্ট, ছিদ্রযুক্ত, ছিদ্রময়

مَسَامِّيَّة [سمم] [মাসাম্মিয়্যাহ] লোমকূপযুক্ততা, ছিদ্রময়তা

مُسَانَدَة [سند] [মুসানাদাহ] সমর্থন, সহায়তা, সাহায্য, পৃষ্ঠপোষকতা

مُسَاهِم [سهم] [মুসাহিম] অংশগ্রহণকারী, অংশীদার, শেয়ারের মালিক, সহযোগী

مُسَاهَمَة [سهم] [মুসাহামাহ] অংশগ্রহণ, অংশীদারিত্ব, অবদান, সহযোগিতা

مُسَاوَاة [سوي] [মুসাওয়াত] সমতা, সাম্য, সমানাধিকার

مَسَاوِئ (مَسَاءَة) [سوء] [মাসাবি'] খারাপ কাজকর্ম, খারাপ দিকসমূহ, দোষত্রুটি

مُسَاوَمَة [سوم] [মুসাওয়ামাহ] দরকষাকষি, দরাদরি

مُسَاوِي ، مُسَاوٍ [سوي] [মুসাবী] সমান, সমমান, অনুরূপ, একরকম

مُسَايَرَة [سير] [মুসায়ারাহ] তাল মিলিয়ে চলন, ইচ্ছাপূরণ, প্রশ্রয়দান

مَسْأَلَة ، مَسْئَلَة ج مَسَائِل [سأل] [মাস্আলাহ]

مِسَاحَة [مسح] [মিসাহাহ] পরিমাপ, জরিপ, ক্ষেত্রফল, দূরত্ব

مِسَاحِيّ [مسح] [মিসাহী] জরিপ-সম্বন্ধীয়, জরিপ-বিষয়ক

مَسَار ج مَسَارَات [سير] [মাসার] পথ, রাস্তা, গতিপথ, প্রবণতা, অগ্রগতি

مَسَاسِ [مسس] [মাসাসি] স্পর্শ কর, ধর

لَا مَسَاسِ [مسس] [লা মাসাসি] স্পর্শ করো না

مَسَّاس [مسس] [মাস্সাস] অধিক স্পর্শকারী, পশুকে খোঁচা মারার লাঠি, অঙ্কুশ

مِسَاس [মিসাস] স্পর্শ, ছোঁয়া, পরশ, যোগাযোগ, সম্পর্ক, লঙ্ঘন

مُسَاعِد [سعد] [মুসা'ইদ] সাহায্যকারী, সহায়ক, সহকারী, দোসর, উপকারী, অনুকূল, অতিরিক্ত

مُسَاعَدَة [سعد] [মুসা'আদাহ] সাহায্য, সহায়তা, সহযোগিতা, ত্রাণ

مَسَاغ [سوغ] [মাসাগ] উপায়, সুযোগ, অবকাশ

مَسَافَة ج مَسَافَات [سوف] [মাসাফাহ] ব্যবধান, দূরত্ব

مُسَافِح [سفح] [মুসাফিহ] যেনাকারী, ব্যভিচারী, লম্পট

مُسَافَحَة [سفح] [মুসাফাহাহ] অবৈধ যৌনকর্ম, ব্যভিচার, লাম্পট্য

مُسَافِر [سفر] [মুসাফির] সফরকারী, ভ্রমণকারী, যাত্রী, সফররত, মোসাফির

مَسَاق ج مَسَاقَات [سوق] [মাসাক] চালনা, গতি, তাড়না, প্রবণতা

مُسَاقَاة [سقي] [মুসাক্বাত] ফসলের ভাগে কৃষিকাজ, বরগা চাষ, ইজারা

مَسَاك [مسك] [মাসাক] কৃপণতা, কার্পণ্য, পানি ধরে রাখার জায়গা, জলাধার

مَسَّاك [مسك] [মাস্সাক] কৃপণ, ব্যয়কুণ্ঠ, বখিল

مِسَاك [মিসাক] কৃপণতা, কার্পণ্য, বাঁট, হাতল

مَسَاكَة ، مِسَاكَة [مسك] [মাসাকাহ, মিসাকাহ] কৃপণতা, কার্পণ্য

مَسَال [سيل] [মাসাল] (পানি) প্রবাহের জায়গা,

বিষয়, সমস্যা, প্রশ্ন, দাবি, চাহিদা, চাওয়া, ভিক্ষা

مَسْئُول [سال] [মাস্'উল] জিজ্ঞাসিত, দায়িত্বে নিয়োজিত, দায়ী, কর্মকর্তা

مَسْئُولِيَّة [سال] [মাস্'উলিয়্যাহ] দায়িত্ব, দায়, কার্যভার

مِسَبّ [سبب] [মিসাব্ব] অধিক গালিগালাজকারী, গালি দিতে অভ্যস্ত, নিন্দুক, দুর্মুখ

مِسْبَار ج مَسَابِير [سبر] [মিস্বার] ক্ষত পরীক্ষার শলাকা

مُسَبَّب [سبب] [মুসাব্বাব] উদ্ভূত, ঘটিত, জনিত, সংঘটিত, সৃষ্ট, পরিণতি, ফল

مُسَبِّب [سبب] [মুসাব্বিব] সংঘটক, উদ্ভবকারী, কারক, উৎপাদক, কর, কারণ, হেতু

مُسْبِت [سبت] [মুস্বিত] নিদ্রামগ্ন, অবসাদগ্রস্ত, অচেতন, শনিবার কর্মবিহীন দিবস পালনকারী

مَسَبَّة [سبب] [মাসাব্বাহ] গালি, গালিগালাজ, গালাগালি

مَسْبَح ج مَسَابِح [سبح] [মাস্বাহ] সাঁতার কাটার জায়গা, সুইমিং পুল, স্নানাগার, সমুদ্র-সৈকত

مُسَبِّح [سبح] [মুসাব্বিহ] গুণগানকারী, প্রশংসা-কারী, তাসবীহ পাঠকারী

مِسْبَحَة ج مَسَابِح [سبح] [মিস্বাহাহ] তসবীহ, জপমালা, তসবীহের দানা, জপমালার গুটিকা

مُسَبِّحَة [سبح] [মুসাব্বিহাহ] বৃদ্ধাঙ্গুলির পার্শ্বস্থ অঙ্গুলি, তর্জনী

مِسْبَر ج مَسَابِر [سبر] [মিস্বার] ক্ষত পরীক্ষার শলাকা

مُسَبَّع [سبع] [মুসাব্বা'] সপ্তভুজ, সপ্তকোণযুক্ত ক্ষেত্র, সাত অংশবিশিষ্ট, সাতগুণ

مُسَبَّق [سبق] [মুসাব্বাক] আগে আগে সম্পন্ন, অগ্রিম, অগ্রগামী (ঘোড়া)

مُسَبَّقًا [سبق] [মুসাব্বাক্বান] আগে, আগে আগে, অগ্রিম

مَسْبَك ج مَسَابِك [سبك] [মাস্বাক] ঢালাইয়ের কারখানা, ঢালাইখানা, foundry

مَسْبُوق [سبق] [মাস্বূক] পশ্চাদ্বর্তী, (নামাযে) মাসবূক

غَيْر مَسْبُوق [গাইর মাস্বূক] পূর্বে ঘটেনি এমন, অভূতপূর্ব

مَسْبُوك [سبك] [মাস্বূক] ঢালাইকৃত, আকারপ্রাপ্ত

مَسَّة [مسس] [মাস্সাহ] স্পর্শ, ছোঁয়া, পরশ, অনুভূতি

مُسْتَاء [سوأ] [মুস্তা'] অসন্তুষ্ট, বিরক্ত, রুষ্ট

مُسْتَأثِر [اثر] بِ [মুস্তা'ছির] একচ্ছত্র অধিকারী, একচ্ছত্র অধিপতি, একাধিপতি

مُسْتَأجَر [أجر] [মুস্তা'জার] ভাড়াকৃত, ভাড়ায় গৃহীত, ভাড়া-করা, ইজারাপ্রদত্ত, মজুর

مُسْتَأجِر [أجر] [মুস্তা'জির] ভাড়ায় গ্রহণকারী, ভাড়াটে, লিজ গ্রহণকারী, ইজারাদার

مُسْتَأخِر [أخر] [মুস্তা'খির] পরে আগমনকারী, পিছনে আগমনকারী

مُسْتَأصَل [أصل] [মুস্তা'ছল] উৎপাটিত, মূলোৎপাটিত

مُسْتَأنِس [أنس] [মুস্তা'নিস] মশগুল, বিভোর, তন্ময়, ঘনিষ্ঠ, পরিচিত, মিশুক

مُسْتَأنَف [أنف] [মুস্তা'নাফ] শুরু, আরম্ভ, প্রথম, পুনরায় শুরু করা হয়েছে এমন, পুনরারম্ভকৃত, আপীলকৃত

مُسْتَأنِف [أنف] [মুস্তা'নিফ] শুরু হয়েছে এমন, পুনরায় শুরু হয়েছে এমন, আপীলকারী

مُسْتَأهَل [أهل] [মুস্তা'হাল] যোগ্য বলে বিবেচিত, অর্জিত, অধিকারভুক্ত, ন্যায্য

مُسْتَأهِل [أهل] [মুস্তা'হিল] যোগ্যতাসম্পন্ন, যোগ্য, উপযুক্ত

مُسْتَبِد [بدد] [মুস্তাবিদ] স্বেচ্ছাচারী, স্বৈরাচারী, একগুঁয়ে

مُسْتَبْدَل [بدل] [মুস্তাব্দাল] স্থলাভিষিক্ত, বদলকৃত, পরিবর্তে গৃহীত

مُسْتَبْدِل [بدل] [মুস্তাব্দিল] পরিবর্তনকারী, বদলকারী, পরিবর্তে গ্রহণকারী

مُسْتَبْشِر [بشر] [মুস্তাব্শির] প্রফুল্ল, উৎফুল্ল, খুশী, আনন্দিত

مُسْتَبْصِر [بصر] [মুস্তাব্ছির] অবলোকনকারী, পর্যবেক্ষণকারী, দর্শনকারী

مُسْتَبْعَد [بعد] [মুস্তাব্'আদ] দূরে রাখা হয়েছে

এমন, বাদ দেওয়া হয়েছে এমন, অসম্ভাব্য, সুদূরপরাহত

مُسْتَبْقًى [بقي] [মুস্তাব্কা] রেখে দেওয়া হয়েছে এমন, অবশিষ্ট, সংরক্ষিত

مُسْتَبِي ، مُسْتَبٍ [سبي] [মুস্তাবী] বন্দীকারী, মুগ্ধকারী, আকৃষ্টকারী, মুগ্ধকর

مُسْتَبِين [بين] [মুস্তাবীন] স্পষ্ট, সুস্পষ্ট, খোলা· খুলি

مُسْتَتِبّ [تبب] [মুস্তাতিব্] নিয়মিত, স্বাভাবিক, স্থির, সুশৃঙ্খল

مُسْتَتِر [ستر] [মুস্তাতির] লুক্কায়িত, সুপ্ত, উহ্য, গোপন

مُسْتَثَار [ثور] [মুস্তাছার] উস্কে দেওয়া হয়েছে এমন, উত্তেজিত, প্ররোচিত, প্রজ্বলিত

مُسْتَثْمَر [ثمر] [মুস্তাছ্মার] বিনিয়োগকৃত, লগ্নি-কৃত, ব্যবহৃত, পুঁজিকৃত

مُسْتَثْمِر [ثمر] [মুস্তাছ্মির] বিনিয়োগকারী, লগ্নিকারী, ব্যবহারকারী, সুবিধা ভোগকারী

مُسْتَثْنًى ست مُسْتَثْنَاةٌ [ثني] [মুস্তাছ্না] বাদ দেওয়া হয়েছে এমন, বর্জিত, ব্যতিক্রম

مُسْتَثْنًى مِنْهُ [ثني] [মুস্তাছ্না মিন্হু] যা থেকে বাদ দেওয়া বা ব্যতিক্রম করা হয়েছে

مُسْتَثِير [ثور] [মুস্তাছীর] যে উস্কে দেয়, উস্কানি-দাতা, উত্তেজক, প্ররোচক, প্রজ্বালনকারী

مُسْتَجِدّ [جدد] [মুস্তাজিদ্] নতুন, সাম্প্রতিক, সর্বশেষ

مُسْتَجِدَّات [جدد] [মুস্তাজিদ্দাত] নতুন নতুন অবস্থা, সাম্প্রতিক পরিবর্তনসমূহ, সর্বশেষ অবস্থাদি

مُسْتَجْمَع [جمع] [মুস্তাজ্মা'] (পানি) জমার স্থান, নিম্নভূমি

مُسْتَجْوِب [جوب] [মুস্তাজ্বিব] জেরাকারী, প্রশ্নকারী, তদন্তকারী

مُسْتَجِيب [جوب] [মুস্তাজীব] সাড়াদানকারী, জবাবদাতা, অনুমোদনকারী, সম্মতি প্রদানকারী

مُسْتَجِير [جور] [মুস্তাজীর] আশ্রয় প্রার্থনাকারী, আশ্রয়প্রার্থী, শরণার্থী, সাহায্যপ্রার্থী

مُسْتَحَاث [حوث] [মুস্তাহাছ] প্রস্তরীভূত, জীবাশ্ম

مُسْتَحَبّ [حبب] [মুস্তাহাব্] পছন্দনীয়, কাম্য, কাংক্ষিত, মোস্তাহাব

مُسْتَحْدَث [حدث] [মুস্তাহ্দাছ] প্রবর্তিত, সৃষ্ট, নতুন, উদ্ভাবিত, আবিষ্কৃত

مُسْتَحْدَث ج مُسْتَحْدَثَات [حدث] [মুস্তাহ্দাছ] নতুন সৃষ্টি, আবিষ্কৃত বস্তু, আধুনিক প্রকাশভঙ্গি

مُسْتَحْدِث [حدث] [মুস্তাহ্দিছ] নতুনভাবে সৃষ্টিকারী, আবিষ্কারক, উদ্ভাবক, প্রবর্তক, স্রষ্টা

مُسْتَحْسَن [حسن] [মুস্তাহ্সান] পছন্দনীয়, প্রিয় বিবেচিত, উত্তম বিবেচিত, অনুমোদিত, যথাযথ

مُسْتَحْضَر [حضر] [মুস্তাহ্দর] উপস্থিত করা হয়েছে এমন, উপস্থিত, হাজির, উপস্থাপিত

مُسْتَحْضَر ج مُسْتَحْضَرَات [حضر] [মুস্তাহ্দর] (ঔষধ ইত্যাদির) প্রস্তুতপ্রণালী

مُسْتَحَقّ [حقق] [মুস্তাহাক্] যোগ্য বিবেচিত, প্রাপ্য, অধিকারভুক্ত, ন্যায্য

مُسْتَحِقّ [حقق] [মুস্তাহিক্] যোগ্য, উপযুক্ত, উপযোগী, দাবিদার, হকদার

مُسْتَحْكَم [حكم] [মুস্তাহ্কাম] সুদৃঢ়, শক্তিশালী, মজবুত, সুপ্রতিষ্ঠিত, পাকাপোক্ত, সুরক্ষিত

مُسْتَحْكِم [حكم] [মুস্তাহ্কিম] সুদৃঢ়, শক্তিশালী, মজবুত, সুপ্রতিষ্ঠিত, পাকাপোক্ত, সুরক্ষিত

مُسْتَحْلَب [حلب] [মুস্তাহ্লাব] দুগ্ধবৎ নির্যাস-বিশেষ, ইমালশন (emulsion), ইমালশনে পরিণত

مُسْتَحْلِب [حلب] [মুস্তাহ্লিব] দুধ দোহনকারী, ইমালশন প্রস্তুতকারী

مُسْتَحْلَف [حلف] [মুস্তাহ্লাফ] হলফ করানো হয়েছে এমন, প্রতিজ্ঞা করানো হয়েছে এমন

مُسْتَحَمّ [حمم] [মুস্তাহাম্] গোসল করার স্থান, গোসলখানা, স্নানাগার

مُسْتَحِي ، مُسْتَحٍ ج مُسْتَحُون [حيي] [মুস্তাহী] লজ্জিত, লাজুক

مُسْتَحِيل [حول] [মুস্তাহীল] অসম্ভব, অসাধ্য

مُسْتَخْدَم [خدم] [মুস্তাখ্দাম] কাজে লাগানো হয়েছে এমন, নিয়োগ করা হয়েছে এমন, নিয়োগপ্রাপ্ত, নিয়োজিত, চাকুরিজীবী, চাকুরে, কর্মচারী, ব্যবহৃত, পুরাতন

مُسْتَخْدِم [خدم] [মুস্তাখ্দিম] যে কাজে লাগায়,

নিয়োগকর্তা, ব্যবহারকারী

مُسْتَخْرَج [خرج] [মুস্‌তাখ্‌রাজ] যা বের করা হয়েছে, চিহ্নিত, আবিষ্কৃত

مُسْتَخْفِي ، مُسْتَخْفٍ [خفي] [মুস্‌তাখ্‌ফী] আত্ম-গোপনকারী, লুক্কায়িত

مُسْتَخْلَص [خلص] [মুস্‌তাখ্‌লাছ] বাছাইকৃত, পছন্দকৃত, নিষ্কাশিত

مُسْتَخْلَص ج مُسْتَخْلَصَات [মুস্‌তাখ্‌লাছ] নির্যাস, সারাংশ, সংক্ষিপ্তসার

مُسْتَخْلَف [خلف] [মুস্‌তাখ্‌লাফ] স্থলাভিষিক্ত, খলীফা, প্রতিনিধি, উত্তরাধিকারী

مُسْتَدَان [دين] [মুস্‌তাদান] ঋণ হিসেবে নেওয়া হয়েছে এমন, ধার হিসেবে গৃহীত, ধারকৃত

مُسْتَدْعِي ، مُسْتَدْعٍ [دعو] [মুস্‌তাদ্‌'ঈ] তলবকারী, দাবি পেশকারী, আবেদনকারী, দরখাস্তকারী

مُسْتَدْفِئ [دفا] [মুস্‌তাদ্‌ফি'] গরম, উষ্ণ, উত্তপ্ত

مُسْتَدِير [دور] [মুস্‌তাদীর] গোলাকার, বৃত্তাকার, গোল

مُسْتَدِيرَة [دور] [মুস্‌তাদীরাহ্] বৃত্ত, গোলাকার জায়গা, (রাস্তার) গোলচক্কর

مُسْتَدِيم [دوم] [মুস্‌তাদীম] স্থায়ী, অব্যাহত, চালু, স্ট্যান্ডিং (কমিটি)

لَجْنَة مُسْتَدِيمَة [লাজ্‌নাহ মুস্‌তাদীমাহ্] স্ট্যান্ডিং কমিটি

مُسْتَدِين [دين] [মুস্‌তাদীন] ধারকারী, ধারী, ঋণী, দেনাদার

مُسْتَرَاح [روح] [মুস্‌তারাহ্] পায়খানা, টয়লেট, বাথরুম

مُسْتَتِرَة [ستر] [মুসাত্তারাহ্] অন্তঃপুরবাসিনী, পর্দা-নশীন নারী

مُسْتَرْجِع [رجع] [মুস্‌তার্‌জি'] ফেরৎপ্রাপ্ত, লব্ধ, অর্জিত

مُسْتَرْخِي ، مُسْتَرْخٍ [رخو] [মুস্‌তার্‌খী] ঢিলে, আলগা, শিথিল

مُسْتَرْسِل [رسل] [মুস্‌তার্‌সিল] ঝুলন্ত, আলগা, মুক্ত, আরামে আছে এমন

مُسْتَرَق [سرق] [মুস্‌তারক] যা চুরি করা হয়েছে, অপহৃত, চুপিচুপি করা হয়েছে এমন

مُسْتَرَق [رقق] [মুস্‌তারক্] দাসে পরিণত, বন্দী-ভূত, ক্রীতদাস, কোমল

مُسْتَرِق [سرق] [মুস্‌তারিক] চোর, অপহরণকারী, চুপিসারে সম্পন্নকারী, গোপনে শ্রবণকারী, কান পেতে শ্রবণকারী, দুর্বল, অপূর্ণ, খাটো

مُسْتَرِيح [روح] [মুস্‌তারীহ্] আরামকারী, বিশ্রাম-কারী, বিশ্রামরত

مُسْتَسْلِم [سلم] [মুস্‌তাস্‌লিম] আত্মসমর্পণকারী, অনুগত

مُسْتَشَار [شور] [মুস্‌তাশার] যার সাথে পরামর্শ করা হয়, উপদেষ্টা, পরামর্শদাতা, চ্যান্সেলর, আচার্য, বিচারক

مُسْتَشْرِق [شرق] [মুস্‌তাশ্‌রিক] প্রাচ্যবিদ, প্রাচ্য-বিশারদ, orientalist

مُسْتَشْفَى ج مُسْتَشْفَيَات [شفي] [মুস্‌তাশ্‌ফা] হাসপাতাল, চিকিৎসালয়, আরোগ্য-নিকেতন

مُسْتَصْعَب [صعب] [মুস্‌তাছ্‌'আব] কঠিন, জটিল, অসম্ভাব্য

مُسْتَضْعَف [ضعف] [মুস্‌তাদ্‌'আফ] শক্তিহীন, দুর্বল, নিপীড়িত, নিঃস্ব, দরিদ্র

مُسْتَضِيف [ضيف] [মুস্‌তাদীফ] দাওয়াতকারী, নিমন্ত্রণকর্তা, আপ্যায়নকারী, স্বাগতিক

مُسْتَطَاع [طوع] [মুস্‌তাতা'] সাধ্যের অধীন, বাস্ত-বায়নযোগ্য, সম্ভব, সম্ভবপর

مُسْتَطَر [سطر] [মুস্‌তাতর] লিখিত, লিপিবদ্ধ, লাইনবদ্ধ, সারিবদ্ধ

مُسْتَطْرَف [طرف] [মুস্‌তাত্‌রাফ] বাছাইকৃত, পছন্দনীয়, উৎকৃষ্ট, নতুন

مُسْتَطِير [طير] [মুস্‌তাতীর] ছড়ানো, বিক্ষিপ্ত, বিস্তৃত, ব্যাপক

مُسْتَطِيل [طول] [মুস্‌তাতীল] প্রলম্বিত, সুদীর্ঘ, দীর্ঘায়িত, দীর্ঘকালব্যাপী

مُسْتَطِيل ج مُسْتَطِيلَات [طول] [মুস্‌তাতীল] সম-কোণী চতুর্ভুজ, আয়তক্ষেত্র

مُسْتَظْهَر [ظهر] [মুস্‌তায্‌হার] প্রদর্শিত, মুখস্থ

مُسْتَظْهِر [ظهر] [মুস্‌তায্‌হির] প্রদর্শনকারী, মুখস্থকারী

مُسْتَعَار [عور] [মুস্তা'আর] ধার-করা, কৃত্রিম, রূপক হিসেবে ব্যবহৃত, রূপক

مُسْتَعَان [عون] [মুস্তা'আন] যার কাছে সাহায্য চাওয়া হয়

مُسْتَعْبَد [عبد] [মুস্তা'বাদ] দাসরূপে গৃহীত, দাসে পরিণত, দাস, ক্রীতদাস

مُسْتَعْجَل [عجل] [মুস্তা'জাল] ত্বরিৎ, দ্রুত, শীঘ্র, তাৎক্ষণিক

مُسْتَعْجِل [عجل] [মুস্তা'জিল] তাড়াহুড়াকারী, হঠকারী, দ্রুত, ধাবমান

مُسْتَعِدّ [عدد] [মুস্তা'ইদ্] প্রস্তুত, তৈরী, উদ্যত

مُسْتَعِر [سعر] [মুস্তা'ইর] জ্বলন্ত, প্রজ্বলিত, দাহ-যুক্ত, শিখায়িত

مُسْتَعْرِب [عرب] [মুস্তা'রিব] আরবত্ব গ্রহণকারী, আরবী বিশেষজ্ঞ

مُسْتَعْصِم [عصم] [মুস্তা'ছিম] আশ্রয় গ্রহণকারী, আশ্রয়প্রার্থী

مُسْتَعْمَر [عمر] [মুস্তা'মার] উপনিবেশে পরিণত

مُسْتَعْمِر [عمر] [মুস্তা'মির] উপনিবেশ স্থাপন-কারী, ঔপনিবেশিক

مُسْتَعْمَرَة ج مُسْتَعْمَرَات [عمر] [মুস্তা'মারাহ] উপনিবেশ, কলোনি (colony)

مُسْتَعْمَل [عمل] [মুস্তা'মাল] ব্যবহৃত, পুরান

مُسْتَعْمِل [عمل] [মুস্তা'মিল] ব্যবহারকারী, কাজে নিয়োগকারী

مُسْتَعِير [عور] [মুস্তা'ঈর] ধারকারী, ধারী

مُسْتَعِين [عون] [মুস্তা'ঈন] সাহায্যপ্রার্থী, সাহায্য গ্রহণকারী, সহায়তাকামী

مُسْتَغْرَب [غرب] [মুস্তাগ্‌রব] অপরিচিত, অ-প্রচলিত, অদ্ভুত, বিস্ময়কর

مُسْتَغْرِب [غرب] [মুস্তাগ্‌রিব] অবাক, বিস্মিত, বিস্ময়াভিভূত, হতবুদ্ধি

مُسْتَغْرِق [غرق] [মুস্তাগ্‌রিক] নিমগ্ন, নিবিষ্ট

مُسْتَغْفِر [غفر] [মুস্তাগ্‌ফির] এস্তেগফারকারী, ক্ষমাপ্রার্থী, মার্জনাপ্রার্থী

مُسْتَغَلّ [غلل] [মুস্তাগাল্] সুবিধা ভোগ করা হয়েছে এমন, ব্যবহৃত, বিনিয়োগকৃত

مُسْتَغَلّ ج مُسْتَغَلَّات [غلل] [মুস্তাগাল্] ফসল, ফল, উৎপন্নদ্রব্য, লাভ, সুবিধা

مُسْتَغِلّ [غلل] [মুস্তাগিল্] সুবিধা ভোগকারী, সুবিধাভোগী, ব্যবহারকারী, বিনিয়োগকারী

مُسْتَفِزّ [فزز] [মুস্তাফিয্] উস্কানিদাতা, প্ররোচনা দানকারী, প্ররোচক, উত্তেজক, অস্থির, অশান্ত

مُسْتَفِيد [فود ، فيد] [মুস্তাফীদ] মুনাফাভোগী, উপকৃত, সুবিধাপ্রাপ্ত

مُسْتَفِيض [فيض] [মুস্তাফীদ] অনুপ্রেরণাপ্রাপ্ত, উপকৃত, ব্যাপক, পর্যাপ্ত

مُسْتَفِيق [فوق] [মুস্তাফীক] সংজ্ঞা ফিরে পেয়েছে এমন, সম্বিত ফিরে পেয়েছে এমন

مُسْتَقْبَل [قبل] [মুস্তাক্‌বাল] ভবিষ্যৎ, আগামী, ভবিষ্যৎ কাল, সম্মুখভাগ

مُسْتَقْبِل [قبل] [মুস্তাক্‌বিল] ভবিষ্যৎ, আগামী, ভবিষ্যৎ কাল, সম্মুখে অগ্রসরমান, সামনে আগ-মনকারী

مُسْتَقْبِلَة [قبل] [মুস্তাক্‌বিলাহ] গ্রাহকযন্ত্র, রিসি-ভার

مُسْتَقْدِم [قدم] [মুস্তাক্‌দিম] পূর্ববর্তী লোক, আগের দিনের মানুষ

مُسْتَقَرّ ج مُسْতَقَرَّات [قرر] [মুস্তাক্বার] অবস্থান-স্থল, বাসস্থান, বিশ্রামস্থল, নিবাস, অবস্থান

مُسْتَقِرّ [قرر] [মুস্তাক্বির] স্থির, স্থায়ী, স্থিতিশীল, অবস্থানকারী, বসবাসকারী

مُسْتَقْصِي ، مُسْتَقْصٍ [قصو] [মুস্তাক্‌ছী] পরীক্ষা-কারী, পরীক্ষক, তদন্তকারী, নিরীক্ষক, গবেষক

مُسْتَقْطَر [قطر] [মুস্তাক্‌তর] ফোঁটায় ফোঁটায় পড়েছে এমন

مُسْتَقْطِر [قطر] [মুস্তাক্‌তির] ফোঁটায় ফোঁটায় ফেলে এমন

مُسْتَقِلّ [قلل] [মুস্তাক্বিল্] স্বাধীন, মুক্ত, স্বতন্ত্র, স্বনির্ভর

مُسْتَقِيل [قيل] [মুস্তাক্বীল] অবসরগ্রহণকারী, অবসরপ্রাপ্ত, অব্যাহতিপ্রাপ্ত, পদত্যাগকারী

مُسْتَقِيم [قوم] [মুস্তাক্বীম] সোজা, সরল, সঠিক, সৎ, ন্যায়সম্মত

مُسْتَكْبِر [كبر] [মুস্‌তাক্‌বির] যে নিজেকে বড় মনে করে, বড়াইকারী, অহঙ্কারী

مُسْتَكْشِف [كشف] [মুস্‌তাক্‌শিফ] আবিষ্কারক, উদ্‌ঘাটনকারী, অনুসন্ধানকারী

مُسْتَكْمَل [كمل] [মুস্‌তাক্‌মাল] পরিপূর্ণ, সম্পূর্ণ, সম্পন্ন

مُسْتَكْمِل [كمل] [মুস্‌তাক্‌মিল] পরিপূর্ণকারী, সম্পূর্ণকারী, সম্পন্নকারী, পরিপূরক, সম্পূরক

مُسْتَكِنّ [كنن] [মুস্‌তাকিন] লুক্কায়িত, সুপ্ত, প্রশান্ত

مُسْتَكِين [كون] [মুস্‌তাকীন] নতি স্বীকারকারী, বিনয়ী, নত, নীচ

مُسْتَلّ [سلل] [মুস্‌তাল্ল] টেনে বের করা হয়েছে এমন, কোষমুক্ত (তরবারি)

مُسْتَلْزَم [لزم] [মুস্‌তাল্‌যাম] প্রয়োজনীয়, জরুরী

مُسْتَلْزَم ج مُسْتَلْزَمَات [মুস্‌তাল্‌যাম] জরুরী বিষয়, প্রয়োজনীয় বিষয়, প্রয়োজন, দাবি, চাহিদা

مُسْتَلِف [سلف] [মুস্‌তালিফ] ধারকারী, ঋণগ্রস্ত, ঋণী, দেনাদার

مُسْتَلْقِي ، مُسْتَلْقٍ [لقي] [মুস্‌তাল্‌কী] শায়িত, চিৎ হয়ে শুয়ে আছে এমন, হাত-পা ছড়িয়ে পড়ে আছে এমন, গা এলিয়ে দিয়েছে এমন

مُسْتَلِم [سلم] [মুস্‌তালিম] গ্রহণকারী, গ্রহিতা, গ্রাহক, প্রাপক

مُسْتَمْتِع [متع] [মুস্‌তাম্‌তি'] উপভোগকারী, সম্ভোগকারী

مُسْتَمَدّ [مدد] [মুস্‌তামাদ্দ] সংগৃহীত, আহরিত, গৃহীত

مُسْتَمِدّ [مدد] [মুস্‌তামিদ্দ] গ্রহণকারী, সংগ্রহকারী, আহরণকারী, সংগ্রাহক

مُسْتَمِرّ [مرر] [মুস্‌তামির্‌র] অব্যাহত, অবিরাম, চলমান, ধারাবাহিক, নিরবচ্ছিন্ন, স্থায়ী

مُسْتَمْسِك [مسك] [মুস্‌তাম্‌সিক] যে আঁকড়ে ধরে, দৃঢ়ভাবে ধারণকারী

مُسْتَمْطِر [مطر] [মুস্‌তাম্‌তির] যে বৃষ্টি চায়, বৃষ্টি প্রার্থনাকারী, বৃষ্টির মুখাপেক্ষী

مُسْتَمِع [سمع] [মুস্‌তামি'] শ্রবণকারী, শ্রোতা, মনোযোগ সহকারে শ্রবণকারী, মনোযোগী শ্রোতা

مُسْتَنْبَت [نبت] [মুস্‌তাম্‌বাত] উৎপাদিত, উৎপন্ন, কৃত্রিম উপায়ে জন্মানো হয়েছে এমন, উৎপাদনের জায়গা, নার্সারি

مُسْتَنْبِح [نبح] [মুস্‌তাম্‌বিহ] যে কুকুর ডাকায়, নৈশ আগন্তুক

مُسْتَنْبَط [نبط] [মুস্‌তাম্‌বাত] গবেষণালব্ধ, প্রাপ্ত, উদ্ভাবিত, আবিষ্কৃত

مُسْتَنْبِط [نبط] [মুস্‌তাম্‌বিত] যে গবেষণা করে বের করে, উদ্ভাবক, আবিষ্কারক

مُسْتَنْجَع ج مُسْتَنْجَعَات [نجع] [মুস্‌তান্‌জা'] ইঙ্গিত চারণভূমি, উদ্দিষ্ট চারণক্ষেত্র

مُسْتَنَد [سند] [মুস্‌তানাদ] যার উপর নির্ভর করা হয়, যার উপর নির্ভর করা যায়, নির্ভরযোগ্য

مُسْتَنَد ج مُسْتَنَدَات [سند] [মুস্‌তানাদ] দলিল, প্রমাণ, কাগজপত্র, রেকর্ড, ভাউচার, সূত্র, কারণ

مُسْتَنِد [سند] [মুস্‌তানিদ] ভরকারী, নির্ভরকারী, নির্ভরশীল, ভিত্তিশীল, আস্থাশীল

مُسْتَنْزَف [نزف] [মুস্‌তান্‌যাফ] নিঃশেষিত, নিষ্কাশিত

مُسْتَنْزِف [نزف] [মুস্‌তান্‌যিফ] নিষ্কাশনকারী, নিঃশেষকারী

مُسْتَنْطِق [نطق] [মুস্‌তান্‌তিক] কথা আদায়কারী, জেরাকারী, জিজ্ঞাসাবাদকারী, প্রশ্নকারী, পরীক্ষাকারী

مُسْتَنْفَد [نفد] [মুস্‌তান্‌ফাদ] যা ফুরিয়ে গিয়েছে, নিঃশেষিত

مُسْتَنْفِد [نفد] [মুস্‌তান্‌ফিদ] যে ফুরিয়ে ফেলে, নিঃশেষকারী

مُسْتَنْفَر [نفر] [মুস্‌তান্‌ফার] সতর্কাবস্থায় রাখা হয়েছে এমন, সতর্ক, প্রস্তুত, ভীত

مُسْتَنْفِر [نفر] [মুস্‌তান্‌ফির] ভয় পেয়ে পলায়নকারী, ভীত, সন্ত্রস্ত, ঘৃণাকারী

مُسْتَنْقَع ج مُسْتَنْقَعَات [نقع] [মুস্‌তান্‌কা'] বিল, হাওড়, জলাভূমি

مُسْتَنْكَر [نكر] [মুস্‌তান্‌কার] নিন্দিত, তিরস্কৃত, ধিকৃত

مُسْتَنْكِر [نكر] [মুস্‌তান্‌কির] তিরস্কারকারী, নিন্দাকারী, ভর্ৎসনাকারী

مُسْتَنِير [نور] [মুস্‌তানীর] আলোকিত, প্রদীপ্ত, আলোকোদ্ভাসিত, শিক্ষার আলোপ্রাপ্ত

مُسْتَهْتِر [هتر] بِ [মুস্‌তাহ্‌তার] আসক্ত, অনুরক্ত, গভীরভাবে আকৃষ্ট

مُسْتَهْتِر [هتر] [মুস্‌তাহ্‌তির] বেখেয়াল, উপেক্ষা-কারী, অমনোযোগী, অবজ্ঞাকারী, দায়িত্বহীন

مُسْتَهْجَن [هجن] [মুস্‌তাহ্‌জান] খারাপ মনে করা হয় এমন, অপছন্দনীয়, অবজ্ঞেয়, ঘৃণ্য, নিন্দনীয়, নিন্দিত

مُسْتَهْدَف [هدف] [মুস্‌তাহ্‌দাফ] লক্ষ্য রূপে স্থিরীকৃত, মনস্থ করা হয়েছে এমন, উদ্দেশ্য, উম্মুক্ত

مُسْتَهْزِئ [هزأ] [মুস্‌তাহ্‌যি'] ঠাট্টাকারী, বিদ্রূপ-কারী, উপহাসকারী, পরিহাসকারী

مُسْتَهَلّ [هلل] [মুস্‌তাহাল] আরম্ভ, প্রারম্ভ, শুরু, সূচনা

مُسْتَهِلّ [هلل] [মুস্‌তাহিল] আরম্ভকারী, সূচনা-কারী

مُسْتَهْلَك [هلك] [মুস্‌তাহ্‌লাক] যা ব্যবহার করে নিঃশেষ করা হয়েছে, নিঃশেষিত, ব্যবহৃত, ব্যয়-কৃত

مُسْتَهْلِك [هلك] [মুস্‌তাহ্‌লিক] নিঃশেষকারী, ব্যবহারকারী, ভোগ্যপণ্য ব্যবহারকারী, ভোক্তা

مُسْتَوْجَب [وجب] [মুস্‌তাওজাব] যোগ্য, উপ-যুক্ত, অধিকারী, হকদার

مُسْتَوْحَى ـت مُسْتَوْحَاة [وحي] [মুস্‌তাওহা] উদ্ভূত, ধারকৃত, গৃহীত, চালিত, অনুপ্রাণিত

مُسْتَوْخَم [وخم] [মুস্‌তাওখাম] অস্বাস্থ্যকর, ক্ষতি-কর, দুষ্পাচ্য, গুরুপাক

مُسْتَوْدَع [ودع] [মুস্‌তাওদা'] গচ্ছিত, জমাকৃত, আমানতকৃত, সংরক্ষিত, সঞ্চিত

مُسْتَوْدَع ج مُسْتَوْدَعَات [ودع] [মুস্‌তাওদা'] সংরক্ষণাগার, ভাণ্ডার, গুদাম, আড়ত, কেন্দ্র

مُسْتَوْدِع [ودع] [মুস্‌তাওদি'] আমানতকারী, জমাকারী, সংরক্ষণকারী

مَسْتُور [ستر] [মাস্‌তূর] লুক্কায়িত, আচ্ছাদিত, আবৃত, গোপন

مُسْتَوْرَد [ورد] [মুস্‌তাওরদ] আয়কৃত, আমদানি-কৃত

مُسْتَوْرِد [ورد] [মুস্‌তাওরিদ] আমদানিকারক, আমদানিকারী, আয়কারী

مُسْتَوْرَدَات (مُسْتَوْرَد) [ورد] [মুস্‌তাওরদাত] আমদানিদ্রব্য, আমদানিকৃত পণ্যসামগ্রী

مُسْتَوْصَف ج مُسْتَوْصَفَات [وصف] [মুস্‌তাওছফ] ক্লিনিক, চিকিৎসালয়, ঔষধালয়

مُسْتَوْطَن ج مُسْتَوْطَنَات [وطن] [মুস্‌তাওতন] বসতি, অধিবাস, নিবাস, উপনিবেশ

مُسْتَوْطِن [وطن] [মুস্‌তাওতিন] বসতি স্থাপনকারী, অধিবাসী, বাসিন্দা, জাতিগত (রোগ)

مُسْتَوْطَنَة ج مُسْتَوْطَنَات [وطن] [মুস্‌তাওতনাহ] বসতি, অধিবাস, নিবাস, উপনিবেশ, কলোনি

مُسْتَوْعِب [وعب] [মুস্‌তাও'ইব] অনুধাবনকারী, ধারণকারী, আয়ত্তকারী, (পণ্য পরিবহনের) কন্টেই-নার

مُسْتَوْفَى ـت مُسْتَوْفَاة [وفي] [মুস্‌তাওফা] পূরণ-কৃত, সংগৃহীত, প্রাপ্ত

مُسْتَوْفِي ، مُسْتَوْفٍ [وفي] [মুস্‌তাওফী] পূরণ-কারী, পূর্ণকারী, পুরোপুরি পায় এমন

مُسْتَوْقَد [وقد] [মুস্‌তাওক্বাদ] প্রজ্বলিত (আগুন), আগুন জ্বালানোর জায়গা

مُسْتَوْلَد [ولد] [মুস্‌তাওলাদ] জন্মানো হয়েছে এমন, উৎপাদিত

مُسْتَوْلِي ، مُسْتَوْلٍ [ولي] [মুস্‌তাওলী] দখলকারী, কর্তৃত্ব লাভকারী, প্রভাব বিস্তারকারী

مُسْتَوَى ج مُسْتَوَيَات [سوي] [মুস্‌তাওয়া] মান, স্তর, সমতা

مُسْتَوِي ، مُسْتَوٍ [سوي] [মুস্‌তাবী] সোজা, সরল, সমান, সমতল, সঠিক

مُسْتَيْئِس [يأس] [মুস্‌তাইইস] নিরাশ, হতাশ, নিরাশাগ্রস্ত, হতাশাগ্রস্ত, হতোদ্যম

مُسْتَيْقِظ [يقظ] [মুস্‌তাইক্বিয] জাগ্রত, সজাগ, সতর্ক, মনোযোগী

مُسْتَيْقِن [يقن] [মুস্‌তাইক্বিন] দৃঢ়ভাবে বিশ্বাস-কারী, দৃঢ়বিশ্বাসী

مِسْجَح ج مَسَاجِح [سجح] [মিস্‌জাহ] কাঠ মসৃণ করার যন্ত্রবিশেষ, রাঁদা, রেঁদা

مَسْجِد ج مَسَاجِد [سجد] [মাস্‌জিদ] মসজিদ, নামাযের ঘর, সেজদার জায়গা, এবাদতখানা

مُسَجَّع [سجع] [মুসাজ্জা'] মিলপূর্ণ, অন্ত্যমিলযুক্ত (কথা, বাক্য, গদ্য)

مُسَجَّل [سجل] [মুসাজ্জাল] নিবন্ধিত, রেজিস্ট্রি-কৃত, রেকর্ডকৃত, নথিভুক্ত, তালিকাভুক্ত, লিপিবদ্ধ

مُسَجِّل [سجل] [মুসাজ্জিল] নিবন্ধক, রেজিস্ট্রার, নোটারি পাবলিক, টেপরেকর্ডার

مُسَجِّلَة ج مُسَجِّلَات [سجل] [মুসাজ্জিলাহ্‌] টেপ-রেকর্ডার

مُسَجِّلَة شَرِيطِيَّة [-- শারীতিয়্যাহ্‌] টেপরেকর্ডার

مَسْجُور [سجر] [মাস্‌জূর] পরিপূর্ণ, উত্তপ্ত, স্ফীত, উত্তাল (সমুদ্র), গ্রন্থিত (মুক্তা), অধিক পানিমিশ্রিত দুধ

مَسْجُوع [سجع] [মাস্‌জূ'] মিলপূর্ণ, অন্ত্যমিলযুক্ত (কথা, বাক্য, গদ্য)

مَسْجُون [سجن] [মাস্‌জূন] জেলখানায় আবদ্ধ, কারাগারে আটক, বন্দী, কারাবন্দী, কারারুদ্ধ

مَسَحَ [ف] (مَسْح) [মাসাহা] মোছা, মুছে ফেলা, দূর করা, পরিষ্কার করা, নিশ্চিহ্ন করা, হাত বুলানো, ঘষে উঠানো, ক্লান্ত করা, কর্তন করা

مَسَحَ (مَسْح ، مِسَاحَة) [মাসাহা] (ভূমি) জরিপ করা, পরিমাপ করা

مَسَّحَ (تَمْسِيح) [مسح] [মাস্‌সাহা] মুছে দেওয়া, মুছে ফেলা, দূর করা, পরিষ্কার করা, নিশ্চিহ্ন করা, হাত বুলানো, ঘষে উঠানো, ক্লান্ত করা

مِسْحَاة ج مَسَاحِي ، مَسَاحٍ [سحو] [মিস্‌হাত] কোদাল, বেলচা

مِسْحَاج ج مَسَاحِيج [سحج] [মিস্‌হাজ] রাঁদা, রেঁদা

مَسْحَة [মাস্‌হাহ্‌] মোছন, পোঁছ, ঘর্ষণ, মালিশ, (রোগীর) অঙ্গমর্দন, স্পর্শ, পরশ, ছোঁয়া, দাগ

مِسْحَج ج مَسَاحِج [سحج] [মিস্‌হাজ] রাঁদা, রেঁদা

مُسَحَّر [سحر] [মুসাহ্‌হার] সম্মোহিত, যাদুকৃত, যাদুগ্রস্ত

مِسْحَق ج مَسَاحِق [سحق] [মিস্‌হাক] চূর্ণনযন্ত্র, গুঁড়া করার যন্ত্র

مِسْحَل ج مَسَاحِل [سحل] [মিস্‌হাল] ঘষে মসৃণ করার যন্ত্র, কেটে সাইজ করার যন্ত্র, রেঁদা, রেত, চালুনি, বন্য গাধা, জিহবা, গাল, সাহসী, লাগাম, প্রবল বৃষ্টি

مِسْحَنَة ج مَسَاحِن [سحن] [মিস্‌হানাহ্‌] পাথর ভাঙ্গার যন্ত্র, চূর্ণনযন্ত্র, জাঁতাকল, মুষল, পুতা, নোড়া, হামানদিস্তা

مَسْحُوب [سحب] [মাস্‌হূব] উঠিয়ে আনা হয়েছে এমন, টেনে বের করা হয়েছে এমন, প্রত্যাহার করা হয়েছে এমন, প্রত্যাহৃত

مَسْحُور [سحر] [মাস্‌হূর] সম্মোহিত, যাদুকৃত, যাদুগ্রস্ত

مَسْحُوق [سحق] [মাস্‌হূক] চূর্ণিত, চূর্ণীকৃত, চূর্ণ, গুঁড়াকৃত

مَسْحُوق ج مَسَاحِيق [سحق] [মাস্‌হূক] চূর্ণিত দ্রব্য, চূর্ণ, গুঁড়া, পাউডার

مَسْحُون [سحن] [মাস্‌হূন] চূর্ণিত, চূর্ণ, গুঁড়াকৃত, মসৃণকৃত

مَسْخ [মাস্‌খ] রূপবিকৃতি, জন্তুতে রূপান্তর

مَسْخ ج مُسُوخ [মাস্‌খ] জন্তুতে রূপান্তরিত, বিকৃত, কুৎসিত, অস্বাভাবিক আকৃতির মানুষ বা জন্তু

مَسَخَ [ف] (مَسْخ) [মাসাখা] আকৃতি নষ্ট করা, বিকৃত করা, নষ্ট করা, (বাহনকে) দুর্বল করা

مِسْخ ج مُسُوخ [মিস্‌খ] জন্তুতে রূপান্তরিত, বিকৃত, কুৎসিত, অস্বাভাবিক আকৃতির মানুষ বা জন্তু

مُسَخَّر [سخر] [মুসাখ্‌খার] অধীন, নির্দেশাধীন, হুকুমের অধীন, অনুগত

مَسْخَرَة ج مَسَاخِر [سخر] [মাস্‌খারাহ্‌] উপহাস, তামাশা, ঠাট্টা, বিদ্রূপ, মস্করা

مَسْخَط ج مَسَاخِط [سخط] [মাস্‌খাত] ক্রোধের কারণ, অসন্তুষ্টির কারণ

مُسْخَط [سخط] [মুস্‌খাত] ক্রুদ্ধ, বিরক্ত, অসন্তুষ্ট

مُسْخِط [سخط] [মুস্‌খিত] ক্রোধ উদ্রেককারী, বিরক্তিজনক, অপ্রীতিকর

مَسْخَطَة ج مَسَاخِط [سخط] [মাস্‌খাতাহ্‌] রাগের কারণ, অসন্তোষের কারণ

مُسَخَّن [سخن] [মুসাখ্‌খান] উত্তপ্ত, উষ্ণ

مُسَخِّن [سخن] [মুসাখ্‌খিন] গরম করে এমন,

উত্তপ্তকারী

مِسْخَنَة ج مَسَاخِن [سخن] [মিস্খানাহ্] রান্নার পাত্র, খাদ্য গরম করার পাত্র

مَسَد ج مِسَاد ، أَمْسَاد [মাসাদ] খেজুর গাছের আঁশ, আঁশের দড়ি, শক্ত করে পাকানো দড়ি

المَسَد [আল-মাসাদ] সূরা আল-মাসাদঃ পবিত্র কোরআনের ১১১তম সূরা

مَسَدّ [মাসাদ্] বাঁধ দেওয়ার জায়গা, পূরণ করার জায়গা

سَدَّ مَسَدَّهُ [সাদ্দা মাসাদ্দাহূ] জায়গা পূরণ করা, স্থলাভিষিক্ত হওয়া

مَسَدَ(ن) (مَسْد) [মাসাদা] (রশি) পাকানো, ভাল করে পাকানো

مَسَّدَ (تَمْسِيد) [مسد] [মাস্সাদা] অঙ্গমর্দন করা, ম্যাসেজ করা, মালিশ করা

مُسَدَّد [سدد] [মুসাদ্দাদ] মীমাংসিত, পরিশোধ-কৃত, নিক্ষিপ্ত, তাককৃত

مُسَدَّس ج مُسَدَّسَات [سدس] [মুসাদ্দাস] পিস্তল, রিভলবার, ছয় অংশবিশিষ্ট, ছয় বাহুবিশিষ্ট

مَسْدُود [سدد] [মাস্দূদ] বন্ধ, রুদ্ধ, বাধ দেওয়া হয়েছে এমন, বদ্ধ, বাধাগ্রস্ত, সমাপ্ত

مِسْرَاع [سرع] [মিস্রা'] গতিমাপক যন্ত্র

مَسْرَب ج مَسَارِب [سرب] [মাস্রাব] পথ, গতি-পথ, প্রবাহ-পথ, যাওয়ার পথ, নালা, নর্দমা

مَسَرَّة ج مَسَرَّات [سرر] [মাসার্রাহ্] প্রফুল্লতা, আনন্দ, খুশি, সুখ

مَسْرَجَة ج مَسَارِج [سرج] [মাস্রাজাহ্] দীপাধার, প্রদীপ রাখার পাত্র

مِسْرَجَة ج مَسَارِج [سرج] [মিস্রাজাহ্] প্রদীপ, প্রদীপ রাখার পাত্র, দীপাধার

مَسْرَح ج مَسَارِح [سرح] [মাস্রাহ্] চারণক্ষেত্র, বিচরণক্ষেত্র, নাটকের মঞ্চ, নাট্যশালা

مَسْرَحِيّ [سرح] [মাস্রহী] নাটক-বিষয়ক, নাটকসম্বন্ধীয়, নাটকীয়, নাটকলেখক, নাট্যকার

مَسْرَحِيَّة ج مَسْرَحِيَّات [سرح] [মাস্রহিয়্যাহ্] নাটক, নাট্য, নাট্যাভিনয়

مَسْرَد ج مَسَارِد [سرد] [মাস্রদ] সূচি, তালিকা, বিষয়-সূচি

مِسْرَد ج مَسَارِد [سرد] [মিস্রদ] ছিদ্র করার যন্ত্র, তুরপুন, চালুনি

مُسَرَّد [سرد] [মুসার্রদ] সেলাইকৃত, ছিদ্রযুক্ত, ছিদ্রিত, বর্ম

مُسْرِع [سرع] [মুস্রি'] দ্রুত, ত্বরিত, দ্রুতগামী, ধাবমান, তাড়াহুড়াকারী, ত্বরাকারী

مُسْرِف [سرف] [মুস্রিফ] অপচয়কারী, অমিত-ব্যয়ী, অপব্যয়ী, বাড়াবাড়িকারী, সীমালঙ্ঘনকারী

مَسْرُود [سرد] [মাস্রূদ] সেলাইকৃত, ছিদ্রযুক্ত, তালিকাকৃত, বর্ণিত, উদ্ধৃত, উপস্থাপিত, বর্ম

مَسْرُور [سرر] [মাস্রূর] খুশী, আনন্দিত, প্রফুল্ল, সুখী

مَسْرُوق [سرق] [মাস্রূক] চুরি করা হয়েছে এমন, অপহৃত, চোরাই

مِسْطَار [سطر] [মিস্তার] নতুন মদ, উড়ন্ত ধূলি, (রাজমিস্ত্রির) কর্নিক

مُسَطَّح [سطح] [মুসাত্তাহ্] সমতল, সমান, শায়িত, সমতলক্ষেত্র

مُسَطَّر [سطر] [মুসাত্তর] লিখিত, সারিবদ্ধ, রুল-করা, রেখাযুক্ত

مِسْطَرَة ج مَسَاطِر [سطر] [মিস্তরাহ্] যা দিয়ে রেখা টানা হয়, রুলার (ruler), নমুনা, কার্য-প্রণালী, প্রক্রিয়া

مَسْطَرِين [মাস্তরীন] (রাজমিস্ত্রির) কর্নিক

مَسْطُور [سطر] [মাস্তূর] লাইনবদ্ধ, সারিবদ্ধ, লিপিবদ্ধ, লিখিত

مِسْعَار ج مَسَاعِير [سعر] [মিস্'আর] আগুন উস্কানোর লৌহ শলাকা

مِسْعَر ج مَسَاعِر [سعر] [মিস্'আর] আগুন উস্কা-নোর লৌহ শলাকা, অগ্নি-প্রজ্বালক, (তরল পদার্থের) উষ্ণতা-পরিমাপক যন্ত্র, শক্তিশালী, জলাতঙ্কগ্রস্ত, উম্মাদ (কুকুর)

مِسْعَط [سعط] [মিস্'আত] নস্যের ডিবা

مُسْعِف [سعف] [মুস্'ইফ] ত্রাণকারী, উদ্ধার-কারী, সাহায্যকারী, রক্ষাকারী, ত্রাণকর্মী

مَسْعُود [سعد] [মাস্'উদ] সুখী, সৌভাগ্যবান, সৌভাগ্যশালী

مَسْعُور ست مَسْعُورَة [سعر] [মাস্‌'উর] উন্মত্ত, ক্ষিপ্ত, বন্য, হিংস্র

مَسْعَى ج مَسَاعِي ، مَسَاعٍ [سعي] [মাস্‌'আ] চেষ্টা, প্রচেষ্টা, প্রয়াস, উদ্যোগ

مَسْغَبَة ج مَسَاغِب [سغب] [মাস্‌গাবাহ্‌] ক্ষুধা, অনাহার, উপবাস, উপোস

مُسْفِر [سفر] [মুস্‌ফির] উজ্জ্বল, আলোকোজ্জ্বল, হাস্যোজ্জ্বল, হর্ষোজ্জ্বল

مَسْفَلَة ج مَسَافِل [سفل] [মাস্‌ফালাহ্‌] নিম্নভূমি, শহরের নিচু স্থান

المَسْفَلَة [আল-মাস্‌ফালাহ্‌] পবিত্র মক্কা নগরীতে হারাম শরীফের নিকটস্থ একটি এলাকার নাম

مَسْفَن ج مَسَافِن [سفن] [মাস্‌ফান] জাহাজ নির্মাণ বা মেরামতের স্থান, শিপইয়ার্ড, ডকইয়ার্ড

مَسْفُوح [سفح] [মাস্‌ফূহ্‌] প্রবাহিত, প্রবহমান, গড়ানো, ঝরানো (রক্ত)

مَسْفُوع [سفع] [মাস্‌ফূ'] গাঢ় তামাটে (বর্ণের)

مَسْقَط [سقط] [মাস্‌কাত] মাসকাট (নগরী)ঃ ওমানের রাজধানী

مَسْقَاة ج مَسَاقِي ، مَسَاقٍ [سقي] [মাস্‌কাত] পান করানোর জায়গা

مَسْقَط ج مَسَاقِط [سقط] [মাস্‌কাত] পতিত হওয়ার জায়গা, পতনস্থল

مَسْقَط الرَّأْس [মাস্‌কাতুর রা'স] জন্মস্থান, জন্মভূমি

مَسْقُوف [سقف] [মাস্‌কূফ] ছাদ দেওয়া হয়েছে বা ছাদ আছে এমন, ছাদযুক্ত

مَسْقَى [سقي] [মাস্‌কা] পান করানোর সময়

مَسْقِيّ [سقي] [মাস্‌কী] পানি বা সেচ দেওয়া হয়েছে এমন, পানিসিক্ত

مَسْك [মাস্‌ক] ধারণ, আকড়ে ধরণ, রক্ষণ

مَسْك ج مُسُك ، مُسُوك [মাস্‌ক] চামড়া, খাল, সদ্য ছাড়ানো চামড়া, ত্বক

مَسَكَ [ن] [ض] (مَسْك) بِ [মাসাকা] ধরে রাখা, আঁকড়ে ধরা, কবজা করা

مَسَكَ الحِسَابَات [মাসাকাল হিসাবাত] হিসাব রাখা

مَسَكَ الدَّفَاتِر [মাসাকাদ দাফাতির] হিসাব রাখা

مَسَّكَ (تَمْسِيك) [مسك] [মাস্‌সাকা] দৃঢ়ভাবে ধারণ করা, আঁকড়ে ধরা, কস্তুরী দ্বারা সুবাসিত করা

مِسْك [মিস্‌ক] মেশ্‌ক, কস্তুরী, মৃগনাভি

مُسْك [মুস্‌ক] উপজীবিকা, খোরাক, পর্যাপ্ত বুদ্ধি

مُسُك [মুসুক] কৃপণ, কিপটে, ব্যয়কুণ্ঠ, বখিল

مُسْكَان ج مَسَاكِين [মুস্‌কান] বায়না, দাদন

مَسْكَبَة ج مَسَاكِب [سكب] [মাস্‌কাবাহ্‌] ঢালার জায়গা, বীজতলা, (ফুলের) কেয়ারি

مَسْكَة ج مَسَكَات [মাস্‌কাহ্‌] মুঠো, মুষ্টি, আয়ত্ত, দখল, নিয়ন্ত্রণ, হাতল

مِسْكَة ج مِسَك [মিস্‌কাহ্‌] কস্তুরীর টুকরা, সামান্য, একটুখানি, অল্প পরিমাণ

مُسْكَة ج مُسَك [মুস্‌কাহ্‌] বাঁট, হাতল, আয়ত্ত, দখল, কৃপণতা, কার্পণ্য, অর্থলিপ্সা, মুষ্টি, মুঠো

مُسَكَة ج مُسَك [মুসাকাহ্‌] কৃপণ, ব্যয়কুণ্ঠ, লোভী, অর্থলিপ্সু

مُسَكَّر [سكر] [মুসাক্কার] চিনিমিশ্রিত, মিষ্ট করা হয়েছে এমন

مُسْكِر [سكر] [মুস্‌কির] যা নেশার উদ্রেক করে, নেশাদায়ক, মাদক

مَسْكَن ج مَسَاكِن [سكن] [মাস্‌কান] বাসস্থান, আবাসস্থল, অবস্থানস্থল

مُسَكِّن [سكن] [মুসাক্কিন] শান্তকারী, উপশমকারী, প্রশমিতকারী, যন্ত্রণানাশক, আরামদায়ক

مَسْكَنَة [سكن] [মাস্‌কানাহ্‌] নিঃস্বতা, দীনতা, দারিদ্র, বশ্যতা

مَسْكُوب [سكب] [মাস্‌কূব] ঢেলে দেওয়া হয়েছে এমন, প্রবাহিত, প্রবহমান, বর্ষিত (পানি)

مَسْكُوك [سك] [মাস্‌কূক] (টাকশালে) তৈরীকৃত (মুদ্রা)

مَسْكُون ست مَسْكُونَة [سكن] [মাস্‌কূন] বসতিপূর্ণ, অধিবাসীতে পরিপূর্ণ (ভূমি)

المَسْكُونَة [سكن] [আল-মাস্‌কূনাহ্‌] পৃথিবী, বিশ্ব

مِسْكِير ج مَسَاكِير [سكر] [মিস্‌কীর] মাদকাসক্ত,

নেশাখোর, নেশাগ্রস্ত

[মিস্‌কীন] মিসকীন, [سكن] مِسْكِين ج مَسَاكِين নিঃস্ব, অসহায়, দীন, বেচারা, সর্বহারা

[মিস্‌লাখ] সাপের খোলস [سلخ] مِسْلَاخ

[মিস্‌লাত] চাবির মুখ বা দাঁত [سلط] مِسْلَاط (যে অংশ দিয়ে তালা খোলা হয়)

[মিসাল্লাহ] বড় [سلل] مِسَلَّة ج مِسَلَّات ، مَسَالّ সুঁই, সূক্ষ্মাগ্র স্তম্ভবিশেষ, obelisk

[মুসাল্লাহ] অস্ত্রসজ্জিত, অস্ত্রধারী, [سلح] مُسَلَّح সশস্ত্র

[মাস্‌লাহাহ] অস্ত্রাগার, [سلح] مَسْلَحَة ج مَسَالِح অস্ত্রভাণ্ডার, প্রহরাস্থল, সশস্ত্র লোকজন

[মাস্‌লাখ] জবাইখানা, [سلخ] مَسْلَخ ج مَسَالِخ কসাইখানা

[মুসাল্‌সাল] ক্রমিক, ধারা- [سلسل] مُسَلْسَل বাহিক, পরম্পরাযুক্ত

[মুসাল্‌সাল] ধারাবাহিক مُسَلْسَل ج مُسَلْسَلَات গল্প, ধারাবাহিক অনুষ্ঠান

[মুসাল্‌সালাহ] ধারাবাহিক مُسَلْسَلَة ج مُسَلْسَلَات গল্প, ধারাবাহিক অনুষ্ঠান

[মুসাল্লাফ] ধার দেওয়া হয়েছে [سلف] مُسَلَّف এমন, অগ্রিম প্রদত্ত

[মুসাল্লিফ] যে ধার দেয়, অগ্রিম [سلف] مُسَلِّف প্রদানকারী

[মিস্‌লাফাহ] (কৃষিজমি [سلف] مِسْلَفَة ج مَسَالِف সমান করার) বিদে, মই

[মাস্‌লাক] পথ, রাস্তা, [سلك] مَسْلَك ج مَسَالِك কর্মপন্থা, কর্মপদ্ধতি, আচরণ

[মুসাল্লাম] অনুমোদিত, হস্তান্তরিত, [سلم] مُسَلَّم অর্পিত, স্বীকৃত, ত্রুটিমুক্ত, নিখুঁত

[মুস্‌লিম] মুসলমান, [سلم] مُسْلِم ج مُسْلِمُون মুসলিম, আত্মসমর্পণকারী, নিবেদিত

[মুস্‌লিমাহ] মুসলিম [سلم] مُسْلِمَة ج مُسْلِمَات মহিলা, আত্মসমর্পণকারিণী

[মাস্‌লূব] লুণ্ঠিত, ছিনতাইকৃত, [سلب] مَسْلُوب অপহৃত

[মাস্‌লূখ] ছোলা হয়েছে এমন, [سلخ] مَسْلُوخ (ছাল, চামড়া), ছাল বা চামড়া ছাড়ানো হয়েছে এমন

[মাস্‌লূক] সিদ্ধ করা হয়েছে [سلق] مَسْلُوق এমন, সিদ্ধ

[মাস্‌লূক] লোক চলাচল করে [سلك] مَسْلُوك এমন (রাস্তা)

[মাস্‌লূল] কোষমুক্ত (তরবারি), [سلل] مَسْلُول যক্ষ্মায় আক্রান্ত

[মুসাল্লী] যে সান্ত্বনা দেয়, [سلو] مُسَلِّي ، مُسَلّ সান্ত্বনাদায়ক, প্রবোধ দেয় এমন, ভুলিয়ে রাখে এমন, (ঘোড়দৌড় প্রতিযোগিতায়) তৃতীয় ঘোড়া

[মিস্‌মার] পেরেক, [سمر] مِسْمَار ج مَسَامِير কীলক, গোঁজ, পিন

[মিস্‌মা'] শ্রবণশক্তি [سمع] مِسْمَاع ج مَسَامِيع পরিমাপের যন্ত্র, শ্রবণযন্ত্র

[মুসাম্মিদ] (জমি) উর্বর করে [سمد] مُسَمِّد এমন (সার)

[মুসাম্মিদ] (জমিতে [سمد] مُسَمِّد ج مُسَمِّدَات দেওয়ার) সার

[মুস্‌মার] তামাটে, তাম্রবর্ণ, পিঙ্গল- [سمر] مُسْمَرّ বর্ণ

[মুসাম্মার] পেরেক দিয়ে আট- [سمر] مُسَمَّر কানো হয়েছে এমন, তামাটে রং করা হয়েছে এমন

[মাস্‌মা'] যে দূরত্ব পর্যন্ত শোনা [سمع] مَسْمَع যায়, শ্রবণ-সীমা

[মিস্‌মা'] শ্রবণেন্দ্রিয়, [سمع] مِسْمَع ج مَسَامِع কান, কর্ণ, শ্রবণযন্ত্র

[মিস্‌মা'আহ] শ্রবণযন্ত্র, [سمع] مِسْمَعَة ج مَسَامِع শ্রবণেন্দ্রিয়, কান, কর্ণ

[মুস্‌মা'] শোনানো হয়েছে এমন [سمع] مُسْمَع

[মুস্‌মি'] যে শোনায় [سمع] مُسْمِع

[মাস্‌মাকাহ] মাছের [سمك] مَسْمَكَة ج مَسَامِك দোকান, মাছ বিক্রয়কেন্দ্র

[মুসাম্মাম] বিষ মেশানো হয়েছে [سمم] مُسَمَّم এমন, বিষমিশ্রিত, বিষযুক্ত, বিষাক্ত

[মুসাম্মান] চর্বিযুক্ত, মোটা [سمن] مُسَمَّن

[মাস্‌মূহ] অনুমতি দেওয়া হয়েছে [سمح] مَسْمُوح

এমন, অনুমোদিত, বৈধ, আইনসম্মত

مَسْمُوع [سمع] [মাস্‌মূ'] শ্রুত, যা শোনা যায়, শ্রবণযোগ্য, জনশ্রুতি

مَسْمُوعِيَّة [سمع] [মাস্‌মূ'ইয়্যাহ্‌] শ্রবণযোগ্যতা

مَسْمُوم [سمم] [মাস্‌মূম] বিষাক্ত, বিষযুক্ত, বিষ-মিশ্রিত, সাইমুম বয়ে যায় এমন (দিন)

مُسَمًّى مث مُسَمَّاةٌ [سمي] [মুসাম্মা] নাম দেওয়া হয়েছে এমন, নামযুক্ত, নামীয়, অভিহিত, আখ্যায়িত, নির্দিষ্ট, নির্ধারিত

مِسَنٌّ ج مِسَنَّات ، مَسَانٌّ [سنن] [মিসান্‌] ধার বা শান দেওয়ার পাথর, শানপাথর

مُسِنٌّ [سنن] [মুসিন্‌] বয়স বেড়েছে এমন, বয়স্ক, প্রাপ্তবয়স্ক, বৃদ্ধ

مُسَنَّاةٌ ج مُسَنَّوَات ، مُسَنَّيَات [سنو] [মুসান্নাত] বাঁধ, জাঙ্গাল

مَسْنَد ، مِسْنَد ج مَسَانِد [سند] [মাস্‌নাদ, মিস্‌নাদ] হেলান দেওয়ার জায়গা বা বস্তু, ঠেক, ঠেকনা, খুঁটি, গদি, বালিশ

مُسْنَد ج مَسَانِيد [سند] [মুস্‌নাদ] (অলঙ্কারশাস্ত্রে) বিধেয় বা ক্রিয়া; সনদযুক্ত (হাদীস), যে হাদীসগ্রন্থে প্রত্যেক সাহাবীর বর্ণিত হাদীসসমূহ স্বতন্ত্রভাবে সঙ্কলিত হয়েছে, ধারাবাহিক সনদ-যুক্ত হাদীস

مُسْنَد إِلَيْه [سند] [মুস্‌নাদ ইলাইহ্‌] (অলঙ্কার-শাস্ত্রে) উদ্দেশ্য বা কর্তা

مُسْنِد [سند] [মুস্‌নিদ] সনদসহ হাদীস বর্ণনাকারী

مُسَنَّد [سند] [মুসান্নাদ] ঠেক দিয়ে রাখা হয়েছে এমন, ঠেকযুক্ত, ভর দিয়ে রাখা হয়েছে এমন, ভর-দেওয়া

مُسَنَّم [سنم] [মুসান্নাম] কুঁজো, বাঁকা, খিলান-যুক্ত, অর্ধগোলাকার, উত্তল, উঁচু, আরোহণ করা হয় না এমন (উট)

مُسَنَّن [سنن] [মুসান্নান] দাঁতওয়ালা, খাঁজযুক্ত, খাঁজ-কাটা, ধারালো

مُسَنَّنَة ج مُسَنَّنَات [سنن] [মুসান্নানাহ্‌] দাঁত-ওয়ালা চাকা, cogwheel

مَسْنُود [سند] [মাস্‌নূদ] ঠেক দিয়ে রাখা হয়েছে এমন, ভর দিয়ে রাখা হয়েছে এমন, ঠেক-দেওয়া, ভর-দেওয়া

مَسْنُون [سنن] [মাস্‌নূন], সুন্নতসম্মত, রীতিসিদ্ধ, ধারালো, দুর্গন্ধযুক্ত (কাদামাটি)

مُسْهَب [سهب] [মুস্‌হাব] বিস্তারিত, দীর্ঘায়িত, বিশদ, লম্বা, দীর্ঘকায়

مُسْهِب [سهب] [মুস্‌হিব] (কথা) দীর্ঘায়িত করে এমন, বিশদভাবে বলে এমন

مُسْهِل [سهل] [মুস্‌হিল] রেচক, জোলাপ

مُسْهِم [سهم] [মুস্‌হিম] অংশীদার, শেয়ারের মালিক

مَسْهُول [سهل] [মাস্‌হূল] উদরাময়ে আক্রান্ত, পাতলা পায়খানা হয় এমন

مِسْوَاة ج مَسَاوِي ، مَسَاوٍ [سوي] [মিস্‌ওয়াত] সমতল করার যন্ত্র, লেভেল

مِسْوَاك ج مَسَاوِيك [سوك] [মিস্‌ওয়াক] দাঁতন, মেসওয়াক

مُسَوَّد [سود] [মুসাওওয়াদ] কালো করা হয়েছে এমন, কালো, কালচে, কৃষ্ণাভ, খসড়া করা হয়েছে এমন

مُسْوَدَّة ، مُسَوَّدَة [سود] [মুস্‌ওয়াদ্দাহ্‌, মুসাও-ওয়াদাহ্‌] খসড়া, মুসাবিদা, পাণ্ডুলিপি

مُسْوَدَّة الطَّبْع [মুস্‌ওয়াদ্দাতুত তব্‌'] প্রুফশিট (proof sheet), গ্যালিপ্রুফ (galley proof)

مُسَوَّر [سور] [মুসাওওয়ার] প্রাচীরঘেরা, দেয়াল-ঘেরা, বেড়া-দেওয়া

مُسَوَّغ [سوغ] [মুসাওওয়াগ] অনুমতি দেওয়া হয়েছে এমন, বৈধ, অনুমোদিত, স্বীকৃত

مُسَوِّغ ج مُسَوِّغَات [سوغ] [মুসাওবিগ] সঙ্গত কারণ

مُسَوِّف [سوف] [মুসাওবিফ] বিলম্বিত করে এমন, স্থগিত করে এমন, ধৈর্যশীল

مُسَوَّق [سوق] [মুসাওওয়াক] বাজারজাত

مُسَوِّق [سوق] [মুসাওবিক] বাজারজাতকারী

مُسَوَّم [سوم] [মুসাওওয়াম] চিহ্নিত, চিহ্নযুক্ত

مُسَوِّم [سوم] [মুসাওবিম] চিহ্নদাতা, চিহ্ন দ্বারা নির্দিষ্টকারী

مَسَّى (تَمْسِيَة) [مسي] [মাস্‌সা] (কারো) শুভ সন্ধ্যা কামনা করা, (কাউকে) "শুভ সন্ধ্যা" বলা

مُسِيئٌ [سوء] [মুসী'] যে খারাপ কাজ করে, ক্ষতি-

কর, অনিষ্টকর, বিরক্তিকর, অপ্রীতিকর

مَسِيح ج مُسَحَاء ، مَسْحَى [মাসীহ] তেল মালিশ করে দেওয়া হয়েছে এমন, মুছে দেওয়া হয়েছে এমন, যা মোছা হয়, ঘাম, সুন্দর, সুদর্শন, সুন্দর চেহারাবিশিষ্ট, রৌপ্যখণ্ড, বেশী সফর করে এমন

اَلْمَسِيح [আল-মাসীহ] হযরত ঈসা (আ)

مُسَيَّح [سيح] [মুসাইয়াহ] তরল, জলীয়, ডোরা-কাটা (কাপড়)

مَسِيحِيّ [মাসীহী] খ্রীষ্টান, খ্রীষ্টীয়, ঈসায়ী

مَسِيحِيَّة [মাসীহিয়্যাহ] খ্রীষ্টবাদ, খ্রীষ্টানধর্ম

مَسِيخ [مسخ] [মাসীখ] বিকৃত, কুৎসিত, স্বাদ-বিহীন, বিস্বাদ, বোকা

مَسِير [سير] [মাসীর] ভ্রমণ, সফর, যাত্রা, কুচ-কাওয়াজ, প্যারেড, দূরত্ব

مُسَيَّر [سير] [মুসাইয়ার] চালিত, পরিচালিত, চালুকৃত, তাড়িত, চালান দেওয়া হয়েছে এমন, প্রেরিত, ছড়ানো হয়েছে এমন, ডোরাকাটা

مُسَيِّر [سير] [মুসাইয়ির] চালনাকারী, চালিয়ে নেয় এমন, চালক, তাড়িয়ে নেয় এমন, প্রেরক

مَسِيرَة [سير] [মাসীরাহ] ভ্রমণ, সফর, যাত্রা, মিছিল, কুচকাওয়াজ, প্যারেড, ভ্রমণপথ, দূরত্ব

مَسِيس [مسس] [মাসীস] স্পর্শ, ছোঁয়া, পরশ, সম্পর্ক

مُسَيْطِر [سيطر] [মুসাইতির] কর্তৃত্বকারী, নিয়ন্ত্রণ-কারী, ক্ষমতাবান, দায়িত্ববান, তদারককারী

مَسِيك [مسك] [মাসীক] কৃপণ, কিপটে, ব্যয়কুণ্ঠ, ওয়াটারপ্রুফ

مَسِيل ج مَسَايِل [سيل] [মাসীল] স্রোত, পানির ধারা, নদী, স্রোতস্বিনী

مُسَيَّل [سيل] [মুসাইয়াল] প্রবাহিত, গলানো হয়েছে এমন, তরলীকৃত

مُسِيل [سيل] [মুসীল] নিঃসারণকারী, নিঃসারক, প্রবাহিতকারী, ঝরায় বা গড়িয়ে দেয় এমন, তরলকারী

غَاز مُسِيل لِلدُّمُوع [গায মুসীল লিদ-দুমূ'] অশ্রু-নিঃসারক গ্যাস, কাঁদানে গ্যাস, কাঁদুনে গ্যাস

مُسَيِّل [سيل] [মুসাইয়িল] প্রবাহিতকারী, ঝরায় বা গড়িয়ে দেয় এমন, তরলকারী

مَشّ [ن] (مَشّ) [মাশ্শা] (হাড়) চোষা, ওলানে কিছু দুধ রেখে (উষ্ট্রী) দোহন করা, একটু একটু করে নেওয়া, (হাত) মোছা, চুবানো, ভিজানো, বিরোধ করা

مِشّ [মিশ্] ছানার পানি

مَشَّاء [مشي] [মাশ্শা'] অধিক হাঁটে এমন, হাঁটায় পারদর্শী, নিন্দুক, চোগলখোর

مُشَابِه [شبه] [মুশাবিহ] অনুরূপ, একরকম, সদৃশ

مُشَابَهَة [شبه] [মুশাবাহাহ] মিল, সাদৃশ্য

مُشَاة (مَاشِي) [مشي] [মুশাত] পদাতিক বাহিনী

مُشَاتَمَة [شتم] [মুশাতামাহ] গালাগালি, তিরস্কার

مُشَاجَرَة [شجر] [মুশাজারাহ] ঝগড়া, বিবাদ, বিতর্ক

مُشَاجَنَة ج مُشَاجَنَات [شجن] [মুশাজানাহ] ঘৃণা, বিদ্বেষ, শত্রুতা, বিতর্ক, ঝগড়া

مُشَادَّة [شدد] [মুশাদ্দাহ] কথা-কাটাকাটি, বিতর্ক, বিতণ্ডা, ঝগড়া, বিবাদ

مَشَار ج مَشَاوِر [شور] [মাশার] মৌচাক, মধুকোষ

مُشَارٌ إِلَيْه [شور] [মুশারুন ইলাইহ] যার দিকে ইঙ্গিত করা হয়েছে, নির্দেশিত, উল্লিখিত

مَشَارِف (مَشْرَف) [شرف] [মাশারিফ] উপকণ্ঠ, আশপাশের এলাকা, উচ্চভূমি

مُشَارِك [شرك] [মুশারিক] অংশগ্রহণকারী, অংশী-দার, সহযোগিতাকারী, সহযোগী

مُشَارَكَة [شرك] [মুশারকাহ] অংশগ্রহণ, অংশী-দারিত্ব, সহযোগিতা

مَشَّاط [مشط] [মাশশাত] চিরুনি প্রস্তুত বা বিক্রয়-কারী, চিরুনিওয়ালা

مُشَاطَة [مشط] [মুশাতাহ] আঁচড়ানোর সময় ঝরে পড়া চুল

مُشَاطَرَة [شطر] [মুশাতরাহ] অংশগ্রহণ, অংশী-দারিত্ব, ভাগাভাগি

مُشَاع [شيع] [মুশা'] ছড়ানো, সুপ্রচলিত, যৌথ, যুক্ত, সাধারণ, গণ-

مَشَاعِر (مَشْعَر) [شعر] [মাশা'ইর] অনুভূতিসমূহ, রীতিনীতি, অনুষ্ঠানাদি

مُشْبِع [شبع] [মুশ্‌বি'] পরিতৃপ্তকারী, তৃপ্তিকর, তৃপ্তিদায়ক, নিবারক

مِشْبَك ج مَشَابِك [شبك] [মিশ্‌বাক] হুক, কীলক, আঁচড়া, ক্লিপ

مُشَبَّك [شبك] [মুশাব্বাক] বুননকৃত, বিজড়িত, জটিল, জিলাপি (প্যাঁচবিশিষ্ট মিঠাইবিশেষ)

مُشَبَّه [شبه] [মুশাব্বাহ] উপমেয় (অল)

مُشَبَّه بِهِ [شبه] [মুশাব্বাহ বিহী] উপমান (অল)

مَشْبُوه [شبه] [মাশ্‌বুহ] সন্দেহপূর্ণ, সন্দেহজনক, দ্ব্যর্থবাচক

مُشْتَاع [شيع] [মুশ্‌তা'] অংশীদার, শরীক

مُشْتَاق [شوق] [মুশ্‌তাক] আগ্রহী, আগ্রহান্বিত, উৎসাহী, উৎসুক

مُشْتَبِك [شبك] [মুশ্‌তাবিক] বিজড়িত, জটিল, জড়িত, সংঘাতময়

مُشْتَبَه [شبه] [মুশ্‌তাবাহ] সন্দেহপূর্ণ, সন্দেহ-জনক, দ্ব্যর্থবাচক

مُشْتَبِه [شبه] [মুশ্‌তাবিহ] একই রকম, অনুরূপ, সাদৃশ্যপূর্ণ

مُشَتَّت [شتت] [মুশাত্তাত] বিচ্ছিন্ন, ছিন্নভিন্ন, বিক্ষিপ্ত, ছড়ানো-ছিটানো

مُشَتِّت [شتت] [মুশাত্তিত] বিক্ষিপ্তকারী, ছড়িয়ে-ছিটিয়ে রাখে এমন, ছিন্নভিন্নকারী

مُشْتَدّ [شدد] [মুশ্‌তাদ্] তীব্র, কঠিন, শক্তিশালী, শক্ত, মজবুত

مُشْتَرَط [شرط] [মুশ্‌তারত] শর্ত লাগানো হয়েছে এমন, শর্তযুক্ত, শর্তাধীন

مُشْتَرَع [شرع] [মুশ্‌তারা'] আইনরূপে প্রণীত, বিধানরূপে প্রবর্তিত

مُشْتَرِع [شرع] [মুশ্‌তারি'] আইনপ্রণেতা, বিধান-প্রণেতা, বিধায়ক

مُشْتَرَك [شرك] [মুশ্‌তারক] যৌথ, যুক্ত, সম্মি-লিত, সাধারণ

مُشْتَرِك [شرك] [মুশ্‌তারিক] অংশগ্রহণকারী, অংশীদার, শরীক

مُشْتَرَى مث مُشْتَرَاة [شري] [মুশ্‌তারা] ক্রয়কৃত, ক্রীত, ক্রয়

مُشَاعَرَة [شعر] [মুশা'আরাহ] কাব্য-প্রতিযোগিতা

مُشَاغِب [شغب] [মুশাগিব] দাঙ্গাকারী, অশান্তি সৃষ্টিকারী, দাঙ্গাবাজ

مُشَاغَبَة [شغب] [মুশাগাবাহ] দাঙ্গা, দাঙ্গাবাজি, অশান্তি সৃষ্টি, গোলযোগ সৃষ্টি

مُشَافَهَةً [شفه] [মুশাফাহাতান] মৌখিকভাবে, মুখে মুখে

مُشَاق ، مُشَاقَة ج مِشَق [মুশাক, মুশাক্বাহ] শন পাট তুলা পশম ইত্যাদির আবর্জনা

مُشَاكِس [شكس] [মুশাকিস] কলহপ্রিয়, বিবাদ-প্রিয়, ঝগড়াটে

مُشَاكَسَة [شكس] [মুশাকাসাহ] কলহ, বিবাদ, ঝগড়া, বিতর্ক, কলহপ্রিয়তা

مُشَاكَلَة [شكل] [মুশাকালাহ] সাদৃশ্য, মিল

مُشَاهَد [شهد] [মুশাহাদ] দেখা হয়েছে এমন, দৃষ্ট, লক্ষিত, প্রকাশিত, স্পষ্ট

مُشَاهِد [شهد] [মুশাহিদ] দর্শক, প্রত্যক্ষকারী, প্রত্যক্ষদর্শী, পর্যবেক্ষক

مُشَاهَدَة [شهد] [মুশাহাদাহ] প্রত্যক্ষকরণ, দর্শন, পর্যবেক্ষণ, উপস্থিতি

مَشَاهِير (مَشْهُور) [شهر] [মাশাহীর] বিখ্যাত ব্যক্তিবর্গ, প্রখ্যাত ব্যক্তিত্বগণ

مُشَاوَرَة ج مُشَاوَرَات [شور] [মুশাওয়ারাহ] পরা-মর্শ, মন্ত্রণা, আলোচনা

مُشَايَة ج مُشَايَات [مشي] [মুশায়াহ] চটিজুতা, হাঁটার পথ, বারান্দা, ফুটপাথ, হাঁটার যন্ত্র

مُشَايِع [شيع] [মুশায়ি'] পক্ষীয়, পক্ষভুক্ত, পৃষ্ঠ-পোষক, সমর্থক, পক্ষপাতী

مَشَايِن [شين] [মাশায়িন] দোষসমূহ, ত্রুটিসমূহ

مُشَايَعَة [شيع] [মুশায়া'আহ] পক্ষাবলম্বন, পৃষ্ঠ-পোষকতা, সমর্থন, পক্ষপাতিত্ব

مَشْأَمَة [شئم] [মাশ্‌আমাহ] বাম, বাঁ, মন্দ, অশুভ

مَشْئُوم ج مَشَائِيم [شئم] [মাশ্‌উম] অশুভ, মন্দ, দুর্ভাগ্যবান

مُشْبَع ، مُشَبَّع [شبع] [মুশ্‌বা', মুশাব্বা'] তৃপ্ত, পরিতৃপ্ত, পূর্ণ, পরিপূর্ণ, ভরতি, নিবারিত

مُشْتَرِي ، مُشْتَرٍ ج مُشْتَرُون [شري] [মুশ্তারী] ক্রয়কারী, ক্রেতা, খরিদ্দার

المُشْتَرِي [شري] [আল-মুশ্তারী] বৃহস্পতি (গ্রহ)

مُشْتَرَيَات (مُشْتَرًى) [شري] [মুশ্তারয়াত] ক্রয়-কৃত জিনিসপত্র, ক্রয়সামগ্রী

مُشْتَعِل [شعل] [মুশ্তা'ইল] জ্বলন্ত, শিখায়িত, উত্তেজিত, দাহযুক্ত

مُشْتَغِل [شغل] [মুশ্তাগিল] ব্যস্ত, নিযুক্ত, চালু

مُشْتَقّ [شقق] [মুশ্তাক্] গঠিত, নির্গত, উৎপন্ন, ব্যুৎপন্ন

مُشْتَقَّات [شقق] [মুশ্তাক্কাত] ব্যুৎপন্ন শব্দাবলী

مُشْتَكِي ، مُشْتَكٍ [شكو] [মুশ্তাকী] অভিযোগ-কারী, অভিযোক্তা, কষ্ট ব্যক্তকারী, অনুযোগকারী

مَشْتَل ج مَشَاتِل [شتل] [মাশ্তাল] চারাগাছের বাগান, নার্সারি, বীজতলা

مُشْتَمَل [شمل] [মুশ্তামাল] অন্তর্ভুক্ত, শামিল

مُشْتَمَلَات [شمل] [মুশ্তামালাত] অন্তর্ভুক্ত বিষয়-সমূহ

مُشْتَمِل [شمل] [মুশ্তামিল] অন্তর্ভুক্তকারী, শামিল-কারী, ধারণকারী, ব্যাপী

مُشْتَهِر [شهر] [মুশ্তাহির] বিখ্যাত, প্রখ্যাত, প্রসিদ্ধ

مُشْتَهًى [شهو] [মুশ্তাহা] কাম্য, কাংক্ষিত

مُشْتَهِي ، مُشْتَهٍ [شهو] [মুশ্তাহী] পেতে আগ্রহী, ইচ্ছুক, কামনাকারী, আকাংক্ষী

مَشْتًى ج مَشَاتِي ، مَشَاتٍ [شتو] [মাশ্তা] শীত-কাল কাটানোর স্থান, শীতকালীন অবকাশ-কেন্দ্র, শীতকালীন নিবাস, শীতনিবাস

مَشْج ، مَشَج ، مِشْج ج أَمْشَاج [মাশ্জ, মাশাজ, মিশ্জ] মিশ্র, মিশ্রিত, বিজড়িত

مَشْجَاة [شجو] [মাশ্জাত] আবেগ ও উত্তেজনা-পূর্ণ নাটক

مِشْجَب ج مَشَاجِب [شجب] [মিশ্জাব] (কাপড় ঝুলিয়ে রাখার) তাক, আলনা, র‍্যাক, স্ট্যান্ড, হুক

مُشْجِر [شجر] [মুশ্জির] অধিক গাছপালাসম্পন্ন, তৃণবহুল, গাছপালায় পরিপূর্ণ, বৃক্ষপূর্ণ (স্থান)

مُشَجَّر [شجر] [মুশাজ্জার] গাছপালায় পরিপূর্ণ, বৃক্ষপূর্ণ, অরণ্যে পরিণত, বনায়নকৃত, গাছ দিয়ে সজ্জিত

مُشَجِّر [شجر] [মুশাজ্জির] অরণ্যে পরিণতকারী, বনপাল, বনরক্ষক

مُشَجِّع [شجع] [মুশাজ্জি'] উৎসাহ দানকারী, প্রেরণা দানকারী, সমর্থক, পৃষ্ঠপোষক

مَشْجُوب [شجب] [মাশ্জুব] কষ্ট দেওয়া হয়েছে এমন, নিন্দিত, তিরস্কৃত, সমালোচিত

مُشْجِي ، مُشْجٍ [شجو] [মুশ্জী] বেদনাদায়ক, কষ্টদায়ক, দুঃখজনক, হৃদয়বিদারক

مَشَحَ [ف] (مَشْح) [মাশাহা] তেল লাগানো, মলম লাগানো

مَشْحَة [মাশ্হাহ] তেল লেপন

مِشْحَد ، مِشْحَدَة ج مَشَاحِد [شحد] [মিশ্হাদ, মিশ্হাদাহ] শানপাথর, শিল, পাটা

مُشَحَّم [شحم] [মুশাহ্হাম] তৈলাক্ত, পিচ্ছিল, চর্বি তেল গ্রীজ ইত্যাদি দিয়ে পিচ্ছিল করা হয়েছে এমন, মসৃণ (যন্ত্রপাতি)

مُشَحِّم [شحم] [মুশাহ্হিম] যে ব্যক্তি যন্ত্রপাতিতে তেল ইত্যাদি দেয়, তৈলাক্তকারী, পিচ্ছিলকারী, মসৃণকারী

مِشْحَمَة ج مَشَاحِم [شحم] [মিশ্হামাহ] চর্বির বাক্স, grease box

مَشْحُود [شحد] [মাশ্হুয] ধার দেওয়া হয়েছে এমন, ধারালো

مَشْحُون [شحن] [মাশ্হুন] বোঝাইকৃত, ভর্তি, ভরা, পণ্য বোঝাই করে ছেড়ে দেওয়া হয়েছে এমন (জাহাজ)

مُشَدَّد [شدد] [মুশাদ্দাদ] জোর দেওয়া হয়েছে এমন, প্রচণ্ড, কঠিন, কঠোর, জোরালো, তাশদীদ-যুক্ত (হরফ)

مُشَدِّد [شدد] [মুশাদ্দিদ] যে জোর দেয়, কঠোর, কড়া, কঠোরতাকারী

مَشْدُود [شدد] [মাশ্দূদ] শক্ত করে বাঁধা হয়েছে এমন, শক্ত, সুদৃঢ়, মজবুত, টানা হয়েছে এমন

مَشْدُوه [شده] [মাশ্দূহ] বিস্মিত, হতবাক, হত-বুদ্ধি, কিংকর্তব্যবিমূঢ়

مُشَذَّب [شذب] [মুশায্যাব] যা কাটা বা ছাঁটা হয়েছে, কাট-ছাঁটকৃত, পরিমার্জিত

مَشَرَ [ن] (مَشْر) [মাশারা] প্রকাশ করা, দেওয়া

مَشِرَ [س] (مَشَر) [মাশিরা] দম্ভ করা, দাম্ভিক হওয়া, (গাছে) পাতা বের হওয়া

مَشَّرَ (تَمْشِير) [مشر] [মাশ্শারা] (গাছে) পাতা বের হওয়া, বিভক্ত করা, বিচ্ছিন্ন করা, কাপড় পরানো

مَشْرَب [شرب] [মাশ্রব] পান, পানকরণ, রুচি, ঝোঁক, পানীয়

مَشْرَب ج مَشَارِب [شرب] [মাশ্রব] পান করার জায়গা, পানশালা, ঘাট, ঝরনা

مَشْرَبَة ، مَشْرُبَة ج مَشَارِب [شرب] [মাশ্রবাহ্, মাশ্রুবাহ্] পান করার জায়গা, পানশালা

مِشْرَبَة ج مَشَارِب [شرب] [মিশ্রবাহ্] পান করার পাত্র, পানপাত্র

مَشْرَبِيَّة [شرب] [মাশ্রবিয়্যাহ্] একপ্রকার জানালা, oriel, একপ্রকার পানপাত্র, ফুলদানি

مَشْرَة [মাশ্রাহ্] (গাছের) কচি পাতা, কচি ডাল, অংকুর, অংকুরিত উদ্ভিদ, কাপড়, পরিধেয়

مُشَرَّح [شرح] [মুশার্রহ্] বিশ্লেষিত, ফালি ফালি করে কর্তিত, ব্যবচ্ছেদকৃত, ময়নাতদন্তকৃত

مُشَرِّح [شرح] [মুশার্রিহ্] বিশ্লেষণকারী, যে ফালি ফালি করে কাটে, ব্যবচ্ছেদকারী, ময়না-তদন্তকারী

مَشْرَحَة [شرح] [মাশ্রহাহ্] ব্যবচ্ছেদকক্ষ, মর্গ, ময়নাতদন্তের ঘর

مُشَرَّد [شرد] [মুশার্রদ] ঘরবাড়ি থেকে বিতাড়িত, বাস্তুচ্যুত, গৃহহীন, শরণার্থী

مُشَرْشَر [شرشر] [মুশার্শার] খাঁজযুক্ত, খাঁজ-কাটা, দাঁতওয়ালা

مَشْرَط [شرط] [মাশ্রত] কার্যক্রম, প্রোগ্রাম

مِشْرَط ج مَشَارِط [شرط] [মিশ্রত] ধারালো ছোট ছুরি, শল্যছুরিকা

مُشَرَّط [شرط] [মুশার্রত] খণ্ডখণ্ডকৃত, ফালি ফালি করে কর্তিত, ছেদনকৃত, আঁচড় কাটা হয়েছে এমন

مِشْرَطَة ج مَشَارِط [شرط] [মিশ্রতাহ্] ধারালো ছোট ছুরি, শল্যছুরিকা

مَشْرَع ج مَشَارِع [شرع] [মাশ্রা'] পান করার জায়গা, ঘাট, ঝরনা

مُشَرَّع [شرع] [মুশার্রা'] বিধানরূপে প্রবর্তিত, আইনরূপে প্রণীত, আইনানুগকৃত, উঁচু (ঘর)

مُشَرِّع [شرع] [মুশার্রি'] আইনানুগকারী, আইন প্রণয়নকারী, বিধায়ক

مَشْرَعَة ج مَشَارِع [شرع] [মাশ্রা'আহ্] পান করার জায়গা, ঘাট, ঝরনা

مَشْرَف ج مَشَارِف [شرف] [মাশ্রফ] উচ্চ স্থান, উচ্চভূমি, পর্যবেক্ষণের জায়গা

مُشْرِف [شرف] [মুশ্রিফ] তত্ত্বাবধায়ক, পৃষ্ঠ-পোষক, পর্যবেক্ষক, পরিচালক, উঁচু (স্থান)

مُشَرَّف [شرف] [মুশার্রফ] সম্মানিত, মর্যাদা-বান, গৌরবময়

مُشَرِّف [شرف] [মুশার্রিফ] সম্মানকারী, মর্যাদা দানকারী

مَشْرِفِيّ [شرف] [মাশ্রফী] 'মাশারিফ' (مَشَارِف) অঞ্চলের সাথে সম্পৃক্ত, 'মাশারিফ' অঞ্চলের

مَشْرِق ج مَشَارِق [شرق] [মাশ্রিক] পূর্ব, প্রাচ্য, উদয়স্থল, উদয়াচল

مُشْرِق [شرق] [মুশ্রিক] উজ্জ্বল, উদ্ভাসিত, প্রদীপ্ত

مُشْرِك [شرك] [মুশ্রিক] শরীককারী, অংশীদার সাব্যস্তকারী, আল্লাহর সাথে শরীককারী, মুশরিক

مَشْرُوب [شرب] [মাশ্রূব] যা পান করা হয়েছে, পান করার যোগ্য, পানযোগ্য, পানীয়

مَشْرُوب ج مَشْرُوبَات [شرب] [মাশ্রূব] পান করার বস্তু, শরবত

مَشْرُوط [شرط] [মাশ্রূত] শর্তযুক্ত, শর্তাধীন, ফালিফালি করে কর্তিত, ছেদনকৃত

مَشْرُوع [شرع] [মাশ্রূ'] শরীয়তসম্মত, আইন-সম্মত, আইনানুগ, বৈধ

مَشْرُوع ج مَشَارِيع [شرع] [মাশ্রূ'] প্রকল্প, পরিকল্পনাধীন কাজ

مَشْرُوع قَانُون [মাশ্রূ' ক্বানূন] আইনের খসড়া, খসড়া আইন, বিল

مَشْرُوع قَرَار [মাশ্রূ' ক্বারার] প্রস্তাবের খসড়া,

খসড়া প্রস্তাব

مَشْرُوعِيَّة [شرع] [মাশ্রূ'ইয়্যাহ্] আইনানুগতা, বৈধতা

مَشَطَ [ن] [ض] (مَشْط) [মাশাত্বা] চিরুনি করা, আঁচড়ানো, চিরুনি দ্বারা আঁচড়ানো, বিন্যস্ত করা

مَشَّطَ (تَمْشِيط) [مشط] [মাশ্শাত্বা] আঁচড়ানো, চিরুনি দ্বারা আঁচড়ানো, চিরুনি করা, বিন্যস্ত করা

مُشْط ، مِشْط ج أَمْشَاط ، مِشَاط [মুশ্ত্ব] চিরুনি, আঁচড়া

مُشْط الرِّجْل [মুশ্ত্বুর রিজ্ল] পায়ের গোড়ালি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশ, পায়ের এই অংশের অস্থিসমূহ, পদকূর্চাস্থি, পায়ের পাতার নিচের অংশ, instep

مُشْط الْقَدَم [মুশ্ত্বুল ক্বাদাম] পায়ের গোড়ালি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশ, পায়ের এই অংশের অস্থিসমূহ, পদকূর্চাস্থি, পায়ের পাতার নিচের অংশ, instep

مُشْط الْيَد [মুশ্ত্বুল ইয়াদ] হাতের কব্জি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশ, হাতের কব্জি ও আঙ্গুলের মধ্যবর্তী অংশের অস্থিসমূহ, করকূর্চাস্থি

مُشَطَّب [شطب] [মুশাত্তব] খণ্ডখণ্ডকৃত, ফালি ফালি করে কর্তিত, ছেদনকৃত, আঁচড় কাটা হয়েছে এমন, লম্বা লম্বা দাগযুক্ত, ডোরাযুক্ত

مَشْطُوب [شطب] [মাশ্ত্বূব] খণ্ডখণ্ডকৃত, ফালি ফালি করে কর্তিত, ছেদনকৃত, আঁচড় কাটা হয়েছে এমন, লম্বা লম্বা দাগযুক্ত, ডোরাযুক্ত, মুছে ফেলা হয়েছে এমন

مَشْطُور [شطر] [মাশ্ত্বূর] দ্বিখণ্ডিত, দ্বিধাবিভক্ত, অর্ধেককৃত

مَشَعَ [ف] (مَشْع) [মাশা'আ] উপার্জন করা, কেড়ে নেওয়া, (বকরী) দোহন করা, (তুলার) জট ছাড়ানো, প্রহার করা

مَشَّعَ (تَمْشِيع) [مشع] [মাশ্শা'আ] সবটুকু খেয়ে ফেলা, পরিষ্কার করে ফেলা, মুছে ফেলা

مُشِعّ [شعع] [মুশি'] উজ্জ্বল, ভাস্বর, জ্যোতির্ময়, প্রভাময়, উদ্ভাসিত, বিকিরণকারী, তেজস্ক্রিয়

مُشِعّ ج مُشِعَّات [شعع] [মুশি'] তেজস্ক্রিয় বস্তু

مِشْعَاع [شعع] [মিশ্'আ'] বিকিরণযন্ত্র, রেডিয়েটর (radiator)

مِشْعَال ج مَشَاعِيل [شعل] [মিশ্'আল] ছাঁকনি

مَشْعَب ج مَشَاعِب [شعب] [মাশ্'আব] রাস্তা, পথ

مِشْعَب ج مَشَاعِب [شعب] [মিশ্'আব] ছিদ্র করার যন্ত্র, তুরপুন

مُشَعَّب [شعب] [মুশা''আব] ডালপালাবিশিষ্ট, শাখাবিশিষ্ট, বিভিন্ন শাখায় বিভক্ত

مُشِعَّة ج مُشِعَّات [شعع] [মুশি''আহ্] বিকিরণ-যন্ত্র, রেডিয়েটর (radiator)

مَشْعَر [شعر] [মাশ্'আর] অনুভূতি, অনুভব, উপলব্ধি, চেতনা

مَشْعَر ج مَشَاعِر [شعر] [মাশ্'আর] নিদর্শন, হজ্জের পবিত্র স্থান

الْمَشْعَر الْحَرَام [আল-মাশ্'আরুল হারাম] পবিত্র নিদর্শন, মুযদালিফাঃ আরাফাত ও মিনার মধ্যবর্তী হজ্জের পবিত্র স্থান

مُشَعْشَع [شعشع] [মুশা'শা'] তরলীকৃত, পানি-মিশ্রিত, পাতলা, হালকা

مُشَعْشِع [شعشع] [মুশা'শি'] তরলকারী, পাতলা বা হালকা করে এমন

مَشْعَل ج مَشَاعِل [شعل] [মাশ্'আল] মশাল, প্রদীপ

مِشْعَل ج مَشَاعِل [شعل] [মিশ্'আল] ছাঁকনি

مَشْعَلَة ج مَشَاعِل [شعل] [মাশ্'আলাহ্] মশাল, প্রদীপ

مُشَعْوِذ [شعذ] [মুশা'বিয] ভেলকিবাজ, যাদুকর, হাতসাফাইকারী

مَشْغَل ج مَشَاغِل [شغل] [মাশ্গাল] কর্মশালা, ওয়ার্কশপ, কারখানা

مَشْغَلَة ج مَشَاغِل [شغل] [মাশ্গালাহ্] কাজ, কর্ম, পেশা, ব্যস্ততা

مَشْغُوف [شغف] [মাশ্গূফ] আসক্ত, অনুরক্ত, আকৃষ্ট, মুগ্ধ, আগ্রহী

مَشْغُول [شغل] [মাশ্গূল] ব্যস্ত, নিয়োজিত, লিপ্ত, কর্মব্যস্ত

مِشْفَر ج مَشَافِر [شفر] [মিশ্ফার] উটের ঠোঁট, চোয়াল, পশুর প্রলম্বিত নাক, তুণ্ড

مُشَفَّع [شفع] [মুশাফ্ফা'] যার সুপারিশ কবুল

করা হয়

مُشْفِق [شفق] [মুশ্‌ফিক] স্নেহশীল, দয়ালু, সদয়, ভীত, শঙ্কিত

مَشْفُوع [شفع] بِ [মাশ্‌ফূ' বি] সঙ্গী করা হয়েছে এমন, সঙ্গে দেওয়া হয়েছে এমন, সংযুক্ত, সংযোজিত

مَشْفُوع لِ ، فِي [মাশ্‌ফূ' লি, ফী] যার জন্য সুপারিশ করা হয়েছে, সুপারিশকৃত

مَشْفَى ج مَشَافِي ، مَشَافٍ [شفي] [মাশ্‌ফা] আরোগ্যালয়, আরোগ্য নিকেতন, হাসপাতাল

مُشْفِي ، مُشْفٍ [شفي] [মুশ্‌ফী] মরণোন্মুখ, মুমূর্ষু

مَشْق ج أَمْشَاق [মাশ্‌ক] নমুনা, আদর্শ, উদাহরণ, রীতি, গিরিমাটি, লাল গিরিমাটি

مَشَقَ [ن] (مَشْق) [মাশাকা] টেনে বড় করা, প্রসারিত করা, টুকরা টুকরা করা, আঁচড়ানো

مِشْق [মিশ্‌ক] কৃশকায়, হালকা-পাতলা, ছিপছিপে

مَشْقًا ج مَشَاقِئ [شقأ] [মাশ্‌কা'] মাথার সিঁথি

مَشَقَّة ج مَشَقَّات ، مَشَاقّ [شقق] [মাশাক্কাহ্‌] কষ্ট, ক্লেশ, জটিলতা

مِشَقَّة [شقق] [মিশাক্কাহ্‌] (পশম, তুলা ইত্যাদির) ছাঁট

مُشَقَّق ، مَشْقُوق [شقق] [মুশাক্কাক, মাশ্‌কূক] বিদীর্ণ, ফাটলযুক্ত, চিড়যুক্ত, ভগ্ন, ছিন্ন

مِشْكَاة ج مَشَاكِي ، مِشْكَاوَات [شكو] [মিশ্‌কাত] দীপাধার, প্রদীপ, প্রদীপ রাখার ফাঁক

مِشْكَاك [شكك] [মিশ্‌কাক] গুচ্ছ, বাণ্ডিল, মালা

مُشَكِّك [شكك] [মুশাক্কিক] সন্দেহ সৃষ্টিকারী, সংশয় সৃষ্টিকারী, সন্দেহে ফেলে এমন

مُشْكِل [شكل] [মুশ্‌কিল] কঠিন, জটিল, সন্দেহপূর্ণ, মুশকিল

مُشَكَّل [شكل] [মুশাক্কাল] আকার দেওয়া হয়েছে এমন, আকৃতিপ্রাপ্ত, গঠিত, প্রতিষ্ঠিত, বিভিন্ন, বিবিধ, স্বরচিহ্নযুক্ত, হরকতযুক্ত (বর্ণ)

مُشَكِّل [شكل] [মুশাক্কিল] আকৃতি প্রদানকারী, রূপদানকারী, গঠনকারী, স্রষ্টা, নির্মাতা, প্রতিষ্ঠাতা

مُشْكِلَة ج مَشَاكِل ، مُشْكِلَات [شكل] [মুশ্‌কিলাহ্‌] সমস্যা, জটিলতা, অসুবিধা, কঠিন বিষয়, মুশকিল

مَشْكُوّ (مِنْهُ) [شكو] [মাশ্‌কূ] অভিযোগ করা হয়েছে এমন, অভিযুক্ত

مَشْكُور [شكر] [মাশ্‌কূর] ধন্যবাদপ্রাপ্ত, ধন্যবাদ পাওয়ার যোগ্য, প্রশংসনীয়, প্রশংসাযোগ্য

مَشْكُوك فِيهِ [شكك] [মাশ্‌কূক ফীহ্‌] সন্দেহপূর্ণ, অনিশ্চিত

مَشْكُول [شكل] [মাশ্‌কূল] পা বেঁধে রাখা হয়েছে এমন, বেড়ি-পরানো, স্বরচিহ্নযুক্ত, হরকতযুক্ত (বর্ণ)

مَشْل [মাশাল] অল্প দুধ, সামান্য পরিমাণ দুধ

مَشَلَ [ن] (مَشْل) [মাশালা] (দুধ) অল্প দোহন করা, (তরবারি) বের করা, কোষমুক্ত করা

مَشَلَ [ن] (مُشُول) [মাশালা] (মাংস) কমে যাওয়া

مَشْلُول [شلل] [মাশ্‌লূল] পক্ষাঘাতগ্রস্ত, অবশ

مُشْمَئِزّ [شمئز] [মুশ্‌মা'ইয্‌] বিরক্ত, ঘৃণাকারী, সংকুচিত, অসুস্থ

مُشْمِس [شمس] [মুশ্‌মিস] রৌদ্রোজ্জ্বল, রৌদ্রকরোজ্জ্বল, রৌদ্রালোকিত, রোদ-ঝলমল

مِشْمِش [মিশ্‌মিশ] খোবানি, apricot (ফল)

مُشَمَّع [شمع] [মুশাম্মা'] মোম-লাগানো, মোমের প্রলেপযুক্ত, ওয়াটারপ্রুফ

مُشَمَّع ج مُشَمَّعَات [شمع] [মুশাম্মা'] ওয়াটারপ্রুফ দ্রব্য, অয়েলক্লথ, বর্ষাতি, রেইনকোট

مَشْمَعَة ج مَشَامِع [شمع] [মাশ্‌মা'আহ্‌] মোম বা মোমবাতি তৈরী বা বিক্রয়ের স্থান

مِشْمَل [شمل] [মিশ্‌মাল] খাটো তরবারি, ছোরা, চওড়া বস্ত্র, ঢোলা পোশাক, কম্বল

مِشْمَلَة [شمل] [মিশ্‌মালাহ্‌] চওড়া বস্ত্র, ঢোলা পোশাক, কম্বল

مَشْمُول [شمل] [মাশ্‌মূল] অন্তর্ভুক্ত, অন্তর্গত, সন্নিবেশিত

مَشْمُوم [شمم] [মাশ্‌মূম] ঘ্রাণ নেওয়া হয় এমন, কস্তুরী, মেশ্‌ক

مِشَنّ [شنن] [মিশান্‌] পানি ছিটানোর যন্ত্র, স্প্রে, গোসলের ঝরনা, ডুশ

مِشْنَاق ج مَشَانِيق [شنق] [মিশ্‌নাক] সবকিছুর প্রত্যাশী, সবকিছু চায় এমন, সর্বাভিলাষী

مِشَنَّة [شنن] [মিশান্নাহ্] হাতলবিহীন ঝুড়ি

مَشْنَقَة ، مِشْنَقَة ج مَشَانِق [شنق] [মাশ্নাক্বাহ্, মিশ্নাক্বাহ্] ফাঁসিকাষ্ঠ, ফাঁসির মঞ্চ

مَشْنُوق [شنق] [মাশ্নূক্ব] ফাঁসি দেওয়া হয়েছে এমন

مَشْهَد [شهد] [মাশ্হাদ] উপস্থিতি, হাজিরি

مَشْهَد ج مَشَاهِد [شهد] [মাশ্হাদ] সমাবেশস্থল, সমাবেশ, পবিত্র স্থান, দৃশ্য

مَشْهَدَة ج مَشَاهِد [شهد] [মাশ্হাদাহ্] সমাবেশ, সমাবেশস্থল

مُشَهَّر [شهر] [মুশাহ্হার] সুবিখ্যাত, প্রখ্যাত, কুখ্যাত

مُشَهَّر بِهِ [شهر] [মুশাহ্হার বিহী] সম্মানহানি করা হয়েছে এমন, নিন্দিত

مَشْهُود [شهد] [মাশ্হূদ] দেখা গিয়েছে এমন, সাক্ষীদের উপস্থিতিতে সম্পন্ন, উপস্থিত, হাজির, উপস্থিতিপূর্ণ, যার সাক্ষ্য দেওয়া হয়, উল্লেখ-যোগ্য, স্মরণীয় (দিন)

اليَوْم المَشْهُود [আল-ইয়াওমুল মাশ্হূদ] কেয়ামতের দিন, উল্লেখযোগ্য বা স্মরণীয় দিন, উৎসবপূর্ণ সাধারণ ছুটির দিন

مَشْهُور ج مَشَاهِير [شهر] [মাশ্হূর] বিখ্যাত, প্রখ্যাত, প্রসিদ্ধ, সাধারণ, প্রচলিত

الحَدِيث المَشْهُور [আল-হাদীছুল মাশ্হূর] মাশ্হূর হাদীসঃ যে হাদীসের সনদে প্রত্যেক স্তরে বর্ণনাকারীর সংখ্যা দুইয়ের অধিক

مَشْو [মাশ্ও] রেচক, বিরেচক (পদার্থ বা ঔষধ)

مِشْوَاة ج مَشَاوِي ، مَشَاوٍ [شوي] [মিশ্ওয়াত] মাংস বা মাছ আগুনে ঝলসানোর জন্য লোহার শিকের ঝাঁঝরি, রান্নার ঝাঁঝরি, উনানের শিক

مَشُوب [شوب] [মাশূব] মিশ্রিত, মিশ্র, সম্মিলিত, নষ্ট, ময়লাযুক্ত, ত্রুটিপূর্ণ

مَشْوَرَة ج مَشْوَرَات [شور] [মাশ্ওয়ারাহ্] মন্ত্রণা, পরামর্শ, উপদেশ, আলোচনা

مَشُورَة ج مَشُورَات [شور] [মাশ্ওয়ারাহ্] মন্ত্রণা, পরামর্শ, উপদেশ, আলোচনা

مُشَوَّش [شوش] [মুশাওওয়াশ] গোলযোগপূর্ণ, গোলমেলে, বিশৃঙ্খল

مُشَوِّق [شوق] [মুশাওবিক] আগ্রহী বা ইচ্ছুক করে এমন, আগ্রহ সৃষ্টিকারী, ইচ্ছা জাগ্রতকারী, কৌতূহলোদ্দীপক, মুগ্ধকর, মনোহারী

مُشَوَّه [شوه] [মুশাওওয়াহ্] বিকৃত, কুৎসিত, নষ্ট, বিকলাঙ্গ

مَشْوِيّ [شوي] [মাশ্বী] ভুনা, ভুনাকৃত, ঝলসিত, ঝলসানো (মাংস)

مَشَى [ض] (مَشْي) [মাশা] হাঁটা, চলা, পদব্রজে চলা, মার্চ করা

مَشَّى (تَمْشِيَة) [مشي] [মাশ্শা] হাঁটানো, হাঁটতে দেওয়া

مَشِيئَة [شيئ] [মাশীআহ্] ইচ্ছা, বাসনা, মনোবাঞ্ছা, অভিলাষ, অভিপ্রায়

مَشِيب [شيب] [মাশীব] শুভ্র কেশ, শুভ্রতা, বার্ধক্য

مِشْيَة [মিশ্ইয়াহ্] হাঁটার ধরন, চলনভঙ্গি, পদক্ষেপ

مَشِيَّة [شيئ] [মাশিয়্যাহ্] ইচ্ছা, বাসনা, মনোবাঞ্ছা, অভিলাষ, অভিপ্রায়

مَشِيج ج أَمْشَاج [মাশীজ] জননকোষ, gamete, একটির সাথে আরেকটি মিশে আছে এমন, মিশ্রিত, তালগোল-পাকানো, মিশ্র, মিশ্রিত বস্তু, মিশ্রদ্রব্য

مَشِيجِيّ [মাশীজী] জননকোষীয়, gametic

مَشِيد [شيد] [মাশীদ] মজবুত, সুদৃঢ়, প্লাস্টারকৃত (দেয়াল), সুউচ্চ

مُشَيَّد [شيد] [মুশাইয়াদ] মজবুত, সুদৃঢ়, সুউচ্চ, নির্মিত

مُشِير [شور] [মুশীর] নির্দেশক, উপদেষ্টা, ফিল্ড মার্শাল (পদ)

مُشَيَّع [شيع] [মুশাইয়া'] যাকে বিদায় জানানো হয়েছে, বীর, দ্রুতগামী, ত্বরাকারী

مَشِيق [মাশীক] অনেক পরা হয়েছে এমন কাপড়, জীর্ণ বস্ত্র, কৃশকায়, হালকা-পাতলা, ছিপছিপে

مَشِيمَة ج مَشَايِم [شيم] [মাশীমাহ্] গর্ভফুল, গর্ভকুসুম, অমরা

مَشِيمِيّ [شيم] [মাশীমী] গর্ভফুল-সংক্রান্ত

مُشِين ، مُشَيِّن [شين] [মুশীন, মুশাইয়িন] অপমানজনক, অসম্মানজনক, অমর্যাদাকর, কলংক-জনক

مَصَارِين (مَصِير) [مصر] [মাছারীন] নাড়িভুঁড়ি, অন্ত্র, আঁতড়ি

مَصَّاص [مصص] [মাছ্ছাছ] চোষণকারী, চোষক, শোষণকারী, শোষক, রক্তমোক্ষক, রক্তচোষা

مُصَاص [مصص] [মুছাছ] চোষার বস্তু, চুষে খাবার মিষ্টান্ন, খাঁটি অংশ, আসল বস্তু

مَصَّاصَة ج مَصَّاصَات [مصص] [মাছ্ছাছাহ] রক্ত-চোষা (প্রাণী), চুষে পান করার পাইপ, মাই-পোষের বোঁটা, (শিশুর) চুষি, চুষিকাঠি, চুষে খাবার মিষ্টান্ন

مُصَاصَة [مصص] [মুছাছাহ] চোষার বস্তু, চুষে খাবার মিষ্টান্ন

مَصَاعِب [صعب] [মাছাইব] অসুবিধাসমূহ, কষ্ট-সমূহ, জটিলতাসমূহ

مَصَاغ [صوغ] [মাছাগ] অলঙ্কার, গহনা, সোনা-রুপার জিনিস

مَصَافّ (مَصَفّ) [صفف] [মাছাফ] শ্রেণী, সারি, মান, স্তর, ধরন, প্রকার

مُصَافَحَة [صفح] [মুছাফাহাহ] করমর্দন, পরস্পর হাত মিলানো, মোসাফাহা

مَصَالَة [মাছালাহ] ছানার পানি, জীবদেহের রস, জলীয় অংশ

مُصَالِح [صلح] [মুছালিহ] সন্ধিকারী, সন্ধিস্থাপন-কারী, শান্তিস্থাপনকারী

مُصَالَحَة [صلح] [মুছালাহাহ] সন্ধিস্থাপন, শান্তি-স্থাপন, সন্ধি, শান্তি

مَصَّان [مصص] [মাছ্ছান] যে শিঙ্গা দিয়ে রক্ত টানে, রক্তমোক্ষক, ওলান থেকে চুষে দুধ পানকারী, ইতর, নীচ

مُصَّان [مصص] [মুছ্ছান] আখ, ইক্ষু

مُصَاهَرَة [صهر] [মুছাহারাহ] বৈবাহিকসূত্রে আত্মীয়তা, কুটুম্বিতা, সম্বন্ধ

مَصَبّ ج مَصَابّ [صبب] [মাছব্ব] বের হওয়ার পথ, মুখ, (নদীর) মোহনা, ঢালার জায়গা

مِصَبّ ج مَصَابّ [صبب] [মিছব্ব] ঢালার যন্ত্র, অক্ষর ঢালাইয়ের যন্ত্র

مِصْبَاح ج مَصَابِيح [صبح] [মিছবাহ] প্রদীপ, বাতি, লণ্ঠন, বাল্‌ব, বার্নার

مَصّ [مصص] [মাছ্ছ] চোষণ, শোষণ, চুমুক

قَصَبُ الْمَصّ [ক্বাছবুল মাছ্ছ] আখ, ইক্ষু

مَصَّ [ن] [س] (مَصّ) [মাছ্ছা] চোষা, শোষণ করা, চুষে খাওয়া, চুমুক দেওয়া

مُصَاب [صوب] [মুছাব] আঘাতপ্রাপ্ত, আহত, আক্রান্ত, পীড়িত, কবলিত, গ্রস্ত, বিপদগ্রস্ত

مُصَابَرَة [صبر] [মুছাবারাহ] ধৈর্যের প্রতিযোগিতা, ধৈর্য, সহিষ্ণুতা, কষ্টসহিষ্ণুতা

مُصَاحِب [صحب] [মুছাহিব] সঙ্গী, সহচর, সাথী, বন্ধু

مُصَاحَبَة [صحب] [মুছাহাবাহ] সঙ্গ, সাহচর্য, বন্ধুত্ব

مَصَاد ج مَصَايِد ، أَمْصِدَة [صيد ، مصد] [মাছাদ] শিকার করার জায়গা, উচ্চ পাহাড়, উঁচু টিলা

مَصَادِر (مَصْدَر) [صدر] [মাছাদির] উৎসসমূহ, সূত্রসমূহ, তথ্যসূত্র, গ্রন্থপঞ্জী

مُصَادَر [صدر] [মুছাদার] বাজেয়াপ্ত, ক্রোককৃত, আটককৃত, জব্দ

مُصَادَرَة [صدر] [মুছাদারাহ] ক্রোক, জব্দকরণ, বাজেয়াপ্তকরণ, আটক

مُصَادِف [صدف] [মুছাদিফ] আকস্মিকভাবে সাক্ষাৎকারী, যুগপৎ সংঘটিত

مُصَادَفَة [صدف] [মুছাদাফাহ] সাক্ষাৎ, আকস্মিক সাক্ষাৎ, আকস্মিকতা, যুগপৎ সংঘটন

مُصَادَفَةً [صدف] [মুছাদাফাতান] আকস্মিকভাবে, যুগপৎ, একই সঙ্গে

مُصَادَقَة [صدق] [মুছাদাক্বাহ] বন্ধুত্ব, সাহচর্য, সঙ্গ, সত্যায়ন

مُصَادَمَة [صدم] [মুছাদামাহ] সংঘর্ষ, সংঘাত, ধাক্কা

مُصَارِح [صرح] [মুছারিহ] স্পষ্ট, সত্য, খাঁটি, আন্তরিক, অকপট

مُصَارَحَة [صرح] [মুছারাহাহ] স্পষ্টতা, সত্যতা, খাঁটিত্ব, আন্তরিকতা, অকপটতা

مُصَارِع [صرع] [মুছারি'] কুস্তিগীর, মল্লযোদ্ধা

مُصَارَعَة [صرع] [মুছার'আহ] মল্লযুদ্ধ, কুস্তি, লড়াই, সংগ্রাম

مُصَحَّف [صحف] [মুছহ্হাফ] ভুলভাবে পঠিত, ভুল উচ্চারিত, ভুল বানানে লিখিত, বিকৃত

اَلْحَدِيث الْمُصَحَّف [আল-হাদীছুল মুছহ্হাফ] শব্দগত বা অর্থগতভাবে বিকৃত-করা হাদীস

مَصْحُوب [صحب] بِ [মাছহুব বি] সঙ্গযুক্ত, যার সঙ্গে আছে

مَصَدّ ج مَصَدَّات [صدد] [মাছদ্] (মাটির) বাঁধ

مِصَدّ ج مِصَدَّات [صدد] [মিছদ্] ঘাত-প্রশমক, সংঘাত-প্রশমক, bumper, buffer

مِصْدَاق [صدق] [মিছ্দাক] সত্যায়ন, প্রত্যায়ন, প্রতিপাদন, প্রমাণ, কষ্টিপাথর

مِصْدَاقِيَّة [صدق] [মিছ্দাক্বিয়্যাহ্] বিশ্বাস্যতা, বিশ্বাসযোগ্যতা

مَصْدَر ج مَصَادِر [صدر] [মাছ্দার] বের হওয়ার জায়গা, উৎস, মূল, সূত্র, ফল, পরিণাম, ক্রিয়া-মূল, ক্রিয়াবিশেষ্য, মাস্‌দার (ব্যা)

مَصْدَر مَوْثُوق بِهِ [মাছ্দার মাওছুক বিহী] নির্ভর-যোগ্য সূত্র

مُصَدَّر [صدر] [মুছদ্দার] রপ্তানিকৃত, বড় বুক-বিশিষ্ট, শক্ত বুকবিশিষ্ট, অগ্রগামী ঘোড়া, সিংহ, নেকড়ে

مُصَدِّر [صدر] [মুছদ্দির] রপ্তানিকারক, রপ্তানিকারী

مَصْدَع ج مَصَادِع [صدع] [মাছ্দা'] কঙ্করময় অঞ্চলে সমতল রাস্তা, ফাটলের জায়গা

مُصَدَّع [صدع] [মুছদ্দা'] ফাটানো হয়েছে এমন, বিদীর্ণ, ফাটলযুক্ত, মাথাব্যথায় আক্রান্ত

مُصَدَّق [صدق] [মুছদ্দাক] সত্যায়িত, সত্য বলে স্বীকৃত, বিশ্বস্ত, বিশ্বাসযোগ্য

مُصَدَّق عَلَيْهِ [صدق] [মুছদ্দাক 'আলাইহ্] প্রত্যা-য়িত, সত্যায়িত, অনুমোদিত

مُصَدِّق [صدق] [মুছদ্দিক] সত্যায়নকারী, সত্য বলে স্বীকারকারী, বিশ্বাসকারী

مُصَّدِّق [صدق] [মুছ্ছদ্দিক] দানকারী, দানশীল, সদ্‌কা দানকারী, যে মাফ করে দেয়

مُصَدَّقِيَّة [صدق] [মুছদ্দাক্বিয়্যাহ্] বিশ্বাসযোগ্যতা, বিশ্বাস্যতা

مِصْدَم [صدم] [মিছ্দাম] ঘাত-প্রশমক, সংঘাত-প্রশমক, bumper, buffer

مَصْدُور [صدر] [মাছ্দূর] বক্ষব্যাধিগ্রস্ত, যক্ষ্মায়

مُصْبِح [صبح] [মুছবিহ্] সকালে সম্পন্নকারী, সকালে উপনীত

مُصَبَّع [صبع] [মুছব্বা'] আঙ্গুলওয়ালা, লোহার শিকের ঝাঁঝরি

مَصْبَغَة ج مَصَابِغ [صبغ] [মাছ্বাগাহ্] রং করার কারখানা, লন্ড্রি

مُصَبَّن [صبن] [মুছব্বান] সাবানে পরিণত, সাবান-যুক্ত, সাবান-মাখা

مَصْبَنَة ج مَصَابِن [صبن] [মাছ্বানাহ্] সাবানের কারখানা

مَصْبُوب [صبب] [মাছ্বূব] ঢেলে দেওয়া হয়েছে এমন, ঢালাইকৃত, অত্যন্ত উৎসাহিত

مَصْبُوغ [صبغ] [মাছ্বূগ] রং করা হয়েছে এমন, রঞ্জিত

مَصَّة ج مَصَّات [مصص] [মাছ্ছাহ্] চোষণ, চুমুক

مُصَّة [مصص] [মুছ্ছাহ্] খাঁটি অংশ, আসল বস্তু

مَصَحّ ج مَصَحَّات [صحح] [মাছহ্] স্বাস্থ্যনিবাস, স্বাস্থ্যালয়, স্বাস্থ্যকেন্দ্র

مَصَحَ [ن] (مَصْح ، مُصُوح) [মাছহা] চলে যাওয়া, বন্ধ হয়ে যাওয়া, দূর হওয়া, নিশ্চিহ্ন হওয়া, মুছে যাওয়া, নিঃশেষ হওয়া, কমে যাওয়া, (কাপড়) জীর্ণ হওয়া, দূর করা

مَصِحَ [س] (مَصَح) [মাছিহা] (ছায়া) ছোট হওয়া, খাটো হওয়া

مَصَحَّة ج مَصَحَّات [صحح] [মাছহ্হাহ্] স্বাস্থ্য-কেন্দ্র, স্বাস্থ্যনিবাস, স্বাস্থ্যালয়

مَصْحَاة [صحو] [মাছ্হাত] জেগে ওঠার কারণ

مِصْحَاة [صحو] [মিছ্হাত] বাটি, পেয়ালা, পাত্র

مُصَحَّح [صحح] [মুছহ্হাহ্] ঠিক করা হয়েছে এমন, সংশোধিত, মেরামতকৃত

مُصَحِّح [صحح] [মুছহ্হিহ্] সংশোধনকারী, সংস্কারকারী, মেরামতকারী

مَصْحَف ج مَصَاحِف [صحف] [মাছ্হাফ] গ্রন্থ, বই, কিতাব, পবিত্র গ্রন্থ

مُصْحَف ج مَصَاحِف [صحف] [মুছ্হাফ] গ্রন্থ, বই, কিতাব, পবিত্র গ্রন্থ

اَلْمُصْحَف الشَّرِيف [আল-মুছ্হাফুশ শারীফ] কোরআন শরীফের কপি

আক্রান্ত

مَصْدُوع [صدع] [মাছ্দূ'] ফাটানো হয়েছে এমন, বিদীর্ণ, ফাটলযুক্ত, মাথাব্যথায় আক্রান্ত

مَصَرَ [ن] (مَصْر) [মাছ্রা] নিংড়ানো, সবটুকু দুধ দোহন করা, আঙ্গুলের মাথা দিয়ে দোহন করা, অল্প দেওয়া

مَصَّرَ (تَمْصِير) [مصر] [মাছ্ছরা] শহর বানানো, আবাদ করা, সভ্য করা, মিশরীয় করা, একটু একটু করে দেওয়া, কম দুধ দেওয়া

مِصْر [মিছ্র] মিশর (দেশ), কায়রো (নগরী)

مِصْر ج أَمْصَار، مُصُور [মিছ্র] শহর, নগর, ভূখণ্ড, অঞ্চল, দেশ, রাজধানী, সীমান্ত, বাধা, লাল মাটি

مِصَرّ [মিছ্র] ছোট ব্যাগ, টাকা রাখার ব্যাগ, থলি, খরচের থলি

مُصِرّ [صرر] [মুছির] পীড়াপীড়িকারী, জিদ ধরে এমন, দৃঢ়সংকল্প

مِصْرَاد ج مَصَارِيد [صرد] [মিছ্রা'] ঠাণ্ডায় দুর্বল, ঠাণ্ডায় শক্ত, গাছপালাবিহীন ভূমি, লক্ষ্যভেদী (তীর), ঠাণ্ডা (বাতাস)

مِصْرَاع ج مَصَارِيع [صرع] [মিছ্রা'] (কবিতায়) শ্লোকার্ধ, (দরজার) পাল্লা, কপাট, ঝাঁপ, শাটার

مُصْرَان (مَصِير) [مصر] [মুছ্রান] নাড়িভুড়ি, অন্ত্র, আঁতুড়ি

مُصَرَّح بِهِ [মুছর্‌রাহ বিহী] যার অনুমতি দেওয়া হয়েছে, ঘোষিত, কথিত,বর্ণিত, স্বীকৃত

مُصْرِخ [صرخ] [মুছ্রিখ] ফরিয়াদে সাড়াদান-কারী, উদ্ধারের ডাকে সাড়াদানকারী, উদ্ধার-কারী, সাহায্যকারী

مَصْرَع ج مَصَارِع [صرع] [মাছ্র'] পতন, ধ্বংস, মৃত্যু, হত্যা, মারাত্মক আঘাত

لَقِيَ مَصْرَعَهُ [লাকিয়া মাছ্র'আহু] মরে যাওয়া, মারা যাওয়া, অক্কা পাওয়া

مَصْرَف ج مَصَارِف [صرف] [মাছ্রফ] ব্যয়ের খাত, ব্যাংক, প্রবাহ-পথ, নালা, নর্দমা

مَصْرِف ج مَصَارِف [صرف] [মাছ্রিফ] ব্যয়ের খাত, ব্যাংক, ফেরার পথ, বাঁচার পথ

مَصْرِفِيّ [صرف] [মাছ্রিফী] ব্যাংক সম্বন্ধীয়, ব্যাংকের, ব্যাংক-কর্মকর্তা, ব্যাংকার

مَصْرُوع [صرع] [মাছ্রূ'] ভূপাতিত, ধরাশায়ী, মৃগীরোগে আক্রান্ত

مَصْرُوف [صرف] [মাছ্রূফ] ব্যয়কৃত, ব্যয়িত, খরচকৃত, ফিরানোর যোগ্য, বরখাস্ত, অপসারিত

مَصْرُوف ج مَصَارِيف ، مَصْرُوفَات [মাছ্রূফ] ব্যয়, খরচ, খরচের টাকা

مِصْرِيّ [মিছ্রী] মিশরীয়, মিশরবাসী, মিশরের

مُصْطَاد [صيد] [মুছ্তাদ] শিকারের জায়গা, যে শিকার করে, শিকারী, শিকার করা হয়েছে এমন, শিকার, সিংহ

مُصْطَاف ج مُصْطَافَات [صيف] [মুছ্তাফ] গ্রীষ্ম-কাল কাটানোর জায়গা, গ্রীষ্মনিবাস

مُصْطَاف ج مُصْطَافُون [صيف] [মুছ্তাফ] গ্রীষ্ম কাটাতে আসে এমন, যে গ্রীষ্মের ছুটি কাটায়

مِصْطَب ج مَصَاطِب [صطب] [মিছ্তব] কামারের নেহাই

مُصْطَفّ [صفف] [মুছ্তফ] সারিবদ্ধ, সারিবদ্ধ-ভাবে অবস্থানরত

مُصْطَفَى ث مُصْطَفَاة [صفي] [মুছ্তফা] বাছাই-কৃত, মনোনীত, পছন্দনীয়, প্রিয়

الْمُصْطَفَى [صفي] [আল-মুছ্তফা] মনোনীত মহানবীঃ মুহাম্মদ মোস্তফা (স)

مُصْطَلَح ج مُصْطَلَحَات [صلح] [মুছ্তলাহ] বিশেষ অর্থে ব্যবহৃত শব্দ, পরিভাষা

مُصْطَلَحِيّ [صلح] [মুছ্তলাহী] পরিভাষাগত, পারিভাষিক

مُصْطَلَى [صلي] [মুছ্তলা] বাসগৃহের যে স্থানে আগুন জ্বালানো হয়, উনান

مُصْطَنَع [صنع] [মুছ্তনা'] তৈরীকৃত, কৃত্রিম, নকল

مَصَعَ [ف] (مَصْع) [মাছ'আ] (বিদ্যুৎ) চমকানো, (লেজ) নাড়া, আঘাত করা, অল্প প্রহার করা, (ঘোড়া) একটু একটু চলা, চলতে শুরু করা, (অন্তর) কাঁপা

مَصَعَ بِ [-- বি] নিক্ষেপ করা, (লেজ) নাড়া

مَصَعَ (مُصُوع) [মাছ'আ] চলে যাওয়া, নিঃশেষ হওয়া, শুকিয়ে যাওয়া, কমে যাওয়া

مَصْعَد ج مَصَاعِد [صعد] [মাছ্'আদ] ধনাত্মক

বৈদ্যুতিক প্রান্ত বা মুখ, anode

مِصْعَد ، مِصْعَدَة ج مَصَاعِد [صعد] [মিছ্‘আদ, মিছ্‘আদাহ্] উত্তোলন-যন্ত্র, লিফ্‌ট (lift)

مُصْعَق [صعق] [মুছ্‘আক] আঘাতপ্রাপ্ত, বজ্রাহত, বিদ্যুৎপিষ্ট, সংজ্ঞাহীন, হতবুদ্ধি, হতভম্ব

مَصْعُوق [صعق] [মাছ্‘ঊক] বজ্রাহত, বিদ্যুৎপিষ্ট, আঘাতপ্রাপ্ত, সংজ্ঞাহীন, হতবুদ্ধি, হতভম্ব

مُصَغَّر [صغر] [মুছাগ্‌গার] ক্ষুদ্রকৃত, হ্রাসকৃত, ক্ষুদ্র, ছোট

مُصْغِي ، مُصْغٍ [صغي] [মুছ্‌গী] মনোযোগ দানকারী, মনোযোগী, শ্রবণকারী

مَصَفّ ج مَصَافّ [صفف] [মাছফ্‌] লাইন দেওয়ার জায়গা, যুদ্ধক্ষেত্র, (অক্ষর কম্পোজ করে) টাইপ রাখার পাত, লাইন, সারি, মান, স্তর, শ্রেণী

مِصْفَاة ج مَصَافِي ، مَصَافٍ [صفو] [মিছ্‌ফাত] ছাঁকনি, চালুনি, ঝাঁঝরি, শোধনযন্ত্র

مِصْفَار [صفر] [মিছ্‌ফার] (গাঢ়) হলুদ

مِصْفَار ج مَصَافِير [صفر] [মিছ্‌ফার] বাঁশীজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ, panpipe

مُصْفَح [صفح] [মুছ্‌ফাহ্] প্রশস্ত, চেপটা, উল্টে দেওয়া হয়েছে এমন, সুদর্শন (চেহারা), খাড়া (নাক), লম্বাটে (মাথা), দ্বিমুখী, মোনাফেক

مُصَفَّح [صفح] [মুছফ্‌ফাহ্] প্রশস্ত, চেপটা, পাতে পরিণত, পাত-লাগানো, প্রলেপযুক্ত, বর্মাচ্ছাদিত

مُصَفَّحَة ج مُصَفَّحَات [صفح] [মুছফ্‌ফাহাহ্] বর্ম দ্বারা আচ্ছাদিত যান বা গাড়ি, তরবারি

مُصَفَّد [صفد] [মুছফ্‌ফাদ] বেঁধে রাখা হয়েছে এমন, বন্দী, শৃঙ্খলবদ্ধ, বেড়ি-পরানো

مُصْفَرّ [صفر] [মুছ্‌ফার্] হলদে, ফ্যাকাশে, বিবর্ণ

مُصْفِر [صفر] [মুছ্‌ফির] শূন্যহস্ত, রিক্তহস্ত, খালি-হাত

مَصْفَق ج مَصَافِق [صفق] [মাছ্‌ফাক] শেয়ার ক্রয়-বিক্রয়কেন্দ্র, শেয়ার বাজার, স্টক এক্সচেঞ্জ, স্টক মার্কেট

مِصْفَق ج مَصَافِق [صفق] [মিছ্‌ফাক] পানীয় পরিবেশনের জন্য স্বয়ংক্রিয় ছিপি-আঁটা বোতল-বিশেষ, decanter

مَصْفُوف [صفف] [মাছ্‌ফূফ] সারি দিয়ে সাজানো, কাতারে কাতারে সাজানো, সারিবদ্ধ, কম্পোজ করা হয়েছে এমন (অক্ষরমালা)

مَصْفُوفَة ج مَصْفُوفَات [صفف] [মাছ্‌ফূফাহ্] ছাঁচ, (গণিতে) রাশিসমূহের আয়তাকার বিন্যাস, matrix

مَصْفَى ج مَصَافِي ، مَصَافٍ [صفو] [মাছ্‌ফা] পরিশোধনের কারখানা, শোধনাগার

مُصَفَّى مث مُصَفَّاة [صفو] [মুছফ্‌ফা] পরিস্কৃত, শোধিত, পরিশোধিত, নির্মল, খাঁটি

مُصَفِّي [صفو] [মুছফ্‌ফী] শোধনকারী, শোধক, পরিশোধনকারী

مِصْقَع ج مَصَاقِع [صقع] [মিছ্‌কা‘] বাগ্মী, বাকপটু, অনর্গলভাষী, উচ্চকণ্ঠ

مِصْقَلَة ج مَصَاقِل [صقل] [মিছ্‌কালাহ্] যদ্বারা পালিশ বা বার্নিশ করা হয়, ঘষে মসৃণ করার যন্ত্র

مَصْقُول [صقل] [মাছ্‌কূল] যা মসৃণ করা হয়েছে, পালিশকৃত, বার্নিশকৃত, মসৃণ, উজ্জ্বল, ঝকঝকে, পরিমার্জিত

مَصْل ج مُصُول [মাছ্‌ল] ছানার পানি, রক্তরস, জীবদেহের রস, রক্তের জলীয় ভাগ, সিরাম (serum), টিকা, vaccine

مَصَلَ [ن] (مَصْل ، مُصُول) [মাছলা] (দুধ) জমে যাওয়া, ছানা হয়ে যাওয়া, ছাঁকা, (পনির) পানি ঝরার জন্য রাখা, ফোঁটা ঝরানো, ফোঁটা ফোঁটা পড়া, পুঁজ ঝরা

مُصَلَّب [صلب] [মুছল্লাব] কঠিন পদার্থে পরিণত, কঠিন, শক্ত, ক্রুশবিদ্ধ

مُصْلَت [صلت] [মুছ্‌লাত] কোষমুক্ত (তরবারি)

مِصَلَّة [صلل] [মিছল্লাহ্] পরিশোধন করে রাখার পাত্র, শোধনপাত্র

مُصْلِح [صلح] [মুছ্‌লিহ্] সংস্কারকারী, মেরামতকারী, সংশোধনকারী, সংস্কারক, শান্তি স্থাপনকারী

مَصْلَحَة ج مَصَالِح [صلح] [মাছ্‌লাহাহ্] কল্যাণ, মঙ্গল, স্বার্থ, উপকার, বিভাগ, দফতর, সংস্থা

مَصْلَحَة الْبَرِيد [মাছ্‌লাহাতুল বারীদ] ডাকবিভাগ

مَصْلَحَة شَخْصِيَّة [মাছ্‌লাহাহ শাখ্‌ছিয়্যাহ্] ব্যক্তি-স্বার্থ

مَصْلَحَة عَامَّة [মাছ্‌লাহাহ ‘আম্মাহ্] জনস্বার্থ

مَصْلَحَة قَوْمِيَّة [মাছ্লাহাহ ক্বাওমিয়্যাহ] জাতীয় স্বার্থ

مَصْلَحَة مُسْتَقِلَّة [মাছ্লাহাহ মুস্তাক্বিল্লাহ] স্বাধীন সংস্থা, স্বায়ত্তশাসিত সংস্থা

مَصْلَحَة وَطَنِيَّة [মাছ্লাহাহ ওয়াতনিয়্যাহ] জাতীয় স্বার্থ

مَصْلُوب [صلب] [মাছ্লূব] শূলে চড়ানো হয়েছে এমন, ক্রুশবিদ্ধ

مَصْلِيّ [صلي] [মাছ্লী] পোড়ানো হয়েছে এমন, দগ্ধ করা হয়েছে এমন, ঝলসানো হয়েছে এমন, ভাজা, ভুনা (গোশত)

مُصْلِيّ [মুছ্লী] পানি-পানি, পানসে

مُصَلًّى ج مُصَلَّيَات [صلو] [মুছাল্লা] নামায পড়ার জায়গা, নামাযের স্থান

مُصَلِّي ج مُصَلُّون [صلو] [মুছাল্লী] নামাযী, নামায আদায়কারী, মুসল্লী

مُصْلِيَّة [মুছ্লিয়্যাহ] পানি-পানি ভাব, পানসে অবস্থা

مُصْمَت [صمت] [মুছ্মাত] চুপ করানো হয়েছে এমন, নিশ্চুপ, বন্ধ (দরজা), নিরেট, পূর্ণ, পুরা, পরাপুরি, ছিদ্রহীন, ফোঁকরবিহীন (দেয়াল), এক রঙের, নকশাবিহীন, কারুকার্যহীন

مُصَمَّت [صمت] [মুছাম্মাত] চুপ করানো হয়েছে এমন, নিশ্চুপ, নিরেট, পূর্ণ, পুরা, পরাপুরি

مُصَمِّم [صمم] [মুছাম্মিম] দৃঢ়সঙ্কল্প, সঙ্কল্পবদ্ধ, বদ্ধপরিকর, পরিকল্পনাকারী, নকশাকারী

مَصْنَع ج مَصَانِع [صنع] [মাছ্না'] কারখানা, ফ্যাক্টরি, কর্মশালা, শিল্প, ভবন, প্রাসাদ

مُصَنَّع [صنع] [মুছান্না'] শিল্পায়িত, উৎপাদিত, প্রস্তুতকৃত

مُصَنَّف [صنف] [মুছান্নাফ] রচিত, লিখিত, প্রণীত, শ্রেণীবদ্ধ

مُصَنِّف [صنف] [মুছান্নিফ] রচয়িতা, লেখক, প্রণেতা, গ্রন্থকার

مَصْنُوع [صنع] [মাছ্নূ'] উৎপন্ন, উৎপাদিত, প্রস্তুতকৃত, নির্মিত, কৃত্রিম

مَصْنُوعَات [صنع] [মাছ্নূ'আত] উৎপন্নদ্রব্য, উৎপাদিত সামগ্রী

مَصْهَر ج مَصَاهِر [صهر] [মাছ্হার] ধাতব পদার্থ গলানোর কারখানা, ঢালাই-ঘর, চুল্লি

مِصْهَر ج مِصْهَرَات [صهر] [মিছ্হার] (বিদ্যুতের) ফিউজ

مَصْهُور [صهر] [মাছ্হূর] গলিত, মিশ্রিত, গলে একীভূত

مُصَوَّب [صوب] [মুছাওওয়াব] তাককৃত, স্থিরকৃত (লক্ষ্য), সংশোধিত, সত্যায়িত

مُصَوِّت [صوت] [মুছাওবিত] ভোটদাতা, ভোটার, নির্বাচক, সশব্দ, স্বরবিশিষ্ট

حَرْف مُصَوِّت [হারফ মুছাওবিত] স্বরবর্ণ

مُصَوَّر [صور] [মুছাওওয়ার] যার চিত্র গ্রহণ করা হয়েছে, চিত্রিত, অঙ্কিত, গঠিত

مُصَوِّر [صور] [মুছাওবির] আকৃতি প্রদানকারী, রূপদাতা, রূপকার, কারিগর, শিল্পী, চিত্রকর, চিত্রশিল্পী

الْمُصَوِّر [আল-মুছাওবির] প্রকৃত রূপকারঃ আল্লাহ

مَصُوغ [صوغ] [মাছূগ] সুন্দর করে গড়া হয়েছে এমন, সুগঠিত, গঠিত, প্রস্তুতকৃত, তৈরীকৃত, শৈল্পিক নৈপুণ্যে তৈরীকৃত, রচিত

مَصُوغَات [صوغ] [মাছূগাত] অলঙ্কার, গহনা, গয়না, অলঙ্কারাদি, গহনাদি

مَصُون [صون] [মাছূন] রক্ষিত, সংরক্ষিত, সুরক্ষিত

مُصِيب [صوب] [মুছীব] সত্য, সঠিক, যথাযথ, ন্যায্য, অভ্রান্ত, লাভকারী, নাগালপ্রাপ্ত

مُصِيبَة ج مَصَائِب [صوب] [মুছীবাহ] মুসিবত, বিপদ, দুর্ঘটনা, দুর্যোগ

مَصْيَدَة ج مَصَائِد، مَصَايِد [صيد] [মাছ্ইয়াদাহ] শিকার করার বা মাছ ধরার স্থান

مِصْيَدَة ج مَصَايِد [صيد] [মিছ্ইয়াদাহ] শিকারের বা মাছ ধরার যন্ত্র, ফাঁদ, জাল

مَصِير [صير] [মাছীর] প্রত্যাবর্তন, হওন, রূপান্তর

مَصِير ج مَصَايِر [صير] [মাছীর] প্রত্যাবর্তনস্থল, ফেরার জায়গা, পরিণাম, পরিণতি, গন্তব্য, লক্ষ্য, ভাগ্য, অদৃষ্ট, ঠিকানা

مَصِير ج مُصْرَان، مَصَارِين [مصر] [মাছীর] অন্ত্র, আঁতড়ি, নাড়িভুঁড়ি

مَصِيرِيٌّ [صير] [মাছীরী] পরিণতিসম্পর্কিত, ভাগ্য-বিষয়ক, ভাগ্য-নির্ধারক, চূড়ান্ত

مَصِيص [মাছীছ] অল্প ভিজা, ঈষৎ আর্দ্র, স্যাঁত-সেঁতে

مَصِّيص [মাছ্ছীছ] একপ্রকার শক্ত সুতা, রশি

مُصَيْطِر [মুছইতির] কর্তৃত্বকারী, নিয়ন্ত্রণকারী, ক্ষমতাবান, দায়িত্ববান, তদারককারী

مَصِيف ج مَصَايِف [صيف] [মাছীফ] গ্রীষ্মকাল কাটানোর জায়গা, গ্রীষ্মনিবাস

مَضّ [মাদ্] কষ্ট, দুঃখ, দহন, দংশন, কষ্টদায়ক, দংশী

مَضَّ [ن] (مَضّ ، مَضِيض) [মাদ্দা] কষ্ট দেওয়া, দুঃখ দেওয়া, দহন করা, দংশন করা, কষ্ট পাওয়া, দুঃখ পাওয়া

مَضَاء [مضي] [মাদা'] ধার, তীক্ষ্ণতা, তীব্রতা, তেজ, শক্তি, ক্ষমতা, দৃঢ়তা, সঙ্কল্প

مَضَّاء [مضي] [মাদ্দা'] দৃঢ়সঙ্কল্প, সঙ্কল্পবদ্ধ

مُضَاء [ضوء] [মুদা'] আলোকিত, প্রজ্বলিত

مُضَاجِع [ضجع] [মুদাজি'] শয্যাসঙ্গী, একত্রে শয়নকারী, একই বিছানায় শয়নকারী

مُضَاجَعَة [ضجع] [মুদাজা'আহ্] একই বিছানায় শয়ন, যৌন সম্পর্ক, সহবাস

مُضَادّ [ضدد] لِ [মুদাদ্] বিরোধী, বিপরীত, বিরুদ্ধ, বিধ্বংসী, নাশক, নিবারক, প্রতিষেধক, পাল্টা

مُضَادّ لِلاِلْتِهَاب [মুদাদ্ লিল-ইল্‌তিহাব] প্রদাহ-নাশক, স্ফীতিনিবারক (ঔষধ)

مُضَادّ لِلتَّشَنُّج [মুদাদ্ লিত-তাশানুজ] খিঁচুনি নিবারক (ঔষধ)

مُضَادّ لِلْجَرَاثِيم [মুদাদ্ লিল-জারাছীম] জীবাণু-নাশক (ঔষধ)

مُضَادّ لِلْحُمَّى [মুদাদ্ লিল-হুম্মা] জ্বর-প্রতিষেধক

مُضَادّ لِلْحُمُوضَة [মুদাদ্ লিল-হুমূদাহ্] অম্লনাশক, antacid (ঔষধ)

مُضَادّ لِلْحَيَوِيَّات [মুদাদ্ লিল-হায়াবিয়্যাত] জীবাণুনাশক (ঔষধ)

مُضَادّ لِلدَّبَّابَات [মুদাদ্ লিদ-দাব্বাবাত] ট্যাংক-বিধ্বংসী (অস্ত্র)

مُضَادّ لِلسَّمّ [মুদাদ্ লিস-সাম্] বিষনাশক, বিষ-নিবারক (ঔষধ)

مُضَادّ لِلطَّائِرَات [মুদাদ্ লিত-তা'ইরাত] বিমান-বিধ্বংসী (কামান)

مُضَادّ لِلْعُفُونَة [মুদাদ্ লিল-'উফূনাহ্] পচন-নিবারক, antiseptic (ঔষধ)

مُضَادّ لِلْغَوَّاصَات [মুদাদ্ লিল-গাওওয়াছাত] সাবমেরিন-বিধ্বংসী (অস্ত্র)

مُضَادّ لِلْفَسَاد [মুদাদ্ লিল-ফাসাদ] পচন-নিবারক, antiseptic (ঔষধ)

إِجْرَاء مُضَادّ [ইজ্‌রা' মুদাদ্] পাল্টা পদক্ষেপ

اِقْتِرَاح مُضَادّ [ইক্‌তিরাহ্ মুদাদ্] পাল্টা প্রস্তাব

ثَوْرَة مُضَادَّة [ছাওরাহ মুদাদ্দাহ্] পাল্টা বিদ্রোহ, প্রতিবিপ্লব

جِسْم مُضَادّ [জিস্‌ম মুদাদ্] অ্যান্টিবডি (antibody)

دَعْوَى مُضَادَّة [দা'ওয়া মুদাদ্দাহ্] পাল্টা দাবি

هُجُوم مُضَادّ [হুজূম মুদাদ্] পাল্টা আক্রমণ

مُضَادَّة [ضدد] [মুদাদ্দাহ্] পরস্পরবিরোধিতা, বৈপরীত্য

مُضَارّ [ضرر] [মুদার্] ক্ষতিকারী, অনিষ্টকারী, লোকসানকারী

مُضَارِب [ضرب] [মুদারিব] লাভ-ক্ষতির অংশী-দারিত্বভিত্তিক যৌথ ব্যবসাকারী

مُضَارَبَة [ضرب] [মুদারবাহ্] 'মুদারাবা' ব্যবসাঃ লাভ-ক্ষতির অংশীদারিত্বভিত্তিক যৌথ ব্যবসা

مُضَارِع [ضرع] [মুদারি'] সদৃশ, অনুরূপ, বর্তমান ও ভবিষ্যৎ কালবাচক (ক্রিয়া)

الْمُضَارِع [ضرع] [আল-মুদারি'] আরবী কবিতার একটি ছন্দের নাম

الفِعْل المُضَارِع [আল-ফি'লুল মুদারি'] বর্তমান ও ভবিষ্যৎ কালবাচক ক্রিয়া (ব্যা)

مُضَارَعَة [ضرع] [মুদার'আহ্] সাদৃশ্য, সামঞ্জস্য, মিল

مُضَاض [মুদাদ] অত্যধিক লবণাক্ত পানি, খাঁটি, চোখব্যথা

مَضَاضَة ج مَضَاضَات [মাদাদাহ] দুঃখ, কষ্ট, ব্যথা, যন্ত্রণা

مُضَاعَف [ضعف] [মুদা'আফ] দ্বিগুণ, বহুগুণ, বহু-বিধ, একই হরফ দুইবার আছে এমন শব্দ

مُضَاعَفَة [ضعف] [মুদা'আফাহ] দ্বিত্ব, দ্বিগুণত্ব, বহুগুণত্ব, বৃদ্ধি, আধিক্য

مُضَاعَفَة ج مُضَاعَفَات [ضعف] [মুদা'আফাহ] (রোগের) নতুন নতুন উপসর্গ, জটিলতা

مُضَاغَة [مضغ] [মুদাগাহ] চর্বিত বস্তু, কামড়

مُضَاف [ضيف] [মুদাফ] যা যোগ করা হয়েছে, যুক্ত, সংযোজিত, সম্বন্ধকৃত, মুদাফঃ সম্বন্ধকৃত পদ (ব্যা)

مُضَاف إِلَيْه [মুদাফ ইলাইহ] মুদাফ ইলাইহঃ যে পদের সাথে অন্য পদের সম্বন্ধ করা হয়েছে (ব্যা)

مَضَافَة [ضيف] [মাদাফাহ] মেহমানখানা, অতিথি-শালা, সরাইখানা

مُضَاهَاة [ضهي] [মুদাহাত] সাদৃশ্য, সামঞ্জস্য, মিল, সমকক্ষতা

مُضَاهِي ، مُضَاهٍ [ضهي] [মুদাহী] অনুরূপ, সদৃশ, সমকক্ষ

مُضَايِق [ضيق] [মুদায়িক] বিরক্তকারী, বিরক্তি-কর, কষ্টদায়ক, অস্বস্তিকর

مُضَايَقَة ج مُضَايَقَات [ضيق] [মুদায়াক্বাহ] বিরক্ত-করণ, কষ্টপ্রদান, বিরক্তি, অস্বস্তি, ঝামেলা

مُضِبّ [ضبب] [মুদিব] কুয়াশাচ্ছন্ন, কুয়াশাজনিত, অস্পষ্ট

مَضْبُوط [ضبط] [মাদবূত] সঠিক, যথাযথ, সুবিন্যস্ত, নিয়ন্ত্রিত, আটককৃত, স্বরচিহ্নযুক্ত (বর্ণ, শব্দ)

مُضْجَر [ضجر] [মুদজার] বিরক্ত, অসন্তুষ্ট, ক্রুদ্ধ, রাগান্বিত

مُضْجِر [ضجر] [মুদজির] বিরক্তিকর, অসন্তোষ-জনক, ক্রোধোদ্দীপক

مَضْجَع ج مَضَاجِع [ضجع] [মাদজা'] বিছানা, শয্যা, শয়নকক্ষ, ঘুমানোর জায়গা

مَضْجُوع [ضجع] [মাদজু'] দুর্বল বুদ্ধিসম্পন্ন, নির্বোধ, বোকা

مَضَحَ [ف] (مَضْح) [মাদহা] (সম্মান) নষ্ট করা, কলঙ্কিত করা, (সূর্য) আলো ছড়ানো, (উট) ছড়িয়ে যাওয়া, (পাত্র) পানি ঝরানো

مَضَحَ عَنْ [-- 'আন] রক্ষা করা, প্রতিরক্ষা করা

مَضْحَاة [ضحو] [মাদহাত] সূর্যালোকপূর্ণ, সূর্যের আলো সবসময় থাকে এমন, সূর্যস্নাত (ভূমি)

مِضْحَاك [ضحك] [মিদহাক] অধিক হাসে এমন, সদাহাস্য, প্রফুল্ল

مُضْحِك [ضحك] [মুদহিক] হাসির উদ্রেককারী, হাস্যকর, কৌতুকপ্রদ, হাসির

مُضَحِّك [ضحك] [মুদহহিক] যে হাসায়, ভাঁড়, কৌতুকাভিনেতা

مَضْحَكَة [ضحك] [মাদহাকাহ] হাসির বস্তু, হাসির কথা, কৌতুক

مِضَخَّة ج مِضَخَّات [ضخخ] [মিদখ্খাহ] পাম্প, পানি উত্তোলনের যন্ত্র, নলকূপ, টিউবওয়েল

مُضَخَّم [ضخم] [মুদখ্খাম] যা বড় করা হয়েছে, সম্প্রসারিত, স্ফীত, পরিবর্তিত

مُضَخِّم [ضخم] [মুদখ্খিম] পরিবর্ধনকারী, সম্প্র-সারণকারী, পরিবর্ধক, বিবর্ধক

مَضَرَ [ن] (مَضْر) [মাদরা] টক হওয়া, টক লাগা, চুকা হওয়া, টক হয়ে যাওয়া

مَضِر [মাদির] টক, চুকা, চুকো, অম্লস্বাদ

مَضِرَ [س] (مَضَر) [মাদিরা] টক হওয়া, টক হয়ে যাওয়া, চুকা হওয়া, টক লাগা

مَضُرَ [ك] (مُضُور) [মাদুরা] টক হওয়া, টক হয়ে যাওয়া, টক লাগা, চুকা হওয়া

مُضَر [মুদর] মুদারঃ আরবের একটি প্রাচীন গোত্র

مُضِرّ [ضرر] [মুদির] ক্ষতিকর, অনিষ্টকর, ক্ষতি-কারক, অপকারী

مِضْرَاب ج مَضَارِيب [ضرب] [মিদরাব] (খেলার) ব্যাট, র‍্যাকেট

مَضْرِب ج مَضَارِب [ضرب] [মাদরিব] প্রহারের জায়গা বা সময়, তরবারি, তরবারির ধার, মূল, শিবির, তাঁবু, স্থান, জায়গা, লোকালয়, জনপদ, পথ

مَضْرِب المَثَل [মাদরিবুল মাছাল] প্রবাদমূলক, দৃষ্টান্তমূলক, উদাহরণসরূপ উদ্ধৃত

مِضْرَب ج مَضَارِب [ضرب] [মিদরব] যদ্বারা মারা

হয়, মারার যন্ত্র, প্রহার করার যন্ত্র, (খেলার) ব্যাট, র‌্যাকেট, তাঁবু, শিবির, বেশী মারে এমন, কঠিন মার দেয় এমন

مُضْرِب [ضرب] عَنْ [মুদ্‌রিব] ধর্মঘটকারী, ধর্ম-ঘটী, (কাজ থেকে) বিরত

مُضْرِب عَنِ الْأَكْل [-- 'আনিল আক্‌ল] খাদ্যগ্রহণ থেকে বিরত, অনশন ঘর্মঘটকারী, অনশনকারী

مُضْرِب عَنِ الْعَمَل [-- 'আনিল 'আমাল] ধর্মঘট-কারী, ধর্মঘটী, কাজ থেকে বিরত, কর্মবিরতি পালনকারী

مَضْرَبَة [ضرب] [মাদ্‌রবাহ্] (তরবারির) ধার

مَضْرِبَة [ضرب] [মাদ্‌রিবাহ্] (তরবারির) ধার

مِضْرَبَة ج مَضَارِب [ضرب] [মিদ্‌রবাহ্] যা দিয়ে মারা হয়, মারার যন্ত্র, প্রহার করার যন্ত্র

مُضَرَّبَة [ضرب] [মুদর্‌রবাহ্] মাঝখানে তুলা দিয়ে সেলাই-করা দুই পাল্লার বস্ত্র, লেপ, মাফলার

مَضَرَّة ج مَضَرَّات ، مَضَارّ [ضرر] [মাদর্‌রাহ্] অপকার, অপকারিতা, ক্ষতি, অনিষ্ট

مُضَرَّج [ضرج] [মুদর্‌রাজ] রক্ত-মাখা, রক্তের দাগযুক্ত

مُضَرَّج بِالدَّم [মুদর্‌রাজ বিদ-দাম] রক্ত-মাখা, রক্তের দাগযুক্ত

مُضَرَّج الْيَدَيْن [মুদর্‌রাজুল ইয়াদাইন] রক্তমাখা হাতবিশিষ্ট

مِضْرَم [ضرم] [মিদ্‌রম] বাতি বা স্টোভের যে অংশ থেকে আলো বের হয়, বার্নার, বাতি

مَضْرُوب [ضرب] [মাদ্‌রূব] প্রহৃত, আঘাতপ্রাপ্ত, ছাঁচে ঢালাইকৃত, নির্দিষ্ট, (গণিতে) গুণ্য

مَضْرُور [ضرر] [মাদরূর] যার ক্ষতি করা হয়েছে, ক্ষতিগ্রস্ত

مَضَض [মাদদ] কষ্ট, দুঃখ, ব্যথা, যন্ত্রণা, আঘাত, টক দুধ

عَلَى مَضَض ['আলা মাদদি] অনিচ্ছায়, অনিচ্ছা-ভরে, অনিচ্ছুকভাবে

مُضْطَجَع ج مُضْطَجَعَات [ضجع] [মুদ্‌তজা'] শয্যা, বিছানা, শয়নস্থল, ঘুমানোর জায়গা

مُضْطَجِع [ضجع] [মুদ্‌তজি'] গা এলিয়ে দিয়েছে এমন, শয়নকারী, শায়িত

مُضْطَرّ [ضرر] [মুদ্‌তর্‌র] বাধ্য, নিরুপায়, মজবুর, অস্থির

مُضْطَرِب [ضرب] [মুদ্‌তরিব] অস্থির, বিশৃঙ্খল, অশান্ত, গোলযোগপূর্ণ, অসুস্থ

الْحَدِيث الْمُضْطَرِب [আল-হাদীছুল মুদ্‌তরিব] মুদ্‌তরিব হাদীসঃ ভিন্ন ভিন্ন সূত্রধারায় বর্ণিত সমান দৃঢ়তাসম্পন্ন হাদীস

مُضْطَرِم [ضرم] [মুদ্‌তরিম] প্রজ্বলিত, শিখায়িত, জ্বলন্ত

مُضْطَهَد [ضهد] [মুদ্‌তহাদ] অত্যাচারিত, নির্যা-তিত, নিপীড়িত

مُضْطَهِد [ضهد] [মুদ্‌তহিদ] অত্যাচারী, জুলুম-কারী, নির্যাতনকারী, নিপীড়নকারী

مُضْعِف [ضعف] [মুদ্‌'ইফ] দ্বিগুণকারী, বহুগুণ-কারী, বৃদ্ধিকারী, বহুগুণ বৃদ্ধিকারী

مَضْغ [মাদ্‌গ] চর্বণ, চিবানি, চিবুনি

مَضَغَ [ف] (مَضْغ) [মাদগা] চর্বণ করা, চিবানো

مِضْغَاط ج مَضَاغِيط [ضغط] [মিদ্‌গাত] চাপযন্ত্র, চাপ দেওয়ার যন্ত্র, সংকোচন-যন্ত্র, ঘনীভূত করার যন্ত্র, কম্প্রেসার

مُضْغَة ج مُضَغ [মুদ্‌গাহ্] চর্বিত বস্তু, চিবানোর বস্তু, চুয়িংগাম, কামড়, গ্রাস, মাংসখণ্ড, দুই মাসের ভ্রূণ

مِضْغَط ج مَضَاغِط [ضغط] [মিদ্‌গাত] চাপ দেওয়ার যন্ত্র, সংকোচন-যন্ত্র, ঘনীভূত করার যন্ত্র, কম্‌-প্রেসার (compressor)

مَضْغُوط [ضغط] [মাদ্‌গূত] চাপ দেওয়া হয়েছে এমন, পিষ্ট, চাপানো, সংকুচিত, ঘনীভূত

مَضْفُور [ضفر] [মাদ্‌ফূর] বেণীকৃত, বিনুনিকৃত, বিঁড়ে-পাকানো

مَضَلّ ج مَضَالّ [ضلل] [মাদল্ল] পথ হারানোর জায়গা

مُضِلّ [ضلل] [মুদিল্ল] বিভ্রান্তকারী, গোমরাহকারী, ভ্রষ্টকারী, বিভ্রান্তিকর

مَضَلَّة ، مَضِلَّة [ضلل] [মাদল্লাহ্, মাদিল্লাহ্] ভ্রান্তি, বিভ্রান্তি, ভ্রষ্টতা, পথ হারানোর জায়গা

مُضَلَّع [ضلع] [মুদল্লা'] পাঁজরযুক্ত, পাঁজরের মত বাঁকা, বহু বাহুবিশিষ্ট, বহুভুজী

مُضَلَّل [ضلل] [মুদল্লাল] পথভ্রষ্ট, বিপথগামী,

বিভ্রান্ত

مُضَلِّل [ضلل] [মুদাল্লিল] ভ্রষ্টকারী, বিভ্রান্তকারী, বিভ্রান্তিকর, প্রতারণাপূর্ণ, মিথ্যা

مِضْمَار ج مَضَامِير [ضمر] [মিদ্‌মার] ময়দান, ঘোড়দৌড় ময়দান, ক্ষেত্র, কর্মক্ষেত্র

مُضْمَحِلّ [ضمحل] [মুদ্‌মাহিল্] অদৃশ্য, অন্তর্হিত, বিলুপ্ত, বিলীন, ক্ষয়প্রাপ্ত, হ্রাসপ্রাপ্ত

مُضَمَّد [ضمد] [মুদম্মাদ] পটি-বাঁধা, ব্যান্ডিজ-করা

مُضْمَر [ضمر] [মুদ্‌মার] লুক্কায়িত, গুপ্ত, সুপ্ত, উহ্য, গূঢ়, নিহিত

مَضْمَضَ (مَضْمَضَة ، مَضْمَاض) [মাদ্‌মাদা] কুল-কুচা করা, কুলি করা, ধৌত করা, ধোয়া

مَضْمَضَة [মাদ্‌মাদাহ্] কুলকুচা, কুলি, সাপের শব্দ, সাপের জিহ্বা নাড়ার শব্দ

مُضَمَّن [ضمن] [মুদম্মান] অন্তর্ভুক্ত, শামিল

مَضْمُوم [ضمم] [মাদ্‌মূম] মিলিত, একত্রিত, সংযুক্ত, সংযোজিত, দম্মা বা পেশযুক্ত (হরফ)

مَضْمُون [ضمن] [মাদ্‌মূন] যার নিশ্চয়তা দেওয়া হয়েছে, নিশ্চিত, নিরাপত্তাপ্রাপ্ত, নিরাপদ, নিবন্ধিত, রেজিস্ট্রিকৃত

مَضْمُون ج مَضَامِين [ضمن] [মাদ্‌মূন] বিষয়বস্তু, বক্তব্য, অর্থ

مَضَى [ض] [ن] (مُضِيّ ، مُضُوّ) [مضي] [মাদা] অতিবাহিত হওয়া, অতীত হওয়া, চলে যাওয়া, ফুরিয়ে যাওয়া

مُكْثِر ج مُكْثِرُون [كثر] [মুক্‌ছির] অধিক সম্পদের অধিকারী, সম্পদশালী, ধনী, ধনাঢ্য

مُكَثَّف [كثف] [মুকাছ্‌ছাফ] ঘনীভূত, কেন্দ্রীভূত, জোরদার করা হয়েছে এমন, প্রবল

مُكَثِّف [كثف] [মুকাছ্‌ছিফ] ঘনীভূতকারী, কেন্দ্রীভূতকারী, জোরদারকারী

مُكَثِّف ج مُكَثِّفَات [মুকাছ্‌ছিফ] বিদ্যুতের প্রবাহকে সঞ্চিত করে রাখার যন্ত্রবিশেষ, তড়িৎ-ধারক, ক্যাপাসিটর (capacitor), কনডেন্সার (condenser)

مِكْحَال ج مَكَاحِيل [كحل] [মিক্‌হাল] সুরমা-দণ্ড, সুরমা লাগানোর কাঠি

مُكَرَّس [كرس] [মুকার্‌রস] ওয়াকফকৃত, উৎসর্গ-কৃত, অভিষিক্ত, প্রতিষ্ঠিত, জোরদারকৃত

مُكْرَم ؛ مُكَرَّم [كرم] [মুক্‌রম, মুকার্‌রম] সম্মানিত, সম্মানযোগ্য, মাননীয়, মহান

مُكْرِم [كرم] [মুক্‌রিম] সম্মানকারী, মর্যাদা দান-কারী

مَكْرَمَة ج مَكَارِم [كرم] [মাক্‌রমাহ্] উত্তম কাজ, মহৎ গুণ

مَكْرُمَة ج مَكَارِم [كرم] [মাক্‌রুমাহ্] উত্তম কাজ, মহৎ গুণ

مَكَارِم الأَخْلَاق [মাকারিমুল আখ্‌লাক] চারিত্রিক গুণাবলী, মহৎ গুণাবলী

مُكْرَه [كره] [মুক্‌রাহ্] বাধ্য করা হয়েছে এমন, চাপপ্রয়োগ করা হয়েছে এমন, বলপ্রয়োগকৃত

مَكْرَهَة ج مَكَارِه [كره] [মাক্‌রহাহ্] অপছন্দনীয় বস্তু, ঘৃণ্য বস্তু, খারাপ জিনিস, দুর্ঘটনা

مَكْرُهَة ج مَكَارِه [كره] [মাকরুহাহ্] অপছন্দনীয় বস্তু, ঘৃণ্য বস্তু, খারাপ জিনিস, দুর্ঘটনা

مَكْرُوب [كرب] [মাক্‌রূব] বিপদগ্রস্ত, দুর্দশাগ্রস্ত, দুঃখপীড়িত, কষ্টে নিপতিত, যাতনাক্লিষ্ট, যন্ত্রণা-গ্রস্ত

مِكْرُوب [মিক্‌রোব] অণুজীব, জীবাণু, মাইক্রোব

مِكْرُوسْكُوب [মিক্‌রোস্‌কোব] মাইক্রোস্কোপ, অণু-বীক্ষণযন্ত্র

مِكْرُوفُون [মিক্‌রোফোন] মাইক্রোফোন

مَكْرُوه [كره] [মাক্‌রূহ্] অপছন্দনীয়, ঘৃণিত, ঘৃণ্য, খারাপ, মাকরূহ

مَكْرُوه ج مَكْرُوهَات [كره] [মাক্‌রূহ্] অসুবিধা, বিপদ, কষ্ট, দুর্ভাগ্য, দুর্যোগ, দুর্ঘটনা

مَكْرُوهَة ج مَكْرُوهَات [كره] [মাক্‌রূহাহ্] বিপদ, কষ্ট, অসুবিধা, দুর্ভাগ্য, দুর্যোগ, দুর্ঘটনা

مُكْرًى ـث مُكْرَاةٌ [كري] [মুক্‌রা] ভাড়ায় প্রদত্ত, কেরায়া দেওয়া হয়েছে এমন

مُكْرِي، مُكْرٍ [كري] [মুক্‌রী] ভাড়া দেয় এমন, বাড়িওয়ালা, জমিদার

مَكْس ج مُكُوس [মাক্‌স] খাজনা, রাজস্ব, শুল্ক, কর, ট্যাক্স

مِكْحَت ج مَكَاحِت [كحت] [মিক্‌হাত] (শল্য-চিকিৎসকের) চাঁচার যন্ত্র, curette

مِكْحَل ج مَكَاحِل [كحل] [মিক্‌হাল] সুরমা-দণ্ড, সুরমা লাগানোর কাঠি

مِكْحَلَة ج مَكَاحِل [كحل] [মিক্‌হালাহ্] সুরমাদানি

مُكْحُلَة ج مَكَاحِل [كحل] [মুক্‌হুলাহ্] সুরমাদানি

مُكَدَّر [كدر] [মুকাদ্দার] কর্দমাক্ত, পঙ্কিল, ঘোলা, নোংরা, ময়লা

مُكَدَّس [كدس] [মুকাদ্দাস] স্তূপীকৃত, রাশকৃত

مَكْدُود [كدد] [মাক্‌দূদ] ক্লান্ত, শ্রান্ত, পরিশ্রান্ত, পরাজিত, পরাস্ত

مَكْدُوم [كدم] [মাক্‌দূম] কামড় দেওয়া হয়েছে এমন, দাঁত দ্বারা কর্তিত, দংশিত

مُكَذِّب [كذب] [মুকায্‌যিব] মিথ্যা প্রতিপন্নকারী, মিথ্যা অভিহিতকারী, অবিশ্বাসকারী

مَكْذُوب ج مَكَاذِيب [كذب] [মাক্‌যূব] অসত্য, মিথ্যা

مَكْذُوبَة ج مَكَاذِيب [كذب] [মাক্‌যূবাহ্] অসত্য, মিথ্যা

مَكْر [মাক্‌র] ফেরেব, ধোঁকা, প্রতারণা, প্রবঞ্চনা, ধূর্ততা

مَكَرَ | ن | (مَكْر) [মাকারা] ধোঁকা দেওয়া, প্রবঞ্চনা করা, প্রতারণা করা, প্রতারিত করা, ফেরেববাজি করা, কৌশল করা, প্রতারণার শাস্তি দেওয়া, রং করা, লাল রং করা

مَكِرَ [س] (مَكَر) [মাকিরা] লাল হওয়া

مَكَّرَ (تَمْكِير) [مكر] [মাক্কারা] (খাদ্যশস্য) ঘরে জমা করে রাখা, মজুত করা

مَكَرّ [كرر] [মাকার্‌] আক্রমণস্থল, যুদ্ধক্ষেত্র

مِكَرّ [كرر] [মিকার্‌] পুনঃ পুনঃ আক্রমণকারী, বারংবার আক্রমণকারী, কঠোর আক্রমণকারী

مَكْرَة [মাক্‌রাহ্] কৌশল, ধোকা, প্রতারণা

مُكَرَّر [كرر] [মুকার্‌রর] পৌনঃপুনিক, বারংবার সংঘটিত, পুনরাবৃত্ত, পরিশ্রুত

مُكَرِّر [كرر] [মুকার্‌রির] পুনরায় সম্পাদনকারী, পুনরাবৃত্তিকারী, শোধনকারী

مَكَسَ [ض] (مَكْس) [মাকাসা] কর আদায় করা, শুল্ক আদায় করা, খাজনা আদায় করা, দরাদরি করা, মূল্য কম দেওয়া, জুলুম করা

مِكْسَال [كسل] [মিক্সাল] অলস, কুঁড়ে, অকর্মণ্য

مَكْسَب ج مَكَاسِب [كسب] [মাক্সাব] উপার্জন, উপার্জিত বস্তু, আয়, লাভ, মুনাফা

مَكْسِب ج مَكَاسِب [كسب] [মাক্সিব] উপার্জন, উপার্জিত বস্তু, আয়, লাভ, মুনাফা

مُكْسِب [كسب] [মুক্সিব] লাভজনক, মুনাফা-দায়ক, অর্থকরী

مَكْسِبَة ج مَكَاسِب [كسب] [মাক্সিবাহ] উপার্জন, উপার্জিত বস্তু, আয়, লাভ, মুনাফা

مِكْسَحَة ج مَكَاسِح [كسح] [মিক্সাহাহ] ঝাঁটা, ঝাড়ু, সম্মার্জনী

مَكْسِر ج مَكَاسِر [كسر] [মাক্সির] ভাঙ্গার স্থান, ভাঙ্গনের জায়গা, ভাঙ্গন, পরীক্ষা, পরখ, যাচাই, গোড়া, মূল, অন্তর্নিহিত অবস্থা

مُكَسَّر [كسر] [মুকাস্সার] ভঙ্গ, ভগ্ন, খণ্ডিত, চূর্ণ, চূর্ণিত

مَكْسُوّ [كسو] [মাক্সূ] আচ্ছাদিত, আবৃত, পরিহিত

مَكْسُوب [كسب] [মাক্সূব] উপার্জিত, অর্জিত, প্রাপ্ত

مَكْسُور [كسر] [মাক্সূর] ভগ্ন, চূর্ণ, খণ্ডিত, ব্যর্থ, পরাস্ত, ভেঙ্গে পড়েছে এমন, কাস্‌রা বা যেরযুক্ত (হরফ)

المَكْسِيك [আল-মাক্সীক] মেক্সিকো (দেশ ও নগরী)

مِكْشَاف ج مَكَاشِيف [كشف] [মিক্শাফ] উদ্‌ঘাটনযন্ত্র, ডিটেক্টর (detector)

مِكْشَطَة ج مَكَاشِط [كشط] [মিক্শাতাহ] ঘষে উঠানোর যন্ত্র, scraper

مُكَشَّف [كشف] [মুকাশ্শাফ] উন্মোচিত, সূচী-সংযোজিত, সূচীর অন্তর্ভুক্ত

مُكَشِّف [كشف] [মুকাশ্শিফ] উন্মোচনকারী, সূচী-সংযোগকারী

مَكْشُوف [كشف] [মাক্শূফ] উন্মোচিত, উন্মুক্ত, অনাবৃত, নগ্ন, উদঘাটিত, আবিষ্কৃত, প্রকাশিত

مَكْظُوم [كظم] [মাক্যূম] বিষণ্ণ, দুঃখভারাক্রান্ত, রাগান্বিত, ক্রোধবিহ্বল

مُكَعَّب [كعب] [মুকা''আব] ঘনক্ষেত্রের আকার-বিশিষ্ট, কিউবিক (cubic)

مُكَعَّب ج مُكَعَّبَات [كعب] [মুকা''আব] ঘনক্ষেত্র, cube

مُكَفَّن [كفن] [মুকাফ্ফান] কাফন পরানো হয়েছে এমন, কাফন-পরিহিত

مُكْفَهِرّ [كفهر] [মুক্ফাহির্] মেঘাচ্ছন্ন, গোমড়া, মলিন (মুখ), শক্ত পাহাড়, ঘন কালো মেঘ

مَكْفُوف ج مَكَافِيف [كفف] [মাক্ফূফ] দৃষ্টিহীন, অন্ধ, জন্মান্ধ

مَكْفُول [كفل] [মাক্ফূল] যার দায়িত্ব নেওয়া হয়েছে, গ্যারান্টিযুক্ত, নিরাপত্তাপ্রাপ্ত

مَكْفُون [كفن] [মাক্ফূন] কাফন পরানো হয়েছে এমন, কাফন-পরিহিত

مُكَلَّأ [كلأ] [মুকাল্লা'] জেটি, পোতাশ্রয়, সমুদ্র-বন্দর, নদীর তীর, বাতাসের আড়াল

المُكَلَّأ [আল-মুকাল্লা'] মুকাল্লাঃ দক্ষিণ ইয়েমেনের একটি সমুদ্রবন্দর

مَكْلَأَة [كلأ] [মাক্লাআহ] অনেক ঘাস আছে এমন, ঘাসবহুল (স্থান)

مُكَلِّب [كلب] [মুকাল্লিব] শিকারের প্রশিক্ষণ দানকারী, শিকারে প্রেরণকারী

مَكْلَبَة [كلب] [মাক্লাবাহ] অনেক কুকুর আছে এমন জায়গা, কুকুরবহুল স্থান

مُكَلَّس [كلس] [মুকাল্লাস] চুনে পরিণত, চুনের প্রলেপযুক্ত, চুনকামকৃত

مُكَلَّف [كلف] [মুকাল্লাফ] ভারার্পিত, দায়িত্বপ্রাপ্ত, দায়ী, করের অধীন, কর পরিশোধকারী

مُكَلِّف ج مُكَلِّفُون [كلف] [মুকাল্লিফ] কষ্ট প্রদানকারী, দায়িত্ব অর্পণকারী, ধার্যকারী

مُكَلِّف مث مُكَلِّفَة [كلف] [মুকাল্লিফ] ব্যয়বহুল, বহুমূল্য, উচ্চমূল্য, মূল্যবান, দামী

مُكَلَّل [كلل] [মুকাল্লাল] মুকুটপরিহিত, মাল্য-ভূষিত, বিবাহবন্ধনে আবদ্ধ

مُكَلِّم [كلم] [মুকাল্লিম] কথা বলে এমন, কথক,

বক্তা

مَكْلُوم [كلم] [মাক্‌লূম] আঘাতপ্রাপ্ত, আহত, ক্ষত-যুক্ত, জখমী

مِكْمَح [كمح] [মিক্‌মাহ্] থামানোর যন্ত্র, (পশুর) লাগাম, রাশ, (গাড়ির) ব্রেক

مُكَمَّل [كمل] [মুকাম্মাল] পরিপূর্ণ, পূর্ণাঙ্গ, সম্পূর্ণ, সম্পন্ন, সমাপ্ত

مُكَمِّل [كمل] [মুকাম্মিল] পূর্ণকারী, পরিপূর্ণকারী, সম্পন্নকারী, সমাপ্তকারী

مِكْمَل [كمل] [মিক্‌মাল] পরিপূর্ণ, সম্পূর্ণ, সম্পন্ন

مُكَمَّم [كمم] [মুকাম্মাম] ঠুসি বা মুখবন্ধনী পরানো হয়েছে এমন (পশু), আস্তিন লাগানো হয়েছে এমন (জামা)

مَكْمَن ج مَكَامِن [كمن] [মাক্‌মান] লুকিয়ে থাকার জায়গা, গোপন অবস্থান, গুপ্ত স্থান

مُكْمَه [كمه] [মুকাম্মাহ্] জন্ম থেকেই যার চক্ষু-দ্বয় উন্মিলিত হয়নি, জন্মান্ধ

مَكْمُوم [كمم] [মাক্‌মূম] আবৃত, আচ্ছাদিত, বন্ধ, ঠুসি বা মুখবন্ধনী পরানো হয়েছে এমন

مَكُنَ [ك] (مَكَانَة) [মাকুনা] শক্তিশালী হওয়া, শক্ত হওয়া, সুদৃঢ় হওয়া, স্থির হওয়া, সুপ্রতিষ্ঠিত হওয়া, প্রভাবশালী হওয়া, মর্যাদাবান হওয়া

مَكَّنَ (تَمْكِين) [مكن] [মাক্কানা] শক্তিশালী করা, শক্ত করা, সুদৃঢ় করা, সুপ্রতিষ্ঠিত করা

مَكَّنَ مِنْ [-- মিন] সক্ষম করা, যোগ্য করা, সম্ভব করা, ক্ষমতা দেওয়া

مُكْنَة [মুক্‌নাহ্] ক্ষমতা, যোগ্যতা, সামর্থ্য, শক্তি, জোর, তীব্রতা

مَكْنَز ج مَكَانِز [كنز] [মাক্‌নায] ভাণ্ডার, কোষা-গার, গোলাঘর

مِكْنَسَة ج مَكَانِس [كنس] [মিক্‌নাসাহ্] ঝাড়ু, ঝাঁটা, সম্মার্জনী

مَكْنَنَ (مَكْنَنَة) [মাক্‌নানা] যান্ত্রিক করা, যন্ত্র-চালিত করা

مَكْنُوز [كنز] [মাক্‌নূয] সংরক্ষিত, ভাণ্ডারজাত, ভাণ্ডারে রক্ষিত, গুদামজাত, স্তূপীকৃত (সম্পদ), লুক্কায়িত, গুপ্ত (ধন)

مَكْنُون [كنن] [মাক্‌নূন] লুক্কায়িত, গুপ্ত, গোপনে লালিত, সুরক্ষিত, আচ্ছাদিত

مُكَنًّى ৩ مُكَنَّاة [كني] [মুকান্না] উপনামযুক্ত, কুনিয়াতযুক্ত, অভিহিত, আখ্যায়িত

مُكَهْرَب [كهرب] [মুকাহ্‌রাব] তড়িৎ-সঞ্চারিত, বিদ্যুতায়িত

مَكْو ج أَمْكَاء [মাক্‌ও] খরগোশ শৃগাল ইত্যাদির গর্ত

مِكْوَاة ج مَكَاوٍ ، مَكَاوِي [كوي] [মিক্‌ওয়াত] ইস্ত্রি, ইস্তিরি, দগ্ধ করার উত্তপ্ত লৌহ

مُكُوث [মুকূছ] অবস্থান, বসবাস, অপেক্ষা, যাত্রা-বিরতি

مَكْوَجَة [মাক্‌ওয়াজাহ্] জামাকাপড় ইস্ত্রি করার দোকান, ইস্ত্রিঘর, লন্ড্রি

مَكْوَجِيّ [মাক্‌ওয়াজী] লন্ড্রিওয়ালা, জামাকাপড় ইস্ত্রিকারী

مَكْوَر ج مَكَاوِر [كور] [মাক্‌ওয়ার] (ঘোড়ার) জিন

مِكْوَر ج مَكَاوِر [كور] [মিক্‌ওয়ার] পাগড়ি

مُكَوَّر [كور] [মুকাওওয়ার] পেঁচযুক্ত, পোটকা-বাঁধা, বোঁচকা-বাঁধা, গোল

مُكُوس (مَكْس) [كوس] [মুকূস] কর, শুল্ক, ট্যাক্স, খাজনা, রাজস্ব

مَكُّوك ج مَكَاكِيك ، مَكَاكِيّ [মাক্কূক] (তাঁতের) মাকু, পানপাত্র, পেয়ালা

مُكَوَّم [كوم] [মুকাওওয়াম] স্তূপীকৃত, রাশিকৃত

مُكَوَّن [كون] [মুকাওওয়ান] তৈরী, সৃষ্ট, গঠিত, রচিত

مُكَوِّن [كون] [মুকাওবিন] সৃষ্টিকারী, সৃষ্টিকর্তা, গঠনকারী, রচনাকারী, রচয়িতা

مُكَوِّن ، مُكَوِّنَة ج مُكَوِّنَات [كون] [মুকাওবিন, মুকাওবিনাহ্] উপাদান, কারণ

مَكْوِيّ [كوي] [মাক্‌বী] সেকা, সেকা দাগযুক্ত, ইস্ত্রিকৃত, দগ্ধ

مَكِّيّ ৩ مَكِّيَّة [মাক্কী] মক্কা-সম্বন্ধীয়, মক্কার অধি-বাসী, মক্কী, মক্কার, মহানবীর (স) মক্কার জীবনে অবতীর্ণ (সূরা, আয়াত)

مِكْيَال ج مَكَايِيل [كيل] [মিক্‌ইয়াল] (শস্যের) মাপ, পরিমাপ, পরিমাপ-যন্ত্র

مَكِيد [كيد] [মাকীদ] চক্রান্তের শিকার, প্রতারণার শিকার

مَكِيدَة ج مَكَايِد [كيد] [মাকীদাহ্] প্রতারণা, ছল, ধোঁকা, ছলনা, কৌশল, ষড়যন্ত্র

مُكَيَّف [كيف] [মুকাইয়াফ] যা খাপ খাওয়ানো হয়েছে, অভিযোজনকৃত, নিয়ন্ত্রিত, বায়ু-নিয়ন্ত্রিত, শীতাতপনিয়ন্ত্রিত

مُكَيَّف الْهَوَاء [মুকাইয়াফুল হাওয়া’] শীতাতপ-নিয়ন্ত্রিত, বায়ুনিয়ন্ত্রিত

مُكَيِّف [كيف] [মুকাইয়িফ] খাপ খাইয়ে নেয় এমন, অভিযোজনকারী, নিয়ন্ত্রণকারী

مُكَيِّفَة [كيف] [মুকাইয়িফাহ্] বায়ুনিয়ন্ত্রণ-যন্ত্র, শীতাতপনিয়ন্ত্রণ-যন্ত্র, এয়ারকন্ডিশনার

مُكَيِّفَة الْهَوَاء [كيف] [মুকাইয়িফাতুল হাওয়া’] বায়ুনিয়ন্ত্রণ-যন্ত্র, শীতাতপনিয়ন্ত্রণ-যন্ত্র, এয়ারকন্ডিশনার

مِكْيَل ، مِكْيَلَة ج مَكَايِل [كيل] [মিক্ইয়াল, মিক্ইয়ালাহ্] (শস্যের) মাপ, পরিমাপ, পরিমাপ-যন্ত্র

مَكِين ج مُكَنَاء [مكن] [মাকীন] সুদৃঢ়, শক্তিশালী, স্থির, মজবুত, সুপ্রতিষ্ঠিত, প্রভাবশালী, সম্মানিত, মর্যাদাবান

مَلّ [মাল] বিরক্ত, ক্লান্ত

مَلَّ [س] (مَلَل ، مَلَال) [মাল্লা] বিরক্ত হওয়া, ক্লান্ত হওয়া

مَلَاءَة [মালাআহ্] সচ্ছলতা, সামর্থ্য, সঙ্গতি

مُلَاءَة ج مُلَاءَات [মুলাআহ্] অবগুণ্ঠন, বোরকা, নেকাব, চাদর

مَلَائِكَة (مَلَك ، مَلَاك) [মালা’ইকাহ্] ফেরেশতা

مُلَائِم [لأم] [মুলা’ইম] উপযোগী, যথাযথ, অনুকূল, মানানসই, সামঞ্জস্যশীল

مُلَاءَمَة [لأم] [মুলাআমাহ্] উপযোগিতা, যথাযথতা, মিল, সামঞ্জস্য

مَلَابِس (مَلْبَس) [لبس] [মালাবিস] পোশাক, বস্ত্র, পরিধেয়, পরিচ্ছদ

مَلَابِس جَاهِزَة [মালাবিস জাহিযাহ্] তৈরী পোশাক

مَلَابِس دَاخِلِيَّة [মালাবিস দাখিলিয়্যাহ্] ভিতরের পোশাক, নিচের কাপড়, অন্তর্বাস

مُلَابَسَة ج مُلَابَسَات [لبس] [মুলাবাসাহ্] ঘনিষ্ঠ মেলামেশা, ঘনিষ্ঠ সম্পর্ক, ঘনিষ্ঠতা, অন্তরঙ্গতা

مَلَاث ج مَلَاوِث [لوث] [মালাছ] সম্ভ্রান্ত ব্যক্তি, আশ্রয়স্থল, যে জায়গার চারপাশে প্রদক্ষিণ করা হয়, প্রদক্ষিণস্থল

مَلَّاح [ملح] [মাল্লাহ্] লবণব্যবসায়ী, লবণওয়ালা, নৌযান বা বিমানের আরোহী, নাবিক, মাঝি, মাল্লা

مِلَاح [মিলাহ্] জাহাজ চালানোর বাতাস, বর্শার ফলা, পর্দা, থলি, ব্যাগ, সুন্দরী রমণীকুল

مُلَاح [ملح] [মুলাহ্] লাবণ্যময়, কমনীয়, সুন্দর

مَلَاحَة [ملح] [মালাহাহ্] লবণাক্ততা, কমনীয়তা, সৌন্দর্য, লাবণ্য

مَلَّاحَة [ملح] [মাল্লাহাহ্] লবণের খনি, লবণের পাত্র, নিমকদানি

مِلَاحَة [ملح] [মিলাহাহ্] লবণের ব্যবসা, জাহাজ চলাচল, নৌচলাচল

مُلَاحَظ [لحظ] [মুলাহায] লক্ষ্য করা যায় এমন, দেখা যায় এমন, পরিলক্ষিত, লক্ষ্যণীয়

مُلَاحِظ [لحظ] [মুলাহিয] লক্ষ্যকারী, দৃষ্টিদাতা, অবলোকনকারী, পর্যবেক্ষণকারী, তত্ত্বাবধায়ক, মন্তব্যকারী

مُلَاحَظَة ج مُلَاحَظَات [لحظ] [মুলাহাযাহ্] লক্ষ্য, নজর, দৃষ্টি, মনোযোগ, অবলোকন, পর্যবেক্ষণ, তত্ত্বাবধান, মন্তব্য, টীকা

مَلَّاحِيَّة [ملح] [মাল্লাহিয়্যাহ্] নৌ-চালনাবিদ্যা, জাহাজ চালনাবিদ্যা, নাবিকের কাজ বা পেশা

مَلَاذ ج مَلَاوِذ [لوذ] [মালায] আশ্রয়স্থল, আশ্রয়

مَلَارِيَا [মালারিয়া] ম্যালেরিয়া (জ্বর)

مَلَاز ج مَلَاوِز [لوز] [মালায] আশ্রয়স্থল, আশ্রয়

مُلَازِم [لزم] [মুলাযিম] সঙ্গী, সহযোগী, সহচর, সেকেন্ড লেফটেন্যান্ট (পদ)

مُلَازِم أَوَّل [মুলাযিম আউওয়াল] লেফটেন্যান্ট

مُلَازِم ثَانِي [মুলাযিম ছানী] সেকেন্ড লেফটেন্যান্ট

مُلَازَمَة [لزم] [মুলাযামাহ্] সার্বক্ষণিক সম্পর্ক, সার্বক্ষণিক সঙ্গ, অবিচ্ছিন্নতা, স্থায়ী বসবাস

مَلَاسَة [ملس] [মালাসাহ্] মসৃণতা, পিচ্ছিলতা

مَلَّاسَة [ملس] [মাল্লাসাহ্] মাটি সমান ও মসৃণ

করার কাষ্ঠখণ্ড

مَلَّاط [ملط] [মাল্লাত] প্লাস্টারকারী, যে প্রলেপ লাগায়

مِلَاط ج مُلُط [মিলাত] প্লাস্টার, সিমেন্ট, প্রলেপ, পুটিং

مُلَاعِب [لعب] [মুলা'ইব] সহ-খেলোয়াড়, খেলার সঙ্গী, ছলনাকারী

مَلَّاق [ملق] [মাল্লাক] চাটুকার, তোষামোদকারী, তোষামুদে, মোসাহেব

مُلَاقَاة [لقي] [মুলাক্বাত] সাক্ষাৎ, মোলাকাত, দেখা, মিলন

مُلَاقِي ، مُلَاقٍ ج مُلَاقُون [لقي] [মুলাক্বী] মোলা-কাতকারী, সাক্ষাৎকারী, প্রাপ্ত, সাক্ষাৎপ্রাপ্ত

مَلَاك ج مَلَائِكَة [মালাক] ফেরেশতা

مَلَاك ج مَلَاكَات [মালাক] ভিত্তি, মূল, অপরিহার্য শর্ত

مَلَّاك [মাল্লাক] বড় মালিক, কর্তা, জমিদার

مِلَاك [মিলাক] বিয়ের চুক্তি বা অঙ্গিকার, বাগদান

مِلَاك ج مِلَاكَات [মিলাক] ভিত্তি, মূল, কাঠামো, ক্যাডার, অপরিহার্য শর্ত

مُلَاكِم [لكم] [মুলাকিম] মুষ্টিযোদ্ধা, boxer

مُلَاكَمَة [لكم] [মুলাকামাহ] মুষ্টিযুদ্ধ, boxing

مَلَّاكِيّ [ملك] [মাল্লাকী] নিজস্ব, একান্ত, ব্যক্তি-গত, ব্যক্তিমালিকানাধীন, প্রাইভেট

مَلَال [মালাল] ক্লান্তি, বিরক্তি, বিরাগ, অস্বস্তি

مُلَال [মুলাল] অস্থিরতা, অস্বস্তি, ছটফটানি

مَلَالَة [মালালাহ] ক্লান্তি, বিরক্তি, বিরাগ, অস্বস্তি

مَلَّالَة [মাল্লালাহ] সৈন্য বহনকারী গাড়ি

مَلَام ، مَلَامَة [لوم] [মালাম, মালামাহ] তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা

مَلَامِح [لمح] [মালামিহ] বৈশিষ্ট্যাবলী, প্রধান প্রধান বৈশিষ্ট্য, বৈশিষ্ট্যসূচক মুখাবয়ব

مُلَامِس [لمس] [মুলামিস] মেলামেশাকারী, সংসর্গ রক্ষাকারী, সংস্পর্শী

مُلَامَسَة [لمس] [মুলামাসাহ] মেলামেশা, সংসর্গ, সংস্পর্শ, স্পর্শ

مَلَاوَة ، مِلَاوَة ، مُلَاوَة [ملو] [মালাওয়াহ, মিলা-ওয়াহ, মুলাওয়াহ] সময়, ক্ষণ, মুহূর্ত

مَلَاوِي [মালাবী] মালাবী (দেশ)

مُلَايَنَة [لين] [মুলায়ানাহ] কোমল আচরণ, নরম ব্যবহার, সহৃদয়তা, বন্ধুভাবাপন্নতা

مَلَأ ج أَمْلَاء [মালা'] প্রধান ব্যক্তিবর্গ, নেতৃবৃন্দ, পারিষদ, সভাষদ, পাণ্ডার দল, সাধারণ মানুষ, সমাবেশ

المَلَأ الأَعْلَى [আল-মালা'উল আ'লা] সর্বোচ্চ পারিষদ, সর্বাধিক মর্যাদাপূর্ণ সমাবেশ: আল্লাহর দরবারে ফেরেশতাদের সমাবেশ

مَلَأَ [ف] (مَلْء ، مَلَاءَة) [মালাআ] ভরা, পূর্ণ করা, পরিপূর্ণ করা, পূরণ করা, বোঝাই করা

مَلِئَ [س] (مَلَأ) [মালিআ] পূর্ণ হওয়া, ভরে যাওয়া

مَلُؤَ [ك] (مَلَاءَة) [মালুআ] সচ্ছল হওয়া, সঙ্গতি-পূর্ণ হওয়া, সামর্থ্যবান হওয়া

مَلَّأَ (تَمْلِئَة) [ملأ] [মাল্লাআ] ভরে দেওয়া, পূর্ণ করা, বোঝাই করা

مِلْء ج أَمْلَاء [মিল্'] পূরক, পরিমাণ, পূর্ণ, ভরা, ভর্তি, সব, গোটা

مَلْأَك ج مَلَائِكَة [মাল্আক] ফেরেশতা

مَلْآن مث مَلْأَى ، مَلْآنَة ج مِلَاء [ملأ] [মাল্আন] পূর্ণ, পরিপূর্ণ, ভরা, সম্পূর্ণ, সমৃদ্ধ

مُلَبَّد [لبد] [মুলাব্বাদ] লেগে আছে এমন, সংলগ্ন, লাগানো, জমাটবদ্ধ, জটবদ্ধ, গাদানো

مُلْبِد [لبد] [মুল্‌বিদ] লেগে আছে এমন, মাটির সাথে লেগে আছে এমন, অত্যন্ত গরীব, সিংহ

مَلْبَس ج مَلَابِس [لبس] [মাল্‌বাস] পোশাক, পরিধেয়, পরিচ্ছদ, বস্ত্র

مُلَبَّس [لبس] [মুলাব্বাস] পরানো হয়েছে এমন, আবৃত, আচ্ছাদিত, প্রলেপযুক্ত, গোপনকৃত, সন্দেহপূর্ণ

مَلْبَن [لبن] [মাল্‌বান] চিনি পেস্তা ইত্যাদি দিয়ে তৈরী একপ্রকার মিষ্টান্ন

مَلْبَنَة ج مَلَابِن [لبن] [মাল্‌বানাহ] দুগ্ধখামার, দুগ্ধশালা, ডেয়ারি

مِلْبُورْن [মেল্‌বোর্‌ন] মেলবোর্ন (নগরী)

مَلْبُوس [لبس] [মাল্‌বুস] পরিধান করা হয়েছে

এমন, ব্যবহৃত (পোশাক)

مَلْبُوس ج مَلْبُوسَات [মাল্‌বুস] পোশাক, পরিচ্ছদ, পরিধেয়, বস্ত্র

مُلَبِّي ، مُلَبٍّ [لبي] [মুলাব্বী] সাড়াদানকারী, জবাব দানকারী, সম্মতি প্রদানকারী

مَلَّة [মাল্লাহ্] গরম ভস্ম, জ্বলন্ত অঙ্গার, বিরক্তি

مِلَّة ج مِلَل [মিল্লাহ্] জাতি, মিল্লাত, ধর্ম, সম্প্রদায়, দল

مُلَّة ج مُلَل [মুল্লাহ্] সেলাইয়ের ফোঁড়, টাঁক

مُلْتَاع [لوع] [মুল্‌তা'] জ্বলন্ত, দগ্ধ, দাহ্যমান, যন্ত্রণাগ্রস্ত

مُلْتَئِم [لئم] [মুল্‌তা'ইম] মিলিত, সংযুক্ত, সমবেত, অনুষ্ঠিত

مُلْتَبِس [لبس] [মুল্‌তাবিস] বিজড়িত, অস্পষ্ট, সন্দেহপূর্ণ

مُلْتَجَأ [لجأ] [মুল্‌তাজা'] আশ্রয়স্থল, আশ্রয়কেন্দ্র, আশ্রম

مُلْتَجِئ [لجأ] [মুল্‌তাজি'] আশ্রয়প্রার্থী, আশ্রিত, শরণার্থী

مُلْتَحَد [لحد] [মুল্‌তাহাদ] আশ্রয়স্থল, আশ্রয়

مُلْتَحِف [لحف] بِ [মুল্‌তাহিফ] আচ্ছাদিত, আবৃত

مُلْتَحِم [لحم] [মুল্‌তাহিম] যুক্ত, সংযুক্ত, মিলিত, একত্রিত, যুদ্ধরত

مُلْتَحِمَة [لحم] [মুল্‌তাহিমাহ্] চোখের কর্নিয়ার পাতলা স্বচ্ছ আচ্ছাদন, নেত্রবর্ত্মকলা, conjunctiva

اِلْتِهَاب المُلْتَحِمَة [ইল্‌তিহাবুল মুল্‌তাহিমাহ্] নেত্রবর্ত্মকলার প্রদাহ, জয়বাংলা রোগ, conjunctivitis

مُلْتَحِي ، مُلْتَحٍ [لحي] [মুল্‌তাহী] দাড়িওয়ালা, শ্মশ্রুমণ্ডিত

مُلْتَزّ [لزز] [মুল্‌তায্] লেগে আছে এমন, যুক্ত, সংযুক্ত, সংলগ্ন, মিলিত

مُلْتَزَم ج مُلْتَزَمَات [মুল্‌তাযাম] প্রয়োজন, দাবি, প্রয়োজনীয় বস্তু, আবশ্যকীয় শর্ত

مُلْتَزِم [لزم] [মুল্‌তাযিম] অঙ্গীকারাবদ্ধ, বাধ্য, দায়ী, সম্পৃক্ত, জড়িত, যত্নবান, ঠিকাদার

مُلْتَصِق [لصق] [মুল্‌তাছিক] লেগে আছে এমন, সংলগ্ন

مُلْتَفّ [لفف] [মুল্‌তাফ] পেঁচানো, বেষ্টনকারী, আবর্তিত, আবৃত, আচ্ছাদিত, সমবেত, জড়ো, বিজড়িত, বিনুনিকৃত

مُلْتَفِت [لفت] [মুল্‌তাফিত] দৃষ্টি দেয় এমন, দৃষ্টিদানকারী, ভ্রূক্ষেপকারী, মনোযোগী, যত্নবান

مُلْتَقَط [لقط] [মুল্‌তাক্বাত] কুড়িয়ে আনা হয়েছে এমন, কুড়ানো, কুড়িয়ে-পাওয়া, আহরিত, চয়নকৃত, সংগৃহীত

مُلْتَقِط [لقط] [মুল্‌তাকিত] যে টোকায় বা কুড়ায়, আহরণকারী, চয়নকারী, সংগ্রহকারী

مُلْتَقَى ج مُلْتَقَيَات [لقي] [মুল্‌তাক্বা] মিলনস্থল, সমাবেশস্থল, সংযোগস্থল, ক্রসিং, জংশন

مُلْتَمِس [لمس] [মুল্‌তামিস] তালাশকারী, অনুসন্ধানকারী, অন্বেষণকারী, আবেদনকারী, দরখাস্তকারী, প্রার্থনাকারী

مُلْتَهِب [لهب] [মুল্‌তাহিব] শিখায়িত, প্রজ্বলিত, জ্বলন্ত, দগ্ধ, ব্যথা করে এমন, প্রদাহপূর্ণ

مُلْتَوَى ج مُلْتَوَيَات [لوي] [মুল্‌তাওয়া] (রাস্তার) বাঁক, মোড়

مُلْتَوِي ، مُلْتَوٍ [لوي] [মুল্‌তাবী] বক্র, বাঁকা, আঁকাবাকা, পাকযুক্ত, পেঁচযুক্ত

مُلَثَّم [لثم] [মুলাছ্‌ছাম] আবৃত, আচ্ছাদিত, অবগুণ্ঠিত, নেকাব-পরিহিত

مَلَجَ [ن] (مَلْج) [মালাজা] মায়ের দুধ পান করা, স্তন্যপান করা

مَلِجَ [س] (مَلْج) [মালিজা] মায়ের দুধ পান করা, স্তন্যপান করা

مُلُج [মুলুজ] দুগ্ধপায়ী ছাগলছানা, মেষশাবক

مَلْجَأ ج مَلَاجِئ [لجأ] [মাল্‌জা'] আশ্রয়কেন্দ্র, আশ্রয়স্থল, আশ্রম, আশ্রয়

مُلْجَم ، مَلْجُوم [لجم] [মুল্‌জাম] রাস-লাগানো, লাগাম-পরিহিত, নিয়ন্ত্রিত, বিরত রাখা হয়েছে এমন

مَلَحَ [ف] (مَلْح) [মালাহা] লবণাক্ত করা, লবণ মাখানো

مَلُحَ (مَلَاحَة ، مُلُوحَة) [মালাহা] লোনা হওয়া,

>Goto Top

লবণাক্ত হওয়া, সুন্দর হওয়া, লাবণ্যময় হওয়া

مَلُحَ [ك] (مَلاحَة) [মালুহা] লবণাক্ত হওয়া, লোনা হওয়া, লাবণ্যময় হওয়া, সুন্দর হওয়া, চমৎকার হওয়া

مَلَّحَ (تَمْلِيح) [ملح] [মাল্লাহা] লবণাক্ত করা, লবণ মাখানো, লবণ মাখিয়ে সংরক্ষণ করা

مِلْح ج مِلاح ، أَمْلاح [মিল্হ] লবণ, নুন, নেমক, নিমক, লবণাক্ত, লোনা

مُلِحّ [لحح] [মুলিহ্] নাছোড়বান্দা, পীড়াপীড়ি করে এমন, জেদী, জোরদার, সনির্বন্ধ, সাগ্রহ, মিনতিপূর্ণ

مِلْحَاح [لحح] [মিল্হাহ্] পীড়াপীড়ি করে এমন, জিদ ধরে এমন, নাছোড়বান্দা, জেদী

مَلْحَة [মাল্হাহ্] লবণাক্ততা, সমুদ্রের গভীরতা, গভীর সমুদ্র

مُلْحَة ، مُلَحَة ج مُلَح [মুল্হাহ্, মুলাহাহ্] কৌতুক, রসিকতা, সরস উক্তি, খোশগল্প

مُلْحِد ج مَلاحِدَة [لحد] [মুল্হিদ] স্বধর্মত্যাগী, নাস্তিক, অবিশ্বাসী

مِلْحَف ، مِلْحَفَة ج مَلاحِف [لحف] [মিল্হাফ, মিল্হাফাহ্] ঢাকনা, মোড়ক, লেপ, কম্বল

مُلْحِف [لحف] [মুল্হিফ] অনুরোধকারী, মিনতিকারী, অনুনয়কারী, পীড়াপীড়িকারী

مُلْحَق [لحق] [মুল্হাক] যুক্ত, সংযুক্ত, বর্ধিত, অতিরিক্ত

مُلْحَق ج مُلْحَقَات [لحق] [মুল্হাক] পরিশিষ্ট, বর্ধিতাংশ, অতিরিক্তাংশ

مُلْحَق ج مُلْحَقُون [لحق] [মুল্হাক] সহযোগী, সহকারী, দূতাবাসের বিশেষ কর্মকর্তা, এটাচি (attache)

مُلْحَق تِجَارِيّ [-- তিজারী] বাণিজ্যিক এটাচি

مُلْحَق ثَقَافِيّ [-- ছাকাফী] সাংস্কৃতিক এটাচি

مُلْحَق صَحَفِيّ [-- ছহাফী] প্রেস এটাচি

مُلْحَق عَسْكَرِيّ [-- 'আস্কারী] সামরিক এটাচি

مَلْحَم ج مَلاحِم [لحم] [মাল্হামাহ্] জবাইখানা, কসাইখানা, মাংসঘর, হত্যাকাণ্ড, যুদ্ধ

مُلْحَم [لحم] [মুল্হাম] মাংস খাওয়ানো হয়েছে এমন, ঝালাইকৃত, মেরামতকৃত, সংযুক্ত, সংলগ্ন, মৈত্রীবদ্ধ, যুদ্ধবন্দী, একপ্রকার কাপড়

مُلَحَّم [لحم] [মুলাহ্হাম] ঝালাইকৃত, মেরামতকৃত

مُلْحِم [لحم] [মুল্হিম] অধিক মাংস আছে এমন, ঝালাইকর, মেরামতকারী, সংযুক্তকারী, সংলগ্নকারী

مَلْحَمَة ج مَلاحِم [لحم] [মাল্হামাহ্] হত্যাকাণ্ড, তীব্র লড়াই, মাংসঘর, কসাইখানা, জবাইখানা, (বীরত্বমূলক) মহাকাব্য

مَلْحَمِيّ [لحم] [মাল্হামী] মহাকাব্যিক, বীরত্বপূর্ণ

مُلَحِّن [لحن] [মুলাহ্হিন] (গানে) সুর প্রয়োগকারী, সুরারোপকারী, সুর সংযোজনকারী, সুরকার

مَلْحُوظ [لحظ] [মাল্হূয] লক্ষণীয়, প্রণিধানযোগ্য, দৃশ্যমান, সুপরিচিত

مَلْحُوظَة ج مَلْحُوظَات [لحظ] [মাল্হূযাহ্] মন্তব্য, টীকা, পর্যবেক্ষণ, মনোযোগ

مَلْحُوم [لحم] [মাল্হূম] ঝালাইকৃত, মেরামতকৃত

مَلْحُون [لحن] [মাল্হূন] অশুদ্ধ, ব্যাকরণসম্মত নয় এমন (ভাষা)

مِلْحِيّ [মিল্হী] লবণ-সম্বন্ধীয়, লবণ-বিষয়ক, লবণাক্ত

مَلَخَ [ف] (مَلْخ) [মালাখা] ছিঁড়ে ফেলা, টেনে বের করা, স্থানচ্যুত করা, জোড়া বিচ্ছিন্ন করা

مُلَخَّص [لخص] [মুলাখ্খাছ] সংক্ষেপে বর্ণিত, সংক্ষেপিত, সংক্ষিপ্ত

مُلَخَّص ج مُلَخَّصَات [لخص] [মুলাখ্খাছ] সার-সংক্ষেপ, সারাংশ, সারবস্তু

مِلْدَغ [لدغ] [মিল্দাগ] কথা দ্বারা আঘাত করা যার স্বভাব

مَلْدُوغ [لدغ] [মাল্দূগ] দংশন করা হয়েছে এমন, দংশিত, দংশনাহত, দন্তাঘাতপ্রাপ্ত

مَلَذَّة ج مَلَذَّات [لذذ] [মালায্যাহ্] স্বাদ, আনন্দ, মজা, সুখ, উপভোগ

مِلَزّ [لزز] [মিলায্] অত্যন্ত ঝগড়াটে, জেদী

مُلَزَّز [لزز] [মুলায্যায] যুক্ত, সংযুক্ত, সংলগ্ন

مُلْزَم [لزم] [মুল্যাম] বাধ্যতামূলক, যা চাপিয়ে

দেওয়া হয়েছে, আবশ্যিক, বাধ্য, প্রতিশ্রুতিবদ্ধ, আরোপিত

مُلْزِم [لزم] [মুল্‌যিম] বাধ্যতামূলক করে এমন, বাধ্যকারী, আরোপকারী

مَلْزَمَة ج مَلَازِم [لزم] [মাল্‌যামাহ্] (বইয়ের) ফর্মা, ফর্মানির্দেশক অক্ষর বা সংখ্যা

مِلْزَمَة ج مَلَازِم [لزم] [মিল্‌যামাহ্] আটকে রাখার যন্ত্র, খিল, আঁকড়া, বন্ধনী, ক্ল্যাম্প (Clamp)

مَلْزُوز [لزز] [মাল্‌যূয] যুক্ত, সংযুক্ত, সংলগ্ন

مَلْزُوم [لزم] [মাল্‌যূম] বাধ্য, বাধ্যতামূলক, দায়বদ্ধ, প্রতিশ্রুতিবদ্ধ, আরোপিত

مَلَسَ [ن] (مَلْس) [মালাসা] উপড়ে ফেলা, উৎপাটিত করা, তোষামোদ করা, (উট) জোরে তাড়িয়ে নেওয়া, (অন্ধকার) মিশ্র হওয়া

مَلِس [মালিস] মসৃণ, পিচ্ছিল, চিক্কন, সমান

مَلِسَ [س] (مَلَاسَة ، مُلُوسَة) [মালিসা] পিচ্ছিল হওয়া, মসৃণ হওয়া, কোমলস্পর্শ হওয়া

مَلُسَ [ك] (مَلَاسَة ، مُلُوسَة) [মালুসা] কোমলস্পর্শ হওয়া, মসৃণ হওয়া, পিচ্ছিল হওয়া

مَلَّسَ (تَمْلِيس) [ملس] [মাল্লাসা] কোমলস্পর্শ করা, মসৃণ করা, পিচ্ছিল করা

مَلْسَاء [ملس] [মাল্‌সা'] মসৃণ, চিক্কন, পিচ্ছিল, সমান, কোমলস্পর্শ (أَمْلَس-এর স্ত্রীলিঙ্গ)

مُلْسِن [لسن] [মুল্‌সিন] যে বড় বড় কথা বলে, বাগাড়ম্বরকারী, বেশী কথা বলে এমন, প্রগল্‌ভ, বাগ্মী, বাকপটু

مُلَسَّن [لسن] [মুলাস্‌সান] যার অগ্রভাগ জিহ্বার মত সরু, ধারালো, ছুঁচালো, তীক্ষ্ণাগ্র

مَلْسُوع [لسع] [মাল্‌সূ'] দংশিত, দন্তাঘাতপ্রাপ্ত, দংশনাহত

مَلْسُون [لسن] [মাল্‌সূন] মিঠা মিঠা কথা বলে এমন, মিথ্যুক, মিথ্যাবাদী

مَلِص [মালিছ] পিচ্ছিল, মসৃণ, চিক্কন, সমান

مَلِصَ [س] (مَلَص) [মালিছা] সরে পড়া, সটকে পড়া, ফসকে যাওয়া, পলায়ন করা

مُلْصَق [لصق] [মুল্‌ছক] লাগানো, সংলগ্ন, সংযুক্ত, সংশ্লিষ্ট, ঘনিষ্ঠ

مُلْصَق ج مُلْصَقَات [মুল্‌ছক] পোস্টার, প্রচারপত্র, বিজ্ঞাপনপত্র, লেবেল, প্লাকার্ড, স্টিকার

مُلْصِق [لصق] [মুল্‌ছিক] যে লাগায় বা এঁটে দেয়, সংলগ্নকারী, সংযুক্তকারী, সংশ্লিষ্টকারী

مُلْصَقَة ج مُلْصَقَات [لصق] [মুল্‌ছক্বাহ্] পোস্টার, লেবেল, স্টিকার, প্লাকার্ড, প্রচারপত্র, বিজ্ঞাপনপত্র

مَلَطَ [ن] (مَلْط) [মালাতা] প্লাস্টার করা, প্রলেপ দেওয়া, (চুল) মুণ্ডন করা

مَلَّطَ (تَمْلِيط) [ملط] [মাল্লাতা] (চুল) মুণ্ডন করা, প্লাস্টার করা, প্রলেপ দেওয়া

مِلْط ج أَمْلَاط ، مُلُوط [মিল্‌ত] খারাপ মানুষ, বদমাশ, অসৎ লোক, নীচবংশ

مُلَطَّخ [لطخ] [মুলাত্তখ] কলুষযুক্ত, কালিমালিপ্ত, কলুষিত, দাগযুক্ত, দাগী, ময়লাযুক্ত

مُلَطَّخ بِالدَّم [মুলাত্তখ বিদ-দাম] রক্তের দাগযুক্ত, রক্তমাখা

مُلَطَّف [لطف] [মুলাত্তফ] হালকাকৃত, প্রশমিত, লাঘবকৃত, হ্রাসপ্রাপ্ত, কোমল

مُلَطِّف [لطف] [মুলাত্তিফ] হালকাকারী, লাঘবকারী, উপশমকারী, হ্রাসকারী, কোমলকারী

مَلْطَم ج مَلَاطِم [لطم] [মাল্‌তম] গাল, গণ্ডদেশ, কপোল

مَلْعَب ج مَلَاعِب [لعب] [মাল্‌'আব] খেলার মাঠ, স্টেডিয়াম, ক্রীড়াকেন্দ্র, ক্রীড়াস্থল, রঙ্গমঞ্চ

مِلْعَقَة ج مَلَاعِق [لعق] [মিল্‌'আক্বাহ্] চামচ, এক-চামচ (পরিমাণ)

مِلْعَقَة الشَّاي [মিল্‌'আক্বাতুশ শাই] চা-চামচ, চায়ের চামচ

مِلْعَقَة المَائِدَة [মিল্‌'আক্বাতুল মা'ইদাহ্] টেবিল-চামচ

أَبُو مِلْعَقَة [আবূ মিল্‌'আক্বাহ্] চামচের মত ঠোঁট-বিশিষ্ট একপ্রকার জলচর পাখি, spoonbill

مَلْعُون [لعن] [মাল্‌'উন] অভিশপ্ত, অভিশাপগ্রস্ত, অভিসম্পাতপ্রাপ্ত

مِلْغَام [لغم] [মিল্‌গাম] সংযুক্ত করার যন্ত্র, সংযোগ-কৌশল

مُلْغِز [لغز] [মুল্‌গিয] ধাঁধায় ফেলে এমন, রহস্য-

ময়, হেঁয়ালিপূর্ণ

مَلْغَم ج مَلَاغِم [لغم] [মাল্গাম] নাক-মুখ ও তার আশপাশ, সংযোগ, সংমিশ্রণ

مَلْغَمَ (مَلْغَمَة) [মাল্গামা] সংযুক্ত করা, জোটবদ্ধ করা, সম্মিলিত করা

مَلْغَمَة [لغم] [মাল্গামাহ্] সংযোগ, জোটবদ্ধতা, সংযুক্তি, সম্মিলন

مَلْغُوم [لغم] [মাল্গুম] মাইন পাতা হয়েছে এমন, মাইন-পাতা, ফাঁদ-পাতা

مُلْغَى [لغو] [মুল্গা] বাতিলকৃত, বাতিল, রহিত, অকেজো, অকার্যকর, নষ্ট

مُلْغِي ، مُلْغٍ [لغو] [মুল্গী] বাতিলকারী, রহিত-কারী, খণ্ডনকারী, অকেজোকারী, নষ্টকারী

مِلَفّ ج مِلَفَّات [لفف] [মিলাফ্] ফাইল, পোর্ট-ফোলিও, মোড়ক, খাম, রীল, ববিন, লাটাই, কাটিম, কয়েল, মাফলার

مِلْفَاف [لفف] [মিল্ফাফ] আবরণ, আচ্ছাদন, বন্ধনী, ভারোত্তলক যন্ত্রবিশেষ

مِلْفَع ج مَلَافِع [لفع] [মিল্ফা'] মাথা পেঁচানোর শাল, মাফলার

مِلْفَعَة ج مَلَافِع [لفع] [মিল্ফা'আহ্] পেঁচানোর কাপড়, শাল, মাফলার

مُلَفَّق [لفق] [মুলাফ্ফাক] সৃষ্ট, রচিত, বানানো, উদ্ভাবিত, মিথ্যা

مُلَفِّق [لفق] [মুলাফ্ফিক] সৃষ্টিকারী, মিথ্যা রচনা-কারী, উদ্ভাবনকারী, মিথ্যুক

مَلْفُوظ [لفظ] [মাল্ফূয] উচ্চারিত, নিক্ষিপ্ত, নির্গত

مَلْفُوف [لفف] [মাল্ফূফ] মোড়কবদ্ধ, ভাঁজকৃত, পেঁচানো, গুটানো, বিজড়িত, বেষ্টিত, বাঁধাকপি

مَلَق [মালাক] তোষামোদ, চাটূক্তি, মোসাহেবি

مَلِق [মালিক] তোষামোদকারী, তোষামুদে, চাটু-কার, মোসাহেব

مَلِقَ [س] (مَلَق) [মালিক্বা] কথা দ্বারা ফোলানো, তোষামোদ করা, চাটূক্তি করা

مَلَّقَ (تَمْلِيق) [ملق] [মাল্লাক্বা] তোষামোদ করা, সমান করা, মসৃণ করা

مِلْقَاط ج مَلَاقِيط [لقط] [মিল্ক্বাত] কলম, অঙ্কন-পেন্সিল, তুলি, মাকড়সা

مُلَقَّب [لقب] [মুলাক্কাব] উপাধিপ্রাপ্ত, উপাধিতে ভূষিত, উপনামযুক্ত, আখ্যায়িত

مَلَقَة [মালাক্বাহ্] মসৃণ প্রস্তরখণ্ড, মসৃণ পাথর

مُلَقَّح [لقح] [মুলাক্কাহ্] গর্ভবতী, পরাগায়িত, উর্বর, কলম-কাটা হয়েছে এমন, টিকা দেওয়া হয়েছে এমন

مَلْقَط ج مَلَاقِط [لقط] [মাল্ক্বাত] যেখান থেকে সংগ্রহ করা হয়, সংগ্রহ করার জায়গা, খনি

مِلْقَط ج مَلَاقِط [لقط] [মিল্ক্বাত] ধরার যন্ত্র, সন্না, চিমটা, ক্লিপ, পিন

مِلْقَطَة ج مَلَاقِط [لقط] [মিল্ক্বাতাহ্] ধরার যন্ত্র, সন্না, চিমটা, ক্লিপ, পিন

مِلْقَم ، مُلَقِّم [لقم] [মুল্ক্বিম, মুলাক্কিম] ফিডার, চার্জার

مُلَقِّن [لقن] [মুলাক্কিন] শিখিয়ে দেয় বা বুঝিয়ে দেয় এমন, অভিনেতাকে নাটকের সংলাপ বুঝিয়ে দেয় এমন, নির্দেশক

مَلْقُوط [لقط] [মাল্কূত] যা কুড়ানো বা টোকানো হয়েছে, কুড়ানো, টোকানো, কুড়িয়ে পাওয়া, আহরিত, চয়নকৃত, সংগৃহীত

مُلْقَى مث مُلْقَاة [لقي] [মুল্কা] নিক্ষেপ করা বা ছুঁড়ে মারা হয়েছে এমন, নিক্ষিপ্ত, ফেলে দেওয়া হয়েছে এমন, পড়ে আছে এমন

مُلْقِي ، مُلْقٍ ج مُلْقُون [لقي] [মুল্কী] নিক্ষেপকারী, প্রদানকারী, পেশকারী

المُلْقِيَات ذِكْرًا [আল-মুল্কিয়াত যিক্রান] ওহী নিয়ে অবতরণকারী ফেরেশতাগণ

مَلْك [মাল্ক] ক্ষমতা, অধিকার, কর্তৃত্ব, স্বাধীন ইচ্ছা, স্বেচ্ছা

مَلْك ج مُلُوك ، أَمْلَاك [মাল্ক] রাজত্বের মালিক, রাজা

مَلَك ج مَلَائِكَة [মালাক] ফেরেশতা

مَلَكَ [ض] (مَلْك ، مِلْك ، مُلْك) [মালাকা] মালিক হওয়া, অধিকারী হওয়া, অধিকার করা, দখল করা, রাজা হওয়া

مَلَّكَ (تَمْلِيك) [ملك] [মাল্লাকা] মালিক বানানো, অধিকারী করা, মালিকানা দেওয়া, রাজা বানানো

مَلِك ج مُلُوك ، أَمْلَاك [মালিক] রাজা, নৃপতি, সম্রাট, অধিপতি, শাসক

المَلِك [আল-মালিক] মহা অধিপতিঃ আল্লাহ

مِلْك ج أَمْلَاك [মিল্ক] মালিকানা, স্বত্ব, অধিকার, সম্পত্তি, সম্পদ, দাবি

مِلْكُهُمْ [মিল্কুহুম] তাদের

مِلْكِي [মিল্কী] আমার

مُلْك [মুল্ক] শাসন, শাসনক্ষমতা, কর্তৃত্ব, রাজত্ব, মালিকানা

مُلْك ج أَمْلَاك [মুল্ক] সম্পত্তি, সম্পদ

المُلْك [আল-মুল্ক] সূরা আল-মুল্কঃ পবিত্র কোরআনের ৬৭তম সূরা

مَلَكَة ج مَلَكَات [মালাকাহ্] দক্ষতা, প্রতিভা, মেধা, ক্ষমতা, স্বভাব, প্রবণতা, সম্পত্তি

مَلِكَة ج مَلِكَات [মালিকাহ্] রাণী, সম্রাজ্ঞী, (দাবা-খেলার) মন্ত্রী

مَلَكُوت [ملك] [মালাকূত] রাজ্য, কর্তৃত্ব, রাজত্ব, অধিকার, প্রভাব, ক্ষমতা, উর্ধ্বলোক

مَلَكِيّ [মালাকী] রাজকীয়, রাজা-সম্বন্ধীয়, রাজা-সুলভ, রাজ-

مِلْكِيّ [মিল্কী] মালিকানা-বিষয়ক, মালিকানা-সম্পর্কিত

مَلَكِيَّة [মালাকিয়্যাহ্] রাজতন্ত্র, রাজত্ব

مِلْكِيَّة [মিল্কিয়্যাহ্] মালিকানা, অধিকার, স্বত্ব, সম্পত্তি, রাজত্ব

مِلْكِيَّة جَمَاعِيَّة [মিল্কিয়্যাহ জামা'ইয়্যাহ্] যৌথ মালিকানা

مِلْكِيَّة مُشْتَرَكَة [মিল্কিয়্যাহ মুশ্তারকাহ্] যৌথ মালিকানা

مَلَل [মালাল] ক্লান্তি, বিরক্তি, বিরাগ, অস্বস্তি

مُلِمّ [لمم] بِ [মুলিম] পরিচিত, অবহিত, জ্ঞাত

مُلِمَّة ج مُلِمَّات [لمم] [মুলিম্মাহ্] বিপদ, বিপর্যয়, দুর্বিপাক, দুর্ঘটনা, ফল প্রায় পেকে এসেছে এমন খেজুর গাছ

مَلْمَح ج مَلَامِح [لمح] [মাল্মাহ্] বৈশিষ্ট্যসূচক মুখাবয়ব, বৈশিষ্ট্য

مَلْمَس ج مَلَامِس [لمس] [মাল্মাস] স্পর্শ, ছোঁয়া, পরশ, সংস্পর্শ, স্পর্শস্থল, (কীটের) শুঙ্গ, শুঁয়া

نَاعِم المَلْمَس [না'ইমুল মাল্মাস] কোমলস্পর্শ, তুলতুলে, মোলায়েম

مِلْمَس [لمس] [মিল্মাস] (কীটের) শুঙ্গ, শুঁয়া

مَلْمَلَ (مَلْمَلَة) [মাল্মালা] ত্বরা করা, তাড়াহুড়া করা, দ্রুত করা, অস্থির করা

مَلْمَلَة [ململ] [মাল্মালাহ্] হাতীর শুঁড়

مُلَمْلَم [لملم] [মুলাম্লাম] একত্রিত, একত্রকৃত, তেল দেওয়া হয়েছে এমন (চুল)

مُلَمْلَمَة [لملم] [মুলাম্লামাহ্] হাতীর শুঁড়

مَلْمُوس [لمس] [মাল্মূস] স্পর্শযোগ্য, স্পর্শকৃত, অনুভবযোগ্য, অনুভূত

مَلْمُوسَات [لمس] [মাল্মূসাত] স্পর্শ দ্বারা অনুভবযোগ্য বস্তুসমূহ, অনুভূত বিষয়াদি

مَلْهَاة ج مَلَاهِي ، مَلَاهٍ [لهي] [মাল্হাত] বিনোদনের বস্তু, হাস্যরসাত্মক নাটক

مُلْهَم [لهم] [মুল্হাম] অনুপ্রাণিত, এলহামপ্রাপ্ত

مُلْهِم [لهم] [মুল্হিম] অনুপ্রেরণা দানকারী, এলহামকারী

مَلْهُوف [لهف] [মাল্হূফ] দুঃখিত, দুঃখ-কাতর, দুঃখ-ভারাক্রান্ত, দুঃখকারী, আফসোসকারী

مَلْهًى ج مَلَاهِي، مَلَاهٍ [لهو] [মাল্হা] বিনোদন-কেন্দ্র, প্রমোদশালা, বিনোদন, প্রমোদ, আনন্দ

مِلْهًى ج مَلَاهِي، مَلَاهٍ [لهو] [মিল্হা] বিনোদন-যন্ত্র, বাদ্যযন্ত্র

مُلْهِي ، مُلْهٍ ست مُلْهِيَة [لهو] [মুল্হী] আনন্দ-দায়ক, বিনোদনমূলক

المَلَوَانِ [আল-মালাওয়ানি] দিন ও রাত

مُلَوَّث [لوث] [মুলাওওয়াছ] কলুষযুক্ত, ময়লা-যুক্ত, কলুষিত, দূষিত, নোংরা

مُلَوِّث [لوث] [মুলাওবিছ] দুষিতকারী, দূষক, কলুষিতকারী, নোংরাকারী

مُلُوحَة [ملح] [মুলুহাহ্] লবণের স্বাদ, লবণাক্ততা, লাবণ্য, লাবণ্যময়তা, সৌন্দর্য

مِلْوَد ج مَلَاوِد [لود] [মিল্ওয়াদ] আশ্রয়স্থল

مَلِيح ج مِلَاح ، أَمْلَاح [ملح] [মালীহ্] কমনীয়, লাবণ্যময়, সুন্দর, চমৎকার, মনোরম, লবণাক্ত, লোনা

مَلِيخ [ملخ] [মালীখ্] স্বাদহীন, বিস্বাদ, দুর্বল

مَلِيس [মালীছ্] মসৃণ, কোমলস্পর্শ, পিচ্ছিল

مَلِيص [মালীছ্] পিচ্ছিল, মসৃণ, মৃতাবস্থায় জাত, মৃতজাত

مَلِيط [মালীত্] চুল নেই এমন, কেশবিহীন

مِلِيغْرَام [মিল্লীগর্‌রাম] মিলিগ্রাম

مُلَيَّف [ليف] [মুলাইয়াফ] আঁশ দ্বারা ঘষা হয়েছে এমন, আঁশ দ্বারা ঘষে পরিষ্কার করা হয়েছে এমন

مَلِيك ج مُلَكَاء [ملك] [মালীক] রাজা, অধিপতি, সম্রাট, মালিক

مَلِيك مُقْتَدِر [মালীক মুক্‌তাদির] মহাশক্তিধর সম্রাটঃ আল্লাহ

مَلِيكَة ج مَلِيكَات [ملك] [মালীকাহ্] রানী, সম্রাজ্ঞী

مَلِيل [ملل] [মালীল] গরম ছাইয়ে ভুনাকৃত, আগুন নাড়ার কাষ্ঠখণ্ড, অনেক চলাচল হয়েছে এমন (রাস্তা), রৌদ্রদগ্ধ (মানুষ)

مُلَيَّل [ليل] [মুলাইয়াল] দীর্ঘ ও অন্ধকারাচ্ছন্ন (রাত)

مِلِيلِتْر [মিল্লীলিত্‌র] মিলিলিটার

مُلِيم [لوم] [মুলীম] নিন্দাকারী, তিরস্কারকারী, দোষারোপকারী, তিরস্কারযোগ্য, অপরাধী

مِلِيمِتْر [মিল্লীমিত্‌র] মিলিমিটার

مُلَيِّن [لين] [মুলাইয়িন] নরমকারী, কোমলকারী, শিথিলকারী, সহজকারী, হালকাকারী, প্রশমন-কারী

مَلْيَنَة [لين] [মাল্‌ইয়ানাহ্] বিনম্রতা, সহৃদয়তা

مَلْيُون ، مِلْيُون ج مَلَايِين [মাল্‌য়ুন] মিলিয়ন, দশ লক্ষ

مِمَّ ، مِمَّا [মিম্মা, মিম্মা] কি থেকে, কিসের?

مَمَات [موت] [মামাত] মৃত্যু, মরণ, তিরোধান, মৃত্যুর জায়গা

مُمَات [موت] [মুমাত] মেরে ফেলা হয়েছে এমন,

مُلَوَّز [لوز] [মুলাওওয়ায] বাদামযুক্ত, বাদামভরা খেজুর, সুন্দর ও লাবণ্যময় (চেহারা)

مَلُوع [لوع] [মালূ'] দ্রুত, দ্রুতগামী, ত্বরিত ছোঁ মারে এমন (শ্যেন)

مُلَوَّع [لوع] [মুলাওওয়া'] প্রজ্বলিত, জ্বলন্ত, দগ্ধ, যন্ত্রণাগ্রস্ত

مِلْوَق ج مَلَاوِق [لوق] [মিল্‌ওয়াক] চওড়া ফলা-বিশিষ্ট ছুরিজাতীয় যন্ত্র, ভেষজীর চামচ, spa-tula

مُلُوكِيّ [ملك] [মুলূকী] রাজতন্ত্রী, রাজকীয়, রাজা-সুলভ, রাজ.

مُلُوكِيَّة [ملك] [মুলূকিয়্যাহ্] রাজতন্ত্র, রাজত্ব

مَلُول [মালূল] ক্লান্ত, বিরক্ত

مَلُوم [لوم] [মালূম] তিরস্কৃত, নিন্দিত, নিন্দনীয়

مِلْوَن ج مَلَاوِن [لون] [মাল্‌ওয়ান] (ছবি আঁকার) রঙদানি, প্যালেট (palette)

مُلَوَّن [لون] [মুলাওওয়ান] রঙিন, রঞ্জিত, রংযুক্ত, বিচিত্র, বহুবর্ণ

مُلَوِّن [لون] [মুলাওবিন] রঙকারী, রঙ্গিনকারক, রঞ্জক

مَلْوِيّ [لوي] [মাল্‌বী] বক্র, বাঁকানো, পেঁচানো, পাঁকানো, মোচড়ানো

مِلْوَى ج مَلَاوِي ، مَلَاوٍ [لوي] [মিল্‌ওয়া] রেঞ্চ, স্প্যানার, কীলক

مَلّى (تَمْلِيَة) [ملو] [মাল্লা] দীর্ঘকাল উপভোগ করতে দেওয়া, দীর্ঘায়িত করা

مَلِيّ [মালী] ধনী, সচ্ছল, সমৃদ্ধ, সামর্থ্যবান, পূর্ণ, পরিপূর্ণ, ভরা, সম্পূর্ণ, দীর্ঘকাল, জীবনকাল

مَلِيًّا [মালিয়্যান] সম্পূর্ণরূপে, পুরোপুরি, চিরতরে, চিরদিনের জন্য, দীর্ঘকালের জন্য

مِلِّيّ [মিল্লী] জাতীয়, ধর্মীয়, দলীয়

مُلِّي [মুল্লী] গরম ছাইয়ে সেকা রুটি

مِلْيَار ج مِلْيَارَات [মিল্‌ইয়ার] এক হাজার মিলি-য়ন, মিলিয়ার্ড, বিলিয়ন, শতকোটি

مَلِيء ج مِلَاء ، أَمْلِئَاء ، مُلَاء [ملأ] [মালী'] ধনী, সচ্ছল, সমৃদ্ধ, সামর্থ্যবান, পূর্ণ, সম্পূর্ণ, পরিপূর্ণ, ভরা

বাতিলকৃত, পরিত্যক্ত, অচল

مُمَاثِل [مثل] [মুমাছিল] সদৃশ, অনুরূপ, একরকম, একজাতীয়

مُمَاثَلَة [مثل] [মুমাছালাহ] সাদৃশ্য, অনুরূপতা, মিল, উপমিতি

مُمَاحِك [محك] [মুমাহিক] ঝগড়াকারী, বিবাদকারী, বিতর্ককারী, কলহকারী

مُمَاحَكَة [محك] [মুমাহাকাহ] ঝগড়া, বিবাদ, বিতর্ক, কলহ

مُمَاذِق [مذق] [মুমাযিক] আন্তরিকতাহীন, কপট

مُمَارِس [مرس] [মুমারিস] চর্চাকারী, অনুশীলনকারী, অভ্যস্ত, অভিজ্ঞ

مُمَارَسَة [مرس] [মুমারসাহ] অনুশীলন, অভ্যাস, চর্চা, অভিজ্ঞতা

مُمَازِح [مزح] [মুমাযিহ] কৌতুককারী, রসিকতাকারী, ভাঁড়

مُمَازَحَة [مزح] [মুমাযাহাহ] কৌতুক, রসিকতা, তামাশা, মজা

مُمَاسّ [مسس] [মুমাস্] সংস্পর্শে অবস্থানকারী, স্পর্শকারী, স্পর্শক, স্পর্শরেখা

مُمَاسَّة [مسس] [মুমাস্সাহ] স্পর্শ, সংস্পর্শ

مُمَاطِل [مطل] [মুমাতিল] বিলম্বিতকারী, দীর্ঘসূত্রিতাকারী, স্থগিতকারী

مُمَاطَلَة [مطل] [মুমাতলাহ] বিলম্বিতকরণ, দীর্ঘসূত্রিতা, স্থগিতকরণ

مُمَاع [ميع] [মুমা'] তরলীকৃত, দ্রবীভূত

مُمَالِئ [ملأ] [মুমালি'] সমর্থনকারী, পক্ষসমর্থনকারী, পক্ষপাতিত্বকারী

مُمَالأة [ملأ] [মুমালাআহ] সমর্থন, পক্ষসমর্থন, পক্ষপাত, পক্ষপাতিত্ব

مُمَانِع [منع] [মুমানি'] বিরোধী, প্রতিরোধকারী, বাধাদানকারী

مُمَانَعَة [منع] [মুমানা'আহ] বিরোধিতা, নিষেধ, মানা, প্রতিরোধ, বাধা

مُمْبَاي [মুমবাই] মুম্বাই, বোম্বাই (নগরী)

مُمْتَاز [ميز] [মুমতায] শ্রেষ্ঠ, চমৎকার, প্রথম শ্রেণীর, স্বতন্ত্র, বৈশিষ্ট্যমণ্ডিত

مُمْتَحَن [محن] [মুমতাহান] পরীক্ষিত, যাচাইকৃত, পরখকৃত, পরীক্ষার্থী

مُمْتَحِن [محن] [মুমতাহিন] পরীক্ষক, পরীক্ষাকারী, যাচাইকারী, পরখকারী

الْمُمْتَحِنَة [আল-মুমতাহিনাহ] সূরা আল-মুমতাহিনাহঃ পবিত্র কোরআনের ৬০তম সূরা

مُمْتَدّ [مدد] [মুমতাদ্] সুবিস্তৃত, প্রসারিত, দীর্ঘায়িত, প্রলম্বিত, সুপরিসর

مُمْتَرِي ، مُمْتَرٍ ج مُمْتَرُون [مري] [মুমতারী] সন্দিহান, সন্দেহে নিপতিত, দ্বিধান্বিত

مُمْتَزّ [مزز] [মুমতায] শুষে নিতে পারে এমন, শোষক

مُمْتَزِج [مزج] [মুমতাযিজ] মিশ্রিত, সংমিশ্রিত, মিশে আছে এমন, মেলামেশা করে এমন

مُمْتَصّ [مصص] [মুমতাছ্] যে চুষে বা শুষে নেয়, চোষক, শোষক

مُمْتَصِّيَّة [مصص] [মুমতাছ্ছিয়্যাহ] শোষণক্ষমতা

مُمْتَطَى [مطي] [মুমতাতা] আরোহণ করা হয়েছে এমন, আরোহিত

مُمْتِع [متع] [মুমতি'] বিনোদনমূলক, উপভোগ্য, মজাদার, সুস্বাদু

مُمْتَعِض [معض] [মুমতা'ইদ্] অসন্তুষ্ট, রাগান্বিত, বিরক্ত, রুষ্ট

مُمْتَقِع [مقع] [মুমতাকি'] ফ্যাকাসে, নিষ্প্রভ, মলিন

مُمْتَلِئ [ملأ] [মুমতালি'] পূর্ণ, ভরা, সম্পূর্ণ, পরিপূর্ণ, সমৃদ্ধ

مُمْتَلِئ الْجِسْم [মুমতালি'উল জিস্ম] গোলগাল, মোটাসোটা, মাংসল

مُمْتَلَك [ملك] [মুমতালাক] অধিকারভুক্ত, মালিকানাভুক্ত

مُمْتَلِك [ملك] [মুমতালিক] মালিক, অধিকারী, মালিকানাধারী

مُمْتَلَكَات [ملك] [মুমতালাকাত] মালিকানাভুক্ত সম্পদ, অধিকারভুক্ত সম্পদ, সম্পত্তি, বিষয়-সম্পত্তি

مُمْتَنّ [منن] [মুমতান্] কৃতজ্ঞ, কৃতজ্ঞতাপাশে

আবদ্ধ, বাধিত

مُمْتَنِع [ملع] [মুম্‌তানি'] বিরত, নিবৃত্ত, অনীহ, অসম্মত, অসম্ভব, নিষিদ্ধ

مُمْتَهِن [مهن] [মুম্‌তাহিন] পেশাধারী, পেশাজীবী

مُمَثِّل [مثل] [মুমাছ্ছিল] প্রতিনিধি, অভিনেতা, অভিনয়-তারকা

مُمَثِّلَة ج مُمَثِّلَات [مثل] [মুমাছ্ছিলাহ্] মহিলা প্রতিনিধি, অভিনেত্রী

مُمَثِّلِيَّة [مثل] [মুমাছ্ছিলিয়্যাহ্] প্রতিনিধির কাজ, প্রতিনিধিত্ব

مُمَجْمَج [مجمج] [মুমাজ্‌মাজ] অস্পষ্ট

مِمْحَاة ج مَمَاحِي [محو] [মিম্‌হাত] মোছার যন্ত্র, মোছার নেকড়া, ডাস্টার, রবার, eraser

مُمَحِّص [محص] [মুমাহ্‌হিছ] পরিষ্কারকারী, শোধনকারী, মার্জনাকারী

مُمْحِل [محل] [মুম্‌হিল] অনুর্বর, ফসলহীন, শস্যহীন, দুর্ভিক্ষকবলিত (ভূমি)

مَمْحُوّ [محو] [মাম্‌হু] মুছে ফেলা হয়েছে এমন, মোচিত, নিশ্চিহ্ন, বিলুপ্ত

مِمْخَض ج مَمَاخِض [مخض] [মিম্‌খাদ] মাখন তোলার যন্ত্র বা পাত্র, মন্থনযন্ত্র, মন্থনপাত্র

مِمْخَضَة ج مَمَاخِض [مخض] [মিম্‌খাদাহ্] মাখন তোলার যন্ত্র বা পাত্র, মন্থনযন্ত্র, মন্থনপাত্র

مَمْخُوض [مخض] [মাম্‌খুদ] মাখন তোলা হয়েছে এমন (দুধ), মাখন-তোলা দুধ, ঘোল

مُمِدّ [مدد] [মুমিদ্] সাহায্যকারী, সহায়তা দানকারী, শক্তি বৃদ্ধিকারী

مُمَدَّد [مدد] [মুমাদ্দাদ] বিস্তৃত, প্রসারিত, দীর্ঘায়িত, প্রলম্বিত

مَمْدُود [مدد] [মাম্‌দুদ] বিস্তৃত, প্রসারিত, দীর্ঘায়িত, দীর্ঘস্বরযুক্ত, মাদযুক্ত (হরফ)

مَمْذُوق [مذق] [মাম্‌যুক] ভেজালমিশ্রিত, পানিমিশ্রিত (দুধ)

مَمَرّ [مرر] [মামার্] অতিক্রমণ, গমন, যাতায়াত, চলাচল

مَمَرّ ج مَمَرَّات [مرر] [মামার্] পথ, করিডোর, বারান্দা

مِمْرَاح [مرح] [মিম্‌রাহ্] উৎফুল্ল, উল্লসিত, প্রফুল্ল, প্রাণবন্ত, চড়াই (পাখি)

مِمْرَاض [مرض] [মিম্‌রাদ] প্রায়ই অসুখ থাকে এমন, অসুস্থ, রুগ্ন

مِمْرَاع [مرع] [মিম্‌রা'] বিকাশশীল, উন্নয়নশীল, বর্ধিষ্ণু, উন্নত, উর্বর, উৎপাদনশীল

مُمَرَّد [مرد] [মুমার্‌রাদ] স্বচ্ছ প্রলেপযুক্ত, আস্তরিত

مُمَرَّس [مرس] [মুমার্‌রাস] ঝানু, দক্ষ, অভিজ্ঞ, অভিজ্ঞতাসম্পন্ন, অভ্যস্ত

مُمَرِّض [مرض] [মুমার্‌রিদ] শুশ্রূষাকারী, সেবাকারী, (পুরুষ) নার্স

مُمَرِّضَة [مرض] [মুমার্‌রিদাহ্] শুশ্রূষাকারিণী, সেবিকা, (মহিলা) নার্স

مُمَرْكَز [مركز] [মুমার্‌কায] কেন্দ্রীভূত, সুসংহত, জোরদার

مُمَرَّن [مرن] [মুমার্‌রান] প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণপ্রাপ্ত, অভ্যস্ত, দক্ষ, অভিজ্ঞ

مُمَرِّن [مرن] [মুমার্‌রিন] প্রশিক্ষণদাতা, প্রশিক্ষক, কোচ

مُمَزَّق [مزق] [মুমায্‌যাক] খণ্ড-বিখণ্ড, ছিন্ন-বিচ্ছিন্ন, বহুধাবিভক্ত, শতধাবিভক্ত

مَمْزُوج [مزج] [মাম্‌যুজ] মিশ্রিত, মিশ্র, যৌগিক, যৌথ

مِمْسَح ج مَمَاسِح [مسح] [মিম্‌সাহ্] যদ্বারা মোছা হয়, মোছার নেকড়া, পাপোশ, ডাস্টার

مِمْسَحَة ج مَمَاسِح [مسح] [মিম্‌সাহাহ্] যা দিয়ে মোছা হয়, মোছার নেকড়া, পাপোশ, ডাস্টার

مُمْسِك [مسك] [মুম্‌সিক] যে ধরে রাখে, ধারণকারী, আটককারী, মিতব্যয়ী, ব্যয়কুণ্ঠ

مَمْسُوح [مسح] [মাম্‌সুহ্] মোছা হয়েছে এমন, মুছে পরিষ্কার করা হয়েছে এমন, জরিপকৃত

مَمْسُوخ [مسخ] [মাম্‌সুখ] যার আকৃতি নষ্ট করা হয়েছে, বিকৃত

مَمْسُوس [مسس] [মাম্‌সুস] স্পর্শকৃত, স্পর্শযোগ্য, বিকৃতমস্তিষ্ক, উন্মাদ, পাগল

مِمْشَط [مشط] [মিম্‌শাত] আঁচড়ানোর যন্ত্র, আঁচড়া, চিরুনি

مُمَشَّط [مشط] [মুমাশ্‌শাত] যা আঁচড়ানো হয়েছে, আঁচড়ানো, চিরুনিকৃত, বিন্যস্ত (কেশ)

مِمْشَطَة [مشط] [মিম্‌শাতাহ্] আঁচড়ানোর যন্ত্র, আঁচড়া, চিরুনি

مَمْشُوق [مشق] [মাম্‌শূক] কৃশকায়, ছিপছিপে, হালকা-পাতলা, লম্বা ও সরু

مَمْشَى ج مَمَاشِي ، مَمَاشٍ [مشي] [মাম্‌শা] হাঁটার পথ, ফুটপাত, যাতায়াতের পথ, করিডোর, গলি

مِمَصّ [مصص] [মিমাছ্] চুষে নেওয়ার পাইপ, চোষার যন্ত্র

مُمِضّ [مضض] [মুমিদ্] কষ্টদায়ক, যন্ত্রণাদায়ক, নির্যাতনকারী

مُمْضًى مث مُمْضَاة [مضي] [মুম্‌দা] স্বাক্ষরিত

مُمْضِي ، مُمْضٍ ج مُمْضُون [مضي] [মুম্‌দী] স্বাক্ষরকারী, স্বাক্ষরদাতা

مِمْطَار [مطر] [মিম্‌তার] প্রচুর বৃষ্টি বর্ষণকারী, বৃষ্টিবহুল (মেঘ, আকাশ)

مِمْطَر ج مَمَاطِر [مطر] [মিম্‌তর] রেইনকোট

مُمْطِر [مطر] [মুম্‌তির] বৃষ্টিবহুল, বাদলা (দিন), বৃষ্টি বর্ষণকারী (মেঘ)

مِمْطَرَة ج مَمَاطِر [مطر] [মিম্‌তরাহ্] রেইনকোট

مِمْطَل ج مَمَاطِل [مطل] [মিম্‌তল] পিটিয়ে চেপটা করার যন্ত্র, মুগুর, কামারের হাতুড়ি, চোর, তস্কর

مِمْعَج [معج] [মিম্‌'আজ] দ্রুতগামী (ঘোড়া)

مُمْعِن [معن] [মুম্‌'ইন] অধ্যবসায়ী, প্রযত্নবান, নিষ্ঠাবান, বাড়াবাড়িকারী, সীমালংঘনকারী, চরম, অপরিমিত

مُمْعِن النَّظَر [মুম্‌'ইনুন নাযর] মনোযোগ সহকারে পর্যবেক্ষণকারী, তন্নতন্ন করে পরীক্ষাকারী

مَمْعُود [معد] [মাম্‌'উদ] পাকস্থলির রোগে আক্রান্ত

مُمَغْمَغ [مغمغ] [মুমাগ্‌মাগ] অস্পষ্ট

مُمَغْنَط [مغنط] [মুমাগ্‌নাত] চুম্বকান্বিত, চুম্বকিত, আকর্ষিত, সম্মোহিত

مُمَغْنِط [مغنط] [মুমাগ্‌নিত] চুম্বকিত করে এমন, আকর্ষক, সম্মোহক

مَمْغُوص [مغص] [মামগূছ] পেট-ব্যথায় আক্রান্ত, শূল বেদনাগ্রস্ত

مُمَفْصَل [فصل] [মুমাফ্‌ছল] জোড়া লাগানো হয়েছে এমন, সুসংবদ্ধ

مَمْقُوت [مقت] [মাম্‌কূত] ঘৃণিত, ঘৃণ্য, গর্হিত, জঘন্য

مُمْكِن [مكن] [মুম্‌কিন] সম্ভব, সম্ভবপর, সম্ভাবনাময়, সম্ভাব্য

غَيْر مُمْكِن [গাইর মুম্‌কিন] অসম্ভব, অসম্ভাব্য

مِنَ الْمُمْكِن [মিনাল মুম্‌কিন] সম্ভাবনা আছে, সম্ভবত

مُمَكَّن [مكّن] [মুমাক্কান] প্রতিষ্ঠিত, সুদৃঢ়, শক্ত, মজবুত, যোগ্য, সক্ষম

مُمَكْنَن [مكن] [মুমাক্‌নান] যান্ত্রিককৃত, যন্ত্রচালিত

مُمِلّ [ملل] [মুমিল্] বিরক্তিকর, ক্লান্তিকর, একঘেয়ে

مُمَلَّح [ملح] [মুমাল্লাহ্] লবণাক্ত, লোনা, লবণ দ্বারা সংরক্ষিত

مَمْلَحَة ج مَمَالِح [ملح] [মাম্‌লাহাহ্] লবণের খনি, লবণক্ষেত্র, লবণের পাত্র, নেমকদানি

مِمْلَحَة ج مَمَالِح [ملح] [মিম্‌লাহাহ্] নেমকদানি, লবণের পাত্র

مُمَلْغَم [ملغم] [মুমাল্‌গাম] যুক্ত, সংযুক্ত, জোটবদ্ধ, সম্মিলিত

مُمَلْغِم [ملغم] [মুমাল্‌গিম] যুক্তকারী, সংযুক্তকারী, জোটবদ্ধকারী

مِمْلَق ج مَمَالِق [ملق] [মিম্‌লাক] সমান করার যন্ত্র, রোলার, ডলনা, মই, কর্ণিক

مِمْلَقَة ج مَمَالِق [ملق] [মিম্‌লাকাহ্] সমান করার যন্ত্র, রোলার, ডলনা, মই, কর্ণিক

مَمْلَكَة ج مَمَالِك [ملك] [মাম্‌লাকাহ্] রাজ্য, রাষ্ট্র, দেশ, রাজত্ব

الْمَمْلَكَة الْعَرَبِيَّة السُّعُودِيَّة [আল-মাম্‌লাকাতুল 'আরবিয়্যাতুস সু'উদিয়্যাহ্] সৌদী আরব, সৌদী আরব রাজ্য, K.S.A.

الْمَمْلَكَة الْمُتَّحِدَة [আল-মাম্‌লাকাতুল মুত্তাহিদাহ্] যুক্তরাজ্য, U.K.

مَمْلُوء [ملأ] [মাম্‌লূ'] পূর্ণ, পরিপূর্ণ, ভরা, সম্পূর্ণ,

বোঝাইকৃত, সমৃদ্ধ

مَمْلُوح [ملح] [মাম্‌লূহ্] লবণযুক্ত, লবণ দেওয়া হয়েছে এমন, লবণাক্ত, লোনা, লবণ দ্বারা সংরক্ষিত

مَمْلُوك [ملك] [মাম্‌লূক] মালিকানাভুক্ত, দখলকৃত

مَمْلُوك ج مَمَالِيك [ملك] [মাম্‌লূক] দাস, ক্রীত-দাস, গোলাম, (মিসরের) মামলুক রাজবংশ, দাস-বংশ

مُمْلًى ــ مُمْلَاة [ملو] [মুম্‌লা] ঢিল দেওয়া হয়েছে এমন, শ্রুতিলিখনের জন্য জোরে জোরে বলা হয়েছে এমন, ডিকটেশন দেওয়া হয়েছে এমন, শ্রুতিলিখন

مُمْلِي ، مُمْلٍ ج مُمْلُون [ملو] [মুম্‌লী] ঢিল দেয় এমন, শ্রুতিলিখনের জন্য জোরে জোরে বলে এমন, ডিকটেশনদাতা

مِمَّنْ [মিম্মান] কার থেকে? কার?

مَمْنُوح [منح] [মাম্‌নূহ্] দান করা হয়েছে এমন, অনুদান দেওয়া হয়েছে এমন, প্রদত্ত

مَمْنُوح لَهُ [মাম্‌নূহ্ লাহু] যাকে দান করা হয়েছে বা অনুদান দেওয়া হয়েছে, অনুদানপ্রাপ্ত

مَمْنُوع [منع] [মাম্‌নূ'] নিষিদ্ধ, বারণকৃত, নিষেধ

مَمْنُوع التَّدْخِين [মাম্‌নূ'উত তাদ্‌খীন] ধূমপান নিষেধ!

مَمْنُوع الدُّخُول [মাম্‌নূ'উ দুখূল] প্রবেশ নিষেধ

مَمْنُوع الصَّرْف [মাম্‌নূ'উছ ছর্‌ফ] শেষ অক্ষরে কাস্‌রা ও তান্‌বীন হয় না এমন (শব্দ)

مَمْنُون [منن] [মাম্‌নূন] কৃতজ্ঞ, কৃতজ্ঞতাপাশে আবদ্ধ, বাধিত, হ্রাসকৃত, কর্তিত, দুর্বল, সবল

غَيْر مَمْنُون [গাইর মাম্‌নূন] শেষ হবে না এমন, যার শেষ নেই, অশেষ, নিরবচ্ছিন্ন (পুরস্কার)

مُمَهَّد [مهد] [মুমাহ্‌হাদ] প্রস্তুতকৃত, সমানকৃত, প্রস্তুত, সমান, সুগম (রাস্তা), গরম বা ঠাণ্ডা নয় এমন (পানি)

مَمْهُور [مهر] [মাম্‌হূর] মোহর-মারা, সীলকৃত, ছাপযুক্ত

مُمَوَّج [موج] [মুমাওওয়াজ] তরঙ্গায়িত, তরঙ্গিত, ঢেউ-খেলানো, ঊর্মিমুখর

مُمَوَّل [مول] [মুমাওওয়াল] অর্থের যোগানপ্রাপ্ত, অর্থপ্রাপ্ত, ধনী, সম্পদশালী, ধনবান, মালদার, মহাজন

مُمَوِّل [مول] [মুমাওবিল] অর্থের যোগানদাতা, অর্থদাতা, করদাতা

مُمَوِّن [مون] [মুমাওবিন] সরবরাহকারী, যোগান-দাতা

مُمَوَّه [موه] [মুমাওওয়াহ্] ধোঁকায় ফেলা হয়েছে এমন, প্রতারিত, ছদ্ম আবরণ দ্বারা গোপনকৃত, প্রলেপযুক্ত, বিকৃত

مُمِيت [موت] [মুমীত] মেরে ফেলে বা ধ্বংস করে এমন, মারাত্মক, ধ্বংসাত্মক

الْمُمِيت [আল-মুমীত] মৃত্যুদাতাঃ আল্লাহ

مُمَيَّز [ميز] [মুমাইয়াঘ] বিশিষ্ট, বৈশিষ্ট্যমণ্ডিত, স্বতন্ত্র, শ্রেষ্ঠ, অগ্রাধিকারপ্রাপ্ত, (ব্যাকরণে) নির্দিষ্ট-কৃত বিশেষণ

مُمَيِّز [ميز] [মুমাইয়িঘ] পার্থক্যকারী, স্বাতন্ত্র্য-সূচক, বৈশিষ্ট্যসূচক, নির্দিষ্টকারী, ভাল-মন্দের পার্থক্য নির্ণয়ে সক্ষম, বিচার-বুদ্ধিসম্পন্ন

مُمَيِّزَة ج مُمَيِّزَات [ميز] [মুমাইয়িঘাহ্] বৈশিষ্ট্য, বিশেষ গুণ, বৈশিষ্ট্যসূচক চিহ্ন, প্রাধান্য

مُمَيَّع [ميع] [মুমাইয়া'] তরলীকৃত, দ্রবীভূত, যা গলানো হয়েছে

مُمَيِّع [ميع] [মুমাইয়ি'] তরল করে এমন, গলিয়ে দেয় এমন

مَنْ [মান] কে? কারা? কাকে? কাদেরকে? কার? কাদের? যে, যারা, যাকে, যাদেরকে, যার, যাদের

مَنّ [মান্] অনুগ্রহ, দয়া, করুণা, উপকার, দান, আসমানী খাদ্য

مَنَّ [ن] (مَنّ) عَلَى [মান্না] অনুগ্রহ করা, দয়া করা, উপকার করা, উপকারের খোটা দেওয়া, দান করা

مِنْ [মিন] থেকে, হতে, হইতে, মধ্য হতে, চেয়ে, অপেক্ষা, দ্বারা, যাবৎ, এর

مِنْ بَعْد [মিম বা'দ] পরে, পরবর্তীতে

مِنْ ثَمَّ [মিন ছাম্মা] অতএব, তাই, সেজন্য

مِنْ حَيْثُ [মিন হাইছু] যেখান থেকে, যেমনভাবে, এমনভাবে যে

مِنْ عِنْد [মিন 'ইন্‌দি] নিকট থেকে, পক্ষ থেকে

مِنْ قَبْلُ [মিন ক্বাব্‌লু] ইতিপূর্বে, ইতোপূর্বে

مِنْ قِبَلِ [মিন ক্বিবালি] পক্ষ থেকে, দ্বারা, কর্তৃক

مِنَ الْمَرْجُوّ [মিনাল মার্‌জু] আশা করা যায়

مِنَ الْمَعْلُوم [মিনাল মা'লূম] জানা কথা, সর্বজন-বিদিত

مِنَ الْمُمْكِن [মিনাল মুম্‌কিন] সম্ভব, সম্ভাব্য, সম্ভবত

مَنَاب [نوب] [মানাব] প্রতিনিধিত্ব, স্থলাভিষিক্ততা, জায়গা, স্থান, স্থল, অংশ, ভাগ, পানির রাস্তা

مَنَاة [মানাত] মানাতঃ পৌত্তলিক আরবদের একটি দেবী-মূর্তি

مُنَاجَاة [نجو] [মুনাজাত] গোপন কথা, নিভৃত আলাপ, মোনাজাত

مَنَاجِد [نجد] [মানাজিদ] ছুঁচো, গন্ধমূষিক (خُلْد-এর বহুবচন)

مُنَاجِز [نجز] [মুনাজিয] যুদ্ধকারী, সংগ্রামকারী, যোদ্ধা, সংগ্রামী

مُنَاجَزَة [نجز] [মুনাজাযাহ্‌] যুদ্ধ, সংগ্রাম

مَنَاحَة [نوح] [মানাহাহ্‌] বিলাপ, আর্তনাদ, শোক

مُنَاخ [نوخ] [মুনাখ] আবহাওয়া, জলবায়ু, পরিবেশ

عِلْم الْمُنَاخ [ইল্‌মুল মুনাখ] আবহাওয়া-বিজ্ঞান

مُنَاخِيّ [نوخ] [মুনাখী] আবহাওয়া-সংক্রান্ত, জলবায়ু-বিষয়ক

مُنَاخِيَّات [মুনাখিয়্যাত] আবহাওয়া-সংক্রান্ত বিষয়াদি, আবহাওয়া-বিজ্ঞান

مُنَادَاة [ندو] [মুনাদাত] সম্বোধন, আহ্বান, ডাক, চিৎকার

مُنَادِم [ندم] [মুনাদিম] মদ্যপানের সঙ্গী, আড্ডার সাথী, ঘনিষ্ঠ বন্ধু

مُنَادَمَة [ندم] [মুনাদামাহ্‌] একসঙ্গে মদ্যপান, ঘনিষ্ঠ বন্ধুত্ব

مُنَادَى [ندو] [মুনাদা] যাকে সম্বোধন করা হয়, সম্বোধিত, (ব্যাকরণে) মুনাদাঃ সম্বোধন-পদ

مُنَادِي ، مُنَادٍ ج مُنَادُون [ندو] [মুনাদী] সম্বোধনকারী, আহ্বানকারী, ঘোষণাকারী, ঘোষক

مَنَار [نور] [মানার] আলোকস্তম্ভ, নির্দেশক চিহ্ন

مُنَار [نور] [মুনার] জ্বালানো হয়েছে এমন, প্রজ্বালিত, আলোকিত, উজ্জ্বল, প্রদীপ্ত

مَنَارَة ج مَنَاوِر ، مَنَائِر [نور] [মানারাহ্‌] মিনার, বাতিঘর

مُنَازَع [نزع] [মুনাযা'] যার সাথে ঝগড়া-বিবাদ বা বিতর্ক করা হয়েছে, বিতর্কিত

غَيْر مُنَازَع [গাইর মুনাযা'] অবিতর্কিত, বিতর্কের ঊর্ধ্বে

مُنَازِع [نزع] [মুনাযি'] ঝগড়াকারী, বিতর্ককারী, বিবাদকারী, বিরোধী, মুমূর্ষু

مُنَازَعَة [نزع] [মুনাযা'আহ্‌] বিরোধিতা,ঝগড়া, বিতর্ক, বিবাদ

مُنَاسِب [نسب] [মুনাসিব] যথাযথ, যথাযোগ্য, উপযোগী, অনুকূল, সঙ্গত

مُنَاسَبَة [نسب] [মুনাসাবাহ্‌] সামঞ্জস্য, সঙ্গতি, মিল, যথাযথতা, উপযোগিতা

مُنَاسَبَة ج مُنَاسَبَات [نسب] [মুনাসাবাহ্‌] সম্বন্ধ, সম্পর্ক, বিষয়, ব্যাপার, প্রসঙ্গ, উপলক্ষ, সূত্র, যোগসূত্র, সুযোগ

بِمُنَاسَبَة [বি-মুনাসাবাতি] সম্বন্ধে, সম্পর্কে, বিষয়ে, ব্যাপারে, উপলক্ষে, প্রসঙ্গে, সুযোগে

وَبِالْمُنَاسَبَة [ওয়া বিল-মুনাসাবাহ্‌] এ সম্বন্ধে, এ প্রসঙ্গে, প্রসঙ্গত

فِي مُنَاسَبَة [ফী মুনাসাবাতি] উপলক্ষে, ব্যাপারে, সম্বন্ধে, সম্পর্কে, বিষয়ে, প্রসঙ্গে, সুযোগে

مَنَاسِك (مَنْسَك) [نسك] [মানাসিক] কাজসমূহ, পালনীয় কর্তব্যসমূহ

مَنَاسِك الْحَجّ [মানাসিকুল হাজ্জ] হজ্জের পালনীয় কর্তব্যসমূহ ও তা পালনের স্থান

مُنَاشَد [نشد] [মুনাশাদ] যে জন্য বা যাকে অনুরোধ বা মিনতি করা হয়েছে, শপথ করানো হয়েছে এমন

مُنَاشِد [نشد] [মুনাশিদ] অনুরোধকারী, মিনতিকারী, অনুনয়কারী, আবেদনকারী, শপথ করায় এমন

مُنَاشَدَة [نشد] [মুনাশাদাহ্‌] অনুরোধ, আবেদন, মিনতি, অনুনয়, শপথগ্রহণ

مَنَاص [نوص] [মানাছ] পলায়ন, পরিত্রাণ, আশ্রয়,

আশ্রয়স্থল, উপায়

لَا مَنَاصَ مِنْهُ [লা মানাছা মিনহু] না করার উপায় নেই এমন, অপরিহার্য, বাধ্যতামূলক

مُنَاصِر [نصر] [মুনাছির] সাহায্যকারী, সহায়তাকারী, পৃষ্ঠপোষক

مُنَاصَرَة [نصر] [মুনাছরাহ] সাহায্য, সহায়তা, পৃষ্ঠপোষকতা

مُنَاصَفَة [نصف] [মুনাছফাহ] অর্ধেককরণ, সমান দুইভাগে ভাগকরণ, অর্ধাংশগ্রহণ

مُنَاصَفَةً [نصف] [মুনাছফাতান] অর্ধেক অর্ধেক, সমান দুইভাগে

مُنَاضِل [نضل] [মুনাদিল] সংগ্রামকারী, সংগ্রামী, যোদ্ধা

مُنَاضَلَة [نضل] [মুনাদলাহ] সংগ্রাম, যুদ্ধ, লড়াই

مَنَاط [نوط] [মানাত] ঝুলানোর জায়গা, অনেক দূরত্ব, কারণ, হেতু

مُنَاط [نوط] [মুনাত] ন্যস্ত, অর্পিত, নিয়োজিত, দায়িত্বপ্রাপ্ত

مَنَاظِر (مَنْظَر) [نظر] [মানাযির] দৃশ্যাবলী

مَنَاظِر طَبِيعِيَّة [মানাযির তবী'ইয়্যাহ] প্রাকৃতিক দৃশ্য

مُنَاظِر [نظر] [মুনাযির] অনুরূপ, সমকক্ষ, প্রতিপক্ষ, প্রতিযোগী, বিতর্ককারী, তদারককারী, পর্যবেক্ষক

مُنَاظَرَة [نظر] [মুনাযারাহ] বিতর্ক, প্রতিযোগিতা, দেখাশুনা, তদারক, নিয়ন্ত্রণ, পর্যবেক্ষণ

مَنَّاع [منع] [মান্নাʼ] তীব্র বাধাদানকারী, প্রতিরোধকারী, প্রতিরোধক, নিবারক

مَنَاعَة [মানা'আহ] সুরক্ষা, প্রতিরক্ষা, নিরাপত্তা, প্রতিরোধ ক্ষমতা, সুদৃঢ়তা, বারণ, সতীত্ব

مُنَاغَمَة [نغم] [মুনাগামাহ] সুরসঙ্গতি, সামঞ্জস্য, মিল, সাযুজ্য

مُنَافَاة [نفي] [মুনাফাত] বৈপরীত্য, ভিন্নধর্মিতা, বিরোধ, অসঙ্গতি

مُنَافِس [نفس] [মুনাফিস] প্রতিযোগিতাকারী, প্রতিযোগী, প্রতিদ্বন্দ্বী

مُنَافَسَة [نفس] [মুনাফাসাহ] প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা

مُنَافِق [نفق] [মুনাফিক] মোনাফেক, কপটাচারী, কপট, দ্বিমুখী

مُنَافَقَة [نفق] [মুনাফাক্বাহ] মোনাফেকি, কপটতা, কপটচারিতা, দ্বিমুখী আচরণ

الْمُنَافِقُون [আল-মুনাফিকূন] সূরা আল-মুনাফিকূনঃ পবিত্র কোরআনের ৬৩তম সূরা

مُنَافِي، مُنَافٍ [نفي] [মুনাফী] বিপরীত, বিরোধী, অসঙ্গতিপূর্ণ

مَنَاقِب [نقب] [মানাক্বিব] নৈতিক গুণাবলী, মহৎ কার্যাবলী, কৃতিত্বসমূহ

مَنَاقِبِيّ [نقب] [মানাক্বিবী] নৈতিক, নীতিধর্মীয়

مَنَاقِبِيَّة [نقب] [মানাক্বিবিয়্যাহ] নৈতিকতা, নীতিধর্ম

مُنَاقَرَة [نقر] [মুনাক্বারাহ] ঝগড়া, বাদানুবাদ, কথা-কাটাকাটি

مُنَاقِش [نقش] [মুনাক্বিশ] আলোচনাকারী, বিতর্ককারী, বাদানুবাদকারী, জিজ্ঞাসাবাদকারী

مُنَاقَشَة ج مُنَاقَشَات [نقش] [মুনাক্বাশাহ] আলোচনা, বিতর্ক, বাদানুবাদ, প্রশ্নোত্তর, জিজ্ঞাসাবাদ, মৌখিক পরীক্ষা

مُنَاقِص [نقص] [মুনাক্বিছ] সর্বনিম্ন দর নির্ণয়ের নিলামে টেণ্ডারদাতা

مُنَاقَصَة [نقص] [মুনাক্বাছাহ] সর্বনিম্ন দর-নির্ণয় নিলামের টেণ্ডার

مُنَاقِض [نقض] [মুনাক্বিদ] বিপরীত, বিরোধী, অসঙ্গতিপূর্ণ

مُنَاقَضَة [نقض] [মুনাক্বাদাহ] বৈপরীত্য, বিরোধ, অসঙ্গতি

مَنَال [نيل] [মানাল] লাভ, অর্জন, প্রাপ্তি

مَنَام [نوم] [মানাম] ঘুম, নিদ্রা, শয়ন, নিদ্রাস্থল, শয্যা, শয়নকক্ষ, স্বপ্ন

مَنَامَة ج مَنَامَات [نوم] [মানামাহ] নিদ্রাস্থল, শয্যা, বিছানা, শয়নকক্ষ, ঘুমের পোশাক, কবর, গোর

الْمَنَامَة [আল-মানামাহ] মানামা (নগরী)ঃ বাহরাইনের রাজধানী

مَنَّان [منن] [মান্নান] অনুগ্রহশীল, সদয়, দয়াবান,

দয়ালু, সদাশয়, উপকারী

[আল-মান্নান] পরম উপকারী, করুণাময়ঃ আল্লাহ اَلْمَنَّان

[মুনাহাযাহ] প্রতিযোগিতা, পাল্লা مُنَاهَزَة [نهز]

[মুনাহিদ] প্রতিরোধকারী, বাধা-দানকারী, বিরোধী مُنَاهِض [نهض]

[মুনাহাদাহ] প্রতিরোধ, বাধা-দান, বিরোধিতা مُنَاهَضَة [نهض]

[মানাহী] নিষেধসমূহ, নিষিদ্ধ কার্যাবলী مَنَاهِي ، مَنَاه [نهي]

[মুনাবি'] প্রতিরোধকারী, বিরোধী, অবাধ্য, শত্রুভাবাপন্ন مُنَاوِئ [نوء]

[মুনাওয়াআহ] প্রতিরোধ, বিরো-ধিতা, অবাধ্যতা, শত্রুতা مُنَاوَأَة [نوء]

[মুনাবিব] পালাক্রমে আসে এমন, পর্যায়ক্রমিক, পালা বা পর্যায়ক্রমে কর্মরত مُنَاوِب [نوب]

[মুনাওয়াবাহ] পালা, পর্যায়বৃত্তি, পর্যায়ক্রমিকতা مُنَاوَبَة [نوب]

[মুনাওয়াবাতান] একের পর এক, পালাক্রমে, পর্যায়ক্রমে مُنَاوَبَةً [نوب]

[মুনাবির] সুদক্ষ পরিকল্পনাকারী, পরিকল্পিতভাবে পরিচালনাকারী مُنَاوِر [نور]

[মুনাওয়ারাহ] সুদক্ষ পরিকল্পনা, পরিকল্পিত পরিচালনা, কৌশল, maneuver مُنَاوَرَة ج مُنَاوَرَات [نور]

[মুনাওয়াশাহ] সংঘাত, বিবাদ, গোলযোগ, ঝগড়া مُنَاوَشَة [نوش]

[মুনাওয়াশাহ] খণ্ড-যুদ্ধ, উত্তেজনা, বৈরী তৎপরতা مُنَاوَشَة ج مُنَاوَشَات [نوش]

[মুনাওয়ালাহ] পেশকরণ, উপস্থা-পন, হস্তান্তর, ডেলিভারি, খ্রীষ্টানদের ভোজ-উৎসববিশেষ مُنَاوَلَة [نول]

[মানআ] দূরবর্তী স্থান, দূর, দূরত্ব مَنْأَى [نأي]

[মিম্বাদ] নাড়ীর বেগ-নিরূপক যন্ত্র مِنْبَاض [نبض]

[মাম্বিত] উৎপাদনস্থল, খামার, নার্সারি, উৎসভূমি, জন্মস্থান مَنْبِت ج مَنَابِت [نبت]

[মুম্বাছ্ছ] ছড়িয়ে পড়েছে এমন, ছড়ানো, বিক্ষিপ্ত, প্রকাশিত, প্রচারিত, উড্ডন্ত مُنْبَثّ [بثث]

[মুম্বাছিক] বেগে নির্গত, উত্থিত, উদিত, আবির্ভূত, উদ্ভাসিত, প্রকাশিত مُنْبَثِق [بثق]

[মিম্বাজ] মিথ্যা ওয়াদাকারী مِنْبَج [نبج]

[মুম্বাজিস] জোরে প্রবাহিত, বেগে নির্গত مُنْبَجِس [بجس]

[মিম্বাযাহ] বালিশ, গির্দা مِنْبَذَة ج مَنَابِذ [نبذ]

[মিম্বার] মঞ্চ, (মসজিদের) মিম্বার, উচ্চস্থান مِنْبَر ج مَنَابِر [نبر]

[মুম্বাসিত] বিস্তৃত, প্রসারিত, প্রশস্ত, সমতল, প্রফুল্ল مُنْبَسِط [بسط]

[মাম্বিদ] হৃদস্পন্দন বা নাড়ী পাওয়ার স্থান مَنْبِض ج مَنَابِض [نبض]

[মিম্বাদাহ] নাড়ীর বেগ-নিরূপক যন্ত্র مِنْبَضَة [نبض]

[মুম্বাতিহ] যে উপুড় হয়ে পড়ে আছে, ভূমিশায়িত, ধরাশায়ী, বিস্তৃত, প্রসারিত, সমতল, সমতলভূমি مُنْبَطِح [بطح]

[মাম্বা'] উৎস, উৎসমুখ, কূপ, ঝরনা, ঝর্ণা مَنْبَع ج مَنَابِع [نبع]

[মুম্বা'ইছ] আবির্ভূত, উত্থিত, নির্গত, পুনরায় সক্রিয়, প্রেরিত, উৎক্ষিপ্ত مُنْبَعِث [بعث]

[মুম্বা'ইজ] খাঁজযুক্ত, খাঁজ-কাটা مُنْبَعِج [بعج]

[মুম্বাগিত] বিস্মিত, বিস্ময়াভি-ভূত, স্তম্ভিত, হতভম্ব, নির্বাক مُنْبَغِت [بغت]

[মুনাব্বিহ] স্মরণ করিয়ে দেয় এমন, অবহিতকারী, সতর্ককারী, জাগ্রতকারী, উদ্দীপক, উত্তেজক مُنَبِّه [نبه]

نَاطُور ج نَوَاطِير [নাতুর] প্রহরী, পাহারাদার, রক্ষী, রক্ষক

نَاظَرَ (مُنَاظَرَة) [نظر] [নাযরা] অনুরূপ হওয়া, সমকক্ষ হওয়া, কাছাকাছি হওয়া, বিতর্ক করা, দেখাশুনা করা, তত্ত্বাবধান করা

نَاظِر ج نُظَّار [نظر] [নাযির] দর্শক, পরিদর্শক, পর্যবেক্ষক, দেখাশুনা করে এমন, তত্ত্বাবধায়ক, অধ্যক্ষ, প্রধান শিক্ষক, পরিচালক, প্রধান কর্ম-কর্তা

نَاظِر ج نَوَاظِر [নাযির] চক্ষু, চোখ, নেত্র, দৃষ্টি

نَاظِرَة ج نَوَاظِر [نظر] [নাযিরাহ] চক্ষু, চোখ, নেত্র, দৃষ্টি, পরিচালিকা, প্রধান শিক্ষিকা

نَاظِم [نظم] [নাযিম] ব্যবস্থাপক, বিন্যাসক, পদ্য-লেখক, কবি

نَاظُور [নাযুর] দেখার যন্ত্র, চশমা, দূরবীন, তত্ত্বা-বধায়ক

نَاعَ[ن] (نَوْع ، نَوَعَان) [نوع] [না'আ] নোয়া, নুয়ে পড়া, নুয়ে আসা, ঝুঁকে পড়া, নিচে আসা, নেমে আসা, ক্ষুধার্ত হওয়া, তৃষ্ণার্ত হওয়া

نَاعِبَة ج نَوَاعِب [না'ইবাহ] দ্রুতগামী (উষ্ট্রী)

نَاعِجَة ج نَوَاعِج [না'ইজাহ] দ্রুতগামী (উষ্ট্রী), সমান, সমতল (ভূমি), শ্বেতবর্ণা (নারী, উষ্ট্রী)

نَاعِس ج نُعَّس ، نُعُس [না'ইস] তন্দ্রাচ্ছন্ন, নিদ্রালু

نَاعِسَة ج نَوَاعِس ، نَاعِسَات [না'ইসাহ] নিদ্রালু, তন্দ্রাচ্ছন্ন (স্ত্রী)

نَاعِظ [না'ইয] খাড়া, কামোদ্দীপক, কামোন্মত্ত

نَاعِل [نعل] [না'ইল] জুতা-পরা, জুতাপরিহিত

نَاعِم [نعم] [না'ইম] কোমল, নরম, মোলায়েম, মসৃণ, সুখী, স্বাচ্ছন্দ্যপূর্ণ

نَاعِمَة [না'ইমাহ] একপ্রকার সুগন্ধ গুল্ম, sage

نَاعُوظ [না'উয] কামোদ্দীপক, কামোত্তেজক (ঔষধ), একজাতীয় হাঙ্গর

نَاعِي ، نَاعٍ ج نُعَاة [نعي] [না'ঈ] মৃত্যুসংবাদ ঘোষণাকারী

نَاغَازَاكِي [নাগাযাকী] নাগাসাকি (জাপানী নগরী)

نَاغَمَ (مُنَاغَمَة) [نغم] [নাগামা] মিলপূর্ণ হওয়া, উপযোগী হওয়া, মানানসই হওয়া, খাপ খাওয়া, নরম নরম কথা বলা

نَاغَى (مُنَاغَاة) [نغو] [নাগা] নরম নরম কথা বলা, সোহাগ করে কথা বলা, প্রেমালাপ করা

نَافَ[ن] (نَوْف) [نوف] [নাফা] উচ্চ হওয়া, উঁচু হওয়া, বেশী হওয়া

نَافِث [نفث] [নাফিছ] ফুঁক দেয় বা মুখ থেকে বের করে দেয় এমন, যাদুকর

نَافِج [نفج] [নাফিজ] উত্থিত, লম্ফমান, বড়াই-কারী, দম্ভকারী, দাম্ভিক, উচ্চ, কর্কশ (স্বর)

نَافَحَ (مُنَافَحَة ، نِفَاح) [نفح] [নাফাহা] বিরোধ করা, বিবাদ করা, ঝগড়া করা

[-- 'আন] রক্ষা করা, পক্ষাবলম্বন করা, আশ্রয় দেওয়া, প্রশ্রয় দেওয়া نَافَحَ عَنْ

[নাফিখ] যে ফুঁ দেয়, ফুঁকদানকারী [نفخ] نَافِخ

[নাফিদ] ফুরিয়ে গিয়েছে এমন, নিঃশেষিত نَافِد

[নাফিয] কার্যকর, সম্পন্ন, বাস্তবায়িত, সফল, ভিতরে প্রবেশকারী, বিদ্ধকারী, প্রভাবশালী, শক্তিশালী [نفذ] نَافِذ

[নাফিযাহ] জানালা, খিড়কি, ছিদ্র, ফাঁক [نفذ] نَافِذَة ج نَوَافِذ

[নাফারা] অপছন্দ করা, দূরে থাকা, বংশ-মর্যাদার প্রতিযোগিতা করা, বংশের গৌরব করা [نفر] نَافَرَ (مُنَافَرَة)

[নাফির] পলায়নকারী, পলায়নপর, ভীরু, লাজুক, ঘৃণাকারী, অনিচ্ছুক, নির্গত, বহির্গত, উদ্গত, স্ফীত, বিজয়ী نَافِر ج نُفَّر ، نُفُر

[নাফাসা] প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতা করা [نفس] نَافَسَ (مُنَافَسَة)

[নাফি'] উপকারকারী, উপকারী, হিতকর, কল্যাণকর, লাভজনক [نفع] نَافِع

[আন-নাফি'] পরম উপকারকারীঃ আল্লাহ্ النَّافِع

[নাফি'আহ্] গণপূর্ত [نفع] نَافِعَة

[ওয়াযীরুন নাফি'আহ্] পূর্তমন্ত্রী وَزِير النَّافِعَة

[নাফাক্বা] কপটতা করা, মোনাফেকি করা, কপটাচারী হওয়া [نفق] نَافَقَ (مُنَافَقَة ، نِفَاق)

[নাফিক] বাজারে ভাল চাহিদা আছে এমন, ভাল বিক্রি হচ্ছে এমন, চালু (পণ্য) [نفق] نَافِق

[নাফিল] কর্তব্যের অতিরিক্ত, নফল [نفل] نَافِل

[নাফিলাহ্] কর্তব্যের অতিরিক্ত কাজ, নফল ইবাদত, যুদ্ধলব্ধ সম্পদ, গনীমত, দান, উপহার [نفل] نَافِلَة ج نَوَافِل

[নাফূর] ফোয়ারা, ঝরনা نَافُور ، نَافُورَة ج نَوَافِير

[নাফা] সঙ্গতিহীন হওয়া, বিরোধী হওয়া, ভিন্ন হওয়া, ধাওয়া করা, তাড়া করা [نفي] نَافَى (مُنَافَاة)

[নাফী] না-সূচক, নেতিবাচক [نفي] نَافِي ، نَافٍ مث نَافِيَة

[নাক্বাবা] গুণ বা কৃতিত্বের প্রতিযোগিতা করা [نقب] نَاقَبَ (مُنَاقَبَة ، نِقَاب)

[নাক্বাহ্] উষ্ট্রী [نوق] نَاقَة ج نَاقَات ، نُوق ، نِيَاق

[নাক্বাদা] আলোচনা করা [نقد] نَاقَدَ (مُنَاقَدَة)

[নাক্বিদ] ছিদ্রান্বেষী, যাচাইকারী, সমালোচনাকারী, সমীক্ষক, সমালোচক نَاقِد ج نُقَّاد ، نَقَدَة ، نَاقِدُون

[নাক্বারা] ঠোকরা-ঠুকরি করা, ঝগড়া করা [نقر] نَاقَرَ (مُنَاقَرَة ، نِقَار)

[নাক্বির] লক্ষ্যে আঘাতকারী তীর نَاقِر ج نَوَاقِر

[নাক্বিরাহ্] ঝগড়া, বিতর্ক, বিপদ, দুর্যোগ [نقر] نَاقِرَة ج نَوَاقِر

[নাক্বাশা] আলোচনা করা, জিজ্ঞাসাবাদ করা, বাদানুবাদ করা, বিতর্ক করা [نقش] نَاقَشَ (مُنَاقَشَة ، نِقَاش)

[নাক্বাছা] (নিম্নতম মূল্য স্থির করার জন্য) দরপত্র আহ্বান করা, টেন্ডার আহ্বান করা, দরপত্র দাখিল করা, টেণ্ডার দাখিল করা [نقص] نَاقَصَ (مُنَاقَصَة)

[নাক্বিছ] অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, হ্রাসপ্রাপ্ত, বিয়োজিত, কম, স্বল্প, বিয়োগ, যে আরবী শব্দের মূল তিন অক্ষরের শেষ অক্ষর হর্‌ফে ইল্লাত বা স্বরবর্ণ (ي و ا) [نقص] نَاقِص

[ফি'ল নাক্বিছ] অপূর্ণাঙ্গ ক্রিয়া, অসম্পূর্ণ ক্রিয়া (ব্যা) فِعل نَاقِص

[নাক্বাদা] বিরোধী হওয়া, বিপরীত হওয়া, উল্টা হওয়া [نقض] نَاقَضَ (مُنَاقَضَة ، نِقَاض)

[নাক্বি'] ভিজিয়ে রাখে এমন, তাজা (রক্ত), মারাত্মক (বিষ), তৃষ্ণা নিবারক (পানি), উপকারী (ঔষধ) [نقع] نَاقِع

[নাক্বালা] (বাক্য) বিনিময় করা, (কবি) কবিতা বলার প্রতিযোগিতা করা [نقل] نَاقَلَ (مُنَاقَلَة)

[নাক্বিল] নকলকারী, বহনকারী, বাহী, বাহক, পরিবাহী, বর্ণনাকারী, অনুবাদক, অনুলিপি লেখক, প্রেরকযন্ত্র [نقل] نَاقِل

[নাক্বিলাহ্] পরিবহণ-যান, জাহাজ نَاقِلَة ج نَاقِلَات

[নাক্বিম] প্রতিশোধ গ্রহণকারী, বিদ্বেষী, ক্রুদ্ধ, শত্রুতা পোষণকারী [نقم] نَاقِم

[নাক্বিহ্] আরোগ্য লাভ করছে এমন, [نقه] نَاقِه

রোগমুক্ত হচ্ছে এমন

نَاقُور ج نَوَاقِير [নাকূর] শিঙ্গা, বিউগল, অন্তর

نَاقُوس ج نَوَاقِيس [নাকূস] নাকুসঃ এক প্রকার বাদ্যযন্ত্র, ঘন্টা, কাঁসার ঘন্টা, গোলক

نَاكِب [নাকিব] বিপথগামী, পথভ্রষ্ট, বিচ্যুত

نَاكِث [نكث] [নাকিছ] (চুক্তি, প্রতিজ্ঞা) লংঘনকারী, ভঙ্গকারী, অবিশ্বাসী, অবাধ্য, অসৎ

نَاكَحَ (مُنَاكَحَة ، نِكَاح) [نكح] [নাকাহা] বৈবাহিক সম্পর্কে সম্পৃক্ত হওয়া, বিবাহ করা

نَاكَدَ (مُنَاكَدَة) [نكد] [নাকাদা] উৎপীড়ন করা, উত্যক্ত করা, বিরক্ত করা, কষ্ট দেওয়া

نَاكِر [نكر] [নাকির] অস্বীকারকারী, প্রত্যাখ্যানকারী, অমান্যকারী

نَاكِر الجَمِيل [নাকিরুল জামীল] অকৃতজ্ঞ, কৃতঘ্ন, নিমকহারাম

نَاكِس [নাকিস] মস্তক অবনতকারী, অবনতমস্তক, মাথানতকারী, নতমস্তক

حُمَّى نَاكِسَة [হুম্মা নাকিসাহ] আগের খারাপ অবস্থায় ফিরে-যাওয়া জ্বর

نَالَ [س] (نَيْل ، نَال ، نَالَة) [نيل] [নালা] লাভ করা, পাওয়া, অর্জন করা, জয় করা

نَالَ مِنْ [-- মিন] ক্ষতি করা, নষ্ট করা, অসম্মান করা, অমর্যাদা করা, গালি দেওয়া, প্রভাবিত করা

نَالَ مِنْ عِرْضِهِ [-- মিন 'ইরদিহী] অসম্মান করা, অমর্যাদা করা, গালি দেওয়া

نَمَّ ج نُمَّام [نمم] [নাম্] পরনিন্দুক, কুৎসাকারী, বিশ্বাসঘাতক, চোগলখোর

نَامَ [س] (نَوْم ، نِيَام) [نوم] [নামা] নিদ্রা যাওয়া, ঘুমানো, শয়ন করা, ঝিমিয়ে পড়া, শান্ত হওয়া, ঠাণ্ডা হওয়া, (বাজার) মন্দা হওয়া, মরে যাওয়া

نَامَّة [نمم] [নাম্মাহ] গতি, জীবন, প্রাণ, অনুভূতি

نَامَسَ (مُنَامَسَة) [نمس] [নামাসা] গোপন কথা বলা

نَامُوس ج نَوَامِيس [নামূস] নিয়ম, রীতি, বিধান, আল্লাহর বিধান, ওহী, মশক, মশা, চতুর, দক্ষ, বিশ্বস্ত বন্ধু

النَّامُوس [আন-নামূস] জিব্রাঈল (আ)

نَامُوسِيَّة [নামূসিয়্যাহ] মশারি, মশারী

نَامِي ، نَامٍ مث نَامِيَة [نمو] [নামী] উন্নয়নশীল, বিকাশশীল, বর্ধনশীল, বর্ধিষ্ণু

البَلَد النَّامِي [আল-বালাদুন নামী] উন্নয়নশীল দেশ

نَامِيبِيَا [নামীবিয়া] নামিবিয়া (দেশ)

نَامِيَة ج نَوَامِي ، نَوَامٍ [نمو] [নামিয়াহ] বৃদ্ধি, বর্ধিত অংশ, উদ্ভিদ বা প্রাণীদেহে কোন অংশের অস্বাভাবিক বৃদ্ধি, অসুস্থ অঙ্গবৃদ্ধি, টিউমার, আব, আঁচিল

نَاهِج [نهج] [নাহিজ] স্পষ্ট, পরিষ্কার (রাস্তা)

نَاهَدَ (مُنَاهَدَة) [نهد] [নাহাদা] প্রতিরোধ করা, বিতর্ক করা, ঝগড়া করা, বিবাদ করা, যুদ্ধ করা, সংঘাতে লিপ্ত হওয়া, বিরোধিতা করা

نَاهِد ج نَوَاهِد [নাহিদ] পূর্ণ, গোলাকার ও স্ফীত (স্তন), পূর্ণবক্ষা, উন্নতবক্ষা, সুতন্বী, সুন্দরী

نَاهِدَة ج نَوَاهِد [نهد] [নাহিদাহ] পূর্ণবক্ষা, উন্নতবক্ষা, সুতন্বী, সুন্দরী

نَاهَزَ (مُنَاهَزَة) [نهز] [নাহাযা] নিকটবর্তী হওয়া, উপনীত হওয়া, নাগাল পাওয়া, (সুযোগ) গ্রহণ করা, (সুযোগের) সদ্ব্যবহার করা

نَاهَضَ (مُنَاهَضَة) [نهض] [নাহাদা] প্রতিরোধ করা, বিরোধিতা করা, চ্যালেঞ্জ করা, বিতর্ক করা, বিবাদ করা

نَاهِض [নাহিদ] উত্থিত, জাগ্রত, উঁচু, উচ্চ, কর্মঠ, কর্মতৎপর, প্রাণবন্ত, প্রতিষ্ঠিত, প্রমাণিত

نَاهِي، نَاهٍ ج نَاهُون [نهي] [নাহী] নিষেধকারী, বারণকারী, মানাকারী

نَاهِيَة ج نَوَاهِي ، نَوَاهٍ [نهي] [নাহিয়াহ] নিষেধ, বাধা, নিষেধাজ্ঞা, বিধিনিষেধ

نَاهِيكَ مِنْ [নাহীকা মিন] বাহ! কী চমৎকার! কী আর বলব! কিছুই বলার নেই।

نَاوَأَ (مُنَاوَأَة) [نوأ] [নাওয়াআ] বিরোধিতা করা, প্রতিরোধ করা, শত্রুতা করা, শত্রুভাবাপন্ন হওয়া, শত্রুতামূলক আচরণ করা

نَاوَبَ (مُنَاوَبَة) [نوب] [নাওয়াবা] অদলবদল করা, পালাবদল করা

نَاوَرَ (مُنَاوَرَة) [نور] [নাওয়ারা] গালি দেওয়া,

পরিকল্পনা করা, পরিকল্পিতভাবে এগিয়ে চলা, পরিকল্পিতভাবে পরিচালনা করা, কৌশল করা

[নাঁওয়াশা] বিবাদ করা, ঝগড়া করা, গোলযোগ বাঁধানো, সংঘাতে লিপ্ত হওয়া نَاوَشَ (مُنَاوَشَة) [نوش]

[নাঁওয়ালা] দেওয়া, এনে দেওয়া, পরিবেশন করা, পেশ করা, উপস্থাপন করা, হস্তান্তর করা, ডেলিভারি দেওয়া نَاوَلَ (مُنَاوَلَة) [نول]

[নাঁওলুন] ভাড়া, মাসুল, কেরায়া نَاوُلُون ج نَوَالِين

[নাঁবুস] পাথর দিয়ে বাঁধানো কবর, খ্রীষ্টানদের কবর, পাথরের তৈরী শবাধার نَاوُوس ج نَوَاوِيس

[নাঁওয়া] বিরোধিতা করা, প্রতিরোধ করা, শত্রুতা করা, শত্রুভাবাপন্ন হওয়া, শত্রুতামূলক আচরণ করা نَاوَى (مُنَاوَاة) [نوي]

[নাই] বাঁশি, নল, পাইপ, বাঁশ বা কাঠের তৈরী একপ্রকার বাঁশি نَاي ج نَايَات

[নাইলোন] নাইলন نَايْلُون

[নাআমা] শব্দ করা, আওয়াজ দেওয়া, ক্রন্দন করা, বিলাপ করা نَأَمَ [ف] (نَئِيم)

[না'উম] বেশী ঘুমায় এমন نَؤُوم [نوم]

[না'ই] দূরত্ব, দূরবর্তিতা, পরিখা, গর্ত نَأْي ج نَأْيَات

[না'ই] দূরবর্তী স্থান, দূর-দূরান্ত نَأْي ج آنَاء

[নাআ] দূরে থাকা, দূরে যাওয়া, দূরবর্তী হওয়া نَأَى [ف] (نَأْي)

[নাবা] লক্ষ্যভ্রষ্ট হওয়া, প্রতিকূল হওয়া, খাপ না খাওয়া, বিপরীত হওয়া, (তরবারি) ভোঁতা হওয়া نَبَا [ن] (نَبْو، نُبُوّ) [نبو]

[নাবাত] তৃণ, গুল্ম, উদ্ভিদ, ঘাস نَبَات ج نَبَاتَات

['ইলমুন নাবাত] উদ্ভিদবিদ্যা, উদ্ভিদ-বিজ্ঞান عِلْم النَّبَات

[নাবাতী] উদ্ভিদসম্বন্ধীয়, উদ্ভিদ থেকে তৈরী, উদ্ভিদবিদ্যা-বিষয়ক, উদ্ভিদবিজ্ঞানী, তৃণভোজী (প্রাণী), নিরামিষভোজী (মানুষ) نَبَاتِيّ

[নাব্বাহ] ঘেউঘেউকারী (কুকুর) نَبَّاح [نبح]

[নুবাহ, নিবাহ] কুকুরের ডাক, ঘেউ ঘেউ শব্দ نُبَاح ، نِبَاح

[নাব্বাশ] কবর খননকারী, কবর থেকে লাশ উত্তোলনকারী نَبَّاش [نبش]

[নিবাশাহ] খননকার্য, কবর খননের পেশা نِبَاشَة

[নাব্বাল] তীরন্দাজ, তীর প্রস্তুতকারী نَبَّال [نبل]

[নাবালাহ] মহত্ত্ব, মহানুভবতা, আভিজাত্য, শ্রেষ্ঠত্ব نَبَالَة

[নাবাহাহ] বিচক্ষণতা, বুদ্ধিমত্তা, সচেতনতা, মেধা, খ্যাতি, মর্যাদা, মহত্ত্ব نَبَاهَة

[নাবা'] সংবাদ, খবর, তথ্য, বিবরণ, ঘটনা نَبَأ ج أَنْبَاء

[আন-নাবা'] সূরা আন-নাবা'ঃ পবিত্র কোর-আনের ৭৮তম সূরা النَّبَأ

[নাবাআ] উদ্গত হওয়া, বহির্গত হওয়া, বেরিয়ে থাকা, উঁচু হওয়া نَبَأَ [ف] (نَبَأ ، نُبُوء)

[-- 'আলা] পরাভূত করা, পরাস্ত করা نَبَأَ عَلَى

[-- 'আন] সরে আসা, হটে আসা, বিতাড়িত হওয়া, বিতৃষ্ণ হওয়া, আঘাতপ্রাপ্ত হওয়া نَبَأَ عَنْ

[নাব্বাআ] অবগত করা, খবর দেওয়া, সংবাদ দেওয়া, জানানো, অবহিত করা نَبَّأَ (تَنْبِئَة) [نبأ]

[নাব্আহ] কুকুরের ডাক, অস্পষ্ট শব্দ نَبْأَة

[নাব্ত] অঙ্কুর, চারা, তৃণ, গুল্ম, ঘাস, উদ্ভিদ نَبْت

[নাবাতা] (ভূমিতে) তৃণ বা গুল্ম থাকা, (তৃণ, গুল্ম) উদ্গত হওয়া, অঙ্কুরিত হওয়া, গজানো, উৎপন্ন হওয়া نَبَتَ [ن] (نَبْت ، نَبَات)

[নাব্বাতা] উদ্গত করা, অঙ্কুরিত করা, উৎপন্ন করা, রোপণ করা, বপন করা نَبَّتَ (تَنْبِيت) [نبت]

[নাব্তাহ] অঙ্কুর, চারা نَبْتَة

[নেব্তুন] নেপচুন (গ্রহ) نِبْتُون

[নাব্হ] কুকুরের ডাক, ঘেউঘেউ শব্দ نَبْح

[নাবাহা] (কুকুর) ঘেউঘেউ করা, ডাকা, শব্দ করা, (কবি) ব্যঙ্গ করা, নিন্দা করা نَبَحَ [ض] [ف] (نَبْح ، نُبَاح ، نُبُوح)

[নাব্য] নিক্ষেপ, বর্জন, প্রত্যাখ্যান نَبْذ

[নাব্য] অংশ, ভাগ, কিয়দংশ, কিছু পরিমাণ, সামান্য পরিমাণ, তুচ্ছ পরিমাণ نَبْذ ج أَنْبَاذ

[নাবাযা] নিক্ষেপ করা, ছুঁড়ে نَبَذَ [ض] (نَبْذ)

মারা, বর্জন করা, প্রত্যাখ্যান করা, অপসারণ করা, বরখাস্ত করা, উপেক্ষা করা, ফেলে রাখা, ভঙ্গ করা

نَبَّذَ (تَنْبِيذ) [نبذ] [নাব্বাযা] নিক্ষেপ করা, ছুঁড়ে মারা, বর্জন করা, প্রত্যাখ্যান করা, নাবীয (মাদকজাতীয় পানীয়বিশেষ) তৈরী করা

نَبْذَة [নাব্‌যাহ] অংশ, ভাগ, ক্ষুদ্র অংশ, কিয়দংশ, কিছু পরিমাণ, সামান্য পরিমাণ

نُبْذَة ج نُبَذ [নুব্‌যাহ] অংশ, ভাগ, সারাংশ, নিবন্ধ, প্রচারপত্র, বিজ্ঞাপন

نُبْذَة عَنْ حَيَاة [নুব্‌যাহ 'আন হায়াত] জীবনী, জীবনচরিত, জীবনালেখ্য

نَبْر [নাব্‌র] জোর, জোরদান, (কণ্ঠস্বর) উঁচুকরণ, ধমক, কম লজ্জাসম্পন্ন, নির্লজ্জ

نَبَرَ [ض] (نَبْر) [নাবারা] উঁচু করা, কণ্ঠস্বর উঁচু করা, জোর দেওয়া, ধমক দেওয়া, দুর্নাম করা, উত্তোলন করা, টেনে উঠানো, (ছেলে) বড় হওয়া, বেড়ে ওঠা

نِبْر ج أَنْبَار ، نِبَار [নিব্‌র] ভাণ্ডার, গুদাম, ডাঁশ, অধিক বেঁটে, বেশী খাটো, হীন, ইতর

نِبْرَاس ج نَبَارِيس [নিব্‌রাস] প্রদীপ, বর্শার ফলা বা অগ্রভাগ, সাহসী, সিংহ

نَبْرَة ج نَبَرَات [নাব্‌রাহ] উচ্চতা, স্বরের উচ্চতা, শ্বাসাঘাত, জোর, স্ফীতি

نُبْرَة ج نُبَر [নুব্‌রাহ] বড় গ্রাস, বিরাট লোকমা

نِبْرِيج ج نَبَارِيج [নিব্‌রীজ] নল, পাইপ, হোক্কার নল, হোসপাইপ

نَبَز ج أَنْبَاز [নাবায] বিদ্রূপাত্মক উপাধি, উপনাম, ডাকনাম

نَبَزَ [ض] (نَبْز) [নাবাযা] বিদ্রূপাত্মক উপাধি দেওয়া, উপনাম দেওয়া

نَبَسَ [ض] (نَبْس) [নাবাসা] গোপন করা, নড়া, দ্রুত চলা

نَبَسَ بِ [-- বি] (কথা) বলা, উচ্চারণ করা

نَبَّسَ (تَنْبِيس) [نبس] بِ [নাব্বাসা] (কথা) বলা, উচ্চারণ করা, গোপন করা

نَبْش [নাব্‌শ] খনন, প্রকাশকরণ, আবিষ্কারকরণ

نَبَشَ [ن] (نَبْش) [নাবাশা] খনন করা, খুঁড়ে বের করা, বাইরে আনা, প্রকাশ করা, কবর খনন করা

نَبَّشَ (تَنْبِيش) [نبش] [নাব্বাশা] তালাশ করা, খোঁজ করা, অনুসন্ধান করা, তদন্ত করা

نَبَصَ [ض] (نَبْص) [নাবাছা] (চুল) উপড়ানো

نَبَصَ بِ [-- বি] (কথা) বলা, উচ্চারণ করা

نَبْض ج أَنْبَاض [নাব্‌দ] নাড়ী, নাড়ীর স্পন্দন, কম্পন, ধুকধুকানি

ضَابِطَة النَّبْض [দাবিতাতুন নাব্‌দ] হৃদস্পন্দন নিয়ন্ত্রণের যন্ত্র, পেসমেকার (pacemaker)

مِرْسَمَة النَّبْض [মির্‌সামাতুন নাব্‌দ] নাড়ির বেগ-নিরূপক যন্ত্র, স্ফিগমোগ্রাফ (sphygmograph)

مِقْيَاس النَّبْض [মিক্‌ইয়াসুন নাব্‌দ] নাড়ির গতি-মাপক যন্ত্র, পালসিমিটার (pulsimeter)

نَبَضَ [ض] (نَبْض ، نَبَضَان) [নাবাদা] নাড়ী বা হৃদযন্ত্র) স্পন্দিত হওয়া, ধুকধুক করা, চলা, নড়া, (বিদ্যুৎ) আস্তে চমকানো

نَبْضَة ج نَبَضَات [নাব্‌দাহ] (নাড়ী বা হৃদযন্ত্রের) স্পন্দন, ধুকধুকানি, কম্পন, নাড়ী

نَبْضِيّ [নাব্‌দী] হৃৎস্পন্দন-সম্বন্ধীয়, নাড়ি-বিষয়ক, নাড়ির

نَبَطَ [ن] [ض] (نَبْط ، نُبُوط) [নাবাতা] (পানি) বেগে নির্গত হওয়া, বের হওয়া, উৎপন্ন হওয়া, প্রকাশ করা, (কূপের) পানি বের করা

نَبَّطَ (تَنْبِيط) [نبط] [নাব্বাতা] (কূপের) পানি বের করা

نَبْع [নাব্‘] নির্গমন, উদ্ভব, উৎপত্তি, উৎস, ঝরনা

نَبَعَ [ن] [ض] [ف] (نَبْع ، نُبُوع) [নাবা'আ] উৎপন্ন হওয়া, উদ্ভূত হওয়া, বেগে নির্গত হওয়া

نَبْغ [নাব্‌গ] শ্রেষ্ঠত্ব, উৎকর্ষ, নির্গমন, উদ্ভব

نَبَغَ [ن] [ف] (نَبْغ ، نُبُوغ) [নাবাগা] বের হওয়া, নির্গত হওয়া, উত্থিত হওয়া, প্রকাশিত হওয়া, ছড়িয়ে পড়া, শ্রেষ্ঠ হওয়া, উৎকর্ষ লাভ করা, প্রতিভাবান হওয়া

نَبِق [নাবিক] খেজুর গাছের মজ্জা থেকে বের-হওয়া ময়দার মত মিষ্ট বস্তু, কুলজাতীয় এক-প্রকার গাছ ও তার ফল

نَبَق [নাবাক] কুলজাতীয় একপ্রকার গাছ ও তার ফল

نَبَقَ [ن] (نَبْق) [নাবাক্বা] লেখা, প্রকাশ পাওয়া, বের হওয়া, বেরিয়ে আসা

نَبَّقَ (تَنْبِيق) [نبق] [নাব্বাক্বা] প্রকাশ পাওয়া, বের হওয়া, লেখা, রেখা টানা, সাবিবদ্ধভাবে রোপণ করা, (খেজুর গাছ) লম্বা হওয়া, নষ্ট হয়ে ফল ছোট হয়ে যাওয়া

نِبْق [নিবৃক] কুলজাতীয় একপ্রকার গাছ ও তার ফল

نَبْكَة ، نَبَكَة ج نَبَكَات [নাবৃকাহ, নাবাকাহ] টিলা, ছোট পাহাড়

نَبْل ج نِبَال ، أَنْبَال [নাবৃল] তীর, বাণ, শর

نَبَلَ [ن] (نَبْل) [নাবালা] তীর নিক্ষেপ করা

نَبُلَ [ك] (نَبَالَة) [নাবুলা] মহৎ হওয়া, সম্ভ্রান্ত হওয়া, অভিজাত হওয়া, উচ্চমনা হওয়া

نُبْل [নুবৃল] মহত্ত্ব, মহানুভবতা, শ্রেষ্ঠত্ব, আভিজাত্য

نَبْلَة ج نِبَال ، أَنْبَال [নাবৃলাহ] তীর, শর, বাণ

نُبْلَة ج نُبُلَات [নুবৃলাহ] দান, প্রতিদান, বিনিময়, ক্ষুদ্র গ্রাস, ছোট লোকমা, শ্রেষ্ঠাংশ

نَبِه [নাবিহ] বুদ্ধিমান, বিচক্ষণ, মেধাবী, সচেতন, সজাগ, বিখ্যাত, খ্যাতিমান, সম্ভ্রান্ত, মহৎ

نَبِهَ [س] (نَبَه) لِ [নাবিহা] মনোযোগ দেওয়া, মনোযোগী হওয়া, লক্ষ্য করা, পর্যবেক্ষণ করা, সজাগ হওয়া, সচেতন হওয়া

نَبُهَ [ك] (نَبَاهَة) [নাবুহা] খ্যাত হওয়া, বিখ্যাত হওয়া, খ্যাতিমান হওয়া

نَبَّهَ (تَنْبِيه) [نبه] عَلَى [নাব্বাহা] অবহিত করা, স্মরণ করিয়ে দেওয়া, সতর্ক করা, জাগ্রত করা, উজ্জীবিত করা, উত্তেজিত করা

نُبْه [নুবৃহ] বুদ্ধিমত্তা, বিচক্ষণতা, সচেতনতা, মেধা, খ্যাতি, মহত্ত্ব, মর্যাদা

نُبُوءَة [نبأ] [নুবূআহ] ভবিষ্যদ্বাণী, ভাবীকথন, পূর্বাভাস, নবুওয়াত

نَبُّوت ج نَبَابِيت [نبت] [নাব্বুত] মোটা লাঠি, ব্যাট, মুগুড়, গদা

نُبُوَّة [نبو] [নুবুওওয়াহ] নবুওয়াত, নবীর কাজ

نُبُوع [نبع] [নুবূ'] নির্গমন, উদ্ভব, উৎপত্তি

نُبُوغ [نبغ] [নুবূগ] মেধা, প্রতিভা, শ্রেষ্ঠত্ব

نَبَوِيّ [নাবাবী] নবী-সম্বন্ধীয়, নববী, নবীর

نَبِيّ ج أَنْبِيَاء ، نَبِيُّون [نبأ ، نبو] [নাবী] নবী, পয়গম্বর

نَبِيث [নাবীছ] দুষ্ট, বদমাশ, পাপিষ্ঠ

نَبِيح [নাবীহ] কুকুরের ডাক, ঘেউ ঘেউ শব্দ

نَبِيذ [নাবীয] নিক্ষিপ্ত, বর্জিত, অপসারিত, বরখাস্ত

نَبِيذ ج أَنْبِذَة [নাবীয] নাবীযঃ মাদকজাতীয় এক-প্রকার পানীয়, মদ

نَبِيغ ج نُبَغَاء [নাবীগ] মহান ব্যক্তি, উচ্চ মর্যাদা-সম্পন্ন লোক

نَبِيل ج نُبَلَاء [নাবীল] মহৎ, মহান, মর্যাদাবান, সম্ভ্রান্ত, অভিজাত, শ্রেষ্ঠ

نَبِيلَة ج نَبَائِل [নাবীলাহ] মহতী, মহীয়সী, সম্ভ্রান্ত, অভিজাত, শ্রেষ্ঠ (স্ত্রী), পচা মৃতদেহ

نَبِيه ج نُبَهَاء [নাবীহ] বুদ্ধিমান, বিচক্ষণ, মেধাবী, সজাগ, সচেতন, বিখ্যাত, খ্যাতিমান, সম্ভ্রান্ত, মহৎ

نَتَا [ن] (نُتُوّ) [نتو] [নাতা] স্ফীত হওয়া, ফুলে ওঠা, উঁচু হওয়া, উদ্গত হওয়া, বেরিয়ে আসা

نِتَاج [নিতাজ] উৎপন্নদ্রব্য, উৎপাদন, প্রসব, বাচ্চা, ফল, ফসল

نَتَانَة [نتن] [নাতানাহ] পচন, দুর্গন্ধ

نَتَأَ [ف] (نَتْأ ، نُتُوء) [নাতাআ] স্ফীত হওয়া, ফুলে ওঠা, উঁচু হওয়া, উদ্গত হওয়া, বেরিয়ে আসা

نَتْأَة [নাত্আহ] উঁচু স্থান, টিলা, ঢিপি, ছোট পাহাড়

نَتَجَ [ض] (نَتْج ، نِتَاج) [নাতাজা] উদ্ভূত হওয়া, সৃষ্টি হওয়া, জন্মলাভ করা, জাত হওয়া, পরিণতি হওয়া, (বাচ্চা) প্রসব করা

نَتَحَ [ن] [ض] [ف] (نَتْح ، نُتُوح) [নাতাহা] (ঘাম) নির্গত হওয়া, বের হওয়া, ঝরা, ঘামানো

نَتَرَ [ن] (نَتْر) [নাতারা] কেড়ে নেওয়া, ছিনিয়ে নেওয়া, হঠাৎ টান দেওয়া, উপড়ে ফেলা

نِتْرَات [নিত্রাত] নাইট্রিক এসিডের লবণ, নাইট্রেট

نِتْرُوجِين [নিত্রোজেন] যবক্ষারজান, নাইট্রোজেন

نِتْرِيك [নিত্রীক] যবক্ষার-সম্বন্ধীয়, নাইট্রিক

[উক্সীদ নিত্রীক] নাইট্রিক অক্সাইড أُوكْسِيد نِتْرِيك

[হামিদ নিত্রীক] নাইট্রিক অ্যাসিড حَامِض نِتْرِيك

[নাতাশা] (কাঁটা) বের করা, অপসারণ করা, সরিয়ে দেওয়া, উৎপাটন করা, উপড়ানো, তুলে ফেলা, কেড়ে নেওয়া, গাছপালা খেয়ে ফেলা, গোপনে দোষারোপ করা, প্রহার করা, উপার্জন করা نَتَشَ [ض] (نَتْش)

[নাতা'আ] একটু একটু করে ঝরা, ফোঁটা ফোঁটা পড়া, চুয়ে পড়া, উঠিয়ে নেওয়া, নিয়ে যাওয়া نَتَعَ [ن] [ض] (نُتُوع)

[নাতাফা] উৎপাটন করা, উপড়ানো, তুলে ফেলা نَتَفَ [ض] (نَتْف)

[নুত্ফাহ] (চুলের) গুচ্ছ, স্বল্প পরিমাণ, কিঞ্চিত, ছেঁড়া খণ্ড, টুকরা نُتْفَة ج نُتَف

[নাতাক্বা] উঠানো, লটকানো, উপড়ানো, ঝাঁকুনি দেওয়া, ঝাড়া দেওয়া, ছড়িয়ে দেওয়া, (চামড়া) খুলে ফেলা, অনেক সন্তান হওয়া نَتَقَ [ن] [ض] (نَتْق ، نُتُوق)

[নাত্ন] পচন, দুর্গন্ধ نَتْن

[নাতিন] পচা, পচনশীল, দুর্গন্ধময় نَتِن

[নাতিনা] পচে যাওয়া, নষ্ট হওয়া, দুর্গন্ধ ছড়ানো نَتِنَ [س] (نَتَن)

[নাতুনা] পচা হওয়া, দুর্গন্ধময় হওয়া, নষ্ট হওয়া نَتُنَ [ك] (نَتَانَة)

[নাত্তানা] পচানো, নষ্ট করা, দুর্গন্ধময় করা نَتَّنَ (تَنْتِين) [نتن]

[নুতূ'] স্ফীতি, অস্বাভাবিক বৃদ্ধি, ফুলা, টিলা نُتُوء [نتأ]

[নাতূজ] গর্ভবতী, আসন্নপ্রসবা نَتُوج [نتج]

[নাতীজাহ] পরিণাম, ফল, পরিণতি, কর্মফল, ফলাফল, সিদ্ধান্ত, উৎপন্ন-দ্রব্য, সন্তান نَتِيجَة ج نَتَائِج [نتج]

[নাতীজাতা] ফলে, ফলশ্রুতিতে, কারণে, পরিণতিতে نَتِيجَةَ

[বিন-নাতীজাহ] ফলে, ফলশ্রুতিতে, পরিণতিতে, কারণে بِالنَّتِيجَة

[ফিন-নাতীজাহ] ফলে, ফলশ্রুতিতে, পরিণতিতে, কারণে فِي النَّتِيجَة

[নিছার] টাকা, সম্পদ, অভ্যাগতদের উপর বর্ষিত ফুল, অনুষ্ঠানাদিতে ছড়ানো টুকরা টুকরা রঙিন কাগজ نِثَار

[নুছার, নুছারাহ] বিক্ষিপ্ত দ্রব্যাদি, ছড়ানো টুকরা نُثَار ، نُثَارَة

[নুছালাহ] অবশিষ্টাংশ, কূপ থেকে নিষ্কাশিত মাটি, ধ্বংসাবশেষ, আবর্জনা, জঞ্জাল نُثَالَة

[নাছ্র] বিক্ষেপ, বিস্তৃতি, বিস্তার, গদ্য نَثْر

[নাছারা] ছড়ানো, ছড়িয়ে দেওয়া, ছিটিয়ে দেওয়া, গদ্য রচনা করা نَثَرَ [ن] [ض] (نَثْر)

[নাছ্ছারা] চতুর্দিকে নিক্ষেপ করা, ছড়িয়ে ছিটিয়ে দেওয়া نَثَّرَ (تَنْثِير) [نثر]

[নাছ্রাহ] বিক্ষেপ, গদ্যাংশ, নাকের নিচে দুই গোঁফের মধ্যবর্তী ফাঁক, হাঁচি نَثْرَة

[নাছ্রী] গদ্য-সম্বন্ধীয়, গদ্যে রচিত, গদ্য- نَثْرِيّ

[নাছ্রিয়্যাত] বিক্ষিপ্ত জিনিসপত্র, বিবিধ বিষয় نَثْرِيَّات

[নাছালা] (কূপের) মাটি নিষ্কাশন করা, ঝেড়ে ফেলা, খুলে ফেলা, পরিয়ে দেওয়া, (মাংস) রান্নার হাড়িতে দেওয়া نَثَلَ [ض] (نَثْل)

[নাছ্লাহ] নিষ্কাশন, নাকের নিচে গোঁফদ্বয়ের মধ্যবর্তী টোল, বড় আকারের বর্ম نَثْلَة

[নাছূর] অধিক সন্তানবিশিষ্ট نَثُور [نثر]

[নাছীর] বিক্ষিপ্ত, ছড়ানো نَثِير [نثر]

[নাছীলাহ] অবশিষ্টাংশ, কূপ থেকে নিষ্কাশিত মাটি, ধ্বংসাবশেষ, আবর্জনা, জঞ্জাল نَثِيلَة

[নাজা] নাজাত, নিষ্কৃতি, মুক্তি, রক্ষা, রেহাই, লাঠি, কাঠ, হাওদার কাঠ, চামড়া نَجَا [نجو]

[নাজা] নাজাত পাওয়া, নিষ্কৃতি পাওয়া, রেহাই পাওয়া, রক্ষা পাওয়া, মুক্তি পাওয়া, (ঔষধ) পান করা, কেটে ফেলা, (চামড়া) ছোলা, খুলে ফেলা نَجَا [ن] (نَجَا ، نَجَاة ؛ نَجْو) [نجو]

[নাজা'] নাজাত, নিষ্কৃতি, রেহাই, রক্ষা, মুক্তি, উদ্ধার, অব্যাহতি نَجَاء [نجو]

[নাজাবাহ] আভিজাত্য, বংশ-মর্যাদা, মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব نَجَابَة

[নাজাত] নাজাত, নিষ্কৃতি, রেহাই, نَجَاة [نجو]

রক্ষা, মুক্তি, উদ্ধার, অব্যাহতি

نَجَاح ج نَجَاحَات [নাজাহ্] সাফল্য, কৃতকার্যতা, সফলতা, সন্তোষজনক অগ্রগতি, সফল পরিণতি

نَجَّاد [نجد] [নাজ্জাদ] ঘরদোর আসবাবপত্রে সজ্জিতকারী, গৃহসজ্জাকারী

نِجَاد [নিজাদ] তরবারি ঝুলিয়ে রাখার ফিতা

نَجَادَة [নাজাদাহ্] সাহসিকতা, বীরত্ব, দৃঢ়তা

نِجَادَة [نجد] [নিজাদাহ্] গৃহসজ্জার কাজ

نَجَّار [نجر] [নাজ্জার] কাঠমিস্ত্রি, সূত্রধর, ছুতার

نِجَار ، نُجَار [নিজার, নুজার] মূল, উৎস, বংশ

نِجَارَة [নিজারাহ্] সূত্রধরের কাজ, ছুতারগিরি

نُجَارَة [নুজারাহ্] কাঠের কুচি বা চোকলা

نَجَاسَة [নাজাসাহ্] নাপাকি, ময়লা, মল, কলুষ, অপরিচ্ছন্নতা

نَجَّاش [نجش] [নাজ্জাশ] শিকারী

نَجَّام [نجم] [নাজ্জাম] জ্যোতির্বিদ, জ্যোতিষী, গণক

نَجْب [নাজ্ব] দানশীল, উদার, বদান্য

نَجَب [নাজাব] গাছের বা তার শিকড়ের ছাল

نَجُبَ [ك] (نَجَابَة) [নাজুবা] উচ্চবংশীয় হওয়া, অভিজাত হওয়া, সম্ভ্রান্ত হওয়া, মহৎ হওয়া, শ্রেষ্ঠ হওয়া

نُجَبَة [নুজাবাহ্] দানশীল, উদার, বদান্য

نَجَحَ [ف] (نَجَاح) [নাজাহা] সফল হওয়া, কৃতকার্য হওয়া, কামিয়াব হওয়া, পাস করা

نَجَّحَ (تَنْجِيح) [نجح] [নাজ্জাহা] কৃতকার্য করা, সফল করা, সাফল্য প্রদান করা, কামিয়াব করা

نُجْح [নুজ্হ্] সাফল্য, সফলতা, কৃতকার্যতা, সফল পরিণতি, সন্তোষজনক অগ্রগতি

نَجْد [নাজ্দ] সাহায্য, সমর্থন, সহায়তা, নাজ্দ (অঞ্চল)

نَجْد ج نُجُود، أَنْجَاد، نِجَاد [নাজ্দ] উচ্চভূমি, মালভূমি, প্রস্তরময় অঞ্চল, সুস্পষ্ট পথ

نَجْد ج أَنْجَاد [নাজ্দ] সাহসী, বিক্রমশালী

نَجَدَ [ن] (نَجْد) [নাজাদা] সাহায্য করা, সমর্থন করা, সহায়তা দেওয়া

نَجِدَ [س] (نَجَد) [নাজিদা] ঘর্মাক্ত হওয়া, ঘামা

نَجُدَ [ك] (نُجُود ، نَجَادَة ، نَجْدَة) [নাজুদা] স্পষ্ট হওয়া, পরিষ্কার হওয়া, সাহসী হওয়া, সক্ষম হওয়া

نَجَّدَ (تَنْجِيد) [نجد] [নাজ্জাদা] সাজিয়ে রাখা, গুছিয়ে রাখা, চেয়ার ইত্যাদিতে গদি লাগানো, আসবাবপত্রে সজ্জিত করা, গৃহসজ্জা করা, (তুলার) জট ছাড়ানো, অভিজ্ঞ করা

نَجْدَة ج نَجَدَات [নাজ্দাহ্] সাহায্য, সহায়তা, ত্রাণ, উদ্ধার, সাহস, বীরত্ব

اَلنَّجْدَة! اَلنَّجْدَة! [আন-নাজ্দাহ্! আন-নাজ্দাহ্!] বাঁচাও! বাঁচাও!

نَجَذَ [ض] (نَجْذ) [নাজাযা] পেষণদন্ত দ্বারা জোরে কামড় দেওয়া, বারবার অনুরোধ করে বিরক্ত করা, পীড়াপীড়ি করা

نَجَّذَ (تَنْجِيذ) [نجذ] [নাজ্জাযা] পরীক্ষা করা, অভিজ্ঞ করা, ঝানু করা

نَجْر [নাজ্র] তাপ, উষ্ণতা, মূল, বর্ণ, বংশ-মর্যাদা, মহত্ত্ব, আভিজাত্য

نَجَر [নাজার] প্রচণ্ড তৃষ্ণা, তীব্র পিপাসা

نَجَرَ [ن] (نَجْر) [নাজারা] (কাঠ) কাটা, রেঁদা মেরে সমান করা, (দিন) উষ্ণ হওয়া, (পানি) গরম করা, মেরে তাড়িয়ে দেওয়া, (উট) জোরে চালানো, মনস্থ করা

نَجِرَ [س] (نَجَر) [নাজিরা] তৃষ্ণা লাগা, পিপাসা লাগা, তৃষ্ণার্ত হওয়া, পিপাসার্ত হওয়া

نَجْرَان [নাজ্রান] তৃষ্ণার্ত, পিপাসার্ত, যে কাষ্ঠ-খণ্ডের উপর দরজা ঘোরে, নাজরানঃ হেজায ও ইয়েমেনের মধ্যবর্তী একটি স্থান

نَجْز [নাজ্য] সম্পাদন, পালন, পূরণ, কার্যকর-করণ, বাস্তবায়ন

نَجَزَ [ن] (نَجْز) [নাজাযা] সম্পন্ন করা, সম্পাদন করা, কার্যকর করা, বাস্তবায়িত করা, পূরণ করা, পালন করা

نَجِزَ [س] (نَجَز) [নাজিযা] সম্পন্ন হওয়া, সম্পাদিত হওয়া, কার্যকর হওয়া, বাস্তবায়িত হওয়া, অর্জিত হওয়া

نَجَّزَ (تَنْجِيز) [نجز] [নাজ্জাযা] সম্পাদন করা,

সম্পন্ন করা, কার্যকর করা, বাস্তবায়িত করা, পূরণ করা, পালন করা

نَجْس ج أَنْجَاس [নাজ্স] নাপাক, অপবিত্র, ময়লা, নোংরা, কলুষিত, অপরিচ্ছন্ন

نَجَس [নাজাস] ময়লা, মল, কলুষ, অপরিচ্ছন্নতা

نَجِس ج أَنْجَاس [নাজিস] অপবিত্র, অপরিচ্ছন্ন, নাপাক, ময়লা, নোংরা, কলুষিত

نَجِسَ [س] (نَجَس) [নাজিসা] অপবিত্র হওয়া, নাপাক হওয়া, নোংরা হওয়া, কলুষিত হওয়া

نَجُسَ [ك] (نَجَاسَة) [নাজুসা] অপবিত্র হওয়া, নাপাক হওয়া, নোংরা হওয়া, কলুষিত হওয়া

نَجَّسَ (تَنْجِيس) [نجس] [নাজ্জাসা] অপবিত্র করা, নাপাক করা, নোংরা করা, কলুষিত করা

نَجَشَ [ن] (نَجْش) [নাজাশা] ছড়িয়ে দেওয়া, প্রচার করা, বের করা, অনুসন্ধান করা, একত্রিত করা, (আগুন) জ্বালানো, ধরানো, ত্বরা করা, (শিকার) তাড়িয়ে নেওয়া, চাপ দেওয়া

نَجْع ج نُجُوع [নাজ্'] ছোট গ্রাম, ক্ষুদ্র পল্লী

نَجَعَ [ف] (نَجْع ، نُجُوع) [নাজা'আ] উপকারী হওয়া, কার্যকর হওয়া, স্বাস্থ্যকর হওয়া

نُجِعَ [নুজি'আ] (বকরীর দুধ) পান করানো

نُجْعَة ج نُجَع [নুজ্'আহ] খাদ্যান্বেষণ, প্রত্যাশা, আশা

نَجَف ج نِجَاف [নাজাফ] টিলা, ঢিবি, উঁচু স্থান, বাঁধ

النَّجَف [আন-নাজাফ] নাজাফঃ মধ্য ইরাকের একটি শহর। এখানে হযরত আলীর (রা) মাযার অবস্থিত

نَجَفَ [ن] (نَجْف) [নাজাফা] (তীর) বানানো, (গাছ) গোড়া থেকে কাটা, (বকরীর) ওলান খালি করে দুধ দোহানো

نَجَّفَ (تَنْجِيف) [نجف] [নাজ্জাফা] পরিষ্কার করে ফেলা, সরিয়ে নেওয়া, উঠিয়ে নেওয়া

نَجَفَة [নাজাফাহ] টিলা, ঢিবি, উঁচু স্থান, বাঁধ

نُجْفَة [নুজফাহ] সামান্য পরিমাণ, কিঞ্চিত

نَجْل ج أَنْجَال ، نِجَال [নাজ্ল] সন্তান, বংশধর, পুত্র, পিতা, চুয়ানো বা ধীরে বহমান পানি, জনতা

نَجَلَ [ن] (نَجْل) [নাজালা] (সন্তান) জন্ম দেওয়া, জনক হওয়া, পিতা হওয়া, প্রকাশ করা, (ভূমি) কর্ষণ করা, (জবাইকৃত পশুর) পিছনের পায়ের নলা থেকে কেটে চামড়া ছাড়ানো

نَجَلَ [ض] (نَجْل) [নাজালা] নিক্ষেপ করা, মুছে দেওয়া, (বর্শা দ্বারা) আঘাত করা

نَجِلَ [س] (نَجَل) [নাজিলা] বড় ও সুন্দর চোখ-বিশিষ্ট হওয়া, ডাগরচক্ষু হওয়া

نُجْل [নুজ্ল] বড় ও সুন্দর চোখবিশিষ্ট, ডাগরচক্ষু (أَنْجَل-এর বহুবচন)

نَجْلَاء [نجل] [নাজ্লা'] বড়, প্রশস্ত (চক্ষু), বড় ও সুন্দর চোখবিশিষ্ট, ডাগরচক্ষু (أَنْجَل-এর স্ত্রীলিঙ্গ), প্রশস্ত ক্ষত

نَجْم ج نُجُوم ، أَنْجُم [নাজ্‌ম] তারকা, নক্ষত্র, জ্যোতিষ্ক, কৃত্তিকা, উদ্ভিদ, ঘাস, তৃণ

نَجْم ج نُجُوم [নাজ্‌ম] কিস্তি, অংশ, ভাগ

النَّجْم [আন-নাজ্‌ম] সূরা আন-নাজ্‌মঃ পবিত্র কোরআনের ৫৩তম সূরা

نَجْم ذُو ذَنَب [নাজ্‌ম যূ যানাব] ধূমকেতু

نَجْم الْقُطْب ، النَّجْم الْقُطْبِي [নাজমুল কুত্‌ব, আন-নাজমুল কুত্‌বী] ধ্রুবতারা, ধ্রুবনক্ষত্র

نَجْم مُذَنَّب [নাজ্‌ম মুযান্নাব] ধূমকেতু

عِلْم النُّجُوم ['ইলমুন নুজূম] জ্যোতির্বিদ্যা, জ্যোতিষশাস্ত্র

نَجَمَ [ن] (نُجُوم) [নাজামা] উদিত হওয়া, দৃষ্টি-গোচর হওয়া, উদ্ভূত হওয়া, সৃষ্টি হওয়া, জন্মলাভ করা, কিস্তিতে পরিশোধ করা

نَجَّمَ (تَنْجِيم) [نجم] [নাজ্জামা] নক্ষত্র পর্যবেক্ষণ করা, জ্যোতির্বিদ্যা চর্চা করা, জ্যোতিষশাস্ত্র চর্চা করা, কিস্তিতে পরিশোধ করা, কিস্তি করে দেওয়া

نَجْمَة ج نَجَمَات [নাজ্‌মাহ] (আকাশের) তারকা, তারা, নক্ষত্র, (সিনেমার) তারকা, তারকা-চিহ্ন, শব্দ, কাণ্ডবিহীন একপ্রকার তৃণ

نَجْو ج نِجَاء [নাজ্‌ও] নাজাত, নিষ্কৃতি, রেহাই, রক্ষা, গোপন কথা, পেট থেকে নির্গত বস্তু, পাদ, মল, পায়খানা

نَجْوَة ج نِجَاء [নাজ্‌ওয়াহ] উচ্চভূমি, মালভূমি

بِنَجْوَةٍ مِنْ [বি-নাজ্‌ওয়াতিন] মুক্ত, নিরাপদ, দূরে

فِي نَجْوَةٍ مِنْ [ফী নাজ্‌ওয়াতিন] মুক্ত, নিরাপদ,

দূরে

نَجْوَى ج نَجَاوِي ، نَجَاوٍ [نجو] [নাজ্ওয়া] গোপন কথা, গোপন বিষয়, একান্ত বিষয়, গোপন পরামর্শ

نَجَّى (تَنْجِيَة) [نجو] [নাজ্জা] নাজাত দেওয়া, নিষ্কৃতি দেওয়া, রেহাই দেওয়া, রক্ষা করা

نَجِيّ ج أَنْجِيَة [نجو] [নাজী] যার কাছে গোপন কথা বলা যায়, অন্তরঙ্গ বন্ধু, গোপন কথা, যে কথা বলে, উটচালকের আওয়াজ, আওয়াজ-কারী চালক, দ্রুতগামী (উট)

نَجِيب ج أَنْجَاب ، نُجَبَاء ، نُجُب [নাজীব] সম্ভ্রান্ত, অভিজাত, সদ্বংশীয়, উচ্চবংশীয়, মহৎ, শ্রেষ্ঠ

نَجِيبَة ج نَجَائِب [নাজীবাহ্] সম্ভ্রান্ত, অভিজাত, সদ্বংশীয়, উচ্চবংশীয়, মহৎ, শ্রেষ্ঠ (স্ত্রী)

نَجِيح [নাজীহ্] ঠিক, সঠিক, শুদ্ধ, সুস্থ, ধৈর্যশীল, সফল

نَجِيس [নাজীস] দুরারোগ্য, কঠিন (রোগ)

نَجِيع [নাজী'] উপকারী, কার্যকর, স্বাস্থ্যকর, রক্ত

نَجِيف ج نُجُف [নাজীফ] প্রশস্ত ফলাবিশিষ্ট তীর

نَجِيل ج نُجُل [নাজীল] ঘাস, তৃণ, লম্বা শিকড়-ওয়ালা একপ্রকার ঘাস, quitch

نَجِيم [নাজীম] সতেজ অবস্থায় উদ্গত (তৃণ)

نُجَيْم ، نُجَيْمَة [نجم] [নুজাইম, নুজাইমাহ্] ক্ষুদ্র নক্ষত্র, ছোট তারকা, ক্ষুদে তারকা

نَحَا [ن] (نَحْو) [نحو] [নাহা] উদ্দেশ্য করা, মনস্থ করা, গমন করা, অগ্রসর হওয়া

نَحَات [نحت] [নাহাত] প্রকৃতি, স্বভাব

نَحَّات [نحت] [নাহ্হাত] ভাস্কর, খোদাইকর

نُحَاتَة [نحت] [নুহাতাহ্] ভাস্কর্য কিংবা কর্তিত বস্তুর ছাঁট, খণ্ড, টুকরা, ফালি, চোকলা

نَحَّاس [نحس] [নাহ্হাস] তামার জিনিস প্রস্তুত-কারী, পিতলের কারিগর, কাঁসারি

نُحَاس [নুহাস] তাম্র, তামা, পিতল, কাঁসা, স্বভাব, মেজাজ, স্ফুলিঙ্গ

نُحَاس أَصْفَر [নুহাস আছ্ফার] পিতল

نَحَافَة [نحف] [নাহাফাহ্] কৃশতা, ছিপছিপে গড়ন, রুগ্নতা, দুর্বলতা

نَحَّال [نحل] [নাহ্হাল] মৌমাছি পালনকারী, মৌমাছিওয়ালা

نِحَالَة [نحل] [নিহালাহ্] মৌমাছিপালন

نَحَّام [نحم] [নাহ্হাম] কৃপণ, ব্যয়কুণ্ঠ, সিংহ

نُحَام [নুহাম] জলচর পাখিবিশেষ, ফ্লামিঙ্গো

نَحْب [নাহ্ব] বিলাপ, ক্রন্দন, কান্না, মানত, মৃত্যু, সময়, মেয়াদ, জীবনকাল

قَضَى نَحْبَهُ [ক্বাদা নাহ্বাহু] জীবনাবসান ঘটা, মারা যাওয়া, ইনতেকাল করা

نَحَبَ [ض] [ف] (نَحْب ، نَحِيب) [নাহাবা] বিলাপ করা, ক্রন্দন করা, কাঁদা

نُحْبَة [নুহ্বাহ্] লটারি, ভাগ্য

نَحْت [নাহ্ত] কর্তন, সাইজকরণ, রূপপ্রদান, ভাস্কর্য তৈরী, ভাস্কর্য, প্রকৃতি, স্বভাব

نَحَتَ [ن] [ض] (نَحْت) [নাহাতা] কাটা, কেটে সাইজ করা, রূপ দেওয়া, ভাস্কর্য বানানো

نَحْر [নাহ্র] জবাই, হত্যা, কোরবানি, নহরঃ বিশেষ নিয়মে উট জবাই

نَحْر ج نُحُور [নাহ্র] গলা, বুকের উপরিভাগ

يَوْم النَّحْر [ইয়াওমুন নাহ্র] কোরবানির দিন

نَحَرَ [ف] (نَحْر) [নাহারা] জবাই করা, হত্যা করা, গলা কাটা, (উট) নহর করা, কোরবানি করা

نِحْر [নিহ্র] দক্ষ, সুদক্ষ, অভিজ্ঞ, বিচক্ষণ, ঝানু

نِحْرِير ج نَحَارِير [নিহ্রীর] দক্ষ, সুদক্ষ, অভিজ্ঞ, বিচক্ষণ, ঝানু

نَحْس [নাহ্স] দুর্যোগপূর্ণ, কঠিন, অশুভ, মনহুস, অমঙ্গলজনক, অভাগা, দুর্ভাগা

نَحْس ج نُحُوس [নাহ্স] দুর্ভাগ্য, দুঃখ, দুর্দশা, বিপদ, দুর্যোগ, কষ্ট

نَحَسَ [ف] (نَحْس) [নাহাসা] অমঙ্গল নিয়ে আসা, অসুখী করা, কষ্ট দেওয়া, ক্ষতি করা

نَحِس [নাহিস] দুর্যোগপূর্ণ, অশুভ, অমঙ্গলজনক, অপয়া, মনহুস, কঠিন, কষ্টকর, অভাগা, দুর্ভাগা

نَحِسَ [س] (نَحَس) [নাহিসা] অপয়া হওয়া, মন-হুস হওয়া, অশুভ হওয়া, অমঙ্গলজনক হওয়া

نَحُسَ [ك] (نُحُوسَة) [নাহুসা] অশুভ হওয়া, মন-

হ্রস হওয়া, অপয়া হওয়া, অমঙ্গলজনক হওয়া

نَحَّسَ (تَنْحِيس) [نحس] [নাহ্‌হাসা] তামা দিয়ে মোড়া, তামার পাত লাগানো, পিতলের প্রলেপ লাগানো

نُحَس [নুহাস] চান্দ্রমাসের শেষের তিন রাত

نَحِف [নাহিফ] কৃশ, কাহিল, ছিপছিপে, হালকা-পাতলা, দুর্বল, রোগা

نَحِفَ [س] (نَحَف) [নাহিফা] কৃশ হওয়া, দুর্বল হওয়া, পাতলা হওয়া, ছিপছিপে হওয়া, শুকিয়ে যাওয়া

نَحُفَ [ك] (نَحَافَة) [নাহুফা] কৃশ হওয়া, দুর্বল হওয়া, পাতলা হওয়া, ছিপছিপে হওয়া, শুকিয়ে যাওয়া

نَحْل [নাহ্‌ল] মৌমাছি, মধুমক্ষিকা, মধুকর, ভ্রমর

النَّحْل [আন-নাহ্‌ল] সূরা আন-নাহলঃ পবিত্র কোরআনের ১৬শ সূরা

نَحَلَ [ف] (نَحْل) [নাহালা] নিজের বলে দাবি করা, (রোগ) কৃশ করা, দুর্বল করা, গালি দেওয়া

نَحَلَ [ف] (نُحْل) [নাহালা] উপহার দেওয়া, দান করা, (স্ত্রীকে) মোহরানা দেওয়া

نَحَلَ [ن] [ف] (نُحُول) [নাহালা] কাহিল হওয়া, দুর্বল হওয়া, হালকা-পাতলা হওয়া, কৃশ হওয়া

نَحِلَ [س]، نَحُلَ [ك] (نُحُول) [নাহিলা, নাহুলা] শীর্ণ হওয়া, কৃশ হওয়া, হালকা-পাতলা হওয়া, কাহিল হওয়া, দুর্বল হওয়া

نَحَّلَ (تَنْحِيل) [نحل] [নাহ্‌হালা] দেওয়া, দান করা, দেওয়ার জন্য নির্দিষ্ট করে রাখা

نُحْل [নুহ্‌ল] শীর্ণতা, কৃশতা, দান, উপহার

نَحْلَة [নাহ্‌লাহ্‌] মৌমাছি, মধুমক্ষিকা, মধুকর

نِحْلَة ج نِحْلَات ، نِحَل [নিহ্‌লাহ্‌] উপহার, দান, অনুদান, মোহরানা, ধর্ম, বিশ্বাস, সম্প্রদায়

نِحْلَةً [নিহ্‌লাতান] খুশিমনে, আনন্দের সাথে, সানন্দে

نُحْلَى [নুহ্‌লা] দান, অনুদান, উপহার

نَحَمَ [ض] (نَحْم ، نَحِيم ، نَحَمَان) [নাহামা] গলাখাঁকার দেওয়া, গলা ঝাড়া, গলা পরিষ্কার করা, কাশি দেওয়া, (সিংহ) গর্জন করা

نَحْمَة [নাহ্‌মাহ্‌] গলাখাঁকার, কাশি, গর্জন, শব্দ

نَحْنُ [নাহ্‌নু] আমরা, মোরা

نَحْنَحَ (نَحْنَحَة) [নাহ্‌নাহা] গলাখাঁকার দেওয়া, গলা ঝাড়া, গলা পরিষ্কার করা

نَحْو ج أَنْحَاء [নাহ্‌ও] দিক, প্রান্ত, পার্শ্ব, অংশ, পথ, পদ্ধতি, রকম, ধরন, উদাহরণ, পরিমাণ

فِي كُلِّ أَنْحَاءِ الْعَالَمِ [ফী কুল্লি আনহাইল 'আলাম] পৃথিবীর সকল প্রান্তে, সারা পৃথিবীতে

النَّحْو ، عِلْم النَّحْو [আন-নাহ্‌ও, 'ইলমুন নাহ্‌ও] পদ ও বাক্য-বিন্যাসশাস্ত্র, ব্যাকরণ

نَحْوَ [নাহ্‌ওয়া] দিকে, প্রতি, যেমন, যথা, প্রায়

نُحُوسَة [نحس] [নুহূসাহ্‌] অশুভ, অমঙ্গল

نُحُول [নুহূল] কৃশতা, শীর্ণতা, ছিপছিপে গড়ন, দুর্বলতা, রুগ্নতা

نَحْوِيّ [নাহ্‌বী] ব্যাকরণবিদ, বৈয়াকরণ, ব্যাকরণ-সম্বন্ধীয়, ব্যাকরণ-বিষয়ক

نَحَّى (تَنْحِيَة) [نحي] [নাহ্‌হা] সরানো, সরিয়ে দেওয়া, অপসারিত করা, বরখাস্ত করা, দূরীভূত করা

نَحِيب [নাহীব] বিলাপ, ক্রন্দন, রোদন, কান্না

نَحِيت [নাহীত] কেটে গড়া হয়েছে এমন, মূর্তির (ভাস্কর্যের) রূপ দেওয়া হয়েছে এমন, খোদাইকৃত

نَحِيَّة [نحي] [নাহিয়্যাহ্‌] উদ্দেশ্য, লক্ষ্য, লক্ষ্য-বস্তু

نَحِيتَة [نحت] [নাহীতাহ্‌] প্রকৃতি, স্বভাব, ধাত

نَحِيح [নাহীহ্‌] কৃপণ, ব্যয়কুণ্ঠ, গলাখাঁকার

نَحِير [نحر] [নাহীর] জবাইকৃত, নহরকৃত (উট)

نَحِيزَة ج نَحَائِز [নাহীযাহ্‌] স্বভাব, প্রকৃতি, চরিত্র, ধাত, মেজাজ, প্রবণতা

نَحِيف ج نِحَاف ، نُحَفَاء [নাহীফ] শীর্ণ, রোগা, কৃশ, ছিপছিপে, হালকা-পাতলা, দুর্বল

نَحِيل ج نِحَال ، نَحْلَى [নাহীল] দুর্বল, কাহিল, রোগা, শীর্ণ, কৃশ, হালকা-পাতলা

نَحِيم [نحم] [নাহীম] গলাখাঁকার, কাশি, গর্জন

نَخَّ [ن] (نَخّ) [নাখ্‌খা] উদ্যমের সাথে চলা, জোরে চলা, (উটকে) জোরে চালানো, "নিখ্‌" "নিখ্‌" বলে হাঁটু গেড়ে বসতে বলা, সামনে ঝোঁকা, মাথা নিচু করা

نَخَا [ن] (نَخْو ، نَخْوَة) [نخو] [নাখা] প্রশংসা করা, গর্ব করা, গর্বিত হওয়া, উদ্ধত হওয়া

نَخَّاس [نخس] [নাখ্খাস] গবাদিপশু-ব্যবসায়ী, দাস-ব্যবসায়ী

نِخَاسَة [نخس] [নিখাসাহ্] গবাদিপশুর ব্যবসা, দাস-ব্যবসা

نُخَاع ، نِخَاع ج نُخُع [নুখা', নিখা'] মেরুদণ্ডের তন্ত্রী, মেরুরজ্জু, মেরুদণ্ডের মজ্জা, অস্থিমজ্জা

نُخَاعَة [نخع] [নুখা'আহ্] কফ, শ্লেষ্মা

نُخَالَة [নুখালাহ্] তুষ, ভূষি, কুড়া, আবর্জনা

نُخَامَة [نخم] [নুখামাহ্] কফ, শ্লেষ্মা

نَخَبَ [ن] (نَخْب) [নাখাবা] মনোনীত করা, বাছাই করা, পছন্দ করা, নির্বাচিত করা

نُخْبَة ج نُخَب [নুখ্বাহ্] বাছাইকৃত অংশ, বাছাই, শ্রেষ্ঠাংশ, শ্রেষ্ঠ ব্যক্তিবর্গ

نَخْر [নাখার] ক্ষয়, ক্ষয়িষ্ণুতা, পচন

نَخَرَ [ن] [ض] (نَخْر ، نَخِير) [নাখারা] নাক ডাকা, (পোকায়) কাটা, ছিদ্র করা, খেয়ে ফেলা

نَخِر [নাখির] পোকায়-কাটা, পোকাধরা, পোকরা, কীটদষ্ট, ক্ষয়ে-যাওয়া, ক্ষয়িষ্ণু, ক্ষয়প্রাপ্ত, পচা, নষ্ট

نَخِرَ [س] (نَخَر) [নাখিরা] ক্ষয়প্রাপ্ত হওয়া, পচে যাওয়া, নষ্ট হয়ে যাওয়া, কীটদষ্ট হওয়া

نَخْرَبَ (نَخْرَبَة) [নাখ্রবা] ছিদ্র করা, গর্ত করা, ক্ষয় করা, খেয়ে গর্ত করা

نُخْرُوب ج نَخَارِيب [نخرب] [নুখ্রূব] ছিদ্র, গর্ত, ফুটা, ফাঁক, মৌচাকের ঘর বা গর্ত, মধুচক্রকোষ

نُخْرُوبِيّ [নুখ্রূবী] ছিদ্রযুক্ত, ছিদ্রময়, গর্তযুক্ত, ফুটা-ফুটা

نَخَزَ [ف] (نَخْز) [নাখাযা] ছিদ্র করা, ফুটা করা, বিদ্ধ করা, খোঁচা মারা

نَخَسَ [ن] [ف] (نَخْس) [নাখাসা] খোঁচা মারা, গুঁতা মারা, তাড়িয়ে নেওয়া

نَخَعَ [ف] (نَخْع) [নাখা'আ] (পশু) জবাই করা, হত্যা করা, আন্তরিক বন্ধুত্ব পোষণ করা, আন্তরিক উপদেশ দেওয়া, অধিকার স্বীকার করা, আয়ত্ত করা, ভালভাবে জানা

نَخِعَ [س] (نَخَع) [নাখি'আ] রসালো হওয়া

نَخِعَ بِ [-- বি] (অধিকার) স্বীকার করা

نَخْل [নাখ্ল] খেজুরগাছ, খেজুর

نَخَلَ [ن] (نَخْل) [নাখালা] ছাঁকা, চালনি দিয়ে ছাঁকা, ছেঁকে আলাদা করা, চালা

نَخْلَة [নাখ্লাহ্] খেজুরগাছ, খেজুর

نَخِمَ [س] (نَخَم) [নাখিমা] কফ ফেলা, শ্লেষ্মা বের করা, গলা পরিষ্কার করা

نَخْنَخَ (نَخْنَخَة) [নাখ্নাখা] (উটকে) হাঁটু গেড়ে বসানো, "নিখ্" "নিখ্" বলে বসতে বলা, ধমক দিয়ে তাড়িয়ে দেওয়া, জোরে চলা

نَخْوَة [নাখ্ওয়াহ্] গর্ব, অহঙ্কার, বড়াই, অহমিকা, সম্মানবোধ, আত্মমর্যাদাবোধ, উদারতা

نَخِيب ج نُخُب [নাখীব] সাহসহারা, কাপুরুষ

نَخِير [নাখীর] নাক-ডাকা শব্দ, নাসিকা-ধ্বনি

نَخِيل [نخل] [নাখীল] খেজুরগাছ, খেজুর

نَخِيلَة ج نَخَائِل [نخل] [নাখীলাহ্] খেজুরগাছ, প্রকৃতি, স্বভাব, ধাত, মেজাজ, খাঁটি উপদেশ

نَدّ [নাদ্] পলায়ন, উঁচু টিলা, বড় পাহাড়, ধূপ

نَدَّ [ض] (نَدّ، نَدَد، نِدَاد، نُدُود، نَدِيد) [নাদ্দা] পালিয়ে যাওয়া, চলে যাওয়া, সরে পড়া, (শব্দ) ব্যতিক্রমী হওয়া, অনিয়মিত হওয়া, বিরল হওয়া

نِدّ ج أَنْدَاد [নিদ্] সমকক্ষ, প্রতিপক্ষ, অংশীদার, শরীক

نَدَا [ن] (نَدْو) [ندو] [নাদা] সভা করা, সমবেত হওয়া, একত্রে মিলিত হওয়া, সমবেত করা

نِدَاء [ندو] [নিদা'] ডাক, সম্বোধন, আহ্বান, ফরিয়াদ, তলব, ঘোষণা

حَرْف النِّدَاء [হার্‌ফুন নিদা'] সম্বোধন-অব্যয়

نَدَّاب [ندب] [নাদ্দাব] ক্রন্দনকারী, বিলাপকারী, শোককারী

نَدَّاف [ندف] [নাদ্দাফ] (তুলা) ধুননকারী, ধুনারী, অতিভোজী

نِدَافَة [নিদাফাহ্] তুলা ধুননের কাজ, তুলা ধুনন

نَدَامَة [নাদামাহ্] অনুশোচনা, অনুতাপ, পরিতাপ, লজ্জা

نَدَاوَة [ندو] [নাদাওয়াহ্] সিক্ততা, আর্দ্রতা

نَدْب [নাদ্‌ব] শোক, বিলাপ, ক্রন্দন, প্রতিনিধিত্ব

نَدَب ج أَنْدَاب ، نُدُوب [নাদাব] ক্ষতের দাগ, ফোড়ার দাগ, ক্ষতচিহ্ন

نَدَبَ [ن] (نَدْب) [নাদাবা] শোক করা, বিলাপ করা, প্রতিনিধি নিয়োগ করা

نَدِبَ [س] (نَدَب) [নাদিবা] (ক্ষত) সেরে যাওয়া, (ক্ষতের) দাগ থেকে যাওয়া

نَدْبَة ، نَدَبَة [নাদ্‌বাহ, নাদাবাহ] ফোড়ার দাগ, ক্ষতের দাগ, ক্ষতচিহ্ন

نُدْبَة [নুদ্‌বাহ] মৃতের জন্য ক্রন্দন, বিলাপ, শোক, শোকগাথা, অন্ত্যেষ্টিগাথা

نَدَّدَ (تَنْدِيد) [ندد] بِ [নাদ্দাদা] দোষারোপ করা, তিরস্কার করা, নিন্দা করা, গালি দেওয়া, কুৎসা করা, দোষ বলা, প্রচার করা, ছড়িয়ে দেওয়া, বিক্ষিপ্ত করা, (স্বর) উঁচু করা

نَدْر [নাদ্‌র] স্বল্প, বিরল, দুর্লভ, অভিনব, অনন্য-সাধারণ

نَدَرَ [ن] (نَدْر ، نُدُور) [নাদারা] দুর্লভ হওয়া, বিরল হওয়া, স্বল্প হওয়া, অনন্যসাধারণ হওয়া

نَدُرَ [ك] (نَدَارَة) [নাদুরা] অভিনব হওয়া, বিচিত্র হওয়া, বিরল হওয়া, অনন্যসাধারণ হওয়া, সুন্দর হওয়া

نَدْرَة ، نُدْرَة [নাদ্‌রাহ, নুদ্‌রাহ] বিরলতা, স্বল্পতা, দুষ্প্রাপ্যতা, অভাব

نَدَفَ [ض] (نَدْف) [নাদাফা] (তুলা, পশম) ধুনা, জট ছাড়ানো

نُدْفَة ج نُدَف [নুদ্‌ফাহ] সামান্য পরিমাণ (দুধ), গুচ্ছ, থাক, থোকা, ডেলা, কণা

نُدْفَة الثَّلْج [নুদ্‌ফাতুছ ছাল্‌জ] তুষারকণা, snow-flake

نَدْل [নাদ্‌ল] ছিনতাই, অপহরণ, ময়লা

نَدَلَ [ن] (نَدْل) [নাদালা] দ্রুত ছিনিয়ে নেওয়া, কেড়ে নেওয়া, নিয়ে নেওয়া, বের করা

نَدِلَ [س] (نَدَل) [নাদিলা] (হাত) ময়লা হওয়া, ময়লাযুক্ত হওয়া, নোংরা হওয়া

نَدَم [নাদাম] অনুশোচনা, অনুতাপ, পরিতাপ, লজ্জা

نَدِمَ [س] (نَدَم ، نَدَامَة) [নাদিমা] অনুশোচনা করা, অনুতাপ করা, পরিতাপ করা, অনুতপ্ত হওয়া, লজ্জিত হওয়া

نَدْمَان ج نَدَامَى [ندم] [নাদ্‌মান] অনুতপ্ত, লজ্জিত

نَدْوَة ج نَدَوَات [নাদ্‌ওয়াহ] সংঘ, সভা, আসর, ক্লাব, পরিষদ, সেমিনার, বদান্যতা, দানশীলতা

نُدُوَّة [ندو] [নুদুওওয়াহ] সিক্ততা, আর্দ্রতা

نُدُورَة [ندر] [নুদূরাহ] বিরলতা, স্বল্পতা, অভাব

نَدًى ج أَنْدَاء ، أَنْدِيَة [ندو] [নাদা] শিশির, আর্দ্রতা, সিক্ততা, দানশীলতা, বদান্যতা, উদারতা

نَدِي ، نَدٍ [ندو] [নাদী] সিক্ত, আর্দ্র, সেঁতসেঁতে, ভিজা

نَدِيّ [ندو] [নাদী] সিক্ত, আর্দ্র, সেঁতসেঁতে, ভিজা, নরম, কোমল, বিনম্র, উদার, মুক্তহস্ত, দানশীল

نَدِيّ ج أَنْدِيَة [ندو] [নাদী] সভা, মজলিস, সমিতি, সংঘ, ক্লাব, আড্ডা

نَدِيّ الْيَد [নাদিয়্যুল ইয়াদ] উদারহস্ত, দানশীল, মুক্তহস্ত, উদার, বদান্য

نَدِيَ [س] (نَدًى ، نَدَاوَة) [ندو] [নাদিয়া] সিক্ত হওয়া, আর্দ্র হওয়া, সেঁতসেঁতে হওয়া

نَدَّى (تَنْدِيَة) [ندو] [নাদ্দা] ভিজানো, আর্দ্র করা, সিক্ত করা, শিশিরসিক্ত করা

نَدْيَان [ندو] [নাদ্‌ইয়ান] সিক্ত, সেঁতসেঁতে, আর্দ্র, ভিজা

نَدِيد ج نُدَدَاء [ندد] [নাদীদ] সমকক্ষ, প্রতিপক্ষ

نَدِيف [নাদীফ] ধোনা হয়েছে এমন, ধুননকৃত, ধুনিত (তুলা, পশম)

نَدِيم ج نُدَمَاء ، نِدَام ، نُدْمَان [নাদীম] আড্ডার সঙ্গী, মদ্যপানের সাথী, অন্তরঙ্গ বন্ধু

نَدِيمَة ج نِدَام ، نُدَمَاء ، نُدْمَان [নাদীমাহ] মদ্য-পানের সাথী, আড্ডার সঙ্গী, অন্তরঙ্গ বন্ধু

نِذَارَة [نذر] [নিযারাহ] ভীতিপ্রদর্শন, সতর্কীকরণ

نَذَالَة [نذل] [নাযালাহ] নীচতা, হীনতা, ইতরতা, ইতরামি, ছোটলোকি

نَذْر ج نُذُور [নায্‌র] নজর, মানত, উৎসর্গ, প্রতিজ্ঞা

نَذَرَ [ن] [ض] (نَذْر) [নাযারা] মানত করা, উৎসর্গ করা, নিবেদন করা, প্রতিজ্ঞা করা

نَذِرَ [س] (نَذَر) بِ [নাযিরা] সতর্ক করা, সতর্ক থাকা, সাবধান থাকা, সতর্কতা অবলম্বন করা

نُذْر ، نُذُر [নুয্‌র, নুযুর] ভীতিপ্রদর্শন, সতর্কীকরণ

نَذْل ج أَنْذَال ، نُذُول [নায্‌ল] হীন, নীচ, নিকৃষ্ট, ইতর, ছোটলোক

نَذُلَ [ك] (نَذَالَة ، نُذُولَة) [নাযুলা] হীন হওয়া, নীচ হওয়া, নিকৃষ্ট হওয়া, ছোটলোক হওয়া, ইতর হওয়া

نَذِير ج نُذُر [নাযীর] সতর্ককারী, ভীতিপ্রদর্শনকারী, সতর্কীকরণ, সতর্কবাণী, উৎসর্গীকৃত, মানতকৃত

نَذِيرَة ج نَذَائِر [نذر] [নাযীরাহ্] মানতের বস্তু, মানতকৃত বস্তু, মানত

نَذِيل ج نُذَلَاء ، نِذَال [নাযীল] হীন, নীচ, নিকৃষ্ট, ইতর, ছোটলোক

نَرْبِيج ، نَرْبِيش [নারবীজ, নারবীশ] পাইপ, নল, হোসপাইপ

نَرْجِس ، نِرْجِس [নারজিস, নিরজিস] নার্গিস (ফুল)

نَرْجِس بَرِّيّ [নারজিস বাররী] ড্যাফোডিল (ফুল)

نَرْد [নারদ] পাশা, পাশাখেলা, খেজুরপাতার তৈরী একপ্রকার থলে

نَرْدِين [নারদীন] সুগন্ধ লতাবিশেষ

نَرْنَج [নারনজ] কমলালেবুজাতীয় একপ্রকার টক ফল ও তার গাছ, জামির

النَّرْوِيج [আন-নুরবীজ] নরওয়ে (দেশ)

نَزّ ج نُزُوع [নায্] চুয়ানো পানি, ফোঁটায় ফোঁটায় পড়া পানি, অস্থির, চঞ্চল, মেধাবী, উদার

نَزَّ [ض] (نَزّ ، نَزِيز) [নায্‌যা] চুয়ানো, ক্ষরিত হওয়া, ফোঁটায় ফোঁটায় পড়া, কম্পিত হওয়া, আন্দোলিত হওয়া

نِزّ ج نُزُوع [নিয্] চুয়ানো পানি, ফোঁটায় ফোঁটায় পড়া পানি

نَزَا [ن] (نَزْو ، نُزُوّ ، نَزَوَان) [نزو] [নাযা] লাফ দেওয়া, লাফানো, লাফিয়ে ওঠা, মাথাচাড়া দেওয়া, (জীবজন্তু) যৌন সঙ্গম করা

نَزَا بِهِ قَلْبُهُ إِلَى [-- বিহী ক্বালবুহূ ইলা] উৎসুক হওয়া, আগ্রহান্বিত হওয়া

نَزَا (نَزَوَان) عَنْ [-- 'আন] পালিয়ে যাওয়া, সরে পড়া

نَزَاء ، نِزَاء [نزو] [নাযা', নিযা'] জীবজন্তুর যৌন মিলন

نِزَاع [নিযা'] ঝগড়া, বিতর্ক, বিবাদ, মকদ্দমা, বিরোধ, মরণোন্মুখ অবস্থা

نَزَّاع [نزع] [নায্‌যা'] খুলে আনে এমন, টেনে বের করে আনে এমন, উৎপাটনকারী, আগ্রহী, ইচ্ছুক, প্রবণ

نَزَّاعَة ج نَزَّاعَات [نزع] [নায্‌যা'আহ্] টেনে বের করার যন্ত্র, রিমুভার (remover)

نَزَالِ [নাযালি] নেমে এসো!

نِزَال [نزل] [নিযাল] যুদ্ধ, দ্বন্দ্ব, সঙ্ঘাত

نِزَالَة [নিযালাহ্] সফর, আতিথেয়তা, আতিথ্য

نَزَاهَة [نزه] [নাযাহাহ্] পবিত্রতা, নিষ্কলুষতা, সততা, খাঁটিত্ব

نَزْوَة [نزو] [নায্‌যাহ্] প্রবল কামনা, লালসা, কাম, কামুকতা

نَزَح ج أَنْزَاح [নাযাহ্] ঘোলা পানি, পানিশূন্য কূপ

نَزَحَ [ف] (نَزْح ، نُزُوح) [নাযাহা] দূরে যাওয়া, চলে যাওয়া, ছেড়ে যাওয়া, ফুরিয়ে যাওয়া, খালি করা, শূন্য করা, শুষ্ক করা

نَزْر [নায্‌র] স্বল্প, সামান্য, নগণ্য, অকিঞ্চিতকর, তুচ্ছ পরিমাণ

نَزَرَ [ن] (نَزْر) [নাযারা] পীড়াপীড়ি করা, চাপ প্রয়োগ করা, একটু একটু করে বের করে আনা

نَزُرَ [ك] (نَزْر ، نَزَارَة) [নাযারা] কম হওয়া, স্বল্প হওয়া, সামান্য হওয়া, (উষ্ট্রীর) দুধ কম হওয়া

نَزَّرَ (تَنْزِير) [نزر] [নায্‌যারা] কম দেওয়া, অল্প দেওয়া

نَزِرَة ج نُزُور [নাযিরাহ্] যে নারীর সন্তান-সংখ্যা কিংবা বুকের দুধের পরিমাণ কম

نَزْع [নায্'] অপসারণ, বিদূরণ, উৎপাটন, মুক্তকরণ, পরিহার

نَزْع السِّلَاح [নায্'উস সিলাহ্] অস্ত্রমুক্তকরণ, নিরস্ত্রীকরণ

نَزَعَ [ض] (نَزْع) [নাযা'আ] অপসারিত করা, উৎপাটন করা, উপড়ানো, টেনে বের করা, উৎখাত করা, খুলে ফেলা, মুক্ত করা, নষ্ট করা

نَزَعَ (نُزُوع) إِلَى [-- ইলা] আগ্রহী হওয়া, কামনা করা, ঝুঁকে পড়া, আশ্রয় নেওয়া, গমন করা

نَزَعَ عَنْ [-- 'আন] বিরত থাকা, পরিহার করা, দূরে থাকা

نَزَّعَ (تَنْزِيع) [نزع] [নায্যা'আ] অপসারণ করা, সরানো, দূর করা, উৎপাটিত করা

نَزْعَة ج نَزَعَات [নায্'আহ্] ঝোঁক, প্রবণতা, আগ্রহ

نَزْغ [নায্গ] প্ররোচনা, কুমন্ত্রণা, খোঁচা, দংশন

نَزَغَ [ف] (نَزْغ) [নাযাগা] বিদ্ধ করা, খোঁচা মারা, দংশন করা, আহত করা, প্ররোচিত করা

نَزَغَ إِلَى [-- ইলা] প্ররোচনা দেওয়া, প্ররোচিত করা, কুমন্ত্রণা দেওয়া

نَزْغَة ج نَزَغَات [নায্গাহ্] প্ররোচনা, কুমন্ত্রণা

نَزْف [নায্ফ] নিষ্কাশন, রক্তক্ষরণ, রক্তশূন্যতা

نَزَفَ [ض] (نَزْف) [নাযাফা] নিঃশেষ করা, শূন্য করা, ফুরিয়ে ফেলা, শুকিয়ে ফেলা

نُزِفَ [নুযিফা] নিঃশেষিত হওয়া, রক্তশূন্য হওয়া, মাতাল হওয়া, চেতনা হারানো

نُزْفَة ج نُزَف [নুয্ফাহ্] সামান্য পরিমাণ (পানি)

نَزَق [নাযাক] হঠকারিতা, অপরিণামদর্শিতা, চিন্তা-শূন্যতা, অমনোযোগিতা

نَزِق [নাযিক] না ভেবে কাজ করে এমন, হঠকারী, অপরিণামদর্শী, চিন্তাশূন্য, অমনোযোগী, আবেগ-প্রবণ, কোপনস্বভাব

نَزِقَ [س] (نَزَق) [নাযিক্বা] না ভেবে কাজ করা, হঠকারিতা করা, অপরিণামদর্শী হওয়া

نَزْل ج نُزُول ، نُزُل [নায্ল] হোটেল, পান্থশালা, সরাইখানা

نَزَلَ [ض] (نُزُول) [নাযালা] অবতরণ করা, নামা, নিচে নামা, নেমে যাওয়া, হ্রাস পাওয়া, নাযিল হওয়া, যাত্রাবিরতি করা, অবস্থান করা, থাকা, বাস করা

نَزِلَ [س] (نَزْلَة) [নাযিলা] সর্দিতে আক্রান্ত হওয়া, ঠাণ্ডা লাগা

نَزَّلَ (تَنْزِيل) [نزل] [নায্যালা] অবতীর্ণ করা, নাযিল করা, নামানো, কমানো, হ্রাস করা, অভ্যর্থনা জানানো, প্রবিষ্ট করা

نُزْل ، نُزُل ج أَنْزَال [নুয্ল, নুযুল] সরাইখানা, পান্থশালা, আতিথেয়তা, অতিথির খাবার

نَزْلَة ج نَزَلَات [নায্লাহ্] সর্দি, শিকনি, শ্লেষ্মা, অবতরণ

نَزْلَة وَافِدَة [নায্লাহ্ ওয়াফিদাহ্] ইনফ্লুয়েঞ্জা

نَزَه [নাযাহ্] পবিত্রতা, নিষ্কলুষতা, সততা, খাঁটিত্ব

نَزِه [নাযিহ্] পবিত্র, দোষমুক্ত, নিষ্কলুষ, খাঁটি, সৎ, ন্যায়পরায়ণ

نَزُهَ [ك] (نَزَاهَة) [নাযুহা] পবিত্র হওয়া, দোষমুক্ত হওয়া, সম্মানিত হওয়া, খাঁটি হওয়া

نَزَّهَ (تَنْزِيه) [نزه] [নায্যাহা] পবিত্র করা, পবিত্র বলে ঘোষণা করা, অনেক উর্ধ্বে মনে করা, আনন্দ দেওয়া

نُزْهَة ج نُزُهَات ، نُزَه [নুয্হাহ্] আনন্দ, আমোদ, প্রমোদ, বিনোদন, প্রমোদভ্রমণ, বনভোজন

نَزْو ، نُزُوّ [নায্ও, নুযু] জীবজন্তুর যৌন মিলন

نَزَوَان [নাযাওয়ান] জীবজন্তুর যৌন মিলন

نَزْوَة ج نَزَوَات [নায্ওয়াহ্] লম্ফ, আকস্মিক আক্রমণ, আবেগ, হঠাৎ জেগে ওঠা, ইচ্ছা, খেয়াল, খামখেয়ালিপনা

نَزُوح [নাযুহ্] দূরবর্তী, দূরে অবস্থিত, সুদূর

نُزُوح [নুযুহ্] দূরত্ব, দূরে গমন, দূরে অবস্থান, প্রস্থান, দেশত্যাগ

نُزُوع [নুযু'] ইচ্ছা, আগ্রহ, কামনা, প্রবণতা, ঝোঁক, আবেগ

نُزُول [নুযূল] অবতরণ, আগমন, সংঘটন, হ্রাস, পতন, অবস্থান, বসবাস

نَزْوِيّ [নায্বী] আবেগময়, খেয়ালী, খামখেয়ালী, পরিবর্তনশীল

نَزِيح [নাযীহ্] দূরবর্তী, দূরে অবস্থিত, সুদূর

نَزِير ج نُزُر [নাযীর] স্বল্প, সামান্য, অকিঞ্চিতকর, নগণ্য, তুচ্ছ পরিমাণ

نَزِيع ج نُزَّاع [নাযী'] আগন্তুক, দূরবর্তী, সম্ভ্রান্ত, উৎপাটিত, দেশের প্রতি গভীর টান আছে এমন, চয়নকৃত (ফল)

نَزِيف [নাযীফ] রক্তক্ষরণ, রক্তশূন্যতা, রক্তশূন্য

نَزِيل ج نُزَلَاء [নাযীল] মেহমান, অতিথি, আগন্তুক,

>Goto Top

বাসিন্দা

نَزِيه ج نُزَهَاء ، نِزَاه [নাযীহ] পবিত্র, দোষমুক্ত, নিষ্কলুষ, খাঁটি, সম্মানিত, ন্যায়পরায়ণ, সৎ

نَسَّ [ن] [ض] (نَسّ ، تَنْسَاس) [নাস্সা] পানির কাছে যাওয়া, কর্মঠ হওয়া, চটপটে হওয়া, (পশু) জোরে তাড়িয়ে নেওয়া

نَسًا ج أَنْسَاء [নাসা] নিতম্ব ও উরুর মধ্য দিয়ে বিস্তৃত স্নায়ু, শ্রোণিস্নায়ু, সাইটিক নার্ভ

عِرْقُ النَّسَا ['ইর্কুন নাসা] শ্রোণিস্নায়ুর বেদনা, কটিবাত, সাইটিকা

نَسَاء [نسأ] [নাসা'] দীর্ঘজীবন, দীর্ঘায়ু

نَسَّاء [نسي] [নাস্সা'] প্রায়ই ভুলে যায় এমন, বিস্মৃতিপ্রবণ, ভুলো

نِسَاء [নিসা'] নারী, মহিলা, স্ত্রীলোক (اِمْرَأَة-এর বহুবচন)

النِّسَاء [আন-নিসা'] সূরা আন-নিসাঃ পবিত্র কোরআনের ৪র্থ সূরা

نِسَائِيّ [নিসা'ঈ] নারী-সম্বন্ধীয়, মহিলাদের, নারী-সুলভ, মেয়েলী

نَسَّاب [نسب] [নাস্সাব] বংশতালিকাবিশারদ, কুলজিবিশারদ

نَسَابَة [নাসাবাহ] আত্মীয়তা, কুটুম্বিতা, সম্পর্ক, ঘনিষ্ঠতা

نَسَّاج [نسج] [নাস্সাজ] তাঁতী, বয়নশিল্পী, মিথ্যা রচনাকারী, মিথ্যুক

نِسَاجَة [নিসাজাহ] বয়ন, কাপড়বুনন, তাঁতীর পেশা, বয়নশিল্প

نَسَّاخ [نسخ] [নাস্সাখ] অনুলিপিলেখক, নকলনবিস, মুহুরী

نَسَّافَة ج نَسَّافَات [نسف] [নাস্সাফাহ] টর্পেডো নিক্ষেপকারী বা টর্পেডোবাহী ছোট যুদ্ধজাহাজ, টর্পেডো বোট

نُسَافَة [نسف] [নুসাফাহ] তুষ, ভুষি, আবর্জনা

نَسَّال [نسل] [নাস্সাল] দ্রুত দৌড়ায় এমন

نُسَال [নুসাল] আলগা পালক পশম চুল ইত্যাদি

نُسَالَة [নুসালাহ] আলগা পালক পশম চুল ইত্যাদি, ক্ষতস্থান বাঁধার নরম কাপড়

نَسَأَ [ف] (نَسْأ) [নাসাআ] বিলম্বিত করা, স্থগিত করা, তাড়িয়ে নেওয়া, সরিয়ে নেওয়া, রক্ষা করা, (দুধ) পানিমিশ্রিত করা

نُسْأَة [নুস্আহ] বিলম্বিতকরণ, স্থগিতকরণ, পরিশোধে বিলম্ব, পরিশোধের জন্য প্রদত্ত সময়, ধার

نَسَب ج أَنْسَاب [নাসাব] বংশ, কুল, নসব, গোত্র, সন্তান-সন্ততি, আত্মীয়তা, কুটুম্বিতা, সম্পর্ক

عِلْم الأَنْسَاب ['ইল্মুল আন্সাব] কুলজিবিজ্ঞান, কুলজিশাস্ত্র

نَسَبَ [ن] [ض] (نَسَب ، نِسْبَة) [নাসাবা] বংশ উল্লেখ করা, সম্বন্ধযুক্ত করা, সম্পৃক্ত করা, আরোপ করা, দায়ী করা

نِسْبَة [নিস্বাহ] সম্পর্ক, সম্বন্ধ, আত্মীয়তা, যোগসূত্র, মিল, সাদৃশ্য, তুলনা

نِسْبَة ج نِسَب [নিস্বাহ] অনুপাত, হার, শতকরা হার, নিস্বতঃ অন্তে ىّ যুক্ত সম্বন্ধ-বিশেষণ

نِسْبَة مِئَوِيَّة [নিস্বাহ মিআবিয়্যাহ] শতকরা হার

نِسْبَةُ المَوَالِيد [নিস্বাতুল মাওয়ালীদ] জন্মহার

نِسْبَةُ الوَفَيَات [নিস্বাতুল ওয়াফায়াত] মৃত্যুহার

بِالنِّسْبَةِ إِلَى [বিন-নিস্বাতি ইলা] সম্পর্কে, দিক থেকে, হিসেবে, অনুপাতে, তুলনায়, অপেক্ষা

نَسَبِيّ [নাসাবী] বংশ-সম্বন্ধীয়, বংশীয়

نِسْبِيّ [নিস্বী] আনুপাতিক, আপেক্ষিক, তুলনামূলক

نِسْبِيًّا [নিস্বিয়্যান] তুলনামূলকভাবে, আনুপাতিক হারে

نِسْبِيَّة [নিস্বিয়্যাহ] আপেক্ষিকতা, সাপেক্ষবাদ

نَسْج [নাস্জ] বুনন, বয়ন, রচনা, গড়ন, বয়নশিল্প

نَسَجَ [ن] [ض] (نَسْج) [নাসাজা] বোনা, বয়ন করা, রচনা করা, বানানো, গড়া

نَسَخَ [ف] (نَسْخ) [নাসাখা] রহিত করা, বাতিল করা, প্রত্যাহার করা, মনসূখ করা, অনুলিপি করা

نُسْخَة ج نُسَخ [নুস্খাহ] কপি, অনুলিপি, প্রতিলিপি, সূত্র, ফর্মুলা, লিপিবদ্ধ বিষয়

نُسْخَة أَصْلِيَّة [নুস্খাহ আছ্লিয়্যাহ] মূলকপি

نُسْخَة طِبْقَ الأَصْل [নুস্খাহ তিব্কাল আছ্ল]

হুবহু প্রতিলিপি, true copy

نَسْخِيّ [নাস্খী] নাস্খী লিপিঃ একপ্রকার আরবী লিপি

نَسْر ج نُسُور، أَنْسُر، نِسَار [নাস্র] ঈগল, শকুন

نَسْر ج نُسُور [নাস্র] (ঘোড়ার) খুরের ভিতরের দিকের শক্ত মাংসখণ্ড

النَّسْر الوَاقِع [আন-নাস্রুল ওয়াক্বি'] অভিজিৎ নক্ষত্র, Vega

نَسَرَ [ن] (نَسْر) [নাসারা] কেড়ে নেওয়া, চেঁচে বা ঘষে তোলা, পিছনে নিন্দা করা, টুকরা টুকরা করা, বিদীর্ণ করা, (পাক) খুলে ফেলা

نَسَّرَ (تَنْسِير) [نسر] [নাস্সারা] টুকরা টুকরা করা, বিদীর্ণ করা, (পাক) খুলে ফেলা

نِسْرِين [নিস্রীন] নাসরীনঃ নার্গিসজাতীয় এক প্রকার ফুল ও তার গাছ, বন্য গোলাপ

نَسَّسَ (تَنْسِيس) [نسس] [নাস্সাসা] (পশুকে) জোরে হাঁটিয়ে নেওয়া, তাড়িয়ে নেওয়া

نِسْع ج نُسْع ، نِسَع ، نُسُوع ، أَنْسَاع [নিস্'] জিন বা মালপত্র বাঁধার দড়ি, রশি, ফিতা

نِسْعَة ج نِسَع [নিস্'আহ্] জিন বা মালপত্র বাঁধার দড়ি, রশি, ফিতা

نَسَغَ [ف] (نَسْغ) [নাসাগা] খোঁচা মারা, গুঁতো মারা, ছিদ্র করা, নিক্ষেপ করা, আঘাত দেওয়া, মিশ্রিত করা, মিশানো, (দেশে) গমন করা, যাওয়া, (দাঁত) আলগা হওয়া, গোড়া নড়া

نُسْغ [নুস্গ] বৃক্ষের রস, উদ্ভিদের প্রাণরস

نَسَفَ [ض] (نَسْف) [নাসাফা] ঝাড়া, ছড়িয়ে দেওয়া, উড়িয়ে দেওয়া, ছিটিয়ে দেওয়া, ভেঙ্গে দেওয়া, চূর্ণবিচূর্ণ করা, বিস্ফোরিত করা

نَسْفَة ، نَسَفَة ج نَسَفَات [নাস্ফাহ্, নাসাফাহ্] ঝামা, ঝামাপাথর

نَسَق [নাসাক] বিন্যাস, সাজ, সামঞ্জস্য, প্রণালী, রীতি, পরম্পরা, পরিকল্পনা

نَسَقَ [ن] (نَسْق) [নাসাক্বা] সাজানো, সাজিয়ে রাখা, বিন্যস্ত করা, গ্রন্থিত করা, গাঁথা

نَسَّقَ (تَنْسِيق) [نسق] [নাস্সাক্বা] সুবিন্যস্ত করা, সুসজ্জিত করা, সুশৃঙ্খল করা, সাজিয়ে রাখা, ভাগ ভাগ করে রাখা

نَسَقِيّ [নাসাক্বী] প্রণালীবদ্ধ, শৃঙ্খলাবদ্ধ, সুশৃঙ্খল, সুপরিকল্পিত

نَسْك [নাস্ক] ধার্মিকতা, তপস্যা, ইবাদত

نَسَكَ [ن] (نَسْك ، نُسْك ، مَنْسَك) [নাসাকা] ইবাদত করা, ধার্মিক হওয়া, তপস্যা করা, সাধনা করা, কোরবানী করা

نَسُكَ [ن] (نَسَاكَة) [নাসুকা] ধার্মিক হওয়া, ভক্ত হওয়া, দরবেশ হওয়া, তাপস হওয়া

نُسْك [নুস্ক] ধার্মিকতা, তপস্যা, ইবাদত, সাধনা

نُسُك [নুসুক] কোরবানী, কোরবানীর পশু, সাধনা, ইবাদত, (হজ্জের) আনুষ্ঠানিকতা, নিয়মাবলী, পালনীয় কাজসমূহ

نَسْل ج أَنْسَال [নাস্ল] সন্তান, বংশধর, জন্মদান

تَحْدِيد النَّسْل [তাহ্দীদুন নাস্ল] জন্মনিয়ন্ত্রণ

نَسَل [নাসাল] উদ্ভিদের দুগ্ধবৎ রস, স্তন থেকে নির্গত দুগ্ধ

نَسَلَ [ن] (نَسْل) [নাসালা] (সন্তান) জন্ম দেওয়া, (সন্তানের) বাবা হওয়া, পাক বা বুনন খুলে ফেলা

نَسَلَ [ن] [ض] (نَسْل ، نَسَلَ) [নাসালা] দ্রুত করা, ছুটে যাওয়া, নেমে আসা

نَسَّلَ (تَنْسِيل) [نسل] [নাস্সালা] পাক বা বুনন খুলে ফেলা

نَسَم ج أَنْسَام [নাসাম] শ্বাস, প্রাণ, বায়ু, ঘ্রাণ

نَسَمَ [ض] (نَسْم) [নাসামা] (বাতাস) ধীরে বহা, প্রবাহিত হওয়া, (সুগন্ধ) ছড়িয়ে যাওয়া, (উট) ভূমিতে পদাঘাত করা

نَسَّمَ (تَنْسِيم) [نسم] [নাস্সামা] উৎসাহিত করা, অনুপ্রাণিত করা, মুক্তি দেওয়া, ছেড়ে দেওয়া

نَسَّمَ فِي [-- ফী] শুরু করা, আরম্ভ করা, সূচনা করা

نَسَمَة ج نَسَمَات [নাসামাহ্] ব্যক্তি, লোক, জন, প্রাণী, শ্বাস, বাতাস, হাঁপানি

نَسْنَاس، نِسْنَاس ج نَسَانِس [নাস্নাস, নিস্নাস] বানর, বাঁদর, মর্কট

نِسْوَان [نسو] [নিস্ওয়ান] স্ত্রীলোক, নারী, মহিলা (اِمْرَأَة-এর বহুবচন)

نِسْوَة [نسو] [নিস্ওয়াহ্] স্ত্রীলোক, নারী, মহিলা (اِمْرَأَة-এর বহুবচন)

نَسُوف ج مَنَاسِيف [نسف] [নাসূফ] গোড়া থেকে তৃণাদি উপড়ে খায় এমন উট, মুখের সম্মুখ-ভাগ গিয়ে কামড়ে খায় এমন উট, দীর্ঘ ও দুর্গম গিরিপথ

نَسُول [نسل] [নাসূল] দ্রুত দৌড়ায় এমন

نَسُولَة [نسل] [নাসূলাহ্] বাচ্চা উৎপাদনের জন্য পালিত মাদী পশু, অধিক সন্তানবিশিষ্ট পশু

نِسْوِيّ ، نُسْوِيّ [নিস্‌বী, নুস্‌বী] নারী-বিষয়ক, নারীসুলভ, মহিলাদের, নারীদের

نِسْوِيَّة [নিস্‌বিয়্যাহ্] নারীদের কল্যাণ বা সুযোগ-সুবিধাকেন্দ্রিক মতবাদ, নারীবাদ

نَسْي ، أَنْسَاء [নাস্‌ই] ভুল, বিস্মৃতি, যা ভুলে যাওয়া হয়

نَقِمَ عَلَى [--'আলা] বিদ্বেষ পোষণ করা, শত্রুতা করা, ঘৃণা করা, ক্রুদ্ধ হওয়া

نَقْمَة ج نَقَمَات [নাক্মাহ] প্রতিশোধ, বদলা, ঘৃণা, বিদ্বেষ, শত্রুতা, ক্রোধ, শাস্তি, আঘাত

نِقْمَة ج نِقَم [নিক্মাহ] প্রতিশোধ, বদলা, ক্রোধ, শাস্তি, ঘৃণা, শত্রুতা, বিদ্বেষ, আঘাত

نَقْنَقَ (نَقْنَقَة) [নাক্নাক্বা] (ব্যাঙ) ঘ্যাঙর ঘ্যাঙর ডাকা, (মুরগী) করকর করে ডাকা, কর্কশ শব্দ করা, (চোখ) কোটরগত হওয়া

نَقَه [নাক্বাহ] আরোগ্য, সুস্থতা

نَقَهَ [ف] (نُقُوه) مِنْ [নাক্বাহা] (রোগ থেকে) সুস্থ

হয়ে ওঠা, আরোগ্য লাভ করা, সেরে ওঠা

نَقَهَ (نَقْه ، نُقُوه ، نَقَاهَة ، نَقَهَان) [নাক্বাহা] বুঝতে পারা, (কথার) অর্থ বুঝতে পারা

نَقِه [নাক্বিহ] (কথার অর্থ) বুঝতে পারে এমন

نَقِهَ [س] (نَقَه) مِنْ [নাক্বিহা] (রোগ থেকে) সেরে ওঠা, আরোগ্য লাভ করা, সুস্থ হয়ে ওঠা

نَقْهَة [নাক্হাহ] আরোগ্য, সুস্থতা

نُقُود (نَقْد) [নুকূদ] নগদ টাকা

نَقُوع [নাকূ'] শুকনো খোবানি (ফল), ঠাণ্ডা মিষ্ট পানি, পানিতে ভিজানো বস্তু

نُقُول [নুকূল] শুকনো ও শক্ত মিষ্টান্নবিশেষ, কট-কটি, নকুল

نَقِيّ ج أَنْقِيَاء ، نِقَاء [نقو ، نقي] [নাক্বী] স্বচ্ছ, নির্মল, খাঁটি, পবিত্র, পরিষ্কার, ন্যায়পরায়ণ

نَقِيَ [س] (نَقَاء ، نَقَاوَة) [نقو ، نقي] [নাক্বিয়া] স্বচ্ছ হওয়া, নির্মল হওয়া, পরিষ্কার হওয়া, খাঁটি হওয়া

نَقَّى (تَنْقِيَة) [نقو ، نقي] [নাক্কা] নির্মল করা, পরিষ্কার করা, শোধন করা, বাছাই করা

نِقْي ج أَنْقَاء [نقي] [নিক্বই] হাড়ের মজ্জা

نَقِيب ج نُقَبَاء [নাক্বীব] মুখপাত্র, প্রধান ব্যক্তি, নেতা, জিম্মাদার, (সেনাবাহিনীতে) ক্যাপ্টেন, (নৌবাহিনীতে) লেফটেনেন্ট

نَقِيبَة ج نَقَائِب [নাক্বীবাহ] আত্মা, মন, মেজাজ, স্বভাব, চরিত্র, বুদ্ধি

نَقِير ج نُقُر ، أَنْقَار ، أَنْقِرَة [নাক্বীর] গর্ত, গহ্বর, গর্তকৃত বৃক্ষকাণ্ড, নীলনদের নৌকাবিশেষ, তুচ্ছ জিনিস, সামান্য পরিমাণ, তিল পরিমাণ, শব্দ, চিৎকার, অত্যন্ত দরিদ্র, রিক্তহস্ত

نَقِيرَة ج نَقَائِر [নাক্বীরাহ] একপ্রকার ছোট নৌকা

نَقِيص [نقص] [নাক্বীছ] মিঠা পানি, সুগন্ধদ্রব্য

نَقِيصَة ج نَقَائِص [نقص] [নাক্বীছাহ] দোষ, ত্রুটি, খারাপ স্বভাব, ঘাটতি, কমতি, কুৎসা

نَقِيض [নাক্বীদ] বিপরীত, বিরোধী, বিরোধিতা, বৈপরীত্য, বিরুদ্ধতা, অসঙ্গতি, বিপরীত দিক

عَلَى نَقِيضٍ ، عَلَى النَّقِيضِ مِنْ ['আলা নাক্বীদি, 'আলান নাক্বীদি মিন] বিপরীতে

نَقِيضَة ج نَقَائِض [نقض] [নাক্বীদাহ] বৈপরীত্য, বৈষম্য, পার্থক্য, বাদ-প্রতিবাদমূলক কবিতা, কবিতার লড়াই

نَقِيط [নাক্বীত] দাসের দাস, গোলামের গোলাম

نَقِيع ج أَنْقِعَة [নাক্বী'] কিশমিশ ইত্যাদি ভিজিয়ে রেখে তৈরী শরবত, নির্যাস, তরলসার, পাঁচন, আরক, ঠাণ্ডা মিঠা পানি, অধিক পানির কূপ, উপকারী (ঔষধ)

نَقِيعَة ج نَقَائِع [নাক্বী'আহ] সফর থেকে আগত ব্যক্তির জন্য তৈরী খাবার, অতিথিকে খাওয়া-নোর জন্য জবাইকৃত উট বকরী ইত্যাদি

نَقِيق [নাক্বীক] (ব্যাঙের) ঘ্যাঙর ঘ্যাঙর ডাক, (মুরগীর) করকর ডাক

نَكَّات [নাক্কাত] রসিক, ভাঁড়, কৌতুককারী, মজা-কারী, উপহাসকারী, বিদ্রূপকারী, বিদ্রূপাত্মক, ব্যঙ্গপূর্ণ, জলচর পাখিবিশেষ, avocet

نِكَاح [নিকাহ] বিবাহ, বিয়ে, নিকাহ, স্বামী-স্ত্রীর মিলন, সহবাস

نِكَاحُ الْمُتْعَة [নিকাহুল মুত্'আহ] উপভোগের বিয়ে, অস্থায়ী বিবাহ

نُكَاف [নুকাফ] কর্ণগ্রন্থির প্রদাহ, parotitis

نَكَال [নাকাল] শাস্তি, দৃষ্টান্তমূলক শাস্তি, দণ্ড, শিক্ষা, দৃষ্টান্ত

نِكَايَة [نكي] [নিকায়াহ] বলপ্রয়োগ, জবরদস্তি, বিরক্তি, জ্বালাতন, উৎপীড়ন, অনিষ্ট, অনিচ্ছা

نَكْب ج نُكُوب [নাক্ব] বিপদ, দুর্ঘটনা, দুর্দৈব, দুর্যোগ, দুর্ভাগ্য

نَكَبَ [ن] (نَكْب ، نَكَب) [নাকাবা] কষ্ট দেওয়া, কষ্টে ফেলা, দুঃখ দেওয়া, অসুখী করা

نَكَبَ (نَكْب ، نُكُوب) [নাকাবা] বিপথে যাওয়া, ভিন্নপথে যাওয়া, অন্যপথে যাওয়া

نَكَّبَ (تَنْكِيب) [نكب] [নাক্কাবা] পরিত্যাগ করা, সরানো, সরিয়ে রাখা, উল্টানো, বিপথে যাওয়া

نَكْبَة ج نَكَبَات [নাক্বাহ] বিপদ, দুর্ঘটনা, দুর্দৈব, দুর্যোগ, দুর্ভাগ্য

نُكْبَة ج نُكَب [নুক্বাহ] মাপা হয়নি এমন খাদ্য-শস্য, অনির্দিষ্ট পরিমাণ খাদ্য

نَكَتَ [ن] (نَكْت) [নাকাতা] (মাটি) আঁচড়ানো,

চেঁচে তোলা, খোঁড়া

نَكَّتَ (تَنْكِيت) [نكت] [নাক্কাতা] কৌতুক করা, মজা করা, রসিকতা করা, তামাশা করা, ঠাট্টা করা, পরিহাস করা, উপহাস করা

نُكْتَة ج نُكَت ، نِكَات [নুক্‌তাহ] বিন্দু, ফোটা, দাগ, ছাপ, কৌতুক, রসিকতা, মজা, তামাশা, ঠাট্টা, উপহাস

نَكَثَ [ن] [ض] (نَكْث) [নাকাছা] (চুক্তি, শপথ) ভঙ্গ করা, লঙ্ঘন করা, খেলাফ করা, ওয়াদা ভঙ্গ করা, বিশ্বাস নষ্ট করা

نِكْث ج أَنْكَاث [নিক্‌ছ] টুকরা, খণ্ড, সুতার টুকরা, পাকানো নয় এমন সুতা

نَكَحَ [ض] [ف] (نِكَاح ، نَكْح) [নাকাহা] বিবাহ করা, বিয়ে করা, নিকাহ করা, সহবাস করা

نَكْد [নাক্‌দ] সামান্য, নগণ্য, তুচ্ছ, অল্প দান

نَكْد ج أَنْكَاد [নাক্‌দ] কষ্ট, দুঃখ, দুর্দশা, দুর্ভাগ্য, অভাব, অনটন

نَكَد ج أَنْكَاد [নাকাদ] কষ্ট, দুঃখ, দুর্দশা, দুর্ভাগ্য, অসুবিধা, বিরক্তি, বিদ্রূপ, তাচ্ছিল্য, টিটকারি

نَكَدَ [ن] (نَكْد) [নাকাদা] না দেওয়া, সামান্য দেওয়া, ফুরিয়ে ফেলা, শূন্য করে দেওয়া

نَكِد [নাকিদ] কঠিন, কষ্টদায়ক, অসুবিধাজনক, অকেজো, অনুপকারী

نَكِد ج أَنْكَاد [নাকিদ] অসুখী, বিরক্ত, ঝগড়াটে, খিটখিটে, বদমেজাজী

نَكِدَ [س] (نَكَد) [নাকিদা] (জীবন) কঠিন হওয়া, কষ্টকর হওয়া, অসুখী হওয়া, অনটনগ্রস্ত হওয়া

نَكَّدَ (تَنْكِيد) [نكد] [নাক্কাদা] (জীবন) কষ্টকর করা, কঠিন করা, বিরক্তিকর করা

نُكْد [নুক্‌দ] সামান্য, নগণ্য, তুচ্ছ, অল্প দান

نَكِرَ [س] (نَكَر ، نُكْر) [নাকিরা] না জানা, অনবহিত হওয়া, না চেনা, অস্বীকার করা

نَكَّرَ (تَنْكِير) [نكر] [নাক্কারা] মুখোশ পরানো, গোপন করা, অচেনা করা, অনির্দিষ্ট করা (ব্যা)

نُكْر [নুক্‌র] অপরিচিতি, অস্বীকৃতি, অমান্যতা, অবজ্ঞা, প্রত্যাখ্যান

نُكْر ، نُكُر ج أَنْكَار [নুক্‌র] খারাপ কাজ, অপ্রিয় বিষয়, অপরিচিত বস্তু, ভয়ঙ্কর জিনিস

نَكْرَاء [نكر] [নাক্‌রা'] নিকৃষ্ট, খারাপ, জঘন্য, ঘৃণ্য, বিরক্তিকর (أَنْكَر-এর স্ত্রীলিঙ্গ)

نُكْرَان [نكر] [নুক্‌রান] অস্বীকৃতি, প্রত্যাখ্যান, অমান্যতা, অবজ্ঞা, ত্যাগ, বিসর্জন

نُكْرَان الْجَمِيل [নুক্‌রানুল জামীল] অকৃতজ্ঞতা, কৃতঘ্নতা, নিমকহারামি

نُكْرَان الذَّات [নুক্‌রানুয যাত] অন্যের উপকারার্থে নিজের স্বার্থত্যাগ, আত্মত্যাগ, আত্মবিসর্জন

نَكِرَة ج نَكِرَات [নাকিরাহ] অস্বীকৃতি, প্রতিবাদ, প্রত্যাখ্যান, অপরিচিত লোক, অজ্ঞাত ব্যক্তি, (ব্যাকরণে) অনির্দিষ্ট বিশেষ্য

نَكَزَ [ن] (نَكْز) [নাকাযা] ঠোকর দেওয়া, অঙ্কুশ মারা, খোঁচা মারা, আঘাত করা, তাড়িয়ে নেওয়া

نَكَسَ [ن] (نَكْس) [নাকাসা] উল্টানো, নোয়ানো, উল্টাভাবে করা, পূর্বাবস্থায় ফিরিয়ে নেওয়া

نُكِسَ [নুকিসা] অবনতি ঘটা, পুনরবনতি ঘটা, অবস্থা আরো খারাপ হওয়া, দুর্বল হওয়া

نَكَّسَ (تَنْكِيس) [نكس] [নাক্কাসা] উল্টাভাবে করা, উল্টানো, নোয়ানো, পূর্বাবস্থায় ফিরিয়ে নেওয়া, (পতাকা) অর্ধনমিত রাখা

نُكْس [নুক্‌স] অবনতি, পুনরবনতি, (রোগের) পুনরাক্রমণ

نَكْسَة [নাক্‌সাহ] অবনতি, পুনরবনতি, (রোগের) পুনরাক্রমণ

نَكَشَ [ن] [ض] (نَكْش) [নাকাশা] (কূপ) পরিষ্কার করা, মাটি ইত্যাদি খুঁড়ে উঠানো, খোঁচা, নাড়া দেওয়া, ঝাড়া দেওয়া

نَكَصَ [ن] [ض] (نَكْص ، نُكُوص) عَنْ [নাকাছা] পিছিয়ে আসা, হটে আসা, ফিরে আসা, বিরত হওয়া, পরিত্যাগ করা

نَكَفَ [ن] (نَكْف) [নাকাফা] থামানো, প্রতিরোধ করা, বিরত করা, বাধা দেওয়া, মুছে ফেলা

نَكَفَ عَنْ [-- 'আন] বর্জন করা, প্রত্যাখ্যান করা, ঘৃণা করা, অবজ্ঞা করা, বিরত হওয়া

لَا يُنْكَفُ [লা ইউন্‌কাফু] থামে না বা থামানো যায় না এমন, অপ্রতিরোধ্য, অবিরাম

نَكِفَ [س] (نَكَف) مِنْ [নাকিফা মিন] মুক্ত থাকা,

উর্ধ্বে থাকা, বিরত থাকা

نَكَفَة [নাকাফাহ্] কানের নিকটবর্তী গ্রন্থিবিশেষ, কর্ণগ্রন্থি, parotid gland

نَكَفِيّ [নাক্‌ফী] কর্ণগ্রন্থি-সম্পর্কিত, parotid

نَكَفِيّ [নাকাফী] কর্ণগ্রন্থি-সম্পর্কিত, parotid

غُدَّة نَكَفِيَّة [গুদ্দাহ নাক্‌ফিয়্যাহ্] কানের নিকটবর্তী গ্রন্থিবিশেষ, কর্ণগ্রন্থি, parotid gland

نَكَلَ [ن] [ض] (نُكُول) عَنْ ، مِنْ [নাকালা] সরে আসা, হটে আসা, পিছিয়ে আসা, ফিরে আসা, বিরত হওয়া

نَكِلَ [س] (نَكَل) عَنْ ، مِنْ [নাকিলা] সরে আসা, হটে আসা, পিছিয়ে আসা, ফিরে আসা, বিরত হওয়া

نَكَّلَ (تَنْكِيل) [نكل] بِ [নাক্কালা] কঠোর শাস্তি দেওয়া, নির্যাতন করা, কষ্ট দেওয়া, দৃষ্টান্ত স্থাপন করা, উদাহরণ সৃষ্টি করা

نَكَّلَ عَنْ ، مِنْ [— 'আন] হটিয়ে দেওয়া, তাড়িয়ে দেওয়া, বিরত করা, বিরত রাখা

نِكْل ج أَنْكَال [নিক্‌ল] বেড়ি, নিগড়, শৃঙ্খল, বন্ধন, বন্ধনী

نَكَهَ [ف] (نَكْه) [নাকাহা] শ্বাসের গন্ধ নেওয়া, মুখের গন্ধ শোঁকা

نَكَهَ [ض] [ف] (نَكْه) [নাকাহা] (সূর্যের) তাপ প্রখর হওয়া

نَكَهَ عَلَى ، لِ [— লি, 'আলা] নাকের উপর শ্বাস ছাড়া, মুখের উপর ফুৎকার দেওয়া

نَكَّهَ (تَنْكِيه) [نكه] [নাক্কাহা] সুগন্ধযুক্ত হওয়া, সুরভিত করা

نَكْهَة [নাক্‌হাহ্] মুখের গন্ধ, সুগন্ধ, সুঘ্রাণ, সুরভি

نُكُوص [নকূছ] প্রত্যাবর্তন, প্রত্যাহার, পিছু হটা, পরিত্যাগ, পরিহার, পশ্চাৎপদতা, কুণ্ঠন

نُكُول [নকূল] পশ্চাৎপদতা, প্রত্যাবর্তন, পরিহার, প্রত্যাহার, পিছু হটা, পরিত্যাগ, কুণ্ঠন

نَكَى [ض] (نِكَايَة) [নাকা] আহত করা, জখম করা, কষ্ট দেওয়া, ক্ষতি করা, পরাজিত করা, পরাভূত করা, বিরক্ত করা, ক্ষিপ্ত করা

نَكِيب [নাকীব] (পশুর) পায়ের গোলাকার তলা, খুরের বৃত্ত, বিপদগ্রস্ত, বিপন্ন

نَكِير [নাকীর] অস্বীকৃতি, প্রত্যাখ্যান, নিন্দনীয়, নিকৃষ্ট, কঠিন, নাকীর (ফেরেশতা)

نَمّ [নাম্] কুৎসা, পরনিন্দা, অপবাদ, চুগলি

نَمَّ [ن] [ض] (نَمّ) [নাম্মা] প্রকাশ করা, প্রকাশ হওয়া, ফাঁস করা, ফাঁস হওয়া, সাজিয়ে বলা

نَمَّ بِ ، عَلَى [— বি, 'আলা] কুৎসা করা, পরনিন্দা করা, চুগলি করা, বিশ্বাসঘাতকতা করা

نَمَا [ن] (نُمُوّ) [نمو] [নামা] বর্ধিত হওয়া, বৃদ্ধি পাওয়া, উন্নত হওয়া, বিকাশ লাভ করা

نَمَاء [نمو] [নামা'] বর্ধন, বৃদ্ধি, প্রবৃদ্ধি, উন্নতি, উন্নয়ন, বিকাশ

نَمَّام [نمم] [নাম্মাম] কুৎসাকারী, বিশ্বাসঘাতক, চোগলখোর, পরনিন্দুক, জলপুদিনা (তৃণ)

نِمَّة [নিম্মাহ্] উকুন, পিঁপড়া

نَمِر [নামির] স্বচ্ছ, নির্মল, পরিষ্কার, স্বাস্থ্যকর, উত্তম, অনেক

نَمِر ج نُمُر ، نُمُور ، أَنْمُر ، أَنْمَار [নামির] বাঘ, ব্যাঘ্র, শার্দুল, চিতা, চিতাবাঘ

نَمِرَ [س] (نَمَر) [নামিরা] রেগে যাওয়া, বদরাগী হওয়া, বাঘের রংবিশিষ্ট হওয়া

نَمَّرَ (تَنْمِير) [نمر] [নাম্মারা] বদরাগী হওয়া, রেগে যাওয়া, (চেহারা) বদলে ফেলা, ভ্রূকুটিপূর্ণ করা, বাঘের রংবিশিষ্ট করা

نِمْر ج نُمُر ، نُمُور ، أَنْمُر ، أَنْمَار [নিম্‌র] বাঘ, ব্যাঘ্র, শার্দুল, চিতা, চিতাবাঘ

نُمْر [নুম্‌র] দাগযুক্ত, ফোঁটা ফোঁটা দাগযুক্ত, ডোরা-কাটা, ডোরাযুক্ত (أَنْمَر-এর বহুবচন)

نَمْرَاء [নাম্‌রা'] দাগযুক্ত, ফোঁটা ফোঁটা দাগযুক্ত, ডোরা-কাটা, ডোরাযুক্ত (أَنْمَر-এর স্ত্রীলিঙ্গ)

نِمْرَة ج نِمَر [নিম্‌রাহ্] নম্বর, সংখ্যা

نُمْرَة ج نُمَر [নুম্‌রাহ্] নম্বর, সংখ্যা, দাগ, চিহ্ন, বিন্দু

نَمْرَق ، نِمْرِق ، نُمْرُق ج نَمَارِق [নাম্‌রক, নিম্‌রিক, নুম্‌রুক] কুশন, গদি, তাকিয়া, গির্দা, বালিশ

نَمْرَقَة ، نِمْرِقَة ، نُمْرُقَة ج نَمَارِق [নাম্‌রকাহ, নিম্‌রিকাহ, নুম্‌রুকাহ্] কুশন, গদি, তাকিয়া, গির্দা

نُمْرُود ج نَمَارِدَة [নুম্‌রূদ] নমরূদঃ স্বেচ্ছাচারী ও আল্লাহর বিরুদ্ধাচরণকারী প্রাচীন কালদানী সম্রাট

نَمَسَ [ض] (نَمْس) [নামাসা] লুকানো, গোপন রাখা, বিশ্বাস করে গোপন কথা বলা

نِمْس ج نُمُوس [নিম্‌স] বেজি, নকুল, নেউল

اَلنَّمْسَا ، اَلنِّمْسَا [আন-নাম্‌সা, আন-নিম্‌সা] অস্ট্রিয়া (দেশ)

نَمْسَاوِيّ ، نِمْسَاوِيّ [নাম্‌সাবী, নিম্‌সাবী] অস্ট্রীয়, অস্ট্রিয়ার

نَمْش [নাম্‌শ] সাজ, সজ্জা, কৃত্রিমতা, বানোয়াট, মিথ্যা, বানোয়াট কথা, সাজানো কথা

نَمَش [নামাশ] দাগ, চিহ্ন, বিন্দু, ফোটা, ডোরা

نَمَشَ [ن] (نَمْش) [নামাশা] মিথ্যা বলা, বানিয়ে বলা, সাজিয়ে বলা, সাফ করে ফেলা, সজ্জিত করা, অলংকৃত করা

نَمِش [নামিশ] দাগযুক্ত, ফোটাযুক্ত, ডোরাযুক্ত, ডোরা-কাটা

نَمِشَ [س] (نَمَش) [নামিশা] ডোরা-কাটা হওয়া, ডোরাযুক্ত হওয়া, দাগযুক্ত হওয়া

نُمْش [নুম্‌শ] দাগযুক্ত, ফোঁটা ফোঁটা দাগযুক্ত, ডোরা-কাটা, ডোরাযুক্ত (أَنْمَش-এর বহুবচন)

نَمْشَاء [নাম্‌শা'] দাগযুক্ত, ফোঁটা ফোঁটা দাগযুক্ত, ডোরা-কাটা, ডোরাযুক্ত (أَنْمَش-এর স্ত্রীলিঙ্গ)

نَمَصَ [ن] (نَمْص) [নামাছা] (চুল, গাছ) উপড়ে ফেলা, তুলে ফেলা, পাতলা ও কম হওয়া

نَمَّصَ (تَنْمِيص) [نمص] [নাম্মাছা] (চুল, গাছ) উপড়ে ফেলা, তুলে ফেলা, পাতলা ও কম হওয়া

نَمَط ج أَنْمَاط، نِمَاط [নামাত] রকম, ধরন, প্রকার, রীতি, পদ্ধতি, রূপ, গঠন, আকৃতি, আদল

عَلَى نَمَطِ ['আলা নামাতি] পদ্ধতিতে, রীতিতে, আদলে, আকারে

نَمَطِيّ [নামাতী] আনুষ্ঠানিক, নিয়মানুগ, গৎবাঁধা, বাঁধাধরা, অপরিবর্তনীয়

نَمَق [নামাক] রাস্তার মধ্যভাগ, মধ্যরাস্তা, কিতাব, বই, পুস্তক

نَمَقَ [ن] (نَمْق) [নামাক্বা] (বই) লেখা, সাজিয়ে লেখা, সাজানো, সুন্দর করা, অলঙ্কৃত করা

نَمَّقَ (تَنْمِيق) [نمق] [নাম্মাক্বা] (বই) সাজিয়ে লেখা, সুন্দরভাবে সাজানো, কারুকাজ করা, নকশা করা, জাঁকালো করা

نَمْل ج نِمَال [নাম্‌ল] পিপীলিকা, পিঁপড়া, পিঁপড়ে

اَلنَّمْل [আন-নাম্‌ল] সূরা আন-নাম্‌লঃ পবিত্র কোরআনের ২৭তম সূরা

نَمَل [নামাল] অবশতা, অসাড়তা, হামাগুড়ি

نَمِل [নামিল] অবশ, অসাড়, পিপীলিকায় ভরা, পিঁপড়াবহুল

نَمِلَ [س] (نَمَل) [নামিলা] অবশ হওয়া, অসাড় হওয়া, হামাগুড়ি দিয়ে চলা

نَمْلَة ج نَمْلَات [নাম্‌লাহ্‌] পিপীলিকা, পিঁপড়ে, পিঁপড়া

نَمْلِيّ [নাম্‌লী] পিপীলিকা-সংক্রান্ত, পিপীলিকা-সদৃশ, পিঁপড়ার মত, পিঁপড়ার দেহনিঃসৃত, ফর্মিক (formic)

نَمْلِيك [নাম্‌লীক] পিঁপড়ার দেহনিঃসৃত, ফর্মিক (formic)

حَامِض النَّمْلِيك [হামিদুন নাম্‌লীক] ফর্মিক অ্যাসিড (formic acid)

نَمْنَام [নাম্‌নাম] একপ্রকার জলজ শাক

نَمْنَمَ (نَمْنَمَة) [নাম্‌নামা] কারুকাজ করা, নকশা করা, অলঙ্কৃত করা, ডোরা কাটা

نِمْنِم ج نَمَانِم [নিম্‌নিম] লম্বা লম্বা দাগ, ডোরা

نَمْنَمَة [নাম্‌নামাহ্‌] কারুকাজ, কারুকার্য, কারু-কার্যমণ্ডিত ক্ষুদ্র চিত্র, টুনটুনি (পাখি)

نِمْنِمَة [নিম্‌নিমাহ্‌] টুনটুনি, নখের সাদা অংশ

نُمُوّ [নুমু] বর্ধন, বৃদ্ধি, প্রবৃদ্ধি, বিকাশ, উন্নয়ন, উন্নতি, প্রসার

نَمُوذَج ، نُمُوذَج ج نَمَاذِج [নামূযাজ, নুমূযাজ] নমুনা, আদর্শ, দৃষ্টান্ত, উদাহরণ, (দরখাস্তের) ফরম

نَمُوذَجِيّ ، نُمُوذَجِيّ [নামূযাজী, নুমূযাজী] অনুকরণীয়, আদর্শ, নমুনামূলক, দৃষ্টান্তমূলক

نَمَى [ض] (نَمْي ، نَمَاء) [نمو] [নামা] বর্ধিত হওয়া, বৃদ্ধি পাওয়া, বড় হওয়া, উন্নতি করা, উন্নত হওয়া

[-- ইলা] (সংবাদ) পৌঁছা, কানে আসা, نَمَى إِلَى জানতে পারা, জ্ঞাত হওয়া, অবগত হওয়া, বর্ণিত হওয়া

[নাম্মা] বৃদ্ধি করা, প্রবৃদ্ধি نَمَّى (تَنْمِيَة) [نمو] করা, বড় করা, উন্নত করা, বিকশিত করা

[নামী] বর্ধন, বৃদ্ধি, প্রবৃদ্ধি, উন্নয়ন, نَمِيّ [نمو] উন্নতি, বিকাশ

[নামীর] স্বচ্ছ, পরিষ্কার, নির্মল, স্বাস্থ্যকর, نَمِير উত্তম, সেরা, অনেক

[নামীক] কারুকাজ-করা, নকশী (কাপড়) نَمِيق

[নামীম, নামীমাহ] نَمِيم ، نَمِيمَة ج نَمَائِم [نمم] কুৎসা, অপবাদ, পরনিন্দা, চুগলি, বিশ্বাসঘাতকতা

[নিহা'ঈ] চূড়ান্ত, সমাপনী, শেষ, نِهَائِيّ [نهي] সর্বশেষ, ফাইনাল

[নিহা'ইয়্যান] সবশেষে, পরিশেষে, চূড়ান্ত نِهَائِيًّا পর্যায়ে, চূড়ান্তভাবে

[নিহা'ইয়্যাহ] চূড়ান্ত অবস্থা, শেষ نِهَائِيَّة [نهي] কথা

[নাহ্হাব] লুটপাটকারী, লুটেরা نَهَّاب [نهب]

[নাহার] দিবস, দিবা, দিন نَهَار ج أَنْهُر ، نُهُر

[তওয়ালান নাহার] সারাদিন ব্যাপী, طَوَالَ النَّهَار দিনভর

[নাহারান] দিনে, দিবসে, দিনের বেলায় نَهَارًا

[নাহারী] দিবাসংক্রান্ত, দিবসের, দিনের, نَهَارِيّ দিনের প্রথম খাবার, সকালের খাবার

[নাহ্হায] সুযোগবাদী, সুবিধাবাদী, نَهَّاز [نهز] সুযোগসন্ধানী

[নাহ্হাস] অধিক কামড়ায় এমন, نَهَّاس [نهس] কামড়াতে অভ্যস্ত, সিংহ, নেকড়ে

[নাহ্হাশ] দাঁত দিয়ে কামড়ে نَهَّاش [نهش] ধরে এমন, কামড়াতে অভ্যস্ত, দংশনপ্রবণ

[নাহ্হাদ] জাগরণশীল, অধিক نَهَّاض [نهض] জাগ্রত, ঊর্ধ্বগামী, উঁচু, গলা, ঘাড়

[নুহাক] গাধার ডাক نُهَاق

[নিহায়াহ] সমাপ্তি, শেষ, نِهَايَة ج نِهَايَات [نهي] পরিণতি, পরিণাম, উপসংহার, শেষ প্রান্ত, সীমা

[ইলান নিহায়াহ] শেষের দিকে, শেষ إِلَى النِّهَايَة পর্যন্ত

[ইলা গাইরিন নিহায়াহ] সীমা- إِلَى غَيْرِ النِّهَايَة হীনভাবে

[বি-নিহায়াতি] (সময়ের) মধ্যে, সমাপ্ত بِنِهَايَة হওয়ার আগে, নাগাদ, অবধি

[বিলা নিহায়াহ] সীমাহীন, অসীম بِلَا نِهَايَة

[ফিন-নিহায়াহ] অবশেষে, পরিশেষে, فِي النِّهَايَة পরিণামে

[লিন-নিহায়াহ] চূড়ান্তভাবে, সর্বাধিক لِلنِّهَايَة পরিমাণে

[আন-নিহায়াতুছ ছুগ্‌রা] ন্যূনতম النِّهَايَة الصُّغْرَى মাত্রা পরিমাণ সংখ্যা ইত্যাদি

[আন-নিহায়াতুল কুব্‌রা] সর্বোচ্চ النِّهَايَة الكُبْرَى মাত্রা পরিমাণ সংখ্যা ইত্যাদি

[নাহ্‌ব] লুটকরণ, লুণ্ঠন, লুট نَهْب

[নাহ্‌ব] লুণ্ঠিত দ্রব্য, লুটের মাল نَهْب ج نِهَاب

[নাহাবা] লুট করা, লুণ্ঠন করা, نَهَبَ [ف] (نَهْب) কেড়ে নেওয়া

[নুহ্‌বাহ, নুহ্‌বা] লুণ্ঠিত দ্রব্য, লুটের نُهْبَة ، نُهْبَى মাল

[নাহ্‌জ] পথ, পন্থা, পদ্ধতি, রাস্তা, نَهْج ج نُهُوج উন্মুক্ত পথ, সুস্পষ্ট পথ, প্রশস্ত রাস্তা

[নাহাজ] হাঁপানি, শ্বাসকষ্ট نَهَج

[নাহাজা] (পথ) অবলম্বন করা, نَهَجَ [ف] (نَهْج) অনুসরণ করা, সুগম করা, স্পষ্ট হওয়া, স্পষ্ট করা, হাঁপানো

[নাহিজা] জিহ্বা বের করে শ্বাস نَهِجَ [س] (نَهَج) করা, হাঁপানো

[নাহ্‌দ] নারীর স্তন, কুঁজ, উঁচু বস্তু, نَهْد ج نُهُود নির্ভীক লোক, সুন্দর ও সবল ঘোড়া, সিংহ

[নাহাদা] (স্তন) পূর্ণ হওয়া, نَهَدَ [ن] [ف] (نُهُود) স্ফীত হওয়া, বড় হওয়া

[নাহাদাত] (নারী) স্ফীত স্তনবিশিষ্ট হওয়া, نَهَدَتْ উন্নতবক্ষা হওয়া

[নাহুদা] সুন্দর ও সবল হওয়া نَهُدَ [ك] (نُهُود)

نَهْر ج أَنْهَار، أَنْهُر [নাহ্র] নদী, তটিনী, স্রোত-স্বিনী, প্রবাহিণী, তরঙ্গিনী, (পত্রিকার) কলাম

نَهَرَ [ف] (نَهْر) [নাহারা] বেগে প্রবাহিত হওয়া, ধমক দেওয়া, ধমকানো, তাড়িয়ে দেওয়া

نَهْرِيّ [নাহ্রী] নদী-বিষয়ক, নদী-সম্পর্কিত, নদীর

نَهَزَ [ف] (نَهْز) [নাহাযা] ঠেলে দেওয়া, হটিয়ে দেওয়া, তাড়িয়ে দেওয়া, প্রতিহত করা

نُهْزَة ج نُهَز [নুহ্যাহ্] সুযোগ, সুবিধা

نَهَسَ [ف]، نَهِسَ [س] (نَهْس) [নাহাসা, নাহিসা] দংশন করা, কামড় দেওয়া, কামড়ানো

نُهَس [নুহাস] চিলজাতীয় পাখিবিশেষ, shrike

نَهْش [নাহ্শ] দংশন, কামড়

نَهَشَ [ض] [ف] (نَهْش) [নাহাশা] কামড় দেওয়া, দংশন করা, কামড়ানো, কষ্ট দেওয়া, বিদীর্ণ করা

نَهْشَة [নাহ্শাহ্] দংশন, কামড়

نَهْشَل [নাহ্শাল] সিংহ, শ্যেন

نَهْشَلَ (نَهْشَلَة) [নাহ্শালা] দংশন করা, কামড়ানো, কামড়িয়ে কামড়িয়ে খাওয়া

نَهَضَ [ف] (نَهْض ، نُهُوض) [নাহাদা] জাগ্রত হওয়া, জেগে ওঠা, দাঁড়ানো, উঠে দাঁড়ানো, উড়াল দেওয়া

نَهَضَ إِلَى [-- ইলা] ছুটে যাওয়া, ধাবিত হওয়া

نَهَضَ بِ [-- বি] উত্তোলন করা, উঠানো, উন্নত করা, বহন করা, সম্পন্ন করা, সম্পাদন করা, কার্যকর করা, দায়িত্ব নেওয়া

نَهَضَ عَلَى [-- 'আলা] বিপক্ষে দাঁড়ানো, বিদ্রোহ করা, বিরোধিতা করা

نَهَضَ لِ [-- লি] প্রস্তুত হওয়া, উদ্যত হওয়া, প্রবৃত্ত হওয়া, শুরু করা, আরম্ভ করা

نَهْضَة ج نَهَضَات ، نِهَاض [নাহ্দাহ্] জাগরণ, পুনর্জাগরণ, রেনেসাঁ, আন্দোলন, উত্থান, বিপ্লব, উন্নতি

نَهَقَ [ض] [ف] (نَهْق ، نُهَاق ، نَهِيق) [নাহাক্বা] (গাধা) ডাকা, কর্কশ স্বরে ডাকা

نَهِقَ [س] (نَهْق ، نُهَاق ، نَهِيق ، تَنْهَاق) [নাহিক্বা] (গাধা) ডাকা, কর্কশ স্বরে ডাকা

نَهَك [নাহাক] জীর্ণতা, কৃশতা, ক্লান্তি, দুর্বলতা, ক্ষয়

نَهَكَ [ف] (نَهْك ، نَهَاكَة) [নাহাকা] ক্ষয় করা, নিঃশেষ করা, ফুরিয়ে ফেলা, জীর্ণ করা, চূর্ণ করা

نَهِكَ [س] (نَهْك ، نَهَك ، نَهْكَة) [নাহিকা] ক্ষয় করা, নিঃশেষ করা, ফুরিয়ে ফেলা, জীর্ণ করা, চূর্ণ করা

نَهُكَ [ك] (نَهَاكَة) [নাহুকা] শক্ত হওয়া, সাহসী হওয়া, নির্ভীক হওয়া

نُهِكَ [নুহিকা] ক্ষয়প্রাপ্ত হওয়া, জীর্ণ হওয়া, শেষ হওয়া, ফুরিয়ে যাওয়া, নিঃশেষিত হওয়া, দুর্বল হওয়া

نَهْكَة [নাহ্কাহ্] জীর্ণতা, কৃশতা, দুর্বলতা, ক্লান্তি, ক্ষয়

نَهِلَ [س] (نَهَل ، مَنْهَل) [নাহিলা] পান করা, ঢোক গেলা, পরিতৃপ্ত হওয়া, তৃষ্ণার্ত হওয়া, ক্লান্ত হওয়া

نَهْلَان ج نِهَال، نَهْلَى [নাহ্লান] পানকারী, পান করে পরিতৃপ্ত হয়েছে এমন, পরিতৃপ্ত, তৃষ্ণার্ত

نَهْلَة ج نَهَلَات [নাহ্লাহ্] ঢোক, চুমুক

نَهَم [নাহাম] অতিভোজন, অতিলোভ, লোলুপতা, তীব্র ক্ষুধা

نَهَمَ [ض] (نَهْم) [নাহামা] অতিভোজন করা, বেশী খাওয়া, গর্জন করা, দীর্ঘশ্বাস ছাড়া

نَهِم [নাহিম] লোভী, লোলুপ, ক্ষুধার্ত, অতৃপ্ত, অতি-ভোজী, পেটুক

نَهِمَ [س] (نَهَم) [নাহিমা] লোভী হওয়া, লোলুপ-ভাবে খাওয়া, অতিভোজন করা, আগ্রহী হওয়া

نَهْمَة [নাহ্মাহ্] লোলুপতা, প্রবল ইচ্ছা, কামনা, ক্ষুধা

نَهْنَهَ (نَهْنَهَة) [নাহ্নাহা] বাধা দেওয়া, বিরত রাখা, ফিরিয়ে দেওয়া, তাড়ানো, খেদানো

نُهُوض [নুহূদ] জাগরণ, উত্থান, উন্নতি, উড্ডয়ন, উড়াল, দণ্ডায়মানতা, উত্তোলন

نَهْي [নাহ্ই] নিষেধ, বারণ, মানা, (ব্যাকরণে) নিষেধসূচক ক্রিয়া

نَهَى [ف] (نَهْي) [নাহা] নিষেধ করা, মানা করা, বারণ করা, বিরত করা, নিষিদ্ধ করা

نُهًى [নুহা] বুদ্ধি, বুদ্ধিমত্তা, বিচক্ষণতা, প্রজ্ঞা

نُهْيَة ج نُهًى [নুহ্ইয়াহ্] বুদ্ধি, বুদ্ধিমত্তা, প্রজ্ঞা, মন, সাবধানতা, নিষেধ

نَهِيج [نهج] [নাহীজ] হাঁপানি, শ্বাসকষ্ট

[নাহীদ] সুন্দর ও সবল, ননি, তাজা মাখন نَهِيد

[নাহীর] অনেক, অঢেল, প্রচুর, পর্যাপ্ত, অজস্র نَهِير

[নুহাইর] ছোট নদী, তটিনী نُهَيْر [نهر]

[নাহীক] গাধার ডাক, কর্কশ ডাক نَهِيق [نهق]

[নাহীক] নির্ভীক, সাহসী, উৎসাহী, উদ্যমী, সচ্চরিত্র, সবল, শক্তিশালী, (উট), ধারালো তরবারি, বুরগুচ্ছের মত কীটবিশেষ نَهِيك

[নাহীম] লোভী, লোলুপ, ক্ষুধার্ত, অতৃপ্ত, অতিভোজী, পেটুক, সিংহ ও হাতীর ডাক نَهِيم [نهم]

[নাও] ঝড়, ঝঞ্ঝা, ঘূর্ণিবাত্যা, উত্তালতা نَوّ [نوا]

[নাওয়াত] (ফলের) বীচি, আঁটি, শাঁস, মজ্জা, নিউক্লিয়াস, পরমাণু نَوَاةٌ ج نَوًى [نوي]

[নাওয়াজিয] (চারটি) পেষণদন্ত, মাঢ়ীর দাঁত نَوَاجِذ (نَاجِذ)

[নাওওয়াহ্] বিলাপকারী, আর্তনাদ-কারী, ক্রন্দনকারী, শোককারী, ঘুঘুজাতীয় এক-প্রকার পাখি نَوَّاح [نوح]

[নুওয়াহ্] বিলাপ, ক্রন্দন, কান্না, আর্তনাদ, শোক نُوَاح

[নাওওয়াহাহ্] ভাড়াটে বিলাপ-কারিণী, পেশাদার শোককারিণী نَوَّاحَة [نوح]

[নাওওয়ার] উজ্জ্বল, আলোকময়, মে (মাস) نَوَّار

[নুওয়ার] মুকুল, মঞ্জরী, কলি, ফুল نُوَّار ج نَوَاوِير

[নাওওয়াস] দোলায়মান, দোদুল্যমান, (ঘড়ির) দোলক نَوَّاس

[নুওয়াস] (মাকড়সার) জাল, ঝুলন্ত কেশগুচ্ছ نُوَاس

[নাওওয়াসাহ্] (শিশুদের খেলার) ঢেঁকিকল, seesaw نَوَّاسَة [نوس]

[নাওয়াল] দান, অনুগ্রহ, উপহার, দয়া, অংশ, প্রতিদান, সঠিক, যথাযথ, উপযোগী, কর্তব্য نَوَال

[নাওওয়াম] বেশী ঘুমায় এমন نَوَّام [نوم]

[নুওয়াম] ঘুম, নিদ্রা, নিদ্রারোগ نُوَام [نوم]

[নাও'] বৃষ্টির পূর্বলক্ষণ প্রদর্শনকারী তারকা, বৃষ্টি, ঝড় نَوْء ج أَنْوَاء

[নাওব] প্রতিনিধিত্ব, পালা, দফা, বার, এক-দিন একরাত্রির ভ্রমণ, শক্তি نَوْب

[নুব] কালো জনগোষ্ঠীবিশেষ, মৌমাছি نُوب

[নাওবাহ্] পালা, বার, সুযোগ, ঘটনা, আক্রমণ, প্রকোপ نَوْبَة ج نَوْبَات

[নাওবাহ্ কাল্‌বিয়্যাহ্] হৃদরোগের আক্রমণ نَوْبَة قَلْبِيَّة

[নুবাহ্] বিপদ, দুর্যোগ, দুর্ভাগ্য, কষ্ট, দুর্ঘটনা, দুর্দৈব نُوبَة ج نُوَب

[নুতাহ্] সঙ্গীতের সুর نُوتَة

[নুত্‌রোন] নিউট্রন (neutron) نُوتْرُون

[নুতী] নাবিক, কর্ণধার, মাঝি, মাল্লা نُوتِيّ ج نَوَاتِيّ

[নাওহ্] ক্রন্দন, আর্তনাদ, বিলাপ, শোক نَوْح

[নূহ্] হযরত নূহ (আ), সূরা নূহঃ পবিত্র কোরআনের ৭১তম সূরা نُوح

[নাওহাহ্] ক্রন্দন, আর্তনাদ, বিলাপ, শোক, শক্তি نَوْحَة

[নাওর] মুকুল, মঞ্জরী, কলি, ফুল نَوْر ج أَنْوَار

[নাওয়ার] জিপসি, ভবঘুরে, যাযাবর, টোটোবাজ نَوَر (نُورِيّ)

[নাওওয়ারা] আলোকিত করা, (প্রদীপ) জ্বালানো, মুকুলিত হওয়া, ফুল ধরা نَوَّرَ (تَنْوِير) [نور]

[নুর] আলো, আলোক, উজ্জ্বলতা, কিরণ, জ্যোতি, প্রদীপ, বাতি نُور ج أَنْوَار

[আন-নূর] জ্যোতির্ময় সত্তাঃ আল্লাহ; সূরা আন-নূরঃ পবিত্র কোরআনের ২৪তম সূরা النُّور

[নূরানী] উজ্জ্বল, আলোকিত, আলোকময়, আলোকোজ্জ্বল, জ্যোতির্ময় نُورَانِيّ

[নূরানিয়্যাহ্] উজ্জ্বলতা, আলোকময়তা, জ্যোতির্ময়তা نُورَانِيَّة

[নাওরাহ্] মুকুল, মঞ্জরী, কলি, ফুল نَوْرَة

[নূরাহ্] চুন, চুনা نُورَة

[নাওরজ] ঢেঁকি نَوْرَج ج نَوَارِج

[নাওরস] গাংচিল (পাখি) نَوْرَس ج نَوَارِس

[নাওরোয] নওরোজঃ ইরানী নববর্ষের দিন نَوْرُوز

[নূরী] আলোকোজ্জ্বল, আলোকিত, আলো-সম্বন্ধীয়, আলোর نُورِيّ

[নূরী] ভবঘুরে, টোটোবাজ, জিপসি, যাযাবর نُورِيّ ج نَوَر

[নাওরিয়্যাহ] ফুলের পাপড়ি, পুষ্পদল نَوْرِيَّة

[নাওস, নাওয়াসান] দোল, দোলা, দোদুল্যমানতা, দোদুল্যমানতা نَوْس، نَوَسَان

[নূশাদির] অ্যামোনিয়া (গ্যাস) نُوشَادِر

[নাওছ] পলায়ন, বন্য গাধা نَوْص

[নাওত] ঝুলন্ত বস্তু, পদক, মেডেল, প্রতীক, চাপরাস نَوْط ج أَنْوَاط ، نِيَاط

[নাওওয়াতা] লটকিয়ে রাখা, ঝুলিয়ে রাখা نَوَّطَ (تَنْوِيط) [نوط]

[নাওতাহ] পাখির পাকস্থলি, (উটের) গলা বা বুকের টিউমার, গাছের ঝোপ, পানি ওঠে না এমন উঁচু জায়গা, বিদ্বেষ نَوْطَة

[নূতাহ] সঙ্গীতের সুর نُوطَة

[নাও'] প্রকার, রকম, শ্রেণী, ধরন نَوْع ج أَنْوَاع

[নাওওয়া'আ] শ্রেণীবিভাগ করা, বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করা, নানারকম করা نَوَّعَ (تَنْوِيع) [نوع]

[নাও'ঈ] বিশেষ, নির্দিষ্ট, বিশেষ ধরনের, বৈশিষ্ট্যমণ্ডিত, আপেক্ষিক, শ্রেণীগত نَوْعِيّ

[নাও'ইয়্যাহ] প্রকার, ধরন, প্রকৃতি, বৈশিষ্ট্য نَوْعِيَّة

[নাওফ] উচ্চতা, উপরের অংশ, উপরিভাগ, বর্ধিতাংশ, উঁচু কুঁজ, (হিংস্র জন্তুর) ডাক نَوْف ج أَنْوَاف

[নাওফারাহ] ঝরনা, ফোয়ারা نَوْفَرَة ج نَوَافِر

[নাওফাল] দানশীল লোক, সমুদ্র, সুদর্শন তরুণ, পুরুষ হায়েনা نَوْفَل ج نَوْفَلُون

[নূফিম্বার, নূফিম্বির] নভেম্বর نُوفَمْبَر، نُوفَمْبِر

[নাওল] পদ্ধতি, ধরন, অনুগ্রহ, দান, উপহার, তাঁত, মাশুল, ভাড়া نَوْل ج أَنْوَال

[নাওওয়ালা] লাভ করানো, পাওয়ানো, দান করা نَوَّلَ (تَنْوِيل) [نول]

[নাওম] ঘুম, নিদ্রা, নিদ, সুপ্তি, শয়ন نَوْم

[নাওওয়ামা] ঘুম পাড়ানো, শোয়ানো, নিদ্রাচ্ছন্ন করা, সম্মোহিত করা, অচেতন করা نَوَّمَ (تَنْوِيم) [نوم]

[নুওয়াম] বেশী ঘুমায় এমন (লোক) نُوَم

[নাওমাহ] নিদ্রা, ঘুম, পাতলা ঘুম, হাল্কা ঘুম, অল্প সময়ের ঘুম نَوْمَة ج نَوْمَات

[নাওওয়ানা] (বর্ণে) তানবীন দেওয়া, তানবীন উচ্চারণ করা نَوَّنَ (تَنْوِين) [نون]

[নূন] নূনঃ ن বর্ণের নাম, তিমি মাছ, বড় মাছ, তরবারি, তরবারির ধারালো প্রান্ত, দোয়াত نُون ج نُونَات ، أَنْوَان ، نِينَان

[নূনাহ] গালের টোল, বড় মাছ نُونَة ج نُونَات

[নূনিয়্যাহ] নূন (ن) অন্ত্যমিলের কবিতা, পাত্র, পেশাবের পাত্র نُونِيَّة

[নাওওয়াহা] বড় করা, উচ্চ প্রশংসা করা, বিশেষভাবে উল্লেখ করা, জোর দেওয়া, ইঙ্গিত করা نَوَّهَ (تَنْوِيه) [نوه] بِ ، عَنْ

[নাওয়াবী] পারমাণবিক نَوَوِيّ مث نَوَوِيَّة

[হার্‌ব নাওয়াবিয়্যাহ] পারমাণবিক যুদ্ধ حَرْب نَوَوِيَّة

[তাকাহ নাওয়াবিয়্যাহ] পারমাণবিক শক্তি طَاقَة نَوَوِيَّة

[নাওয়া] দূরত্ব, দূরবর্তিতা, গন্তব্য, (ফলের) শক্ত আঁটি, বীচি نَوَى

[নাওয়া] নিয়ত করা, ইচ্ছা করা, মনস্থ করা, মনস্থির করা نَوَى [ض] (نِيَّة)

[-- 'আন, মিন] চলে যাওয়া, দূরে যাওয়া نَوَى عَنْ ، مِنْ

[নুওয়াইয়াহ] কোষের কেন্দ্রকের মধ্যস্থিত গোলাকার গঠনবিশেষ, নিউক্লিওলাস (nucleolus), প্রোটন বা নিউট্রন কণা, কেন্দ্রক-কণা, নিউক্লিয়ন (nucleon) نُوَيَّة [نوي]

[নুওয়াই'] উপপ্রজাতি, subspecies نُوَيْع

[নী] আমাকে, আমায় نِي

[নিয়াবাহ] স্থলাভিষিক্ততা, পরিবর্ত, বদল, প্রতিনিধিত্ব نِيَابَة [نوب]

[বিন-নিয়াবাহ] ভারপ্রাপ্ত (প্রেসিডেন্ট মন্ত্রী চেয়ারম্যান ম্যানেজার পরিচালক ইত্যাদি) بِالنِّيَابَة

نِيَابَةٌ ، بِالنِّيَابَةِ عَنْ [নিয়াবাতান, বিন-নিয়াবাতি 'আন] স্থলে, পক্ষে, পরিবর্তে

نِيَابِيٌّ [নিয়াবী] প্রতিনিধিত্বমূলক, প্রতিনিধিত্বশীল, সংসদীয়

نِيَاحٌ ، نِيَاحَةٌ [نوح] [নিয়াহ, নিয়াহাহ] বিলাপ, ক্রন্দন, কান্না, আর্তনাদ, শোক

نِيَاطٌ ج أَنْوِطَةٌ ، نُوطٌ [নিয়াত] হৃৎপিণ্ডের ধমনী, হৃদয়তন্ত্রী, হৃদয়, অন্তর

نِيَافٌ [نوف] [নিয়াফ] লম্বা-চওড়া, সুদর্শন

نِيَافَةٌ [نوف] [নিয়াফাহ] উচ্চ মর্যাদা, মহামান্য, খ্রীষ্টান যাজকদের উপাধিবিশেষ

نِيءٌ [نيأ] [নী'] রান্নাকৃত নয় এমন, আরাঁধা, কাঁচা (মাংস)

نَيَّبَ (تَنْيِيبٌ) [نيب] [নাইয়াবা] সামনের দাঁত দ্বারা কামড়ানো, (উট) বৃদ্ধ হওয়া, বয়স্ক হওয়া

نِيبَال [নেবাল] নেপাল (দেশ)

نِيبَالِيٌّ [নেবালী] নেপালী

النِّيبَالِيَّةُ [আন-নেবালিয়্যাহ] নেপালী ভাষা

نِيَّةٌ ج نِيَّاتٌ ، نَوَايَا [نوي] [নিয়্যাহ] নিয়ত, ইচ্ছা, অভিপ্রায়, অভিলাষ, উদ্দেশ্য, মনোবাঞ্ছা

نِيتْرُوجِين [নেত্‌রোজেন] যবক্ষারজান, নাইট্রোজেন

النِّيجَر [আন-নীজার] নাইজার (দেশ)

نِيجِيرِيَا [নীজীরিয়া] নাইজেরিয়া (দেশ)

نَيِّرٌ [نور] [নাইয়্যির] উজ্জ্বল, আলোকিত, স্পষ্ট, আলোকময়, জ্যোতিষ্ক

النَّيِّرَانِ [আন-নাইয়্যিরান] জ্যোতিষ্কদ্বয়ঃ চন্দ্র ও সূর্য

نِيرٌ ج أَنْيَارٌ ، نِيرَانٌ [নীর] জোয়াল, যুগন্ধর

نَيْرُوبِي [নাইরূবী] নাইরোবি (নগরী)ঃ কেনিয়ার রাজধানী

نَيْرُوزُ [নাইরোয] নওরোযঃ ইরানী নববর্ষের দিন

نَيْزَكٌ ج نَيَازِكُ [নাইযাক] উল্কা, খাটো বর্শা

نَيْزَكِيٌّ [নাইযাকী] উল্কাসংক্রান্ত, উল্কাসদৃশ, উল্কাপিণ্ড, পতিত উল্কা

نَيْسَانُ [নাইসান] এপ্রিল (মাস)

كِذْبَةُ نَيْسَانَ [কিয্‌বাত নাইসান] এপ্রিল ফুল (April fool)

نِيشَانٌ ج نَيَاشِينُ [নীশান] চিহ্ন, লক্ষ্য, নিশানা, তাক, পদক, প্রতীক, ব্যাজ

نَيْصٌ ، نِيصٌ [নাইছ, নীছ] শজারু (প্রাণী)

نَيْطٌ ج نِيَاطٌ [নাইত] দড়ি, রশি, রজ্জু, হৃৎপিণ্ডের প্রধান ধমনী, aorta

نَيَّفَ (تَنْيِيفٌ) [نوف] عَلَى ، عَنْ [নাইয়াফা] বেশী হওয়া, অধিক হওয়া, ছাড়িয়ে যাওয়া, অতিক্রম করা

نَيِّفٌ [نوف] [নাইয়্যিফ] অতিরিক্তাংশ, বাড়তি, উদ্বৃত্ত, বর্ধিতাংশ, কিছু বেশী

ثَلَاثُونَ وَنَيِّفٌ [ছালাছূন ওয়া নাইয়্যিফ] ত্রিশের কিছু বেশী, ত্রিশের উপরে

نَيِّقٌ [نوق] [নাইয়্যিক] খুঁতখুঁতে, বাতিকগ্রস্ত, রুচিবাগীশ, নীতিবাগীশ

نِيقٌ ج نِيَاقٌ ، أَنْيَاقٌ ، نُيُوقٌ [نوق] [নীক] পাহাড়ের উচ্চতম স্থান, উচ্চ পাহাড়, লম্বা পাহাড়

نِيقُوسِيَا [নীকূসিয়া] নিকোসিয়া (নগরী)ঃ সাইপ্রাসের রাজধানী

نِيكَارَاغْوَا [নীকারাগুওয়া] নিকারাগুয়া (দেশ)

نِيكَل [নীকল] নিকেল (শুভ্র কঠিন ধাতবপদার্থবিশেষ)

نَيْلٌ [নাইল] লাভ, অর্জন, প্রাপ্তি, দান

نِيلٌ [নীল] নীল, নীল রং, নীলগাছ

النِّيلُ [আন-নীল] নীল-নদ

نَيْلَةٌ [নাইলাহ] প্রাপ্ত বস্তু, প্রাপ্তি, দান

نِيلَةٌ [নীলাহ] নীল, নীল রং, নীলগাছ

نِيلَجٌ [নীলাজ] নীল, নীল রং, নীলগাছ

نَيْلُوفَرُ ، نِيلُوفَرُ [নাইলূফার, নীলূফার] পদ্ম (ফুল)

نَيْلُونٌ ، نِيلُونٌ [নাইলোন, নীলোন] নাইলন (nylon)

نِيمٌ [نوم] [নীম] ঘুমের পোশাক, লোম, পশম, একপ্রকার গাছ, নিমগাছ

نِيُوزِيلاَنْدَة [নিউযীলান্দাহ] নিউজীল্যান্ড (দেশ)

نِيُون [নিয়োন] নিঅন (neon)

ضَوْء نِيُونِيّ [দও' নিয়োনী] নিঅন লাইট

نِيُويُورْك [নিউইয়োর্ক] নিউইয়র্ক (নগরী)

نِيلَه [নীলাহ] মা, মাতা

نِيُوتْرُون [নিয়োত্রোন] নিউট্রন (neutron)

نِيُودِلْهِي [নিউদিল্হী] নয়াদিল্লী (নগরী)ঃ ভারতের রাজধানী

نِيُوزِيلاَنْدَا [নিউযীলান্দা] নিউজীল্যান্ড (দেশ)

ـه

[হা] হাঃ আরবী বর্ণমালার ২৬তম হরফ ـه ، ه

[হী] তার, তাহার, এর, ইহার (পুং) ـهِ ، هِ

[হু] তাকে, তাহাকে, তার, তাহার, একে, ইহাকে, এর, ইহার (পুং) ـهُ ، هُ

[হা] লও, নাও, ধর, দেখ, নিচে, পরে, তাহাকে, তাকে, তাহার, তার, ইহাকে, একে, ইহা, ইহার, এর (স্ত্রী) هَا

[হা আনতুম] তোমরাই, জেনে রেখো তোমরা هَا أَنْتُمْ

[হা হুওয়া, হা হুওয়া যা] সে এখানেই আছে! এই তো সে! هَا هُوَ ، هَا هُوَذَا

[হা'] হাঃ ـه বর্ণের নাম هَاء

[হাআ] সুগঠিত হওয়া, সুন্দর আকৃতিবিশিষ্ট হওয়া هَاءَ [ض] [س] (هَيْئَة ، هَيَاء)

[-- ইলা, লি] আগ্রহী হওয়া, কামনা করা, প্রস্তুত হওয়া, প্রস্তুতি গ্রহণ করা هَاءَ إِلَى ، لِـ

[হা'ইব] ভীত, ভীরু, ভীতু, লাজুক هَائِب [هيب]

[হা'ইজ] উত্তেজিত, অশান্ত, অস্থির, উত্তাল, ক্রুদ্ধ, প্রজ্বলিত هَائِج [هيج]

[হা'ইদ] সৎপথে প্রত্যাবর্তন-কারী, ইহুদী هَائِد ج هُود [هود]

[হা'ইর] জরাজীর্ণ, ভগ্নপ্রায়, নড়বড়ে, এলোমেলো, বিশৃঙ্খল هَائِر [هور]

[হা'ইল] ভয়ঙ্কর, ভয়ানক, ভয়াবহ, ভীতিজনক, বিরাট, বিশাল, ব্যতিক্রমধর্মী هَائِل [هول]

[হা'ইম] প্রেমে মত্ত, হতবুদ্ধি, দিশেহারা, ভবঘুরে هَائِم ج هُيَّم ، هُيَّام [هيم]

[হা'উমু] এই লও! এই নাও! ধর! هَاؤُمُ

[হাআনাযা] আমি এখানেই আছি! এইতো আমি! هَاءَنَذَا ، هَأَنَذَا

[হাবা] ভয় করা, ভীত হওয়া, শ্রদ্ধা করা هَابَ [س] (هَيْب ، هَيْبَة ، مَهَابَة) [هيب]

[হাবিত] অবতরণকারী, নিচে নামছে এমন, পতনশীল, অবতীর্ণ, পতিত, দুর্বল, কৃশ هَابِط [هبط]

[হাবিল] সন্তানহারা মা, উপার্জনকারী, ধূর্ত, ফন্দিবাজ, অধিক মাংস ও চর্বিবিশিষ্ট, মাংসল هَابِل

[হাতি] আন, নিয়ে এস, দাও, এনে দাও, উপস্থাপন কর هَاتِ ج هَاتُوا

[হাতানি] এই দুইজন, এই দুইটি (স্ত্রী) هَاتَانِ

[হাতারা] নিন্দা করা, গালি দেওয়া, তিরস্কার করা, গালিগালাজ করা, অপমান করা هَاتَرَ (مُهَاتَرَة) [هتر]

[হাতিফ] শোনা যায় কিন্তু যে বলে তাকে দেখা যায় না এমন কথা, গায়েবী আওয়াজ, কথা শোনা যায় কিন্তু দেখা যায় না এমন, গায়েবী আওয়াজদাতা, চিৎকারকারী هَاتِف

[হাতিফ] টেলিফোন, ফোন هَاتِف ج هَوَاتِف

[হাতিফী] টেলিফোনসম্বন্ধীয়, টেলিফোনে প্রাপ্ত, টেলিফোন- هَاتِفِيّ

[হাতিলাহ] অবিরাম বর্ষণকারী মেঘ, প্রবল বৃষ্টি هَاتِلَة ج هَوَاتِل

[হাতাইনি] এই দু'জনকে, এই দু'জনের, এই দুটিকে, এই দুটির (স্ত্রী) هَاتَيْنِ

[হাজা] উত্তেজিত হওয়া, অশান্ত হওয়া, অস্থির হওয়া, ক্রুদ্ধ হওয়া, প্রজ্বলিত হওয়া, উত্থিত হওয়া, উত্তাল হওয়া, তরঙ্গায়িত হওয়া, উস্কে দেওয়া, শুকিয়ে যাওয়া هَاجَ [ض] (هَيْج ، هِيَاج ، هَيَجَان) [هيج]

[হাজাল বাহরু] সমুদ্র উত্তাল হওয়া هَاجَ الْبَحْرُ

[হাজারা] ছেড়ে যাওয়া, দেশত্যাগ করা, হিজরত করা, শরণার্থী হওয়া هَاجَرَ (مُهَاجَرَة) [هجر]

[হাজিরাহ] দ্বিপ্রহর, মধ্যাহ্ন, দুপুর, মধ্যাহ্নের তাপ, অশ্লীল ভাষা, অশ্লীলতা هَاجِرَة ج هَوَاجِر

[হাজিরী] দ্বিপ্রাহরিক, দুপুরের, মধ্যাহ্ন-বিষয়ক, মাধ্যাহ্নিক, মধ্যাহ্নের هَاجِرِيّ

[হাজাসা] গোপনে বলা, কানে কানে বলা, গোপন কথা জানানো هَاجَسَ (مُهَاجَسَة) [هجس]

[হাজিস] চিন্তা, ধারণা, ভয়, هَاجِس ج هَوَاجِس

আশঙ্কা, দুশ্চিন্তা, সন্দেহ

هَاجِع ج هُجُوع ، هُجَّع [هجع] [হাজি'] ঘুমন্ত, নিদ্রিত, নিশ্চুপ, শান্ত, প্রশমিত, হ্রাসপ্রাপ্ত

هَاجَمَ (مُهَاجَمَة) [هجم] [হাজামা] হামলা করা, আক্রমণ করা, ঝাপিয়ে পড়া, আঘাত হানা

هَاجَى (مُهَاجَاة) [هجو] [হাজা] বিদ্রূপ করা, ব্যঙ্গ করা, ব্যঙ্গ-কবিতা রচনা করা

هَاجِي ، هَاجٍ [هجو] [হাজী] ব্যঙ্গকারী, বিদ্রূপকারী, কুৎসাকারী, নিন্দাকারী

هَادَ [ن] (هُود) [هود] [হাদা] ইহুদী হওয়া, সৎপথে ফিরে আসা, তওবা করা

هَادِئ [هدأ] [হাদি'] শান্ত, ঠাণ্ডা, শান্তিপূর্ণ, প্রশান্ত

هَادِئُ البَال [হাদি'উল বাল] প্রশান্তচিত্ত, নিশ্চিন্তমন

المُحِيط الهَادِئ [আল-মুহীতুল হাদি'] প্রশান্ত মহাসাগর

هَادِر [হাদির] গর্জনকারী, শব্দকারী, সশব্দ

هَادِر ج هَدَرَة [হাদির] অকর্মণ্য, বাজে, নিকৃষ্ট

هَادِف [هدف] [হাদিফ] পরিকল্পিত, নিয়ন্ত্রিত, পরিচালিত, গঠনমূলক, উদ্দেশ্যমূলক, অর্থবহ, অনাহূত আগন্তুক

هَادِم [هدم] [হাদিম] ধ্বংসকারী, বিধ্বস্তকারী, চূর্ণকারী, বিনষ্টকারী, বিনাশী

هَادَنَ (مُهَادَنَة) [هدن] [হাদানা] সন্ধি করা, শান্তি স্থাপন করা, যুদ্ধবিরতি করা

هَادَى (مُهَادَاة) [هدي] [হাদা] উপহার বিনিময় করা

هَادِي ، هادٍ ج هَادُون ، هُدَاة [هدي] [হাদী] হেদায়েতকারী, পথপ্রদর্শনকারী, পথপ্রদর্শক, পথ-নির্দেশক, দিশারী, পরিচালক, নেতা

الهَادِي [আল-হাদী] মহান পথপ্রদর্শকঃ আল্লাহ

هَادِي ، هادٍ ج هَوَادِي [هدي] [হাদী] (পশুর) গলা, লাঠি, হাতল, প্রথমভাগ, অগ্রভাগ, সম্মুখ-ভাগ, সম্মুখভাগের উট, আগ্নেয়াস্ত্রের নলের মাথায় লক্ষ্য-নির্দেশক উঁচু বিন্দু, অস্ত্রের ধারালো অগ্রভাগ

هَادِيَة ج هَادِيَات ، هَوَادِي [هدي] [হাদিয়াহ] হেদায়েতকারিণী, পথপ্রদর্শনকারিণী (স্ত্রী), লাঠি, (পশুর) গলা, পানির মধ্যে উঁচু পাথর

هَادِيَات [হাদিয়াত] সম্মুখভাগের উট ঘোড়া গরু ইত্যাদি

هَاذِي ، هَاذٍ [هذي] [হাযী] প্রলাপকারী, বিকারগ্রস্ত

هَارَ [ن] (هَوْر) [هور] [হারা] ধ্বংস হওয়া, ভেঙ্গে পড়া, ধ্বংস করা, ভেঙ্গে ফেলা, ফেলে দেওয়া

هَارِب [هرب] [হারিব] পলায়নকারী, পলাতক, পলায়নপর

هَارِف [هرف] [হারিফ] প্রলাপকারী, বিকারগ্রস্ত, অধিক প্রশংসাকারী

هَارُون [হারূন] হযরত হারূন (আ)

هَارُون الرَّشِيد [হারূন আর-রশীদ] হারুনুর রশীদঃ আব্বাসী খলীফা (৭৬৬-৮০৯ খ্রীঃ)

هَارِي ، هَارٍ [هري] [হারী, হারিন] ধ্বংসপ্রায়, ভগ্নপ্রায়, পড়পড়, পতনোন্মুখ (ভবন), বৃদ্ধ ও দুর্বল (লোক)

هَازِئ [هزأ] [হাযি'] বিদ্রূপকারী, উপহাসকারী, পরিহাসকারী, ঠাট্টাকারী

هَازِجَة ج هَوَازِج [হাযিজাহ] সুরেলা আওয়াজ-বিশিষ্ট একপ্রকার পাখি

هَازَلَ (مُهَازَلَة) [هزل] [হাযালা] কৌতুক করা, রসিকতা করা

هَازِل [هزل] [হাযিল] কৌতুককারী, রসিকতা-কারী, রসিক

هَاشّ [هشش] [হাশ্] মচমচে, প্রফুল্ল, হাসিখুশী, সহাস্যবদন, হর্ষোৎফুল্ল

هَاشّ بَاشّ [হাশ্ বাশ্] প্রফুল্ল, হাসিখুশী

هَاشَ [ن] (هَوْش) [هوش] [হাশা] উদ্বিগ্ন হওয়া, অশান্ত হওয়া, অস্থির হওয়া, উত্তেজিত হওয়া, গণ্ডগোল করা

هَاشِم [হাশিম] চূর্ণকারী, হাশিমঃ রসূলুল্লাহর (স) প্রপিতামহ

هَاشِمِيّ [হাশিমী] বনু হাশিম গোত্রীয়

هَاضَ [ض] (هَيْض) [هيض] [হাদা] ভেঙ্গে ফেলা, ভেঙ্গে দেওয়া, চূর্ণ-বিচূর্ণ করা

هَاضُوم [هضم] [হাদূম] হজমে সহায়ক, হজমী

هَاطَ [ض] (هَيْط) [هيط] [হাতা] চিৎকার করা, হৈচৈ করা, শোরগোল করা, গণ্ডগোল করা

هَاطِل ج هُطَّل [هطل] [হাতিল] প্রবলভাবে বর্ষিত,

মুষলধারে বর্ষিত (বৃষ্টি), প্রবল বৃষ্টি বর্ষণকারী (মেঘ আকাশ), ঘন বৃষ্টি

هَاطِلَة ج هَوَاطِل [هطل] [হাতিলাহ] প্রবলভাবে বা মুষলধারে বর্ষিত বৃষ্টি, প্রবল বৃষ্টি বর্ষণকারী (আকাশ)

هَاعَ [ن] (هَوْع) [هيع] [হা'আ] উদগীরণ করা, বমি করা, বমির চেষ্টা করা

هَاف [هيف] [হাফ] তৃষ্ণা সহ্য করতে পারে না এমন, সহজেই তৃষ্ণার্ত হয় এমন, তৃষ্ণাকাতর

هَافَ [ض] (هَيْف) [هيف] [হাফা] কৃশ হওয়া, রোগা হওয়া, ছিপছিপে হওয়া, তৃষ্ণাকাতর হওয়া, পলায়ন করা

هَافَانَا [হাফানা] হাভানা (নগরী)ঃ কিউবার রাজধানী

هَافِي ، هَافٍ [هفو] [হাফী] ক্ষুধার্ত, অনাহারক্লিষ্ট

هَاكَ [হাকা] লও, নাও, ধর, দেখ, নিচে, পরে

هَال [হাল] মরীচিকা, এলাচি, এলাচ, চন্দ্র-বলয়, জ্যোতির্বলয়, স্তূপীকৃত বালি মাটি ইত্যাদি

هَالَ [ن] (هَوْل) [هول] [হালা] শঙ্কিত করা, ভীত করা, ভয়ানক হওয়া, ভয়ঙ্কর হওয়া

هَالَ [ض] (هَيْل) [هيل] [হালা] ঢেলে দেওয়া, ছড়িয়ে দেওয়া, স্তূপীকৃত করা

هَالَة ج هَالَات [هول] [হালাহ] বৃত্ত, বলয়, উজ্জ্বল মণ্ডল, আলোক-বেষ্টনী, জ্যোতির্বলয়, চন্দ্র-বলয়, মহিমাচ্ছটা

هَالِك ج هَوَالِك [هلك] [হালিক] ধ্বংসশীল, মরণশীল, নশ্বর, ধ্বংসপ্রাপ্ত, বিনষ্ট, মৃত

هَالُوع [হালু'] লোভী, লোলুপ, লোভাতুর

هَامّ [همم] [হাম] গুরুত্বপূর্ণ, তাৎপর্যপূর্ণ, বিরাট, বড়, আকর্ষণীয়, মনোজ্ঞ

هَامَ [ض] (هَيْم ، هُيَام) [هيم] [হামা] ভালবাসা, প্রেমে পড়া, উন্মত্ত হওয়া, ঘুরে বেড়ানো, তৃষ্ণার্ত হওয়া

هَامَة ج هَامَات [হামাহ] মাথা, চূড়া, শীর্ষ, প্রধান ব্যক্তি, নেতা

هَامَّة ج هَوَامّ [হাম্মাহ] ক্ষতিকর প্রাণী, কীট, পোকা-মাকড়, সরীসৃপ

هَامِد ج هَوَامِد [همد] [হামিদ] নির্বাপিত, শীতল, নিশ্চল, মৃত, নিঃশেষিত, শুষ্ক

هَامَسَ (مُهَامَسَة) [همس] [হামাসা] কানে কানে বলা, গোপনে বলা, গোপন কথা জানানো

هَامِس [همس] [হামিস] ফিসফিসকারী, বিড়বিড়কারী, অস্পষ্টভাবে উচ্চারণকারী

هَامِش ج هَوَامِش [হামিশ] পার্শ্ব, প্রান্ত, পার্শ্বটীকা, হাশিয়া

هَامِشِيّ [হামিশী] পার্শ্বস্থ, পার্শ্ববর্তী, প্রান্তিক, পার্শ্ব-টীকাসংক্রান্ত

هَانَ [ن] (هَوْن) [হানা] সহজ হওয়া, শান্ত হওয়া

هَانَ (هُون ، هَوَان) [হানা] হীন হওয়া, নীচ হওয়া, হেয় হওয়া, নিকৃষ্ট হওয়া, দুর্বল হওয়া

هَانِئ [هنأ] [হানি'] সুখী, আনন্দিত, তৃপ্ত, খুশী, পরিচাকর, সেবক, চাকর

هَانَفَ (مُهَانَفَة) [هنف] [হানাফা] অবজ্ঞাভরে হাসা, উপহাস করা, নাক-সিঁটকানো

هَانِم ج هَوَانِم [হানিম] খানম, বেগম, খাতুন

هَانُوِي [হানুই] হ্যানয় (নগরী)ঃ ভিয়েতনামের রাজধানী

هَاهُنَا [হাহুনা] এখানে, এইতো এখানে!

هَاوَدَ (مُهَاوَدَة) [هود] [হাওয়াদা] প্রশ্রয় দেওয়া, ক্ষমাশীল হওয়া, সহনশীল হওয়া, মন যুগিয়ে চলা, নমনীয় হওয়া

هَاوُن ، هَاوُون ج هَوَاوِين [হাউন] হামানদিস্তা

هَاوَى (مُهَاوَاة) [هوي] [হাওয়া] প্রশ্রয় দেওয়া, সোহাগ করা, রস করা, আসক্তি দেখানো

هَاوِي ، هَاوٍ مث هَاوِيَة [هوي] [হাবী] পতনশীল, অস্তগামী, আসক্ত, বায়ুপূর্ণ, শূন্য

هَاوِيَة [هوي] [হাবিয়াহ] গর্ত, গভীর খাদ, অতল গহ্বর, দোযখ, জাহান্নাম

هَايَأَ (مُهَايَئَة) [هيأ] عَلَى ، فِي [হায়াআ] একমত হওয়া, ঐক্যমতে পৌঁছা, খাপ খাইয়ে নেওয়া, মানিয়ে নেওয়া, খাপ খাওয়া, সামঞ্জস্যপূর্ণ হওয়া

هَايِتِي [হাইতী] হাইতিঃ আটলান্টিক মহাসাগরের একটি দ্বীপরাষ্ট্র

هَايَجَ (مُهَايَجَة ، هِيَاج) [هيج] [হায়াজা] উস্কে দেওয়া, উত্তেজিত করা, দ্বন্দ্বে লিপ্ত হওয়া

[হাঁয়াতা] চিৎকার করা, হৈচৈ করা, শোরগোল করা, গণ্ডগোল করা — هَايَطَ (مُهَايَطَة) [هيط]

[হাঁ'উলাই] ইহারা, এরা, এইগুলি, এগুলো, ইহাদের, এদের, ইহাদিগকে, এদেরকে, এই-গুলিকে, এগুলোকে — هٰؤُلَاءِ

[হাঁআনাযা] এইতো আমি! আমি এখানেই আছি! — هَأَنَذَا

[হা'হাআ] হা হা করে হাসা, অট্ট-হাসি করা — هَأْهَأَ (هَأْهَأَة)

[হাব্] মনে কর! ধরে নাও! ধর! — هَبْ

[হাব্বা] নড়া, চলা, প্রবৃত্ত হওয়া, উদ্যত হওয়া, জাগ্রত হওয়া, আরম্ভ করা — هَبَّ [ن] (هَبّ)

[হাব্বা] (বাতাস) বয়ে যাওয়া, প্রবাহিত হওয়া, জোরালো হওয়া, (সুরভি) বিচ্ছুরিত হওয়া, ছড়িয়ে যাওয়া — هَبَّ (هَبّ ، هُبُوب) [هبب]

[কুল্লু মান হাব্বা ওয়া দাব্বা] যে কোন ব্যক্তি, যে কেহ, প্রত্যেকে — كُلُّ مَنْ هَبَّ وَدَبَّ

[হাবা] বাতাসে ওড়া, ধীরে চলা, পলায়ন করা, উধাও হওয়া, মরে যাওয়া — هَبَا [ن] (هُبُوّ) [هبو]

[হাবা'] ধূলিকণা, অণু, রেণু — هَبَاء ج أَهْبَاء [هبو]

[হাবাআহ] ধূলিকণা, অণু, রেণু — هَبَاءَة [هبو]

[হাবাব] সূক্ষ্ম ধূলিকণা, অণু, রেণু — هَبَاب [هبب]

[হাব্বাব] অধিক প্রবাহপূর্ণ, অধিক বিচ্ছুরিত (সুরভি) — هَبَّاب [هبب]

[হাব্বার] লেমুর (প্রাণী), ধারালো (তরবারি) — هَبَّار

[হুবারিয়াহ] খুশকি, মরামাস, খসে-পড়া পালক — هُبَارِيَة

[হুবারিয়্যাহ] ধূলি উড়ায় এমন, ধূলিময় (বাতাস) — هُبَارِيَّة

[হুবাশাত] উপার্জিত ও জমানো সম্পদ — هُبَاشَات

[হুবাশাহ] মিশ্র জনতা, আম জনতা, সমবেত লোকজন, সাধারণ মানুষ — هُبَاشَة ج هُبَاشَات

[হাব্বাল] চেষ্টা করে উপার্জনকারী, উপার্জনের জন্য চেষ্টাকারী, শিকারী, ছলনা করে শিকারকারী — هَبَّال [هبل]

[হাবালাহ] হাবলামি, নির্বুদ্ধিতা, আবেদন — هَبَالَة

[হুবালাহ] লুট, লুটের মাল, গনীমত — هُبَالَة

[হাব্বাবা] টুকরা টুকরা করা, বিদীর্ণ করা — هَبَّبَ (تَهْبِيب) [هبب]

[হাব্বাহ] বাতাসের ঝাপটা, দমকা বাতাস, উত্থান — هَبَّة ج هَبَّات

[হিবাহ] বখশিশ, উপহার, দান, অনুদান, হেবা — هِبَة ج هِبَات [وهب]

[হাব্বাজা] ফুলানো, স্ফীত করা — هَبَّجَ (تَهْبِيج) [هبج]

[হাব্‌র] হাড়বিহীন মাংসখণ্ড, মাংস, গোশত — هَبْر

[হাবারা] (মাংস) ফালি করা, বড় বড় টুকরা করে কাটা — هَبَرَ [ن] (هَبْر)

[হাবির] অধিক মাংসবিশিষ্ট, মাংসল — هَبِر

[হাব্‌রাহ] মাংসের ফালি বা বড় টুকরা — هَبْرَة ج هَبَرَات

[হিব্‌রিয়্যাহ] খুশকি, মরামাস, পালক বা তুলার উড়ে-যাওয়া রোঁয়া — هِبْرِيَّة

[হাবাশা] উপার্জন করা, সংগ্রহ করা, লাভ করা, জমা করা, জড়ো করা, একত্র করা, পুরো হাতের তালু দিয়ে দোহন করা, বেদম প্রহার করা — هَبَشَ [ن] [ض] (هَبْش)

[হাবাশা] উপার্জন করা, সংগ্রহ করা, জমা করা, একত্র করা — هَبِشَ [س] (هَبَش)

[হাব্বাশা] (সম্পদ) জমা করা, খামচি দেওয়া, আঁচড় কাটা — هَبَّشَ (تَهْبِيش) [هبش]

[হাবাতা] অবতরণ করা, নিচে নামা, কমে যাওয়া, হ্রাস পাওয়া, পতন হওয়া, ভেঙ্গে পড়া, ঝুলে থাকা, অবস্থান করা — هَبَطَ [ن] [ض] (هُبُوط)

[হাব্‌তাহ] অবতরণ, পতন, নিম্নভূমি, নিচু জায়গা, ডোবা, গর্ত — هَبْطَة

[হাবিল] হাবলা, হাবা, বোকা, নির্বোধ — هَبِل

[হুব্‌ল] বোকা, নির্বোধ, স্থূলবুদ্ধি, হাবা, হাবলা (أَهْبَل-এর বহুবচন) — هُبْل

[হাব্‌লা'] বোকা, নির্বোধ, স্থূলবুদ্ধি, হাবলা, হাবা (أَهْبَل-এর স্ত্রীলিঙ্গ) — هَبْلَاء

[হাব্‌হাব, হাব্‌হাব] মরীচিকা, দ্রুত, চঞ্চল, ক্ষিপ্রগতি — هَبْهَاب ، هَبْهَب

هَبُوب [هبب] [হাবূব] জোরালো বাতাস, প্রবল বায়ু, ধূলিঝড়

هُبُوب [هبب] [হুবূব] বাতাসের ঝাপটা, বায়ু-প্রবাহ

هَبْوَة ج هَبَوَات [হাব্ওয়াহ্] ধূলির আবর্ত, ঘূর্ণি-বাতাস

هَبُور [হাবূর] মাকড়সা

هَبُوط [হাবূত] ক্রমনিম্ন, ঢালু, ঢালু জায়গা, ঢাল

هُبُوط [হুবূত] অবতরণ, অবনতি, নিম্নগামিতা, হ্রাস, পতন, দুর্বলতা, বিষণ্ণতা

هَبُول [হাবূল] যে মহিলার সন্তান বাঁচে না, সন্তান-হারা মা

هَبِير ج هُبُر، أَهْبِرَة [হাবীর] নিচু ভূমি, নিম্নভূমি

هُبَيْرَة ج هُبَيْرَات [হুবাইরাহ্] হায়েনা (হিংস্র প্রাণী)

هَبِيط [হাবীত] শীর্ণকায়, কৃশকায়, জীর্ণ, দুর্বল

هَبِيل [হাবীল] বোকা, নির্বোধ, হাবা, হাবলা

هَتَّ [ن] (هَتّ) [হাত্তা] (কথা) ভালভাবে বলা, দ্রুত বলা, (পানি) ক্রমাগতভাবে ঢালা, ছিঁড়ে ফেলা, ভেঙ্গে ফেলা, অসম্মান করা, (সম্মান) নষ্ট করা

هُتَاف ج هُتَافَات [হুতাফ] ডাক, আওয়াজ, ধ্বনি, শ্লোগান

هُتَامَة [হুতামাহ্] ভগ্ন খণ্ড, ভাঙ্গা টুকরা

هَتَرَ [ض] (هَتْر) [হাতারা] টুকরা টুকরা করে ছেঁড়া, বিনষ্ট করা, (সম্মান) নষ্ট করা, হানি করা

هَتَّرَ (تَهْتِير) [هتر] [হাত্তারা] টুকরা টুকরা করে ছেঁড়া, বিনষ্ট করা, (সম্মান) নষ্ট করা, হানি করা

هِتْر ج أَهْتَار [হিত্র] মিথ্যা, ভুল, নিরর্থক কথা, কথার ভুল, দুর্ভাগ্য, দুর্যোগ, (রাত্রির) প্রথমার্ধ, বিস্ময়ের ব্যাপার

هُتْر [হুত্র] বার্ধক্যজনিত জরাগ্রস্ততা, মানসিক দুর্বলতা, ভীমরতি

هَتَفَ [ض] (هَتْف، هُتَاف) [হাতাফা] বাক-বাকুম ডাকা, ধ্বনি দেওয়া, আওয়াজ দেওয়া, শ্লোগান দেওয়া, উল্লাস করা, টেলিফোন করা

هَتَّفَ (تَهْتِيف) [هتف] [হাত্তাফা] (কবুতর) ডাকা, বাক-বাকুম ডাকা

هَتَكَ [ض] (هَتْك) [হাতাকা] ছিন্ন করা, ছিঁড়ে ফেলা, (সম্মান) নষ্ট করা, লঙ্ঘন করা, ফাঁস করা, প্রকাশ করা, উন্মোচন করা

هَتَكَ عِرْضَهُ [হাতাকা 'ইর্দাহু] (কারো) সম্মান নষ্ট করা, মানহানি করা, অসম্মান করা

هَتَكَ عِرْضَهَا [হাতাকা 'ইর্দাহা] (নারীর) সম্ভ্রম নষ্ট করা, ইজ্জত লুণ্ঠন করা, ধর্ষণ করা

هَتَلَ [ض] (هُتُول) [হাতালা] অবিরাম বর্ষণ করা

هُتْم [হুত্ম] যার সামনের দাঁত নেই, সম্মুখদন্ত-হীন, দন্তবিহীন (أَهْتَم-এর বহুবচন)

هَتْمَاء [হাত্মা'] যার সামনের দাঁত নেই, সম্মুখ-দন্তহীন, দন্তবিহীন (أَهْتَم-এর স্ত্রীলিঙ্গ)

هَتْن [হাত্ন] প্রবল বৃষ্টি, অবিরাম বর্ষণ

هَتَنَ [ض] (هَتْن، هُتُون) [হাতানা] (আকাশ) প্রবল বৃষ্টি বর্ষণ করা

هَتُوف [হাতূফ] শব্দ করে বা ডাকে এমন, অধিক শব্দ করে এমন, ধ্বনিময়, সশব্দ, গর্জনকারী

هَتُون [হাতূন] প্রচুর, প্রবল, বেগবান, বৃষ্টিবাহী, বৃষ্টিপূর্ণ (মেঘ)

هَتِيكَة [هتك] [হাতীকাহ্] সম্মানহানি, কলঙ্ক, খ্যাতিনাশ, কেলেঙ্কারি

هَجَّ [ن] (هَجّ ، هَجِيج) [হাজ্জা] (আগুন) জ্বলে ওঠা, দাউ দাউ করে জ্বলা, (ঘর) ভেঙ্গে ফেলা, (চোখ) কোটরগত হওয়া

هُجّ [হুজ্জ] (বলদের কাঁধের) জোয়াল, যুগন্ধর

هَجَا [ن] (هَجْو ، هِجَاء) [هجو] [হাজা] নিন্দা করা, ব্যঙ্গ করা, বিদ্রূপ করা, কুৎসা করা, বানান করা

هَجَّاء [هجو] [হাজ্জা'] ব্যঙ্গ-কাব্য রচয়িতা, ব্যঙ্গ-নবিশ, ব্যঙ্গাত্মক, বিদ্রূপাত্মক

هِجَاء [هجو] [হিজা'] নিন্দা, কুৎসা, বিদ্রূপ, ব্যঙ্গ, ব্যঙ্গ-কবিতা, (শব্দের) বানান

حُرُوف الهِجَاء [হুরূফুল হিজা'] বর্ণমালা

هِجَائِيّ مث هِجَائِيَّة [হিজা'ঈ] বর্ণমালা-সম্বন্ধীয়, বর্ণানুক্রমিক, বানান-সম্বন্ধীয়, বিদ্রূপাত্মক

الحُرُوف الهِجَائِيَّة [আল-হুরূফুল হিজা'ইয়্যাহ্] বর্ণমালা

هَجَّام [هجم] [হাজ্জাম] অধিক আক্রমণকারী, বীর, সাহসী, সিংহ

هَجَّان ج هَجَّانَة [হাজ্জান] উষ্ট্রারোহী, উষ্ট্রচালক, উটওয়ালা

هَجَّانَة ، فِرْقَة الهَجَّانَة [হাজ্জানাহ] উষ্ট্রারোহী বাহিনী, উষ্ট্রবাহিনী, অশ্বারোহী

هَجَّجَ (تَهْجِيج) [هجج] [হাজ্জাজা] (আগুন) জ্বালানো, প্রজ্বলিত করা, শিখায়িত করা

هَجَدَ [ن] (هُجُود) [হাজাদা] রাতে ঘুমানো, দিনে ঘুমানো, সজাগ থাকা, জাগ্রত থাকা, রাত্রি জাগরণ করা, রাতে ইবাদত করা

هَجْر [হাজ্‌র] ত্যাগ, পরিত্যাগ, বর্জন, বিচ্ছেদ, দূরত্বে অবস্থান, দ্বিপ্রহর, দুপুর, মধ্যাহ্ন, মধ্যাহ্নের তাপ, দিনের উষ্ণতম সময়

هَجَرَ [ن] (هَجْر ، هِجْرَان) [হাজারা] ত্যাগ করা, বর্জন করা, দূরে যাওয়া, ছেড়ে যাওয়া, রেখে যাওয়া

هَجَّرَ (تَهْجِير) [هجر] [হাজ্জারা] দ্বিপ্রহরে ভ্রমণ করা, (দিনের) তাপ প্রখর হওয়া, ছাড়ানো, দেশত্যাগ করানো, হিজরত করানো, ঘরবাড়ি থেকে বিতাড়িত করা

هَجَّرَ إِلَى [-- ইলা] দ্রুত করা, আগে আগে করা, সময়ের আগে সম্পন্ন করা,

هُجْر [হুজ্‌র] অশ্লীল কথা, অশ্লীল ভাষা, অশ্লীলতা

هَجْرَاء [هجر] [হাজ্‌রা'] অশ্লীলতা, অশ্লীল কথা, অশ্লীল ভাষা, যথেষ্টতা, পর্যাপ্ততা, অমুখাপেক্ষিতা

هِجْرَان [هجر] [হিজ্‌রান] দূরত্বে অবস্থান, ত্যাগ, পরিত্যাগ, বর্জন, বিচ্ছেদ

هَجْرَة [হিজ্‌রাহ] ত্যাগ, বর্জন, স্থূলকায় রমণী, সুতন্বী নারী

هِجْرَة [হিজ্‌রাহ] দেশত্যাগ, প্রস্থান, এক অঞ্চল থেকে আরেক অঞ্চলে গমন, প্রবাস, হিজরত

الهِجْرَة [আল-হিজ্‌রাহ] মহানবী (স)-এর মক্কা থেকে মদীনায় হিজরত

لِلْهِجْرَة [লিল-হিজ্‌রাহ] হিজরী (সন)

هِجْرِس ج هَجَارِس [হিজ্‌রিস] বানর, বাঁদর, মর্কট, শৃগাল, ভল্লুক

هِجْرِيّ [হিজ্‌রী] হিজরত-সম্বন্ধীয়, হিজরী (সন)

الهِجْرِيَّة [আল-হিজ্‌রিয়্যাহ] হিজরী সনঃ মহানবী (স)-এর মদীনায় হিজরত থেকে গণনাকৃত সন

هَجْس [হাজ্‌স] অস্পষ্ট কথা, ফিসফিসানি, চিন্তা, ধারণা

هَجَسَ [ن] [ض] (هَجْس) [হাজাসা] অস্পষ্ট কথা বলা, ফিসফিস করে বলা, (মনে) উদয় হওয়া

هَجَعَ [ف] (هُجُوع ، تَهْجَاع) [হাজা'আ] ঘুমানো, নিদ্রা যাওয়া, ঘুমিয়ে যাওয়া, ঘুমিয়ে পড়া, ঠাণ্ডা হয়ে যাওয়া, প্রশমিত হওয়া, কমে যাওয়া, থেমে যাওয়া

هَجْعَة ج هَجَعَات [হাজ্‌'আহ] ঘুম, নিদ্রা, নিদ, সুপ্তি, হালকা নিদ্রা

هَجِفَ [س] (هَجَف) [হাজিফা] ক্ষুধার্ত হওয়া, (ক্ষুধায়) পেট ঢিলে হওয়া, পেট থলথলে হওয়া

هَجَمَ [ن] (هُجُوم) عَلَى [হাজামা] আক্রমণ করা, হামলা করা, ঝাঁপিয়ে পড়া, আঘাত হানা

هَجَّمَ (تَهْجِيم) [هجم] [হাজ্জামা] হামলা করতে বলা, হামলা করানো, আক্রমণ করানো

هَجْمَة ج هَجَمَات [হাজ্‌মাহ] আক্রমণ, হামলা, হানা, আঘাত, প্রকোপ

هَجُنَ [ك] (هُجْنَة ، هَجَانَة ، هُجُونَة) [হাজুনা] ইতর হওয়া, সঙ্কর হওয়া, বর্ণসঙ্কর হওয়া, (কথা) অশুদ্ধ হওয়া, ভুল হওয়া, ত্রুটিপূর্ণ হওয়া

هَجَّنَ (تَهْجِين) [هجن] [হাজ্জানা] নিন্দা করা, তিরস্কার করা, সমালোচনা করা, খারাপ বলা, ত্রুটি আরোপ করা, সঙ্কর উৎপাদন করা

هُجْنَة ج هُجَن [হুজ্‌নাহ] দোষ, ত্রুটি, ক্ষতি, ভুল

هَجْو [হাজ্‌ও] নিন্দা, ব্যঙ্গ, বিদ্রূপ, ঠাট্টা, কুৎসা, ব্যঙ্গ-কবিতা

هَجُود ج هُجُود ، هُجَّد [হাজুদ] রাত্রিকালে নামায আদায়কারী, তাহাজ্জুদগুযার, রাত্রি জাগরণকারী

هُجُود [هجد] [হুজুদ] রাত্রি জাগরণ, নৈশ ইবাদত

هُجُوع [হুজূ'] ঘুম, নিদ্রা, হ্রাস, প্রশমন, লাঘব

هَجُوم [هجم] [হাজুম] দ্রুত আক্রমণকারী, ঘাম ঝরায় এমন, প্রবল বাতাস

هُجُوم [হুজূম] আক্রমণ, হামলা, হানা, প্রকোপ

هُجُوم جَوِّي [হুজূম জাওবী] বিমান-আক্রমণ

[হুজুম মুদাদ] পাল্টা আক্রমণ هُجُوم مُضَادّ

[হুজুম মু'আকিস] পাল্টা আক্রমণ هُجُوم مُعَاكِس

[হুজূমী] আক্রমণাত্মক, আক্রমণমূলক هُجُومِيّ

[হাজাবী] বিদ্রূপাত্মক, ব্যঙ্গাত্মক, নিন্দামূলক هَجَوِيّ [هجو]

[হাজ্জা] বানান করা هَجَّى (تَهْجِيَة) [هجو]

[হাজীজ] গভীর উপত্যকা, লম্বা ভূখণ্ড, দীর্ঘ উপকূল هَجِيج ج هُجَّان

[হাজীর] মধ্যাহ্ন, দ্বিপ্রহর, দুপুর, মধ্যাহ্নের তাপ, দিনের উষ্ণতম সময়, বিরাট পাত্র, দড়ি দিয়ে বাঁধা উট هَجِير ج هُجُر

[হাজীরাহ] মধ্যাহ্ন, দ্বিপ্রহর, দুপুর, দিনের উষ্ণতম সময়, মধ্যাহ্নের তাপ هَجِيرَة

[হাজী'] (রাতের) অংশ, প্রহর هَجِيع

[হাজীন] ইতর, সঙ্কর, বর্ণসঙ্কর هَجِين ج هُجُن ، هُجَنَاء

[হাজীনাহ] ইতর, সঙ্কর, বর্ণসঙ্কর (স্ত্রী), আরোহণের উষ্ট্রী, সওয়ারি উষ্ট্রী هَجِينَة ج هَجَائِن

[হাদ] ধ্বংস, বিনাশ, দুর্বল মানুষ, কাপুরুষ هَدّ

[হাদ্দা] ভেঙ্গে ফেলা, নষ্ট করা, ধ্বংস করা, দুর্বল করা هَدَّ [ن] (هَدّ ، هُدُود)

[হিদ] দুর্বল মানুষ, কাপুরুষ هِدّ

[হুদ্দাব] ঝালর, পাড়, বোকা, হাবা, অক্ষম هُدَّاب

[হাদাদ] ধীরতা, শান্তভাব هَدَاد

[হাদাদাইকা] আস্তে! ধীরে! هَدَادَيْكَ

[হাদ্দার] গর্জনকারী, শব্দকারী, সশব্দ هَدَّار [هدر]

[হাদ্দাফ] লক্ষ্যভেদক, কুশলী (ব্যক্তি), অধিক গোলদাতা (খেলোয়াড়) هَدَّاف [هدف]

[হাদ্দাম] বিধ্বংসী, বিনাশী, ধ্বংস করে দেয় এমন, ধ্বংসাত্মক, নেতিবাচক هَدَّام [هدم]

[হুদাম] মাথাঘোরা রোগ, ঘূর্ণিরোগ هُدَام

[হিদানাহ] যুদ্ধবিরতি, অস্ত্রবিরতি, সন্ধি, শান্তি هِدَانَة

[হিদায়াহ] হেদায়েত, পথ প্রদর্শন, পথের সন্ধান, নির্দেশনা, পরিচালনা هِدَايَة [هدي]

[হাদাআ] ঠাণ্ডা হওয়া, শান্ত হওয়া, থেমে যাওয়া, প্রশমিত হওয়া, (শিশুকে) ঠাণ্ডা করা, ঘুম পাড়ানো هَدَأَ [ف] (هَدْء ، هُدُوء)

[-- বি, ফী] বিশ্রাম করা, থামা, যাত্রা-বিরতি করা, বাস করা هَدَأَ بِ ، فِي

[হাদ্দাআ] শান্ত করা, ঠাণ্ডা করা, প্রশমিত করা, উপশম করা, লাঘব করা, সান্ত্বনা দেওয়া هَدَّأَ (تَهْدِئَة) [هدأ]

[হুদ'] (রাতের) অংশ, প্রহর هُدْء

[হাদআহ] শান্তভাব, শান্তি, প্রশান্তি هَدْأَة

[হাদিব] লম্বা পশমবিশিষ্ট (চোখ), ঝুলন্ত ডালপালাবিশিষ্ট (গাছ) هَدِب

[হাদিবা] (চোখ) লম্বা পশমবিশিষ্ট হওয়া, (গাছ) ঝুলন্ত ডালপালাবিশিষ্ট হওয়া هَدِبَ [س] (هَدَب)

[হাদ্দাবা] (ফল) পাড়া, (কাপড়ে) ঝালর লাগানো, ঝুলিয়ে দেওয়া هَدَّبَ (تَهْدِيب) [هدب]

[হুদব] চোখের পশম, নেত্রলোম, (কাপড়ের) ঝালর, পাড় هُدْب ج أَهْدَاب

[হাদবা'] লম্বা পশমবিশিষ্ট (চোখ), ঝুলন্ত ডালপালাবিশিষ্ট (গাছ) [أَهْدَب-এর স্ত্রীলিঙ্গ] هَدْبَاء

[হাদ্দাহ] কোনকিছু পড়ার শব্দ, ধপাস শব্দ هَدَّة

[হাদাজা] টলতে টলতে চলা, থপথপ করে হাঁটা, কেঁপে কেঁপে হাঁটা, খুঁড়িয়ে হাঁটা هَدَجَ [ض] (هَدْج ، هُدَاج ، هَدَجَان)

[হাদ্দাদা] হুমকি দেওয়া, ভীতিপ্রদর্শন করা هَدَّدَ (تَهْدِيد) [هدد]

[হাদর] নিষ্ফলতা, নষ্টকরণ, অপচয়, ক্ষতি هَدْر

[হাদার] বৃথা, নিষ্ফল, নষ্ট, অকেজো, ক্ষতি, অপচয়, নিষ্ফলতা هَدَر

[হাদারা] বৃথা যাওয়া, নষ্ট করা, গর্জন করা, কর্কশ শব্দ করা, বাকবাকুম ডাকা هَدَرَ [ن] [ض] (هَدْر ، هَدَر)

[হাদরান, হাদারান] বৃথা, বিফলে, অকারণে هَدْرًا ، هَدَرًا

[হাদরাজা] হাইড্রোজেন প্রয়োগ করা هَدْرَجَ (هَدْرَجَة)

[হাদাফ] লক্ষ্যস্থল, লক্ষ্যবস্তু, চাঁদ- هَدَف ج أَهْدَاف

মারি, লক্ষ্য, উদ্দেশ্য, (খেলায়) গোল, উচ্চভূমি, বিরাটকায় মানুষ, অলস, অকর্মণ্য, অথর্ব

هَدَفَ [ن] (هَدْف) [হাদাফা] মনস্থ করা, উদ্দেশ্য করা, করতে চাওয়া, লক্ষ্য স্থির করা, কাছে আসা, ছুটে যাওয়া, অলস হওয়া, দুর্বল হওয়া

هَدَكَ [ض] (هَدْك) [হাদাকা] ভেঙ্গে ফেলা, ধ্বংস করা

هَدَلَ [ض] (هَدْل ، هَدِيل) [হাদালা] ঝুলিয়ে দেওয়া, (কবুতর) বাকবাকুম ডাকা, শব্দ করা

هَدِلَ [س] (هَدَل) [হাদিলা] ঝুলে থাকা, লটকে থাকা, ঝুলন্ত থাকা, (উটের) ঠোঁট ঝুলে পড়া

هَدْلَاء [হাদ্‌লা'] ঝুলন্ত, ঝুলে-পড়া, লটকানো (أَهْدَل-এর স্ত্রীলিঙ্গ)

هَدْم [হাদ্‌ম] ধ্বংসকরণ, নাশ, বিনাশ, নষ্টকরণ

هَدَمَ [ض] (هَدْم) [হাদামা] ধ্বংস করা, বিধ্বস্ত করা, ভেঙ্গে ফেলা, নষ্ট করা

هَدَّمَ (تَهْدِيم) [هدم] [হাদ্দামা] ধ্বংস করা, ভেঙ্গে ফেলা, বিধ্বস্ত করা, নষ্ট করা

هِدْم ج أَهْدَام ، هِدَام [হিদ্‌ম] পুরাতন পোশাক, জীর্ণ বস্ত্র, বৃদ্ধ লোক

هَدَنَ [ض] (هَدْن) [হাদানা] ঠাণ্ডা করা, শান্ত করা, পুঁতে রাখা, হত্যা করা

هَدَنَ [ض] (هُدُون) [হাদানা] শান্ত হওয়া, ঠাণ্ডা হওয়া, ভীরু হওয়া, বোকা হওয়া

هَدَّنَ (تَهْدِين) [هدن] [হাদ্দানা] শান্ত করা, ঠাণ্ডা করা, সান্ত্বনা দেওয়া, বিরত রাখা

هُدْنَة [হুদ্‌নাহ] শান্তি, প্রশান্তি, সন্ধি, যুদ্ধবিরতি, অস্ত্রবিরতি

هَدْهَدَ (هَدْهَدَة) [হাদহাদা] (শিশুকে) ঠাণ্ডা করা, ঘুম পাড়ানো, (উট) গলার মধ্যে শব্দ করা, (পাখি) গুড়গুড় করে ডাকা, নিচে নামানো

هُدْهُد ج هَدَاهِد ، هَدَاهِيد [হুদহুদ] হুদহুদ পাখি, গুড়গুড় করে ডাকে এমন পাখি, বেশী ডাকে এমন কবুতর

هُدُوء [هدأ] [হুদু'] শান্তভাব, শান্তি, প্রশান্তি, নীরবতা, (রাতের) অংশ, প্রহর

هُدُون [هدن] [হুদূন] শান্তভাব, শান্তি, প্রশান্তি

هَدْي [হাদ্‌ই] পথ, দিক, দিক-নির্দেশনা, হেদায়েত, পদ্ধতি, ধরন, চরিত্র, চরিত, কোরবানির পশু

هَدَى [ض] (هِدَايَة ، هُدًى) [هدي] [হাদা] পথ দেখানো, হেদায়েত করা, পরিচালিত করা

هَدِيّ [هدي] [হাদী] সম্মানী ব্যক্তি, উৎসর্গীকৃত পশু, কনে, বন্দী, চিঠি বহনকারী (কবুতর)

